গ্রাকপুরাণ কথা

জন্বাদ সন্ধাংশনুরঞ্জন ছোষ

ञ्चलि-कलभ ১. क्लब द्या, क्लकाका-क

প্রথম প্রকাশ মাঘ, ১৩৬৭ জানুয়ারী, ১৯৬০

প্রকাশক: কল্যাণরত দত্ত ॥ তুলি-কলম ॥ ১, কলেজ রো, কলকাতা-৯
মানুক: শ্যামলকুমার ঘোষ ॥ দি আনন্দম প্রিন্টিং ওয়ার্ক স্ ॥

৩২/২, সাহিতশ্বপরিষদ দ্মীট, কলকাডা-৬

ভূষিকা

ভারতীয় প্রাণের দলে গ্রীকপ্রাণের পার্থক্য এই যে ভারতীয় প্রাণে ভর্দ দেবদেবীর জন্মবৃদ্ধান্ত, কীর্তিকলাপ ও মহিমা কীর্তিত হয়েছে, কিন্তু গ্রীকপ্রাণে দেবদেবীদের জন্মবৃত্তান্ত ও বিচিত্র দৈব মহিমার দলে দলে অসংখ্য মর্ত্যামানব-মানবীর বীরত্বপূর্ণ কার্যাবলী ও জীবনকাহিনী কীর্তিত হয়েছে। গ্রীকপ্রাণে দেবতা ও মানব, স্বর্গ ও মর্ত্য পারস্পরিক দীমারেখা হারিয়ে এক অখণ্ড পরিমণ্ডলে একাকার হয়ে এক বৃহত্তর জীবনাবর্তে আবর্তিত হয়েছে। গ্রীকপ্রাণে তাই পৌরাণিক যুগের দমাজবারত্বার যেভাবে প্রতিফলন ঘটেছে ভারতীয় প্রাণে তোই পৌরাণিক যুগের দমাজবারত্বার যেভাবে প্রতিফলন ঘটেছে ভারতীয় প্রাণে তেমনভাবে হয়নি। ভারতীয় প্রাণে দেখি দেবদেবীলা মর্ত্যে আবিভূতি হয়ে মর্ত্যলোকে তাদের পূজা প্রচলন ও মহিমা প্রচারের জন্ম মনিশ্ববি বা দমাজের প্রভাবশালী ব্যক্তিদের শরণাপন্ন হয়ে মানুষকে তাদের প্রয়োজনের উপকরণ হিদাবে ব্যবহার করতেন। দেখানে মানুষের কোন স্বতন্ত্র ব্যক্তিত্ব স্বকীয় বৈশিরো উজ্জ্বল হয়ে উঠতে পারেনি। একমাত্র পদ্মপ্রাণে দেখা যায় চাঁদ সন্তদাগরের অত্লনীয় পৌরুষ দৈববিধানের বিরুদ্ধে এক প্রতাক্ষ সংঘর্ষে লিপ্ত হয়ে তার স্বতন্ত্র ব্যক্তিত্বকে এক বিরল দেবোপ্য মহিমায় উজ্জ্বল করে তুলে ধরেছে।

গ্রীকপুরাণের প্রথম দিকে দেবরান্ধ জিয়াস ও অত্যান্ত দেবদেবীদের জন্মকথা. স্বরূপ ও চরিত্রমাহাত্ম্য বর্ণিত হয়েছে। পরে হার্কিউলেদ, পার্দিয়াদ, থিদিয়াদ, জেসন প্রভৃতি অসমসাহসিক বীরদের অসাধারণ পৌরুষ ও বীর্ত্বকাহিনী বর্ণিত হয়েছে। কিন্তু গ্রীকপুরাণের যে আখ্যানভাগে অসংখ্য কাহিনীর মধ্যে মানব-জীবনের যে কথা ও কাহিনী স্থান পেয়েছে সেই আখ্যানভাগটিকে অপরিহার্য নিয়তির বা দৈববিধানের এক অলজ্যানীয় প্রভাব ব্যাপ্ত হয়ে আছে। তাই দেখা যায় মান্তব বাছবলে ও বুদ্ধিবলে যত বীরস্বই অর্জন করুক না কেন দৈববলে বলীমান না হলে বা দৈব অন্তগ্ৰহ লাভ করতে না পারলে সে চূড়ান্ত জয় বা সাফল্যের **স্বর্ণমুকু**ট কথনই লাভ করতে পারবে না জীবনে। মাহবের **জন্মকালে** নিয়তিদেবীরা যেভাবে নবজাতকের জীবনসম্পর্কে একটি পরিকল্পনার থসড়া তৈরি করেন কোন মাহুষই সেই পরিকল্পনার বাইরে গিয়ে তার জীবনকে অক্স ভাবে গড়ে তুলতে পারেনি। শত চেষ্টাতেও ঈডিপাদের মত বীর, বিচক্ষণ, মুদ্দিমান পুরুষ নিয়তিনির্দিষ্ট অভিশপ্ত জীবন-পরিণতিকে পরিহার করতে পারেনি। যে অমোঘ অলক্ষা শক্তি মান্তবের জীবনকে বিচিত্ত ঘটনার ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে এক অবশুম্ভাবী পরিণতির পথে চুর্বার গতিতে এগিয়ে নিয়ে যায় দে শক্তিকে জয় করতে পারে না কোন মাফুষ। তৎকালীন গ্রীক জীবনদর্শন প্রধানত: এই নিয়তিবাদের বারা নিয়ন্ত্রিত এবং এই নিয়তিবাদ অসংখ্য মানুবজীবনের গতিপ্রকৃতির মধ্য দিয়ে স্বীয় মর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে।

প্রীকপ্রাণের কাহিনীগুলির মধ্যে তৎকালীন সমাজব্যবন্ধারও এক অপ্রান্ত প্রতিফলন পাওয়া যায়। সেকালের প্রীকসমাজ ছিল পিতৃতান্তিক এবং সে সমাজে পুরুষদের মধ্যে বহু বিবাহপ্রথা প্রচলিত ছিল। তবে বিধবা নারীদের পুনর্বিবাহের ব্যাপারে কোন সামাজিক সমতি ছিল না। বহু ক্ষেত্রে দেখা যায় হিন্দুনারীদের মত অনেক গ্রীক নারী বা প্রেমিকা স্বামী বা প্রেমিকের মৃত্যুতে সজে সঙ্গে প্রাণত্যাগ করে তার অফগামিনী হয়েছে। হিরো ও লেগুরের মত প্রেমিক প্রেমিকাদের সহমৃত্যু তাদের প্রেমকে দান করেছে এক মৃত্যুঞ্জয়ী মহিমা। ফাইলেউসকলা সভাদনে স্বামীর জ্বলস্ত চিতায় প্রাণ বিসর্জন দেয়। তবে এ বিষয়ে কোন প্রথাগত কঠোরতা ছিল না। পেরিয়ারেসের বিধবা রাণী পার্সিয়াসকলা গর্গোফন আবার বিয়ে করে এবং অনেক সন্তান্ত্রতী বিধবা পরে ছিতীয়বার পতিগ্রহণ করলেও সমাজে ধিক্ত হতে হয়নি তাদের। এর ছারা বোঝা যায় হিন্দুসমাজের মত প্রাচীন গ্রীকসমাজ নারীদের বৈধব্যসম্পর্কে কোন কঠোর বিধিনিষেধ প্রবর্তনের পক্ষপাতী ছিল না।

গ্রীকপুরাণের কাহিনীগুলির মধ্যে অজ্ঞ অলৌকিক ও অতিপ্রাকৃত উপাদান ছড়িয়ে আছে যা আজকের পাঠকদের বিশ্বয়ে অভিভূত করে দিতে পারে। বিভিন্ন দেবমন্দিরের পূজারিণীরা গণনাকারী লোকদের যে গব আফুটানিক ক্রিয়াকলাপের মধ্য দিয়ে দৈববাণী বলত তা সত্যিই ভয়ের শিহরণ জাগায় আমাদের মধ্যে এবং তা বিশ্বয়কর। মাহুষের ভবিশ্বৎ সম্পর্কে অন্ধ জ্যোতিবীদের অল্রান্ত ঘোষণার অস্করালে কোন গুল্ল বিল্যা কাল্ল করত তা আজও গবেষণার বস্তু। মেলামপাস পাথিদের ভাষা ব্রুতে পারত। লাইসেনেউস অন্ধকরে দেখতে পেত এবং সাটির তলায় কোখায় কোন গুপ্ত ধন আছে তা ব্রুতে পারত। এই সব ঘটনাবলীকে আজগুরি, অবাস্তর বা অলোকিক বলে উড়িয়ে না দিয়ে একথা মৃক্ত কঠে স্বীকার করতে হবে যে, যে গুল্ল বিলার বলে স্ক্র পোরাণিক যুগের মাহুষ এই সব আপাত-অসাধ্য কার্য সাধন করত সেই সব বিলা পরবর্তী কালের মাহুষ আয়ুক্ত করতে না পারায় তার ধারা বা কালাহুক্রমিক যোগস্ক্রটি ছিন্ন হয়ে যায় শোচনীয়ভাবে।

এ গ্রন্থে সন্নিবেশিত কতকগুলি কাহিনীর মধ্যে রাক্ষ্য, ড্রাগন বা অতি-প্রাকৃত জন্তুর কথা আছে। মাকুষকে যথনি কোন তঃসাধ্য কর্ম সম্পন্ন করে কোন তুলভ বস্তুকে লাভ করতে হয়েছে তথনি তার সামনে এই সব অতিপ্রাকৃত জন্তুগুলি তার পথের সামনে আবিভূতি হয়ে তার চূড়াস্ত সাফল্য বা জয়কে স্থান্থ-পরাহত করে তুলেছে। আসলে রাক্ষ্যরূপী ঐ সব জন্তুগুলি মানবজীবনের সেই সব তুলভ্য বাধা বিশন্তির প্রতীক যা তৃত্তর সাধনা বা দৈব অক্থাহের মাধ্যমে অতিক্রম করতে না পারলে আকাম্বিত বস্থ যা কোন তুলভ জয়কে লাভ করা যায় না।

স্চীপত্র

দেবরাজ জিয়াস (জুপিটার বা জোভ) ১, হেরা (জুনো) ৪, এাপোলো ৬, আর্ডেমিন (ডায়েনা) ৮, এথেন (মিনার্ডা) ১৽, এ্যাফ্রোদিতে (ভেনাস) ১১, দিমেতার (সিরীস) ১৩, হেস্তিয়া (ভেস্তা) ১৪, হিফান্টাস (ভালকান) ১৪, গ্রাবেদ (মার্শ) ১৫, হার্মিদ (মার্কারি) ১৬, পদেডন (নেপচুন) ১৮, প্লুটো ২০, ডায়োনিসাস (বেকাস) ২০, প্লুটাস ২২, পৌরাণিক অপদেবতা ও বীরপুরুমেরা ২৫, ফীটন ৩২, পার্দিয়াস ৩৬, এাড্রোমেডা ৪১, মেলিগার ও এাটালান্টা ৪৫, আটালান্টার দৌড় প্রতিযোগিতা ৫১, নিয়তি দেবী ৫৬, জেসন ৫৪, অর্ফিয়াস ও ইউরিডাইস ৭৪, পার্সিফোনের শালীনতাহানি ৭৮, গ্রারাকনে ৮২, গ্রালদেষ্টিন ৮৪, হার্কিউলেস ৮৬, ট্রয়্ফুদ্ধ ১১১, হিরো ও লেগুার ১৮৮, কিউপিড ও দাইক ১৯০, পলিক্রেটস্এর আংটি ২০০, ক্রেদাস ২০২, র্যাম্পদিনিতাদের ধনাগার ২০৫, প্রেমিকের উল্লন্ফন ২০৬, সুত্যপুরীতে এর ২০৮, একো ও নার্দিদান ২১১, একটি ধর্মীয় ওকগাছ ২১৪, মিডাদ ২১৬, कारेब्रा २১৮, दिनादाकन २२०, এतियन २२०, পরামুদ ও থিদর २२৫, আওন २२१, थिनियाम २७०, किलाधिना २७৮, थीरमामत काहिनी (काछमाम) २४১, निखर २८६, ब्रेडिभाम २८१, थीरमान्द्र रिकास माजबन २८७, बाखिरगारन २८७, টাইক ও নেমেসিস ২৬২, মানব জাতির পাঁচটি স্তর ২৬৩, টাইফন ২৬৪, रेम्टिंग विद्यार २७७, आल्गिर्यम्म २७२, छिडेकानियन्त्र वचा २१२, ঈয়দ ২৭৫, ওরিয়ন ২৭৬, হেলিয়াদ ২৭২, হেলেনের পুত্ররা ২৮১, এালসিওন ও সেইল্ল ২৮৬, বোরিয়াদ ২৮৭, এালোপ ২৮৮, এাদক্লিপিয়াদ ২৮৯. देनवरांनी २२२, व्यालकारवर्षे वा वर्षभाना २२८, इंडेरजनाम २२८, **क्वानारमग्र** সিংহাসনচাতি ২৯৫, প্যান ২৯৮, গ্যানিমীড ৩০০, জাগ্রেউস ৩০১, পাতাল-প্রদেশের দেবতারা ৩০২, জ্যাকটাইলস ৩০৫, টেলশিনে ৩০৬, এম্পাসী ৩০২, णाहेख ৩০ a, ফরোনেউদ ৩১ e, বেলাস ও দানাইদুস ৩১১, ল্যামিয়া ৩১৫, লেডা ৩১৬, ইক্সিয়ন ৩১৭, সিসিফাস ৩১৯, সলমনেউস ৩২২, এ্যাথামাস ৩২৪. মেলামপাস ৩২৯, প্লকাসের ঘোটকীবৃদ্ধ ৩৩৪, তুই ঘমক্ষ প্রতিদ্বন্দী ৩৩৫, ভেডালাস ও ট্যালস ৩৩৯, পাসিফার সম্ভানগণ ৩৪৩, মাইনসের প্রেমিকাগণ ৩৪৫, মাইনদ ও প্রতিগেণ ৩৪৯, এগারিস্কেউদ ৩৫২, তেলামন ও পেলেউদ ৩৫৬, ফাইলিস ও কেরিয়া ৩৬২, ক্লিওবিস ও বিতন ৩৬৩, কেনিস ও কেনেউস ৩৬৪, এরিগোনে ৩৬৫, একিদনের সস্তানগণ ৩৬৭, ক্রেটেস ও আল্ধামেনেস ৩৬৭, দিমেতারের স্বরূপ ৩৭০, পেলিয়াদের/মৃত্যু ৩৭১, নির্বাসনে মিডিয়া ৩৭৪, এপিগনি ৩৭৬, ছেস্কিয়া ৩৭৮।

হলেও স্বয়ং দেবুরাজ জিয়াস যখন তার প্রেমের ঋণে আবদ্ধ তথন সেই ঋণের প্রতিদান হিসাবে দেবলোকের অমিত স্বর্গীয় ঐশ্বর্গের একটা অংশ তাকে ভোগ করতে দিতে হবে বৈকি!

কিন্তু স্বৰ্গীয় ঐশর্বের জোলুস সন্থ করতে পারল না সিমোলি। স্বর্গস্থবের আন্দালাভ তার ভাগ্যে আর ঘটল না। অলিম্পাসের যতই নিকটবর্তিনী হতে লাগল সিমোলি ততই এক অসন্থ তাপ অনুভব করতে লাগল সে। তার মনে হলো এটা অলিম্পাস নয়, যেন দ্বাদশ স্থের ত্ঃসহ তাপ নিয়ে গড়া এক জলস্ত অগ্নিমণ্ডল। সিমোলি একবার ভাবল দরকার নেই অলিম্পাসে গিয়ে, সে কিরে যাবে মর্ত্যে। আর কোনদিন কথনো কামনা করবে না সে স্বর্গস্থ । কিন্তু অনেকদিন দেরি হয়ে গেছে। আর ফিরে যাবার কোন উপায় নেই। দেখতে দেখতে সেই জলস্ত অগ্নিমণ্ডলে পুড়ে ছাই হয়ে গেল প্রেমাভিমানী স্বর্গস্থপিয়াসিনী সিমোলির জীবস্ত দেহটা।

আর একবার এক মর্ত্যমানবী ক্যালিন্টো স্বর্গে যেতে চাইলে এক নিদারুণ ঘূর্ভাগ্য নেমে আসে তার জীবনে। হেরা তাকে এক হীন শৃকরীতে পরিণত করেন। কিন্তু শৃকরীতে পরিণত হয়েও পরিত্রাণ পেল না ক্যালিন্টো। হেরার প্ররোচনায় জিয়াসের অক্তমা দয়িতা দেবী আর্তেমিস তাকে শরবিদ্ধ করে শিকার করেন।

এইভাবে দেখা যায়, প্রণয়কলাবিশারদ স্বচতুর জিয়াসের কাছ থেকে শুধু এক ক্ষণপ্রণয়ের ছলনা ছাড়া আর কোন কিছুই পায় না মর্ত্যমানবীরা। তাদের সকল প্রেমের প্রতিদানস্বরূপ তারা শুধু পায় লাঞ্চনা, অপমান আর মৃত্যু। তবে তাদের মৃত্যুর পর একটা কাজ করেন জিয়াস। একেবারে অক্বতজ্ঞ বলা যায় না দেবরাজকে। আকাশে শ্করাকৃতিবিশিষ্ট যে নক্ষত্রপূঞ্জ দেখা যায়, জিয়াস সেই নক্ষত্রপুঞ্জের মধ্যে এক একটি স্থান দেন তাঁর সেই ক্ষণপ্রণয়ের নায়িকাদের।

অবশ্য শুধু প্রেম নয়, অনেক সময় অনেক স্থায়বিচারের থাজিরে এবং অনেক মর্ত্যমানবের আমন্ত্রণে বা অভিযোগের তাড়ণাতেও মর্ত্যে যেতেন দেবরাজ জিয়াস।

একবার এক অনুসন্ধানকার্যের জন্ম কার্জিয়া যান জিয়াস। যান এক সাধারণ বিদেশী পথিকের ছন্মবেশে। একদিন ফার্জিয়াবাসী ফিলেমন আর তার স্ত্রী বিসিস তাদের বাড়িতে আতিথ্য দান করে ছন্মবেশী জিয়াসকে। তারা ঘূণাক্ষরে জিয়াসকে চিনতে না পারলেও জিয়াস তাদের আতিথেয়তায় প্রীত ও মুগ্ধ হয়ে তাদের একটা উপকার করেন ক্বতজ্ঞতাস্বরূপ। তিনি বলেন শীঘ্রই এক দেবরোষ নেমে আসবে ফিলেমনের প্রতিবেশীদের উপর। এখানে থাকলে সেঞ্ছ পড়ে যাবে সেই রোষানলে। তাই সে যেন যথাশীঘ্র পালিয়ে যায় সেখান থেকে। তথন জিয়াস তাঁর অলোকিক দৈবক্ষমতাবলে মুহুর্ভ- মধ্যে তাদের এক দেবমন্দিরে স্থানাস্থরিত করেন। তারপর তাঁর কাছে এক বর চাইতে বলেন তাদের। কিছু ফিলেমন ও তার দ্বী এমন সং ও নিছার প্রকৃতির ছিল যে তারা কোন কিছুই চাইল না। তারা তথু এই বর চাইল যে, এই মন্দিরের কাজকর্ম সারা জীবন ধরে দেখাশোনা করার পর তারা যেন হজনে একসক্ষে মরতে পারে।

কিন্তু মানুষ হিসাবে যারা অসং ও নিষ্ঠুর প্রকৃতির তাদের উপর যথোচিত লান্তি প্রদান করতেও কৃতিত হতেন না জিয়াস। একবার জিয়াস রাজা লাইকাওনের বাড়িতে আতিথ্য গ্রহণ করেন। লাইকাওন অত্যন্ত নিষ্ঠুর প্রকৃতির মানুষ ছিলেন। তিনি কোন দেবদেবীর মহন্দে বিশ্বাস করতেন না। তিনি ছিলেন পুরোমাত্রায় নান্তিক। জিয়াস তাঁর বাড়িতে আতিথ্য গ্রহণ করেলে লাইকাওন তা বৃষতে পেরেও তাঁর দেবহুকে স্বীকার করল না সে। উন্টে সে জিয়াসের দৈবশক্তি পরীক্ষা করার জন্ম তাঁর থাওয়ার সময় একথালা মানুষের মাংস রালা করে থেতে দিল। কিন্তু জিয়াসও তাঁর অলোকিক শক্তিবলে তা জানতে পেরে ভয়কর এক ক্রোধাবেগে জলে উঠলেন। তাঁর ক্রোধাবেগের আঘাতে বিকম্পিত হয়ে উঠল সমগ্র মর্ত্যভূমি ও স্বর্গলোক। আকাশে ক্রত্রিম মেঘ সঞ্চার করে বক্স ও বিহাতের স্বান্ট করলেন জিয়াস। সেই বিহ্যতান্ত্রিতে জলে পুড়ে ছাই হয়ে গেল লাইকাওনের পরিবারের সকল লোকজন। সেই সঙ্কে সে নিজে পরিণত হলো এক নেকড়ে বাঘে।

জিয়াসের স্থায়বিচার ও দোষীর প্রতি শান্তিবিধান সহক্ষে আর একটি ঘটনার কথা জানা যায়। এলিসের রাজা সালফেনেউস ছিল বড় অপরিণামদর্শী আর অহঙ্কারী। তার এই অহঙ্কার এক বিক্বত উচ্চাভিলাষের রূপ ধরে স্থদ্র স্বর্গলোককে স্পর্শ করে। দিনে দিনে তার অহঙ্কার এমনই উত্তুক্ত হয়ে ওঠে যে অবশেষে সে একদিন নিজে মর্ত্যমান্থ্য হয়েও পূজা চায় মর্ত্যমান্থযের কাছ থেকে। সে স্পষ্ট ঘোষণা করে সে দেবরাজ জিয়াসের থেকে কম শক্তিমান নয়। এই বলে সে ক্রেজিম বক্সবিত্যাৎ স্বষ্টি করে এবং তার মাথার পিছনে এক ক্রেজিম জ্যোতির্গত্ত রচনা করে। মর্ত্যের মান্থরা তাকে নানারকমের পূজা উপচার উৎসর্গ করতে থাকে। গর্বফ্ষীত হিডাহিত-জ্ঞানশ্রু হয়ে বোধশক্তি হারিয়ে ফেলল সালফেনেউস। ফলে দেবরোষ নেমে এল সালফেনেউসের উপর। সহসা একদিন সালফেনেউস দেবল চারদিক জ্বছে। দেখতে দেখতে সেই আগুনে নিজে আর তার রাজধানীর সকল লোক পুড়ে ছাই হয়ে গেল।

মর্ত্যলোকের সাধারণ মাত্র্যরা দেবরাজ জিয়াসের প্রতিষ্ঠি নির্মাণ করত। মর্ত্যের মরণশীল মাত্র্য হয়েও অবিশ্বরণীয় করে রাখতে চাইত তাদের দেবরাজ জিয়াসের নাম। জিয়াসের প্রতিষ্ঠি নির্মাণের ব্যাপারে সবচেয়ে যিনি ফুতির লাভ করেন তিনি হলেন ভান্ধর ফিডিয়াস। সোনা আর হাতির গাত দিয়ে নির্মিত তার গড়া প্রতিমৃতিটি ছিল চরিশ ফুট উচ্। এটি ছিল তদানীস্তন্দ জগতের সপ্তম আশ্চর্যের অক্সতম আশ্চর্য। এ প্রতিমৃতি দেখে রোমক দিয়িজয়ী বীর এমিলিয়াস পনাস বলেছিলেন এটি বেন হোমারবর্ণিত জোভের মৃত প্রতীক। এই মৃতিটি আছে অলিম্পিয়ার মন্দিরে। সর্বপ্রধান উপাস্থা দেবতারূপে এ মৃতি পুজিত হয়। জিয়াসের অক্সতম নাম জোভ ও জ্বপিটার। মিশরের দেবতা জ্বপিটার আসনের সঙ্গে জিয়াসের নাম জড়িয়ে আছে এবং সেখানে তাঁর যে মৃতি আছে তাতে তাঁর মাখায় সিং দেখানো হয়েছে। পেগান রোমে ক্যাপিটোন হিলে জ্বপিটার অপটিমাম মাজিমাম নামে যে দেবতা আছে তার সঙ্গেও জিয়াসের নাম জড়িয়ে আছে। কিছে রোমক জোভ বা জ্বপিটার প্রীকদেবতা জিয়াসের থেকে অনেক সুংযতচরিত্র ও আত্মন্থ।

হেরা (জুনো)

হেরা বা জুনে। ছিলেন দেবরাজ জিয়াসের বৈধ মহিষী। কিন্তু তাঁর থেকে জীবনে কোনদিন শান্তি পাননি জিয়াস। প্রেমঘটিত ব্যাপার নিয়ে সব সময় একটার পর একটা করে অশান্তি সৃষ্টি করে চলেন তিনি। এক জানর্বাণ ঈর্ষার আগুনে জলে পুড়ে খাক হতে থাকে তাঁর মনটা। অথচ জিয়াস যাই করুন তিনি করতেন গোপনে ছদ্মবেশে। স্বতরাং হেরার এতে ঈর্ষা ও অশান্তির কারণ ছিল না। তবু হেরার মনটা অশান্ত থাকত সব সময়। সব সময় তিনি তাঁর স্বামী দেবরাজের গোপন প্রণয়লীলার সব কথা সংগ্রহে সদা ব্যস্ত থাকতেন। আসলে হেরা এমনটি চাননি। আসলে তিনি চেয়েছিলেন যিনি ত্রিভ্রনের অবিসম্বাদিত অধিপতি, যিনি সর্বশক্তিমান সেই জিয়াসের অথণ্ড অন্তরের সব ভালবাসা তাঁর বৈধ স্ত্রী হিসাবে একা ভোগ করবেন তিনি। সেখানে কেউ যেন ভাগ বসাতে না পারে কোনদিন। তিনি হতে চেয়েছিলেন দেবরাজের একমাত্র দয়িতা, একান্তবাস্থিত। বল্লভা, অবিতীয়া।

কিন্তু সফল হয়নি হেরার সে কামনা। উন্টে সারা জীবন ধরে তাঁকে গুপ্তচরবৃত্তি করে বেড়াতে হয় তাঁর স্বামীর বিরুদ্ধে। ব্যক্তিজীবনে তিনি নিজে ছিলেন বড় অহঙ্কারী। এক অপরিসীম অহঙ্কার আর আত্মপ্রাদের তৃশ্ছেগ্য আবরণে নিজেকে সব সময় ঢেকে রাখতেন তিনি এমনভাবে, যে কোন পাপপ্রবৃত্তি প্রবেশ করতে পারত না। আজীবন তিনি তাঁর সতীম্বের শুচিতা আর বিশ্বতা হতে ক্ষণিকের জন্তও বিচ্যুত হননি কথনো। তবে অহঙ্কারের সঙ্গে এক অনমনীয় প্রতিহিংসাপরায়ণতা গড়ে উঠেছিল তাঁর চরিজে। কোন দেবতা বা মামুষ কথনো সামান্ততম কোন অন্তার করে

বসলেই তিনি রাগের আগুনে জলে উঠতেন সকে সকে। শান্তির শাণিত ধড়গ প্রস্তুত থাকত সব সময়।

আইরিস বা রামধন্থ ছিল তাঁর প্রধানা সহচরী ও দৃতী। মর্ত্যভূমিতে তাঁর কথনো কোন প্রয়োজন দেখা দিলে বিশেষ দৃত হিসাবে আইরিস তাঁর সব খবরাখবর বহন করে নিয়ে যেত। হেবি নামে তাঁর এক কলা গ্যানিমীডের সকে ভোজসভার টেবিলে খাবার পরিবেশন করত। এছাড়া একটি মন্থর তাঁর ভৃত্য হিসাবে কাজ করত। পাখি হিসাবে কোকিলদেরও তিনি ভালবাসতেন।

দেবরাজ জিয়াস একবার আর্গনের রাজা ইনাকাসের কল্যা আইওকে প্রেম নিবেদন করেন। স্থান্দরী আইওর দেহ ভোগ করার জল্ল তিনি তাকে এক গাভীতে পরিণত করেন। এমন সময় কোনক্রমে বাপারটা জানতে পেরে যান হেরা। আইও যাতে জিয়াসের সঙ্গে মিলিত হতে না পারে তার জল্প আর্গাস নামে শতচক্ষ্বিশিষ্ট এক দানবকে আইওর উপর কড়া নজর রাথার কাজে নিযুক্ত করেন তিনি। কথাটা যথাসময়ে সর্বজ্ঞ জিয়াসও জানতে পারেন। তিনি হারমিসের সহায়তায় আর্গাসকে ঘুম পাড়িয়ে তাকে হত্যা করেন। হেরা তথন তাঁর এক প্রিয় ও অয়ুগত পাধির লেজে একশোটি চোথ স্থাপন করে তাকে নজর রাথতে বলেন আইওর উপর। তার উপর তিনি এমন এক ভয়্মকর বড় মাছি নিযুক্ত করেন যা গাভীরূপ আইওকে সারা পৃথিবীময় তাড়িয়ে নিয়ে বেড়ায়। সেই মাছির তাড়নায় কোথাও স্থির থাকতে পারে না সে। পরে মিশরে গিয়ে ক্ষণমিলনের ফলম্বরূপ জিয়াসের উরসজাত এক সন্তান প্রস্ব করে। এর থেকে বোঝা যায় হেরার প্রতিশোধবাসনা ও প্রতিহিংসা কত প্রবল ছিল।

হেরা সম্বন্ধে আর একটি কাহিনী প্রচলিত আছে। একবার হেরার মন্দিরে এক বৃদ্ধা নারী পুরোহিত পূজা দিতে আসে। সে হাঁটতে পারত না বলে তার তুই ছেলে ক্লিওবিস ও বিটন তাদের মার জন্ম এক গাড়ির ব্যবস্থা করেন। কিন্তু হেরার মন্দিরে কোন গাড়িতে করে যেতে হলে সেই গাড়ি অবশ্রই তুটো সাদা বকনাতে টেনে নিয়ে যানে। কিন্তু ক্লিওবিস ও বিটন অনেক খুঁজে তুটো সাদা বকনা না পেয়ে নিজেরাই গাড়িতে তাদের মাকে চাপিয়ে সে গাড়ি মন্দির পর্যস্ত টেনে নিয়ে যায়। তাদের মা পুত্রদের মাতৃভক্তি দেখে পরম প্রীত হয়ে দেবীকে প্রার্থনা জানায় তিনি যেন তার পুত্রদের সর্বাপেক্ষা শ্রেষ্ঠ বর দান করেন। কিন্তু বৃদ্ধা পূজাশেষে মন্দির থেকে বেরিয়ে এসে দেখে তার তুই পুত্র মন্দির তাদের চিরনিদ্রায় অভিভৃত হয়ে আছে। এতে কেউ কেউ বলে, মৃত্যুর মধ্য দিয়ে তাদের চিরনান্তি দান ক্ররেন হেরা। আবার কেউ কেউ বলে, ক্লিওবিসরা নিশ্চয় কোন অক্লায় কর্মের দ্বারা দেবীকে ক্লাই করে তোলে বলেই তাদের উপর নেমে আসে অকালমৃত্যুর অভিশাপ।

স্থানির রাশী হেরা সাধারণতঃ আর্গাসের সামস আর অলিপিয়ার মন্দিরে পুজিত হন। রোমক দেবতা জোডই গ্রীসের দেবতা জিয়াস। তেমনি রোমক দেবী জুনোই হলেন হেরার মত স্থার্গের রাণী। রোমের জোডের মত জুনোও শাস্ত ও আত্মন্থ প্রকৃতির। তিনি বিবাহিত নরনারীর স্থানান্তি রহ্মা করে চলেন। হেরার মত যত সব অবৈধ প্রেমের ঘটনার পিছনে ছুটে বেড়িয়ে চক্রান্ত করে বেড়ান না।

ঞাপোলো

জ্যাপোলোর অপর নাম ফীবাস। অলিম্পিয়ার দেবতাদের ন্যধ্যে জ্যাপোলো ছিলেন সবচেয়ে স্থলর এবং সকলের প্রিয়। এই এ্যাপোলোই ছেলিয়স বা স্থর্কপে পূজিত হন এবং তাঁর বোন সেলেনিকে বলা হয় চক্র। জ্যাপোলোর আর এক নাম হলো হাইপীরিয়ন।

এ্যাপোলোর জন্ম হয় লিটোর গর্ভে জিয়াসের ঔরসে। কিন্তু লিটো গর্ভবতী হবার সঙ্গে সঙ্গে হেরা তা জানতে পেরে যান এবং তাঁর ভয়ঙ্কর রোষ থেকে পরিত্রাণ পাবার জন্ম তিনি ডেলসে পালিয়ে যান। এই ডেলসেই তিনি এক যমজ সন্তান প্রসব করেন। এই যমজ সন্তানের মধ্যে একটি পুত্র ও অন্যটি কন্তা—এর হলেন যথাক্রমে এ্যাপোলো আর আর্তেমিস।

তবু প্রশমিত হলো না প্রতিহিং সাপরায়ণা হেরার রোষ। ফলে আপন সম্ভানকে কোলে নিয়ে প্রকাশ্যে তাকে লালন করতে পারলেন না লিটো। তাই তিনি এ কাজের ভার দিলেন থেমিসের উপর। থেমিসের হাতে ভালভাবেই বেড়ে উঠতে লাগলেন এ্যাপোলো। একদিন এ্যাপোলোর ছেলেবেলায় অভুত এক ঘটনা ঘটে। একটুখানি দেবভোগ্য অমৃত আস্বাদন করার সঙ্গে সঙ্গে পূর্ণ যৌবন প্রাপ্ত হন এ্যাপোলো। তিনি তাঁর প্রিয় ফ্টি বস্তঃ অর্থাৎ এক হাতে একটি বীণা আর এক হাতে একটি ধহুর্বাণ চেয়ে বসেন। এ্যাপোলোর ঘটি হাতে তাই সব সময় এই ঘটি বস্তুই দেখা যায়।

এ্যাপোলোর প্রথম ক্বতিত্ব হলো বিরাট সর্পাকৃতি দৈত্য পাইথনকে হত্যা করা। তাঁর আর একটি বড় কাজ হলো ডেলসিতে এক দৈববানীর মন্দির গড়ে তোলা। তাই এ্যাপোলোকে দৈববানীর দেবতাও বলাহয়। স্বর্গ থেকে মর্ত্যলোকে বে বব আকাশবানী লোনা যায় এ্যাপোলোই তার ব্যবস্থা করে থাকেন। এ ছাড়া এ্যাপোলো হলেন সকল প্রাণের উৎসম্বরূপ এবং রোগনিরাময়েরও দেবতা। তাঁর পুত্র এসক্যালাপিয়াসের মধ্যে এই ঘটি গুণের বেশী পরিচয় পাওয়া যায়। এসক্যালাপিয়াসকে ওমধি ও চিকিৎসালাত্ত্রের অধিষ্ঠাতা দেবতাও বলাহয়। তিনিই এই লাজ্বের প্রতিষ্ঠা করেন মর্ত্যে। কিন্তু একবার একস্যালাপিয়াস এক মৃত ব্যক্তির মধ্যে প্রাণসঞ্চার করতে গেলে তাঁর উক্তরের

জন্ম জিয়াস তাঁকে হত্যা করেন। মৃতকে সজীবিত করার ক্ষমতা একমাজ্র জিয়াসের। এসক্যালাপিয়াস অবশ্ব মৃত্যুকালে তাঁর কন্তা হাইজিয়ার হাতে তাঁর প্রতিষ্ঠিত চিকিৎসাবিভাগের সকল ভার লিয়ে যান।

স্থাদেবতা এ্যাপোলোর ওধু রোগনিরাময়ের ক্ষমতা নেই, মহামারী ব' মারাত্মক রোগ স্ষ্টের ক্ষমতাও তাঁর অসাধারণ। তার রখ একই সঙ্গে বাহিত হয় এক সিংহ আর এক বনহংসের ঘারা। তিনি বে কোন সময়ে তাঁর একটিনাত্র শাত্র শাত্র ঘারা। যে কোন দেশে এক মহামারী সংঘটিত করতে পারেন। উয় অবরোধকারী গ্রীকদের শিবিরে এইভাবে এক মহামারী স্ষ্টেক করেন এ্যাপোলো। মানবসভ্যতার ইতিহাসে আজ পর্যন্ত যত সব শিল্পকলার উত্তব হয়েছে এ্যাপোলো তারও অধিগ্রতা দেবতা।

কিন্ত এ্যাপোলোর সবচেয়ে বড় দান হলো সন্ধীতে। সর্বশ্রেষ্ঠ গায়ক ও বীণাবাদক অফিয়াস হলো তাঁরই পুত্র। এ্যাপোলোর অধীনে ছিল শিশ্ধকলার ন'টি বিভাগের ন'জন অধিষ্ঠাত্রী দেবী। তাঁরা হলেন ক্লিও (ইভিহাস)ইউতারপে (গীতিকবিতা) ধেনিয়া (মিলনাস্ত নাটক), মেলপোমেলে (বিয়োগাস্ত নাটক), তার্পিশোর (নাটক ও গান), ইরাতো (প্রেমসন্ধীত), পলিমিয়া (গুরুগন্তীর ন্ডোত্র গান), ইউরানিয়া (জ্যোতির্বিহ্যা) ও ক্যালিওপ (মহাকার)। এই সব দেবীদের প্রিয় মিলনস্থান হলো মাউণ্ট হেলিকন আর পার্ণেসাস পাহাড় আর সেই সংলগ্ন কাস্টালিয়ন ঝর্ণা। এই ঝর্ণার জলে যত সব কবি ও শিল্পীরা স্থান করে তাদের আরাধ্য দেবতা ফীবাসের উপাসনা করে।

পিগুরের বিবরণ থেকে জানা যায় একবার দেবতারা পৃথিবীটাকে বিভিন্ন ভাগে ভাগ করায় এগাপোলো তাঁর পূর্বের পার্থিব আসনগুলি হারিয়ে ফেলেন। তিনি তথন জিয়াসের কাছে গিয়ে বলেন, আমি স্পষ্ট বুখতে পারছি, ঐ তরকায়িত সমুদ্রের অতল গর্ভ থেকে অদ্র ভবিশ্বতে উঠে আসবে এক বিশাল আগ্নেয়গিরি। আমার পবিত্র স্থান নতুন করে প্রতিষ্ঠিত হবে সেখানে। এই জায়গার নাম হবে রোডস্। পরে সেখানে সমুদ্রের এক থাড়ির উপর একশো ফুট উচু এ্যাপোলোর এক বিশাল প্রতিমৃতি নির্মাণ করে সেখানে স্থাপন করা হয়। তাকে লোকে বলত কলোসাস। পরে এক ভয়ঙ্কর ভূমিকস্পের ফলে ভূমিসাৎ হয়ে যায় সে প্রতিমৃতি। ফিলিস্টাইনের মত নান্তিকরা আবার এ্যাপোলোকে ইত্রদের দেবতা বলে উপহাস করে থাকে।

যে সব শিল্পী ও ভাষরেরা এ্যাপোলোর ভক্ত তারা সবাই প্রায়ই এক বিশেষ মৃতিতে মৃত করে তোলে এ্যাপোলোকে। অপূর্ব যৌবনশ্রীদম্পন সে মৃতি হলো সম্পূর্ণ নয়। মাধায় লরেল পাতার মৃক্ট। রোমের ভার্টিকানে এই ধরনের একটি মৃতি আছে স্থা দেবতা, শিল্পকলার দেবতা এ্যাপোলোর। চিরযুবক, চিরস্থন্দর এ্যাপোলোর সবচেয়ে শ্রেষ্ঠ পরিচয় হলো ভিনি মানব- প্রেমিক। মাজিত ক্লচিসম্পন্ন ভক্তদের প্রতি বিশেষভাবে অন্থ্যহনীল তিনি। সমগ্রভাবে গ্রীকর্ধন ও গ্রীক প্রাণের একটি দিককে নি:সন্দেহে উজ্জল ও গৌরবময় করে তুলেছেন একা এ্যাপোলো।

মাহবের মত ভালমন্দ ফুট গুণই ছিল এ্যাপোলোর চরিছে। একবার তিনি হায়াসিন্ধ, নামে এক মর্ত্যবালককে ভালবাসতে থাকেন গভীরভাবে। তিনি তার সঙ্গে শিশুর মত থেলা করতেন যথন তথন। একদিন এইভাবে তাঁর সঙ্গে থেলা করতে করতে ঘটনাক্রমে তাঁর একটি তীরের আঘাতে মৃত্যুম্থে পতিত হয় হায়াসিনথ,। সে মৃত্যুতে শোকে ছঃথে একেবারে ভেঙ্গে পড়েন এ্যাপোলো। এক অপ্রতিরোধ্য বেদনায় ভেঙ্গে পড়েন মরণশীল মাহ্রবের মত। কিন্তু হায়াসিনথের নামকে চিরদিন মর্ত্যে অমর করে রাখার জন্ত তার মৃত্যুর সময় তার দেহ থেকে যে রক্তক্ষরণ হচ্ছিল সেই রক্ত থেকে এক নীল ফুলের জন্ম দেন তিনি।

ভাকনে নামে এক জলপরীকে ভালবাদেন এগপোলো। কিন্তু সুর্গের দেবভার একান্তভাবে সাময়িক বা তাৎক্ষণিক ভালবাসায় কোন মানবী বা অর্থদেবী কথনে। স্থা হতে পারে না—এই ভেবে এগপোলোর কবল থেকে পালিয়ে যাবার চেষ্টা করে ভাকনে। পালিয়ে গেলেও পরে আবার ধরা পড়ে। কিন্তু ধরা পড়লেও এগপোলোর আলিঙ্গনে আবদ্ধ হতে হঃনি তাকে। কারণ তার আগেই এগপোলোর অভিশাপে লরেল-গাছে পরিণত হয় ভাকনে। তবে এত কিছু সত্ত্বেও লরেলরূপিণী ভাকনের একটা উপকার করেন এগপোলো। তাকে দান করেন চিরসবুজ পাতা, যে পাতার রং মান হবে না কোনদিন।

অন্তান্ত দেবতারা তাঁদের ক্ষণপ্রণয়িণীদের উপর যে ব্যবহারই কক্ষন না কেন, ডাফনের প্রতি এনপোলোর আচরণটা ছিল সত্যিই বীরের মড মর্যাদাসম্পন। কিন্তু তাঁর স্ত্রী এসক্যালাপিয়াসের মার সঙ্গে এনপোলোর আচরণটা কিন্তু ভায়সঙ্গত হয়নি; বরং সেটা এক ভয়ঙ্কর নিষ্ঠুরতার পর্যায়ে গিয়ে পড়ে। একবার একটা কাক সহসা এক কুৎসা রটনা করতে থাকে এসক্যালাপিয়াসের মার বিরুদ্ধে। এই কুৎসার কথা শুনে এনপোলো ক্ষিপ্ত হয়ে হত্যা করেন তাঁর স্ত্রীকে। সেই সময় কাকের রং সাদা ছিল। এই ঘটনার পর এক অভিশাপে কুৎসাপ্রিয় কলহপ্রিয় সব কাকের রং কালো করে দেন এগুপোলো।

তবু যুগ যুগ ধরে অসংখ্য কবির দারা কীর্তিত ও অসংখ্য শিল্পীর দারা বিভিন্নভাবে চিত্তিত ও কথিত হয়ে আসছেন অ্যাপোলো।

আর্তেমিস (ডায়েনা)

দেবী আর্ভেমিস হলেন এরাপোলোর যমজ বোন। লিটোর গর্ভ

খেকে একই সঙ্গেই প্রস্ত হন এ্যাপোলো আর আর্ডেমিস। তাঁকে আবার চন্দ্রদেবী ভারেনাও বলা হয়। বিখ্যাত ভারেনার মন্দির সপ্তম আশ্চর্বের অক্সতম আশ্চর্ব। অনেকে তাঁকে নিষ্ঠুর হৃদয়হীনা দেবী তরিসের সঙ্গে একাআ করে ফেলে। তরিস স্পার্টার এক নররক্তলালুপা দেবী। তাঁর মন্দিরের সামনে বহু কিশোর বালককে তাঁকে তুষ্ট করার জক্ত বলি দেওয়াহয়। নররক্তে রঞ্জিত হয়ে ওঠে তাঁর মন্দিরের বেদীমূল।

আর্কেডিয়াতে আবার আর্তেমিসকে শিকারের দেবীরূপে কল্পনা করা হয়। কয়েকজন জলপরীর দারা পরিবৃত হয়ে তিনি পাহাড়ে পর্বতে বনে জঙ্গলে ঘুরে বেড়িয়ে এক বন্ধ জীবন যাপন করেন। তবে দেবী আর্তেমিসের একটা বড় দোষ, মত্যের মাহুষরা কখনো তাঁর সম্পর্কিত কোন ব্যাপারে একটুখানি অপরাধ করলে তিনি বড় রেগে যান। তাঁর প্রতিশোধবাসনা আর প্রতিহিংসা বড় প্রবল। প্রেমের ব্যাপারে অবশ্ব তাঁর কোন বাতিক বা প্রতিহিংসা নেই।

একবার দেবী আর্তেমিস যথন এক ঝর্ণার জলে স্থান করছিলেন তথম সেথানে ঘুরতে ঘুরতে ঘটনাক্রমে এগা ক্টিয়ন নামে এক মর্ত্যমানব এসে পরে। ব্যাপারটা আকস্মিক এবং এতে এগা ক্টিয়নের কোন সক্রিয় ভূমিকা ছিল না। তব্ এই ঘটনার কারণে রোষপরায়ণ হয়ে ওঠেন তিনি, এবং সঙ্গে সঙ্গে এগা ক্টিয়নকে একটি হরিণে পরিণত করেন। পরে তাঁর শিকারী কুকুরগুলি এই হরিণটাকে হত্যা করে টুকরো টুকরো করে ফেলে।

অনেকের মতে দৈত্যশিকারী ওরিয়নের প্রতি এক তুর্বলতা ছিল দেবী আর্তেমিসের। তবে এ বিষয়ে আবার ভিন্ন মতও প্রচলিত আছে। অনেকে আবার বলেন, দেবী আর্তেমিসের শরাঘাতে দৈত্যশিকারী ওরিয়নও বিদ্ধ হন। তাঁকে স্বর্গে নিয়ে গিয়ে বন্দী করে রাখা হয়। সেখানে গিয়ে ওরিয়ন এটাটলাসের সাতটি কন্তার প্রেমে পড়ে যায় এবং তাদের পিছনে ছুটে চলে। পরে ওরিয়ন ও এই সাতটি মেয়েকে এক নক্ষত্রপুঞ্জ করে রাখা হয়।

ভায়েনা বা চক্রদেবী হিসাবে আর্তেমিসের চরিত্রের আর একটি দিক পাওয়া যায়। চক্রদেবী ভায়েন। একবার এগুমিয়ন নামে এক অতি স্থলর যুবককে ভালবেসে ফেলেন। ভায়েনা এগুমিয়নকে ল্যাটমাস পর্বতের উপর চুম্বন করে ঘুম পাড়িয়ে রাথেন। দেবরাজ জিয়াস তথন এগুমিয়নকে ঘটির মধ্যে একটিকে বেছে নিতে বলেন। সশরীরে স্থর্গে গিয়ে কোন মর্ত্যমানব কথনই স্থর্গলোকের অমিত স্থ্যু ঐশ্বর্যসহ অনস্ত জীবন যৌবন উপভোগ করতে পারে না। ভাই এপ্রিমিয়নকে বেছে নিতে হবে সে মৃত্যু চায় নাকি স্থয়য় স্থানিজাপরিবৃত অকয় যৌবনসমৃদ্ধ এক অনস্ত জীবন চার। **ও**ধু তার *হ*প্ত অচেতন দেহটি দেবী ডায়েনার দারা পরিচুদ্বিত হবে মাঝে মাঝে।

এথেন (মিনার্ভা)

এথেন বা প্যালাস এথেন স্বর্গের আর এক কুমারী দেবী। স্বর্গের অক্সান্ত দেবীদের মত চিরকুমারী ছিলেন তিনি। কেউ কেউ বলেন, তাঁর নামের আগে প্যালাস শব্দটি কোন এক গ্রীক বীরের নাম। তবে তাঁর নিজের নামের শব্দগত অর্থ হলো তিনি নগরবাসিনী। নগরে থাকতে তিনি ভালবাসেন। কারণ নগরের লোকদের কাছ থেকে শ্রদ্ধা বা সম্মান পান স্বচেয়ে বেলী।

প্যালাস এথেনের জন্মবৃত্তান্ত সম্বন্ধে অন্তৃত এক কাহিনী প্রচলিত আছে। এথেনের জন্ম নাকি স্বাভাবিকভাবে অক্তার্ক্ত দেবদেবীর মত হয়নি। সেটি হলো এই যে, অকমাৎ একদিন এথেন পূর্ণ যৌবনপ্রাপ্ত অবস্থায় জিয়াসের মন্তকদেশ হতে লাফ দিয়ে পড়েন। প্যালাস এথেনের যে মৃতিটি সাধারণতঃ শব জায়গায় দেখা যায় তা রণমূতি। মাথায় শিরস্তাণ, গায়ে বর্ম, বুকে वकावती, शास्त्र जांत्र जाताशाम । त्मार्थ मत्न इय जिनि त्यन तमामती। কিছু আসলে এই রণবেশ ধারণ করে প্রতিরক্ষামূলক দেশাত্মবোধ জাগাতে চান। আসলে তিনি শিল্পকলা ও জ্ঞানবিজ্ঞানের অধিষ্ঠাত্তী দেবী। জাতীয় প্রতিরক্ষা বলিষ্ঠ না হলে কথনো কোন সভ্যতা বাঁচতে পারে না। দেবী এথেনেরই তন্ধাবধানে স্থায়বিচার এবং সামাজিক শৃঙ্খলাবোধ গড়ে ওঠে। তাই সমস্ত নগর ও নাগরিক সভ্যতা রক্ষার সব ভার এথেনেরই উপর পড়ে। এথেন অবশ্ব তাঁর প্রিয় আবাসস্থল হিসাবে গ্রীস দেশের রাজধানী এথেনকেই বেছে নেন এবং তাঁর নাম অমুসারেই এ নগরীর এই নাম রাখা হয়। **এথেন্দের অধিকার নিয়ে একবার তাঁর প্রতিদ্বর্দী পসে**ডনের সঙ্গে তাঁর এক প্রতিযোগিতা হয়। ঠিক হয় এই নগরের মধ্যে যিনি মানব জাতিকে শ্রেষ্ঠদানে ভৃষিত করতে পারবেন এ নগরী তিনিই পাবেন।

পসেডন তখন তাঁর ত্রিশ্লটি মাটির উপর ঠুকে অশ্ব নামে এক প্রাণীর উদ্ভব করেন। এখেন দান করেন অলিভ গাছ। অশ্ব যেমন যুদ্ধের প্রতীক, অলিভ গাছ তেমনি শাস্তি ও সমৃদ্ধির প্রতীক। তার সঙ্গে জড়িয়ে আছে কিছুটা পবিত্র শ্রদ্ধার ভাব। এই গাছের কাঠ দিয়ে যেমন চিতা জ্বালানো হয়, তেমনি এই গাছের পাতা আবার সম্মান ও গৌরবের প্রতীকস্বরূপ বিজয়ীবীরদের দান করা হয়। ব

এবেনের প্রিয় প্রাণীরা হলো দাপ, মোরগ আর পেঁচা। তাঁর মৃতিটি সব সময় গন্ধীর এবং আত্মর্যাদাসম্পন্ন। তিনিকঠোরভাবে তাঁর কৌমার্যব্রত পালন করেন। বে সব নিলা ও বদনাষের দারা অক্সান্ত কুমারী দেবীদের নাম কলঞ্চিত, সে সব নিলা হতে এখেন একেবারে মুক্ত। এমন কি কামদেবী কিউপিডও এথেনের উপর ফুল্লনর হেনে তাঁর মনকে কখনো কামচক্ষল করে তুলতে পারতেন না। উল্টে তিনি এখেনের রণম্তি দেখে ভীত সম্ভত হয়ে পড়তেন। একবার লিভিয়ার এ্যাকনে নামে এক কুমারী এথেনের হিংসা করায় এখেন তার উপর রেগে যান।

হোমারের মহাকাব্যে দেখা যায় অস্তাস্ত দেবীরা যথন যুদ্ধের ভীষণতা ও রক্তপাত দেখে ভয়ে পালিয়ে গেছেন প্যালাস এখেন তথন এক অবিরাম্যরণোল্লাসের ঘারা তাঁর প্রিয় ভক্ত যোদ্ধাদের উৎসাহিত করতে করতে তাদের সামনে এগিয়ে গেছেন। তাঁর মূর্তিটিতে পৌরুষস্থলভ এক তেজবিতা পরিষ্কার ফুটে আছে সব সময়। কখনো কোন সময়ে কোন ক্ষেত্রে বিন্দুমাত্রও নারীস্থলভ তুর্বলতার পরিচয় দেননি। রোমক দেবী মিনার্ভা শুধু শিল্পকলারই অধিষ্ঠাত্রী দেবী হিসাবে শিল্পীদের উৎসাহ দেন।

এ্যাফোদিতে (ভেনাস)

এ্যাফ্রোদিতে বা ভেনাসও ছিলেন দেবরাজ জিয়াসেরই কলা। কিছু তাঁর জন্ম সম্বন্ধে আর একটি ফাহিনী প্রচলিত আছে। তা হলো এই যে ইউরেনাস, গ্রহ কক্ষ্টুত হয়ে পড়লে পৃথিবীর সপ্ত সমুদ্রের মধ্যে বিক্ষোভ দেখা দেয়। সেই বিক্ষোভকালে সমুদ্রের বিক্ষ্ম ও উত্তাল তরক্ষমালা থেকে উঠে আসেন এ্যাফ্রোদিতে। গ্রীকভাষায় এ্যাফ্রোদিতে শব্দের অর্থ ই হলো সমুদ্রোভূতা। তাঁর বাড়ি ছিল নাকি সাইপ্রাস আর সাইথেরা খ্রীপে। এর থেকে বোঝা যায় তিনি ঈজিয়াস সাগর পার হয়ে আসেন।

গ্রীসের বাইরে তাকে সামান্ত এ্যাস্তার্তে নামে এক হীন কামকলার দেবী হিসাবে গণ্য করা হয়। কিন্তু গ্রীস দেশে এক স্বতন্ত্র মহিমায় অধিষ্ঠিতা তিনি। গ্রীসে তাঁকে দেখানো হয়, ফুলে ফলে স্থানোভিড এক রথের উপর তিনি আরুড়া, অন্তুত এক মিষ্টি স্ক্রতা বিরাজ কর্ছে তাঁর দেহসৌন্দর্বের মধ্যে। তাঁর রথটি বাহিত হয় কথনো কপোত, আর কথনো বা বনহংসের দ্বারা। এ্যাফ্রোদিতের এক কটিবন্ধনী ছিল। সেই কটিবন্ধনীর এক অলোকিক ক্ষমতা ছিল যা দেখার সঙ্গে প্রেম জাগত যে কোন দেবতা বা মানবের মধ্যে। এই কটিবন্ধনী মাঝে মাঝে স্বর্গের অক্তান্ত দেবীরা ধার নিতেন প্রেমান্পদদের বলে আনবার ক্রন্ত। একবার হেরা জিয়াসের সতত উজ্জীয়মান মনটাকে তাঁর মধ্যে ছিতবন্ধ ও বিশ্বস্ত করে তোলার জন্ত ধার নেন। প্রথম প্রথম প্রণয়কলার অধিষ্ঠানী দেবী এ্যাফ্রোদিতের যে চিত্র পাওয়া যায় তাতে দেখা যায় তিনি উত্তম পোষাকে সক্রিতা। কিন্তু পরে বিশ্বের বিভিন্ন দেশের ভাস্বরেরা

ভেনাদের যে মৃতি গড়েন তাতে তাঁকে নগ্ন মৃতিতেই দেখা যায়।

শেকস্পীয়ারের কাব্যে দেখা যায় দেবী এ্যাক্সেদিতে বা ভেনাস তাঁর স্থদর্শন প্রেমিক এ্যাডনিসের জন্ম উন্নাদিনী হয়ে উঠেছেন এক স্থগভীর প্রেমাতিশয্যে। তাঁর প্রেমাস্পদ এ্যাডনিসের জন্ম স্বর্গলোক পরিত্যাগ করে শিকারীদেবী আর্তেমিসের মত বনে বনে ঘুরে বেড়ান এ্যাডনিসের সঙ্গে। সেখানে গিয়ে ভেনাস এ্যাডনিসকে শুধু বনের যত সব নির্দোষ ওনিরীহ জন্ধদের শিকার করার জন্ম প্ররোচিত করতে থাকে। এ্যাডনিসের কিছু মোটেই ভাল লাগছিল না এসব। ভেনাসের মত সে কিছুতেই মেতে উঠতে পারছিল না প্রণয়বেলায়। ভেনাসের প্রণয়ভোর হতে ছিন্ন করে বেরিয়ে আসার জন্ম স্থাগ ধুঁজছিল সে। একদিন সে স্থ্যোগ পেয়েও গেল।

একদিন ভেনাস যথন তাকে আবেগভরে আলিঙ্গন করে বসেছিল গভীর বনপ্রদেশে তথন অদৃরে একটা বহু শৃকর গোলমাল শুরু করায় নিজেকে ছাড়িয়ে নিয়ে মুহূর্ত মধ্যে উঠে গেল এগাডনিস। শৃকরটিকে হত্যা করার জন্তু মেতে উঠল এক তীব্র সংগ্রামে। কিন্তু ভাগ্যদোষে সে সংগ্রামে জয়ী হতে পারল না এগাডনিস। শৃকরটিকে মারতে গিয়ে নিজেই নিহত হলো সে। বুকভাঙ্গা কারায় ভেঙ্গে পড়ল ভেনাস। সব সাস্থনার সীমা ছাড়িয়ে তার বুকের মাঝে ফুলে ফুলে উঠতে লাগল তার শোকের আবেগ।

এ্যাডনিশের প্রতি ভেনাসের এই শোকের তীব্রতা দেখে বিচলিত হয়ে উঠলেন মৃত্যুপুরীর রাণী। এদিকে তিনি নিজেও এ্যাডনিসের দেহসৌদর্য দেখে মৃশ্ব হয়ে উঠেছেন। তিনি এ্যাডনিসকে বিনা শর্তে ছেড়ে দিতে রাজী হলেন না। তিনি বললেন, তিনি শুধু একটা শর্তে ছেড়ে দিতে চান এ্যাডনিসকে। বললেন, এ্যাডনিস মাত্র ছ'মাস পৃথিবীপৃষ্ঠে থাকতে পারে ভেনাসের কাছে। বাকি ছ'মাস থাকতে হবে তার কাছে। নরকের রাণী পার্সিকোনে এ্যাডনিসকে এমনই ভালবেসে ফেলেছেন যে তিনি কোনমতেই চিরদিনের মত ছেড়ে দেবেন না তাকে। অবশেষে জিয়াস মধ্যস্থতা করে দিলেন। তিনি ঠিক করে দিলেন চারমাস এন্ডনিস থাকবে মৃত্যুপুরীতে রাণী পার্সিকোনের কাছে, চারমাস থাকবে মর্ভ্যভূমিতে ভেনাসের কাছে আর চারমাস নিজের ইচ্ছামত যেথানে খুলি থাকবে।

গ্রীসদেশের কিউপিড বা কামদেবতা ভেনাসেরই সস্তান। অনেকের মতে ভেনাসের বয়স একটু বেশী হলে কিউপিডের জন্ম হয়। কিউপিডের অস্ত নাম হলো ইরস। ইরস বা কিউপিড যেমন কামের দেবতা, তেমনি লাভ হচ্ছে প্রেমের দেবতা। এ দেবতা সবচেয়ে প্রাচীন হয়েও একাধারে সবচেয়ে নবীন। কিউপিডের ঠিক কিভাবে উত্তব হয় তা কেউ নিশ্চিত করে বলতে পারেন না। তবে খেয়ালী কামদেবতা কিউপিডের চেহারাটিকে বড অভুত করে দেখানো হয়েছে। তাঁর দেহটি সম্পূর্ণ নশ্ধ; ছ্থারে ছটি পাথা আছে। তাঁর চোখছটি

চিরমুন্তিও। তাই তাকে বলা হর চির অন্ধ অর্থাৎ মাহবের কামচেতনা চিরদিনই যুক্তি ও বিচারবৃদ্ধিহীন। তাঁর হাতে একটি মশাল আছে। এই মশালের
আলোর তীব্রতা দিয়ে মাহবের অন্তরের দ্বীপকে প্রজ্ঞালিত করতে চান। তাঁর
তুপে কতকগুলি তীর আছে। তীরগুলির মধ্যে কিছু সোনার আর কিছু
সীসের। সোনার তীর দিয়ে তিনি মাহবের অন্তরের প্রেমবোধকে স্বরান্বিত
করেন আর সীসের তীর দিয়ে মাহবের প্রেমচেতনাকে শ্লপ ও মন্দর্গতি করে
দেন। আসলে কোন কিছু বিবেচনা না করেই নিজের খেয়াল খুশিমত ফুলশর
নিক্ষেপ করেন কিউপিড। শোনা যায় কামের দেবতা কিউপিড আর মনের
দেবতা সাইক একই সঙ্গে প্রথম আবিভূতি হন খুস্তীয় দ্বিতীয় শতাব্দে। কিন্ত,
প্রাচীন পুরাণে দেখা যায়, কিউপিডের বয়স হোমারের থেঞে বেশী
অর্থাৎ হোমারের আবির্ভাবের আগে থেকেই কিউপিডের নামের উল্লেখ
পাওয়া যায়।

কামদেবতা ঈরসের এক ভাই আছে। তার নাম এ্যান্টিরস। একথা অনেকেই জানেন না। এ্যান্টিরস প্রেমগত প্রতিহিংসার দেবতা। কেউ কথনো কারো প্রেম অকারণে প্রত্যাখান বা তুচ্ছজ্ঞান করলে সঙ্গে তার প্রতিশোধ নেন এ্যান্টিরস।

দেবী এনাফ্রাদিতের অক্তম সহচরী হচ্ছে হাইমেন। হাইমেনের হাতে মশাল আছে। মশাল হাতে হাইমেন কোন বিয়ের সময় কোরাস দলের নেতৃত্ব করে। ইউফ্রোসিনে, আগলাইয়া ও থেলিয়া—এই তিন জিয়াস কলাছিল এনাফ্রোদিতের অবিরাম সহচরী। এরা সকলেই ছিল নগ্ন। এরা ছিল ইন্দ্রিয়গ্রাস্থ আনন্দান্তভূতির প্রতীক। শোনা যায় দেবী এনাফ্রোদিতে স্বর্গের অক্তান্ত দেবতাদের মধ্যে অগ্নিদেবতা হিফাস্টাসকে বেছে নেন স্বামী হিসাবে। কেন তা কেউ ঠিক বলতে পারে না। রোমে ভেনাসের যে পরিচয় পাওয়া যায় তাতে দেখা যায় তিনি টুয়বীর ঈনিসের মাতা।

গ্রীক দার্শনিক প্লেটোর মতে গ্রীস দেশে যে ভেনাসের উপাসনা করা হয় তাতে দেখা যায় তৃটি মত প্রচলিত আছে। একটি মতের নাম ইউরানিয়াম আর একটি হলো প্যাণ্ডিমিয়ান। ইউরানিয়াম প্রেমের বিশুদ্ধ আত্মিক দিকটি তৃলে ধরে। আর প্যাণ্ডিমিয়ান মতবাদ তৃলে ধরে তার দেহগত ইক্রিয়-লালসার দিকটি।

দিমেতার (সিরীস্)

দিমেতার বা সিরীস ছিলেন বীয়ার গর্ভে দেবরাজ জিয়াসের ঔরগজাত এক কল্পা। অনেকের মতে দিমেতার ছিলেন আকাশের দেবতার সঙ্গে বিবাহিত পৃথিমাতা গীয়ার কলা। দিমেতারের কলা পার্সিকোনের জীবনকথা পুরাণ-কাহিনীর মধ্যে আরো বিস্তারিতভাবে পাওয়া যায়। অনেকের মতে প্রোজারপাইন বা পার্সিকোনের প্রসিদ্ধির জলই দিমেতারের খ্যাতি যায় বেড়ে। দিমেতার আর তাঁর কলা সারা গ্রীসদেশে ত্জনেই পৃঞ্জিত হন সমান শ্রদ্ধার সঙ্গে।

অনেকের মতে দেবী দিমেতার হলেন পৃথিবীর মাতা। তিনিই মাহ্র্যকে তাঁর পুত্রসন্তান ট্রিপটোলেমাসের মাধ্যমে মর্ত্যলোকে ক্বরিবিতা শিক্ষা দেন। ট্রিপটোলেমাস কথাটির শব্দগত অর্থ হলো তিনটি গুণ। পিতামাতাকে শ্রন্থাকরা, দেবতাদের বিভিন্ন উৎসর্গের মাধ্যমে পূজা করা এবং মাহ্র্যের কোনকরা—এই তিনটি গুণের অন্থূশীলনের জন্ম সব সময় মান্ত্র্যকে উৎসাহ দিতেন ট্রিপটোলেমাস।

য়া (ভেন্তা)

স্বর্গের নামকরা দেবদেবীদের মধ্যে হেন্ডিয়ার বিশেষ স্থান নেই। কিন্তু নম্রপ্রকৃতির সংস্বভাবা এক কুমারী দেবী হিসাবে তাঁর যথেষ্ট থ্যান্তি আছে। তিনি সব সময় গৃহকর্ম নিয়েই ব্যস্ত থাকতেন। কথনো কোন চক্রান্ত বা পরচর্চায় লিপ্ত থাকতেন না। কিন্তু স্বভাবটা তাঁর অন্তর্মুখী হলেও তাঁর দেহ-দৌলর্বের অভাব ছিল না। কথিত আছে, পসেডন ও এ্যাপোলো তাঁর রূপে মৃদ্ধ হয়ে প্রেম নিবেদন করেন তাঁকে। কিন্তু কারো কোন প্রেমের ভাকে কোনদিন সাড়া দেননি হেন্ডিয়া। গ্রীসদেশের প্রধান প্রধান শহরে হেন্ডিয়ার স্মৃতিরক্ষার্থে একটা করে বড় চুল্লী জলে বারোয়ারী তলায়। সেথানে বছ নরনারী পবিত্র কাঠ বয়ে নিয়ে গিয়ে সেই চুল্লীর আগুনে ফেলে দেয়। রোমের দেবী ভেন্তাও বিশেষ শুচিতার সঙ্গে কৌমার্যক্র পালন করেন এবং সেথানকার কুমারী মেয়ের। ভক্তি ও নিষ্ঠার সঙ্গে প্রাচীন কুমারী দেবী ভেন্ডার পূজা করে যায়।

হিফাস্টাস (ভালকান)

হিফাস্টাস ছিলেন অগ্নির দেবতা। তার জন্ম সম্বন্ধে অঙ্ত এক বৃত্তান্ত প্রচলিত আছে। মিনার্ভা যেমন জিয়াসের মাধা থেকে অস্বাভাবিকভাবে জন্ম লাভ করেন, হিফাস্টাসও নাকি কোন পিতার উরস ছাড়াই হেরার গর্জ থেকে জন্মগ্রহণ করেন অস্বাভাবিকভাবে।

কিন্ত এ ব্যাপারে স্বামীর সক্ষে পাল্লা দিতে গিয়ে সক্ষল হ্ননি হেরা। তিনি হেরে যান। কারণ তাঁর পুত্রসস্তান হিফাস্টাস পঞ্চু বা খোঁড়া হয়েই জন্মান । ব্যর্থতার আলায় লজ্জায় ও অপমানে দারুণ আঘাত পান হের। মনে মনে । সে আঘাত সহু করতে না পেরে তাঁর পুত্রসম্ভানকে বর্গলোক থেকে কেলে দেন ।

হিকান্টাস সমুদ্রের জলে পড়ে যায়। দেবসস্থান বলে জলদেবীরা তাকে মাহ্রম করতে থাকে। আর একটি কাহিনীতে দেখা যায়, জিয়াস একবার তাঁর সন্দিশ্বমনা ধর্মপত্নী হেরাকে শান্তিষরূপ অলিম্পাস পর্বতের একটি নির্জন জায়গায় ঝুলিয়ে রাখেন। হিকান্টাস তথন তার মার পক্ষ অবলম্বন করায় তাকেও ম্বর্গ থেকে কেলে দেন জিয়াস। হিকান্টাস তথন তার ভালা পা নিয়ে লেমস দ্বীপে চলে যায়। সেখান থেকে আবার সে ফিরে যায় ম্বর্গলোকে। পিতামাতার মধ্যে সকল কলহের অবসান ঘটিয়ে মিলন ঘটাতে চায় সে চির-দিনের মত। কিস্কু হিকান্টাসের এ কামনা পুরণ হয়নি কোনদিন।

হিফাস্টাসের বিবাহ সম্বন্ধেও বিভিন্ন মত প্রচলিত আছে। দেবতারা তার বিক্বত দেহ দেখে হাসাহাসি করতেন। একদল বলেন প্রেমের অধিষ্ঠাত্তী দেবী তাঁকে ভালবাসতেন এবং ভালবেসে অবশেষে বিয়ে করেন। আবার একদল বলেন, এ্যাক্রোদিতে উপহাসের প্রেম নিবেদন করেন তাঁকে মজা দেখার জন্ত । তাঁরা বলেন হিফাস্টাসের সঙ্গে বিয়ে দেবার জন্ত স্থান্দর অনেক পাথি আনা হয়। কিন্তু হিফাস্টাস শেষ পর্যন্ত কাউকেই বিয়ে করেন নি।

হিফাস্টাসের দেহটা অগ্রাষ্ট্র দেবতাদের মত সৌম্য ও স্থদর্শন না হলেও স্থাপত্য কারিগরী বিগ্যার অসাধারণ দক্ষতা ছিল তাঁর। তিনি রসিকতা বা বিলাসব্যসন পছন্দ করতেন না। অলিম্পাসের মধ্যে যত রত্ন ও মণিমানিক্যমণ্ডিত বড় বড় প্রাসাদ ছিল তা সব হিফাস্টাসের হাতে তৈরি। জিয়াসের বছ বজ্রদণ্ডও তিনিই নির্মাণ করেন। এ ছাড়া পৌরাণিক বীরদের যত সব অস্ত্র তিনি নির্মাণ করেন, যেমন একিলিসের বর্ম, এ্যাগামেননের রাজদণ্ড ইত্যাদি। পৃথিবীর যত আগ্রেয়গিরিসম্বলিত দ্বীপ আছে তা সবই হিফাস্টাসের তৈরি।

এই সব দ্বীপে সাইক্রোস নামে এক ধরনের দৈত্য বাস করে। আগ্নেয়-গিরির কটাহগুলোই তাদের জ্বসস্ত চোথ হিসাবে কাজ করে। ভার্জিলের ঈনিড কাব্যগ্রন্থে দেখা যায় সিসিলিতে এই ধরনের এক আগ্নেয়গিরি আছে।

এ্যারেস (মার্স)

দেবরাজ জিয়াসের উরসে হেরার গর্ভে জন্ম হয় রণদেবতা এ্যারেসের। রণদেবতা এগারেসের সবচেয়ে বড় প্রতিমুখী ছিলোন এবং যে পক্ষের সম্মুখ সময় দেখা গেছে এগারেস যে পক্ষের সম্মুখ সারিতে থেকে তাদের উৎসাহিত করতেন যুদ্ধে, এথেন ছিলেন সবসময় তার বিপরীত পক্ষে। তাছাড়া রণদেবতা এ্যারেসের নিকট আত্মীয়রা ছিল তার বিরুদ্ধে। তার অন্ততম ভাই হিফাস্টাস ছিল তার প্রতি ঈর্বান্বিত। তথু এক দানবিক শক্তি আর বর্বরোচিত নিক্ষল ক্রোধাবেগ ছাড়া আর বিশেষ কোন গুণ ছিল না এ্যারেসের।

এ্যারেসের সম্বন্ধে তার পিতা দেবরাজ জিয়াসের ধারণাও মোটেই ভাল ছিল না। একবার ট্রয়যুদ্ধ চলাকালে এ্যারেস দেবরাজ জিয়াসের কাছে যান এথেনের বিরুদ্ধে নালিশ জানাতে। কিন্তু জিয়াস তাকে তীব্র ভাষায় কঠোরভাবে তিরস্কার করেন। তিনি বলেন, স্বর্গলোকে আকাশচারী যত দেবতা আছে তার মধ্যে একমাত্র তুমি অক্সায়ণররেপ প্রতীয়মান আমাদের চোখে। মাহুষে মাহুষে কলহ, বিবাদ, সংগ্রাম ও নরহত্যাই তোমার একমাত্র কাম্য। তোমার রক্তলোলুপতা আর রণোন্মাদনার অন্ত নেই, সীমা পরিসীমা নেই। কোন নিয়ম বা আইনকাহনের দ্বারা কথনো অন্ত্রশাসিত হয় না তোমার উগ্র মেজাজ।

রোমে কিন্তু রণদেবতা মার্স এগারেসের থেকে অনেক উচু ও মর্যাদার আসনে অধিষ্ঠিত। এগারেসের থেকে রোমের মার্স অনেক মর্যাদাসম্পন্ন। শোনা যায় একবার এথেন্সের এরোপাগাস নামে এক জায়গায় এগারেস আর পসেডনের মধ্যে ঝগড়া মেটাবার জন্ম এক সভা ডাকতে হয়েছিল। কথিত আছে এগারেসের নাকি তৃটি পুত্র সন্তান ছিল। তাদের নাম ছিল ভীতি আর শক্ষা।

হার্মিস (মার্কারি)

হার্মিস ছিলেন মাইয়ার গর্ভে জাত জিয়াসের আর এক সস্তান। তাঁর প্রধান কাজ ছিল দেবতাদের দৌতাগিরি করা। তিনি দেবলোকের সংবাদ বহন করে স্বর্গ ও মর্ত্যলোকে সমানভাবে বিচরণ করতেন। তিনি স্থদর্শন উভ্যমশীল ও ফ্রভগামী এক যুবক। তাঁর টুপী আর পায়ের পাছকা ফুটিই ছিল পক্ষবিশিষ্ট। তিনি এ্যাপোলোর কাছ থেকে একটি মুকুট পান। মুকুটটি ছিল সাপে ভরা।

শোনা যায় জন্মের পর মুহুর্তেই হার্মিস তাঁর ভাই এ্যাপোলোর গবাদি পশু চুরি করেন। তিনি একবার একটি কাছিম দেখে তার খোলাটিকে এক সপ্তম্বরা বীণায় পরিণত করেন। এ্যাপোলো প্রথমে তাঁর পশু চুরি করার জন্ম ভীষণ রেগে যান হার্মিসের উপর। হার্মিসের গর্ভধারিণী মাতা মাইয়াও তাঁর ঘুমস্ত শিশুপুত্রের নির্দোষিতার কথা জোর করে বলতে থাকেন। কিছু এ্যাপোলো যথন দেখলেন তাঁর শিশু ভাই হার্মিস সামান্ত একটা কাছিমের খোলা থেকে এক স্থলর বীণা তৈরি করেছেন তখন তিনি তা দেখে মুগ্ধ হয়ে যান। তিনি তখন তাঁর ভাইকে ক্ষমা করলেন না; তাকে এক অভুত ঐক্রজালিক শক্তি দান করলেন। পরে হার্মিস তাঁর একমাজ পুত্রসন্তান অটোলাইকাসকে এই শক্তি দান করেন। এই শক্তির বলেই অটোলাইকাস অলিম্পাসের সন্নিকটন্থ পার্নেসাস পাহাড়টাকে চুরি করে নিয়ে যায়।

হার্মিসকে একই সঙ্গে পশুপালন, ব্যবসাবাণিজ্ঞা ও চৌধবৃত্তির দেবতাও বলা হয়। তথন পশুই ছিল মূল্যের মাপকাঠি। এছাড়া রাজ্যঘাট, ব্যায়াম-বিজ্ঞা, উদ্ভাবনীশক্তি, বর্ণমালা শিক্ষা, বাগ্মিতা, ভাগাভিত্তিক যত সব খেলাখূলা প্রভৃতি যে সব আমোদপ্রমোদের দ্বারা মাহ্য তার অবসরকাল যাপন করে, হার্মিস ছিলেন সেই সব কিছুর দেবতা।

হার্মিদ আবার বেশ রসিকও ছিলেন। মাঝে মাঝে অলিম্পাদের অক্সান্ত দেবতাদের সঙ্গে রসিকতা করতেন তাদের জিনিদ লুকিয়ে রেখে। একবার পদেভনের জিশ্ল, এনফোদিতের কটিবন্ধ আর আভিমিদের তীর লুকিয়ে রাখেন হার্মিদ। চারদিকে ঝোঁজ থোঁজ রব পড়ে যায়। কিন্তু কোবাও ও সবের কোন হদিস পাওয়া যায় না। আসলে ওওলো চুরি করে নেন হার্মিদ। আসলে ওওলো হার্মিদের কোন কাজে লাগবে না। ওওলো হারালে ওদের কি অবস্থা হয় তা দেখে কৌতুকবোধ করার অন্তই ওসব চুরি করেন তিনি।

কিন্তু এই সব চুরি করা সন্ত্বেও সব জেনে শুনে জ্বিয়াস কিন্তু হার্মিসকেই বিশাস করতেন বেশী যে কোন দৌত্যকার্যে। মর্ত্যে যে কোন গুরুত্বপূর্ণ অভিযান, বা কোন জরুরী কাজ থাকলে তিনি হার্মিসকেই পাঠাতেন। সব কিছু খবরাখবর দান বা সংগ্রহ তারই মাধ্যমে করতেন।

হার্মিস একবার এক মর্ক্তমানবীর প্রেমে পড়ে যান। মেয়েটির নাম হার্মে। সিক্রপস্থার কক্সা। ভার বড় বোন আগ্রানো ছিল ভার অভিভাবিকা। হার্মিসের মনের অভিপ্রায়ের কথা জানতে পেরে আগ্রানো মোটা টাকা ঘূষ চায়। সে বলে যে ঐ টাকা পেলে ভার বোনকে তুলে দেবে হার্মিসের কাডে অথবা হার্মিসকে যেতে দেবে ভার বোনের নৈশ শয়নকক্ষে। কিন্তু হার্মিস টাকা নিয়ে আসতে গেলে সেই অবসরে এথেন কোশলে আগ্রানোর মনের পরিবর্তন করে ফেলেন। হার্মিস টাকা নিয়ে এলে আগ্রানো এই প্রেমের ব্যাপারে কথে দাঁড়ায় হার্মিসের বিক্লছে। সে কিছুতেই ভার বোনের কাছে যেতে দেবে না তাঁকে। অবশেষে বাধ্য হয়ে ভাকে এক কালো পাথরে পরিণত করেন হার্মিস।

হার্মিসের সবচেয়ে বড় কাজ হলে। মৃত্রা থাতে মৃত্যুর সঙ্গে সভ্নে মৃত্যু-পুরীতে চলে যেতে পারে তার জন্ত পাতালপ্রদর্শে এক বিরাট জারগা জুড়ে মৃত্যুপুরী নির্মাণ। গ্রীক জনজীবনে হার্মিসের প্রভাব অপরিসীম। তার পুরাণ—২ প্রমাণ ওধু অলিম্পিয়াতে নয় গ্রীদদেশের বিভিন্ন শহরের বড় বড় রান্ডার মোড়ে হার্মিসের মৃতি স্থাপিত আছে যুগ যুগ ধরে।

পসেডন (নেপচুন)

দেবরাজ জিয়াসের ভাই পদেডন হলেন অক্সতম স্প্রাচীন গ্রীকদেবতা।
জিয়াসের অবিসংবাদিত প্রভূষের বিরুদ্ধে একবার বিদ্রোহ করেন পদেডন।
তবে পরিলেষে তিনি তাঁর সমৃদ্রের রাজত নিয়েই দঙ্কই থাকেন। স্বিশাল
সমৃদ্রগর্ভে পদেডনের ছিল এক স্বর্ণপ্রাদা আর ফসফরাসের আলোদারা
আলোকিত এবং প্রবাল ও সমৃদ্রগর্ভজাত পুশ্পরাজির দ্বারা শোভিত এক
মন্দির। পদেডন বরাবর ছিলেন তাঁর প্রাতৃশ্বুত্তী এবেনের সমর্থক। তাঁর
সবচেয়ে প্রিয় জায়গা ছিল কোরিনথ প্রণালী। ভূমধ্যসাগর অঞ্চলে ব্যবহৃত
মাছ ধরার বর্ণার মত এক ত্রিশূল ছিল পদেডনের হাতে। তিনি যে রথে
আরোহণ করতেন সে রথ যত সব জলপরী, তরক্ষরণ ত্রক্ষম আর সম্দ্রদানবের দ্বারা বাহিত হত। সমৃদ্রের তরক্ষমালাই তার রথার হিসাবে
কাক্সকরত।

মাঝে মাঝে রেগে যেতেন পদেভন। তিনি যখন রাগে ফুলে ফুলে উঠতেন কোন কারণে তথন সমুদ্রে ঝড় উঠত। আবার কোন সময়ে খুব বেশী রেগে গেলে বিপজ্জনক তুফান, হুর্ভিক্ষ, মহামারী প্রভৃতির সৃষ্টি করে মাত্রষদের দারুণ কট দিতেন। তাঁর জীর নাম ছিল জলদেবী এ্যান্ফিত্রাইত। এই জীর গর্ভে টিটন ও আরও বয়েকটি পুত্তের জন্ম হয়। রথের উপর পদেভনের পাশে প্রায়ই বদে থাকতেন এ্যান্ফিক্রাইত। অনেকে বলেন প্রেডন নাকি স্থাইলা নামে এক জলদেবীকে ভালবাসতেন বলে তাঁর স্ত্রী এ্যান্ফিআইড এক নিদারুণ ঈর্ধায় ফেটে পড়েন। তথন তাঁর ভাড়নায় বাধ্য हरत्र ऋष्टिमारक ছয়्रमाचा विभिष्ठे এक অভুত জলজন্ততে পরিণত করেন পদেডন। **এই अम्रह्मत जनजन्छ नि**निनित काष्ट्र नमूचनाविकरनत क्वां करात जन ७९ পেডে বসে থাকত। সেইথানে এক ঘূর্ণি ছিল। সেই ঘূর্ণিতে কোন জাহাজ वा नोका পড़ে গেলে ভার আর রক্ষা থাকত না। ভার উন্টো দিকে ছিল চ্যারিবভিগ নামে এক পাহাড়। এই পাহাড়ে ধাকা লেগে অনেক জাহাজ ধ্বংস হয়ে যেত এক মুহুর্তে। কথিত আছে, চ্যারিবভিদ্ প্রথম জীবনে পসেডনেরই এক কন্তা ছিলেন। পরে কোন কারণে তিনি তাঁর পিতৃব্য দেবরাজ জিয়াসের কোপে পডিত হন। ক্রুদ্ধ জিয়াস তখন এক পাহাড়ে ক্লপান্তরিত করেন চ্যারিবডিসকে। তাই আঞ্চলাল এক ভীব উভয়সঙ্গটের **श्रुक** हिनारव ऋष्टिमा आद ह्यादिविधिरमद नाम व्यवहार हरा आमरह । कान ভীব উভয়সম্বটে পড়লে ইউরোপের মাত্র্য একদিকে স্বাইলা আর একদিকে

क्यादिविष्मि अहे श्रीवामि व्यवहाद करव बारक।

প্রেডনের প্রোতিয়াস নামে এক পুত্ত ছিল। ভবিশ্বদাণী করার এক অসাধারণ ক্ষমতা ছিল প্রোতিয়াসের।

নেরেউস নামে আর এক স্থপ্রাচীন জলদেবতা ছিল। তাঁর পঞ্চাশটি কলা ছিল। এই সব জলকলাদের নেরাইদেস বলত। নেরেউস ছিলেন বড় পরোপকারী। সমুদ্রের যে দিকটি শাস্ত ও গুরু নেরেউস ছিলেন সেই দিকটিরই অধিপতি।

সমুদ্রের আর এক দেবতার নাম ওসিয়ানাস। ওসিয়ানাসের দীর্ঘ পরিবারে ছিল অনেক স্ত্রী। ইলেক্টা ছিল তাঁর অক্ততমা স্ত্রী। শোনা যায় ছংখে অভিভৃত হয়ে যখন সে কাঁদত তখন তার চোখ থেকে এক ধরনের হলদে পাধর ধরে পড়ত। ওসিয়ানাসের এক পুত্রের নাম একিলাস। তিনি ছিলেন গ্রীসের সর্বপ্রধান এক নদীর দেবতা। দিয়েতারার সঙ্গে হারকিউলেসের প্রেমের বাপারে একিলাস ছিলেন হারকিউলেসের প্রতিহৃদ্ধী।

রকাস নামে এক মর্জমানব সম্ব্রের জঙ্গে পড়ে গিয়ে পরে জ্বলদেবতাদের কুপায় সে অমরত্ব লাভ করে এবং এক অপদেবতায় রূপান্তরিত হয়। ওিসিয়ানাসপুত্র একিলাসের নাকি হাজার হাজার ভাই ছিল। তারা স্বাইছিল নদীদেবতা। তাদের মধ্যে স্বচেয়ে বড় ছিল একিলাস।

প্রীক্বীর একিলিসের মাতা খেটিস ছিলেন অক্সতম জলদেবী। খেটিসের সভাবটা ছিল চপল প্রকৃতির। ক্ষণপ্রণয়ের চটুল ছলনাজাল বিস্তারে তিনি ছিলেন সিদ্ধহন্ত। একবার নাকি খেটিদ মর্ত্যভূমির এক রাজা পেলেউদের সঙ্গে দেহদংসর্গে মিলিত হয়। পরে তিনি বলেন পেলেউস তাঁর বহিরকটুকুই ভার্মপর্ল করতে পেরেছেন। তাঁর দৈব অস্তর্জীবনটিকে স্পর্ল করতে পারেননি মোটেই। যাই হোক, তাঁদের এই দেহমিলনের ফলে প্রীক্বীর একিলিসের জন্ম হয়। খেটিসের সঙ্গে দেহমিলনের আগে পেলেউস আনুষ্ঠানিকভাবে বিয়ে করেন খেটিসকে। কিন্তু সে বিয়েতে ঝগড়ার দেবী এরিদ নিমন্ত্রিত হননি বলে তিনি পরবর্তীকালে বাধা সৃষ্টি করতেন তাঁদের মিলনের পথে।

খেটিস সাধারণত শাস্তির দেবী। তিনি কারো শোক ত্থে সন্থ করতে পারতেন না। হালসিওন নামে এক মর্ত্যমানবী স্বামীর শোকে সমৃদ্ধের জলে কাঁপে দেয়। তাঁর স্বামী লেইক্স জাহাজত্বি হয়ে মারা যায়। তাই হ্যালসিওন শোকে অভিভৃত হয়ে জলে তুবে আত্মহত্যার চেষ্টা করে। তথন খেটিস তার তুথে দেখে তাকে ও তার মৃত স্বামীর আত্মাকে পাথিতে পরিণত করেন। তারা তথন পাথিরপে তুজনে একসলে বাস করার জন্ম বাসা তৈরি করে। কিন্তু পরে সে বাসাটিও ভেসে যায় সমুদ্ধেরু জলে।

প্রটো

স্বর্গলোক অলিম্পাসে যে বারো জন প্রধান দেবতার আসন আছে প্ল্টার সেধানে কোন স্থান নেই। তিনি হচ্ছেন পাতালপুরীর রাজা। পাতালপুরীর যে অংশের নাম হেডস্ সেটিও প্ল্টার রাজ্যের অন্তর্গত। অন্ধনার পাতালপুরীর দেবতা বলে প্ল্টার বৃতিটি অভ্তভাবে কল্পনা করা হয়েছে। তাঁর চেহারাটি ঘন কালো। কালো আবল্দ কাঠের তৈরি তাঁর দিংহাসন। তাঁর রথের ঘোড়াগুলি কালো। তাঁর হাতে সব সময় থাকত একটি দিম্থী বর্ণা। তাঁর মাথায় এমন একটি দিরস্ত্রাণ থাকত কালো রঙের যার উপর চোথ পড়লেই অদ্ভা হয়ে যেতেন প্ল্টা, তাঁকে আর দেখা যেত না। মর্তলোকে প্ল্টার উদ্দেশ্যে যে সব পূজা অনুষ্ঠিত হয় তা সব হয় গভীর রাতে। বলির পশুদের কাঁচা রক্তের স্রোভ বয়ে যায় প্ল্টার মন্দিরের সামনে।পশুর কাঁচা রক্তের অঞ্জলি দেওয়া হয় প্ল্টার উদ্দেশ্যে।

অন্ধকারের রাজা প্রটোর চেহারাটা কালে হলেও তাঁর জীবনের স্বটাই কিন্তু কালো আর অন্ধকার নয়। অবিমিশ্র কঠোরতায় গড়া ছিল না তাঁর মনটা। তাঁর মনের মধ্যে যেমন একটা নরম দিক ছিল তেমনি তাঁর অন্ধকার জীবনের মধ্যেও একটা উজ্জ্বল দিক ছিল। সেটা হলো তাঁর ভালবাসা। পার্সিকোনের প্রতি প্রটোর অক্কৃত্তিম ও অবিচল ভালবাসাই তার জীবনের স্বচেয়ে উজ্জ্বল দিক, তাঁর মনের স্বচেয়ে নরম আর মধুর দিক। পার্সিকোনেকে একবার বয়ে নিথে এসে তাঁর পাতালপুরীর সিংহাসনে বসিয়ে দেন প্র্টো। ঠিক হয় পার্সিকোনে প্রটোর পাশে এই পাতালপুরীতে কাটাবেন বছরের মধ্যে ছ মাস।

কিন্ত এই ছ মাস থাকতে গিয়ে পাতালপুরীর নিশ্ছিদ্র অন্ধকার পার্সি-কোনের স্ত্রার মধ্যে চুকে যায়। এই ছ মাস অর্থাৎ বতদিন পাতালপুরীতে। থাকে পার্সিফোনে ততদিন সে হয় ডাইনীদের দেবী হিকেট।

ভায়োনিসাস (বেকাস)

জিয়াসের ঔরসে সিমেনির গর্ভে জন্ম হয় ভায়োনিসাসের। তিনি বয়কে যুবা, স্থদর্শন। তাঁর চেহারার মধ্যে একটা মেয়েলি ভাব স্কপষ্ট। তাঁর পরনে সিংহের চামড়া, মাধায় আঙ্কুরপাতা। তাঁর মাধার চুলগুলো কুঞ্চিত, গলার ছদিকে থোকা থোকা আঙ্কুর ঝোলে। তাঁর হাতে একটি দণ্ড আছে; কে দণ্ডটি সব সময় আইভি আর আঙ্কুরলতায় শোভিত।

গ্রীস দেশে যে কোন নাটক শুরু হবার সময় কোরাসদল ভায়োনিসাসের

खनगान करत। ভাষেনিদাদের অন্ত নাম বেকাদ। বেকাদকে মদের (एवजाल वना इয় । এই বেকাসকেই রোমে वना इয় বেকানিনিয়া। বেকাস নাকি বিভিন্ন দেশ পরিভ্রমণ করেন এবং তিনি নাকি স্তদূর ভারতবর্ষ ও প্রাচ্যের বহু দেশে যান এবং বিভিন্ন দেশ হতে বিভিন্ন জীবজন্ত সংগ্রহ করেন। বিভিন্ন অরণ্য থেকে বাঘ ও সিংহ সংগ্রহ করে তাদের তাঁরে রখে সংযোজিত করেন ৷ ছাগলের পাওয়ালা চারজন বোকা ভাঁডকে তাঁর সহচর হিসাবে কল্পনা করা হয়। বেকাদের সঙ্গে কন্মকেশ। উন্মাদ প্রকৃতির নারী ঘুরে বেড়াত। তাদের বলা হত মেনাদ। তাদের দেখলেই শাস্ত প্রকৃতির যে কোন মাঞ্চষ বা দেবতা তাদের এড়িয়ে চলত। বেকাসসন্ধিনী এই সব মেনাদদের অনেকে পূজা করত। থিৰস্এর রাজা পানিধিয়াস প্রথমে এই পূজা বন্ধ করেন। কিন্তু এই রাজা যখন একদিন এক জায়গাষ একটি গাছের উপর উঠে লুকিয়ে গা ঢাকা দিয়ে একটি বাড়ির উপর নজর রেখে দেখছেন ৰাডিতে মেনাদদের পূজা হয় কি না তখন ভূলক্রমে রাজার মাও অক্তাক্ত নারীরা মেনাদদের ইচ্ছায় প্যান্থিয়াসকে গাছ থেকে নামিয়ে মারতে শুরু করে। কারণ এর আগেই মেনাদরা ও বেকাস প্যানধিয়াসকে নাীতে পরিণত করেন। নারীবেশিনী প্যানথিয়াসকে শত্রুদের চর ভেবে তার মা ও অক্তপব নারীরা তাকে গাছ থেকে নামিয়ে মারতে মারতে তার দেহটাকে টুকরে। টুকরো করে ফেলে।

ভায়েনিশাস ও অলদ্যাদের সম্বন্ধ একটি কাহিনী প্রচলিত আছে।
একবার ভায়েনিসাস এরিয়াদনের কাছে যাবার সময় সমুদ্রে অসদস্যাদের
কবলে পড়ে যান। ভায়ানিসাসকে একজন সাধারণ পথিক ভেবে তাকে
জাহাজের এক জায়গায় বেঁধে রাথে অলদস্যারা। তারা ঠিক করে
ভায়ানিসাসকে ক্রীভদাস হিসাবে বিক্রি করে দেবে। কিন্তু সেই আহাজের
একজন বৃদ্ধিনান নাবিক ছদাবেশী ভায়োনিসাসকে দেখে বৃথতে পারে তিনি
একজন মাস্থ নন, নিশ্চয়ই কোন দেবতা। সে আহাজের ক্যাপ্টেনকে
সাবধান করে দিল। কিন্তু কাপ্টেন তাঁকে মৃক্তি দেবার আগেই নিজের
মৃক্তি নিজেই রচনা করে নিলেন ভায়োনিসাস। ভুধু ভাই নয়, এমন এক
অলোকিক ঘটনা তাদের প্রত্যক্ষ করালেন যা দেখে স্তন্তিত হয়ে গেল তারা
অপার বিশ্বয়ে। সহসা দেখা গেল জাহাজের মান্তলটা আসুর ও আইভি
লভায় ভরে গেছে। জাহাজের পাল থেকে স্থান্ধি মদ ঝরে পডছে। সক্ষে
সক্ষে অদৃত্য কোন মান্তষের দ্বারা গীত এক মধুর গান ধ্বনিত প্রভিধনিত হতে
লাগল। ক্যাপ্টেন ও নাবিকরা এ দৃত্য দেখে বিশ্বয়ে স্ভন্তিত হয়ে গেল এবং
ভারা নি:সন্দেহে বৃথতে পারল ভায়োনিসাস একজন মান্ত্য বা পথিক নয়।

কিন্তু ব্যাপারটা ব্যতে বড় দেরি হরে গেল তাদের। ইতিমধ্যে দেখা।
গেল রক্ষ্বৃত্ত সেই বন্দী মাহুষটি কোন যাত্রলে এক সিংহে পরিণত হঙ্কে।

উঠেছে আর তার পিছনে একটি ভালুক রয়েছে। সিংহবেশী ভায়েনিসাস এবার জাহাজের ক্যাপ্টেনের দেহটাকে ছিন্নজির করে ফেলল। অক্তাস্থ নাবিকরা জলে ঝাঁপ দিলেও ডায়েনিসাস তাদের জলপরী বানিয়ে দিলো। কিছু সেই বিজ্ঞ ও স্থবিবেচক নাবিকটির কোনক্ষতি করলেন না ডায়েনিসাস। তিনি ভুধু তাকে বললেন, সে যেন তাঁকে ভায়সসের উপকৃলে পৌছে দেয়। সেখানে গিয়ে এরিয়াদনের সক্ষে দেখা করেন ডায়োনিসাস।

এরপর ডায়েনিসাস একবার আইকারিয়াস নামে এক এপেন্সবাসীর বাড়িতে আতিথ্য গ্রহণ করেন। আইকারিয়াসের সেবায় সস্তুষ্ট হয়ে তাকে বললেন, তুমি আঙ্গুরের রস পেকে তৈরি মদের যে শক্তির কথা জান তা তোমার প্রতিবেশীদের দান করো। কিন্তু তার অক্বতক্ত প্রতিবেশীরা সেই মদ থেয়ে নেশা হওয়ার সঙ্গে সঙ্গে আইকারিয়াসকে পিটিয়ে মেরে কেলে। তথন ভার মেয়েকে ভার বাবার কবরের কাছে নিয়ে বাওয়া হয়। সে নিজেও তার পিতার শোকে প্রাণত্যাগ করল। তথন ভায়োনিসাস পিতা ও কয়ার আঁথাকে আকাশে নক্ষত্রপ্রের মধ্যে স্থান দিয়ে তার অন্তর্গত এক একটি নক্ষত্র করে অমর করে রাধলেন তাদের।

কামদেব কিউপিডের মত বেকাসকেও প্রায় একালের দেবতা বলা চলে।
কিউপিডের মত বেকাসেরও কোন প্রাচীনতা নেই। অবশ্য প্রাচীন নবীন
সব দেবতারাই সাধারণভাবে সকলেই চপলমতি, চটুল প্রেমাভিনয়ে সকলেই
অস্বাভাবিকভাবে তৎপর। একই দেবতা বিভিন্ন নামে ও বিভিন্ন ছদ্মবেশে
স্বর্গ ও মর্ভালোকে এমনভাবে যথন তখন ঘুরে বেড়ান যে তাঁদের অনেকেরই
নাম বিভান্তির স্পষ্টি করে।

অলিম্পাসে যে সব দেবতা আছেন তাঁর। সবাই গ্রীদের দেবতা নন। তাঁদের মধ্যে কিছু আবার বাইরে থেকে আমদানি করা। যেমন আইসিস ও সেরাপিদ এঁরা তৃজনেই বিদেশী দেবতা। আর এই সব বিদেশী দেবতারা অলিম্পাসে ভিড় করার ফলে সেখানকার প্রাচীন দেবতাদের ভাগে অমৃত প্রভৃতি দেবভোগ্য থাতা ও পানীয় কম পড়ে যায়। পরে কারা অলিম্পাসের আসল দেবতা আর কারা বিদেশাগত, আর কারাই বা আসল দেবতা না হঙ্গে দেবতার ভাগ করে নিজেদের দেবতা বলে চালাবার চেটা করে তা বিচার করার জন্ত সাতজন সদস্তবিশিষ্ট এক সমিতি গড়ে তোলা হয়। এই সমিতির মধ্যে চারজন ছিলেন জিয়াসের বংশোভুত আর তিনজন ছিলেন প্রাচীন শনিগোষ্ঠার।

প্র্টাস

পুটাস হচ্ছেন ধনসম্পদের দেবতা। মাটির গর্ভে ধনিতে যে সব যুল্যবান শাতৃ পাওয়া বায় তিনি সেই সব কিছুর রকাকতা। ধনিক সম্পদ মর্ত্যভূমিতে আবিহ্নত হবার সঙ্গে সঙ্গে পুটাসের আদর বেড়ে যায়।

অনেকে বলে প্ল্টাসকে জিয়াস অন্ধ করে দেন। এর অর্থ হলো এই বে মানবজ্ঞাতির মধ্যে ধনসম্পদ বিভরণের ব্যাপারে প্ল্টাস কোন গুণ বিচার করেন না। উদাসীনভাবে যাকে তাকে যথন তথন ধন দান করেন।

শীবস্এর মন্দিরে টাইক নামে ধনসম্পদের যে দেবী আছেন তিনি শিশু প্র্টাসকে ধারণ করে আছেন। তিনিও অন্ধ এবং একটি বলের উপর তিনি দাঁড়িয়ে আছেন। অর্থাৎ তাঁর অবস্থিতি কখনো দ্বির নয়; তিনি চঞ্চলা। তাঁর হাতে একটি ফোপরা শিং আছে। সেই শিংএর মাধ্যমে উদাসীনভাবে অবিবেচনার সঙ্গে ধন বিতরণ করেন। এই শিংটির নাম কর্মুকোপিয়া। প্র্টাসের সংসারে তিনজন আনন্দ ও উৎসবের অপদেবতা ছিল। এদের নাম হলে! মোমাস, কমাস আর প্রিয়াপাস।

গ্রীসদেশে মাহ্যের বিভিন্ন গুণ ও দোবগুলিকে এক একটি দেবীর মধ্যে মৃর্ভ করে দেখা হয়েছে। এইভাবে প্রতিটি নির্বিশেব গুণ বা দোবকে দেবী-রূপে করনা করে তাকে বিশেষিত করা হয়েছে। এই সব গুণ দোষের দেবীদের মধ্যে এটালান্কে বা প্রয়োজনীয়তার অধিষ্ঠাত্ত্রী দেবী প্রধান। এই দেবীর কাছে অক্সান্ত দেবীরাও মাধা নত না করে পারে না। এটা হচ্ছে পাপপ্রবৃত্তির অধিষ্ঠাত্ত্রী দেবী। তিনি সকল মাহ্যের মধ্যে পাপপ্রবৃত্তি জাগিয়ে বেড়ান। শ্লথ ও মন্দগতি নেমেসিস হচ্ছে প্রতিহিংসা বা অহ্যুশোচনার দেবী। এঁর গতি খুব ধীর বলে ইনি সবক্ষেত্রেই বড় দেরীতে আসেন মাহ্যের জীবনে। ধেমিস হলেন আইনের দেবী। এ ছাড়া সারা গ্রীসদেশের বিভিন্ন অঞ্চলের মন্দিরে উত্তম, দয়া, লক্ষা, ওজর ও প্ররোচনাকেও এক একজন দেবীরূপে কর্মনা করা হয়েছে। হোমারের যুগে মৃত্যু ও তার ভাই ঘুম্বেও এক প্রাচীন দেবতারূপে কল্পনা করা হয়।

স্থাদের এক ধরনের অপার্থিব দৃত্রপে কল্পনা করা হয়েছে। স্থাদের মধ্যে ভাল মন্দ তুইই আছে। স্থারা হলো জমকালো ক্লফবর্ণ পোষাক পরিহিত রাত্তির সন্তান। রাত্তি বা নিশাদেবীর ছুই রূপ আছে—ক্ষসফোরাস আর হেসফোরাস। ফ্লফোরাস হলো সকাল আর হেসফোরাস সন্তা। রাত্তিতে মর্ফিরামের কোলে যারা ঘূমিয়ে থাকে একমাত্ত তাদের কানে কানেই স্থারা কথা বলে।

সন্ধ্যাতারা এ্যাস্ট্রীয়া ও অক্সান্ত তারকারা চন্দ্রদেবীর সহচরী। গ্রীকপুরাণে করের চারটি অথের করানা করা হয়েছে। স্থের মন্ত বায়্র দেবতারও চারটি অথ আছে। এদের নাম হলো বোরিয়াস, ইয়ারাস, জেফাইরাস ও নোডাস। এরা হলো উষাদেবী ইয়স বা অরেশরা আর সন্ধাতারা এ্যাস্ট্রীয়ার সন্ধান। মতান্তরে এরা বায়্র অথ নয়, এরা চারজনই ভাই বায়্র বিভিন্ন প্রকারভেদ। এদের কোন পার্থিব রূপ নেই; এদের বায়বীর সন্তা

ইয়োনাদের গুহার মাঝে অবস্থান করে। প্রয়োজন হলে এরা পাথনাওয়ালা এক একটি দেবযুবকের রূপ ধরে দেবতাদের আদেশ পালন করে।

জেকাইরাদের স্ত্রীর নাম ফুলের দেবী ক্লোরিস। রোমক পুরাণে এই এই ক্লোরিসকেই ফুলের দেবী ক্লোরা বলা হয়। ক্লোরিসের বাদ্ধবী ও সহক্ষিনী হলো পমোনা। এই পমোনার স্বামী হলেন ঋতুর দেবতা ভাতুমনাস। বিভিন্ন ঋতুতে বিভিন্ন বেশ ধারণ করে ভাতুমনাস। কথনো ভ্মিকর্ষাকারী, কথনো শক্তর্কর্তনকারী, কথনো ফলসংগ্রহকারী, কথনো শৈলত্যারশুল্ল এক লোল-চর্মা বৃদ্ধ আবার কখনো ব। স্ক্র্ণন যুবকের বেশে পমোনাকে ভালবেসে আদের করে সে।

আবার তিনটি ঋতুর কল্পনাও গ্রী পুরাণে আছে। এদের নাম হলো ইউনোমিরা, ডাইক আর ইরিন। জিরাদের উর্বেস থে মিদের পর্টে এদের জন্ম হয়। এরা কখনো এরাজেদিতে, কখনো বা এলপোলোর দেবা করে। ঋতুর সংখ্যা যাই হোক গ্রীকরা শীত ঋতুর কোন মর্যাদা দেয় না।

প্রীকপুরাণে দেবীদের ক্ষেত্রে সব সময় তিনজনের নাম দেখা যায়। কোন বিষয়ে কোন দেবীর উল্লেখ থাকলে ত্রয়ীর উল্লেখ পাওয়া যায়। যেমন ভাগ্যদেবী তিনজন—ক্রোদো, ল্যাচেসিস, এরাত্রপস। এই তিনজনেই মাহুষের জীবনের স্থতো কেটে চলেন অনবরত। আবার ক্রোধের দেবীও তিনজন। এরা হলেন ত্রাইকোনে, এরালেক্টা ও মেগেরা। তাদের ইউরিনায়েস বলা হয়।

বর্তমান প্রীক লোকসাহিত্যে বলা হয় গ্রীক দেবীদের ক্ষেত্রে যেমন প্রায় সব সময় জ্রীর উল্লেখ পাওয়া যায়, দেবতাদের ক্ষেত্রে কিছ্ক তা পাওয়া যায় না। উদাহরণস্বরূপ বলা যায় অলিম্পাদের তিনজন প্রধান দেবলাতার মধ্যে তৃজনকে স্বর্গলোক থেকে বিতাড়িত করে জিয়াস একা দেবরাজের আসনে অধিষ্ঠিত আছেন। প্রেডন সমুদ্রের অধিপতি আর প্রুটো নরকের অধিপতি হলেও তারা স্বর্গালোক থেকে চিরনির্বাসিত। মৃত্যপুরীতে যে তিনজন বিচারক মৃত মাহ্মদের কর্মাকর্ম বিচার করে থাকেন তাঁদের মধ্যে শুধু মাইনস আর র্যাভামেনথাসেরই কাজের পরিচয় পাওয়া যায়। আর একজন বিচারকের কোন উল্লেখই পাওয়া যায় না।

দেবতারা বা অপদেবতারা শুধু স্বর্গ ও পাতালপুরীতে থাকেন না, মর্ত্ত্য-ভূমিতে যে সব প্রধান প্রধান প্রাকৃতিক উপাদান আছে সেগুলির মধ্যেও এক একটি অপদেবতা আছে। যেমন প্রতিটি নদী বা ঝর্ণাতে একটি করে অলদেবী বা নাইয়াদ আছে। প্রতিটি গাছে আছে দ্রায়েদ। প্রতিটি পর্বতে আছে ওরিয়াইদ আর প্রতিটি অরণ্যে আছে শ্রাটায়ার।

এছাড়া বহু তুর্গম ও অজানা জায়গায় দৈত্য, দানব, দেওঁর, বিষেরা,
আমাজন, সাইরেন, সাইক্লোপ ও হাইপারবোরিয়ান নামে বহু অতিপ্রাকৃত

জীব আছে।

কিন্তু গ্রীসদেশের পৌরাণিক দেবতাদের মধ্যে প্যান হচ্ছে সবচেরে গুরুত্ব-পূর্ণ। আসলে প্যান হচ্ছেন প্রকৃতির দেবতা। তাঁর মৃতিটি বড় অন্তুত্ত ধরনের। তাঁর মাধায় শিং আছে, কানের পাতাগুলো পাতলা আর বড় ধারাল। তাঁর পাগুলো ছাগলের পায়ের মত। সাধারণতঃ তিনি থাকেন আর্কেডিয়ার অরশ্যাচ্ছাদিত পাহাড়ে। কোন কারণে তাঁর মধ্যাহ্নের দিবানিদ্রা ভক্ষ হলেই তিনি বিকট মৃতিতে আবিভূত হয়ে প্রিকদের ভীতি প্রদর্শন করেন।

হার্মিসের ঔরসে কোন এক জলদেবীর গর্ভে জন্ম হয় পানের। কথিত আছে, পানের কিছুত্রিমাকার চেহার। দেখে তার মা ভয় পেযে যায়। পানের গলার স্বর এমনই কর্কশ আর ভয়ঙ্কর যে মাারাখন যুদ্ধের সময় তাঁর গলার স্বর অত্তের ঝক্কারকেও হার মানায় এবং তা শুনে পার্লিকরা ভীত হয়ে পালিয়ে যায়।

পানের বাঁশী সম্বন্ধে একটি কাহিনী শোনা যায়। একবার পান সিরিক্ষশ্ নামে এক জলপরীকে ভালবাসে। কিন্তু পানের বিক্কৃত দেহ দেখে তার ভালবাসার ভাকে সাভা দিতে পারে না সিরিক্ষশ্। তব্ একদিন ভাকে কোনরকমে ধরে পান যথন আলিক্ষন করছিল তথন কোনরকমে নিজেকে পানের বাহু বন্ধন থেকে ছাড়িষে নিয়ে পালিয়ে যায় সে। কিন্তু পান ভাকে সক্ষে ধরে ফেলে। তথন সিরিক্ষশ্ ভার প্রাণরক্ষার অন্ত কাতরভাবে প্রার্থনা জ্ঞানায় প্যানের কাছে। কিন্তু পান ভাকে নলখাগড়া গাছে পরিণত্ত করে। আর সেই নলখাগড়া গাছ দিয়ে চমৎকার এক বাঁশি ভৈরি করে প্যান। সেই বাঁশির অপূর্ব ক্ষর এ্যাপোলোর বীণার সঙ্গে পালা দিয়ে চলে।

পান প্রথমে ছিল এক আঞ্চলিক অপদেবতা এবং ডায়োনিসাস ও এনাফোদিতের সেবক আর সহচর। কিন্তু পরে এই পানই প্রকৃতির সর্ববাপী সন্তার মৃত্ত প্রতীক এক দেবতারূপে পরিগণিত হন। খৃস্টের জন্মের সঙ্গে সজে পানের প্রভাব গ্রীসদেশে কমে যায় এবং খৃস্টধর্মাবলম্বীরা প্যানকে বিক্বতরূপে চিত্রিত করে দেখাতে থাকে।

পৌরাণিক অপদেবতা ও বীরপুরুষেরা

গ্রীসদেশের পৌরাণিক বীবদের কথা বলতে গেলে প্রথমেই বলতে হর ক্যাস্টর ও পোলাক্সের কথা। এঁরা ছিলেন তুই ভাই। এঁরা তৃজনেই ছিলেন অর্থদেবতা ও অর্থমানব। এই তুই ভাইএর নাকি জন্ম হয় হাঁদের ভিষ থেকে। এঁদের বোনের নাম স্ক্রী হেলেন। যার জন্ম গ্রীসের অসংখ্য লোককে অকালে নরকে বেতে হয়। ক্যাস্টর ও পোলাক্সের জন্ম ভিম খেকে হলেও তাঁরা জিয়াদের ঔরসজাত। জিয়াদের ঔরসজাত বলে আকাশবাণী হয়, তাঁদের তুই ভাইএর একজন দেবত্ব ও অমরত্ব লাভ করবেন। আর এক ভাইকে সাধারণ মানবজীবন যাপন করে মাহুষের মতই মরতে হবে।

ল্যানিভিমোনিয়ার রাজা টিগুরিউন ক্যান্টরকে পালকপিতা হিনাবে মাছ্রব করতে থাকেন। তবে তুই ভাইএর মধ্যে খুবই মিল ও সন্তাব ছিল। কিন্ত তাঁদের মধ্যে কেউ জানতেন না কে তাদের মধ্যে অমরত্বলাভে ধন্ত হবেন। তাই তাঁরো প্রায়ই বলাবলি করতেন তাঁরা তুজনেই একসঙ্গে মরবেন। তাঁরা তুজনে পরস্পরকে এমন ভালবাসতেন যে কেউ কারো মৃত্যুশোক সন্থ করার কথা ভাবতেও পারতেন না।

কিন্তু তাঁরা যাই ভাব্ন, একবার এক প্রতিদ্বন্দিতায় কাাস্টর অকালে নিহত হন। একথা জানতে পেরে জিয়াস ক্যাস্টরের হত্যাকারীকে বক্সপাতে নিহত করেন। এদিকে ক্যাস্টরের মৃত্যুশোক কিছুতেই ভূলতে পারলেন না পোলাক্স। কোন কিছুতেই সান্ধনা পেলেন না। অবশেষে তিনি মুর্গে গিষে পাকাপাকিভাবে ব্যবস্থা করেন শোক্যম্পা হতে মৃক্তি পাবার জক্স। পোলাক্স মুর্গে দেবরাজ জিয়াসের কাছে বলেন ভাইকে মৃত্যুপুরীতে রেখে তিনি একা অমরম্ব বা স্বর্গন্থ ভোগ করতে চান না। তার থেকে এই অমরম্ব তাঁরা চ্জনে নিজেদের মধ্যে ভাগ করে নিয়ে ভোগ করবেন সমানভাবে। অর্থাৎ তাঁরা ত্জনে বছরের অর্থেক সময় স্বর্গে থাকবেন আর অর্থেক সময় নরকে পাতালপুরীতে থাকবেন। পরে এই তুই ভাইএর আত্মা আকালে জেমিনি, নামক নক্জ্রপুঞ্জের মধ্যে স্থান পায়।

মর্ত্যভূমিতেও প্রচ্র ভক্তি ও শ্রদ্ধা লাভ করেন এই হুই ভাই। গ্রীসদেশের বছ জারগায় এই হুই ভাইএর মৃতি পূজা করা হয়। ক্যাস্টরের খাতি ছিল রখ চালনায় আর পোলাক্স ছিল বক্সিং খেলায় অতীব পারদর্শী। তাই হার্মিস বা হার্কিউলেদেব মতই তাঁদের ক্রীডাদেবতা হিসাবে ভক্তি করতেন গ্রীদের জনগণ।

পরবর্তীকালে আবার ক্যাস্টর ও পোলাক্স সমুদ্রনাবিকদের ত্রাণকর্তা হিসাবেও কীতিত হন। সমুদ্রে বিপদকালে বহু নিমজ্জমান জাহাজের মাস্তলের উপর সহদা আবিভূতি হয়ে রক্ষা করেন যাত্রী ও নাবিকদের। ছলভাগেও যুদ্ধের সময় আনেক সৈনিক আবার এই তুই দেবভাতাকে শ্বরণ করেন। তাদের বিশ্বাস ঘৃটি সাদা ঘোড়ায় চেপে এই তুই ভাই সহসঃ আবিভূতি হয়ে উদ্ধার করবেন তাদের।

া স্থাবি ক্রেমিতেও পোলাক্সভাতারা পৃঞ্জিত হন দেবতারপে। ম্যারাধন যুদ্ধে বেমন মৃত থিগাগ মৃত্যপুরী খেকে এগে এখেন্সবাসীদের অভিপ্রাক্কত সাহায্য দান করেন ভেমনি পোলাক্স ভাতারাও রোমে একবার কেক গেরিলাদের ষ্ছে আবিভূতি হয়ে কোন এক রোমক প্রশাসনকে জয়ী করে। ভোলেন।

কিন্ত পোলাক্সলাতাদের প্রতি ভক্তির স্থান্দল সামার সন্দেহও করে। এই ভক্তির উন্টোফলও অনেক সময় কলে। একবার কোন এক যুদ্ধের সময় শিবিরে গ্রীকরা পোলাক্সও ক্যাস্টরের নামে এক উৎসবের আয়োজন করে। কিন্তু ভার কোন স্থান্দল ভারা পায়নি; উন্টে ভাদের শত্রুপক্ষের কয়েকজন বক্ষম্ অভ্কিতে শিবিরে চুকে বছ স্পার্টানকে হভ্যাকরে চলে বায়।

কিছু গ্রীক ঐতিহাসিকের মতে গ্রীসদেশে প্রাচীন বীরপৃজা প্রচলিত ছিল। কোন ব্যক্তি অসাধারণ বীরত্বের পরিচয় দিতে পারলেই সাধারণ লোকেরা তাকে তার মৃত্যুর পর তার সমাধিক্ষেত্তে পৃজ্ঞার অঞ্জলি দান করত।

এই বীরপূজার স্থােলে অনেক বীরও ভাদের জীবদশাভেই দেবত্বের দাবি করত। গ্রীকবীর আলেকজাণ্ডার তাঁর বীরত্বের অহঙ্কারের বশবর্তী হয়ে বলতেন তিনি নাকি একিলিস আর জুপিটারের বংশধর। অনেক সমাট ও শাসক তাঁদের জীবদ্দশাভেই তাঁদের সম্মানার্থে মন্দির প্রতিষ্ঠা করেন। শোনা যায় প্রসিদ্ধ চিকিৎসাবিদ্ হিপ্পোক্রেটের প্রতিমৃতির সামনে পুজার অঞ্জলি দান করা হত। গ্রীক দার্শনিক প্লেটোর সম্মানার্থে ই তাঁর যুর্ভির সামনে এক বেদী নির্মাণ করে পূজার ব্যবস্থা হয়। প্রাচীনকালের মাত্রষ যাকে ভাদের পরম পরোপকারী বন্ধু হিসাবে শ্রদ্ধা করত অথবা যাকে ভয়ন্কর অত্যাচারী হিসাবে ভয় করত, তাকেই অতিপ্রাকৃত ও অলৌকিক ক্ষমতাসম্পন্ন এক পুরুষরূপে মনে করত এবং তাকে পূজা করার ব্যবস্থা করত। গ্রীকবীর একিলিস ও উয়বীর ঈনিসকে তথনকার মাত্রষ সত্তিই অতিমানবিক ক্ষমতাবিশিষ্ট পুক্লষ বলেই জ্ঞানত। রোমেতে রোম্লাস ও তেমাসকেও তাই ভাবা হত। এইডাবে দেখা যায় বহু বীরের সমাধিস্তম্ভ কালক্রমে পূজার বেদীতে পরিণত হয়। দেশের চারণ কবিরা আবার এই সব প্রাসিদ্ধ বীরদের জীবনের কথা ও কাহিনীগুলিকে কাবারপে দান করে তা গান করে বেড়াতেন দেশের সর্বত্ত। ফলে ঐ সব বীররা অমরত লাভ করতেন লোকের মুথে মুথে, গল্পে ও গাথায়।

সেকালে গ্রীস ও রোমে কবি বা চারণকবিদের এক বিশেষ সামাজিক মর্যাদা দান করা হত। আলেকজাণ্ডার ধীবস্ জয় করে সেধানে সবকিছু ধ্বংস করার সময় কবি পিণ্ডারের বাডিটিকে বাদ দেন।

কণিত আছে, একবার স্পার্টায় এক আর্কাশবাণী শোনা যায়, ডাদের তদানীস্তন শত্রু এপেন্সবাসীদের মধ্য থেকে এক ব্যক্তিকে ভাদের নেডা হিসাবে নির্বাচন করে বেছে নিডে হবে। তবেই ভারা যুদ্ধে জয়লাভ করবে। একথা শুনে এখেন্সবাসীরা এক থোঁড়া স্থূলমাস্টার তারতেউদকে পাঠায়।

তারতেউদ তথন এমন দব আবেগপ্রবণ দেশাত্তবাধক গান রচনা করেন যা ভানে স্পার্টার দৈল্লর। অন্প্রাণিত হয়ে বিশেষ উত্তমের দক্ষে এমনভাবে যুদ্ধ করে যাতে শেষ পর্যস্ত তাদেরই জয় হয়। সেই দব গানের কিছু কিছু লোকের মুখে মুখে আজও শোনা যায়।

হোমারের পর যে দিব প্রাসিদ্ধ ও শক্তিমান কবিরা গ্রীদদেশের কাবকেলাকে সমৃদ্ধ করেন তাঁরা হলেন আর্কিলোকাস, স্টেসিকোরাস ও সাইমোনাইদেস। সাইমোনাইদেসের কাবিতা সব পাওয়া না গেলেও তিনি নাকি 'এলপোলোনিযাসএর আগোনটিক।' নামে এক মহাকাব্য রচনা করেন। এই মহাকাব্যই নাকি পরবাহীকালে ভাজিলের ঈনিভের ভিত্তিভূমি রচনা করে।

সেকালে গ্রীসে যে সব প্রধান প্রধান ক্রীডাপ্রতিযোগিতা অন্নষ্টিত হত, সেই সব ক্রীড়ান্থগ্ঠানে সমবেত কবিদের মধ্যে কবিতা ও গানেরও প্রতি-যোগিতা হত। ফলে এই সব উৎসব ও অনুষ্ঠানকে কেন্দ্র করে বহু ল্লেষ্ঠ কবিতা রচিত হত।

খুস্টের জন্মের ছয়লো থেকে আটলো বছর আগে গ্রীসদেশে সারা বছরের বিজিন্ন সময়ে চারটি প্রধান ক্রীড়া প্রতিযোগিতার উল্লেখ পাপ্তরা যায়। এগুলি হলো বিখ্যাত অলিম্পিক গেমস, পাইখিয়ান গেমস, ইসথমিয়ান গেমস আর নেমিয়ান গেমস। এই চারটি ক্রীড়াপ্রতিযোগিতাই চারজন প্রধান দেবতার খারা প্রতিষ্ঠিত হয়।

এর মধ্যে সবচেয়ে প্রধান ও গুরুত্বপূর্ণ হলে। অলিম্পিক গেমস। খৃস্টের জন্মের প্রায় আটশো বছর আগে এই প্রতিযোগিতার অন্তর্গান শুরু হলেও কথন থেকে ঠিক তা শুরু হয় সেকথা সঠিকভাবে বলা যায় না। আসলে এর আরম্ভকাল এক আবহুমানকাল প্রাচীনতায় তলিয়ে গেছে। কিন্তু আরম্ভকাল যাই হোক, স্বয়ং দেবরাজ জিয়াস তাঁর কোনাস জয়ের পর বিজয় উৎসব হিসাবে এই অন্তর্গানের নাকি প্রবর্তন করেন। এগ প্রতিযোগিত। উৎসব অন্তর্গিত হয় অলিম্যার মন্দিরের সম্মুখন্থ এক বিশাল প্রান্তরে যার পাশ দিয়ে আলফিয়াস নদী বয়ে গেছে পেলোপনেসিয়ার পশ্চিম উপক্লের দিকে। এ প্রতিযোগিতা অন্তর্গিত হয় প্রতি চার বছর অন্তর।

পাই থিয়ান গেমস অঞ্চিত হয় ডেলফিতে যার প্রাচীন নাম পাইখো। এ অফুষ্ঠানের প্রবর্তন করেন এগপোলো। অলিম্পিক গেমস্এর মত পাইথিয়ান গেমস্ও অফুষ্ঠিত হয় চার বছর অস্তর।

ইসধ্যাস গেমস্ অনুষ্ঠিত হয় কোরিনপ্এর ইসপ্মাস নামক জ্বায়গায়। এ অনুষ্ঠানের প্রবর্তন করেন প্রেডন।

নেমিয়ান গেমদ অনুষ্ঠিত হয় আর্গনিদ নামক অঞ্চলে। হার্কিউলেদ নেমিয়ার দিংহ বধ করার পর এ অনুষ্ঠানের প্রবর্তন করেন এবং মার্কানে এ অফ্ঠান বন্ধ হয়ে গেলে আবার সেটি পুনক্ষীবিত করেন।

অলিম্পিক গেমস সামাজিক, রাজনৈতিক ও ধর্মীয় সব দিক
দিয়ে ছিল সবচেয়ে বেশী গুরুত্বপূর্ণ। এই প্রভিযোগিত। উৎসব সর্বপ্রথম
স্থাংগঠিত হয় খুস্টপূর্ব ৩৭৬ অব্দে। গ্রীম্মকালের এক পূর্ণিমায় এই অন্ধ্রষ্ঠান
শুরু হয়ে একমাসব্যাপী চলত। এই অন্ধ্রানের স্থান এবং কাল ঘূটিই পবিত্র
বলে গণা হত। কিন্তু পার্ম্ব বর্তী ঘূটি অঞ্চল পিদা আর এলিসের প্রভূত্ব নিয়ে
প্রায়ই ঝগড়া বিবাদ হত এই অনুষ্ঠানকালে। একবার এই ঝগড়া পরিণত
হয় তুমুল যুদ্ধে এবং ভারপরই এ অনুষ্ঠান বন্ধ হয়ে যায় অনিধিষ্ট কালের মত।
অবশেষে উনিশ শতকের শেষের দিকে এ অনুষ্ঠান আবার পূর্ণগৌরবে পূনঃপ্রতিষ্ঠিত হয়।

এই অন্ধানের প্রথমার্থে হয় ব্যায়াম প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় কেবলমাত্র প্রীকভাষাভাষীরাই অংশগ্রহণ করতে পারতেন। গ্রীকভাষী ছাড়া অন্ত লোকদের বর্বর বল। হত গ্রীসদেশে। এই প্রতিযোগিতায় যারা জ্ঞানী ছত তাদের একটি অলিভ পাতার মুকুট উপহার দেওয়া হত। কিছু এই প্রতিযোগিতায় জ্ঞানী ব্যক্তি যে বিপূল যশ ও সন্মান জনসমক্ষে লাভ করত তা সতিঃই অতুলনীয়। দেশের জনগণও তাকে বিশেষ সন্মানের চোথে দেখত। একটি প্রতিমৃতির মধ্যে তার যশকে অক্ষয় করে রাখা হত। এই অমুষ্ঠানে যে সব ক্রীড়া নিয়ে প্রতিযোগিতা হত তা হলো দৌড় প্রতিযোগিতা, কুন্তি, বক্সিং, বর্শাক্ষেপণ, অশ্ব্রতিযোগিতা, রখচালনা প্রতিযোগিতা ও অক্সাঞ্চাবিষয়ক প্রতিযোগিতা যেগুলির সময়বিশেষে পরিবর্তন করা হত।

এই সব প্রতিযোগিতায় কেবল পুরুষরাই যোগদান করতে পারত। কোন বালিকা বা নারীর যোগদানের কোন বিধি ছিল না। মাত্র একবার একদল বালিকার যোগদানের ব্যবস্থা হয়। কিন্তু নারীরা সাধারণত যোগদান করত না। এ বিষয়ে কোন রীতি ছিল না।

মাসের দ্বিভীয়ার্ধে চলত শুধু শোভাষাত্রা, উৎসর্গ, বলিদান আর বিভিন্ন প্রতিযোগিতায় জয়ী প্রতিযোগীদের সন্মানে ভোজসভা। এই সব উৎসবে দেশের কবি ও ঐতিহাসিকেরাও অংশ গ্রহণ করতেন। তাঁরা তাদের লেখা কবিতা ও রচনা পাঠ করে সমবেত জনতাকে শোনাতেন। প্রসিদ্ধ গ্রীক ঐতিহাসিক হিরোদোতাসের ইতিহাস এইভাবেই নাকি রচিত হয়।

এই সব উৎসবে দেশের বিভিন্ন অঞ্চল ও পাশুবর্তী বিভিন্ন রাজ্য থেকে এত বেনী লোকসমাগম হত যে বহু পণ্যন্তব্য ক্রের বিক্রের হত এবং এ উৎসব এক বিরাট আন্তঃরাজ্য মেলার আকার ধ্লারণ করত। বহু শিল্পকলা ও কালকার্যের প্রদর্শনী হত। সমগ্র উৎসবমগুপটি বিভিন্ন মন্দির, প্রতিমা, প্রতিমৃতি ও পূজা উপচারের দ্রব্যগুলির ঘারা স্থাজ্ঞত হত। এই সব উৎসব আর প্রদর্শনীর জন্ম আলিন্দিয়া আর ডেলফির নাম অমর ও অক্ষয় হয়ে আছে ইতিহাসে। এই উপলক্ষে উৎসবমগুপে সোনাও হাতির দাতের তৈরি জিয়াসের এক বিরাট প্রতিমৃতি প্রদর্শিত হত। মৃতিটি নির্মাণ করেন বিধ্যাত ভাস্কর ফিডিয়াস।

এই সব প্রতিযোগিতার যাঁরা কালোত্তীর্ণ ক্বতিত্ব দেখিরে অক্ষর নাম যশ অর্জন করেন তাঁরা হলেন খিয়েজেলস্ যিনি প্রতিযোগিতার প্রথম স্থান অধিকার করে সারা জীবনে চৌদ্দশোটি জয়ের মুক্ট লাভ করেন; এ ছাড়া কোটনের মিলোও এক বিরল শ্রেষ্ঠত্ব অর্জন করেন। মিলো ছিলেন অসাধারণ শক্তিসম্পন্ন এক বীর পুরুষ। কিন্তু শেষ পরিণতি বড় সকরুণ। ঘটনাক্রমে একদল নেকড়ের কবলে পড়ে অ্কালে প্রাণত্যাগ করতে হয় মিলোকে।

একবার এক বক্সিং প্রতিবোগিতায় এক প্রতিযোগী তার প্রতিপক্ষের হাতে নিহত হয়। হত্যাকারী প্রতিযোগী জয়ী হলেও শান্তিহরূপ পুরস্কার-লাভে বঞ্চিত হয়। তথন সেই প্রতিযোগী মনের ছু:থে একটি পাকা স্থল বাড়িতে গিয়ে ক্ষণিকের জন্ম আশ্রয় নেয়। কিন্তু হঠাৎ তার কি মনে হয় সে স্থামসনের কায়দায় সেই স্থলবাড়ির একটি স্তম্ভ ভেলে কেলে। সলে সঙ্গে ছাদটি বসে পড়ায় তাতে প্রায় যাট জন ছাত্র মারা যায়। চারপাশে এপন এক বিরাট জনতার ভিড় জমে যায়। জনতা সেই হত্যাকারীর প্রতিযোগীকে চেলা ছুঁড়ে মারতে থাকে। সে তথন ছুটে গিয়ে দেবী এথেনের মন্দিরে গিয়ে আশ্রয় নেয়। একটি সিন্দুকের মধ্যে চুকে পড়ে প্রাণভয়ে। তার পিছনে ধাবমান জনতা তা দেখতে পেয়ে সিন্দুকটি খুলে দেখে তা শৃন্থ। লোকটির এই ঐক্সজালিক অন্তর্ধান দেখে সকলে বিশ্বয়ে হত্বাক হয়ে যায়। তথন এক দৈববাণী জনতাকে নির্দেশ দান করে তারা সেই প্রতিযোগীকে যেন সাধারণ মাহুষ বলে মনে না করে।

খনেক সময় খনেক বীরের জীবনকাছিনী ও চরিত্র সম্বন্ধে বিরুদ্ধ মত শোনা যায়। সাধারণ গ্রীকপুরাণে নরকের অক্তম বিচারক মাইনসকে ক্যায়পরায়ণ বিচারকছিসাবে দেখানো হয়েছে। কিন্তু পিসিয়াসের জীবনকাছিনীতে মাইনসকে দেখানো হয়েছে নিষ্ঠ্র অত্যাচারী হিসাবে। খনেকে বলে মাইনসের রাজ্য ছিল জীট দ্বীপে। সে ছিল জীট দ্বীপের রাজা। মাইনসের পুত্র এ্যাণ্ড্রোগীয়স এপেন্দে এক জীড়াপ্রতিযোগিতায় জ্বয়ী হ্বার পর পরাজিত প্রতিযোগীদের হাতে নিহত হয়।

এইভাবে দেখা যাঁর, অনেক শক্তিমান বীর মৃত্যুর পর দেবত লাভ করভেন। এই ধরনের এক বীরপুরুষ পেলপদ্ মৃত্যুর পর মান্ত্যের আকারে আবিভূ ত হন। শোনা যায় পেলপদ্-এর পিডা ট্যান্টালাস পেলপদ্কে দেবভাদের কাছে ভাকে উৎসর্গ করার জন্ম আগুনে জীবস্ত দক্ষ করেন। আবে একটি কাহিনীতে শোনা যায় পেলপদ্ একবার এক অলিম্পিক প্রতিযোগিতায় জয়লাভের জন্ম তার প্রতিপক্ষের রথচালককে ঘূঁষ দিয়ে বশীভূত করেন। সেই সার্থি রথের গভি শ্লথ করে দিলে পেলপদ্ জয়লাভ করে রথপ্রভিযোগিতায়।

ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী বীরদের ছাড়াও আরো কিছু বীরের কথা পাওয়া যায়। যায়। একই সঙ্গে কোষলতা ও কঠোরভার পরিচয় দেয় জীবনে, পলিফেমাস ছিল এই ধরনের এক বীর। পলিফেমাস ছিল প্রধানত: নিষ্ঠ্র প্রকৃতির। কিছু প্রেমের ব্যাপারে সে হয়ে উঠত প্রই কোমল। একদিন পলিফেমাস ভাণ করে দাড়ি কামিয়ে, মাথার চূল বিস্তুম্ব করে ও ভাল পোষাক পরে তার প্রেমিকা গেতীয়াকে নিয়ে নির্জনে প্রেমালাপ করছিল। তারা যথন সাইক্রোপদের গাওয়া প্রেমের গান ভনছিল একমনে, তথন হঠাং তার প্রতিষ্দ্রী এয়ামিসকে দেখতে পায় পলিফেমাস। দেখতে পাওয়ার সঙ্গে ভয়য়রজাবে হিংশ্র হয়ে ওঠে সে এবং নিষ্ঠ্রভাবে হত্যা করে এয়ামিসকে।

নারীরাও অনেক সময় অনেক নিষ্ঠুর প্রতিহিংসার পরিচয় দেয়।
ফিলোমেনাও ঈডন নামে তুই বোন ছিল। ফিলোমেনা নিয়োব নামে এক
ব্যক্তির সঙ্গে ছিল প্রণয়পাশে আবদ্ধ। পরে তারা বৈবাহিক বন্ধনে আবদ্ধ
হয় এবং তাদের কয়েকটি সন্তান হয়। এদিকে তাদের ভালবাসা আর স্থানান্তি
দেখে ঈডন হিংসায় জলে পুড়ে যেতে থাকে মনে মনে। দিনে দিনে তীত্র
হতে তীত্র হয়ে ওঠা এই প্রতিহিংসা চরিতার্থ করার জন্ম স্থানার প্রথম সন্তানকে
কেতন। একবার সে মনে মনে সংকল্প করে ফিলোমেনার প্রথম সন্তানকে
সে হত্যা করবে। কিন্তু ঘটনাক্রমে সে ভূল করে তার নিজের পুত্রসন্তান
ইটিনাসকে হত্যা করে বসে। তথন সে দেশবতার অভিশাপে নাইটিকেল
পাথিতে পরিণত হয়। নাইটিকেলের মিষ্টি কক্ষণ স্থরে তার এই পুত্রশোক
সারাজীবন ধরে ব্যক্ত করে যেতে থাকে সে।

শক্তির দেবতা হার্কিউলেস ছিলেন একাধারে দেবতা ও মানব। শোনা যায়, তিনি টাইরিনস্ অথবা থীবস্এ মানুষের মতই জন্মগ্রহণ করেন। কিছ তাঁর জন্ম যেথানেই হোক, হার্কিউলেস কথনো এক জায়গায় বাস করতেন না। সব সময় তিনি বিভিন্ন অঞ্চলে ঘুরে বেড়াতেন এবং অনেক সময় তিনি গ্রীসদেশের বাইরেও চলে যেতেন ঘুরতে ঘুরতে। টায়ারে এক মন্দিরে তাঁর মৃতি পুলা করা হয়।

ঐতিহাসিক হিরোদোতাস বলেন হার্কিউলেস নামে ত্বল দেবতা ছিলেন।
আনেকে বলে হার্কিউলেসের বংশধরেরাই নাকি পোলোপনেসিয়ার যুদ্ধে
আয়লাভ করে রাজ্যটি নিজেদের মধ্যে ভাগ করে নেয়। হার্কিউলেসের
বংশধরদের সংখ্যা ছিল প্রচুর। হার্কিউলেসদের অসংখ্য তীর ছিল। সেই

তীরের কিছু তিনি ফিলোকটেটকে দান করেন। অসাধারণ শক্তির অধিষ্ঠাত।
দেবতা হলেও অহেতৃক কঠোরতা বা নিষ্ঠ্রতার লেশমাত্র ছিল না হার্কিউলেদের চরিত্রে। কোন মাহ্য শক্তির অভাব হেতৃ কোন বিপদে পড়ে তাঁকে শ্বরণ করলেই তিনি আবিভূতি হতেন তার কাছে। তাকে উদ্ধার করতেন সেই বিপদ থেকে।

ফীটন

কীটন ছোট থেকেই ছিল বড় উধাত। একদিন ভার মা ক্লাইমেন ভাকে ভার জন্মবৃত্তান্ত বলে। একথা শুনে আরো বেডে যায় যুবক ফীটর্নের ব্রন্ধভা। ক্লাইমেন বলে কোন মান্তবের প্ররেস ভার জন্ম হয়নি। যে ফীবাস ও এ্যাপোলো স্থের উজ্জ্বল রথে চড়ে প্রতিদিন আকাশ পরিক্রমা করেন সেই স্থাদেবতা এনাপোলো ভার জন্মদাতা পিতা। কিন্তু একথা শুনে ফীটনের বুকটা গর্বে ভারে উঠলেও একথা সে যখন ভার সঙ্গী ও বন্ধুবান্ধবদের বলল তখন ভারা তা মোটেই বিশাস করল না। উল্টে উপহাস করল ভাকে। হেসে উভিয়ে দিল ভার কথাটা।

কীটন একথা তার মাকে জানাতে তার মা ক্লাইমেন তাকে স্থের কাছে গিয়ে এমন এক বর চাইতে বলল যার বলে তার জন্মরহস্থ বা দৈব জনকত্বের কথা স্বাই জানতে পারে।

একদিন উষাকালের আগেই আকাশমগুলের মধ্যে ফীবাস এগাপোলোর স্থবর্ণ প্রাসাদে গিয়ে উপস্থিত হলো ফীটন। ফীবাস তবন তাঁর হাতির দাঁতের সিংহাসনে মণিমাণিক্যের রামধন্তর মাঝখানে বসে ছিলেন। তাঁর চারদিকে ঘণ্টা, দিন, মাস, ঋতু প্রভৃতি অমাত্যরা দাঁড়িয়ে ছিল। ঋতুদেব বসস্ত কোটা ফুলের মালা গলায় পরেছিল, নগ্ন গ্রীমের পরনে ছিল গাছের পাতা, তার ফলে ছিল ফসলের কুগুল, শরতের রোদেপোড়া তামাটে হাতেছিল ফলের গুছ, শীতের মাথায় ছিল তুষারশুল্ল চুল। এই সব ঐশ্বর্য দেখে ফীটনের চোধ ধাঁধিয়ে গেল। ফীবাসের সিংহাসনের সামনে এগিয়ে যেতে সাহস পেল না। কিন্তু তার সর্বদর্শী পিতা তাকে আপনা থেকেই কাছে ডাকলেন।

ফীবাস বললেন, হে আমার পুত্র, আমার স্বর্গীয় বাসভবনে স্থাগত জানাই তোমাকে।

কথা বলার সময় মাথা থেকে স্থ্রশ্মির মৃক্টটি সরিয়ে রাখলেন কীবাস। কারণ সেই স্থ্রশ্মি দিয়ে গড়া উজ্জ্ব মৃক্টের পানে কোন মরণশীল মাহুক ডাকাডে পারবে না। ফীবাস বললেন, বল পুত্র, কি কারণে তুমি পৃথিবী থেকে এলে এখানে ?

শ্বশ্রশুন কিলোর কীটন এগিরে গেল তার বাবার সিংহাসনের দিকে। তার বাবার মুখে মৃত্ হাসি দেখে উৎসাহ পেল কীটন। সে বলল, মর্ত্যের লোকেরা বিখাস করতে চার না যে সে স্থাদেবতার সম্ভান। স্বতরাং তিনি বেন এবন কোন অপ্রাপ্ত অভিজ্ঞান তাকে দান করেন বা দেখে মর্ত্যের মাছুষরা তাকে তাঁর পুত্র বলে বিশাস করে।

কীবাস-এ্যাপোলো সঙ্গে সঙ্গে বলে উঠলেন, হাঁা, আমি সারা জগতের সামনে মুক্ত কণ্ঠে একণা ঘোষণা করে বলব যে তুমি আমার সন্তান। আমি এই দণ্ড স্পর্শ করে বলছি আমি ডোমাকে এক অন্রান্ত অভিজ্ঞান দান করব। বল, তুমি কি বর চাও ?

কীটন তথন আঁগ্ৰহ সহকারে বলল, হে পিতা, আমাকে যদি আমার ইচ্ছামত বর প্রদান করতে চান তাহলে আমাকে অন্ততঃ একদিনের জন্ত আপনার রথ চালাবার অনুমতি দিন।

একথা শোনার সঙ্গে সঙ্গে এক কালো ছায়া নেমে এল ফীবালের মৃথের উপর। তিনি মাথা নেড়ে বললেন, হে হঠকারী বালক, তৃমি কি চাইছ তা তৃমি নিজেই জান না। প্রথমতঃ তৃমি অপরিণামদর্শী যুবক, তার উপর তৃমি মরপনীল মাহ্য। এ কাজের ভার ভোমায় কোনমতেই দেওয়া যেতে পারে না। এ কাজ দেবতারাই পারেন না ঠিকমত। স্বর্গের সমস্ত দেবতাদের মধ্যে একমাত্র আমিই জলস্ত রথের মধ্যে বলে থেকে আর্গ্রের অশগুলিকে চালনা করি। এ ছাড়া আর অহা যে কোন বর চাও, আমি প্রতিজ্ঞা করছি, আমি অবশুই তা তোমায় দান করব।

কিছ অপরিণামদর্শী হটকারী যুবক ফীটন তার পিতার কোন উপদেশই ভানবে না। তার এই উদ্ধত অসংযত ইচ্ছাপুরণের জন্ত জেদ ধরল ভীষণভাবে। তথন ফীবাস প্রতিজ্ঞা রক্ষার জন্ত তাকে তার ইপ্সিত বর দান করতে বাধ্য হলেন।

স্বৈর আলোকরথের যাতা শুকর সময় হয়ে গেছে। উষাদেবী পূর্বাচল হতে তাঁর গোলাপী রঙের ববনিকা সরিয়ে নিয়েছেন। এমন সময় ফীবাস তাঁর পূত্রকে নিয়ে গিয়ে তাঁর মণিমুক্তাখচিত সোনার রথে বসিয়ে দিলেন। মাত্র একদিনের অন্ত হলেও বিপূল ঐশর্যপূর্ণ এই অলোকিক রথের চালক হতে পারার অপ্রত্যাশিত গৌরব লাভ করে মাথা ঘুরে গেল ফীটনের।

সব তারা আর টাদ সম্পূর্ণরূপে আকাশ থেকে অপসত হলে স্থের রথের যাত্রা হবে শুরু । র: ত্রির বিশ্রামে স্বস্থ এবং অমৃতপানে পুটু ফীবাদের অতিপ্রাক্বত রথাশগুলি হেষারবের ঘারা তাদের প্রস্থতি ঘোষণা করল । ক্ষীবাস তাঁর পুত্রের গায়ে এক পবিত্র ভেল মাথিয়ে দিলেন যাতে সে যাত্রাপপ্রে স্থের প্রথন তাল সহ্ করতে পারে। এর পরেও ফীবাস একবার শেষ বারের মত সাবধান করে দিলেন ফীটনকে। বললেন, এখনো সময় আছে, পুরাণ—ত

ভেবে দেখ বংস। আমার হাতে রথচালনার ভার ছেড়ে দিয়ে ভূমি ভধু এই রথের গতিবিধি অবলোকন করো।

কিন্তু ফীটন কিছুতেই সে কথায় কান দিল না, তথন ফীবাস তাকে কিছু প্রয়োজনীয় উপদেশ দান করলেন। তিনি বললেন, তুমি সব সময় আকানের মধ্যদেশ দিয়ে যাবে। পথের মাঝখান দিয়ে রথ চাসনা করবে। পথের ধারে ধারে ব্যের নিং, সিংহের মুখ, কাঁকড়া বিছের ভুঁড় প্রভৃতি যে সব পশুচিহ্ন দেওয়া আছে সেগুলি এভিয়ে চলবে। বেশী উপরে বা বেশী নিচে রথ কখনো নামাবে না। কারণ রথ বেশী উপরে নিয়ে গেলে স্থর্বের জ্বসন্ত তেজে স্বর্গন্থ দেবতাগণ কন্ত পাবেন। আবার বেশী নিচে নামালে মর্ত্যের মাহম্বরা জালা অন্থভ্যব করবে। আবার উত্তর মেরু বা দক্ষিণ মেরু কোনদিকে যাবে না। মেরুদেশগুলিকে সব সময় পরিহার করে চলবে। এবার পিয়ের রথের উপর বসে রথাখের বল্লা ধারণ করো। তবে মনে রেখা, এই কাজের ঘারা কোন যশ বা সন্মান তুমি লাভ করতে পারবে না। এর ফলে পাবে শুধু ধ্বংস আর শান্তি। এথনো ভেবে দেখ সময় আছে, রথ থেকে নেমে এস। তুমি বরং এথানে দাঁড়িয়ে এ রথের গভিবিধি প্রতাক্ষ করো।

কিন্ত নবংশবনের মদমন্তকায় উত্তপ্ত ও উদ্ধৃত ফীটন একবারও কর্নপাত করল না। দৃঢ় মৃষ্টিতে রথের বল্লা ধরে বসল। থেটিস স্বর্গহার উন্মৃত্ত করে দিতেই সে কোন রকমে পিছন ফিরে তার পিতার প্রতি ধলুবাদের একটা কথা বলে অশ্বচালনা করতে লাগল।

প্রথমে অতি সাহসী ও অত্যংসাহী ফীটন দেখল সকালের কুয়ালার তথনও সমগ্র আকালমণ্ডল সমাছর। পূর্ব দিকের বাতাস তাকে অফুসরণ করে চলেছে। কিছুক্ষণের মধ্যেই রথের গতি তীব্রতর হতেই খাস কট হতে লাগল ফীটনের। তাছাডা রথটির তুলনায় তার ওজন এতই হাল্কা যে রথেটি তার ভারসাম্য হারিয়ে অস্বাভাবিকভাবে তুলতে লাগল। রথের অস্ব চারটি বুঝল আজকের সারথি একেবারে অনভিজ্ঞ। কোন ব্যক্তিযে বল্লা ধারণ করে আছে তা তারা বুঝতেই পারল না। উপযুক্ত চালক না পেয়ে অস্থগুলি ইচ্ছামত যেদিকে সেদিকে ছুটতে লাগল।

এতক্ষণে নিজের ভূল ব্রতে পারল ফীটন। সে ব্রতে পারল কেন ভার পিডা বারবার নিষেধ করেছিল তাকে একাজ করতে। কিছু এখন বড় দেরি হয়ে গেছে। আর কোন উপায় নেই। ভার মাথা ঘূরতে লাগল। তার মুখ্থানা সাদা ক্যাকাশে হয়ে গেল। ভার হাঁটুছটো কাঁপতে লাগল। রখের তিপর সে আর বসে থাকতে পারছিল না। সে যোডাগুলোকে চিৎকার করে কি বলতে লাগল, কিছু ভারা ভার কথা ভনল না। অধ্যের বর্রা বা রন্দিগুলো দিয়ে রথের সঙ্গে নিজেকে বাঁধার চেটা করল। কিছু ভাতেও কোন ফল হলো না।

রথের অখগুলি ক্রমশং নিচের দিকে নামতে লাগল। সূর্য এত কাছে আসায় পৃথিবীর লোক অবাক হয়ে গেল বিশ্বয়ে। আগুনে অলতে লাগল সার। পৃথিবী। টাদ ব্যতে পারল না আজ তার দাদার রখটি এমন এলো-মেলোভাবে চলছে কেন। অবশেষে পৃথিবীর উচু পর্বতের সলে রখটি ধাকা লেগে তাতে আগুন ধরে গেল।

এদিকে স্থ সহসা অনেক কাছে এসে পড়ায় পৃথিবীতে ধ্বংস নেমে এল।
স্থের আগুনে পৃথিবীর সব ঘাস ফসল জলে যেতে লাগল। দাবানলে
দক্ষ হতে লাগল সমস্ত কন। মেঘ থেকে ধোঁয়া বার হতে লাগল। নদীর
জল শুকিয়ে যেতে লাগল। মাটিতে বড় বড় ফাটল দেখা দিতে লাগল।
সমুদ্রের জল পর্যন্ত শুকিয়ে যেতে লাগল। সমুদ্রদেবতা প্সেডন তিন তিনবার
সমুদ্রের গভীর তলদেশ হতে মুখ তুলে উপরে তাকালেন। কিছু স্থের ভেজ
স্থ করতে না পেরে আবার গভীরে প্রবেশ করলেন। সেই জলস্ত ঘূর্ণিবায়র
এক প্রচণ্ড চাপে স্থাইথিয়া ও ককেসাস পর্বতের সমস্ত তুষার গলে
বাপ্ণীভূত হয়ে উড়ে যায়। যে আটলাস অটল অকম্পিত দেহে মনে
এতদিন ধরে পৃথিবীকৈ ধারণ করে রেথেছিল, আজ সেই আটলাসের কম্পিত
কাঁধের উপর থেকে পৃথিবীটা পড়ে যায়। তথন পৃথিবীটার রং হয়ে ওঠে
আগুনের মত লাল। সেদিন পৃথিবীর একটা দিক বেশী পুড়ে যায় এবং
সেট। বাল্কাময় মকভূমিতে পরিণত হয় আর একটা অঞ্চলের মাহ্মরা এত
বেশী তাপ পায় যে তাদের রংটা ঘোর কালো হয়ে ওঠে। তাদের নিগ্রো

মহাপ্লাবনের পর থেকে এত বড় বিপদের সদ্ম্থীন মানবজাতি আর কখনো
হয়নি। বহুকাল আগে একবার পৃথিবীর মাহ্যরা বড় হুই প্রকৃতির অধর্মাচারী
হয়ে ওঠে। তারা পাপ পূল্য কোন কিছু মানত না। তাদের পাপপ্রবৃত্তি প্রবল থেকে প্রবলতর হয়ে উঠেছিল। তখন দেবরাজ জিয়াস আর প্রেছন মিলে
সমগ্র বিশ্ববাপী এক মহাপ্লাবনের স্পষ্ট করেন। সেই প্লাবনে সমগ্র পৃথিবী ভেসে যায়। কোনখানে কোন মাটি পাহাড় বা গাছপালা দেখা যায়িন।
তখন একমাত্র হজন ধামিক ব্যক্তি ভাসতে ভাসতে কুলের সন্ধান পায়। তার:
হলো নিউক্যালিয়ন আর পাইডা।

এদিকে হতভাগ্য ফীটন তথন সব আশা ছেড়ে দিয়ে রথের উপর নতজাহ হয়ে বসে তার বাবা ফীবাস এ্যাপোলোর কাছে তার জীবনরক্ষার জন্ত প্রার্থনা করতে লাগল আকুলভাবে। কিন্তু সমগ্র পৃথিবীর মাহ্য প্রাণভরে তথন স্বাই সমস্বরে ঐ একই প্রার্থনা করছিল বলে ফীটনের কোন প্রার্থনার কথা ভনতে পেলেন না এ্যাপোলো।

তথন যথ্যাহ্ন কাল। ঠিক সেই সময়ে সৰ্বশক্তিমান জিয়াস তাঁর মধ্যাহ্নের দিবানিত্রার অভিভূত ছিলেন। তিনি বিরাট গোলমাল ভনে সহসা জেগে উঠে সব কিছু ব্রতে পারলেন। তিনি ব্রলেন আগে ফীটনকে রথ থেকে সরিয়ে রথের ঘোড়াগুলিকে যুক্ত করতে হবে। তারপর রথের গতি রুদ্ধ হলেই পৃথিবীতে নেমে আসবে অন্ধকার। তাহলেই সব শাস্ত হবে। তাই দেবরাজ্ঞ জিয়াস তার বজ্রপণ্ডটি হাতে নিয়ে তা রথারট ফীটনের উদ্দেশ্যে নিক্ষেপ করলেন। ফীটনের ইতচেতন দেহটি তথন খণ্ড হিখণ্ড হয়ে পৃথিবীর অন্তর্গত ইউরিডেমাস নামক একটি নদীতে পড়ে গেল। সঙ্গে সংক্রের রথের অশ্বগুলি বলামুক্ত হয়ে চলে যেতেই পৃথিবীতে দিবসকালেই অন্ধকার নেমে এল।

ইউরিভেমাস ফীটনের মৃতদেহের ছিন্নভিন্ন অংশগুলি নদীতীরে সমাহিত করতেই ফীটনের মাত। ক্লাইমেন ছুটে এসে পুত্রশাকে ভেঙ্গে পড়ল। ফীটনের ভিন বোনও এসে কাঁদতে লাগল আকুলভাবে। তাদের শোক কোনমতে কোন সান্ধনা না মানায় তারা ভিন জনেই পপলার গাছ হয়ে সেই নদীতীরে নদীর ব্কে যুগ ধরে তাদের চোথের জল কেলে যেতে লাগল। আর ফীটনের মিগনাস বারবার নদীজলে ভুব দিয়ে ফীটনের মৃতদেহের অংশগুলিভালে বলে সে পরে হাঁসে পরিণভ হয়।

পাসিয়াস

সহসা এক ভবিশ্বদাণী শুনে ভয়ে শিউরে উঠলেন আর্গসের রাজঃ এরাক্রিসিয়াস। সে বাণী হলো এই ধে, তিনি তাঁর আপন পৌত্রের হাতে নিহত হবেন। কিন্ধু এরাক্রিসিয়াস ভাবলেন তাঁর সস্তান বলতে মাত্র এক ক্যা দেনা। কোন পুত্রসন্তান তাঁর নেই। স্বতরাং এই ক্যার সন্তানই তাঁর পৌত্র হবে। কিন্ধু এই ক্যার ঘদি ভবিশ্বতে কোনদিন বিবাহ না দেন ভাহলে কোন পুত্র সন্তান হবে না তার গর্ভে, তাহলে তাঁর পৌত্রের ধারা নিহত হবার কোন সন্তাবনাই পাকবে না কোনরূপ।

তবু মনটাকে একেবারে নিশ্চিস্ত করে তুলতে পারলেন না এ্যাক্রিসিয়াস। বলা যার না বিবাহ না হলেও কোন অবৈধ দেহসংসর্গের ঘারা সস্তানবতী হতে পারে তাঁর কল্পা। তাই সে সম্ভানটিকে চিরতরে নিশ্চিফ করে ফেলার জল্প তাঁর কল্পাকে মাটির নীচে একটি গুহান্থিত অন্ধ হার কারাগারে আবদ্ধ করে রাধলেন এ্যাক্রিসিয়াস। সেথানে কোনদিন কোন পুরুষের মুখ সে দর্শন করতে পারবে না।

কিন্ত একটা কৃথা মনে আদেনি রাজা এাক্রিসিয়াদের। তিনি ভেবে দেখেন নি সেই ভূগর্ভন্থ গুহাকারাগারের অন্ধকারে কোন মাহুত্ব যেতে না পারলেও দেবতাদের অগম্য স্থান কোথাও নেই। তাঁরা ইচ্ছামত তাঁদের দেহটিকে লগু ও ক্ষুত্রাভিক্ত করে মাত্র বায়ুপ্রবেশের মত তিলপ্রমাণ ছিন্ত পেলেও তাই দিয়ে কোন রুশ্ব ঘরেও প্রবেশ করতে পারেন তাঁরা।

একদিন এ্যাক্রিসিয়াসের পূর্ণযুবতী অন্ত। ক্সার সক্ষে মিলিভ হ্বার বাসনা জাগল দেবরাজ জিয়াসের মনে। সঙ্গে সক্ষে দেনা ভার অক্ষার কারাগারের মধ্যে দেবল উপরে ঘরের মেবেয় বর্ণবৃষ্টি খেকে সহসা দেবরাজ জিয়াস আবিভূতি হয়ে সক্ষম করলেন ভার সঙ্গে। বাধা দেবার কোন অবকাশ পেল না দেনা।

ৈ সেই সঙ্গমের ফলে গর্ভবতী হলো দেনা। যথাসময়ে সে একটা পুত্রসম্ভান প্রস্ব করল। সেই অবান্ধিত নবজাত সন্তানের প্রথম ক্রন্সন্ধনি তার কর্ণকৃহরে প্রবেশ করার সঙ্গে সঙ্গে সেই পুরনো ভয়টা আবার জেগে উঠল রাজা এনাক্রিসিয়াসের মনে। জেগে উঠল ভয়ঙ্কর এই করাল মুর্ভিতে। তবু দৈবের কাছে এত সহজে হার মানবেন না তিনি। শেষ পর্যস্ত চেষ্টা চালিয়ে যাবেন তিনি। সন্তাব্য বিপদের সব সন্তাবনার স্ত্রজালগুলিকে একে একে ছিল্ল করে নিরাপদ নির্বিদ্ন করে তুলবেন তাঁর জীবনকে।

তবে একটা কাজ তিনি করতে পারলেন না। কক্সার সেই নবজাত সম্ভানের রক্তপাত ঘটিয়ে আপন হাতে হত্যা করতে পারলেন না। তবে তিনি নিজের হাতে কোন রক্তপাত না ঘটালেও একই সঙ্গে সেই অবাস্থিত অবৈধ সন্তান ও তার মাতার মৃত্যে এক অভ্যান্ত অবধারিত উপায় খাড়া করলেন আনে ছেবে। তিনি হুক্ম দিলেন তাঁরে কক্সা আর তার নবজাত সম্ভানকে একটি বড় লোহার সিন্কে ভরে তাতে চাবি দিয়ে সেই সিন্কুটি যেন ঝটিকাক্ষ্ক সমুদ্রের মাঝখানে ফেলে দেওয়া হয়।

কিন্ত দেবরাজ জিয়াস সর্বক্ষণ তাঁর সজাগ দৃষ্টি রেখেছিলেন শপ্রশন্ত্র- সন্ধিনী দেনা আর ভার সন্তানের উপর। ক্ষণকালের জক্ত হলেও তাঁর শরীরভোষিণীরূপে যে নারী তাঁকে দান করেছে এক নিবিড দেহতৃপ্তির পূলক ভাকে তিনি ভূগতে পারেননি। ভাই তিনি সমুদ্রদেবত। প্রেডনকে আদেশ দিলেন সে যেন তৎক্ষণাৎ বড় ধামিয়ে শাস্ত করে ভোলে বিক্ষুর সমুদ্রকে।

সমুদ্র শান্ত হলে সিন্দুকটি স্বাভাবিকভাবে অহক্স তরক্ষমালার আঘাতে উজ্ঞিয়ান দ্বীপপুঞ্জের অন্তর্গত সেরিফস নামে একটি দ্বীপের ক্লে গিয়ে আটকে গেল। সেথানে ডিক্টিস নামে এক জেলে সিন্দুকটি দেখতে পেয়ে তা খুলে দেনা ও তার পুত্রকে উদ্ধার করে তাদের বাড়ি নিয়ে যায়।

দেনার পুত্র পার্সিয়াসকে নিজের ছেলের মত মামুষ করতে থাকে ডিক্টিদ। অবিবাহিত থাকায় দেনা ও তার সন্তানকে বাড়িতে স্থান দেওয়ায় কোন বাধা ছিল না তার। ডিক্টিসের মনে কোন নীচতা বা সঙ্কীর্ণ স্থার্থপরতা ছিল না বলে যুবতী দেনার কাছে কোন অক্সায় প্রস্তাব সেকরেনি কবনও। দেনাকে সে দান করেছিল পূর্ণ স্বাধীনতা আর মর্যাদা।

ভিক্টিদের এক ভাই ছিল। তার নাম পলিভিক্টিস। ভিক্টিদের মন্ত্রার মনটা অন্ত উদার ছিল না। দৈ দেনাকে দেখার সঙ্গে সঙ্গে তার প্রেমে পড়ে গেল.। দেনাকে প্রেম নিবেদন করে তাকে বিয়ে করতে চাইল। কিন্তুদ্দা তার প্রেম প্রতাশ্যান করল। কারণ তার মন শুধু তার সন্তানের চিন্তাতেই পব সময় বিভোর হয়ে থাকত। তাছাড়া দে একদিন দেবতার ভালবাসা পেয়েছে; তার মন কথনো সামাল্ল একজন মান্থ্যের ভালবাসায় তুই থাকতে পারে না। তাছাড়া তার পুত্র পার্সিয়াস এখন এক ভরুণ যুবকে পরিণত হয়েছে। কিন্তু দৈব অন্থাহে সে এই তরুণ বয়সেই যে কোন থেলাধূলা বা সমরকৌশলে অসাধারণ বীরত্বের পরিচয় দিয়েছে। সে চায় না পলিভিক্টিস তার মাকে বিয়ে করুক।

পলিভিক্টিস ভাবল দেনাকে পাবার পথে পাসিরাসই একমাত বাধা। তাই কোনরকমে তাকে সরিয়ে দিতে পারলেই দেনাকে সে করায়ত্ত করতে পারবে সহজে। সে সেরিফস দ্বীপের জমিদার ও স্বার । দ্বীপের সব লোক তার প্রজা। ত্ব প্রিভিক্টিস তার ভাই ভিক্টিস ও দেনার প্রিয়পাত্র বলে সে স্রাসরি পাসিয়াসের কোন ক্ষতি বা তাকে হতা করতে পারল না। সে তাই কৌশলে তার প্রাণহরণের চেষ্টা করতে লাগল।

পলি ভিক্টিদ একদিন পার্দিয়াসকে বলল, আমি পেলপ্স্ এর বলা হিপ্নোডেমিয়াকে বিয়ে করতে চাই। কিছু তার। ধনী, তাদের কাছে গিয়ে প্রেম নিবেদন করার মত আমার কোন উপকরণ নেই। সেরিফদ দ্বীপ খুবই ছোট, আমার প্রজারা গরীব। তুমি যদি একটা ভাল ঘোড়া দিযে আমাকে সাহায্য করো তাহলে বড় উপকার হয়।

পার্দিয়াদ বলল, তুমি জান, আমার ঘোড়া কেনার মত টাকা প্রদা নেই।
তবু তুমি যদি আমার মার পরিবর্তে হিল্লোডেমিয়াকে বিয়ে করতে চাও তাহলে
আমি যে কোন ভাবে দাহায় করব তোমায়। এমন কি রাক্ষদী মেহুদার
মাধাও ভোমায় এনে দিতে পারব।

পলিডিক্টিদ তথন উৎসাহিত হয়ে বলল, তুমি যদি ত৷ এনে দিতে পার, তাহলে যে কোন ঘোড়ার থেকে তা হবে আমার কাছে মূল্যবান বস্ত!

পাদিয়াদও দঙ্গে দঙ্গে রাজী হয়ে গেল।

কিন্তু সে জানত না মেতৃসা রাক্ষণী কত ভয়ক্কর জীব। তারা ছিল বোন। মেতৃসা ছিল ভাদের মধ্যে সবচেয়ে ভয়ক্কর। তার কুংসিত বিক্কত চেহারাটি ছিল বিরাট। তার দাঁতগুলো ছিল অস্বাভাবিকভাবে বড় বড়। ভার মাধার প্রভিটি কেশগুল্ছে ছিল এক একটি বিষধর সাপ। তার ভয়াবহ মুধের দিকে কোন মাহুষ একবার ভাকালেই ভয়ে পাধ্য হয়ে যেত। কিন্তু, এই মেতৃসাকে হত্যা করার সংকল্প করল বীর যুবক পাসিয়াস।

সৌভাগ্যক্রমে এবিষয়ে দেবী এথেনের অন্তগ্রহ লাভ করল পার্সিয়াস।

ভিনি খপ্লে একদিন তাকে আখাদ দেবার পর তাঁর ভাই হার্মিসকে দকে করে নিজে একদিন দশরীরে আহিতৃতি হলেন পার্নিয়াসের কাছে। হার্মিস তাকে দিল একটি বাঁকা তরোয়াল যা শক্রর যে কোন বর্মকে ভেদ করতে পারবে। আর দিলেন পাথাওয়ালা তার এক জ্যোড়া চটি যা পরে সে জলে স্থলে বাতাসে চলতে পারবে। এথেন তাকে দিলেন এক অলৌকিক চাল যা এমন এক আশুর্ব আয়নার কাজ করবে যার সাহায্যে দে মেতুসার মুখপানে না তাকিয়েই তাকে হত্যা করতে পারবে। আর দিলেন ছাগলের চামড়ার এক পলে যার মধ্যে মেতুসার মাথাটা কাটার পর ভরে রাখবে। কারণ মেতুসা নিইত হ্বার পর ভারে কাটা মাথাটা কোন মানুষ দেখলেই তার দেহের সব রক্ত হিম হয়ে যাবে। সে পাথর হয়ে জমে যাবে।

এইভাবে বিভিন্ন প্রয়োজনীয় উপকরণে সজ্জিত হয়ে পার্দিয়াস যাতা। করল উত্তর মেকুর এক বরকের দেশে। যাবারে সময় দেবী এথেনকে বলে গেল তিনি যেন তার মার উপর লক্ষ্য রাখেন, তার মার যেন কোন বিপদ না হয়।

অবশেষে একদিন সেরিফদ দ্বীপের এক পাহাডের চূড়। হতে লাফ দিয়ে উত্তরের মেক অঞ্চলের দিকে বাতাদের মধ্য দিয়ে উত্তে যেতে লাগল শার্মিয়াদ। সেবানে গিয়ে সে দেবল এ এক অভূত দেন। চারদিকে শুরু বরকের পাহাড় আর পাহাড়। আর সেই পাহাড়গুলো দিনরাত এক নিবিড় কুয়াশায় চাকা। দেবা এথেনপ্রত্ত অলোকিক আয়নার সাহায্যে পার্দিয়াদ দেবল তিন বৃদ্ধা বোন জড়াজড়ি করে এক জায়গায় বরফের মধ্যে শুরে আছে। তাদের পাশুলো সাদ। লামে ঢাকা। তার। ছিল হাইপারবোরিয়াদ সম্ভের ধারে। তাদের দেখে পার্দিয়াদের মনে হলে। তার। বহু প্রাচীন কাল থেকে সেখানে পড়ে আছে। তার। বয়দে যুবই বৃদ্ধ। পার্দিয়াদ বৃদ্ধতে পারল না তারা সংখ্যায় তৃত্বন না তিনজন। পার্দিয়াদ দেবল তাদের একটিমাত্র বড় দাঁত আর একটিমাত্র চোথ আছে। এরাই পার্দিয়াদকে বলে দেবে মেহুদা কোৰার আছে।

পার্সিয়াসের মাথায় একটি শিরস্তাণ ছিল। হার্মিস এটি তাকে দেন। এই শিরস্তাণ তার মাথায় থাকলে কেউ তাকে দেখতে পাবে না। সেই শিরস্তাণ সাথায় দিয়ে সেই অতিপ্রাক্ত তিন বৃদ্ধা বোনের কাছে গিয়ে বলল, আমাকে মেছুলা রাক্ষ্ণীদের সঠিক ঠিকানা বলে দাও। তা না হলে তোমাদের একটা চোৰ আর দাও হুটো উপড়ে নেব। তাহলে তোমরা না থেতে পেয়ে মরে বাবে।

অবশেষে মেতৃসারা যেখানে থাকে সেই মায়াবী দ্বীপের পথ তারা বলে দিতেই পার্সিয়াস আবার যাত্রা শুরু করল। এবার পার্সিয়াস দক্ষিণ দিকে এসিয়ে বেতে লাগল। দক্ষিণ দিকে যতই যেতে লাগল ওতই কুয়ালা আর

বরক সব অপসারিত হয়ে সব্জ মাঠ আর বনে ভরা এক রৌদ্রোজ্জন দেশের ছবি ফুটে উঠন ভার চোধের সামনে। নীল আকাশের নিচে চক্চক করভে লাগল অনস্ত প্রসারিত নীল সমুদ্র।

আরও বতই এগিয়ে বেতে লাগল পার্সিয়াস দক্ষিণ দিকে ততই উত্তপ্ত হরে উঠতে লাগল বাতাল। দেখা যেতে লাগল কত বন আর পাহাড়। অবশেষে পার্সিয়াস দেখল তার পায়ের তলায় এক মহাসমূদ্র। সে সম্দ্রের উপর কোবাও কোন জাহাজ বা নৌকো নেই। সেই সম্দ্রের উপর দিয়ে স্থ আর তারকার সাহাব্যে পর্য চিনে একটা দ্বীপে গিয়ে উঠল। যেখানে সেই দ্বাগ্য তিন রাক্ষনী বোন আবহমানকাল থেকে বাস করে আসছে। পার্সিয়াস দেখল তাদের চারদিকে অসংখ্য মায়্য মায়াবিনী মেত্লার মৃধপানে তাকানোর জ্বরু যুগ যুগ ধরে প্রস্তেইটভ্ত অবস্থায় পড়ে আছে।

তথন মধ্যাহ্নলাল। উজ্জন তুপুরের আলোয় পাদিয়াদ দেখল তিন রাক্ষ্মী বোন ঘুমোচ্ছে গভীরভাবে এবং তিনজনের মাঝধানে আছে মেহুসা। মেতৃনার উপর দৃষ্টি নিবদ্ধ করে তাকে দেখতে সাহস পেল না। সে এথেনের দেওরা ঢ¦লটি হাতে ধরে পিছন ফিরে অতি সাবধানে সেই ঢালের ভিতর দিরে মেতৃপার মাখাটা দেখতে লাগল। দেখল মেতৃপা তখনো ঘুমোচ্ছে। তবু তার মাধার সংপর্প চুলগুলো কিলবিল করছে। দেখল মেতৃসার মুখধানা ভয়ক্কর হলেও ফুলর। কিন্তু সে যখন ঘুমের ঘোরে পাশ ফিরছিল তথন দেখা পেল ভার গ'ে মাছের মত পালক আর আঁশ রয়েছে। তার প্রতিটি অক-প্রত্যক্রের শেষে নথযুক্ত থাবা রয়েছে। মুখটা একবার খুলতেই দেখা গেল ভার দাঁভ-গুলে ভীষণভাবে ধারাল। বেশীকণ চেয়ে থাকতে সাহস পেল না পাসিয়াস। कार्रण य कान नमरत्रहे जार घूमरे। एडक यराज भारत अवः म जार तरकत মতলাল চোখগুলোধুলতে পারে। তাই আরে দেরী না করে হার্মিসের দেওয়া বাঁকা ভরোয়ালটি দিয়ে মেতুদার মাণাটা পরিষারভাবে কেটে কেলল এক কোপে। এত ভাড়াতাড়ি ভার মাথাটা কেটে ফেলল যে মেতু**নার এক** ষ্মার্ড চিৎকার ককিয়ে উঠতে না উঠতেই তা তলিয়ে গেল চির নৈ:শব্যের র্মধ্যে। এরপর কালবিলম্ব না করে মেছুদার রক্তাক্ত মাধাটা ভার ছাগলের চামড়ার সেই থলেটার মধ্যে ভরে নিয়ে এক লাকে উঠে পড়ল **শৃত্তে। ভার** কঠ খে:ক আপনা হতে বেরিয়ে এল বিজয়োলাদের ধ্বনি।

এণিকে মেতৃদার আর্ড চিৎকার আর পার্সিয়াদের উরাদের ধ্বনিডে মেতৃদার অন্ত ছই বোনের ঘুম ভেকে গেল। সঙ্গে সঙ্গে ভারা ভাদের পর্বত-প্রমাণ ধারাল পাখা মেলে পলায়মান শক্রর থোঁজ করতে লাগল। কিছ পার্সিয়াস ভখন প্রতিহিংসাপরায়ণ ঐ রাক্ষসীদের নাগালের বাইরে জ্বনেক দ্রে চলে গেছে।

পথে এক বিশাল মহন্মি পেল পাসিয়াস। তৃণগুলাহীন উত্তপ্ত বালুকায়

ভার। সেই বিশাল মক্ত্মির উপর দিরে উত্তে বেতে লাগল সে। পাসিয়াস দেখল তার হাতের সেই চামড়ার থলে থেকে মেতৃদার কাটা মাধার যে তু এক কোটা রক্ত বার হয়ে মাটিতে যেথানে পড়ছিল সেইবানেই গজিয়ে উঠছিল বিষধর সাপ আর কাঁকড়া বিছে।

পার্দিয়াস কিন্তু কোঝাও নামল না। অবশেষে সে পৃথিবীর পশ্চিমাঞ্চলে এসে এটালাসের বাগানের কাছে ক্লান্ত হয়ে একবার নামল। দেখল সেধানে প্রাচীন দৈত্য এটিলাস দিনরাত আকাশটাকে ধারণ করে দাঁড়িয়ে আছে। তার বাগানে কত সোনার আপেল ধরে রয়েছে। বহুমুখী এক ডাগন পাহারা দিছিল বাগানটাকে।

পার্সিয়াস এরাটলাসের কাছে গিয়ে বলল, আমামি জিয়াসের পুতা। একটা বড কাজ করে এসেছি। আমি ভোমার বাগানে একটু বিশ্রাম করতে চাই।

সহসা প্রাচীন এক ভবিষ্যবাণীর কথা মনে পড়ে গেল এনটলাসের। সে ঝুণী হলো এই যে জিয়াসের কোন এক পুত্রই তার বাগানটা নষ্ট করে দেবে।

পার্দিয়াদের কথা ভনে গর্জন করে উঠল এটিলাস। পার্দিয়াস তথন তার
চামডার থলে খুলে মেত্লার মাথাটা এটিলাসের মুখের সামনে তুলে ধরল।
সঙ্গে সক্ষে এটিলাদের বিশাল দেহটা পাথরে পরিণত হয়ে উঠল। তার বিরাট
গ্রীবাদেশ ও দাড়ি তুষারে চেকে গেল। তার বুকের পাঁজরাগুলো।
অরণনাচ্ছাদিত পাথর। তথন থেকে ঠিক সেইভাবে এক বিশাল তুষারকিরীট
পর্বতরপে আকাশটাকে অকান্ত ও অবিচলভাবে ধারণ করে আছে এটিলাস।

এ্যাণ্ড্রোমেডা

এবার পূব দিকে এগিয়ে যেতে লাগল পার্দিয়াস। নিজেকে এবার অজ্ঞেয়
ও অপ্রয়ত ভাবতে লাগল সে। তার কাছে শুধু দেবতাপ্রদত্ত কয়েকটি
অলৌকিক উপকরণই শুধু নেই, শক্রদমনের আর একটি বড় উপকরণ আছে!
সেটি হলো মেত্নার মাথা। সে মাথা যে কোন শক্রকে একবার দেখালেই
সে পাথর হয়ে যাবে চিরতরে। চিরতরে শুরু হয়ে যাবে তার সমস্ত তর্জন
গর্জন।

এবার সেই বিশাল মকত্মি পার হয়ে এটিলালের বাগানটাকে পাশ কাটিয়ে নীল নদীর ধারে গিয়ে পৌছল পার্দিয়াস। সেখানে ইথিওপীয় নামে আশ্চর্য এক ক্লফায় জাতি বাস করে।

তথন সবেমাত ভোর হয়েছে। উণীয়মান স্থের সোনালী আলোর
-এক অভুত দৃভা দেখে ভঞ্জিত হয়ে গেল পার্সিয়াস। দেখল সমূতকৃলে ভর্জ-

বিধৌত এক বিশাল কালো পাথরে পিঠ দিয়ে এক কুমারী মেয়ে প্রতিমৃতির মত নিশ্চল হয়ে দাঁড়িয়ে আছে। তার চোথে জল, তার মাথার চুল বাতাশে উড়ছে।

পার্দিয়াস মেয়েটির দিকে এগিয়ে পেলেও মেয়েটি নড়ল না বা কোন কথা বলল না। তাকে দেখে পার্দিয়াসের প্রথমে মনে হলো মেয়েটি যেন সতিঃই পাথরে গড়া এক মৃতি। কিন্তু তার আরো কাছে এগিয়ে যেতে দেখল তাকে দেখে মেয়েটি লজ্জায় আরক্ত হয়ে উঠেছে। সে তার হাত দিয়ে তার সেই আরক্ত মুখ ঢাকার চেষ্টা কয়ছে। কিন্তু পারছে না। কারণ তার হাত ছটো শিকল দিয়ে সেই পাথরের সঙ্গে বাধা।

একই সঙ্গে মেয়েটির অঞ্চলবিশ্য আর তার শোচনীয় অবস্থা দেখে বিস্ময় ও ব্যথা পেয়ে পার্সিয়াস তাকে বলল, হে স্থান্তী, কেমন করে তোমার এ অবস্থা হলো? যে হাত প্রণয়পুশপ্রিথিত মালার দ্বার বিভ্ষিত হওর! উচিত সে হাত কেন এইভাবে ত্শেছত শুঙালে আবদ্ধ ? তোমার নাম কি ? তোমার জাতি ও বর্গ কি ? মনে রেখে।, এই প্রশ্বত। তোমাকে এই বন্ধন হতে মৃক্ত করতে পারে।

মেষ্টে কথা বলার চেষ্টা করল, কিন্তু অশ্রুতে কঠ ক্ষম হয়ে এল তার। লজ্জায় জডিত হয়ে উঠল জিহ্বা। কিন্তু পার্দিয়াস দেই অন্ধকারের শিরস্ত্রাণ্টি পরল, সঙ্গে সঙ্গে সে অদৃশ্য হয়ে উঠল সহসা মেষ্টের কাছে।

তথন মেয়েটি বলতে লাগল, আমার নাম এনাংগ্রেম্ডা, রাজা সেফিয়াদের একমাতে কলা। সামাল একটা কথার জন্ম আমি এই শাল্ডি ভোগ করছি, অব্ব এক্থা আমার বলা নয়। আমার মাতা কালিওপ একবার অহঙ্কার বশত: বলে ফেলেন আমি নাকি সমুদ্রক্তা নেরেইদ্সের থেকে বেশী স্থলরী। তথন সমুদ্রকারা এ কথায় রেগে গিয়ে সমুদ্রদেবতা পদেডনকে গিয়ে বলে। ভাদের অহুরোধে পদেভন এক ভয়ঙ্কর জলজস্ক পাঠিরে আমাদের সমগ্র রাজ্ঞাকে বিধবস্ত করায়। আমাদের রাজ্ঞার সব লোক ঘর ছেড়ে ভয়ে পালিয়ে যায়। আমার পিতা তথন লিবিয়াতে গিয়ে দৈববাণীর জন্ত এক পণকের কাছে যান। দৈববাণী হধ, আমার পিতামাতাকে তাদের একমাত্র সস্তান আমাকে উৎসর্গ করতে হবে সমুদ্রদেবতার উদ্দেশ্যে। আমার পিতা-মাতার মত ছিল না। কিন্তু রাজোর সব লোক জেদ ধরলে আমার পিতা আমাকে এই নির্জন সমুদ্রকৃলে বেঁধে রেখে যান। এছাড়া নাকি সমুদ্র দেবভার কোপ থেকে আমাদের রাজ্ঞকে বাঁচাবার আর কোন উপায় ছিল ন।। আমাকে এখানে এইভাবে রাখা হয়েছে কারণ এখনি সমূদ্র থেকে এক জলজন্ত উঠে এদে আমাকে গ্রাদে করবে। আমি তাই এখানে অসহায়ভাবে আমার ভয়াবহ শেষ পরিণতির জন্ম প্রতীকা করছি। সেই জলজন্তুটি সূর্যোদয়ের সঙ্গে সঙ্গেই আমাকে গ্রাস করতে আসবে এইমত কথা আছে।

এনাপ্রোমেডার কথা শেষ না হতেই সমুদ্রের জল থেকে এক বিরাটকায় জলজন্ত থাবা তুলল।

পার্দিয়াস বলল, না, তুমি অসহায় নও স্থলরী এনাড্রোমেডা। এই বলে সে তার তরবারি দিয়ে এনাড্রোমেডার হাতের শিকলগুলো কেটে ফেলল অতি সহজে যেন লোহার শিকল নয়, স্থতো। পার্দিয়াস বলল, এই তরবারি নিয়ে যেমন করে রাক্ষণী মেহুলাকে বধ করেছি তেমনি ঐ জন্তটাকেও বধ করব।

এদিকে যে পাহাড়টার পিঠ দিয়ে দাঁড়িয়েছিল এয়তের্যমেভা সেই পাহাড়টার উপরে তার বাবা মা ও রাজেরে সব লোক তার শেষ পরিণতি দেখার জন্ত অপেকা করছিল। জস্কটাকে দেখার সঙ্গে সংস্কৃ তারঃ ভয়ে চিৎকার করে উঠল।

পার্দিয়াস দেখল জস্কটা সতিইে সমুদ্রের তেউ কাটিযে এদিকেই আসছে।
সে তথন আর দেরি না করে চামড়ার পলেটা লোকচকুর বাইরে জলজ
আগাছার মধ্যে চ্কিয়ে রেখে এক লাফে শ্রেড উঠে পড়ল। তারপর সেই
বিকটাকার কালো জস্কটার উপর ঝাঁপিয়ে পড়ে তার নাকা তলোয়ার দিয়ে
জস্কটার মাথাটা কেটে ফেলল এক কোপে। জস্কটা গর্জন করতে লাগল ভীষণভাবে। তার সমস্ত দেহটা কুঁকড়ে গেল। তার রক্তে সমুদ্রের তেউগুলো
সব লাল হয়ে গেল। ভীষণভাবে বিক্তু হয়ে উঠল সমুদ্রের বৃক্টা।

জন্তটাকে বধ করে বিজয়গর্বে এয়াণ্ড্রোমেডার কাছে ফিরে এল পার্দিরাস। এদিকে তার পিতামাতাও তথন নির্ভয়ে পাহাড়ের মাথা থেকে নেমে এদে মেয়ের কাছে দাঁড়িয়েছে। জন্তুর মৃতদেহটা তথনো ভাগছিল সমুদ্রের জলে।

পাসিয়াস এগাণ্ডোমেডার বাবা মাকে বলল, এখন চোখের জল মুছে মেরেকে ঘরে নিয়ে যান। তবে আমি ওকে মৃত্যুর কবল থেকে রক্ষা করেছি, ওর উপর আমার একটা দাবি আছে। আমা হচ্ছি দেবরাজ জিয়াসের
উরসজাত পুত্র। আমার মাতার নাম দেনা।

বিশেষ ক্বভক্ততার সঙ্গে পার্সিয়াসের প্রস্থাবে রাজী হলেন এগ্রাণ্ড্রোমেডার পিতামাতা।

চোথে আনন্দাশ্র নিয়ে তাঁর। পার্দিয়াসকে সাদরে নিয়ে গেলেন তাঁদের রাজপ্রাসাদে। কভার বিবাহোপলক্ষে এক বিরাট উৎসবের আয়েজন করলেন।

এদিকে বিবাহবাসরে নতুন এক বিপদের উদ্ভব হলো। রাজার এক দূর সম্পর্কের আত্মীয় এয়াণ্ডোমেডার পাণিপ্রার্থী ছিল। পানিয়াসের সঙ্গে এয়াডোমেডার বিয়ে হওয়াতে সে ক্ষেপে গিয়ে একদল সমস্ত লোক নিয়ে এসে রাজপ্রাসাদে হামলা শুরু করে দিয়েছে। সে বলল, আমাদের জাতির মেরেকে কোন সাহসে এক বিদেশী এসে বিয়েক্তরে নিয়ে যাবে।

ভৰন পাৰিয়াস বলল, এচাতে মেছা যখন সমূত্ৰকূলে পাহাড়ে শৃংখলিত

অবস্থায় ছিল, আর যথন সেই ভয়ক্কর জ্ঞালজন্তী গ্রাল করতে আনছিল তাকে তথন তুমি কোথায় ছিলে। তোমার মত দরদী প্রণীয়ী এবং আত্মীয় তথন কোথায় ছিল ? তথন আমিই তাকে রক্ষা করেছিলাম।

কিছ ফিলেউদ নামে দেই পাণিপ্রার্থী কোন কথা শুনল না। দে তার সঙ্গে এক বিরাট সমস্ত্র দৈক্তদল এনেছিল। রাজার প্রাসাদ-রক্ষীদলের থেকে তারা সংখ্যার বেশী ছিল বলে তারা হঠাৎ মারামারি লাগিয়ে দিল ভোজ-সভার মধ্যে। ভোজের টেবিলগুলো মামুষের রক্তে ভেসে যেতে লাগল।

পার্নিরাদ প্রথমে চুপ করে ধৈর্য ধরে ছিল। কিন্তু যথন দে দেবল ফিলেউনের দল পুর বাডাবাডি করছে তখন দে মেহুদার মাধাটা থলে থেকে বার করে বলল, আমার যারা বন্ধু ভারা দ্বাই চোধ বন্ধ করে।

একথা শুনে ফিলেউসের লোকরা গ্রাহ্ করল না। পার্নিয়াস তথন মেহসার রক্তাক্ত মাথাটা তাদের চোথের সামনে তুলে ধরতেই তারা যে যেথানে ছিল সোনানই পাথর হয়ে গেল। এই দৃশ্য দেখে ফিলেউস নতজ্ঞান্ন হয়ে ক্ষমা চাইল পার্সিয়াসের কাছে। কিন্তু তাতে কোন ফল হলো না। মেহসার মাথাটা তার চোথে পড়তেই সেও পাথর হয়ে গেল।

একে একে সব বিপদ জয় করে পরিশেষে পার্দিয়াস সেরিফস দ্বীপে কিরে এসে এক তৃঃসংবাদ শুনল। এসে শুনল সে দেশ ছেড়ে চলে যাবার পর তৃর্ত্ত পলিভিক্টিস তার মাকে জাের তার দাসীবৃত্তি করতে বাধ্য করে। ভালবাসার বাপারেও পীড়ন চালাতে থাকে তার মার উপর। তথন তার মা বাধা হয়ে দেবী এথেনের মন্দিরে গিয়ে আশ্রেয় নেয়। কোনরকমে নিজের প্রাণ ও মান বাঁচায়।

পার্দিয়াদ সব কথা শুনে রা:গ কাঁপতে কাঁপতে চলে গেল পলিভিক্টিদের প্রাদানে। পলিভিক্টিদ তথন তার সাঙ্গোপান্দদের নিয়ে ক্তি করছিল। হৈ-হল্লোড় ও হাদিখুনিতে মত্ত হয়ে ছিল পলিভিক্টিদ।

এমন সময় পলি ডিক্টেসের প্রাসাদে গিয়ে অকন্মাৎ হাজির হলো পার্দিরাস।
মেতুসা রাক্ষসীকে বধ করে কোনদিন সশরীরে ফিরে আসবে পার্দিরাস একথা
স্বপ্রেও ভাবতে পারেনি পলিভিক্টিদ। তাই এই অকল্পনীয় ব্যাপারটা
নিজের চোথে দেখে ভূত দেখার মত লাফিয়ে উঠল সে। তার মুখ থেকে
ভুধু একটা কথা বেরিয়ে এল, ভোমাকে যে আবার দেখতে পাব তা ভাবতেই
পারিনি। কই রাক্ষসীর মাথা এনেছ ?

এই মাথাটা দেথাবার জন্ম পার্দিয়াসও যেন প্রস্তুত হয়েই ছিল। পলিভিক্টিসের কথা শেষ হবার সলে সলে 'এই দেখ' বলে থলে থেকে মাখাটা বার করে পলিভিক্টিসের চোথের সামনে তা তুলে ধরল পার্দিয়াস। সলে সলে পলিভিক্টিস আর তার তৃষ্ট পারিষদরা স্বাই পাথর হয়ে সেল টিরদিনের জন্ম।

পলিভিক্টিসের জায়গায় এবার দেনার পুত্র পার্সিয়াসই রাজা হলো সেরিফস দ্বীপের। দেনাও পুত্রগর্বে গবিত হয়ে মন্দির থেকে রাজপ্রাসাদে চলে এল। জানন্দের আবেগে সে তার পুত্রর আসল পরিচয় দিল। বলল, সে আর্গসের রাজার পৌত্র। একথা শুনে আর্গসের রাজা এ্যাক্রিসিয়াসকে দেখবার ইচ্ছা জাগল পার্সিয়াসের। সকে সকে সে আর্গসের পথে রওনা হলো। সে বোঝাতে চাইল তার পিতামহের বিক্লছে তার কোন ক্ষোভ বা অভিযোগ নেই।

এদিকে আর্গসের রাজা এ্যাক্রিসিয়াস পাসিয়াস আর্গসে আসছে একথা ভনে ভয়ে রাজ্য ছেড়ে থেসালীয়দের রাজধানী ল্যারিসায় গিয়ে আশ্রয় নিল। সেধানে তথন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা ছচ্ছিল। আর্গসের পথে যাবার সময় একথা ভনে বীর পার্ফিয়াসও ল্যারিসায় গিয়ে হাজির হলো। যোগদান করল সেধানকার ক্রীড়াপ্রতিযোগিতায়। সব ক'টি প্রতিযোগিতাতেই অসামান্ত ক্রতিত দেখিয়ে প্রথম স্থান অধিকার করল পার্সিয়াস।

সেই অহুষ্ঠানে দর্শকদের সামনে বসে রাজা এ্যাক্রিসিয়াসও খেলা দেখছিলেন। সহসা ভারী জিনিস নিক্ষেপ প্রতিযোগিতার সময় পাসিয়াসের হাত থেকে একটি ভারী জিনিস দৈবাৎ রাজা এ্যাক্রিসিয়াসের মাথায় লেগে যায়। ফলে ঘটনাস্থলেই প্রাণভ্যাগ করলেন বৃদ্ধ এগাক্রিসিয়াস, ভার পিতামহের মৃত্যুর কারণ হয়েছে সে, একথা জানতে পেরে ছঃখে ভেঙে পড়ল পার্সিয়াস। না জেনে কত বড় হীন অপরাধের কাজ সে করে ফেলেছে। যাই হোক, সে তার পিতামহের মৃতদেহটি আর্গসে নিয়ে গিয়ে যথাবিধি শেষক্বত্য সম্পন্ন করল। কিন্তু আর্গসের সিংহাসন হাতে পেয়েও সে সিংহাসনে আরোহণ করতে পারল না পাসিয়াস। এ রাজ্য অন্ত রাজাকে দিয়ে তার বিনিময়ে অন্ত এক রাজ্য সে গ্রহণ করল।

এইভাবে এক অসাধারণ অতিমানবিক বীরত্বের জন্ম অমর হয়ে আছে বীর পার্সিয়াস আর ভার সঙ্গে এড়াভো মেডা, সেফেউস, ক্যাসিওপ এভৃতির আত্মারা আকাশের উজ্জ্বল নক্ষত্তরূপে আজও পথ দেখায় সমুদ্রনাবিকদের।

মেলিগার ও এ্যাটালাণ্টা

ল কৈটোলিয়ার অন্তর্গত ক্যালিভন নামে এক রাজ্য ছিল। দেখানে রাণী এয়ানখীয়ার গর্ভে রাজা ওনেউদের এক পুত্রদন্তান জন্মগ্রহণ করে। রাজা ভার নাম দেন মেলিগার।

শিশুপুত্ত টির বয়স যথন এক সপ্তাহও পূর্ণ হয়নি তথন রাজবাড়িতে একদিন তিনজন বৃদ্ধা এসে হাজির হলো। তারা ছিল থোঁড়া আর লোলচর্মাবৃত। ভারা দিনরাত শুধু চরকায় হতো কাটত। পরে জানা গেল আসলে তারা ভাগ্যদেবী। তাদের কাজ হলো মাহুষের জীবনের স্থতো দিয়ে দিনরাত চরকা কাটা।

একদিন এই তিন বৃদ্ধাবেশিনী নিয়তিদেবী নবজাত শিশুটির উপর ঝুঁকে পড়ে তাকে ভাল করে দেখে একে একে তার ভাগ্য সম্বন্ধে ভবিষ্ণবাণী করতে লাগল। প্রথম বৃদ্ধা বলল, জাতক তার পিতার মতই সদাশর ব্যক্তি হয়ে উঠবে।

দিভীয় বৃদ্ধাটি বলল, জাভক জগদিখাত বীর হয়ে উঠবে।

তৃতীয় বৃহাটি বলল, উনোনের মধ্যে ঐ জ্ঞান্ত কঠিটা যভদিন বেঁচে ধাকবে, যতদিন ওটা সম্পূর্ণ পুড়ে ছাই হবে না ততদিন জাতক বেঁচে ধাকবে।

এই তিন বৃদ্ধা যথন ভবিষ্যন্ধাণী করছিল, তথন শিশুর মা উদ্বেশে আকুল হয়ে সবকিছু শুনছিলেন। বৃদ্ধারা ভবিষ্যন্ধাণীর পর সহসা অন্তর্হিত হয়ে গেলে মা উঠে গিয়ে জ্বলস্ত কাঠটিকে নিবিয়ে দিলেন জল ফেলে। তারপর অর্থদিয় কাঠটিকে ধনরত রাখার একটি গোপন বাজ্যের মধ্যে স্থত্তে রেখে দিলেন।

দিনে দিনে বেড়ে উঠতে লাগল মেলিগার। ভবিশ্বদ্বাণীর কথামত বলবীর্যে হয়ে উঠল অতুলনীয়। এই ধরনের ছেলে যে কোন মায়েরই গর্বের বস্তু। ছেলেবেলা থেকে মেলিগার ছিল যেমন শক্তিমান তেমনি সাহসী। সেকালে রাজ্যের শ্রেষ্ঠ বীররা বহু বাধা বিপত্তি অতিক্রম করে সোনার ভেড়ার লোম আনতে যেতু। যেশন ছিল ও রাজ্যের মস্ত বড় এক বীর। একবার ঠিক হলো যেশন যাবে সোনার ভেড়ার লোম আনতে। তথন মেলিগার বলল, আমিও যাব। এর আগে কথনো তার মত কিশোর বালক এত বড় বিপজ্জনক কাজে যায়নি। কিন্তু কারো কোন নিষেধ শুনবে না মেলিগার। জীবনে কোন ভয়ের বাধা সে মানবে না।

এদিকে মেলিগার দূর দেশে চলে গেলে অকশ্বাৎ এক অনর্থ ঘটে গেল তার বাবার রাজ্যে। রাজা অয়লেউদের উপর অপ্রত্যাশিতভাবে নেমে এল এক দেবীর প্রচণ্ড রোষ। সেবার রাজ্যে খুব ভাল ফদল হওয়ায় দেবতাদের প্রতিও ধয়্যবাদ জ্ঞাপনের জন্ম ধ্যাড়েশোপচারে ও মহাসমারোহে দেবপৃজার আয়োজন করলেন রাজা অয়লেউস। এই উপলক্ষে নেবী দিমেতারের বেদীমূলটি সাজিয়ে দিলেন প্রভূত শশ্মসন্থারে। ভাওনিসাদের উদ্দেশ্যে উৎসর্গ করলেন প্রত্র ক্ষা দেবী এথেনকে উৎসর্গ করলেন পরিত্র ভেল। কিছু একটা বড় ভূল করে ফেললেন অয়লউস। তিনি বনদেবী আর্ভেমিসের উদ্দেশ্যে কিছুই উৎসর্গ করলেন না।

এতে ভীষণভাবে রেগে গেলেন আর্তেমিদ। সরোঘে বললেন, সামার মাহ্য হয়ে এতদ্র স্পর্বা! আমাকে পুজো পর্যন্ত দিল না। দেখি ওকে কে. রক্ষা করে।

এই বলে এক ভয়ক্ষর জন্তদানব পাঠিয়ে দিলেন আর্তেমিস রাজা অয়লেউসের রাজ্যে। দেবে মনে হত জন্তা আসলে এক বক্ত শৃকর। কিছ তা আকারে এতই বড় আর দেখতে এতই ভয়ক্ষর যে তাকে মোটেই সাধারণ শৃকর বলা যায় না। আসলে সেটা ছিল এক রাক্ষপ। এক অতিপ্রাক্তিক ধ্বংসাত্মক জীব। তার চোথগুলো সব সময় জনত জন জন করে। তার মুথে সব সময় ফেনা ভাকত। তার দাতগুলো ছিল ভীষণ ধারাল আর হাতির মত লম্ব। জনপদের মাত্ম তাকে দেখে ভয়ে তার কাছে যেতে সাহস পেত না।

শে জন্ধদানৰ যে বনে বেড়াত সে বনকে বিধ্বস্ত করে দিত একেবারে। যে মাঠের উপর দিয়ে যেত সে মাঠের সব ফদল মাড়িয়ে নষ্ট করে দিত একেবারে। চাষীরা ভার ভয়ে মাঠে চাষ করতে বা বনে ফদ পাড়তে যেতে পারত না। গাছের কল গাছে গেকেই পেকে ও পড়ে নষ্ট হত।

ফোনটিদ থেকে দোনার ভেডার লোম ব। পশম নিয়ে দেশে ফিরে এদে মেলিগার দেখল সারা দেশটা যেন শাশানভূমিতে পরিণত হয়েছে। দেখল কোন ঘরে ফদল নেই, খাল্য নেই, কোন মানুষের মনে কোন নিরাপত্তা নেই।

মনে মনে সংকল্প করে কেবল মেলিগার, এ জন্তুদানবকে সেবধ করবেই।
এজন্ত বহু সাংসী বীর শিকারী আরে শিকারী কুকুরের সন্ধান করতে লাগল
মেলিগার। এইভাবে এক বিরাট দল গঠন করে সে সন্ধান করবে সেই
ভন্তক্ষর জন্তুদানবের। সারা ক্যালিভন রাজের জিলীমানা খেকে সে
শুকরকে চিরভরে বিভাড়িভ করবে।

সেকালে ক্যালিভন দেশে আটালাণ্ট। নামে এক অতি স্থলকা মেয়ে-শিকারী ছিল। তার অস্বাভাবিক ক্রত গতির জন্তা সেলাভ করেছিল দেশ-বিদেশের থ্যাতি। মেলিগার যে শিকারদল গঠন করল তার মধ্যে দে আটালাণ্টাকেও নিলে।

আটালাণ্টা ছিল রাজকলা। তার বাবাও ছিলেন ক্যালিডনের অন্তর্গত এক রাজ্যের রাজা। দে ছিল ক্যারী; তথনো তার বিয়ে হয়নি। আদলে ভার বাবা তাকে দেখতে পারতেন না। তার জন্মের আগে তার বাবা বিশেষ-ভাবে আশা করেছিলেন তাঁর এক পুত্রসন্তান হবে। কিন্তু রাণা ধখন পুত্রের পরিবর্তে এক কল্যাসন্তান প্রসব করেন অর্থাৎ আটালাণ্টার জন্ম হয় তথন রাজা অতিশয় রেগে গিয়ে তাকে পর্বতসংলগ্ন এক বনের মধ্যে কেলে দেন। ঘটনাক্রমে সেই বনের একটি মেয়ে ভালুক শিশুটিকে দেখতে পেরে দর্যাপরবশ হয়ে অপত্যক্ষেহে নিজের ত্থ দিয়ে মাত্র্য করতে থাকে আটালাণ্টাকে। কিছুকাল পরে একদল শিকারী সেই বনে শিকার করতে গিয়ে একটি গুহার মধ্যে একটি ভালুকের কাছে আটালাণ্টাকে শিশু অবস্থায় আবিস্কার করে।

সেই থেকে শিকারীদের মধ্যে থেকে মাহ্ম হতে লাগল। যেমন স্থন্দরী ডেমনি সাহসী ছিল আটালাণী। বৃষ্টি, বাতাস, বড়-বঞ্চাকে মোটেই গ্রাহ্ম করত না। সে খুব ভাল তীর ধ্যুক আর বর্ণার ব্যবহার করতে জানত। তার: প্রস্কৃতিটা এমনভাবে গড়ে উঠেছিল যাতে কোন মিষ্টি কথা শোনার থেকে কোন ভ্রুক্তর পত্তর সম্থীন হতেই সে বেশী চাইড, বেশী ভালবাসত। তার সমস্ত মনপ্রাণ একাগ্র ও একনিষ্ঠভাবে কেন্দ্রীভূত ছিল ভগু শিকারে আর মত সব স্থানি ক্রীড়াপ্রতিযোগিতার চিস্তায়। পুরুষদের সে এই সব কাজের সহকর্মী হিসাবেই দেখত; এ ছাড়া তাদের অক্ত কোন ন্ল্য খুঁজে পেত না। কোন মুবক তাকে এই সব কাজে হারাতে পারত না। সাহস ও শক্তির কোন ব্যাপারে তার সঙ্গে পেরে উঠত না কোন পুরুষ। কোন যুবক যদি কথনো হঠকারিতার সঙ্গে ভাকে প্রেম নিবেদন করত তাহলে সে তার কাছ থেকে এমন কঠিন ও অপ্রত্যাশিত প্রত্যুত্তর পেত যে এ ব্যাপারে এগোবার আর কোন সাহস পেত না।

আটালান্টাকে প্রথম দেখে মেলিগার সঙ্গে বলে উঠল মনে মনে, এমন একজন মেয়েকে সাখী হিসাবে পাওরা সভ্যিই সৌভাগ্যের কথা। সে দেখল আটালান্টার মুখথানা পরিশ্রমী পুরুষের মন্ডই বাদামী রঙের, ভার মাধার চুলগুলো তুদিকে ঘাড়ের উপর শক্ত করে বাঁধা। হাতে তা াব সময়ই ভীর ধন্তক। একটা ধন্তক আর জীরভরা এক তূণ পিঠের উপর ঝোলানো। ভার রোদেপোড়া ভামাটে অকপ্রভাকগুলো কোন বলিষ্ঠ পুরুষের মন্ডই অবাভাবিকভাবে শক্ত।

কিন্তু মেলিগারের দলের অন্থান্থ যুবকরা বলল, এসব কাজ কোন মেয়ের পক্ষে সম্ভব নয়। এই অচেনা অন্তুত মেয়েটিকে সঙ্গে নেবার কোন যুক্তি খুঁজে পাছিল না তারা। এদিকে আটালাণ্টা তার শক্তি ও সাহসের চূড়ান্ত কোন পরিচয় দেবার এমনই একটা স্থযোগ খুঁজছিল। যাই হোক, এ নিয়ে কোন প্রতিবাদ, ঝগড়া বা ভালবাসার কোন স্থযোগ ছিল না। যে জন্তুদানবের দারা তাদের সমন্ত দেশ বিধ্বন্ত, ভীত সম্ভন্ত, তাকে অবিলম্বে বধ করা দ্রকার। ভাই অবিলম্বে সেই উদ্দেশ্যে যাত্রা করল মেলিগারের দল।

আছদানবটাকে খুঁজে বার করতে কোন কট্ট পেতে হলো না তাদের।
ভরা যে বনটাকে লক্ষ্য করে এগোচ্ছিল সেই বনটার ভিতর থেকেই এক
ভয়স্কর হক্ষার ছেড়ে ওদের দিকে গর্জন করতে এগিয়ে এল জন্ধটা।

জন্তাকে ধরার জন্ত চারদিকে জাল পাতা হলো। বিকারী কুকুরগুলোকে চারদিকে সতর্ক করে প্রহরায় নিযুক্ত করা হলো। কিন্তু জন্তুদানবটা যেভাবে ভালপালা ভেকে এগিয়ে আসতে লাগল তা দেখে তাদের লেজ গোটাতে লাগল বিকারী কুকুরগুলো। মেলিগারের দলের গ্রাই তখন তীর ও বর্শা ছুঁড়তে লাগল বৃষ্টির ধারার মত। কিন্তু আটালান্টার বর্ণাটি শর্বপ্রথম

অন্ত্রীর গাটাকে বিদ্ধ করে রক্ত বার করতে সক্ষম হলো।

আঘাত পেরে উন্নত্ত হয়ে উঠল জন্তা। সে তার দাঁত বার করে এমন-ভাবে তাদের দিকে ছুটে এল যাতে মেলিগারের দলের তিন চারন্ধন লোক পড়ে পেল। তাদের একজন একটা ওকগাছের ভালে উঠে পড়ে প্রাণ বাঁচাল। সে গাছের গুঁড়িটাকে তার দাঁত দিয়ে আঘাত করেও কিছু করতে পারল না জন্টা। দলের বেশীর ভাগ লোক এমন এলোমেলোভাবে বর্ণা ও তীর ছুঁড়তে লাগল যাতে তাদের শিকারীগুলোই একটার পর একটা করে আহত হতে লাগল। একজন শিকারী একটা উন্ধত কুড়ুল নিয়ে জন্ধটার মাণাটা লন্ধ্য করে এগিয়ে যেতে যেতে ঘাসের উপর পা পিছলে পড়ে গেল। এদিকে আটালান্টার লক্ষ্য ছিল অব্যর্থ। অগ্রসরমান জন্ধটাকে লক্ষ্য করে সে যে সব ভীর বা বর্ণা ছুঁড়ছিল তা সবই লাগছিল তার গায়ে। যম্বণায় গর্জন করছিল জন্ধটা। বেশ কিছুটা দমে গেল সে।

মেলিগার প্রকাশ্যে বলে উঠল, হে কুমারী, তুমিই আমাদের মধ্যে সর্ব ব্রেষ্ঠ শিকারী।

মেলিগারের একথা শুনে অক্সান্ত শিকারী লজ্জায় মুখ নামিয়ে দ্বিগুণ উভমের সলে আক্রমণ করল জন্তটাকে নতুন করে। পর পর কয়েকটা আঘাত পেয়ে মাটিতে পড়ে গেল জন্তটা। কিছুক্ষণ পর আবার উঠে দাঁড়াল বটে, কিছু টলতে টলতে চলতে লাগল, আর ছুটতে পারল না। তার চোয়াল থেকে লাল টকটকে রক্ত বার হয়ে আসতে লাগল। শুমিত হয়ে এল তার ক্রুদ্ধ কর্মনের স্বর। মান হয়ে উঠল তার জন্ত চোথের আগুন। অবশেষে তার শানিত তরবারিটা আম্ল বসিয়ে দিল মেলিগার। সলে সক্তে রক্তাক্ত দেহে লুটিয়ে পড়ল জন্তদানবটা।

জন্তুদানবটা মরতে না মরতেই মেলিগার তাড়াতাড়ি মাথাটা কেটে ফেলে তার গায়ের চামড়াটা ছাড়িয়ে ফেলল। এই ত্টো সে আটালান্টাকে দিয়ে দিল। আসলে এগুলো ছিল তারই প্রাপ্য, কারণ তারই তরবারির আঘাতে জন্তুদানবটা শেষ নিঃখাস ত্যাগ করে। তবু আজকের এই শিকার-ক্ষণ্ডিযানে বে অসামান্ত কৃতিক দেখিয়েছে আটালান্টা তারই স্বীকৃতি স্বরূপ এগুলো তাকেই দান করল মেলিগার। এতে তার মামা অসস্তোষ প্রকাশ করে বলল, এ পুরস্বার কোন নারীর পক্ষে শোভা পায় না।

এ কথাটাকে অস্থান্থ সর্ধান্থিত শিকারীর। সমর্থন করল। মেলিগারের মা অলথীয়ার তুই ভাই অর্থাৎ তার তুই মামাই আটালান্টার ব্যাপারে অভিশন্ত বৈছত্য দেখাল। এমন কি একসময় তারা তার গা থেকে সেই জিনিসগুলোছিনিয়ে আনার জন্ম হাত বাড়াল। আটুটালান্টাকে অপমান করে তাকে বালাগালি করতে লাগল।

তখন আর চূপ করে থাকতে পারল না মেলিগার। সে তার তরবারিঃ পুরাণ—৪ কোষমুক্ত করে ভার তুই উদ্ধৃত মামাকেই হভাগ করল।

বিজ্ঞানের সব আনন্দকে মান ও সব উল্লাসকে শুক্ক করে দিরে এক কুটিন বিষাদের ঘনক্ষক ছায়া নেমে এল রাজবাড়িতে। ভাইদের মৃত্যুনোক কোনক্রমেই সংবরণ করতে পারলেন না রাণী অলপীয়া। জন্ধানবটার মৃত্যুর খবর পাওয়ার সব্দে সব্দে মন্দিরে ঠাকুরের পুজাে দিতে গিয়েছিলেন অলপীয়া কিন্ত যথন শুনলেন তাঁর হুই ভাই নিহত হয়েছে তাঁর পুজের হাতে ভখন পােকে আকুল হয়ে কাঁদতে লাগলেন। তিনি বৃক্ক চাপড়াতে লাগলেন আর চুল ছি ডিতে লাগলেন শােকে। শােকে উন্মাদ হয়ে উঠলেন তিনি। হত্যাকারী যেই হাকে, হত্যার চরম প্রতিশােধ নেবেন তিনি। সে হত্যাকারী তাঁর আপন পুত্র হলেও তাকে নিস্কৃতি দেবেন না।

সহসা একটা কথা মনে হতেই ঝড়ের বেগে ছুটে গেলেন তিনি ধনরত্ব সংরক্ষণের সেই গোপন জায়গাটায় যেখানে অর্ধদ্ধ কাঠটা লুকোন ছিল। সেই কাঠটা নিয়ে জ্বসন্ত অমিকুত্তের দিকে এগিয়ে চললেন রাণী অলপীয়া। একবার থমকে দাঁড়ালেন। দাঁড়িয়ে কিছুক্ষণ ভাবলেন। কিন্তু মৃত ভাইদের মৃথ দেখে উত্তাল হয়ে উঠল তাঁর অব্ব শোকরালি। তিনি কি করছের তা বেন নিজেই ব্রুতে পারলেন না। ব্রুতে চাইলেন না। কাঠটা কেলে দিলেন তিনি অয়িকুতে। দেখতে দেখতে পুড়ে ছাই হয়ে গেল কাঠটা। সঙ্গে সংকল্প করলেন মনে মনে এ জীবন আর তিনি রাখবেন না। নিজের জীবনও সংহার করবেন তিনি।

এদিকে বাড়ি ফিরে মেলিগার ঘূণাক্ষরেও বুঝতে পারল না তার জীবন-দীপ নির্বাপিত হয়ে আগছে। কিন্তু তা বুঝতে না পারলেও জয়ের কোন আনন্দে বা উচ্ছ্বাসে কেটে পড়তে পারল না সে। বিজয়গর্বে ফুলে উঠল না তার বুকটা।

মেলিগারের হঠাৎ মনে হলো তার সারা গা জলে পুড়ে যাছে। জালা জালা করছে সর্বাদ। তার পা দুটো এত ভারী হয়ে আসছে বে সে বেক্ষুইটিতেই পারছে না। সহসা টলতে টলতে বজ্রাহত এক বিশাল ওকগাছের মত মাটিতে পড়ে গেল মেলিগার। শেষবারের মত নিভে গেল তার জাবনের আলো। কিন্তু মৃত্যুকালে সে একবারও ব্রুতে পারল না তার মৃত্যুক্ব জন্ম তার নিজের গর্ভ-ধারিনী মাতাই দায়ী।

এইভাবে অক্ষরে অক্ষরে ফলে গেল সেই ভবিয়াদ্বাণীটা।

আটালাণ্টার দৌড় প্রতিযোগিতা

ক্যালিডনের সেই ভয়য়য় অতিপ্রাক্বত শ্করটা মেলিগারের হাতে নিহত হ্বার পর আবার তার সেই শিকারী জীবনেই ফিরে গেল আটালাটা। কিন্তু মেলিগারের আকস্মিক মৃত্যুতে নিদারুণ একটা আঘাত পেল মনে। কারণ অসমসাহলী মেলিগারের বীরত্ব মৃগ্ধ করেছিল তাকে। যে মেলিগারের মধ্যে সে এক আদর্শ আকাজ্বিত পুরুষকে জীবনে প্রথম খুঁজে পেয়েছিল, সেই মেলিগারের মৃত্যুতে জীবনে প্রথম একটা অপুরণীয় শৃক্তা বা অভাব অর্ভব করতে থাকে গে। তাই সে শৃক্ত মনে ঘ্রে বেড়াতে লাগল এখানে সেখানে। যে সব শিকারীদের কাছে ও থাকত সেখানে আর গেল না।

এদিকে আটালাণ্টার ক্বভিত্বের কথা তার বাবার কানে গিয়ে উঠল।
মেয়ের এই সব ক্বভিত্বের কথা শুনতে শুনতে আক্ষেপ জাগতে থাকে তাঁর
মনে। যে মেয়েকে একদিন ঘৃণাভরে ত্যাগ করে জনহীন অরণ্যপ্রদেশে ফেলে
দেন সেই মেয়েকে সাদরে ঘরে ফিরিয়ে নেবার জন্ত মন তাঁর ক্রমশই ব্যাকৃল
হয়ে ওঠে। দিনে দিনে অদম্য হয়ে ওঠে এই ব্যাকৃলতা। তথন চারদিকে
মেয়ের থোঁজ করতে লোক পাঠান।

আটালাণ্টার মনেও এখন কোন রাগ বা অভিমান নেই তার বাবার প্রতি। দেও যেন ক্লান্ত হয়ে নির্ভরযোগ্য এক আশ্রয় চাইছিল। এমন সময় সম্পূর্ণ অপ্রত্যাশিতভাবে এক অতুল সৌভাগ্য হাতে এলে গেল আটালাণ্টার। বহু শিকারী-জীবন থেকে উন্নীত হলো সে অমিত ঐশর্ষে বেরা রাজক্রার জীবনে।

কিন্তু ঐশ্বর্য ও আরাম উপভোগের মাঝে এসেও তার মনের কাঠামোটার বিশেষ কোন পরিবর্তন হলো না। সে আর শিকারে না গেলেও নিয়মিড দৈহিক ব্যায়াম করে যেত। যে কোন বিষয়ে দৃঢ়ভাকে সে পছন্দ করে চলত। নারীস্থলভ নরম আচরণ বা গৃহস্থালির কাজকর্ম কাকে বলে তা সে জানত না এবং তাতে কোন আগ্রহও ছিল না তার।

আটালান্ট। রাজকন্তার মর্যাদায় অধিষ্ঠিত হবার পর থেকেই অসংখ্যা পাণিপ্রার্থী আগতে লাগল বিভিন্ন দেশ থেকে। তার বাবা রাজা স্বয়ং তার বিয়ে দিতে চাইলেন। কিন্তু প্রতিজ্ঞা করে বদল আটালান্টা দে সারা জীবন কুমারী রয়ে যাবে। অবলেষে তার বাবার পীড়াপীড়িতে একটা শর্তের অধীনে কিছুটা শিধিল করল তার প্রতিজ্ঞাটা। আটালান্টা বলল, দে বিয়ে করবে ভুগু দেই লোককে যে তাকে দৌড় প্রতিযোগিতায় পরাস্ত করতে পারবে। কিন্তু কোন পাণিপ্রার্থী প্রতিযোগী যদি তাকে পরাস্ত করতে না পারে তবে তাকে মৃত্যুবরণ করতে হবে।

किन्छ अहे नव कर्छात्र विधि नरवं वह यूवक निरक्रानत श्रीरिक

নিমেও আটালান্টাকে পাবার জন্ত সেই ভয়ঙ্কর প্রতিযোগিতায় যোগদান করল। চঞ্চল মুগলিওর মত ক্রতগতিসম্পানা আটালান্টার সঙ্গে কোন যুবকই পেরে উঠল না দৌড়ে। সবাই বলল তার পারের গতি দেবদত্ত। তার উপর দৌড় প্রতিযোগিতায় এক শর্ত আরোপ করেছিল আটালান্টা। প্রতিযোগী-দের নয় ও নিরন্ত অবস্থায় যোগদান করতে হবে অথচ তার নিজের হাতে বর্শা থাকবে। কারণ হিসাবে সে বলল সে নারী এবং এটা তার আত্মরক্ষারই শেষ উপায়মাত্র। কিন্তু একথা মুখে বললেও এ দিয়ে ভিন্ন এক উদ্দেশ্ত সিদ্ধাকরল আটালান্টা। প্রথম দিকে ছোটার পর শেষের দিকে চূড়াস্বভাবে জন্ম পরাজ্য নির্ণীত হবার আগেই তার প্রতিযোগীর নগ্ন গায়ে তার ধারাল বর্শাটা ছুঁড়ে মারত আটালান্টা। আসল কথা তার বিয়েতেই মত ছিল না। কোন পুক্রবকেই সে তার যোগ্য বলে মনে করত না। তাই প্রতিযোগিতার নাম করে পাণিপ্রার্থী যুবকদের এক নিধন্যজ্ঞ শুক্র করে আটালান্টা।

কিন্তু এত যুবকের প্রাণ যাওয়া সন্তেও বন্ধ হলো না এই ভয়ঙ্কর প্রতি-যোগিতা। ব্যর্থ ও নিহত প্রতিযোগীদের মুখগুলো সারবন্দীভাবে টাঙ্গানো থাকলেও তা দেখে শিক্ষা হত না অত্যুৎসাহী পাণিপ্রার্থীদের।

অবশেষে এল হিপ্নোমেনেদ নামে এক যুবক। এই ধরনের দৌড় প্রতি-যোগিতায় বিচারক হিদাবে কাজ করার পর অবশেষে আটালাণ্টাকে পাবার জন্ম নিজেই প্রতিযোগী হয়ে এল হিপ্নোমেনেদ।

কিন্তু আসার আগে বিশেষভাবে তৈরি হয়ে আসে হিপ্লোমেনেস। সে তার পায়ের গতি ও শক্তির উপর নির্ভর করতে পারেনি সম্পূর্ণ। সে তাই প্রতিযোগিতার আসার আগে দেবী আফ্রোদিতের কাছে কাতরভাবে সাহায্য প্রার্থনা করতে থাকে। তার আরাধনায় সন্তুষ্ট হয়ে দেবী তাকে তিনটি সোনার আপেল দান করেন। নারীর মনের সব খবর দেবী জানতেন বলেই তিনি এইগুলি যথাসময়ে প্রয়োগ করার জন্ম তা দেন।

যথাসময়ে প্রতিষোগিতা শুরু হলো। তুজনেই ছুটে যেতে লাগল লক্ষ্যে দিকে। কিছুক্ষণ ছোটার পর একটা সোনার আপেল পথের উপর ফেলে দিল হিপ্নোমেনেস। আটালান্টা বিশ্বয় ও কৌতৃহলের বশবর্তী হয়ে তা কুড়িয়ে নিল। আরো কিছুদ্র যাবার পর আবার একটা সোনার আপেল ফেলে দিল পথের উপর। আবার আটালান্টা সেই ভাবে কুড়িয়ে নিল সোনার আপেলটা। লক্ষ্যের কাছে যাবার সঙ্গে দেষ আপেলটি পথের উপর ফেলে দিল হিপ্নোমেনেস। সেটিকেও কুড়িয়ে নিল আটালান্টা। আর ঠিক সেই অবকাশে লক্ষ্যে গিয়ে পৌছল হিপ্নোমেনেস।

এইভাবে নিজের হাতে পাতা জালে নিজেই জড়িয়ে পড়ল আটালান্টা।
আর কোন অজুহাত থুঁজে না পেয়ে হিস্পোমেনেসকে বিয়ে করতে বাধ্য হলে।
সে। হিস্পোমেনেস ভেবেছিল আটালান্টার মনটাকেও জয় কয়ে কেলবে।

কিছ আটালান্টাকে নিয়ে বেশীদিন স্থভোগ করতে পারল না সে। দেবী আফ্রোদিতের রূপায় ও প্রত্যক্ষ সাহায্যে সে জয়লাভ করে এবং আটালান্টার মত মেয়েকে লাভ করে। প্রতিযোগিতায় জয়ী হবার পর দেবীকে প্রজা দেওয়া তো দ্রের কথা, তাকে একবার মনে মনে শ্বরণ করে ধয়্রবাদও জানাল না। এতে কৃপিত হয়ে দেবী হিপ্লোমেনেস আর আটালান্টা তৃজনকেই একজ্যাড়া সিংহে পরিণত করে তাঁর রথে সংযোজিত করলেন।

নিয়তি দেবী

জিয়াস যথন স্বর্গলোক অলিম্পাসের সিংহাসনে অধিষ্ঠিত হয়ে ব্রিভ্রুবনের সর্বয়য় কর্তৃত্বভার গ্রহণ করেন তথন তিনি নিজেকে অস্তান্ত দেবদেবীর মত নিয়তিদেরও নেতা হিসাবে ঘোষণা করেন। কিন্তু নিয়তিরা তাঁর সন্তান—এ দাবি করেননি বা অস্ত পুরাণকারেরাও করেন না। এই নিয়তিদের নাম হলো ক্রোদো, লাচেদিস আর আব্রোপস। এরা তিনজনেই এরেবাসের সন্তান। এরা তিনজনেই সাদা পোষাক পরতেন। এই তিন বোনের মধ্যে আব্রোপসই ছিলেন স্বচেয়ে ভয়য়র।

মানবজগতের সব সস্তানদের জীবনের সব গতিপ্রকৃতি এদেরই দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে। কোন নবজাতকের জন্মের সঙ্গে সঙ্গে এই তিন বোন এসে হাজির হন। ক্লোদোর হাতে থাকে একটা চরকা। তাতে সে তার পরমায়ূর স্থতে। কাটে। ল্যাচেসিসের হাতে আছে মাপের ক্ষিতে। তাই দিয়ে সে সেই স্থতোর দৈর্ঘ্য মেপে দেখে। আর আত্রোপসের হাতে থাকে একটা কাঁচি যা দিয়ে ইচ্ছামত যে কোন নবজাতকের জীবন কেটে কমাতে পারে। এই নিয়তিদেবীর। মাহুষের জন্মের দিনেই ঠিক করে দেন নবজাতক ভবিগ্যতে কি ধরনের মাহুষ হয়ে উঠবে। তবে মাহুষ নাকি নিজ্মের বৃদ্ধি ও বিচারশক্তির সাহায্যে ছোটথাটো কিছু বিপদ্যপদ এড়াতে পারে। তবে প্রধানতঃ তাদের জীবন নিয়তিদের বিধান বা নির্দেশিত পথ ধরেই চলে।

অনেকে বলেন নিয়তিদের বিধান দেবলোকেও সমানভাবে প্রযোজ্য।
স্বাং দেবরাজ জিয়াসও নিয়তির বিধানকে এড়িয়ে যেতে পারেন না। কিছ
অনেকে আবার একধায় বিশ্বাস করেন না। তাঁদের মতে সর্বলক্তিমান
জিয়াসের ক্ষেত্রে নিয়তির বিধান থাটে না। তিনি নিয়তির বিধানকে উন্টে
দিয়ে ইচ্ছামত যে কোন মাহুষকে জীবন বা মৃত্যু দান করতে পারেন।
কম বয়সের নবীন দেবভারাও নিয়তিদেবীদের ভেমন মেনে চলে না। একবার
এগাপোলোর এগাডমেনাস নামে এক বন্ধুর মৃত্যু হয়। নিয়তিরা তার
ক্রীবনকে কেড়ে নিয়ে যাবার আগেই নিয়তিদের মদ ধাইরে মাতাল করে রেশে

(पन अग्रात्भारमा।

বীসদেশের ডেলফিতে নাকি ৩খু তৃজন নিয়তিদেবীর পুজো হয়। একজন ক্ষের দেবী আর একজন মৃত্যুর দেবী। এপেজে আবার দেবী। আক্রোদিতেকে সবচেয়ে প্রধানা নিয়তিদেবী হিসাবে গণ্য করা হয়। আনেকে আবার বলেন নিয়তিদেবীরা হলেন 'নেসেসিটি' বা প্রয়োজনের অধিষ্ঠাত্তী। দেবীর সন্তান।

জেসন

তৃষারাচ্ছর পেলিয়ন পর্বতের একটি গুহায় সেণ্টরদের মধ্যে সবচেয়ে প্রাচীনও সবচেয়ে বিজ্ঞা শেইরণ বাস করত। সেণ্টররা হলো অভূত এক প্রাণী—
ভাদের অর্থেকটা ঘোড়ার মত আর অর্থেকটা মাহুষের মত। শেইরণের দেহের
নিচের অংশটা বিকল হয়ে গেলে তার সাদা চূলদাড়িতে ভতি মাথাটার মধ্যে
বৃদ্ধি বেড়ে যায়। তার জ্ঞান আর অভিজ্ঞতা ঘটোই বেশী ছিল। তার
হাতে সব সময় থাকত একটি সোনার বীণা। সেই বীণাটা সব সময় বাজাত।
আর তার কাছে বছ লোক পরামর্শ নিতে যেত। সে তাদের সঙ্গে মাহুষের
মতই কথা বলত।

শেইরণের খ্যাতি দেশে বিদেশে ও দ্র দ্রান্তে ছড়িয়ে পড়ে। তথু
সাধারণ মাহ্রব নয়, বড় বড় রাজা মহারাজারাও নীতি উপদেশ গ্রহণ করতে
আসত শেইরণের কাছে। তার কথামতই রাজারা তাঁদের ছেলেদের মাহ্র্য্য করে তুলতেন। শেইরণ তাঁদের যে সব শিক্ষা দিত তার মধ্যে ছিল কর্তবাশেরাগতা, দেবতাদের প্রতি ভজি, বৃদ্ধদের প্রতি শ্রদ্ধা, এবং হুথে তুংথে পরস্পারের প্রতি সহযোগিতা। তাছাড়া শেইরণের রোগ নিরাময়ের ক্রমতা ছিল অসাধারণ। এ বিভা সে শেথে এসক্যালাপিয়াসের মুখ থেকে। শেইরণ সকলকে নাচ গান, কৃত্তি ব্যায়াম, পর্বতারোহণ, শিকার প্রভৃতি শেখাত। এছাড়া সবচেয়ে বড় একটা জিনিস শেখাত শেইরণ। সেটা হলো বে কোন বিপদকে হাল্ম মুখে পরিহাস করতে। সে স্বাইকে বলত, তোমরা গ্রীম্মকালে যেমন সহজে স্ক্রুদেশ শীতল জলে ঝাঁপ দাও, তেমনি শীতকালেও তীক্ষ তুষারঝড় সহু করতেই হবে। আলম্যকে স্বপ্রকারে পরিহার করে চলতে হবে।

অনেকে আবার তাদের ছেলেদের ভালভাবে মাত্র্য করার জন্ম তার কাছে রেখে যেত। স্থতরাং যে সব রাজকুমার ও যুবক শেইরণের প্রত্যক্ষ শাসনাধীনে মাহ্র্য হত তারা সভিত্রই ভাগ্যবান। তাদের দেহ্মন, স্বাস্থ্য, চরিত্র একই সলে স্থাঠিত হয়ে উঠত। তারা সব দিক দিয়ে শাসন্কার্যের উপযুক্ত হয়ে উঠত। এই সৰ ভাগ্যবান যুবকদের মধ্যে ছিল জেসন। বংশগডভাবে জেসন ছিল রাজপুত্র। কিছ তার বাবা লসনের হাতে তাঁর রাজ্য তথন ছিল না। তাঁর ছুই প্রকৃতির ভাই পেলিয়াস তাঁর রাজ্য জোর করে কেড়ে নের। তথু ভাই নর, পেলিয়াস তার আতৃস্পুত্র জেসনকে শৈশবেই হত্যা করার চেষ্টা করে। কিছ লসন তার সেই অভিসন্ধির কথা আগে থেকে ব্রুতে পেরে ভাকে শেইরণের গুহাতে রেখে আসে। পেলিয়াস ঘুণাক্ষরেও ব্রুতে পারেনি ভার অলক্ষ্যে অগোচরে তার পরম শক্র বেড়ে উঠছে ধীরে ধীরে।

এদিকে শৈশব থেকে জেপন শেইরণের গুহাতে প্রতিপালিত হয়। জ্ঞান হওয়ার পর থেকে তাকে কিন্তু তার বংশ পরিচয় জ্ঞানানো হয়নি। সে নিজেকে পিতৃমাতৃহীন অনাধ বলেই জ্ঞানত।

দেখতে দেখতে বাল্য থেকে যৌবনে পা দিল যখন জেসন তথন শেইরণ তাকে তার বংশপরিচয় দান করার প্রয়োজন অহুভব করলেন। সেই সলে ভার মহান কর্তব্যের প্রতিপ্র সচেতন করে দিতে চাইলেন তিনি।

শেইরণ একদিন সভ্যি সভিয়ই সব কিছু খুলে বলল জেসনকে। বলল কিন্তাবে তার কাকা পেলিয়াস তার বাবার রাজ্য জোর করে কেড়ে নিয়েছে, কিন্তাবে তার শৈশবে তাকে হত্যার ভয় দেখিয়ে তাকে অজ্ঞাতবাসের পথে ঠেলে দিয়েছে। আরও বলল তাকে কিন্তাবে সে প্রতিশোধ নেবে তার কাকার উপর।

আধার নষ্ট করার মত সময় নেই। এখনই বার হতে হবে তাকে, কারণ সে এখন বড় হয়েছে। বিদায়কালে শেইরণ তাকে উপদেশ দিয়ে বলল, শক্রুর সামনে নির্জীক হবে ঠিক, কিন্তু মনে রেখো তুমি রাজার ছেলে। স্থাত্রাং উদার মন নিয়ে তুমি সকলের সঙ্গে সদয় ব্যবহার করবে।

আর দেরি না করে কোন এক উজ্জন সোনালী সকালে যাত্রা শুরু করল জ্বেসন। পাহাড়ী ঢল বেয়ে সমতলভূমির পথে নেমে যেতে লাগল সে। ভার পরনে ছিল ভারই ধারা নিহত এক সিংহের চামড়া দিয়ে ভৈরি এক হালকা পোষাক। ভার পায়ে ছিল নতুন চটি। ভার লম্বা চুলগুলো যাভাসে উড়াছল। কত পাহাড় পার হয়ে কত পাইন বনের শীতল ছায়ার তলা দিয়ে, কত কাঁটা কোপের উপর দিয়ে কত কট করে এগিয়ে চলল জ্বেসন। এসব পাহাড়, গাছ, বন, সব ভার চেনা। ভার শিক্ষা ও দীক্ষাগুরু শেইরণ ভাদের হাতে ধরে সব শিথিয়েছে।

পার্বত্য এলাকা পার হয়ে সমতলভূমিতে এসে অনেক সব্জ ফসলভর।
মাঠ দেখল জেসন। দেখল কত নদী। এমনি একটি জলভরা নদীর ধারে
এসে শমকে দাঁড়াল সে। হঠাৎ দেখতে পেল নদীর ধারে বসে একটি লোলচর্মা বৃদ্ধা তুলে তুলে ভুধু একটা কথাই বলছে, আমাকে কে পার করে দেবে ?
বৃদ্ধাকে দেখে প্রথমে দ্বণা জাগল জেসনের মনে। দেখল পাহাড়ের

বরক্ষণনা অলে পৃষ্ট কানায় কানায় ভরা বেগবাদ নদীটা পার হওয়া ভার পক্ষেই শক্ত ; ভার উপর এই বৃদ্ধাকে পার করা অভিশয় কটকর হবে ভার পক্ষে। কিন্তু প্রথমে একথা মনে হলেও পরক্ষণে নিজের ভূল বৃষ্টে পারল জেসন। ভার গুরু শেইরণের কথাটা মনে পড়ল সলে । শেইরণ ভাকে বলে দিয়েছে সে যেন সব সময় পরের উপকার করার চেষ্টা করে।

জেসন ভাই বৃদ্ধার কাছে এগিরে গিরে বলল, আমি ভোমাকে ওপারে বয়ে নিয়ে যেতে পারব। ওঠ বৃড়িমা। দেবভারা দয়া করলে আমি ঠিকই ভোমাকে পার করে দেব।

আর কোন কথানা বলে বৃদ্ধাটি জেগনের পিঠের উপর একলাকে উঠেবসল। তারপর তৃহাত দিয়ে তার গলাটা জড়িয়ে ধরল। জেসনও সঙ্গে সঙ্গেনদীর জলে ঝাঁপ দিল। পিঠে ভারী বোঝানিয়ে অতি কটে কোন রক্ষে সাঁতার কেটে যাচ্ছিল জেসন। তবু বৃদ্ধা প্রায়ই অভিযোগের স্থরে বলছিল জেসন নাকি তাকে ভিজিয়ে দিচ্ছে। মাঝে মাঝে ভয়ে চিৎকার করে উঠছিল বৃদ্ধা।

বৃদ্ধা জেসনের গলাটা এমনভাবে জোরে চেপে ধরল যে সে কথা বলতেই পারছিল না। তবু সে বলল, ছটফট করো না, শাস্তভাবে ধরে থাক।

জেসন একবার ভাবল সে বৃদ্ধাকে জলে ফেলে দিয়ে একাই সাঁতার কেটে ওপারে গিয়ে উঠবে। কিন্তু সলে সলে ভাবল এটা ঠিক হবে না। ভাই স্রোভের সলে সংগ্রাম করে ওপারের দিকে এগিয়ে চলল।

অবশেষে ওপারে গিয়ে নদীতীরের দাসের উপর বৃদ্ধাকে নামিরে দেবার আগেই বৃদ্ধা নিজেই লাফ দিয়ে সহস্ত মাহুষের মত নেমে পড়ল। জেসন তার দিকে তাকিয়ে বিশ্বয়ে হতবাক হয়ে গেল। দেখল যাকে সে বহন করে নিয়ে এসেছে সে একজন আসলে লোলচর্মা উত্থানশক্তিরহিত বৃদ্ধা নয়, সালক্ষরা এক পরমান্তন্দরী রমণী।

বিশ্বয়াবিষ্ট জেসনকে নিজের পরিচয় নিজেই দিল সেই রহশুময়ী নারী। বলল, আমি স্বর্গের রাণী হেরা। তুমি ঝামার পরিচয় নাজেনেই আমার উপকার করেছ। দরিজ্ঞ ও অসহায় ব্যক্তির প্রতি ভোমার এই দ্য়ামায়া কথনই বুধা যাবে না। ভোমার কোন দরকার পড়লে আমাকে শ্বরণ করে।। দেশবে দেবদেবীদেরও ক্বভঞ্জভাবোধ আছে।

সকে সকে নতজাত হয়ে ক্ষমাভিকা করতে লাগল জেসন। বিশ্ব মুখ তৃলো দেখল তার মাধার উপরে বহু উর্ধে একখণ্ড সোনালী মেঘখণ্ড ছাড়া অর কিছুই দেখা যাচ্ছে না। সে সেই নদীতীরে সম্পূর্ণ একা। এক নতৃন আশার উদীপিত হয়ে উঠল তার সমন্ত মনপ্রাণ। গর্বে ও গৌরবে ফুলে উঠল তার বৃক।

আবার তার লক্ষ্যন্তলের দিকে এগিয়ে চলল জেসন। দূরে আওলকর

শহরের অসংখ্য অট্টালিকা বা হর্মরাজির শীর্ষদেশ দেখা যাচ্ছিল। কিন্তু তথন পথ চলতে কট্ট হচ্ছিল তার। কারণ নদীর জলে সাঁতার কাটার সময় তার এক পায়ের চটি পড়ে যায় জলে। পরে খালি পায়ে চলতে গিয়ে একটি পাধরে ঠোকর থেয়ে পায়ের একটা আঙ্গল কেটে যায়। জেসন তথন কিছু কচি পাতা দিয়ে পাটা বেঁধে রাখে।

অবশেষে সারাদিন ধরে পথ চলার পর সন্ধার দিকে আওলকস শহরে পৌছল জেসন। আসলে এটা তার বাবার রাজ্য জোর করে যে রাজ্য ভোগ করছে তার কাকা পেলিয়াস। অথচ এ রাজ্যের কোন লোক তাকে চেনে না। তথু তার স্থন্দর চেহারাটার দিকে স্বাই চেয়ে থাকে অবাক হয়ে।

একটা পায়ে চটি আর পুরনো ময়লা পোষাকপরা চেহারাটা নিয়ে ক্লান্ত পায়ে রাজপ্রাসাদের দিকে এগিয়ে যেতে লাগল জেসন। গিয়ে দেখল এক ভোজসভায় পেলিয়াস পানাহারে মত্ত হয়ে আছে। কিন্তু পেলিয়াস লানেনা এক দৈববাণীতে অনেক আগেই বলেছে একপাটি চটিপরা এক অচেনা লোকের হাতে তার রাজ্য হারাবে পেলিয়াস।

জেসন সোজা পেলিয়াসের সামনে গিয়ে তার পরিচয় দিয়ে বলল, আমি ঈসনের পুত্র জেসন। আমি এই রাজ্যের উপর আমার অধিকার উদ্ধার ও প্রতিষ্ঠিত করতে এসেছি।

কথাটা শোনার সঙ্গে সঙ্গে ভবে মুখটা ভকিয়ে গেল পেলিয়াসের। শঠতা আর নিষ্ঠবতার সঙ্গে সঙ্গে একটা ভয় তার অস্তরে গোপনে বাসা বেঁধে থেকে তাকে বিব্রত করে তুলত সব সময়। তবু নিজেকে সামলে নিয়ে এক কৌশল অবলম্বন করল স্বচতুর পেলিয়াস। সে জেসনকে সাদরে ভোজসভায় নিয়ে গিয়ে বলল, আজ থাও দাও বিশ্রাম করো। আগামী কাল এক শাস্ত অবকাশে রাজ্য সম্বন্ধ কথাবার্তা হবে। তুমি আমার শ্রাত্মপূত্র। এতদিন তোমাকে মৃত বলেই জানতাম। দীর্ঘ দিন পর তুমি কিরে এসেছ। স্বতরাং এই আনন্দ উৎসব উপভোগ করো।

সরল প্রকৃতির জেসন তার কাকার কথায় মুগ্ধ হয়ে তার সব কথা বিখাস করল। পেলিয়াসের মেয়েরাও তাকে ঐ কথাই বলল। সে ভাবল তার কাকা সতিটে ভাল লোক। তার বাবার রাজ্য অপহরণকারী হিসাবে তাকে অকারণে বদনাম দেওয়া হয়েছে। সে তাই তার কর্তব্যের কথা সব ভূলে গিয়ে পানাহারে মত্ত হয়ে চারণকবিদের গান শুনতে লাগল।

চারণকবিদের একটি গানের কথা তার চিত্তকে স্পর্শ করল। গানটি ছিল সোনার পশম সম্বন্ধে। এ গানের কাহিনীটি বড় অস্তুত। কিভাবে এক রাজপুত্র ফ্রিক্সাস আর তার বোন রাজকলা হেল ভাদের বিমাতা দ্বারা উৎপীড়িত হয় নির্মমভাবে এ কাহিনীতে ছিল ভারই কথা।

কোন এক দেবভার স্থপায় ফ্রিক্সাস আর হেল ছুজনেই কোন রকমে

ভাদের বিমাতার কবল থেকে নিজেদের মুক্ত করে একটি সোনার ভেড়ার উপর চেপে পালিয়ে যাচ্ছিল দূর দেশে। ভাদের তুজনের মধ্যে হেল জলে ছলে ধাবমান ভেড়াটির উপর চঞ্চলভাবে নড়াচড়া করায় একটি সমুদ্র পার হওয়ার সময় এক জায়গায় পড়ে যায় ভেড়াটির পিঠ থেকে। সেইখানেই ভার প্রাণবিয়োগ ঘটে। আর ভার নাম অমুসারে সেই জায়গার নাম হয়, হেলেসপট। কিন্তু ফ্রিক্সাস সেই অন্ধকার সমুদ্র ইউকজাইন নিরাপদে পার হয়ে ভার লক্ষ্যস্থল কোলবিসে পৌছায়।

কোলবিসে গিয়ে দেবরাজ জিয়াসের উদ্দেশ্যে সেই সোনার জেড়াটিকে বলি দেয় ফ্রিক্সাস। তারপর তার সোনার পশমগুলিকে একটি নদীর ধারে একটি গাছের ভালে ঝুলিয়ে রাখে। পরে ফ্রিক্সাস সেইখানেই বাস করতে লাগল। পরবর্তী কালে সেখানেই সে মারা যায়।

ক্রিক্সাসের মৃত্যুর পর সেই সোনার পশম রক্ষা করার ভার নিল কোল-বিসের রাজা ঈটিস। দৈববাণী হয় ঈটিস যতদিন সেই পশম রক্ষা করতে পারবে ততদিনই সে বেঁচে থাকবে। এ ব্যাপারে ঈটিসকে সাহায্য করবে বিষধর এক বিরাট সাপ। যাতে গাছের উপর ঝোলানো সেই সোনার পশম কোন লোক চুরি করে নিয়ে যেতে না পারে ভার জন্ম দিনরাত সর্বক্ষণ এক অতন্ত্র প্রহরায় নিযুক্ত থাকবে সেই সাপটি। ফলে কোন বীর সাহস করত না সেথানে যেতে।

এদিকে যভদিন না কোন বীর গিয়ে সেথান থেকে সোনার পশম এনে গ্রীসদেশে ফ্রিক্সাসের আত্মীয়য়জনকে দেবে ততদিন ফ্রিক্সাসের আত্মা মুক্তি পাবে না।

এ বিষয়ে জেসনকে অনুপ্রাণিত করার জন্ম পেলিয়াস চারণকবিদের এই গান করার নির্দেশ দেন। এই গান শেষ হবার সঙ্গে সঙ্গে পেলিয়াস জেসনের সামনে বলল, অতীতে একাজ করার সাহস ও শক্তি আমার ছিল। সব বিপদকে জয় করে সেই সোনার পশম আমাদের দেশে আনতে পারতাম। কিন্তু এখন আমি বৃদ্ধ; সে শক্তি আমার নেই। আজকালকার যুবকরা ভীক। তাদের এ ধরনের সাহস বা শক্তি নেই।

সহসা চোথ তৃটো উজ্জ্ল হয়ে উঠল জেসনের। সে লাফ দিয়ে উঠে দাঁড়িয়ে বলল, আমি বাব সেই সোনার পশম আনতে। আমি তা আনবই তাতে যদি আমার জীবনও চলে যায় ত যাবে।

সকে সকে জেসনকে বুকে জড়িয়ে ধরল চতুর পেলিয়াস। এক ফুত্তিম গর্ব ও আনন্দে ফুলে উঠল তার বুকটা। মনে মনে প্রচুর খুলি হলো পেলিয়াস। ভাষল, জেসন সোনার পশম আনতে গিয়ে নিশ্চয় মারা যাবে। কারণ এ কাজ কারো ঘারা সম্ভব নয়। আর জেসন মারা গেলে তার সিংহাসন হবে সম্পূর্ণরূপে নিম্কটক।

রাজিতে হঠাৎ ঘুম ভেলে যাওয়ায় একা একা ভাবতে লাগল জেসন। ঠাওা মাধায় ভাবতে গিয়ে নিজের হঠকারিতাটা নিজের কাছেই প্রকট হয়ে উঠল। সে বেশ ব্রুডে পারল ভাবনা চিস্তা না করে পেলিয়াসের কথায় এই অভিধানে রাজী হওয়া উচিত হয়নি তার। কিন্তু সঙ্গে সঙ্গে গেলটর শেইরণের কথাটাও মনে পড়ে গেল তার। শেইরণ তাকে বারবার বলে দিয়েছে সে যেন কোন প্রতিশ্রুতি দিয়ে তার থেকে বিচ্যুত না হয় বা তাকে কোন ক্লেক্রেই লজ্মন না করে। স্বতরাং এ বিষয়ে এড়িয়ে না গিয়ে সাহস ও বিচক্ষণতার বারা তার প্রদত্ত প্রতিশ্রুতি পালন করতেই হবে।

অবলেষে কোলবিসে যাওয়াই ঠিক করল জেসন। কিন্তু দ্র সমুদ্রে বাবার জন্ম উপযুক্ত জাহাজ চাই। এই উদ্দেশ্যে আর্গন নামে জাহাজের এক স্থানক মিস্ত্রীর শরণাপন্ন হলো। এই আর্গনই তাকে পেলিয়ন পর্বতের পাইনগাছের কাঠ থেকে এক জাহাজ তৈরি করে দিল। সে জাহাজের ছিল পঞ্চাশটা দাঁড়। এ জাহাজের নাম ছিল আর্গন, আর্গনের নাম অনুসারেই এই নামকরণ হয় জাহাজটার। এ জাহাজ এত শক্ত যে কোন ঝড় তুফানে তা কথনো ভালে না। অথচ এ জাহাজ এত হালকা যে একজন কাঁধে করে তা বহন করে নিযে যেতে পারত।

জাহাজটা জেসনের কাছেই ছিল। একমাত্র সমস্যা হলো এ জাহাজ চালানোর জন্ম উপযুক্ত নাবিকের। জেসন ঠিক করল বলিষ্ঠ দেহমনবিশিষ্ট তার যে সব সহপাঠী ছিল তারাই একাজের উপযুক্ত। স্থতরাং তাদের ডেকে পাঠাল। তারা সকলে এসে গেলে জেসন চলে গেল দোদোনায় হেরার মন্দিরে। দোদোনার মন্দিরে গিয়ে স্বর্গের রাণী দেবী হেরার কাছে কাতরভাবে সাহায্য প্রার্থনা করল জেসন। তার সংকল্লিত এই তুংসাধ্য অভিযানে দেবী হেরার সাহায্য ও অন্থগ্রহই তার একমাত্র ভরসা। দোদোনার মন্দিরের সামনে এক জীবস্ত ওকগাছ ছিল। সেই ওকগাছটি কথা বলতে পারত। দেবী হেরার সব কথা ঐ ওকগাছের মধ্য দিয়ে ব্যক্ত হত।

জেসনের প্রার্থনার উত্তরে দেবী হেরা বললেন, ঐ ওকগাছের একটি অংশ কেটে নিয়ে গিয়ে তোমার জাহাজের সামনে মাথার উপর সাগিয়ে দাও। তোমার বিপদের সময় গাছের ঐ অংশই তোমার কাছে আমার নির্দেশের কথা ব্যক্ত করবে। তাছাড়া দেবী হেরা আবার এপেনকে বলে দিয়েছিলেন তিনি যেন জাহাজ নির্মাণের কাজে আর্গসকে উপযুক্ত নির্দেশ দিয়ে সাহায্য করেন।

জাহাজ চালাবার জক্ত উপথুক্ত নাবিক ও যাত্রাপথের সঙ্গী পেতে কোনরূপ জন্মবিধা হলো না জেসনের। গ্রীসদেশের ম্বচেয়ে বীর যুবকরা এগিয়ে এল তার এই তৃঃসাহসিক অভিযানে যোগদান করার জক্ত। সেদিন জেসনের সঙ্গে আর্গস জাহাজে যারা যাত্রা করেছিল ভাদের আর্গোনট বলে। ভাদের দলে সেদিন যে যুবকরা ছিল তাদের অনেকেই পরে দেশের শ্রেষ্ঠ বীরের গৌরব আর্জন করে। এমন কি শক্তির দেবতা হিসাবে পৃজিত হার্কিউলেসও ছিলেন। হার্কিউলেস ছাড়া আর যে সব বিশ্ববিশ্রুত বীর ছিল তারা হলে!, বীর আতাদ্বর ক্যান্টর ও পোলাল্ল, থিসিয়াস, অর্জিয়াস, পেলেউস, এ্যাড্রেনাস এবং আরও অনেকে—মোট পঞ্চাশজন। আহাজের পঞ্চাশটি দাড়ে তাদের প্রত্যেককেই নিযুক্ত করা হয়। সকলেই একবাক্যে বলল হার্কিউলেস হবে জাহাজের ক্যাপ্টেন। কিন্তু হার্কিউলেস নিজে তার নেতৃত্ব জেসনের উপর ছেড়ে দিলেন। ফলে জেসনই হলো জাহাজের ক্যাপ্টেন। পেলিয়াসের পুর এ্যাকান্থাসও তার বাবাকে ল্কিয়ে তার মত না নিয়েই জাহাজে এশে উঠে বসে।

দেবতাদের পূজো ও উৎসর্গ দান করার পর জাহাজ ভাসিয়ে দেওয়া হলো
নীল সমৃদ্রে। ওদের জাহাজ অঞ্কৃল বাতাদে এগিয়ে চলতে লাগল মেঘ
আর ক্য়াশায ঘেরা পূর্ব উপকৃলের দিকে। সেধানে আছে আশ্চর্য সেই
কোলবিস রাজ্য যার মধ্যে এক ভয়য়র সর্পদানবের কুগুলীয়ত এক কৃটিল
প্রহরার অন্তর্গালে আছে তাদের বহু আকাজ্জিত সেই সোনার পশম। অফিয়াস
তার মনমাতানো গান বাজনার ঘারা প্রীত করতে লাগল যাত্রীদের। স্বাই
উল্লাসে মেতে রইল। ভুধু জেলনের চোথে জল দেখা গেল। পাহাড় ঘেরা
তার পিতৃভ্মির উপকৃল যতই ক্রমশঃ দূরে মিলিয়ে যাচ্ছিল ততই মনটা আকৃল
হয়ে উঠছিল জেসনের।

ক্রমে জাহান্ত এগিয়ে চলল। খেসালির উপক্স পার হয়ে ওরা গিয়ে পড়ল ঈজিয়াস সাগরে। পথের মাঝে একে একে তারা পেল কত বাধা বিপত্তি আর প্রলোভন। একদিন তারা গিয়ে উঠল পাহাড় থেরা লেমনস্বীপের উপক্লে। সে এক আশ্চর্য বীপ যেখানে কোন পুরুষ নেই, যে বীপের সব বাসিলা শুধুনারী। ওরা জাহান্ত খেকে নামতেই কয়েকজন নারী এগিয়ে এল। সেই সব নারীরা পরস্পরের প্রতি ঈর্ধাবশতঃ দ্বীপের সব পুরুষকে হত্যা করেছে। পুরুষহীন সেই দ্বীপের বৈরাচারী নারীরা নানা প্রলোভন দেখিয়ে মৃয়্র করে ফেলল জেসনদের। তারা সবাই সেই সব নারীদের সঙ্গে দ্বীপের ভিতর গিয়ে নাচগান, পানাহার ও নানারকম আমোদ-প্রমোদে মত্ত হয়ে উঠল। তারা ভাদের সমস্ত কর্তব্য ভূলে গেল।

ভাদের দলের মধ্যে একমাত্র হার্কিউলেস মেয়েদের কথায় ভোলেননি।
ভিনি একা জাহাজেই অবস্থান করছিলেন। বহুক্ষণ কেটে গেলেও ভারা ফিরছে না দেখে হার্কিউলেস রেগে গিয়ে ভাদের সামনে গিয়ে ভীত্র ভাষায় ভর্থ সনা করতে লাগলেন। ভখন চৈতক্ত হলো জেসনদের। সহসা ভাদের কর্তব্যকর্মের সব কথা মনে পড়ায় আমোদপ্রমোদ ছেড়ে জাহাজে এসে উঠল। এখনো জানেক সমুদ্র পার হতে হবে; আনেক ঝড়ঝঞ্চা সহ্য করতে হবে। আবার ভেসে চলল জাহাজ। ক্রমে হেলেসপট উপসাগর পার হয়ে প্রোপটিস সাগরে গিয়ে পড়ল। সেই সমুদ্রের মাঝে ডলিওনস্ নামে এক বীপের উপকৃলে তারা পৌছতেই সে বীপের রাজা সাইজ্ঞিকাস তাদের অন্তর্গনা জানালেন। রাজার তথন বিয়ে হচ্ছিল। রাজা তাঁর বিবাহবাসরে ও উৎসবে যোগদান করার জন্ম তাদের সকলকে অন্তরোধ করলেন। তারাও তাঁর নিমন্ত্রণ মেনে নিয়ে রাজপ্রাসাদে চলে গেল। একমাত্র হার্কিউলেস গেলেন না। এবারেও তিনি একা রয়ে গেলেন জাহাজে। তিনি ব্রুলেন জেসনের দলকে এইভাবে মাঝে মাঝে প্রলোভনের জাল ফেলে আটকে রাখার এক অদৃশ্য চক্রান্ত চলছে। তাঁর অন্ত্র্মানই ঠিক। হার্কিউলেস দেখলেন একদল দৈতা পাহাড় থেকে নেমে এসে বড় বড় পাথর ফেলে বন্দরের মুখটা আটকে দিছিল। হার্কিউলেস তখন একা তাঁর মেরে তাদের প্রতিহত করে তাদের দলের সব লোককে ডাকলেন। দলের সব লোক এসে গেলে দৈতারা চলে গেল।

আবার ছেড়ে দিল জাহাজ। কিন্তু বেশীদ্র যেতে না যেতেই এক প্রচণ্ড বড় উঠল। তারপর অন্ধকার রাত্রি নেমে আসায় তারা পথ হারিয়ে ইডন্ততঃ ঘুরে বেড়াতে লাগল দমুদ্রে। এমন সময় আর এক বিপদ ঘটল। ডলিওনস্ ঘীপের রাজা জেসনদের পথহারা দিশাহারা জাহাজটাকে শক্রজাহাজ ডেবে আক্রমণ করল। এদিকে জেসন রাজা সাইজিকাসকে অন্ধকারে শক্র ভেবে হত্যা করল। অথচ সেই রাজারই বিবাহবাসরে কিছুকাল আগে আতিথ্য গ্রহণ বরে এসেছে তারা। পরদিন সকালে উভয় পক্ষই নিজেদের ভূল বুরতে পেরে ছংখ প্রকাশ করল। জেসনরা রাজার অন্ত্যেষ্টিক্রিয়ায় যোগদান করল। তিন দিন ধরে তারা সেখানে শোকপালন করার পর আবার বাত্রা ভ্রুক্ করল।

কিন্তু কিছুদ্র গিয়েই আবার এক রাজার আতিথ্য গ্রহণ করতে হলে। তাদের। আবার সেই ভোজসভায় যোগদান আর বিলম্বের বিড়ম্বনা। এবার তাদের আতিথ্য দান করলেন মাইসিয়ার অধিপতি। অগুবারকার মত হাকিউলেস একা রয়ে গেলেন জাহাজে।

একা থাকতে থাকতে হঠাৎ হার্কিউলেসের মনে হলো জাহাজের একটা দাঁড় একেবারে অকেজো হয়ে গেছে এবং সেটা পান্টানো দরকার। তাই তিনি ভার অবিরাম সহচর কিশোর বালক হাইলাস আর পলিফেমাস নামে একজন সাহসী নাবিককে সঙ্গে করে জাহাজ ছেড়ে গভীর বনের ভিতর চলে গেলেন। ঠিক করলেন একটা লখা পাইনগাছ কেটে ভার থেকে সেই দাঁড় ভৈরি করবেন।

কিন্ত হঠাৎ একটা বিপদ ঘটায় সব লওভও হয়ে গেল। হার্কিউলেসের সেই স্ফার্শন কিশোরটি বর্ণার জ্ঞালের খারে গিয়ে খেলা করতে করতে জ্ঞাল পড়ে যায়। জ্বনেকে বলে, জলদেবীরা এই জ্বনিন্যস্থলর কিশোরকে দেখে হাত বাড়িয়ে জলের ভিতর টেনে নেয়।

এদিকে হার্কিউলেস জার তাঁর সহকারী নাবিক পলিকেমাস সারা বনভূমি তন্ন তন্ন করে খুঁজে বেড়াতে লাগল। পলিকেমাস হার্কিউলেসকে বলল হাইলাসকে ডাকাতে ধরে নিয়ে গেছে। আসলে ঘটনাটা যথন ঘটে হার্কিউলেস তথন একটা পাইনগাছ কাটছিলেন বলে কিছু দেখতে পাননি। সে যাই হোক, হাইলাসের কোন খোঁজ না পেয়ে জাহাজে ফিরলেন না হার্কিউলেস।

এদিকে হার্কিউলেসদের ফিরতে অস্বাভাবিক বিলম্ব দেখে চিস্তিত হয়ে পড়ল জেসনরা। তারা ভোজসভা থেকে ফিরে এসেই দেখে অনুকূল বাতাসে এখনই এই মুহূর্তে জাহাজ ছাড়া দরকার। কিন্তু হার্কিউলেসকে ছেড়ে ভারা যেতে চাইল না। পরে অবশ্র বেশীরভাগ লোক হার্কিউলেসকে ফেলে রেখেই জাহাজ ছেড়ে দিতে চায় এবং ওরা তাই করতে বাধ্য হয়। সঙ্গে সজোস নামে এক সমৃত্রদেবতা জল থেকে উঠে তাদের বলেন সোনার পশমের এই অভিযানে শেষ পর্যন্ত হার্কিউলেস অংশগ্রহণ করতে পাবে না। এটা বিধিনিদিষ্ট। স্থতরাং এই বিধান মেনে চলতেই হবে। ঐ সময় হার্কিউলেস অক্তরে এর থেকে বড় এক গৌরব লাভ করবে।

এর পর জেসনরা বেত্রিসিয়া নামে এক দ্বীপে গিয়ে উঠল। সেধানকার রাজা কোন বিদেশী দেধলেই তাকে মল্লযুদ্ধে আহ্বান করতেন। কিন্তু সেদিন পর্যন্ত তিনি তাঁর কোন যোগ্য প্রতিযোগী খুঁজে পাননি। জেসনদের দলে ছিল এমন অনেক বীর যারা বেত্রিসিয়ার রাজার আহ্বানে সহজেই সাড়াদিতে পারত। বিশেষ করে বীর পোলাল্প সলে সলে অবতীর্ণ হলো বেত্রিসিয়ার রাজার সলে এক ভয়য়য়র মল্লযুদ্ধে। সে যুদ্ধে রাজাকে ভ্পাতিত করে দিল পোলাল্প। রাজার অবস্থা দেখে কেপে গেল রাজ্যের সব লোক। তারা জেসনদের শক্র ভেবে একযোগে আক্রমণ করল তাদের। কিন্তু জেসনের দলের বীরেরা সে আক্রমণকে সহজেই প্রতিহত করে তাড়িয়ে দিল তাদের কুকুরের মত। রাজা তথন শুয়েছিল মাটিতে। পোলান্প তার কাছে গিয়ে একটা নীতি উপদেশ দান করল। বলল, এবার হতে রাজা যেন বিদেশীদের সঙ্গে সৌজন্তপূর্ণ ও ভদ্র আচরণ করে।

এর পর জেসনরা গিয়ে উঠল অন্ধ রাজা ফিনেউসের রাজ্যে। রাজা তথন এক অশান্তিতে ভূগছিল। ফিনেউস জেসনদের সাদর আতিথ্য দান করে তার তুংথের কথা সব বলল। হার্সি নামে দানবাক্ষতি একদল বিরাট পাঝি বড় অত্যাচার করছিল তার উপর। আন্ধ রাজা ফিনেউস যথনি কোন কিছু থেতে বসত তথনি কোথা থেকে একদল সেই ভয়ক্ষর পাথি এসে তার সব খাবার হয় কেড়ে নিয়ে পালিয়ে থেত অথবা নষ্ট করে দিত। ফলে রাজা এক কণাও কিছু খেতে পেত না।

রাজ্ঞা কিনেউসের হৃংখের কথা ভনে দয়া হলো জেসনদের। তাদের দলে ত্ত্বন পক্ষবিশিষ্ট বীর ছিল। তারা রাজা কিনেউসের খাবার সময় তার সামনে বসে রইল। হার্সির দল যেমনি রাজার খাবারের উপর ঝাঁপিয়ে পড়ল তেমনি সঙ্গে জেসনের দলের সেই পাথাওয়ালা বীর ত্ত্বন তাদের তাড়া করে আকাশে উঠতে লাগল। তাদের এমনভাবে দ্রে তাড়িয়ে দিয়ে গেল যে তারা পরে আর কথনো নেমে আসেনি ফিনেউসের রাজ্যে; আর কথনো জালাভন করতে সাহস পায়নি। ফুডজ্ঞতাম্বরূপ জেসনদের দলের একটা উপকার করলেন রাজা। বললেন, এখান থেকে কিছুদ্র যাওয়ার পর সমুদ্রের উপর ভাসমান হটি বরফের পাহাড় দেখা যাবে। কিছু পাহাড় হটি জীবস্ত এক রাক্ষসের মত। কোন জাহাজ সেখানে গেলেই পাহাড় হটি উপরে নীচে ফাঁক হয়ে তাকে গিলে ফেলে চুর্ণ বিচুর্ণ করে ফেলবে। তাই সেই বরফের পাহাড় হটিকে দ্র থেকে দেখেই ক্রন্ত জাহাজ চালিয়ে জায়গাটা পার হয়ে থেতে হবে।

জেসনরা তা শুনে একটি ঘুখু নিল তাদের জাহাজে। ঘুখুটিকে যথাসমরে উড়িয়ে দিয়ে তারা সেই বরফের পাহাড় ছটির অবস্থান জেনে নিল। তারপর অতি ক্রুত জাহাজ চালিয়ে জায়গাটা পার হয়ে সে যাত্রা রক্ষা পেয়ে গেল সামাত একটুর জতা।

পণ্টাস সাগরের উপকৃল দিয়ে যেতে যেতে আবার এক রাজ্যে গিয়ে উঠন তারা। এয়াকেরণ দ্বীপের মূবে তাদের সাদর অভ্যর্থনা জানাল রাজা সাইকাস।

এই রাজ্যে তারা শুনল এক অভুত ঘটনার কথা। তারা শুনল ইউমন নামে এক ভবিশ্বন্ধকা বা জ্যোতিষ ছিল। সে অসংখ্য মানুষের ভাগ্য পরীক্ষা করে তাদের ভবিশ্বং জীবনের কথা সব বলে দিত। কিছু সে তার নিজের ভাগ্যে কি আছে তা জানত না। তা না জানার ফলেই এক বহু শৃকরের দাঁতের তীক্ষ্ণ আঘাতে কতবিক্ষত হয়ে গেল তার দেহটা। এই রাজ্যেই জেসনদের জাহাজের টাইফিস নামে এক নাবিক অকস্মাং অস্ত্রহ হয়ে মারা যায়। তার অস্ত্যেষ্টি ক্রিয়ার বাণপারে আবার তাদের ত্ব-এক দিন কেটে যায় সেখানে।

যতই এগিয়ে যায় তারা সমুদ্রের বৃকের উপর দিয়ে একের পর এক করে কত বাধা বিপত্তি এসে পড়ে তাদের সামনে। সৌভাগ্যক্রমে আমাজনদের দ্বীপে তারা আটকে পড়ল। সে এক অভূত মেয়েদের রাজ্য। তাদের নাম আমাজন। এই আমাজনরা ছিল এক ভয়ক্তর নারীবাহিনী। যুদ্ধবিত্যায় অস্বাভাবিকভাবে পারদর্শিনী। নারীস্থলভ কোন কাজকর্মের থেকে তরবারি আর বর্শা চালনায় তারা ছিল বিশেষভাবে স্থদক্ষ।

এরপর তারা চ্যালিবেশদের দ্বীপেও জাহাজ ভেড়াল না। চ্যালিবেশ দ্বীপের লোকেরা পেশাগভভাবে কামারের কাজ করে। এদের কাজ হলে। রণদেবতা এ্যারেসের জন্ত অন্তর্শস্ত্র তৈরি করা।

এরপর তারা এক ঝাঁক বিরাটকায় পাথির দ্বারা আক্রান্ত হলো। এই সব পাথিদের নাম হলো স্তীমক্যালিদের। এই সব পাথিগুলো তাদের ধারাল পাথা দিয়ে জাহাজের নাবিকদের আঘাত করে জাহাজ চালনায় বিদ্ন ঘটাতে লাগল। জেসনরা তথন কয়েকজন মিলে অস্ত্র হাতে নাবিকদের রক্ষা করতে লাগল। তারা তাদের ঢালের উপর বর্শাগুলো পিটিয়ে এমন প্রবল শব্দ করতে লাগল যে তা শুনে পাথিগুলো ভয়ে সরে গেল। জেসনরা তথন আর একটু দূরে গিয়ে এক দ্বীপের উপকৃলে নিরাপদে নোঙর করল।

ওরা ব্ঝল ওদের গন্তবাছলের কাছাকাছি এসে পড়েছে ওরা। সেথানে ওরা চারজন জাহাজড়ুবি নগ্ন যুবককে দেখতে পেল। পরে কথা বলে জানল ওরা হলো ফ্রিক্সাসের পুত্র। এই ফ্রিক্সাসই সোনার পশম সর্বপ্রথম কোলবিসে নিয়ে আসে। কিন্তু এখন রাজ। ঈটিসের প্রহরায় আছে সেই সোনার পশম।

জেসন কৌশলে ফ্রিক্সাসের পুত্রদের সঙ্গে বরুত্ব করল। সে তাদের ভাল পোষাক আর থাবার দিল। তারা তাতে তুই হয়ে জেসনদের পথ দেখিয়ে রাজা ঈটিসের কাছে নিয়ে যেতে চাইল। তবে তাতে যে বিপদের সম্ভাবনা আছে সে কথাও স্মরণ করিয়ে দিল তাদের। কারণ তারা জানে, যে সোনার পশমের উপর জীবন-মরণ নির্ভর করছে রাজা ঈটিসের সে পশম সহজে ছাড়বে না।

কিন্ধ ক্রিক্সাসের পুত্রচতৃষ্টয় এটাও ব্রাল যে এইসব গ্রীকবাসীরাও ছাড়বার পাত্র নর, কারণ তারা বহু বিপদ ও চক্রাস্তজাল ছিল্ল করে এখানে এসে পৌছতে পেরেছে। তাই তারা পথ দেখিয়ে তাদের আসল গস্তব্যস্থলের দিকে নিয়ে যেতে রাজী হলো।

আরো কিছুদ্র যেতে হবে ওদের। আবার জাহাজ ছেড়ে দিল। ফ্রিক্-সাসের ছেলেরা জাহাজ চালাতে লাগল। জেসনরা জাহাজের উপর দাঁড়িয়ে রইল। যেতে যেতে এক জায়গায় তুষারাচ্ছন ককেশাস পর্বত হতে বন্দী প্রমিথিয়াসের আর্তনাদ শুনতে পেল ওরা। এই ককেশাস পাহাড়েরই কুয়াসাচ্ছন এক বিশাল পাথরের উপর শৃংখলাবদ্ধ অবস্থায় বন্দীজীবন যাপন করছে প্রমিথিয়াস।

অবশেষে ওরা কোলবিসের ফেসিস নদীর ধারে গিয়ে উঠল। রাজা ঈটিসের প্রাসাদের দিকে আর গেল না। এই ফেসিস নদীর ধারেই আছে সেই গাছ যার একটি শাখার ওদের বহু-আকাজ্জিত সোনার পশম ঝোলানো, আছে। সহসা নদীর ধার থেকে দেখতে পেল ওরা ঘনসন্নিবিট গাছে ভরা গভীর-কালো ছারার ঘেরা এক বিশাল বনক্মি। ওরা ভালভাবে সেই দিকে ভাকিরে দেখল সেই বনভূমির মাঝে একটি জারগায় একগুছে সোনার প্রশ্ন সমস্ত বনাজ্বার ভেদ করে জ্ঞান্ত আগুনের মৃত জ্ঞান্ত।

রাজা দিটিলের প্রাসাদে জেসনরা না গেলেও তাঁর প্রাসাদের চূড়া থেকে জদের দেখতে পেরেছিলেন তিনি। গতরাতে এক তৃঃস্থপ্র দেখে বিছানা ছেড়ে প্রাসাদের শীর্ষদেশের এক জায়গায় অনড় হয়ে বলে অতন্ত্র দৃষ্টিতে তাকিয়েছিলেন কোলবিসের উপকৃলের দিকে। এক অজানা আশক্ষায় কেঁপে কেঁপে উঠছিল তাঁর সমস্ত প্রাণমন। তাঁর কেবলি মনে হতে লাগল তাঁর প্রাণবজ্বর বে রহস্থ ঐ সোনার পশমের মধ্যে নিহিত আছে সে সোনার পশম হয়ত আর রক্ষা করতে পারবেন না। তাঁর দিন হয়ত ফ্রিয়ে এসেছে। তব্ মনের মধ্যে সব আশক্ষা ও বৈরিভাব চেপে রেখে বিদেশী অতিথিদের অভ্যর্থনা জানাবার জন্ম প্রাসাদ ছেড়ে কিছু দ্র এগিয়ে যাবার সিদ্ধান্ত করনেন তিনি। রাজার সকে গেল তাঁর পুত্র আবসার্তাস আর তৃই কন্তা—মিডিয়া আর ক্যালসিওপে ত্র হয়েছিল ক্রিক্যাসের সজে। বিধবা ক্যালসিওপের চার পুত্রই পথ দেখিয়ে আনে জেসনদের।

এদিকে জেসনও রাজা ঈটিসের সঙ্গে দেখা করার জ্ঞান্ত এগিয়ে যাছিল তাঁর প্রাসাদের দিকে। জেসনের সঙ্গে ছিল তার দলের অল্প কিছু লোক আর ফ্রিক্সাসের চার পূত্র। দলের বেশীর ভাগ লোক জাহাজেই রুরে সেল।

মনের আসল কথা চেপে রেখে এক ক্বজিম ভদ্রভার মুখোস পরে অভিথিদের প্রাসাদের অভ্যন্তরে নিয়ে গেলেন রাজা ঈটিস। তাদের সম্মানে এক ভোজসভারও আয়োজন করলেন। কিন্তু তাদের থাওয়ার পর্ব শেষ না হতেই তাদের এথানে আসার কারণের কথা জ্বিজ্ঞাসা করলেন।

জেসন দেখল রাজার ছোট মেয়ে মিডিয়া ভার দিকে সর্বক্ষণ এক দৃষ্টিভে ভাকিয়ে রয়েছে। মনে কিছুটা লজ্জা পেলেও সে মুক্তকঠে ভার আসল উদ্দেশ্রের কথা ব্যক্ত করল। ভার বাত্তাপথের সব অভিজ্ঞভার নিখুঁও বিবরণ দান করল। অবশেষে দৃঢ়ভাবে ভার সংকল্পের কথা জানিয়ে বলল, আমি এত হুঃখকষ্ট বিপদ আপদ সহ্হ করেছি শুধু এই সোনার পশ্যের জন্ত। এই সোনার পশ্য আমি চাই। আমার এত সব হুঃখকষ্টের এটাই হলো বোগ্য প্রস্থার।

কিছ সব কিছু শুনে রাগে লাল হয়ে উঠলেন রাজা পটিস। জকুটি করে কললেন, বুণাই তুমি এত সব তৃঃখকট সহ্ছ করেছ। তোমার সংকল আৰু শিক্ষাৰত প্রায়ম ছাড়া আর কিছুই নয়। শোন বিদেশী, বদি সতিয় সন্তিয়ই প্রাণ-ধ এই অসাধারণ প্রস্কার লাভ করতে চাও তাহলে আরও অনেক বোগাজার পরিচয় দিতে হবে। প্রথমে ধারাল ক্রওয়ালা একজাড়া অভিপ্রাকৃত বঁ ডিকেপোষ মানিয়ে তাদের দিয়ে লাকল টানিয়ে চার একর পাপুরে অমি চাই করতে হবে। সেই বাঁড় চটোর নাক দিয়ে সব সময় নিঃখালে আজন বরে। তারপর এক বিষাক্ত ডাগনকে বধ করে তার অসংখ্য দাত অমিচাতে বীজ হিসাবে বপন করতে হবে। সেই বীজ হতে ফলল হিসাবে অনেক শক্রবেয়ে আলবে। তারা তোমাকে হত্যা করার আগেই তাদের মেয়ে কেলতে হবে ভোমায়। এই সব্কিছুই ভোমাকে সম্পন্ন করতে হবে একদিনের মধ্যে স্র্যোদ্য় হতে স্থাত্তির মধ্যে। যদিও বা এই সব কিছু করতে তুমি সমর্থ হও, তার পরেও ভোমাকে সেই ভয়য়র সাপটিকে বর্ধ করতে হবে যা দিনরাত পশমগুলিকে পাহারা দিচ্ছে।

শুনতে শুনতে নিমেবে শীতল হয়ে গেল জেগনের উত্তমের সমস্ত উত্তাশ । ভার মনে হলো এ কাজ কোন মরণশীল মাসুষের পক্ষে করাসন্তব নয়। কি**ভ মনে** ভার ভয় হলেও সে ভয়ের কোন চিহ্ন মুখের উপর প্রকাশ করল না। বিশেশ করে দেবী হেরা আর ভার নিজের শক্তির উপর অপরিসীম বিশাস ভার মনটাকে শক্ত করে তুলল মুহুর্ভমধ্যে। সে রাজাকে স্পষ্ট জানিয়ে দিল, এ কাজ সে সম্পন্ন করবে। এ অভিযানে সে সফল হবেই। এখন রাজি; স্ভরাং পরের দিন সকাল খেকেই শুক করে দেবে ভার নির্দিষ্ট কাজ।

সব কিছু ঠিক করে রাত্রির মত বিশ্রাম করার জন্ম তার জাহাজে কিরে গেল জেসন। লোবার সঙ্গে সঙ্গে ঘূমিয়েও পড়ল। জেসন নিশ্চিস্তে ঘূরিয়ে পড়লেও রাজপ্রাসাদে কয়েকজন ঘূমোতে পারল না তার জন্ম। তার কথা ভাবতে লাগল। রাজার বড় মেয়ে ক্যালসিওপ ভাবতে লাগল জেসন যদি এ কাজ না পারে তাহলে তার বাবা জেসনের দলের সব গ্রীকদের হত্যা করবে এবং তার চার পুত্র তাদের পথ দেখিয়ে এনেছে বলে তাদেরও হত্যা করবে।

হঠাৎ একটা বৃদ্ধি থেলে গেল ক্যালসিওপের মাধায়। তার বোন মিডিয়া বাত্ আনে। বাত্বিভায় সে পারদর্শিনী। এই মিডিয়া বদি জেসনকে সাহায্য করে ভাহলে অবশ্রই এ কাজে সফল হবে জেসন।

এদিকে মিভিয়াও মনে মনে ভাবছিল জেগনের কথা। সেও ঐ একই কথা ভাবছিল। ভাবছিল সে সাহায্য করলে জেগন অবশুই সকল হবে। তাই ক্যালসিওপ তাকে এ বিষয়ে অহুরোধ করার সঙ্গে সঙ্গে রাজী হয়ে গেল সানন্দে। আর জেগনের সাক্ল্য মানেই তার জয়, কারণ জেগনকে শেখার সঙ্গে সঙ্গেই সে ভালবেসে কেলেছে।

রাজি গভীর হলে প্রাসাদ থেকে একটা ওড়না চাপা দিরে বেরিয়ে পড়ক বিভিন্ন। বনের মধ্যে সিয়ে কডকগুলো বিরল গাছগাছড়া ও গাছের নিক্ষ ত্বে তাই দিয়ে এক নির্বাস তৈরি করল। এই নির্বাস জেলনকে একটি দিনের জন্ত সমন্ত আঘাত থেকে রক্ষা করে বাবে। কোন আঘাত শত মারাত্মক হলেও তার প্রাণহানি করতে পারবে না।

সব কিছু ঠিক করতে ভোর হয়ে গেল। ওবে তথনো ভাল করে কর্ণ।
হয়নি। মিডিয়া নদীকুলে জেসনের কাছে গিয়ে দেখল জেসন তথন সবেমাজ
উঠেছে ঘুম থেকে। মিডিয়া অবগুঠনে মুখ চেকে বলল, তুমি কি সাক্ষাৎ
মৃত্যুর মুখে সভিয়ই ঝাঁপ দেৰে ?

জেসন উত্তর করল, মৃত্যুকে ভন্ন করলে এত কষ্ট করে এত দূরে এই কোল-বিসে কথনই আসভাম না।

মিডিয়া তথন বলল, তবে জেনে রেখো গুধু সাহস আর বীরত্ব দিয়ে এ কাজ সম্ভব নয়। যাই হোক, তুমি জানবে এ দেশে ভোমার একজন হিতাকান্দী বন্ধু আছে।

মিডিয়ার মুখ না দেখতে পেলেও জেশন ব্রাল এ কঠগবনি মিডিয়ার। রাজকছা মিডিয়াই তার সেই হিতাকান্দিনী বন্ধু। গতকাল ভোজসভায় তার এক-জোড়া কালো চোথের নীরব নিম্পালক দৃষ্টির নিবিড়তার মধ্যে এক শভীর ভালবাসা খুঁজে পেরেছে জেশন। তার আত্মবিশ্বাস এতে আরো বেড়ে গেল।

মিডিয়া ভার সব কিছু ব্রিয়ে দিল। ব্রিয়ে দিল কিভাবে কি করভে হবে। কিভাবে সে একটি দিনের মধ্যে রাজার ঘারা নির্দিষ্ট সব কাজ সম্পন্ন করে অক্ষত অবস্থায় কিরে আসতে পারবে। এটা একমাত্র ভারই সাহায্যে সম্ভব। কিস কিস করে জেসনের কানে কানে সব কথা বলে ভার হাতে সেই নির্বাসের শিশিটা দিয়ে ক্রভ সেথান থেকে চলে গেল মিডিয়া। তথন দিনের আলো ফুটে উঠতে শুরু করেছে।

মিডিয়া রাজপ্রাসাদে চলে যাওয়ার সঙ্গে সক্ষে সমুদ্রে স্থান সেরে নিল জেসন। তারপর পাহতে মাথা পর্যন্ত সারা গায়ে মিডিয়ার দেওয়া নির্যাস মাথল ভাল করে। মাথার পর তার ঢাল, শিরস্তাণ, বর্ম ও অন্তশস্ত্রতেও মাথিয়ে দিল তা।

প্রথমে শক্রকন্তা মিডিয়ার কথার সত্যতা আংশিকভাবে পরীক্ষা করে
নিল জেসন। জেসন তার দলের সবচেয়ে বড় বড় বীরদের সবচেয়ে তীক্ষ
তরবারি দিয়ে তার চাল ও বর্মের উপর আঘাত হানতে বলল। কিছু তারা
কেউ শত আঘাত বা চেষ্টাডেও তার দেহের বা তার ঢাল ও অস্ত্রশস্ত্রের কোন
ক্ষতিই করতে পারল না।

জেসন ব্ৰণ মিডিয়ার সব কথাই ঠিক। সে হয়ে উঠেছে সব দিক দিরে অজের ও অপ্রয়ন্ত । এরপর সে তার কথামত রাজার কাছে চলে গেল। রাজা তাকে প্রস্তুত দেখে বললেন, এখনো অন্নোচনা জাগেনি তোমার মনে? আমি ভেবেছিলাম তুমি রাভের মধ্যেই ভোমার সব লোকজন নিয়ে 'দেশে পালিরে বাবে। বাই হোক, ভোমাকে আর একবার ভেবে দেখতে বলছি। আমি চাই না, ভোমার মত একজন বিদেশী ব্বক এভাবে অকালে অকারণে প্রাণভ্যাগ করুক।

জেসন দৃঢ়তার সঙ্গে স্বল্প কথায় উত্তর দিল, এখনো আকাশে স্ক্তি ওঠেনি; আমি প্রস্তুত।

আর কথা না বাড়িয়ে রাজা জেসনকে সঙ্গে করে সেই মাঠে নিয়ে গেলেন, গোটা মাঠটাই যেন শক্ত পাথর দিয়ে গড়া। জেসন নির্ভয়ে মাঠের মাঝখানে গিয়ে ভার সব ক্ষন্ত্রশন্ত্র ও শিরস্তাণ মাঠের উপর রেখে দিল। ভারপর পোষাক খুলে রেথে একেবারে নগ্ন দেহে শুধু ঢালটা হাভে নিয়ে দাঁড়াল। মাঠের বাইরে এক বিরাট জনভা বিশ্বয়ে হতবাক হয়ে সব কিছুদেখতে লাগল। ভাদের সামনে রাজা সটিস এবং রাজকলা মিডিয়াও ছিল।

সেই মাঠের মাটির ভিতর থেকে অদৃশ্য অতিপ্রাক্কত যাঁড় জোড়াটির ক্রুদ্ধ গর্জন লোনা যাচ্ছিল। জেসন তৈরি হবার সঙ্গে সঙ্গে ঘাঁড়ছটি আপনা থেকে সহসা যেন মাটির ভিতর থেকে আবিভূতি হলো। নাসারদ্ধ থেকে আগুন ঝরাতে বারাতে লোহার শিং উচিয়ে তেড়ে এল জেসনের দিকে। জেসন তথন ভগু তার ওয়ুধ মাথানো চকচকে ঢালটি তুলে ধরল তাদের সামনে। ভারপর তারা কিছুটা শাস্ত হলে তাদের শিং ধরে একে একে বশ করে লাক্ষল ভুড়ল তাদের দিয়ে।

ত্বপুর হতে না হতেই গোটা পাথুরে জমিটা গণ্ডীরন্ডাবে কর্মণ করে ফেলল জেসন। তা দেখে আশ্চর্য হয়ে গেলেন রাজা ঈটিদ। তিনি দেখলেন নির্দিষ্ট কাজের অর্থেকটা হয়ে গেছে।

এরপর রাজা ঈটিস একটা টুপীতে করে একটা ড্রাগনের একরাশ দাঁত এনে দিল জেসনকে। সেইগুলো চষা মাটিতে ছড়িয়ে দিতে হবে জেসনকে বীজ হিসাবে।

জেসন সেই বীজ জমিতে ছড়িয়ে দেওয়ার সঙ্গে সজে সারা মাঠ শক্রসৈক্তেত ভরে গেল। জেসন তথন একটা বড় পাধর তাদের উপর ফেলে দিল। তথন তারা নিজেদের মধ্যেই মারামারি কাটাকাটি করতে লাগল। জেসনকে কিছুই করতে হলোনা। সূর্য অন্ত যেতে না যেতে দেখা গেল সারা মাঠ লাল রক্তে ভেসে যাচ্ছে। সূর্য অন্ত যাবার সঙ্গে সঙ্গে পৃথিবী মূখ বার করে সেই সব অপ্রাক্তত শক্রসৈক্তদের গ্রাস করে ফেলল। আবার সেখানে সব্জ খাস গজিয়ে উঠল।

জেগনের এই বিরল ক্বতিত্ব দেখে ভয় পেয়ে গেলেন রাজা ঈটিস। তাঁর মুখধানা কালো হয়ে উঠল। এমন সময় তাঁর সামনে এসে গাঁড়িয়ে জেঁসন ানার পশম দাবি করল। বলল, আমি আপনার কথামত সব কাজ সম্পন্ধ করেছি। এবার আমাকে সোনার পশম দিন।

রাজা ঈটিস রুঢ়ভাবে বললেন, এ বিষয়ে কাল কথা বলব। এই বলে প্রাসাদে চলে গেলেন রাজা ঈটিস। জেসনরাও সদলবলে বিজয়গর্বে উলাস করতে করতে তাদের জাহাজে চলে গেল।

রাত্রি হ্বার একটু পরে অন্ধকারে গা ঢাকা দিয়ে গ্রীকদের জাহাজে ব্যন্ত হয়ে চলে এল মিডিয়। হাঁপাতে হাঁপাতে জেদনকে বলল, আগামী কাল সকাল হতেই ডোমাদের আক্রমণ করবেন বাবা। উনি সৈশ্ব সংগ্রহ করছেন। কালই ডোমাদের আক্রমণ করে ছত্রভন্থ করে দেবেন। সোনার পন্ম যদি পেতে চাও ভাহলে আজ এখনি ভা পাবার চেটা করো। ভা না হলে আর কখনো পাবে না। আমি নিজে ভোমাকে সেই কুজবনে নিয়ে বাব। সেই প্রহরারত সর্পকে আমি কৌশলে ঘুম পাড়িয়ে রাখব। সোনার পন্ম নিয়ে আগামীকাল সূর্ব ওঠার আগেই চলে যেতে হবে ভোমাদের।

জেসন সক্ষে সক্ষে বিখাস করল মিডিয়ার কথা, কারণ তার সততার পরিচয় সে আগেই পেয়েছে। জেসন তাই একাই বেরিয়ে পড়ল মিডিয়ার সক্ষে। তার দলের লোকদের বলে গেল, তারা যেন সব তৈরি হয়ে থাকে। সে সোনার পশম নিয়ে এলেই জাহাজ ছেড়ে দেওয়া হবে।

মিডিয়ার সঙ্গে তাঁর একমাত্র ভাই আবসার্তাসও এসেছিল। সেও জেসনের সঙ্গেল। ওরা যথন সেই অন্ধকার বনভূমিতে গেল রাত্রি তথন তুপুর। বনভূমিতে পা দেবার সঙ্গে পরা সেই প্রহরারত সাপের গর্জন ভনতে পেল। সাপটা মুখ খুলে হাঁ করতেই তার থেকে বিষাক্ত একটা তুর্গন্ধ বেরিয়ে আসছিল।

মিডিয়া সাপটার কাছে মন্ত্রের মত একটা গান গাইতে লাগল। সাপটা হাঁ করতেই তার মধ্যে একটা গাছগাছড়ার তৈরি ওযুধ ঢেলে দিল কিছুটা। গাছের ফাঁক দিয়ে ছড়িয়ে পড়া চাঁদের আলোয় সাপের গাটা চকচক করছিল।

মিডিয়া তথনো গান গাইছিল। সেই মন্ত্ৰং গানের শব্দে মুগ্ধ হয়ে কুগুলি ছাড়িয়ে লখা হয়ে শুয়ে পড়ল সাপটা। তার সব গর্জন হুর হয়ে গেল মুহুর্তে। জ্বেসন যথন দেখল সাপটা নিঃশব্দ ও নিস্পাদ হয়ে পড়ে আছে, তার কুণ্ডলি আর সোনার পশমগুদ্ধকে জড়িয়ে নেই তথন সে গাছের ভাল থেকে ছাড়িয়ে নিল সোনার পশম।

মিডিয়া ডৎক্ষণাৎ চিৎকার করে জেসনকে বলল, পালিয়ে যাও। কারণ একটু পরেই ঘোরটা কেটে গেলে সাপটা জেগে উঠবে।

জেসনও সোনার পশম হাতে নিয়ে উল্লাসে কেটে পড়ল। কালবিলয় না করে জাহাজের দিকে এগিয়ে চলল। কিছু তাকে পিছন ফিরে একবার ডাকল মিডিয়া। জেসন তার কাছে এলে বলল, তুমি তোমার বাড়ি ফিরে বাছে। বাছ ভোষার বন্ধবাদ্ধব ও আত্মীরপরিজনের কাছে। কড সৌভাগ্য ও সন্ধান অপেকা করে আছে ভোষার জন্ত। কিছ আমার সর্বনাশ। ক্রুছ্ক, পিডা বধন জানতে পারবে একজন বিদেশীকে সোনার পশম লাভ করার সক্র রহস্ত বলে দিয়েছি তখন আমার মত এক হতভাগিনী কুমারীর মৃত্যু ছাড়া-আর কোন গত্যস্তর থাকবে না।

জেসন সঙ্গে বলল, বার জন্ম তুমি এত কিছু করেছ, এমন বন্ধুত্পূর্ণ ব্যবহার করেছ, সে আর বিদেশী নয় তোমার কাছে। তুমিও আমার সঙ্গে আমার দেশে চল মিডিয়া। তোমার সাহায্য না পেলে আমাকে বৃক্তরা অপমান নিয়ে দেশে ফিরতে হত। আমি তাহলে এমন ছটি অষ্ল্য রম্ম নিয়ে দেশে ফিরব যার জন্ম আমার প্রতি ঈর্ষান্বিত হবে সারা গ্রীসদেশের লোক। বল মিডিয়া, আমার এই সৌভাগ্যে তুমিও অংশগ্রহণ করবে কি না?

এ কথার কোন উত্তর দিল না মিডিয়া। কোন কথা বলল না। কিপ্ত ভার কুমারী জীবনের অথও অন্তরের যে নীরব নিরুচ্চার সমতি ভার মূথে স্পষ্ট ফুটে উঠল আর তা ব্যতে কট হলো না জেসনের। জেসনও তথন মোর কোন কথা না বলে একটি হাতে সোনার পশম আর একটি হাতে মিডিয়াকে ধরে এগিয়ে চলল তাদের জাহাজের দিকে।

এদিকে জেসন আর মিডিয়ার সব্দে তার ভাই আবসার্তাসও চলল। সে তার দিদি মিভিয়াকে খুব ভালবাসত। তাই মিডিয়ার আঁচল ধরে এগিয়ে চলল সে মিডিয়ার সব্দে। মিডিয়া যেখানে যাবে সেও যাবে। ওরা তাই বাধা দিল না তাকে।

ভিরা যথন জাহাজে গিয়ে উঠল তথন সবেমাত ভোরের স্মালে। ফুটে উঠেছে। জ্বেসনের হাতে সোনার পশম দেখার সঙ্গে স্থানন্দ উল্পতি হয়ে উঠল জাহাজের লোকরা। তারা এত জ্বোরে চিৎকার করে উঠল যে সে চিৎকারধ্বনি যেন সমস্ত কোলবিসের লোক শুনতে পেল।

আর দেরি না করে জাহাজের নোঙর করা দড়িগুলো কেটে দিল জেসন। সঙ্গে সঙ্গে রশ্মিমৃক্ত অংশর মত ছুটে যেতে লাগল তাদের জাহাজটা। পূবের সেই উপকৃল থেকে অনেক দ্রে চলে গেল জাহাজটা।

সকাল হতে না হতেই ঘুম থেকে জেগে উঠলেন রাজা ঈটিস। তাঁর পরিকল্পনা তিনি আগে থেকেই থাড়া করেছিলেন। সৈক্সও প্রায় সব যোগাড় হয়ে গেছে। আজই সকালে জেসন বা তার দলের লোকরা সোনার পশমের জন্ম কিছু দাবি জানানোর আগেই অতর্কিতে আক্রমণ করতে হবে তাদের। তাদের এই বিরাট ত্বংসাহসের সৌধটাকে ভেকে চুরমার করে দিতেই হবে।

বে সংকল্প সেই কাজ। সঙ্গে সঙ্গে রাজা ঈটিসের অসংখ্য রণতরী সমৃত্তে নেমে তীরবেগে ছুটে চলল জেসনদের জাহাজের সন্ধানে: রাজা ঈটিসের রণতরীগুলিকে দ্র খেকে দেখতে পেয়ে জেসনের নাবিকরা তাদের জাহাজের বেস ৰাড়িরে দিয়ে খুব জোরে দাঁড় চানতে লাগল। সৰ পালওলো গাটিরে দিল। আল হাকিউলেসের অভাব তারা হাড়েহাড়ে বুরতে পারল।

রাজা নিটিসের রণজরীগুলো ক্রমনঃ আরো কাছে এসে গেল জেসনদের। জেসনরা তথন ত্বভাগে বিভক্ত হরে গেল। তাদের এক ভাগ দাঁড় টানতে লাগল আর এক ভাগ জাহাজের উপর অন্ত হাতে পাহারা দিতে লাগল রাজা ইটিসের লোকরা বাতে হঠাৎ তাদের আক্রমণ করতে না পারে।

এদিকে মিভিয়া ভয় পেয়ে গেল সবচেয়ে বেনী। কারণ সে ভাবল তার বাবা রাজা ঈটিস যদি একবার তাকে ধরতে পারে তাহলে সলে সলে হত্যা করবেন তাকে। তাই সে প্রাণপণ চেষ্টায় নাবিকদের উৎসাহ দিতে লাগল। জাহাজের গতিবেগ বাড়াবার জন্ম বারবার অন্নরোধ করতে লাগল।

কিছ কিছুতেই কিছু হলো না। মিডিয়া দেখল রাজা ঈটিস নিজে যে জাহাজটায় চেপে ছিলেন সেই জাহাজ ওদের জাহাজের খ্ব কাছে এসে পড়েছে। সে তার বাবার ভয়ঙ্কর মুখগানা দেখতে পাছে স্পষ্ট। তাঁর শাসানি আর তর্জনগর্জনও ভনতে পাছে।

মিডিয়া বথন দেখল তার বাবার নাগালের বাইরে পালাবার আর কোন উপার নেই তথন এক নিষ্ঠুর ও অবজ্ঞ উপার অবলম্বন করল। তথন সে তার ভাই আবসার্তাসকে জোর করে ধরে নিজের হাতে তাকে সমৃদ্রের জলে ফেলে দিল। কারণ মিডিয়া জানত এইভাবে তার বাবার চোথের সামনে তার ভাইকে ফেলে দিলে তার ভাইএর বিধিমত অস্ত্রেটের জক্ত মৃতদেহটার অস্ত্রমন্তান করবেন তার বাবা এবং এই অস্ত্রমনানকার্বের জক্ত অনেক দেরি হবে। আর সেই অর্থসরের অনেক দ্রে চলে বেতে পারবে তাদের জাহাজ। অক্ত কোন উপায় না দেখে এ কাজ না করে পারল না মিডিয়া।

মিডিয়া যা ধারণা করেছিল তাই হলো। তার বাবার জাহাজটা পিছিরে পেল অনেক। এইভাবে জেননের আর্গন জাহাজটা পার্থিব বিশদ থেকে রক্ষা পেয়ে গেল বটে, কিন্তু এক প্রচণ্ড ঝড়ের মাধ্যমে তার উপর নেমে এল বর্গন্থ দেবতাদের রোষ। মিডিয়ার এই নারকীয় কাজটাকে কোন দেবতাই সমর্থন করতে পারলেন না। এমন কি জেসনের হিতাকাজ্বিনী দেবী হেরাও তা পারলেন না। জাহাজটা প্রবলভাবে বড় বড় চেউএর উপর হুলতে লাগল। জাহাজটা প্রবলভাবে বড় বড় চেউএর উপর হুলতে লাগল। জাহাজটা প্রবলভাবে বড় বড় চেউএর উপর হুলতে লাগল। জাহাজের নাবিকরা কি করবে কিছুই ঠিক করতে পারল না। একমাত্র মিডিয়া ভার অতিপ্রাক্তত শক্তির বারা জাহাজটাকে কোনমতে রক্ষা না করলে, তা পথ হারিয়ে এদিকে সেদিকে বেতে গিয়ে ভ্রো পাহাড়ে ধাল্লা লেগে ভেলে চুরমার হরে বেত। আবসার্তাদের মৃত্যুর জন্ত বে দেবরোব নেমে এসেছিল ওদের উপর তা কাটাবার জন্ত ওরা জনেক পশ্ত বলি দিল দেবতাদের উদ্দেশ্তে। জনেক প্রতা দিল। কিন্তু ভাতেও বিশেব কোন ফল হলো না। দেলে প্রিছবার আগে জনেক প্রে বেড়াতে হলো ওদের দ্ব সমূত্র। জনেক

পাহাড় ও বল্ল-অঞ্চল পার হতে হলো ওদের।

অবশেষে ওরা ভূমধ্যসাগরে এসে উঠল। এখান খেকে আবার বাজা তক্ষ করতে হবে ওদের গ্রীসদেশে বাবার জন। কতবার কত বিপদের মধ্যে পড়ল ভারা। কত দৈত্যদানবের দেশ পার হলো ওরা। কিন্তু তখন মিভিন্না ভার অসাধারণ বাত্বিভার ঘারা সব বিপদ কাটিয়ে উঠল। একবার ওরা উঠল লিবিয়ার মক্ষ অঞ্চলে। সেখানে উপকৃলে জল এত অগভীর যে আধভাকা জাহালটাকে ঠেলে ঠেলে নিয়ে যেতে হলো ওদের।

কোন রকমে জাহাজটাকে মেরামৎ করে আবার রওনা হলো ওরা। অবশেষে ওরা ক্রীটে পৌছল। সেধানে কিছুটা যেতেই ওরা দ্বীপ পেল। ওদের তথন দারুণ কূষা ও পিপাসা পেয়েছিল। কিছু পানাহারের জ্বল্প ওরা দ্বীপে গিয়ে উঠল। কিছু ওরা দেখল জনবসভিহীন গোটা দ্বীপটাই একটা বিশালকায় দৈত্যের অধীনে। উপকৃলে একটা পাহাড়ের উপর থেকে দিনরাত পাহারা দেয় দৈত্যটা। দেখে কেউ দ্বীপের মধ্যে চুকছে কি না। দৈত্যটার নাম ভালাস।

সেই অন্ত্ৰ দৈত্যটার গোটা দেহটা তপ্ত পিতল দিয়ে তৈরি। কারো কোন অস্ত্র তার গারে আঁচড় কাটতে পারে না। একমাত্র তার এক পারের গোড়ালির কাছটায় নরম মাংস ছিল। যথনি জেসনরা বীপটায় নেমে জল বা গাছের কোন কল থেতে বাচ্ছিল তথনি তালাস সেই পাহাড়ের উপর বড় বড় পাধর কেলে তাদের আঘাত করছিল।

অবশেষে মিভিয়া নেমে এল জাহাজ থেকে। সে তার যাত্মন্তটা গানের মন্ত গেয়ে ঘূম পাড়িয়ে দিল তালাসকে। তারপর তার সেই গোড়ালির কাছে তুর্বল অংশটায় আঘাত করে এমন একটা ক্ষত করল যার মধ্য দিয়ে তার দেহের সব রক্ত বার হয়ে গেল। তার প্রাণহীন দেহটা নিধর নিম্পন্দ হরে পড়ে রইল।

এইভাবে বছরের পর বছর কেটে গেল। অবশেষে একদিন ভারা বধন ভাদের জন্মভূমি আওলকলে এনে উঠল তথন তাদের দেখে চিনতেই পারছিল না তাদের আত্মীয় পরিজনরা। এই কয়বছরেই ভারা যেন বুড়ো হয়ে পেছে। অভ্যধিক পরিশ্রম আর তৃশ্ভিস্তা ও উদ্বেশের চাপে দেহমন ফুটোই শ্রেকে পড়েছিল তাদের। সে বাই হোক, জেগনের হাতে সোনার পশম দেখার সক্ষে আনন্দে আত্মহারা হয়ে উঠল আওলকসের জনগণ। সমস্ত শহরের লোক সমবেত হলো ওদের সামনে।

এদিকে রাজা পেলিয়াস তথন বৃদ্ধ হলেও মন থেকে রাজ্যলিপা দ্র হয়নি। জেসন তার প্রতিশ্রুতি রক্ষা করলেও পেলিয়াস তার প্রতিশ্রুতি রক্ষা করল না। সে তার বার্ধক্যজ্ঞনিত অনক্ত তুর্বল হাত দিয়ে রাজদওটিকে বল্পে রইল এক অবৈধ অক্সায় আসক্তির সমস্ত নিবিড়তা দিয়ে। জেশন কিছ কোন জোর করল না ভার কাকার উপর। সে এড কট করে সোনার পদম আনলেও ভার কাকা যধন ডাকে রাজ্য ছেড়ে দিল না ভখনও সে কোন জোর করল না।

কিছ মিডিয়া এত সহজে ছাড়বার পাত্রী নয়। পেলিয়াসের থেকে সেবেশী ধৃত। পেলিয়াসকে হত্যা করার সে এক কৌশলপূর্ণ চক্রান্ত করল।
মিডিয়াকে দেখার সঙ্গে সঙ্গে পেলিয়াসও অবশু বৃষতে পেরেছিল সে সাধারণ মেয়ে নয়। মিডিয়া প্রথমে পেলিয়াসের মেয়েদের বলল সে তাদের বৃষ্ণ বাবাকে তার যৌবন ফিরিয়ে দিতে পারবে যদি তারা তার কথামত চলে। কথাটা শুনে খৃশি হলো পেলিয়াস। বার্ধক্যের সব যম্বণা হতে মুক্ত হয়ে অফ্রম্ভ অনস্ত রাজ্যস্তর্থ ভোগ করে যাবে—এর থেকে ভাল কথা আর কিছু হতে পারে না। পেলিয়াসের মেয়েরাও রাজী হয়ে গেল মিডিয়ার কথায়।

মিডিয়া প্রথমে অন্ত্ত একটা কাজ করল। পেলিয়াসের মেয়েদের সামনে একটা বিরাট কড়াইএ জল চেলে উনোনের উপর চাপিয়ে দিল। তার মধ্যে কিছু গাছগাছড়ার ওষ্ধ কেলে দিল। তারপর একটি বৃদ্ধ ভেড়াকে তার মধ্যে ফেলে দিল। সেই ফুটস্ত গরম গুলে ভেড়াটিকে অনেকক্ষণ সিদ্ধ করার পর তাকে একটি তরুণ মেষশাবকে পরিণত করল মিডিয়া। তার এই কাজ দেখে এক অপার বিশায়ে অভিভৃত হয়ে উঠল সকলে।

তথন মিডিয়া পেলিয়াসের মেয়েদের বলল, তোমরা যদি তোমাদের বাবাকে নবযৌবন দান করতে চাও, তাহলে আমার মত ঠিক এইভাবে একটি বড় কড়াইএর মধ্যে জল গরম করে সেই ফুটস্ক জলের মাঝে তোমাদের বাবাকে ফেলে দিয়ে খুব করে ফুটিয়ে নেবে। তারপর দেখবে তোমাদের বাবা নব-যৌবন লাভ করেছে।

মিডিয়ার কথায় বিশাস করল। তারাও তাদের বাবাকে বৃনিয়ে রাজী করিয়ে এক কড়াই ফুটস্ত জলে তাদের বাবাকে জাের করে তার মধ্যে কেলে দিয়ে খুব বেশী করে জাল দিয়ে সিঙ্ক করল। কিন্তু হায়, অনেকক্ষণ ধরে সিঙ্ক করা সন্বেও তাদের বাবার প্রাণহীন দেহটার মধ্যে প্রাণসঞ্চার হলাে না। নব্বাবন ত দ্রের কথা। পেলিয়াসের মেয়েরা তথন কাঁদতে কাঁদতে মিডিয়াকে কাভরভাবে অহরোধ করল, তুমি আমাদের বাবাকে বাঁচিয়ে দাও। আর কিছু করতে হবে না। যৌবন ফিরিয়ে দিতে হবে না।

কিন্ত মিডিয়ার মুখে ফুটে উঠেছে এক জয়ের হাসি। সলে সলে সে রাজা পেলিয়াসকে মৃত বলে ঘোষণা করে সিংহাসনে জেসনকে বসাতে চাইল। কিন্ত জেসন এই হীন উপায়ে সিংহাসন লাভ করতে চাইল না। তথন মিডিয়া জেসনের বাবা ঈসনকে তার যৌবন ফিরিয়ে দিয়ে, তাঁকে সিংহাসনে বসাল এবং তিনি দীর্ঘদিন রাজ্যস্থ ভোগ করেন।

अमित्क त्कमत्नेत्र कि मत्न इतना तम तोका ह्वाए मृत्र करन तमन । चूत्र ए

খুরতে কোরিনথে গিয়ে সেখানকার রাজকল্পার প্রেমে প্রুল। জেসন ছিল প্রাকৃত বীর। তার চরিত্রে কপটতার কোন ছান ছিল না। কোরিনথের রাজা তাঁর কল্পার সন্দে জেসনের বিয়ে দিতে চাইলেন। রাজকল্পাও তাকে বিয়ে করতে চাইল। জেসন বিয়ে করল বটে কিছ তার দ্রী মিভিরার কথাটা গোপন করল না। সে ঠিক করল রাজকল্পাকে সে বিয়ে করলেও মিভিরা হবে তার ছিতীয়া দ্রী। তাই সে দেশে কিরে সরল মনে মিভিরাকে সব কথা বলল। সব তনে আপাতত সেকধা মেনে নিল মিভিরা। কিছ তার মনের আসল কথাটা প্রকাশ করল না মুখে। সে একটা দামী পোষাক রাজকল্পার জল্প পাঠিয়ে দিল।

কিছ সে পোষাক এমনই ভয়ক্ষর যে রাজকলা তা পরার সঙ্গে সঙ্গে তার সমস্ত গায়ে আগুন লেগে গেল। পোষাকটা এমনভাবে তার গায়ের চামড়ার সঙ্গে বসে গেল যে কেউ তা খুলতে পারল না। অপচ যেই রাজকলার সেই পোষাকে হাত দিয়ে ছুঁল সেই মারা গেল। মেয়েকে বাঁচাতে গিয়ে সঙ্গে মারা গেলেন কোরিনথের রাজা।

রাগে ছাথে জেশন মিডিয়াকে হত্যা করার জন্ম বাড়ি ফিরে দেখে তার তিনটি শিশুসন্তানকে নিজের হাতে হত্যা করেছে তার যাত্নকরী স্ত্রী। জেশন তাকে কোন শান্তি দেবার আগেই একটি বংশ করে শৃন্তে উঠে পডল। সে রখটি হুটি ড্রাগনে বয়ে নিয়ে যাচ্ছিল।

মনের ত্বংশে বাড়ি ছেডে বেরিয়ে গেল জেসন। কিন্তু আর সমুদ্রভ্রমণে বার হলো না। শহরের লোক প্রায়ই দেখতে পেত তার প্রিয় আর্গস সাহাজটিকে কৃলে দাঁড় করিয়ে রেখে জেসন ঘাটের কাছে একা একা চুপচাপ হসে থাকত। আর দেবী হেরার কাছে শুধু মৃত্তকামনা করত।

অবশেষে একদিন সেই আকাঞ্ছিত মৃত্যু লাভ করে সমস্ত জীবনের জালা-জ্বণা হতে মুক্তিলাভ করে জেসন।

অফিয়াস ও ইউরিডাইস

অফিয়াসের জন্ম এই পৃথিবীর মাটিতে হলেও সাধারণ মানবীর গর্ভে তার।
ন্ম হয়নি। তার জন্ম হয় কাব্যকলা ও সকীতবিভার অন্ততমা অধিষ্ঠাত্তী দেবী
টেজ ক্যালিওপের গর্ভে। অফিয়াস ভূমিষ্ঠ হয় খে স দেনের অন্তর্গত রোজোপ
বিতে। অর্থমানব ও অর্থদেবতা অফিয়াস ছিল সকীতবিভায় জন্মসিদ্ধ পুরুষ।
কীতবিভার অধিষ্ঠাত্তী দেবী স্বয়ং মিউজ তাকে বে শিক্ষা দান করেন তাতেই
বিথাগত সাধনা ছাড়াই অসাধারণ ও অস্বাভাবিকভাবে পারদর্শী হক্ষে
ঠে এ বিভায়।

বেশীরভাগ সময় শর্গলোক অলিম্পানে ঘূরে বেড়িয়ে দেবভাদের গান পেরে: শোনাড অবিদ্যান । কিন্তু দেবলোকের প্রিয় হলেও মর্ড্যভূমিকে কোনরক্ম অবক্রা কয়ত না অবিদ্যান । খর্গ খেকে তাই প্রায়ই সে নেমে আসভ পার্ণেনার পর্বতসংলগ্ন উপত্যকাভূমিতে আর পবিত্র হেলিকন ঝর্ণার ধারে।

অফিয়াসের বীণাটি ছিল সোনার। এ বীণা এ্যাপোলো ভাকে দান করেন। সেই সোনার বীণা বাজাতে বাজাতে অফিয়াস যখন গান গাইত তথন বনের পশুরা তাদের স্বভাবগত হিংম্রতা ভূলে গিয়ে পোষ মেনে অফিয়াসের চারদিকে ভিড় করে দাঁড়াত। প্রবহমান নদীর সমস্ত ম্রোভ থেমে যেত। এমন কি অফিয়াসের গান ভনে অচল পাহাড় ও গাছপালাগুলোও সচল হয়ে উঠত।

শুধু গায়ক নয়, বীর হিলাবেও খ্যাতি ছিল অফিয়ালের। জেদন যে দব বীরদের নিয়ে দল গঠন করে কোলবিদে সোনার পদম আনতে যায় দেই দব বীরের মধ্যে অফিয়াসও ছিল।

এই অর্ফিয়াস ইউরিভাইস নামে এক স্থন্দরী ও নৃত্যপটীয়সী মেয়েকে ভালবাসে। অর্ফিয়াস তাকে বিয়েও করে। কিন্তু তাদের এ মিলন স্থায়ী হয়নি। বিয়ের দিন যথন ইউরিভাইস নাচ দেখাচ্ছিল তথন এক বিষধর সাপ এসে তার পায়ে কামড়ায়। সঙ্গে সক্ষে প্রাণত্যাগ করে ইউরিভাইস।

এবার এক সকরণ শোকসন্ধীতে কেটে পড়ল অফিয়াস। শোকের বিলাপ আর সন্ধীতের বাণী এক হয়ে মিশে গেল তার স্থরধারার মধ্যে। গান গাইতে গাইতে তার স্ত্রীর মৃতদেহটাকে কবরের দিকে একা একাই নিয়ে যেতে লাগল অফিয়াস। মনে মনে ঠিক করল তার প্রিয়তমা স্ত্রী ইউরিভাইসকে ছেড়ে সে বাঁচতে পারবে না। তাই সে তার মৃত স্ত্রীর আত্মার সঙ্গে নরকে যাবে। যে মৃত্যপুরীতে কোন মাহুষ সশরীরে যেতে পারে না সেধানে সে যাবে এবং তার স্ত্রীর কাছে একসলে ধাকবে।

এত শোকত্থবের মাঝেও এক মৃহুর্তের জন্তও গান ছাড়েনি অফিয়াস।
মৃত্যুপুরীর অন্ধনার সীমানার মধ্যে চুকে কিছুদ্র গিয়ে স্টাইল্প নদীর ধারে গিয়ে
দাঁড়াল অফিয়াস। কালো জলে ভরা এই স্টাইল্প নদীই এক অনভিক্রম্য ব্যবধান রচনা করেছে জীবজগৎ ও মরজগতের জীবন ও মৃত্যুর মাঝধানে।
লারণ হচ্ছে এই নদী পারের মাঝি। এই নদী পার হবার সঙ্গে সঙ্গে মানুষ পূর্বজীবনের সব কথা ভূলে যায়। নরকের নদীর মাঝি লারণ কখনো কোন জীবিত মানুষকে পার করে না। কিন্তু অফিয়াসের গান ভনে এমনই মৃথ্য হয়ে গেল লারণ যে সে সব নিয়ম ভূলে অফিয়াসকে পার করে দিল। নদী পার হওয়ার পরই অফিয়াস দেখল পুটোর রাজ্যের প্রবিশ্বারের স্ক্রিন লোহ্বার কল্প ভার সামনে। অফিয়াসের মধুর গানের স্বর নিল্লাপ জড়পদার্থের মধ্যেও-প্রাণস্কার করত। কঠিন জড়পদার্থেরাও সৃধ্য হয়ে ভনতো ভার গান। সহাহত্তি দেখাত তার হথে তু:খে।

অফিরাসের গান শুনে মুগ্ধ হয়ে লোহার কপাট আপনা থেকে খুলে গেল। ভারপর ভিনমাথাওয়ালা নরকের প্রহরীও কোনরূপ বাধা না দিয়ে পথ করে দিল অফিরাসকে।

এইভাবে অবাথে মৃত্যুপুরীর মাঝে প্রবেশ করল অফিরাস। মৃতদের মাঝখানে জীবিত অবস্থাতেই গান গাইতে গাইতে ইউরিভাইসের সজে এগিয়ে যেতে লাগল। তার গান শুনে মৃতরাও অবাক বিশ্বরে তাকিয়ে রইল তার দিকে।

অবশেষে তার্তারাসের গুহার কাছে এসে অভুত এক দৃশ্য দেখল অর্ফিয়াস। দেখল, দানাউসের কলারা এক নারকীয় লান্তি ভোগ করছে। এই কলারা মাত্র একজন বাদে বিয়ের রাতেই তাদের স্বামীদের হতাা করে। এই অপরাধের জল নরকে এসে তারা এক অভ্ত লান্তি ভোগ করছে। তারা প্রত্যেকে একটি ফুটো পাত্রে অবিরাম জল ঢেলে চলেছে। পাত্রটি তাদের ভতি করতেই হবে। না ভতি হওয়া পর্যস্ত তারা এইভাবে জল চেলে যাবে।

অফিয়াসের গান শুনে দানাউলের কন্তারা তাদের কাজ পামিয়ে কিছুক্ষণের জক্ত তাকিয়ে রইল অফিয়াসের দিকে।

এরপর অফিয়াস দেখল রাজা ট্যান্টালাসকে। ট্যান্টালাস জীবদ্দশায় এক কুকর্মের ঘারা দেবতাদের কট করে তোলে। সেই পাপে মৃত্যুর পর নরকে এসে এক কঠিন শান্তি ভোগ করছে। সে তৃষ্ণার্ভ অবস্থায় যতই জ্বল থাবার জক্ত হাত বাড়াচ্ছিল ততই তার মুখের কাছ খেকে জ্বল সরে যাচ্ছিল। নিদারুণ কুধার যন্ত্রণায় যতই সে একটি ফলবতী বৃক্ষশাধার দিকে হাত বাড়াচ্ছিল ততবারই গাছের ডালটা অনেক উচ্তে উঠে যাচ্ছিল। এই ট্যান্টালাসও অফিয়াসের গান শুনে একবার থমকে দাঁড়াল।

এরপর অফিরাস দেখল অভিনপ্ত সিসিফাসকে। সিসিফাস একটা বিরাট পাধরকে অভিকটে একটি পাহাড়ের চূড়ার উঠিয়ে নিয়ে যাচ্ছিল। কিন্তু চূড়ার কাছাকাছি যেতেই পাধরটি তার হাত থেকে গড়িয়ে পড়ে যাচ্ছিল। সিসিফাস তথন আবার পাধরটিকে কাঁযে নিয়ে উঠতে লাগল। এই পাধরটিকে চূড়ার উপরে না ওঠানো পর্যন্ত তার নিস্কৃতি নেই। সেই সিসিফাসও অফিরাসের গান ভনে একবার থমকে গাড়িয়ে রইল ভার বিরামহীন শ্রম থেকে বিরত হয়ে।

এরপর অফিয়াস দেখল ইঞ্জিয়নের চাকা। অফিয়াস দেখল একটি চাকা অবিরাম ঘুরছে আর ভার সঙ্গে ইঞ্জিয়ন বাঁধা আছে। ইঞ্জিয়ন অক্তায়ভাবে বছ নরহভ্যার অপরাধে অপরাধী। অফিয়াসের গান ভনে সেই ভয়কর চাকাটাও থেমে গেল মুহুর্তের জক্ত।

এরপর প্রচণ্ড ক্রোধের অধিষ্ঠাত্তী অপদেবী ফিউরিয়া অফিয়ানের গান

ভনল। সে গান এমনই মধুর বে তা ভনে তাদের কঠিন হাদর গলে গেল। ভাদের ভকনো চোখে জল এল।

কিছ অফিয়াসের কোন দিকে লক্ষ্য নেই। মৃত্যুপ্রীর মধ্য দিয়ে কোন প্রেভাজার পানে না ভাকিয়ে সোজা চলে গেল মৃত্যুপ্রী বা হেডস্এর রাজা প্রটোর কাছে। অফিয়াস দেখল সিংহাসনের উপর ঘন কালো জাবিশিষ্ট রাজা প্রটো বসে আছেন। তাঁর পাশে বসে আছেন রাণী পার্সিফোনে। পার্সিফোনের অনিল্যুস্কর মুধধানি অবগুঠন দিয়ে ঢাকা। তাদের সামনে অফিয়াস ভার সোনার বীণায় কয়ণ-মধ্র এক হয় স্ষ্টি কয়ল। সে হয়ের মধ্যে এক আশ্চর্য মৃছ্রনায় ফুটে উঠতে লাগল অফিয়াসের এক অব্যক্ত ব্যধাহত প্রার্থনা।

অফিয়াস বলল, ভালবাসার খাতিরেই আমি আজ মৃত্যুপুরীতে এসে মৃত্যুকামনা করছি। রাজা পুটো, আপনি নিজেই ত আপনার মৃত প্রেয়সী শ্রীকে থোঁজার জক্ত এই নরকে এসেছিলেন। আমার প্রিয়তমা পত্নীকে ফিরিয়ে দিন হে রাজন! আর তা যদি না দেন তাহলে আমার প্রাণও আপনি একই সঙ্গে সংহার করুন। পৃথিবীর আলো বাতাসে আমাকে একা একা ফিরে যেতে বলবেন না।

পুটো তাঁর সম্মতি প্রকাশ করলেন। কিন্তু পার্সিকোনে তাঁর কানে কানে কি বললেন। সঙ্গে সঙ্গে অফিয়াসের গান বন্ধ হয়ে গেল। সহসা এক অদৃষ্ঠ দেবভার কঠে এক দৈববাণী ঘোষিত হলো। দৈববাণী ঘোষণা করল গুল্ল-সন্তীর কঠে, ভোমার মনোবাঞ্চা পূর্ণ হবে। ভোমার সঙ্গে ভোমার জী ইউরিভাইস ভোমার ছায়ার অহুগামিনী হবে। কিন্তু এই মৃত্যুপুরীর সীমানা সম্পূর্ণ পার না হওয়া পর্যন্ত তুমি পিছন কিরে ভাকাবে না অথবা কোন কথা বলবে না। তুমি এই মৃহুর্ভেই রওনা হও। নীরবে চলে যাও।

অফিয়াস দেখল তার চারিদিকে নিবিড় অন্ধনার। সেই অন্ধনারের মাঝে এক ক্ষীণ আলোকরেখা দেখে কোনরকমে পথ চিনে মর্ত্যভূমির দিকে এগিয়ে চলল অফিয়াস। সে তার নিজের পদশব্দ ছাড়া আর কিছুই ভনতে পেল না। ক্রমে সংশয় দেখা দিল অফিয়াসের মনে। দেবতার কথায় সে বিখাস রাখতে পারল না। তার কেবলি মনে হতে লাগল, ইউরিডাইস তার পিছু পিছু আসছে না। মনে হচ্ছিল দেবতা মিধ্যা ভোকবাক্য দিয়ে বিদায় দিয়েছেন তাকে। অবশেষে মৃত্যুপুরীর শেষপ্রাস্তে এসে থমকে একবার দাড়াল অফিয়াস। ভাবল, তার প্রিয়তমা ত্রী ইউরিডাইসকে সত্যি সত্যিই সে কিরে পেয়েছে কিনা সেবিবয়ে এবায় নিশ্চিত হওয়া দরকার। কারণ তার প্রীকে সলে না নিয়ে মর্ত্যে কিরে যাওয়ার কোন অর্থই হয় না। এই ভেরে পিছন কিরে একবার ভাকাল অফিয়াস। দেখল তথ্ অন্ধনার; কেউ নেই তার পিছনে। সে তুলে পিয়েছিল মৃত্যুপুরীতে ইউরিডাইস অনুক্র

ছারার মত অনুসরণ করছে তাকে। এই মৃত্যুপুরীর সীমানা পার হরে মর্জ্যভূমিতে গিয়ে কারা ধারণ করবে গে। কিন্তু সবকিছু ভূলে এক নিবিড় হতাশা
আর সংগরের বশবর্তী হয়ে ইউরিভাইসের নাম ধরে চিৎকার করে ভাকতে
লাগল অফিয়াস ত্হাত বাড়িয়ে। সজে সজে তার সেই ভাকের প্রতিধানির সজে
এক সকরণ দীর্ঘবাস শুনতে পেল অফিয়াস। তারপর সব তার হয়ে পেল।

এবার অর্কিয়াস তার ভূস বৃঝতে পারল। কিন্তু আর কোন উপায় নেই।
আর সে জীবদ্দশায় কোনদিন দেখতে পাবে না, কোনদিন ফিরে পাবে না
ইউরিভাইসকে।

ভারণর কোনরকমে মর্ত্যলোকে কিরে এদে নীরব নিম্পন্দ অবস্থার এক জারগায় পাগলের মত পড়ে রইল অফিয়ান। তার বীণার তার ছিঁড়ে গেল। ভার কণ্ঠ নীরব হয়ে গেল চিরভরে। কোন নারীর মুখপানে আর তাকাত না অফিয়ান। কোন মাহুষের সঙ্গে কখা বলত না। কিছুদিন এইভাবে শ্রেন দেশে কাটিরে পার্বত্য অঞ্চলে চলে গেল অফিয়ান। পর্বত্রসংলগ্ন গভীর অরণ্যে জীবজন্তর সঙ্গে বাস করতে লাগল সে।

সহসা একদিন কল্ম নারীবেশিনী একদল মীনাস নামে অপদেবী এসে
নাচতে লাগল অর্কিয়াসের সামনে। তাকে নাচতে বলল তাদের সলে। কিছ
অর্কিয়াস তাতে রাজী না হয়ে সেধান থেকে চলে যাওয়ায় তারা তাকে তাড়া
করল। তাকে ধরে তার দেহটাকে টানাটানি করে টুকরো টুকরো করে ফেলল।
ভার অকপ্রত্যকগুলো এধানে সেধানে ছড়িয়ে দিল। তথন তার কাটা
মাথাটা থেকে একটা নাম ধ্বনিত হচ্ছিল। সে নাম তার মৃত পত্নী
ইউরিডাইসের।

অবলেষে দেবী মিউজ একদিন অকিয়াসের সেই ছিন্ন মুগুটিকে এক জ্বায়গায় সমাহিত করলেন। সেই সমাধির উপর প্রতিদিন কোখা হতে একটি নাইটিকেল পাথি এসে মধুর স্থানে গান গাইতে থাকত।

পার্সিফোনের শালীনতাহানি

মাবে মাবে মাহব ও দেবতা নির্বিশেবে সকলের উপর চাত্রী থেলতেন দেবী এ্যাফ্রোদিতে। তিনি তাঁর প্তকে এমন এক জারগার লুকিয়ে রাখনেন যেখানে কেউ তাকে দেখতে পেত না, এবং বেধান থেকে সে অদৃত্য অবস্থার, কোন মাহ্যব বা দেবতার উপর ফুলনর হেনে কাম্বর্জর করে তুলতে পারতভাবে।

এইভাবে একবার অভকার মৃত্যুপুরীর রাজা পুটোর উপর ফুলশর হাবে -এয়াকোনিডের পুজ। বেছে বেছে পুটোর উপর ফুলশর হারার অর্থ এই বে, প্রেমদেবী এ্রাক্রোদিতের পুত্র এর বারা দেবিয়ে দিতে চায় অছকার মৃত্যুপুরীর মাবেও প্রেম আছে। ভয়য়য়য় মৃত্যুর দেবতাকেও প্রেমের উয়াদনায়
উয়ত্ত হয়।

ক্ষিত আছে, সিসিলির এক জ্ঞান্ত আগ্নেরগিরির মুখ থেকে হেডস্ বা মৃত্যুর দেবতা উঠে আসেন একদিন। এই ভয়ন্তর দেবতার কোপদৃষ্টি যদি পতিত হয় তাহলে শশুপূর্ণ সর্জ মাঠ সব জ্ঞানে পুড়ে ছারখার হয়ে বাবে।

একদিন এনার নিম উপত্যকা দিয়ে রথে করে বাচ্ছিলেন মৃত্যুপ্রীর রাজা। সহসা একটা দৃশ্যের উপর চোধ পড়ল তার। দেধলেন দিমেডারের অনিন্দ্য-স্বন্দরী রপসী কন্তা পার্সিফোনে তার সন্ধিনীদের সন্ধে ফুল তুলছে।

পার্সিকোনেকে দেখার সঙ্গে সঙ্গে তার রূপে মুগ্ধ হরে গেলেন প্লুটো।
তিনি তৎক্ষণাৎ রথ থেকে অবতরণ করে পার্সিকোনের কাছে গিয়ে তার
একটা হাত ধরলেন। সঙ্গে সঙ্গে পার্সিকোনের আঁচলভরা ফুলগুলো সব পড়ে
গেল। ভয়ে চিৎকার করে উঠল পার্সিকোনে। তার মা দিমেতারকে
ভাকতে লাগল প্রাণপণে।

দিমেতার তার মেয়ের কালা শুনে ছুটে এল। কিন্তু এসে দেখল তার মেয়ে পার্সিকোনে আর ইহজগতে নেই। দিমেতার তখন পার্সিকোনের নাম ধরে ডাকতে লাগল। কিন্তু কোন সাড়া পেল্না। শুধু ভূমিকম্প আর আংগ্রেগিরির অগ্নুদগারের প্রবল শব্দে চারদিক কাঁপতে লাগল।

দারাদিন ধরে সকরণ কঠে ডাকতে ডাকতে মেয়ের থোঁজ করে বেড়াল দিমেভার। এটনার আগ্নেয়গিরির মুখ হতে বিচ্ছুরিত আগুনে পথ চিনে চিনে ঘুরতে লাগল।

ভগু সেই দিন নয়, দিনের পর দিন জলে স্থলে পার্সিকোনের থোঁজ করে বেড়াল। কিছ স্থা বা টাদ জানা সত্ত্তে পার্সিকোনের কোন সন্ধান দিল না।

অবশেষে ঘ্রতে ঘ্রতে সিনিলিতে এসে পার্নিফোনের একটা সন্ধান পেল দিমেতার। পার্নিফোনের একটা কটাবন্ধনী একটা নদীতে ভেসে যাচ্ছিল। তাছাড়া দিমেতার দেখল পার্নিফোনে তার যে সব বান্ধবীর সঙ্গে ফুল তুলছিল তাদের একজন সেই নদীতে ভেসে যাচ্ছিল।

সেখান খেকে আরো কিছু দ্রে চলে গেল দিমেভার। কোন এক সমুজে আর্থু আ নামে এক জলপরী ছিল। একবার সেই সমুজের ভিডর আলফিরাস নামে এক জলদেবভা ভাকে ধরার জল্প ভাড়া করে নিয়ে যায়। আর্থু জা ভখন ভরে সেখান খেকে অভিজিয়া নামে এক জারগায় পালিলে বায়। সেখানে আর্তেমিস ভাকে এক পবিত্র ঝর্ণায় পরিণভ করে ভোলেন। দিমেভার ঘূরভে মুরতে সেই ঝর্ণায় ধারে পিয়ে পড়লে সেই ঝর্ণা কথা বলে দিমেভারকে শার্সিকোনের খবর জানাল। সে বলল সে দেখেছে পার্সিকোনে মৃত্যুপুরীর

রাজা প্রটোর সিংহাসনের পাশে বসে আছে। হিমনীতল চির অভকারে । তরা সেই মৃত্যুপুরীতে কধনো কোন জীবস্ত মাহ্র থাকতে পারে না। তাই সেধানে থাকতে বড় কট হচ্ছিল পার্সিকোনের। পৃথিবীর আলো হাওয়ায় উঠে আসার জল অনবরত হংথে দীর্ঘসা ফেলছে পার্সিকোনে। বর্ণারূপিনী আর্থ আনাল নরকের রাজা প্রটোই পার্সিকোনেকে জোর করে ধরে । নিয়ে গেছে তার রাজ্যে। পার্সিকোনে জানে না কে তাকে প্র্টোর ভয়য়র । কবল থেকে উদ্বার করবে।

তীব্র হতাশার উন্মাদ হয়ে পৃথিবীকে অভিশাপ দিতে লাগল দিমেতার।
বিশেষ করে অভিশাপ দিতে লাগল সেই সিসিলির মাটিকে যে সিসিলি তার কলাকে গ্রাস করেছে। ক্রন্দনরতা দিমেতারের চোথের জল যেখানেই বরে পড়তে লাগল, সেখানকার মাটি বন্ধ্যা হয়ে যেতে লাগল। কোন ফসল ফলল না সে মাটিতে। বৃভূক্ষ্ মাহ্যয় ও পশুর হাহাকারে ভরে উঠল সেখানকার আকাশ বাভাস। মাহ্যরা কাভর কঠে দেবতাদের ডাকতে লাগল। দেবতারা আর কোন বলির উৎসর্গ পাবেন না সেখানকার মাহ্যদের কাছ থেকে এই ভেবে তাঁরা দেবরাজ জিয়াসওলিমেতারকে শাস্ত করার চেটা করলেন।

দিমেতার কিন্তু কোন কথা শুনল না জিয়াসের। সে বলল, আমার কলাকে ফিরে না পাওয়া পর্যন্ত শাস্ত হব না। এ কলা তোমার এবং আমার উভয়ের। আমার চোখের জলে যদি তুমি বিচলিত না হও তাহলে অন্ততঃ তোমার পিতৃত্বের অভিমানে আঘাত লাগা উচিত। তোমার পিতৃত্বের সম্মান ও মর্যাদার থাতিরে অন্ততঃ আমাদের কলার অপহারককে উপযুক্ত শান্তি প্রদান করে তাকে উদ্বার করা উচিত।

অবশেষে দিমেভারের কাতর প্রার্থনায় নরম হলেন জিয়াস। তিনি পার্সিফোনেকে আনার জন্ম হার্মিসকে মৃত্যুপুরীতে পাঠিয়ে দিলেন। বেমন করে হোক, পার্সিফোনেকে তার মার কাছে ফিরিয়ে দিতে হবে। তবে দেখতে হবে পার্সিফোনে সেখানে গিয়ে অবধি কিছু খেয়েছে কি না। পুটোর দেওয়া কোন খাত্ম সে গ্রহণ করলে তাকে আনা চলবে না।

কিন্ত হায়, হার্মিস গিয়ে দেখল ঠিক সেইদিনই পার্দিফোনে প্লুটোর দেওয়া একটি ডালিম খেয়েছে । স্থতরাং ভার মৃক্তি আর সম্ভব হলো না। সেই অন্ধণারের রাজ্যেই রয়ে যেতে হলো ভাকে।

তবু কিন্ত জিয়াসের এই বিধান মেনে নিল না দিমেতার। শান্ত হলো না তার অশান্ত চিত্ত। তার তীত্র রোষের ভয়াবহ আগুনে আগের মতই অলতে লাগল পৃথিবীর মাঠ ঘাট বন। তার অহ্নয় ও আবেদন নিবেদনের সকরুণ ধ্বনিতে ভরে উঠল স্বর্গলোকের বাতাস। জিয়াস তথন বাধ্য হয়ে আর এক বিধান দান করলেন। তিনি ব্যবস্থা করে দিলেন বছরের মধ্যে

স্থাস পার্সিকোনে থাকবে ভার স্থামী প্রটোর কাছে আর ছমাস থাকবে মর্ত্যভূমিতে ভার মার কাছে। ভার মানে বছরের অর্বেক কাল সে জীবিত আর অর্বেককাল সে মৃত অবস্থায় কাটাবে।

যাই হোক, দীর্ঘকাল পরে কন্তাকে কিরে পেরে তাকে সম্বেহে বুকে অড়িরে পরল দিযেতার। মৃথে হাসি ফুটে উঠল আবার। আবার শক্তপূর্ণ হরে উঠল বহুদ্ধরা। কন্ম পাহাড়ের মাধাগুলোতে আবার সব্দ তৃণগুল্ম দেখা দিল। উপত্যকার শিশুরা খেলে বেড়াতে লাগল। নীল আকাশের দিকে তাকিরে উজ্জনভাবে হাসতে লাগল সারা পৃথিবী।

কিন্তু পার্নিফোনে যখন মার কাছ থেকে আবার মৃত্যুপুরীতে চলে গেল তথন আবার আন্ধনার হয়ে উঠল সমগ্র পৃথিবী। সব হালি উল্লেশতা মান হয়ে গেল পৃথিবীর মুখে।

দিমেতার স্বভাবটা ছিল বড় রোষপরায়ণা। সে যথন পার্দিকোনেকে
খুঁজে বেড়াচ্ছিল মর্ত্যের বিভিন্ন জায়গায় তথন সে ছলুবেশে ঘুরে বেড়াত।
একদিন এইভাবে সে একটি বাড়িতে এক বৃদ্ধা ভিথারিণীর বেশে পেলে
বাড়ির কর্ত্রী অবজ্ঞাভরে একপাত্র থাবার দেয় তাকে। সে যথন সেই খাল্ড
খাচ্ছিল তখন তার পাশে সেই বাড়ির একটি ছরস্ত ছেলে তার খাওয়া দেখে
হাসতে লাগল। তখন দিমেতার রেগে গিয়ে সেই পাত্রটি ছেলেটির দিকে
ছুঁড়ে মারে জার সঙ্গে সঙ্গে ছেলেটি একটি গিরগিটতে পরিণত হয়ে যায়।

আর একবার দিমেতার আর একটি বাড়িতে আগেকার ঐ বেশেই যায়।
কিন্তু সে বাড়ির গৃহিণী তাকে সাদরে গ্রহণ করে। সে তার নবলাত শিশুটির
দেখাশোনার জন্ম ধাত্রী হিসাবে নিযুক্ত করে দিমেতারকে। দিমেতারক
শিশুটিকে তার নিজের সন্তান জ্ঞানে মাহ্র্য করতে থাকে। দিমেতার মনে
মনে ভাবে সে তাকে অমরত্বের বর দান করবে। একদিন শিশুটির মা দেশদ
ধাত্রীরূপিণী দিমেতার তার শিশুপুত্রটিকে এক জনস্ত অগ্নিকুত্তের উপর তুলে
ধরে শিশুটিকে সেক্ছে আর শিশুপুত্রটি আরামের সঙ্গে সেই আগুনের তাপ
নিজের দেহে বেশ উপভোগ করছে।

কিছ দিমেতারের আদল পরিচয় ন। জানার দকণ শিশুটির মাতা ব্যস্ত হয়ে ছুটে গিয়ে দিমেতারের হাত থেকে ছেলেটিকে ছিনিয়ে নিয়ে চলে গেল। তখন দিমেতার আপন পরিচয় দিয়ে তার আদল উদ্দেশ্যের কথা বলল। বলল তার সন্তামকে অমরত্ব দান করতে যাচ্ছিল সে। কিন্তু আরে তা সন্তব নয়। এই বলে সেধান থেকে অদৃশ্য হয়ে যায় দিমেতার। সেই শিশুটির নাম ট্রেপটলেমাস আর জায়গাটার নাম এলিউসিস।

শোনা যায় পার্ণিকোনেকে ফিরে পাবার পর দিমেতারের মন মেজাজ ভাল হলে আর একবার দে এলিউদিদে যায়। এলিউদিদে দিমেতারেই বহু কাল ধরে ফদলের দেবী হিদাবে পুজে। করা হয়।
পুরাণ—৬

<u> গ্রাক্রে</u>

লিভিয়ার এ্যারাকনে সীবনশিল্পে ছিল এমনই স্থদক্ষ বে তার নাম ছড়িরে পড়েছিল দেশে বিদেশে। সে যখন তার স্চীশিল্পের কাল্প করত, তখন শুধু তার আশপাশের গ্রামাঞ্চলের লোক নয়, বনদেবী ও অপ্সরারাও আসত তা দেখার জল্প। তার নাম এতই খ্যাতি লাভ করেছিল যে স্বর্গের প্যালাস এখেনেরও কানে গেল তার কথা।

কিন্তু দক্ষতার সঙ্গে সঙ্গে এগারাকনের অহস্কারও বেড়ে উঠছিল দিনে দিনে। দেবী এথেনই সকল শিল্পকলার অধিষ্ঠাত্তী দেবী এ কথা জেনেও সে ছোট ভাবল দেবী এথেনকে। প্রকাশ্যে বলতে লাগল প্যালাস এথেনও আমার মত স্ফুটীশিল্পের এই কাজ করতে পারবে না।

এ্যারাকনে যখন একখা বলছিল, তখন তার পাশে এক বৃদ্ধা লাঠির উপর ভর দিয়ে দাঁড়িয়েছিল। সে বলল, এ ভাবে গর্ব করোনা। বয়স আর অভিক্রতাই মামুষকে জ্ঞান বৃদ্ধি দান করে। তৃমি আমার কথা শোন। দেবীর শক্তিতে বিশ্বাস রাখো। যারা দেব দেবীকে ভক্তি করে তারা তাঁদের দয়ায় উন্নতি লাভ করে। মামুষের কাজ যত ভালই হোক তা আরো ভাল করা যেতে পারে।

কিন্তু এগারাকনে এবার রেগে গিয়ে বলল, বোকা বৃড়ী কোপাকার, চুপ করে পাক। তোমার পরামর্শ আমি চাইলে তবে তা দেবে। মাহুষ বৃড়ো হলে তার বৃদ্ধি লোপ পায়। তোমার ঝি চাকর আর মেয়েদের উপর খবরদারি করো। আমি তোমার কাছ থেকে বা প্যালাস এথেনের কাছ থেকে কোন উপদেশ চাই না। প্যালাস এথেন যদি এতই বড় হবে, কেন তবে আমার সঙ্গে প্রতিবাগিতায় অবতীর্ণ হচ্ছে না।

अहे य चामि अथाता।

হঠাৎ একটা গন্তীর গলা শুনে চমকে উঠল এগারাকনে। সে দেখল তার চোখের উপর সেই লোলচর্মা বৃদ্ধাই সহসা দেবী এথেনে পরিণত হলো। তিনি নিজে বৃদ্ধার ছন্মবেশে এগারাকনের কাজকর্ম দেখতে আর তার অহস্কারের জন্ম তাকে শিক্ষা দিতে এসেছিলেন।

প্যালাদ এথেন বললেন, লিভিয়ার অক্সাক্ত কুমারী মেয়েদের সঙ্গে এক প্রতিযোগিতায় অবতীর্ণ হতে হবে। ভাতে বোঝা যাবে কার বয়নশিল্প সবডেয়ে ভাল। আমি নিজেও তাতে অংশ গ্রহণ করব।

্ এগারাকনে প্রথমে কিছুট। হতবৃদ্ধি হয়ে পড়লেও পরে নিজেকে সামলে নিস। সে এই প্রতিযোগিভার আহ্বান সহজভাবে গ্রহণ করল।

পাশাপাশি ছটি তাঁত রাখা হলো। প্রতিযোগিনীরা ভার উপর ভাদের

কাককার্য দেখাবে। তার উপর তাদের বিচিত্র রঙের কাককার্যগুলি রামধন্তর রঙের মত চকচক করতে লাগল।

শুদের কান্ধ হরে গেলে প্যালাস এখন নিজে কতকগুলি কাপড়ের উপর স্থাতা দিয়ে কারুকার্ব করল। সে স্টিয়ে তুলল দেবতাদের ছবি। তার মনে মনে ছিল জিয়াস, প্রেডন আর নিজের ছবি। প্রেডন ছিল মার্বধানে, জিপুল হাতে একটা পাহাড়কে আঘাত করছিল। এমনি আরো কয়েকটি ছবি একছিল। এখন দেবিয়েছেন অধার্মিক লোকেরা কিভাবে কট্ট পায়। বিজ্ঞানী কৈভাদানবরা কিভাবে দৈব অভিশাপে পাহাড়পর্বতে পরিণত হয় আর এয়ারাকনের মত দর্শিণী মেয়েরা মুরগীর বাচ্চায় পরিণত হয়। ছবি-শুনোর চায়দিকে অলিভ পাতার কাজ। এ কারুকার্য দেখে স্বাই ব্রতে পার্বে কার কাজ।

প্রদিকে প্র্যারাকনে তার শিল্পকর্মের মধ্যে দেবতাদের চরিত্রগুলিকে বিকৃত্ত করে দেবার। প্রারাকনে তার শিল্পকর্মের জন্ত প্রমন সব কাহিনী বেছে নিস বার মধ্যে দেবতাদের জনেক লজ্জার কথা আছে। তাতে দেখানো হরেছে দেবরাজ জিয়াস নানারকমের ইতর প্রাণী বা জীবজন্তর রূপ ধারণ করে মর্ত্যমানবীকে প্রেম নিবেদন করছেন। তাতে দেখানো হয়েছে এ্যাপোলো মর্ত্যভূমিতে রাথালের কাজ করছে। এইসব কৃষির কাজগুলোকে এ্যারাকনে আইজি পাতার শীমারেখা দিয়ে যিরে দিল। কিছু ছবিগুলোর প্রতিটি দৃষ্ট বাত্তব ও জীবস্ক বলে মনে হচ্ছিল।

কিছ বে ঘটো তাঁভের কাপড় এই সব শিল্পকর্মের জ্বন্স দেওরা হয়েছিল তা দেখে রাগে আগুনের মত জলে উঠলেন প্যালাস এখেন। কিছুটা এয়ারাকনের শক্তি ও প্রতিভায় ঈর্ষা আর কিছুটা তার বিক্বৃত ক্লচির জক্ত ঘুণ।-মিশ্রিত ক্রোধ অহুভব করলেন এখেন। তিনি কাপড়ঘ্টো ছিঁড়ে কুচি কুচি করে কেসলেন।

প্যালাস এথেনের সেই অগ্নিম্তির সামনে কোন মরণশীল মামুষ দাঁড়িয়ে থাকতে পারে না। তাঁর সেম্তি দেখে ভগ্ন পেয়ে গেল এগারাকনে। সে আর দাঁড়িয়ে থাকতে পারল না সেথানে। গলায় দড়ি দিয়ে মরার জন্ত ছুটে পালিয়ে গেল সেথান থেকে।

কিন্ধ তব্ নিদ্ধতি পেল না এগারাকনে। তব্ শাস্ত হলো না দেবী এথেনের রোষ। তিনি ঠিক করলেন এগারাকনেকে মরতে দেওয়া হবে না। সে বৈচে থাকবে। তবে স্বাভাবিক মান্থবের মত নয়। তার মাথার সব চূল উঠে কোন। তার অক্পপ্রতাক্তলো একে একে থলে যেতে লাগল। অবশেষে দেশতে দেখতে এক মাকড়শায় পরিণত হলো গর্বোদ্ধতা এগারাকনে। আজও ভাই দিনরাত ভার বিষাক্ত লালারদ দিয়ে সমানে জাল বুনে চলেছে মাকড়নাত্রণিনী এ্যারাকনে। অভিনপ্ত এ্যারাকনের এই সব ভাল ভার পূর্ব জীবনের নিয়কর্মকে যেন উপহাস করছে।

ঞালসে স্টিস

একবার এ্যাপোলো তাঁর পিতা জিয়াসের কাছে এমন এক গুরুতর অপরাধ করেন যার জন্ত তাঁকে এক কঠিন শান্তি দান করেন জিয়াস। সেই শান্তি স্বরূপ এ্যাপোলোকে নয় বছর ধরে মর্ত্যভূমিতে রাখালের কাজ করে কাটাতে হয়। গেসালির রাজা এ্যাডমেতাসের অধীনে রাখালের কাজ নেম এ্যাপোলো। তবে এ্যাপোলোকে খ্বই স্বেহ করতেন রাজা এ্যাডমেতাস। তাঁর সেহপ্রীতির আতিশয্যে সত্যিই মুগ্ধ হয়ে গিয়েছিলেন এ্যাপোলো।

দেখতে দেখতে নয় বছর উত্তীর্ণ হয়ে গেল। এ্যাপোলোর যাবার দিন্দ ঘনিরে এল। তখন রাজার প্রতি ক্বতজ্ঞতাবশতঃ ভাগ্যদেবীদের কাছ খেকে এক ইর পেয়ে তা রাজা এ্যাডমেতাসকে দিলেন এ্যাপোলো।

বরটি বড় অভ্ত। রাজা এগাডমেতাস তাঁর মৃত্যুকালে যদি এমন কোন ব্যক্তি পান বে তাঁর পরিবর্তে মৃত্যুপ্রীতে বেতে রাজী আছে এবং তাকে বিদি সভিয়ই সেধানে পাঠাতে পারেন জাহলে তিনি অব্যাহতি পাবেন মৃত্যুর হাজ খেকে।

অবশেষে রাজা এরাজমেতাসের মৃত্যুর দিন এসে গেল। রাজা তথব মিরিয়া হয়ে এমন একজনকে খুঁজে বেড়াতে লাগলেন বে তাঁর পক্ষ থেকে মৃত্যুপ্রীতে থেতে রাজী আছে। রাজা তাঁর বৃদ্ধ পিতামাতাকে কথাটা জানালেন। কিন্তু কেউ তাতে রাজী হলেন না। তাঁরা সামাল যে ক'টা বছর বাঁচবেন সেই বছর ক'টার জলও তাঁদের জীবন ত্যাগ করতে চাইলেন না। রাজ্যের বে সব প্রজারা তাঁকে শ্রদ্ধা ও সন্ধান করেন তাদের মধ্যে কেউ যেতে রাজী হলোনা।

অবশেবে রাজা এ্যাড্মেডাসের স্ত্রী এ্যালসেষ্টিন রাজী হলো। স্থামীর জন্ত সহজ্ঞভাবে হাসিমুখে মৃত্যুবরণ করতে রাজী হলো এ্যালসেষ্টিন। ভার যৌবন, সৌন্দর্য, সস্তান, রাজ-ঐশর্ষ যত সব ভোগস্থ্য, সব কিছু ছেড়ে যেতে রাজী হলো এ্যালসেষ্টিন শুধু স্থামীর জন্ত।

মৃত্যুর দিন ঝর্ণার জলে স্থান করে এল স্থলরী এ্যালসেইন। তারপর ভাল কাপড় গরনা পরল। তা পরার পর তার সন্তানদের আলিকন করন। তারপর তার স্থামীকে বিদায় জানিয়ে বলল, যেতেতু তোমার জীবন সবচেরৈ প্রিয়বস্ত আমার কাছে, সেই তেতু স্বর্ধাৎ তোমার সেই জীবনের থাতিরেই মৃত্যুবরণ করছি আমি। তোমার মৃত্যু হলে আমি বিতীয় স্থামী গ্রহণ করতে পারব না। আবার ভোষার বিরহে পিতৃহীন সন্ধানদের নিরে বেঁচে থাকডেও পারব না। তবে আযার একটা ভিন্দা ভোষার কাছে, আযার এই সব সন্ধানত্বের যেন ভোষার বিভীয় ন্ত্রীর হাতে কবনো লে 'দিও না। কারণ আমি আনি বিযাতার থেকে হিংল সাপও ভাল।

কাদতে কাদতে শপথ করলেন রাজা এই মর্মে। প্রতিশ্রতি দিলেন জীবনে মরণে এ্যালসেন্টিসই রয়ে যাবেন তাঁর একমাত্র প্রিয়তমা স্ত্রী। এই প্রতিশ্রতি লাভে খুলি হয়ে মৃত্যুর কোলে চলে পরল এ্যালসেন্টিস।

এবার রাণীর অস্ত্রেটি ক্রিরার ব্যস্ত হয়ে উঠল সমস্ত রাজবাড়ি। শোকে আকুল হয়ে উঠলেন রাজা এটাডমেতাস। এমন সময় এক অভিধি এসে হাজির হলো রাজবাড়িতে। বাড়িতে শোকবিলাপ দেখে চলে বাজিল অভিধি। কিন্তু অভিধিকে বিমুখ হতে দেবেন না রাজা এটাডমেতাস। এত শোকত্বংখের মাঝেও তাঁর আভিধাধর্ম রক্ষা করার জন্ম যত্নবান হয়ে উঠলেন সাধ্যমত। অভিধি হলেন ছদাবেশী স্বয়ং শক্তির দেবতা হার্কিউলেস।

হার্কিউলেসকে কিন্তু ঘূণাক্ষরেও জানতে দিলেন না রাজা এ্যাডমেতাস বে তাঁর রাণীর প্রাণবিয়োগ হয়েছে। তিনি শুধু হার্কিউলেসকে বললেন তাঁর বাড়িতে এক বহিরাগত আগন্তকের মৃত্যু হয়েছে।

অতিথিদের অন্ত নির্দিষ্ট একটি স্থানিজত ককে হার্কিউলেশের থাকার ব্যবস্থা হলো। পানাহারে তৃপ্ত হলেন হার্কিউলেগ। একসময় পানোমান্ত হয়ে চিৎকার করতে বাড়ির এক দাসী এসে হার্কিউলেশকে বলল, রাণীর মৃত্যু হয়েছে। সমস্ত রাজপ্রাসাদ কামায় ভেলে পড়েছে আর আপনি উল্লাস করছেন।

এবার নিজের ভূল ব্ঝতে পারলেন হার্কিউলেস। অফ্লোচনা জাগল ভাঁর মনে। বিশেব করে যে উদার অভিধিবৎসল রাজা তাঁকে এমন সাদর আাতিশ্য দান করেছেন তাঁর জন্ম কিছু করতে চাইলেন তিনি।

বে পথে মৃত্যু মৃত রাণীর প্রাণ নিয়ে চলে গেছে তার পিছনে ধাবিত হলেন হার্কিউলেস। তিনি এ্যালসেষ্টিসের প্রাণটিকে কেড়ে নেবার জ্ঞা মৃত্যুত্র সঙ্গে লড়াই করতে লাগলেন।

সেদিন সকালবেলায় তাঁর রাজপ্রাসাদের সামনে একা একা বসে ছিলেন এরাজনেতাস। শ্বশানের মত প্রাণহীন দেখাচ্ছিল সমন্ত বাড়িটাকে। প্রিয়তমা ব্লীর বিচ্ছেদবেদনা ছবিসহ হয়ে উঠছিল দিনে দিনে। এমন সময় সেদিনের সেই অভিবির আবার আবির্ভাব হলো। তবে আজ তিনি একা নন। সঙ্গে আছে অবর্গুঠনবতী এক নারী।

বাড়িতে এসেই অতিধিরূপী হার্কিউলেপ রাজাকে বললেন, হে রাজন, সেদিন আমাকে আপনার স্ত্রীর মৃত্যুর কথা না জানিরে ভূল করেছেন। ভাছাড়া সেদিন আপনাদের শোকাছের প্রাসাদের অভ্যন্তরে জানুদ্যোৎসবে ৰত্ত হরে অক্টায় করেছি আপনার প্রতি। সেই অক্টায়ের প্রতিকার হিনাকে আৰু আমি এক নারীকে এনেছি। আমি এই নারীকে এক প্রতিদক্ষিতার অয় করেছি। আপনি তাকে গ্রহণ করতে পারেন অথবা আমি যতদিন না এখানে ফিরে আসি, ততদিন আপনার কাছেই একে রেখে দিতে পারেন।

সহসা প্রতিবাদে ফেটে পড়ে চিৎকার করে উঠলেন রাজা এ্যা**ডমেতাস,** ওকে আপনি অক্ত কোথাও নিয়ে বান।

অবগুটিত নারীটির দিকে এক দৃষ্টিতে তাকিয়ে রাজা আবার বললেন, আমি এমন নারীকে বাড়িতে কোনমতেই স্থান দিতে পারব না যার পানে তাকালেই আমার স্ত্রীর কথা মনে পড়বে। এই নারীকে দেখার সঙ্গে সঙ্গে আমার স্ত্রীর কথা মনে পড়ে গিয়ে চোখে জল আগছে। অভিধিরূপী হার্কিউলেগ বললেন, চোখের জল মুছুন হে রাজন। শত কারাও মৃতকে ফিরিয়ে আনতে পারে না। এখন এই নারীকে স্ত্রী হিসাবে গ্রহণ করে অভীতের যত গব ত্থকই ভূলে যান।

রাজা এ্যাড্যেতাস দৃঢ়তার সলে আবার বললেন, একমাত্র এ্যালসেটিস ছাড়া আর কোন নারীকে গ্রহণ করতে পারব না আমি।

কিন্তু তাঁর কথা শেষ হতে না হতেই বিশ্বয়ে হতবাক হয়ে গেলেন রাজা এটাডমেতাস। অতিথিবেনী হার্কিউলেস সেই নারীর মুখ থেকে অবগুঠনটা সরিয়ে দিতেই রাজা আশ্চর্য হয়ে দেখলেন অবগুঠনবতী সেই নারী তার ব্লী ছাড়া আর কেউ নয়।

পরে সব বৃত্তাস্ত জানতে পারলেন রাজা এ্যাডমেতাস। শক্তির দেবতঃ
স্বয়ং হার্কিউলেস তাঁর স্ত্রীকে মৃত্যুর সঙ্গে লড়াই করে ছিনিয়ে এনেছেন।

তবে তিনদিন কোন কথা বলতে পারল না এ্যালসেষ্টস। তিনদিন সে অচেতন ও মৃচ্ছিতের মত পড়ে রইল। তারপর ধীরে ধীরে শয্যা ছেড়ে উঠলো রাণী এ্যালসেষ্টস।

হাকিডলেস

মর্ত্যের মাস্থ্যদের মধ্যে সবচেয়ে শক্তিশালী এবং দেবতাদের দেহের রক্তন্তর হার্কিউলেসকে ঐকরা হেরাকল্ম নামে অভিহিত করত। সাধারণতঃ টাইরিনস্এর রাজা এয়ান্ফিত্রিয়নকেই সকলে হার্কিউলেসের পিতাবলে আনে। পার্সিয়াসের পৌত্রী এয়ালসিমেনকে বিয়ে করেন এয়ান্ফিত্রিয়ন।

কিন্ত হার্কিউলেনের আসল পিতা হলেন দেবরাজ জিরাস। জিরাস একবার রাণী এ্যালসিমেনের রূপে মুখ হয়ে রাজা এ্যান্ফিজিরনের রূপ ধারও করে জন্দরমন্ত্র গিয়ে তাঁর সজে সহবাস করেন। এই সহবাসের কলে বালী শর্ডবভী হন। পরে রাজা ও রাণী ছুলনেই জানতে পারেন জাসল ব্যাপারটা। তবে দেবরাজ জিরাসের উরসজাত সন্তান তিনি মানবী হয়ে গর্জে ধারপ করতে পেরেছেন এই ভেবে বেশ কিছুটা গর্ব অন্থত্তব করলেন এগালসিমেন। রাজা এগান্দিজিয়নও তাঁর এই ক্ষেত্রজ সন্তানের জন্ত কোন ক্ষোভ প্রকাশ না করে পর্ববোধ করেন মনে মনে। এদিকে রাণীর প্রসবকাল আসল হওয়ায় দেবরাজ জিয়াস একদিন স্বর্গলোক হতে ঘোষণা করেন রাণী এগালসিমেনের এই গর্জস্থ সন্তান একদিন সারা গ্রীসদেশের অধিপতি হবেন।

কিন্ত তুর্ভাগক্রেমে কথাটা একদিন জিয়াসপত্নী হেরার কানে ওঠে। তিনি এই জারজ সম্ভানের ভবিশ্বং সৌভাগ্যের কথা শুনে ঈর্ধাবোধ করেন। গর্ভত্ব সম্ভান যাতে যথাসময়ে জন্মগ্রহণ করতে না পারে তার জ্বন্ত এক চক্রান্ত করলেন হেরা। কলে যে সময় হার্কিউলেসের জন্মগ্রহণ করার কথা ঠিক সেই সময় জন্মগ্রহণ করল হার্কিউলেসের খুড়তুতো ভাই ইউরিসথেউস। স্ক্তরাং হার্কিউলেসের পক্ষে গ্রীসদেশের অধিপতি হওয়া আর হলো না।

এদিকে রাণী এ্যালদিমেনও ভয় পেয়ে গেলেন হেরার কথা ভেবে। তাঁর ভয় হেরা নিশ্চঃ তাঁর পুত্রের বিক্ষে নানারূপ চক্রান্ত করতে থাকবেন। তাই তিনি প্রসবের পরই পুত্রটিকে ঘর থেকে উন্মৃক্ত প্রান্তরে রেথে দিলেন সম্পূর্ণ নিরাশ্রয় অবস্থায়। তবে তিনি আশা করলেন দেবরাজ জ্বিয়াস তাঁর উরস্কাত পুত্রের নিরাপন্তার জন্ম নিশ্চয়ই কোন না কোন ব্যবস্থা করবেন।

ঠিক তথনি হেরা আর এথেন সেই প্রাস্তরের পাশ দিয়ে যাছিলেন।
নয় নবজাত শিশুটিকে পথের ধারে পড়ে থাকতে দেখে হেরার দয়া হয় এবং
তিনি সঙ্গে সঙ্গে শিশুটিকে কুড়িয়ে নিয়ে অনদান করতে থাকেন। কিছু সেই
অক্তাত শিশুটি এত জােরে অনপান করতে থাকে যে তাকে তিনি কোল থেকে
নামিয়ে দেন পথের উপর। এথেন তথন শিশুটিকে কুড়িয়ে নিয়ে শহরের
মধ্যে রাজবাড়িতে গিয়ে রাণী এয়ালসিমেনের হাতে তাকে তুলে দিয়ে মাছ্ম
করতে বলেন। হেরা বা এথেন কেউই জানতেন না রাণী এয়ালসিমেনই
শিশুটির মাতা।

রাণী এ্যালসিমেন ভাবলেন তাঁর শিশুপুত্রটি দেবী হেরার **আশি**র্বাদ পেয়েছে। ভাবলেন কিছুক্ষণের জন্ত হলেও হেরা বধন তাঁর সস্তানকে স্তনদান করেছেন তথন আর তার প্রতি হিংসাভাব নেই।

আসলে কিন্তু হেরা তাঁর হিংসাভাব জয় করতে পারেননি। তিনি নিন্তুটির পরিচয় না জেনেই তাকে কুড়িয়ে নিয়ে গুনদান করেছিলেন। পরে তার পরিচয় জানতে পারলেন যথন তথন রাগ ও হিংসার আগুনে জলতে লাগলেন তিনি। সঙ্গে সঙ্গে বিশু হাকিউলেসের প্রাণ নিধন করার জক্ত ছটি সাপ পাঠিয়ে দিলেন।

निश्व शकिष्ठानम्बद्ध काल निष्य प्रसिद्ध शास्त्र शासिक वाने आनित्रियन।

ভবন হেরার পাঠানো সেই সাপছটি শিশু হার্কিউলেসের বাড়টাকে অড়িক্ষেরল ছিকি বেকে। শিশুর চিৎকারে মা জেগে উঠে দেখেন ভার শিশুপুত্র ছটিই হাতে সাপের গলাহটো এমনভাবে টিপে ধরে আছে বাতে সাপছটি নিভেজ হরে পড়ছে ধীরে ধীরে। সাপছটি শিশুটির ক্ষিতি করার কোন হুবোগই পেল না। শিশুর ধাত্রী সব কিছু দেখে ভরে কাঠ হরে বলে আছে; ভার মুধ থেকে কোন কথা সরছে না।

রাণী এ্যালসিমেনও ভয়ে চিংকার করে উঠলেন। তাঁর চিংকারে রাজা মৃক তরবারি হাতে ছুটে এলেন। এসে শিশুটির জ্বলাকিক শক্তি দেখে বিশ্বরে হতবাক হয়ে দাঁড়িয়ে রইলেন। তিনি ওংক্ষণাং অসাধারণ শক্তিসম্পন্ন এই শিশুর ভাগ্যগণনার জ্বন্ত প্রসিদ্ধ অন্ধ জ্যোতিব ট্রেসিয়াসকে আনার জ্বন্ত লোক পাঠালেন। জ্যোতিব এসে শিশু হার্কিউলেসের ভূত ভবিগ্রং সব গণনা করে দিলেন। শিশুটি একটু বড় হওয়ার সঙ্গে সঙ্গে রাজা নিজে তাকে ক্ষা ও রখচালনা শেখাতে লাগলেন। সারা গ্রীসদেশ জুড়ে যেথানে যত জ্বানবিজ্ঞান ও শিল্পসলীতের খ্যাতনামা শিক্ষক ছিলেন তাঁদের সকলকে ভাকা হলো। এ্যাপোলোপুত্র লিমাস বালক হার্কিউলেসকে সন্ধীত শেখাতে লাগলেন।

ষ্মবশেষে যৌবনে পদার্পণ করল হার্কিউলেস। পূর্ণ যৌবন লাভ করার পর একদিন সমস্তা দেখা দিল হার্কিউলেসের সামনে। তাকে স্থির করতে হবে। ভাল না মন্দ কোন পথে যাবে সে।

একদিন একা একা ঘুরতে ঘুরতে ছুটি মেয়েকে দেখতে পেল হাকিউলেস। ছুটি মেয়েই তাদের আপন আপন পথে ডাকতে লাগল হাকিউলেসকে। প্রত্যেকেই বলতে লাগল, 'আমাকে অনুসরণ করো।'

প্রথমে বে মেয়েট কথা বলল তার চেহারাটা বেশ পুষ্ট; তার পোষাক-পরিক্ষদ পারিপাট্যপূর্ণ। তার চোধে মুধে ছিল কামনা আর অহল্পারের ছাপ ৮ ভার চালচলন ও কথাবার্ডায় এক ছলনাজাল বিভার করায় ভার দেহসৌদর্বেরঃ আবেদন আরো বেড়ে গিয়েছিল।

সে বলল, আষার নাম আনন্দ। অনিন্দকে স্বাই ভালবাসে। দেখ, দেখ, আমার পথ কেমন সহজ প্রশ্নত আর নরম। আমার এই পথ গ্রহণ করো। জীবনে ভাহলে ভোমার কোনদিন খাত ও পানীয়ের অভাব হবে না। ভাল পোষাক আর আরামদায়ক শ্যারও কখনো অভাব হবে না। ভোমার জীবন হবে অবিমিশ্র আনন্দে ভরা। কখনো কোন হংখ বেদনা বা বিপদের কবলে পড়তে হবে না। কারণ আমি সব সময় মাহ্রদের যে কোন হংখকষ্ট থেকে দ্রে নিয়ে যাই। আমি ভাদের যত সব মধুর জিনিস দান করি।

এই ছলনাময়ী প্রলোভনকারিণীর দিকে অবাক বিশ্বরে তাকিয়ে রইল হার্কিউলেস। তার কথা ভনে সত্যই লোভ ও লালসা জাগল তার অস্তরে। তবু তার হাত ধরার আগে, তার পথ গ্রহণ করার আগে অপর মেয়েটির দিকে ঘুরে দাঁড়াল সে।

হার্কিউলেস দেখল, অপর মেয়েটি সাদাসিদে সাদা পোবাক পরে আছে। তার বেশভ্ষায় কোন পারিপাট্য বা অলক্ষার নেই। তার পথ প্রথম মেয়েটির পথের উন্টো।

বিতীয় মেয়েট বলল, আমার নাম কর্তব্য। আমাকে অবশ্য কোন মাহ্যফ অবজ্ঞা করতে সাহস পার না, কিন্তু কেউ আমাকে ভালবাসে না। আমার পথ হবে চড়াই ও উৎড়াইয়ে ভরা আর কন্টকাকীর্ণ। এ পথে আমি কোন আরাম ও সাচ্ছন্দ্যের প্রতিশ্রুতি দিতে পারি না; এ পথে আছে ওধু শ্রম আর হুঃবকষ্ট। তবু যদি কেউ ভাগ্যের সঙ্গে সংগ্রাম করে সব হুঃবক্ষ্ট সাহসের সঙ্গে করতে পারে পরবর্তী কালে দে-ই হুখী হয়। যে আমার পথে চলবে সে একদিন অবশ্য হুখী হবে জীবনে। শাস্তি ও সন্মানে ভূষিত হবে। পরে সে একদিন নেতৃত্বে উনীত হতে পারবে।

আনন্দ নামে মেয়েটি তথন কর্তব্যকে উপহাসের ভঙ্গিতে সেই সক্ষে বলল, ভোমার বিপজ্জনক পথে চলতে চলতে কিভাবে মরতে হয় মামুহকে।

কর্ত্তব্য বলল, বারা আমার পথে বাবার বোগ্য তারা এই মৃত্যুকে মহান বলে মনে করবে। আলত্ম আর নির্ছিতার মাঝে জীবন কাটানোর থেকে এই মহান মৃত্যুকে বরণ করে নেবে তারা।

বিছুক্ষণ নীরবে দাড়িয়ে ভেবে নিল হার্কিউলেস। সংশয়ের দ্বন্দে ত্লভেলাগল ভার মনটা। ভারপর সে সব সংশয় ঝেড়ে কেলে কর্তব্যের কাছে। গিয়ে ভার হাত ধরল। এইভাবে জীবনের পর্ণ সে বেছে নিল।

হাকিউলেস ভাবল কর্তব্যের পথ অমুসরণ করে সে হয়ে উঠবে সে যুগের এক অগ্রহিখ্যাত বীর। এই কর্তব্যের থাতিরেই সে যত সব নিচুর ও ভয়ক্তর দৈত্যদানবদের বধ করতে লাগল একের পর এক। বনের হিংফা অভদেরও ্বে ৰধ করে বেভে লাগল। তবে কোন মাহুৰের পীড়ন সে সন্থ করতে পারত না। কোন উৎপীড়িত মাহুৰের কালা কানে ওনতে পেলেই সে ছুটে বৈত তার কাছে। ফলে মাহুৰ ও দেবতা সকলেই তাকে ভালবাসত। সকলেই তার অপরিসীম শক্তির প্রশংসা করত।

দেবী এথেন হার্কিউলেসকে দান করেন এক তৃশ্ছেম বর্ম। হার্মিস ভাকে দেন এক অপ্রতিরোধ্য তরবারি। জিয়াসের অন্থরোধে হিকাস্টাস অসংখ্য স্থতীক্ষ তীর তৈরি করে দেন তার জন্ম।

এইভাবে সর্বতোভাবে স্থাক্ষিত হয়ে হার্কিউলেস চলে যায় খীবস্দের সাহায় করার জয়। একবার বিদেশাগত এক বিরাট শক্রংসয়বাহিনী খীবস্দেশ আক্রমণ করে। তারা নানারূপ উপঢৌকন দাবি করে। এই খীবস্বারক্ষা করার জয় ছটে গেল হার্কিউলেস। কারণ এ দেশ বড় প্রিয় তার কাছে। কারণ তার পিতা রাজা এলাক্ষিত্রিয়ন তাঁর আগেকার রাজ্য ছেড়ে বর্তমানে এই দেশে বাস করেন। এ দেশে রাজা ক্রেয়নের অধীনে বাস করতে খাকেন। রাজ্যরক্ষার ভার এলাক্ষিত্রিয়নের হাতেই ছিল। কিছু শক্রদের হাতে পরাজ্যিত হন এলাক্ষিত্রয়ন। ঠিক এমন সময় হার্কিউলেস এসে শক্রদের বিতাভিত করে খীবস্দের জয়ী করে তোলে। খুলি হয়ে রাজা ক্রেয়ন হার্কিউলেসকে তাঁর কয়া মেগারাকে দান করেন।

কিন্তু এত স্থথ ঐশর্য লাভ করেও স্থী হতে পারল না হাকিউলেস।
তাঁর স্বামীর এই অবৈধ পুত্রসস্তানকে তথনো তৃলতে পারেননি হেরা। তার
স্থথ ঐশর্য কোনমতেই সহ্ করতে পারতেন না তিনি। তাই তিনি তাঁর
অলৌকিক শক্তিবলে সহসা উন্মাদরোগ দান করলেন। সহসা উন্মাদ হয়ে নিজের
শিশুসন্তানদের জ্ঞান্ত আগুনের উপর ফেলে দিয়ে স্ত্রীকে বাড়ি থেকে তাড়িয়ে
দিল হাকিউলেস।

এই রোণের ঘোর কেটে গেলে নিজের ভূল ব্রতে পারল হার্কিউলেল।
ব্রতে পারল কী ভয়ক্তর কাজ লে করেছে। তথন অন্তঃশীন অনুশোচনার
ভাগুনে নীরবে দক্ষ হতে লাগল লে। অপরিসীম বিষাদে ভরে গেল তার
সমন্ত প্রাণমন। মনের তৃংখে মানুষের সমাজ থেকে দ্রে গিয়ে দেবতাদের
উপাসনায় দিন কাটাতে লাগল। বারবার সে তার ক্বতকর্মের জ্বল্ল ক্ষমা চাইল
দেবতাদের কাছে।

অবশেষে ডেলফির মন্দিরে গিয়ে এক অভুত দৈববাণী শুনল হাকিউলেস।
তার খুড়তুতো ভাই ইউরিসথেউল তার থেকে আগে জনায় হেরার তংপরতায়।
দৈববাণী মারকং দেবতারা তাকে নির্দেশ দেন লে যেন ইউরিসথেউসের
বক্ততা স্বীকার করে ও তার কথা শুনে চলে। এই ইউরিসথেউল তাকে দশ্টি
কাজের ভার দেবে একের পর এক করে। এই দশ্টি কাজ অপ্রতিবাদে
লে স্থসম্পর করতে পারলে আবার লে তার আগেকার স্থধ ঐশ্বর্ধ সব কিরে

পাবে। ভার পাপ খালন হয়ে বাবে।

হার্কিউলেসের উপর প্রথম যে কাজের ভার পড়ে তা হলে। নিমীয়ার সিংহকে বধ করা। সিংহ নয়, যেন এক ভয়য়য় রাক্ষা। শতমুখী ভাগণ টাইফনের রক্ত থেকে এই সিংহের উৎপত্তি হয় বলে এই সিংহ ছিল অবধ্য। কোন অন্ত ভার দেহকে বিদ্ধ বা ভাকে বধ করতে পারভ না। শভমুখী সেই ভাগণ টাইফনকে জিয়াস একদিন এয়াতে কবর দেয়।

এ কাজের ভার পেয়ে শুধু তার তীর ধহুক নিয়ে নিমীয়ার অরণ্যপ্রদেশে চলে গেল হার্কিউলেস সম্পূর্ণ একা একা। সেধানে গিয়ে ভার লাঠি হিসাবে একটা অলিভ গাছকে শিকড় সমেত তুলে ফেলে। সেই গাছ আর ভার ভীর ধহুক নিয়ে শিকারের সন্ধানে এগিয়ে যেতে লাগল হার্কিউলেস।

অবশেষে এক ভয়ক্কর গর্জন শুনতে পেল হার্কিউলেস। ব্রাল এ হলো সেই সিংহের গর্জন। হার্কিউলেস দেখল, সেই ভয়ক্কর সিংহটা এগিয়ে আসহে। ভার কেশর আর চোয়াল দিয়ে রক্ত ঝরছে।

হার্কিউলেস প্রথমে একটা তীর ছুঁড়ল সিংহটাকে লক্ষ্য করে। কিছ তীরটা সিংহের শক্ত চামড়াটা বিদ্ধ করতে পারল না। পরে আর একটা তীর মারল। কিন্তু সেটাও বিদ্ধ করতে পারল না তার গাটাকে। এরপর সেই অলিভ গাছ থেকে একটা গদা তৈরি করে তার দ্বারাপ্রচণ্ড একটা আঘাত করল সিংহটাকে।

তার ফলে সিংহটা লাফাতে পারল না। সিংহটা একটু নিস্তেম্ব হয়ে পড়ার সঙ্গে সঙ্গে হার্কিউলেস তার উপর ঝাঁপিয়ে পড়ে তার গলাটাকে ত্হাত দিয়ে টিপে ধরল। হাত থেকে সব অন্ত্র ফেলে দিল। আর নড়াচড়া করতে পারল না সিংহটা। দেখতে দেখতে শাসনালী অবকদ্ধ হয়ে গেল এবং অন্ত্র সময়ের মধ্যেই মারা গেল সে। এরপর মৃত সিংহের খড় থেকে মৃত্তটা ছিঁড়ে নিয়ে তার গা থেকে চালেটা ছাভিয়ে নিল। তারপর চামড়াটা গায়ের উপর আর সিংহের মাধাটা সালেব উপর চাপিয়ে অন্ত্ত বেশে বাড়ি ফিরল। ইউরিসথেউস তার এই ভয়ক্তর বেশ দেখে আর সিংহবধের কাহিনী শুনে স্বির আগুন জনতে লাগল।

হার্কিউলেদের সামনাসামনি দাঁড়িয়ে তার ভয়ঙ্কর শক্তির কথা ভেবে ভর পেয়ে গেল ইউরিসংখেউস। সঙ্গে সঙ্গে নিজেকে সামলে নিয়ে হার্কিউলেসকে দিয়ে আবার এক নতুন ফরমাস খাটাবার ফন্দী আঁটল। কৌশলে তাকে আবার দূরে নতুন এক বিপদের মুখে ঠেলে দিল ইউরিসংখেউস।

হার্কিউলেসের দিতীয় কাজ হলে। লার্ণার জলাভূমিতে হায়েড্র। নামক বিরাটকায় এক বিধাক্ত সাপকে বধ করা। কিন্তু কোন হুংসাহসিক কাজই কমাতে পারে না হার্কিউলেসকে। কোন বিপদকেই ভয় পায় না সে। ভাই হাসিমুখে ঘাড় পেতে নিল এ কাজের ভার। এই হারেড্রা বড় ভীষণ জীব। এর ছিল নরটি মাধা। কোন অন্তই বর্ধ করতে পারত না তাকে। কোন রকমে তার একটি মাধা কেটে কেলার সক্ষেত্র সংস্কৃতিক সাধার আরও একটি মাধা গজিরে উঠত সক্ষেত্র সংক্

লার্ণাতে তাড়াতাড়ি যাবার জন্ত একটি রথ সংগ্রহ করল হার্কিউলেস। সকে তার ভাইণো আওলাউসকেও নিল।

ক্রত বেগে ছুটে চলল রথ। বেশ কিছুক্ষণ যাবার পর লার্ণার অরণ্যাচ্ছর পাহাড় দেখা যেতে লাগল। ঐ পাহাড়ের ধারে আছে এক বিশাল জলাভূমি। কথনো জলাশয়ে কথনো পর্বতসংলগ্ন অন্ধকার ভূমিতে লুকিয়ে থাকে হায়েড়া।

সেই পর্বতসংলগ্ন বনের ধারে গিয়ে রথ থামিয়ে রথ থেকে নামল হার্কিউলেস। তার ভাইপোকে রথের কাছে দাঁড় করিয়ে একাই বনের মধ্যে প্রবেশ করল। তার ধর্ক হতে এক অগ্নিবাণ নিক্ষেপ করল হার্কিউলেস হায়েড্রার গোপন গুহাটাকে লক্ষ্য করে। জ্ঞানস্ত তীরটা অব্যর্থভাবে ছুটে হায়েড্রার গুহাটাকে আলোকিত করে তাকে কিছুটা আঘাত করল। সঙ্গে সঙ্গের আঘাতে আন্দোলিত বৃক্ষণাথার মত তার মাথাগুলো দোলাতে দোলাতে হার্কিউলেসকে লক্ষ্য করে এগিরে এল হায়েড়া।

কিছ কোন রকম ভীত সম্বস্ত না হয়ে সে আক্রমণকে প্রতিহত করার জন্ত দেহের সমস্ত শক্তিকে সংহত করে প্রস্তুত হয়ে উঠল হাকিউলেস। কোন রকম ভয় না করে হায়েড্রার মাথাগুলো একের পর এক করে কেটে ফেলডে লাগল হার্কিউলেস। কিছু সঙ্গে সঙ্গে এক একটি বতস্থানে তুটো করে মাথা পঞ্জিয়ে উঠতে লাগল। তার উপর হায়েড্রা তার ঘুণাবিক্বত দেহটা দিয়ে হার্কিউলেসের প্রতিটি অকপ্রত্যক্ষকে কুণ্ডলি পাকিয়ে জড়িয়ে ধরল। হায়েড্রার নতুন গজিয়ে ওঠা সেই মাথাগুলো রঞ্জাহত বৃক্ষশাধার মত তুলছিল। ভার থেকে বিষাক্ত নিঃখাস বেরিয়ে এসে অতিষ্ঠ করে তুলছিল হার্কিউলেসের জীবন। সে তার ভাইপো আওলাসকে ভাকতেই সে মশাল হাতে ছুটে এল। এবার হার্কিউলেস যেমন এক একটি মাথা কেটে ফেলডে লাগল আওলাস তথনই রক্তমাথা ক্ষত্তখানটা মুছে দিতে লাগল। ফলে সেই খাডস্থানে নতুন করে আর কোন মাথা গজিয়ে উঠতে পারল না।

খবশেবে হায়েড্রার মাত্র একটি নাথা অবশিষ্ট রইল। কিন্তু সেটা এমনই মাথা যে তা কোন লোহার অস্ত্র দিয়ে কাটা যাবে না। হার্কিউলেস তথন ভার গদা দিয়ে গুঁড়িয়ে কেলল সেই মাথাটা। তারপর সেই মাথাটা হায়েড্রার ধড় থেকে বিচ্ছিন্ন করে মাটিতে পুঁতে কেলল এক জায়গায়। এরপর হার্কিউলেস হায়েড্রার সেই মুগু থেকে ঝরে পড়া রক্তে তার অন্ত্রগুলো সব ভ্বিয়ে নিল। কারণ সেই রক্তমাথা অন্ত্র দিয়ে কোন শক্রকে আঘাত করলে সে আঘাতের ক্ষত হবে দ্রারোগ্য।

হার্কিউলেসের তৃতীয় পরীক্ষা হলো সেরিনাইটদ্ নামে এক অভুত মুগকে-

্হত্যা না করে জীবস্ত ধরে জানা। সেরিনাইটস্ নামে ভরত্বর রকমের একটা হরিণ ছিল ঘার পায়ের পুর ছিল পিতলের মত এক হসুদ রস্তের ধাড় দিয়ে তৈরি। জার্কেডিয়ার পার্বত্য অরণ্যে ঘুরে বেড়াত সে।

সেরিনাইটস্কে কেউ মারতে পারত না কারণ সে ছিল আর্ডেমিসের আনীর্বাদধন্ত। কিন্ত এই অপরাজের সেরিনাইটস্কে জীবস্ত ধরে আনার ভার পড়ল হার্কিউলেসের উপর।

তাকে ধরার অক্ত একটা বছর পাহাড়ে বনে ঘ্রে বেড়াল হার্কিউলেস।
এরপর গ্রীসদেশ ছেড়ে তাকে থে, সে বেতে হলো। শুধু তাই নয়, সেধান
থেকে আবার তাকে বেতে হলো দ্র উত্তরাঞ্চলের গভীর গহন এক অরণ্য
অঞ্চলে। সেধানে বর্বর আদিম অধিবাসীরা বাস করত। কিন্তু কোধাও
কোনধানে দেখা পেল না হার্কিউলেস। কিন্তু বতবার ব্যর্ক হতে লাগল
ভতবারই অদম্য হয়ে উঠল তার উত্তম। অটল হয়ে উঠল তার প্রতিক্ষা।

অবশেষে এক জায়গায় একটি বনাঞ্চলে সহসা দেখা পেয়ে গেল ভার।
ভখন ভার অব্যর্থ ভীর দিয়ে সেরিনাইটসের একটি পা খোঁড়া করে দিল
হার্কিউলেন। ভারপর ভাকে কাঁখে চাপিয়ে বয়ে নিয়ে বেভে লাগল স্বদেশের
দিকে।

পথে ঘটনাক্রমে দেখা হরে গেল দেবী আর্তেমিসের সলে। আর্তেমিস তাঁর রক্ষাধীনস্থ মৃগকে আহত করার জন্ত হাকিউলেসের উপর অভিবাস আনল। কিন্ত কৌশলে বিভিন্ন ন্ডোকবাক্যের হারা দেবীকে তুই করল হাকিউলেস। তথ্ন সে অবাধে হরিণটাকে কাঁথে করে সোজা বয়ে নিয়ে গেল ইউরিসংশউসের কাছে।

এরপর আরও বেশী ভয়ন্বর এক জন্তকে ধরতে হবে হার্কিউলেসকে। এটা হবে তার চতুর্থ পরীকা। এ জন্ত হচ্ছে এক ভয়বিহ বক্ত শৃকর। এটাইকো খেকে এলিস পর্যন্ত বিভৃত ইউরিম্যানধিয়ার সারা পার্বত্য অঞ্চল ফুড়ে বছ মান্ত্র্য ও জীবকে হত্যা করে চলেছে সে।

এবার একাই রওনা হলো হার্কিউলেস। কিন্তু যাবার পথে অকারণে এবং তার অনিচ্ছা সবেও এক যুদ্ধের মধ্যে জড়িরে পড়ল সে। পথের উপর পড়ল সেউরদের রাজ্য। কোলাস নামধারী এক সেউর তার বাড়িতে নিমন্ত্রণ করে নিয়ে গেল বীর পথিক হার্কিউলেসকে। বাড়িতে নিয়ে পিরে হার্কিউলেসকে প্রচুর মাংস থেতে দিল ফোলাস। কিন্তু এক ফোঁটাও মদ দিতে পারল না। কারণ একটিমাত্র মদের পিপে আছে কিন্তু তা সে খুলতে পারবে না। এই মদ ডাওনিসাস সমন্ত সেউরদের পানের জন্ম দান করেছেন, সমন্ত সেউররা যখন এক জারগার মিলিত হয়ে এই মদ পান করার জন্ম প্রস্তুত্ত হবে একমাত্র তখনই এই পিপে খোলা হবে। কোন একজন সেউর কোন কারণেই এই পিপে খুলতে পারবে না।

কিছ হার্কিউলেস এ বিধিনিষের মানল না। সে কোলাসকে বাষ্য করল এই পিপে খুলভে। পিপে খোলার সকে সঞ্চে কড়া মদের এক ধোঁরাটে গ্যাসের সক্ষে তার গছ বেমনি ছড়িয়ে পড়ল, অমনি অসংখ্য সেটির ব্যাপারটা ব্রভে পেরে পাথর আর কার গাছের ভাল ভেলে তাদের জাতীয় নিয়মভঙ্গকারীকে লক্ষ্য করে ছটে এল। এদিকে হার্কিউলেসও তথন প্রস্তত। সে একা ইলেও তার অসংখ্য অদৃশ্য তীর দিয়ে এমনভাবে আক্রমণ করল সেটরদের যে তারা কোনক্রমেই পেরে উঠল না তার সক্ষে।

আবশেষে রণে ভক্ত দিয়ে তারা তাদের নেতা বৃদ্ধ শেরিয়নের গুহাতে গিরে আশ্রের নিল। শেরিয়ন ছিল হার্কিউলেদের একজন ভৃতপূর্ব শিক্ষক। কিছ হার্কিউলেস তাকে দেখতে বা চিনতে না পেরে সেই গুহাটা লক্ষ্য করে সেন্টরদের মারার জন্ত হায়েড্রার মাথার রক্তমাখা একটা তীর ছুঁড়তেই সেটা গিরে ঘটনাক্রমে শেরিয়নের বৃক্তে লাগে। যুদ্ধের সময় অকম্মাৎ ফোলাসের পারেগু লাগে একটা বিষাক্ত তীর। ফলে ফোলাসও মারা যায়।

ভার অনিচ্ছাসত্ত্বেও তার আঘাতে যে সব সেণ্টর নিহত হল যুদ্ধে তাদের সকলের জন্ম তৃঃধিত হলো হার্কিউলেস। বিশেষ করে যে সদাশয় ব্যক্তি তাকে বাড়িতে আশ্রয়, আহার ও আতিথ্য দান করে সেই ফোলাস তারই তীরের আঘাতে অকালে মৃত্যুবরণ করতে বাধ্য হওয়ায় খুব বেশী ব্যথা পেল মনে। ভাদের সকলের শেষক্বত্য সম্পন্ন করে আবার এগিয়ে চলল হার্কিউলেস। এগিয়ে চলল ইউরিম্যানধিয়ার সেই ভয়ক্বর শৃকরের সন্ধানে।

শ্করটার দেখা পাওয়ায় সঙ্গে সঙ্গে তাকে বন থেকে তাড়া করে নিয়ে বেড়াতে লাগল। বন থেকে অনাবৃত অবারিত মাঠের তৃষারাচ্ছয় পথের উপর দিয়ে ছুটতে ছুটতে ক্লাস্ত হয়ে পড়ল। ক্লাস্ত হয়ে পথের উপর লুটিয়ে পড়ল তার অবসাদগ্রস্থ দেহটা। হাকিউলেস তখন তাড়াতাড়ি এসে দড়ি দিয়ে তাকে বেঁধে ফেলে বয়ে নিয়ে গেল ইউরিসথেউসের কাছে।

হাকিউলেসের পঞ্চম পরীক্ষা হলো এলিসের রাজা অগিয়াসের আন্তাবল পরিষার করা। শুধু ঘোড়া নয়, বহু গবাদি পশু পালন করার একটা নেশা ছিল রাজা অগিয়াসের। তাঁর আন্তাবলে ছিল তিন হাজার গবাদি পশু। কিন্তু দীর্ঘ তিরিশ বছর ধরে সে আন্তাবল পরিষার না হওয়ায় তাতে জমে উঠেছিল তুপাক্বত আবর্জনা। হাকিউলেসের উপর ভার পড়ল রাজা অগিয়াসের আন্তাবল থেকে সমন্ত আবর্জনা মাত্র একদিনের মধ্যে পরিষার করে কেলতে হবে নিঃশেষে।

রাজা অগিয়াদের কাছে যথাসময়ে গিয়ে হাকিউলেস এ কাজের অঞ্চ অন্তমতি চাইলে তার কথাটা তাচ্ছিল্যভরে হেসে উড়িয়ে দিলেন রাজা অগিয়াস। বললেন, যে কাজ কোন দৈত্য দানবের পক্ষে সম্ভব নয়, সে কাজ তুমি মাত্র একদিনেই করে কেলবে ? ঠিক আছে, যদি এ কাজ সত্যি সত্যিই পার জাবি ডাহলে ডোষাকে জাষার সমন্ত গ্রাদি পশুর একের দশ ভাগ দান করব ভোষাকে এ কাজের পুরস্কার হিসাবে।

বেং ক্ষেত্র শক্তির সংক্ষ সংক্ষ বৃদ্ধি ও কলাকৌশলও কম জানা ছিল না তার। হাকিউলেস জারগাটা ভাল করে পর্বকেশ করে দেখল। সে লক্ষ্য করল পেলেউস জার জালকেউস নামে ছটি নদী রাজবাড়ির কাছ দিরে বরে চলেছে। কৌশলে সেই ছটি নদীর স্রোভ এক গোপন স্থড়ক্ষপথে আভাবলে নিয়ে এল হাকিউলেস। কলে একদিনের মধ্যেই সভ্যি সভ্যিই সাক্ষ হয়ে গেল সেই আভাবলের ভূপাঞ্বত যত সব জ্ঞাল।

কাজ সেরে রাজা অগিয়াসের সজে দেখা করল হার্কিউলেস। সজে সজে চেয়ে বসল রাজার বারা প্রতিশ্রুত সেই পুরস্কার। কিন্তু নিজের দেওয়া সেই প্রতিশ্রুতি নিজেই মানলেন না রাজা অগিয়াস। বোঝা গেল তিনি এ প্রতিশ্রুতিটা দিয়েছিলেন নিতান্ত হালকাভাবে।

হার্কিউলেস তথন রাজকুমারকে সাক্ষী মানলেন। তিনি রাজপুত্র ফাইলেউসকে ডেকে নিয়ে এলেন রাজা অগিয়াসের সামনে। রাজপুত্র অকুষ্ঠ ভাষায় বলল তার পিতা একথা বলেছেন। কিন্তু তবু তা মানলেন না রাজা। তথু তাই নয়, তিনি হার্কিউলেসের মঙ্গে তাঁর পুত্রকেও রাজ্য থেকে তাড়িয়ে দিলেন।

ষ্পবশু বছরকতক পরে হার্কিউলেস রাজা স্থাগিয়াসের কাছে এসে উচিড শিক্ষা দিয়ে গেলেন রাজাকে।

এবার শুরু হলো হার্কিউলেনের ষষ্ঠ পরীক্ষা। এ পরীক্ষা হলো ষ্টিমফ্যালাইদেস নামে এক ভয়ঙ্কর নিকারী পাথি ধরার পরীক্ষা। ষ্টিমফ্যালাইদেস এমনই এক নিকারী পাথি যার গায়ে আছে তীরের মত কাঁটাওয়ালা পালক। আর্গোনট বা গ্রীকদের সমুদ্রযাত্রাকালে এই সব নিকারী পাথিরা দল বেঁধে বড় উৎপাত করত। আর্কেভিয়ার ষ্টিমফ্যালিস হ্রদ ছিল তাদের জন্মস্থান।

ষ্টিমফ্যালাইদেস পাথির সন্ধানে আর্কেডিয়ার গিয়ে হাজির হলে। হার্কিউলেস। সে গিয়ে দেখল গোটা হুদটা জুড়ে ঝাঁক বেঁধে বসে আছে ভ্রম্বর পাথিগুলো। পাথিগুলোর রং কালে। বলে গোটা হুদটাকেই কালে। দেখাছে। হার্কিউলেস ভেবে পেল না কিভাবে সে এই ভয়্বর পাথিগুলোকে ভাড়াবে।

হাকিউলেস যখন এই সব সাত পাঁচ ভাবছিল তখন দেবী এথেন এগিয়ে এলেন তার সাহায্যে। তিনি তাকে পিতলের একজোড়া করতালের মত একটা জিনিস দিলেন যেটি হিফাস্টাস তাকে তৈরি করে দেয়। এই করতালটা বাজাতেই এমন দারুণ শব্দ হল যা সমন্ত পাখিদের কিচমিচ শব্দকে ছাপিয়ে উঠল।

र्हा किউলেস প্রথমে সেই করতাল দিয়ে এক বিরাট শব্দ করল একটা.

পাহাড়ের উপর উঠে সিরে। সে শব্দে সচকিত হরে উঠল পানিরা এবং ওছও পেল। তর পেরে পানিগুলো উড়ে বেতেই তাদের নাঁকের দিকে লক্ষ্য করে তার তৃণ বেকে বিবাক্ত তীরগুলো ছুঁড়তে লাগল হার্কিউলেস। অনেক পানি মাটিতে লুটিরে পড়ল সে তীরের আখাতে। বারা উড়তে উড়তে তীরের আওতা থেকে দ্রে চলে সিরে প্রাণ বাঁচাল তারা সারা গ্রীসদেশের সীমানার মাবে আর কোনদিন ফিরে আসেনি।

হার্কিউলেদের সপ্তম পরীক্ষা শুরু হলো একটা বাঁড়কে নিয়ে। বাঁড়টা ক্রীট বীপে ঘ্রে বেড়াত। ক্রীট দেশের রাজা মাইনসের সব্দে গিয়ে দেশা করল হার্কিউলেস সর্বপ্রথমে। সে সেই বাঁড়টাকে জব্দ করবে। এ পরীক্ষার সে উত্তীর্ণ হবেই। মাইনস সব্দে সব্দে এ কাজের অনুমতি দিলেন হার্কিউলেস-কে। এটা স্থাধের কথা স্বন্ধির কথা তাঁর পক্ষে, কারণ পাগলা বাঁড়টা তার শিং দিয়ে সারা দেশ জুড়ে ধ্বংসের তাওব চালিয়ে যাচ্ছিল।

হার্কিউলেস সেই ভরাবহ পাগলা যাঁড়টাকে দেখার সঙ্গে সঞ্চেই তার শিং
ত্টো ধরে তাকে জব্দ করে ফেলল। তারপর তার পিঠের উপর চেপে
সমুদ্রের উপর দিয়ে সোজা গ্রীস দেশে ইউরিসথেউসের কাছে চলে গেল।
কিন্তু ইউরিসথেউস আবার বাঁড়টাকে ছেড়ে দিতেই তা আবার উৎপাত
অত্যাচার শুরু করে দিল সারা দেশ জুড়ে। আতত্ত্বিত হয়ে উঠল দেশের
মাহয়। অবশেষে ম্যারাখনের এক ক্রীড়াহার্চানে সে বাঁড়টাকে হত্যা করে।

এর পর হার্কিউলেসের অষ্টম পরীকা। এ পরীকার উত্তীর্ণ হতে হলে খে সীররাজ ভাওমীডদ্এর ঘোটকীগুলিকে বনীভ্ত করে আনতে হবে। নিজের মত তার ঘোটকীগুলিকে নরমাংস থাইয়ে হিংস্র ও তুর্বর্ধ করে তুলেছিল ভাওমীডদ্। জন্মের পর সে তার ঘোটকীগুলিকে নরমাংস থাওয়াত। কলে তারা বাঘের মত হিংস্র হয়ে ওঠে।

হার্কিউলেস প্রথমে থে স দেশে গিয়ে দেশল তার ঘোটকীগুলিকে বনীভূত করতে হলে প্রথমে তাদের মালিক ভাওমীডন্কে হত্যা অথবা বন্দী করতে হবে। এই ভেবে ভাওমীডন্কে আপাততঃ বন্দী করে এক কারাগারে রেখে দিল হার্কিউলেস। তাকে উচিত শিক্ষা দেবার জন্ত থাবার সময় তার সেই ঘোটকীদের মাংস তাকে খেতে দেওয়া হলো এবং জার করে তা খাওয়ানো হলো। পরে আবার ভাওমীডন্কে বধ করে তার মাংস তার ঘোটকীদের খেতে দিল হার্কিউলেস।

তাদের মালিক নিহত হবার সঙ্গে সঙ্গেই ঘোটকীগুলি বনীভূত হয়ে পড়ল হাকিউলেসের। হাকিউলেস তথন নিরাপদে ও অনায়াসে নিজের দেশের পথে রওনা হলো। কিছু কিছুদ্র যেতে না যেতেই সে দেখল থে সীয়রা একযোগে তার পিছনে ছুটে আগছে তাকে আক্রমণ করার জন্ত। হাকিউলেস ও তার সন্ধী আবদেরাস রুথে দাঁড়াল সে আক্রমণকে প্রতিহত করার জন্ত। অদিকে আর এন নতুন বিশদ দেখা দিল। হার্কিউলেস দেখল খে নীয়রা তাকে আক্রমণ করার সঙ্গে সংস্থান কিন্তু হয়ে উঠল সেই বৈষ্টি নীগুলো। তারা তার সঙ্গাও দেহরকী আবদেরাসকে মেরে কেলে তার দেহটা খণ্ড বিখণ্ড করে ফেলল। পরে অবশ্য তাদের আবার বনীভূত করে ফেলল হার্কিউলেস। এই থে দীয় বোট দীদের এন বংশধর ব্নিকলোসকে মেসিডনের রাজা আলেকজাণ্ডার বনীভূত করেন।

স্নুর এ শিনা মহাদেশে অন্ত এক রাজ্য ছিল। সেথানে পুরুষদের কোন শক্তি ছিল না। গোটা দেশটা শাসিত হত এক বিশাল নারীবাহিনীর দার। আর ভাবের রাণী ছিল হিপ্নোলিতে। সেথানে সব নারীই যুদ্ধবিভাষ ছিল পারদর্শিনী। এই সব নারীরা তাদের পুরুষভান ভূমি হলেই তাদের হতাা করত। তাছাড়া অনুত কৌশলে সন্ত ন প্রদরের পর তারা তাদের সব স্তনহ্ম শুকিয়ে দিত। যুদ্ধের সময় যাতে কোন বাধ। স্টি না হয় তার জন্মই এ কাজ করত তারা।

আমাজনদের রাণী হিপ্নেলিভের এক সোনার কটিবন্ধনী ছিল। যুদ্ধের দেবতা এগারেদ তাকে দান করেছিলেন এটা। হার্কিউলেদের নব্ম প্রীকা হবে আমাজানরাণী হিপ্নে বিভের সেই সোনার কোমরক্ষনীটা ছলে বলে কৌশলে যে কোনভাবে করায়ত্ত করে দেটাকে স্বদেশে নিয়ে আসা।

যথানির্নিষ্ট সময়ে হার্কিউলেস চলে গেল এ শিরার অস্তর্গত আমাজ্ঞনদের দেশে। সে দেশের মাটিতে পা দিয়েই সোজা সে চলে গেল রাণী হিস্নোলিতের সঙ্গে দেখা করতে।

এদিকে হার্কিউলেসকে দেখে অবাক হয়ে পেল হিপ্নোলিতে। এমন বীরপুক্ষ জীবনে যেন কখনো এর আগে দেখেনি হিপ্নোলিতে। হার্কিউলেসের অমিত শক্তি ও সাহসের এক বিপুল ঐশ্ব দেখে এক বিমুগ্ধ বিশায়ে তাকিয়ে রইল সকলে তার দিকে। বলল, কে আপেনি ? কি চান ?

হার্কিউলেদ প্রকৃত বীরের মত নির্জীকভাবে উত্তর করল, আপনার ঐ স্থব্নির্মিত কটিবন্ধনীটি হলে। আমার লক্ষ্যস্ত ।

शिक्षिताला प्रमाण कर्म करात अने शिक्षानित वनन, यनि आमि जा महत्व ना निर्दे ?

তাহলে আমাকে ভার জন্ম বাধ্য হয়েই বলপ্রয়োগ করতে হবে।

এণ টুকরো কীণ হাসি ফুটে উঠল হিপ্নোলিতের মুখে। বলল, কিছু আমার বিশাল নারীবাহিনীণে সম্পূর্ণরূপে পরাভ্ত নাকরে আমার উপর বলপ্রায়াকর। সম্ভব হবে নাসেটা জানেন ত ?

তা জেনেই বলছি আমি।

ভাহলে আমার এই বিশালবাহিনীর বিরুদ্ধে একা লড়াই করবেন আপনি ? ইয়া।

-अ्राग-१

হিল্লোলিতে বিশারে তর হরে উঠল একখা শুনে। এই বিশাল সম্ভ্রমঞ্জিত সেনাবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করে তাদের পরাস্ত করতে হবে ভেবেওল কিছুমাত্র কম্পিত হয় না বার হাদয়, কিছুমাত্র ভীত হয় না বে বীর সে সাধারণ বীর নয়। হার্কিউলেসের বীরত্বের অসাধারণতে মুগ্ধ হয়ে তাকে বিনা মুদ্ধেই ভার স্বর্ণ কটিবছনীটা দিয়ে দিতে চাইল হিপ্লোলিতে।

কিছ স্বৰ্গ থেকে বাধ সাধল জিয়াসপত্নী হেরা। হার্কিউলেসের জয়ের পথকে এত সহজ ও মস্থ কখনই হতে দেবেন না তিনি। তাই সহসা হিপ্লোলিভের মনটাকে বিষিয়ে দিয়ে হার্কিউলেসের সঙ্গে তার এক বিরাট যুদ্ধ বাধিয়ে তুললেন হেরা।

প্রথমে একে একে তার সমস্ত নারীদেনাদের ও পরে স্বয়ং হিসোলিতেকে বৃদ্ধে বধ করল হার্কিউলেন। তারপর সেই য়র্ব কটিবন্ধনীটা হিস্নোলিতের অসার দেহটা থেকে ছিনিয়ে নিয়ে গ্রীদের পথে রওনা হলো। কিন্তু য়য়নগরীর পাশ দিয়ে পথ চলার সময় অভুত এক দৃশ্য দেখল হার্কিউলেন। দেখল দানবাস্থতি এক ভয়য়র জন্ধ তার থাবার তলায় এক য়য়নয়ী য়্বতীকে ধরে রেথেছে এবং সে যে কোন মুহুর্তেই তার প্রাণ সংহার করতে পারে। পরে আনল ম্বতীটি রাজা লাওমেডনের কয়া। বীর পার্দিয়াস য়েমন একদিন এরাপ্রেটি রাজা লাওমেডনের কয়া। বীর পার্দিয়াস য়েমন একদিন এরাপ্রেটিফারে করে তার পিতার হাতে অর্পণ করল হার্কিউলেন। কিন্তু রাজা তার প্রতিশ্রুতি রাখল না। অর্থাৎ হার্কিউলেসের কাছে সমর্পণ করল না তার কয়াকে। হার্কিউলেস শপথ করে রাজাকে বলল আমি দশ বছর পরে ঠিক এনে এর প্রতিশোধ নেব।

এরিথিয়া নামে এক দ্বীপে গেরিয়ন নামে এক রাক্ষপ ছিল। তার একপাল ভয়য়য় ধরনের লাল রঙের পশু ছিল। ইউরিসথেউস বলল হার্কিউলেসের দলম এবং শেষ পরীক্ষা হবে গেরিয়নের সেই পশুর পালকে বশীভূত করে দেশে নিয়ে আসা। লাল রঙের সেই পশুগুলো মধন মাঠে চরত তথন ওর্থরাস নামে ছটো মাথাওয়ালা একটা অভূত কুকুর তাদের পাহারা দিত।

ভাছাড়া রাক্ষদ গেরিয়নও কম ভীষণাস্কৃতি ছিল না। তার ছিল ভিনটে ধড়, ভিনটে মৃত, ছ'ট। হাত, ছ'টা পা। গেরিষন ছিল পার্সিয়াদ বারা নিহত রাক্ষদী মেহলার রক্ত থেকে উছুতা ক্রাইলাওর এর সন্তান। ইউরিদ্ধেউদ ভাবল এবার এত দ্র দেশে এবং এত ভয়য়র জন্তর কাছে হাকিউলেদকে পাঠাছে যে এতে তার মৃত্যু অবধারিত। হাকিউলেদ কিন্তু কোন ভয় পেল না। হাসিমুখে বিপদ্ঘন দেই অজানা দেশের পথে যাত্রা করল। দে প্রথমে ধরল গেড্সু প্রণালী। তার মুখে তৃটি ভক্ত নির্মাণ করল। পরে এই তৃত্ত তৃটি হানিউলেদের ভক্ত নামে প্রসিদ্ধ হয়।

একিকে সূর্বের প্রথম উদ্ভাপে ক্রমানত পথ চলতে চলতে অভিনয় সাস্ত ভ পিশাসার্ভ হয়ে উঠন হাকিউলেস। রোদের উন্তাপে সে এত রেগে উঠন বে আকাল ও সূর্বের দেবতা ফীবাস এ্যাপোলোকে লক্ষ্য করে একটা পাধর ছুঁড়ে দিল আকালে। এ্যাপোলো কিন্তু কিছু মনে করলেন না হাকিউলেসের এই উন্ধত্যে ও হঠকারিভায়। উন্টে জনপথে তাড়াতাড়ি এরিধিয়ায় যাবার জন্ত একটা সোনার নৌকো দিলেন হাকিউলেসকে।

এর ফলে জনায়াসে এরিপিয়ায় পিয়ে পৌছল হার্কিউলেস। সেধানে সিয়ে সে সহজেই বধ করল সেই তিনটে মাধাওয়ালা জন্তদানব গেরিয়ন আর ছটো মাধাওয়ালা কুকুর ওর্থরাসকে। কিন্তু লড়াইয়ের সময় হেরা গেরিয়নের পক্ষ অবলম্বন করায় হার্কিউলেসের হাত হতে একটা তীর এসে বিঁধল হেরার বুকে। কিছুটা শিক্ষা পেলেন হেরা।

এরপর কত শত পাহাড় বন নদী সমুদ্র পার হতে হতে গেরিয়নের লালবর্থ পশুর পালকে চালিয়ে নিয়ে বেতে লাগল দেশের দিকে। পথে আবার এক বিপদের সম্মুখীন হলো হার্কিউলেস। ইতালি দিয়ে যাবার সময় একটা বিশাল বনের ধারে শুয়ে ঘূয়য়ে পড়তেই ককাস নামে এক দৈত্য সেই পশুর পাল থেকে কডকগুলো পশুকে নিয়ে পালিয়ে গেল। ভয়য়য় দৈত্য ককাসের নাক পেকে ক্রমন্ত আগুন ঝরে পড়ত নিঃশাসের সঙ্গে; তাই কেউ তার কাছে যেতে পারত না। তার চৌর্বের যাতে কোন প্রমাণ না থাকে তার জন্ম পশুগুলোর লেজ ধরে টানতে তার গুহার মধ্যে নিয়ে লুকিয়ে রাখে ককাস। ঘুম থেকে ক্রেপে উঠে পশুগুলোকে না পেয়ে তাদের আশা ত্যাগ করে বাকিগুলোকে নিয়ে আবার পথ হাঁটা শুরু করল হার্কিউলেস।

পথ চলতে চলতে হার্কিউলেস যেমন তার অবশিষ্ট পশুর পাল নিয়ে ককাসের গুহার কাছে এসে পড়ল অমনি তার গুহার ভিতর থেকে অবকদ্ধ শশুগুলোর চিৎকার শোনা যেতে লাগল। হার্কিউলেস তখন ব্যাপারটা বৃষ্তে পেরে তার গুহার সামনে গিয়ে সরাসরি আক্রমণ করল ককাসকে।

বৃদ্ধে ককাস নিহত হতেই তার সব পশুর পাল নিয়ে আবার এগিয়ে চলল হার্কিউলেস। কিন্তু কিছু দূর যেতে না যেতেই পথে নতুন বিপদ পাঠিয়ে দিলেন হেরা। হেরার ইচ্ছায় এক ধরনের বড় মাছি এসে এমন উৎপাত শুরু করে দিল যে তাদের কামড়ে পশুগুলো পাগল হয়ে যাবার উপক্রম হলো। তার উপর হার্কিউলেসের চলার পথে হঠাৎ এমন এক উদাম জলস্রোতকে প্রবাহিত করিয়ে দিলেন যা কোনমতেই পার হতে পারল না হার্কিউলেস। তখন সে অতি কটে অনেক বড় বড় পাধর এনে একটা সেতুবন্ধন রচন করল তার উপর। পরে সে তা পার হয়ে আবার পথ চলতে লাগল।

কিন্তু মারবানে পথ হারিয়ে স্থল্র স্কাইথিয়ার অরণ্য অঞ্চল গিয়ে উঠল হার্কিউলেস। সেধানে গিয়ে অন্তুত এক রাক্ষসী দেখল সে যা*র* নে ক্রেক্টা নারী আর অর্থেক্টা সাপ। তাকেও অবিন্তে ব্য করন হাক্লিউলেস। অবশেষে সেই লালবর্ণ পশুপালটিকে ইউরিস্থেউনের কাছে নিজা গিয়ে পৌছল সে।

্হার্কিউলেস ভেবেছিল এবার একে একে তার সব পরীকা সার্থকভাবে
শেষ হওয়ার রাজ। ইউরিস্থেউস তার প্রতিশ্রুতি রাখবে। কিন্ত হার্কিউলেসের
দশম পরীকা শেষ হবার সঙ্গে নতুন এক দাবি উথাপন করে বসস
ইউরিস্থেউস। বলল, ছটি পরীকা তোমার ঠিকমত দেওয়া হয়নি রলে তা
বাজিল হয়ে গেছে। স্কতরাং এই ছটি পরীকায় নতুন করে অবতীর্ণ হতে
হবে ভোমায়। এর মধ্যে একটি পরীকা হলে। হায়েড্রা আর বিতীয় পরীকাটি
হলো রাজা অগিয়নের আতাবল পরিকার। ইউরিস্থেউসের কথা হলো এই বে
ঘটি পরীকাতেই অপরের সাহায়্য নিয়েছে হার্কিউলেস। তথু নিজের শক্তিতে
উত্তার্ণ হয়নি। হায়েড্রা বধের সম্য তার ভাইপে। তাকে মশাল দেখিয়েছিল
আর অগিয়নের আতাবল পরিকার করার সময় ছটি নদীর জলত্রোতের
স্থিয়ানিয়েছিল হার্কিউলেস।

ম্ব ভরাং ইউরিস্থেউস আবার ছটো নতুন পরীকা দিল।

প্রথম পরীক্ষা দেবার জন্ম হাকিউলেসকে বেতে হলে। হেসপেরাইদেসের বাগানে। সেই বাগান থেকে তিনটে সোনার আপেল আনতে হবে। এই আপেল তিনটে ধমিত্রীমাতা গাইয়া দেবরাজ জিয়াস আর হেরার বিবাহোৎ-সাব উপহার দিয়েছিল। এই বাগানটার মালিক ছিল চারজন পরী। এরা স্বাই ছিল রাত্রির কন্য। আর এর প্রহরায় নিযুক্ত ছিল শতমুখী এক ছান। এ বাগান ঠিচ কোথার অবস্থিত এবং এ বাগানের কোথায় আছে বেং সোনার আপেল তা কেউ জানত না।

হার্কিউলেস্ও ডা জানত না। জানত না বলেই এই আশ্রেষ মায়াকাননের স্কানে বহু দ্ব দ্বান্ধে খ্রে বেড়াতে হলো তাকে। আর তার থোঁজে করতে গিয়ে অফারণে বহু দৈত্য দানবের সঙ্গে সংঘর্ষ হলো তার। অনেকেই নিহ্ছ হলো তার গদার অব ও আঘাতে। একবার মুক্ষের দেবতা স্বয়ং এগারেক্রে সঙ্গেই বিরোধ বাধল তার। দেবরাজ জিয়াদ তখন এক বজ্রপাতের মাধ্যমে বিছিন্ন করে দিলেন দেবকুলোজেব এই ছুই বীরকে।

আংশেষে এরডেনাসের পরীদের দয়া হলো হার্কিউলেসের অবস্থা দেখে।
ভারা ভাকে সম্প্রবাসী নেরেউসের কাছে সেই বাগানের থোঁজ করতে বলল
ভাকে। সেক্ষা ভানে হার্কিউলেস নির্দেশিত জারগার গিয়ে দেখল
ভাগাছার গা চাকা দিরে গুমোজে নেরেউস। সে গিয়ে ভার কথা জানাভেই
ভারেউস ভাকে সম্ভের পশ্চিম উপকৃলে এক বীপের কথা বলল। আসলে
ধোটা বীপটাই হলো সম্ভ্রমার্কিনী এক বিশাল বাগান আর ভার নাম
ধ্যাপেরাইদেস।

বেরেউন আরও বলন, এর বেশী বলি কিছু জানতে চাও ভাহলে তুলি অনিমিরানের কাছে যাও বৈ এবন ককেনান পাহাড়ের এক বিরাট নিলাপানে পৃংধলিত অবস্থার উন্মৃক আকানের তলে দাড়িরে ঝড় বুটি নব নহ করে বাছে। অনত স্বর্ধের মত রোদ আর হাড়কাপানো শীতের ঠাওা কন কনে বাভাস হটোই সহ করতে হত প্রমিথিয়াসকে। ভার উপর দেবরাজ জিয়াগের নিষ্ঠ্র নির্দেশ কবনো একটা লগন অথবা কথনো একটা শকুনি ভার ধারাল ঠোট দিয়ে প্রায়ই ঠোকরাত প্রমিথিয়াসকে।

হার্কিউলেস যথন সেই ককেশাস পর্বন্তের পাশ দিয়ে থাচ্ছিল তথন ১ঠ:২ দেখে একটা ঈগল পাখি বন্দী প্রমিথিয়াসের উপর নেমে আসছে। এটা দেখার সঙ্গে সেখে সে একটা তীর দিয়ে মেরে কেলল পাখিটাকে। তারপ্র সে বন্দী প্রমিথিয়াসকেও মুক্ত করে দিল।

প্রমিথিয়াসও হার্কিউলেসের এই কাজের প্রস্কারম্বরণ তাকে বলে দিন সোনার আপেল পাবার রহস্তের কথা। বলল, তুমি প্রথমে এটাটলাসকে খুঁজে বার করে।। তারপর তাকে বলে। হেসপেরাইদেসের বাগান থেকে সোনার আপেল এনে দিতে।

একথা শুনে হার্কিউলেদ চলে গেল স্থান্ত আফ্রিকার। প্রথমে দে গিলে উঠল মিশর দেশে। দেখানকার রাজা বুলিরিলের একটি নিষ্ঠ্র আদেশ ছিল। সে আদেশ হলো এই যে, কোন বিদেশী তার রাজ্যে এলেই তাকে তানের দেবতার উদ্দেশ্যে বলি দেবার জন্ম উৎদর্গ করে রাখা হবে। কারণ তাকের দেশের মন্তলের অন্য প্রতি বছর কোন না কোন একটি বিদেশীকে অব্স্তই বলি দেওয়া চাই।

এই নিষ্ঠ্র প্রথার পিছনে একটা কারণ ছিল। একবার মিশর দেবে ভারাবছ এক ছডিক্ষ হয়। সারা দেশ যথন এই ছডিক্ষের কবলে পীড়িত হতে গাকে তখন সাইপ্রাস থেকে এক জ্যোতিষী এসে রাজা ব্লিরিসকে তার থেকে নিষ্কৃতি পাবার একটা উপায় বলে দিল। বলল, দেবতার কোপ থেকেই এ ছভিক্ষের স্কৃতি হয়েছে। স্ক্তরাং দেবতার সে কোপকে প্রশমিত করতে হলে এমন একজন লোককে বলি দিতে হবে যার জন্ম এদেশের মাটিতে হয়নি।

কিছ একথা শোনার সঙ্গে সঙ্গে সেই বিদেশী জ্যোতিষীকেই প্রথম ব্রি
দিল রাজা বৃদিরিদ। সেই থেকে প্রতি বছরই এক বিদেশীকে দেবতার
উদ্দেশ্যে বলি দেবার একটি নির্মম রীতি গড়ে উঠল। তাই হাকিউলেসকে
দেখে তাকে বলি দেবার আদেশ দিল রাজা বৃদিরিদ আর সঙ্গে সঙ্গে তার
লোকজন হাকিউলেশকে বেঁবে বধ্যভূমির দিকে নিয়ে গেল।

কিন্তু মনে মনে হাসতে লাগল হাক্লিউলেস। মূখে কিছু বলল না।
ভাকে বাঁৰার সময় কোন বংধাও দিল না সে। কিন্তু রাজার সামনে বধ্য ভূমিতে
ভাকে নিয়ে বাবার সঙ্গে গবে এক ভয়ন্তর হস্তার ছেড়ে নিজের প্রভিতে স্ব

বাঁষণ ছিঁতে ফেলল হাকিউলেন। ভারপর ভার কলা দিরে এক বাজে রাজা বুনিরিনকে হত্যা করল। এই হত্যাকাও দেখে ভরে এবনভাবে অভিমূত হরে পড়ল মিলরবাসীরা বে ভারা হাকিউলেনের সামনে নিজে কর্ডাতে বা ভার বিক্তমে কোন কথা বলতে সাহস পেল না। ভার সেই বিশাল দেহ আর অসাধারণ শক্তির প্রভাক পরিচর পেরে ভত্তিত হরে রইল ভারা।

হার্কিউলেস তখন অবাধে অপ্রতিহত গতিতে সেধান থেকে এসিরে চলল এটিলাসের উদ্দেশ্যে। কিন্তু পথে আর এক বিপদে পড়ল সে। একদিন পথের ধারে আন্তেউস নামে অন্তৃত একটা দৈত্যকে দেখল হার্কিউলেস। পথ দিরে কোন লোক গেলেই তাকে তার সলে মল্লযুদ্ধে অংশ গ্রহণ করার জন্ত আহ্বান জানাত আন্তেউস। কিন্তু কেউ-ই পেরে উঠত না তার সন্থে। প্রতিপক্ষ যত শক্তিশালীই হোক কখনো সে হারাতে পারত না আন্তেউসকে। কারণ সে লড়াই করতে করতে ক্লান্ত বা অবসন্ন অথবা কিছুটা হানবল হয়ে উঠলেই সে মাটিতে হাত রেখে বিড়বিড় করে কি সব বলত আর সন্থে সন্থে ধরিত্রীমাতা তাকে দান করত নতুন শক্তি। এইভাবে নতুন নতুন শক্তির অক্রন্ত যোগানে অদম্য ও অপরাজের হয়ে উঠেছিল আন্তেউস।

কিছ লড়াই করার সময় হাকিউলেস মাটি ছোঁবার কোন অবকাশ দিল না আন্তেউসকে। সে আন্তেউসকে ছুহাত দিয়ে শৃত্তে তুলে ধরে ভার গলাটা এমনভাবে চেপে ধরল যে খাসরোধ হয়ে সকে সকে মারা গেল আভেউস। আর কোনদিন কোন পথিককে মারতে পারবে না আন্তেউস।

এরপর হার্কিউলেস গিয়ে উঠল লিবিয়ায়। সেথানে অসংখ্য ব**র জন্তর** আক্রমণে প্রায়ই অকালে মারা যেত দেশের অধিবাসীরা। হার্কিউলেস ভার গদা দিয়ে প্রায় সব হিংম্র জন্তগুলোকে মেরে ফেলল। নিরাপদ করে ভুলন সেথানকার মাহারদের জীবনকে।

এইভাবে এদেশ ওদেশ বছ যোরার পর অবশেষে এ্যাটলাসের দেখা পেল হাকিউলেস। দেখল বিশালকায় এক দৈত্য মাধার উপর পোলাকার পৃথিবীটাকে ধারণ করে দাঁড়িয়ে আছে যুগ যুগ ধরে। ভাকে বড় ক্লান্ত দেখাছিল।

নিজের কার্যসন্ধির জঞ্চ একটা বৃদ্ধি থাটাল হার্কিউলেস। এটাটলাসকে বলল, অনস্থকাল ধরে যে বোঝাভার বহন করে করে করে করে পড়েছ তৃত্তি, সে বোঝাভার থেকে কিছুকালের জঞ্চ মৃক্ত করব ভোমায় যদি তৃত্তি আমার একটা উপকার করো, যদি হেসপেরাইদেসের মায়াকানন থেকে ভিনটি সোনায় আপেল তৃত্তি আমাকে এনে দাও।

এ কথার সত্ত্বে সাজ হলে গেল বোঝাভারে ভারাক্রান্ত এট্রিনাস। সে পৃথিবীর বোঝাটাকে হাকিউলেনের মাধার চালিয়ে দিয়ে চলে সেন সোনার আপেল আনার জন্ত। কিছ সোমার আপেল নিয়ে কিরে আসার পরেও তার বোবাট। বাদিরে নিতে চাইল না হার্কিউলেনের বাধা বেকে। বছকাল পরে তার মুক্ত অক-প্রত্যক্রের অবাধ সঞ্চালন বেকে বে আনন্দের আখাদ সে পাচ্ছিল তা কোনসতেই হারাতে চাইছিল না সে।

হাকিউলেস দেখল ভার মাখার বিরাট বোঝা। সে বোঝার ভারে ভারাক্রান্ত ও শক্তিহীন সে। একেতে বলপ্ররোগের চেটা বুখা। ভাই চিন্তা করে
একটা উপায় খুঁতে বার করল সে। বলল, ঠিক আছে, এ আর এমন বেশী
কথা কি! আমার কাছে এ বোঝা মোটেই কটকর নয়। তবে শুধু স্থামাকে
কিছুক্ষণের অন্ত একটু মুক্ত করতে হবে। কারণ আমার কোন আচ্ছাদন না
থাকার বড় বাখা করছে। তুমি একবার মাত্র কিছুক্ষণের অন্ত এটা ধর, আমি
কিছু দড়ি পাকিয়ে একটা পাগড়ী বানিয়ে নিই। সেটা হয়ে গেলেই আমি
স্থাবার মাথার তুলে নেব এই বোঝা।

হার্কিউলেসের কথায় বিশাস করল নির্বোধ এটিলাস। কারণ তার দেহে যে পরিমাণ শক্তি আছে সে পরিমাণ বৃদ্ধি নেই মাথায়। এটিলাস তার মাথায় পৃথিবীটা আবার চাপিয়ে দেবার সঙ্গে সঙ্গে সোনার আপেল তিনটে কুড়িয়ে নিয়ে সেখান থেকে বড়ের বেগে চলে গেল হার্কিউলেস। কলে মাথায় এক অপরিহার্য বোঝাভার নিয়ে চিরকালের অন্ত সেইণানে স্থায়র মত অচল অটল হয়ে দাঁড়িয়ে থাকতে হলো এটিলাসকে।

সোনার আপেল তিনটি ইউরিসথেউসের হাতে হার্কিউলেস তুলে দিতেই অবাক হয়ে গেল ইউরিসথেউস। ভেবে পেল না এই অসাধ্য কাম একা কিভাবে সম্পন্ন করল হার্কিউলেস। একে একে সব বিপদ কাটিয়ে উঠল হার্কিউলেস। উত্তীর্ণ হলে। সব পরীক্ষায়। বাকি আছে তুর্গু আর একটি পরীক্ষা, একটি বিপদ।

এবার এক দারুণ কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে হার্কিউলেসকে। কোন জীবিত মাহুষের পক্ষে এ পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সন্তব নয়। এবার পাতালপুরী বা অন্ধকার নরকপ্রদেশে গিয়ে সেধান থেকে সার্বেরাস নামে তিন মাথাওয়ালা এক ভয়ঙ্কর শিকারী কুকুরকে নিয়ে আসতে হবে।

এ পরীক্ষায় অবতীর্ণ হবার জন্ম বিভিন্নভাবে নিজেকে প্রস্তুত করে তুলতে লাগল হার্কিউলেন। সে প্রথমে গেল এলুইমিনের কাছে। কিভাবে কি করতে হবে তা জেনে নিল তার কাছ থেকে। তাছাড়া সেন্টরদের রক্তপাত ঘটিয়ে বে পাপ তাকে করতে হয়েছে সে পাপ খালন করারও ব্যবস্থা করল।

এরপর হাকিউলেস গেল পেলোপনেসাসের দক্ষিণ প্রান্তে তেনাসাস নামে একটা জারগায়। সেধানকার একটি অন্ধকার গুহার সামনে গিয়ে দীড়াতেঃ গুহার মৃথটা খুলে গেল আর সলে গঙ্গেই দেবতা হার্মিণ বেরিয়ে এল ভার থেপকে। এই হার্মিনই হাকিউলেসের হাত ধরে অন্ধকার নরকপ্রাদেশের অভ্যস্তারে নিয়ে বেভে লাগল। এক জীবিত মাহ্মকে মৃতের রাজ্যে প্রবেশ' করতে দেখে প্রথমে শক্তিত হয়ে উঠল ছায়ানরীর প্রেতাত্মারা।

হার্কিউলেসের মনে হতে লাগল কতকগুলো কল্পালের ছারা তার আন্দেশালে ঘুরে বেডাছে। রাক্ষনী মেতৃদার প্রেডাআটা হার্কিউলেসের সামনে এসে দাঁডাল এক প্রনো প্রতিহিংসার বশবর্তী হয়ে। হার্কিউলেসেও তাকে আঘাত করার জন্ম ভার ভার ভরবারি কোষমুক্ত করার জন্ম উন্মত হলো। কিন্তু হার্মিস তার হাতটা ধলে। বলল, ছারাশরীর প্রেডদের কথনো আঘাত করা যায় না। এমন সময় মেলিগারের প্রেডাআটি হার্কিউলেসের কাছে এসে চুপি চুপি বলল, মতেঃ 'ফরে গিয়ে আমার শোকাতুরা বোন দিখেনিবাকে আমার ভালবাসা জানাবে।

নরকের মারের কাছে অন্ত্ত এবটা দৃশ্য দেখল হাকিউলেস। দেখল তুজন জীবিত মাথুষকে এবটা পাথরের সঙ্গে বেঁধে রাখা হয়েছে। তারা হজনেই হাকিউলেসের পারিচিত। তারা হলো পার্সিয়াস তার পেথরিখাউস। এদের তুজনেরই জীবন্ত অবস্থায় নরকে আসার একটা বরে কারণ তুল।

পেইরিপাউস ছিল ল্যাপিথার রাজা। সেন্টংদেব সঙ্গে এক ভয়ংসহ যুদ্ধে জয়লাভ করে উদ্ধৃত্যে ও অহঙ্কারে কেটে পড়ে রাজাপেইরিথাউস। তার ওক্তা ও অহঙ্কার ক্রমন: বাডতে বাডতে এতদ্র বেডে ওঠে যে সে নরকের রাণী পার্সিফোনের কাছে প্রেম নিবেদন করতে যায়। সঙ্গে নিয়ে যায় তার অস্তরক প্রিয় বন্ধু এথেন্সের রাজা পার্সিয়াসকে। নরকের রাজা প্র্টো এবথা জানতে পারার সঙ্গে সঙ্গে তাদের ত্তনকেই চিরকালের জন্ম বন্ধী করে রেখে দেয় নরকের অধ্বারে।

হার্কিউলেসকে দেখতে পাওয়ার সঙ্গে সঙ্গে এক অজানা আশার নেচে উঠল তাদের মনটা। সেই নরকে উজ্জল হয়ে উঠল তাদের মুখ। হার্কিউলেস এগিরে গেল তাদের সাহায় করার জন্ত। যে বন্ধনে আবদ্ধ ছিল পার্দিশাস, হার্কিউলেস পানিয়াসের হাত ধরে একটা জাের টান দিতেই সে বন্ধন এক মুহুর্তে ছি তে গেল আর সঙ্গে সক্ষে মুক্ত হয়ে পৃথিবীর আলাে বাতাদের মাঝে ছুটে গেল পানিয়াস।

এবার পেইরিপাউসকে উদ্ধার করার চেষ্টা করতে লাগল হাকিউলেস।
কিন্তু যে বড় পাথরের সঙ্গে বাঁধা ছিল পেইরিথাউস, সেই পাথরটা থেকে
ভাকে মুক্ত করার চেষ্টা করতে গিয়ে হার্কিউলেস দেখল গোটা পৃথিবীটা কাঁপছে। মনে হলো রাজা পেইরিথাউস যেন সেই পাথরটা সমেত গোটা পৃথিবীর সজে গাঁথা আছে। ভাই পেইরিথাউসকে মুক্ত করার চেষ্টা ভ্যাগ করে সে চলে গেল আপন উদ্দেশ্য সাধনের জন্তা।

নরকের মধ্যে সার্বেরাসের সন্ধানে এগিয়ে যেতে যেতে দেখল হা ঠিউলেস অসংখ্য প্রোভাত্মা দীর্ঘকাল জীবন থেকে বঞ্চিত হয়ে হাঁপাছে। হঠাৎ কি মনে হলো তার, মুটোর একটা বাঁড়কে হজা করে তার রক্ত একটা পালের মধ্যে চেলে প্রেডাত্মাদের তা পান করতে দিল। ভাবল এই তাক্সারক্রেমধ্য দিয়ে তারা অস্ততঃ কিছুক্তবের অস্তও জীবনের আ্যাদ পাবে কিছুটা। বাঁড়টার রাধাল বাধা দিতে এলে হার্কিউলেশ তার গদার আ্যাতে তার পাঁজরা ভেক্তে দিল। রাণী পার্দিফোনের অহুরোধে প্রাণে তাকে না মেরে ছেড়ে দিল।

এইভাবে সারা নরকপ্রদেশটা কাঁপিয়ে তুলতে তুলতে অবশেবে রাজা প্রুটার সামনে এসে পড়ল হাকিউলেস। প্রুটা তথন সিংহাসনে বসে ছিল। সেই অবস্থাতেই তাকে একটা তীর মারল হাকিউলেস। তীরটা গিয়ে তার কাঁথে এমনভাবে গেঁথে গেল যে এক অনম্ভূতপূর্ব বেদনায় ছটফট করতে লাগল প্রুটা। ঠিক সেই সময় হার্কিউলেস সাবেরাসকে চেয়ে বসল। প্রুটো ব্রুতে পারল হাকিউলেস সহসা তাকে ছাড়বে না। প্রুটো তথন বলল, ঠিক আছে নিয়ে যাও, কিন্তু একটা শত। সাবেরাসকে তোমায় নিজে বশীভূত করে নিয়ে থেতে হবে। আমরা কেউ কোন সাহায্য করব না এ বিষয়ে।

হার্কিউলেস দেখল নরকের প্রহরী সার্বেরাস অন্তুত ধরনের একট। কুকুর। তার তিনটে মাধা। তার দাঁত থেকে সব সময় এক বিষাক্ত লালারস বেরুছে। তার সারা লেজময় কাঁটা। হার্কিউলেস তার গলাটা ধরে পিঠেচাপিয়ে নরক থেকে বার করে নিয়ে এল।

হাকিউলের যথন এইভাবে সার্বেরাগকে নিয়ে ইউরিসথেউসের পারের কাছে নামিয়ে দিল তথন ভয়ে ও বিশ্বয়ে হুর হয়ে গেল ইউরিসথেউর । কোন জীবস্ত মান্ন্য নরকে গিয়ে নরকের রাজার কাছ থেকে ছলে বলে বা কোনলে এই ভয়কর কুকুরটাকে নিয়ে আগতে পারে এটা কখনো কল্পনাও করতে পারেনি সে। সাক্ষাৎ মৃত্যুর মত দেখতে কুকুরটাকে নিয়ে কিছু করতে পারবে না বা তাকে পোষ মানাতে পারবে না ভেবে ছেড়ে দিল সে কুকুরটাকে। ছাড়। পেয়ে নরকে চলে গেল সার্বেরাস।

এবার ইউরিসথেউস দেখল আর হার্কিউলেসকে মিণ্যা কট্ট দিয়ে সভ্যকে এড়িয়ে যেতে পারবে না। সব পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে দে। ভাছাড়া এই সব পরীক্ষায় উত্তীর্ণ হতে গিয়ে সে মানবজাতির বহু উপকার সাধন করেছে। বিভিন্ন দেশে বহু হিংম্র জন্তু ও উধ্যত দানব বধ করে নিরাপদ্ধ করে তুলেছে অসংখ্য মাহুষের জীবনকে।

খভাবতই পরোপকারী ছিল হাকিউলেস। ইউরিস্থেউসের কোপ থেকে মৃক্ত হয়েও পৃথিবীর বিভিন্ন দেশ ঘূরে মামুষের উপকার করে বেড়াতে লাগল সে। বিমাতা হেরার চক্রান্তে মাঝে মাঝে ছ একটা অক্সায় কাজও করে বৃদ্ধা। তবে দেবী এথেন আর তার পিতা ক্ষমং দেবরাজ জিয়াগ তার পক্ষে এবং কক্ষণাপরবশ থাকায় সব বিপদ্থেকে উদ্ধার হয়ে যাজ্ঞিল সে।

গ্রী যেগারার কথা একরকম ভূলেই গিয়েছিল হাকিউলেস। সাম্বিকভাকে

উনাদরোগের বশে ভার সন্তানদের হত্যা করে যে অস্তার করে বসে ভার প্রাক্তিকার সারা জীবনেও হবে না। সেই থেকে স্তীর সঙ্গে সব সম্পর্ক ছির হয়ে গেছে চিরভরে। সেই থেকে স্তী মেগারার কোন খোঁজ করেনি সে।

সমস্ত বিপদ হতে উত্তীর্ণ হ্বার পর জাবার বিরে করার কথা ভাবল হার্কিউলেস। তার জ্বস্তুঞ্জ রাজা ইউরিতাসের কলা আওলকে বিরে করতে চাইল। বিস্ক ইউরিতাস তার কলার বিরের জ্বল এক প্রতিযোগিতার ব্যবস্থা করেছিল। রাজা ইউরিতাস ছিল ধর্মবিলায় বিশেষ পারদর্শী। সে তাই ঠিক করল যে তাকে ও তার তিন পুত্রকে ধর্মবিলায় পরাস্ত করতে পারবে সে-ই তার কলাকে লাভ করবে স্ত্রী হিসাবে।

প্রতিবোগিতায় অনায়াসে গুরুকে হারিয়ে জয়ী হলো হার্কিউলেস। কিছ তার প্রতিশ্রুতি রক্ষা করল না ইউরিতাস। সে কোনমতেই তার করাকে তুলে দিতে চাইল না হার্কিউলেসের হাতে। যুক্তিম্বরূপ বলল, বে ব্যক্তি মেগায়ার সায়া জীবনটাকে এক সীমাহীন তু:বে জালিয়ে পুড়িয়ে খাক করে দিয়েছে তার হাতে তার মেয়েকে কিছুতেই অর্পণ করবে না। তখন বাধ্য হয়ে তার ভাগ্যের উপর দোষ দিতে দিতে সেখান থেকে ভয়্মনোরথে চলে গেল হার্কিউলেস। রাজা ইউরিভাসের তিন পুত্রের মধ্যে ইক্ষিভাস নামে মাজ একজন হার্কিউলেসের পক্ষ সমর্থন করে।

এর কিছুদিন পর রাজা ইউরিভাসের পশুশালা থেকে কয়েকটি বলদ চুরি হয়। নামকরা চোর অটোলিকাস সেগুলি চুরি করে নিয়ে যায়। কিছু রাজা ইউরিভাস ভাবল তার উপর প্রতিশোধ গ্রহণের জন্ত হার্কিউলেসই একাজ করেছে। এবারেও হার্কিউলেসের পক্ষ সমর্থন করল ইফিভাস। সে বলল, হার্কিউলেস কখনই এত হীন কাজ করতে পারে না। বরং আমি তাকে নিয়ে আসল চোরকে যেথান থেকে হোক খুঁজে বার করবই।

ইফিতাসের কথায় হার্কিউলেসও রাজী হয়ে গেল। তুই বন্ধুতে মিলে বিভিন্ন জারগায় থোঁজ করে বেড়াতে লাগল আসল চোরের। থোঁজ করতে করতে একদিন একটা উচ্ টাওয়ারের উপর উঠে গেল তুজনে। সহসা হেরার চক্রান্তে তার পুরনো উন্মাদরোগ আবার জেগে উঠল তার মধ্যে। স্থে উন্মাদের মত রাগে কাঁপতে কাঁপতে ইফিতাসকে বলতে লাগল, তুমিই তোমার বাবাকে বলে তোমার বোনের সঙ্গে আমার বিয়েতে মত দাওিনি।

ইফিভাস ব্ৰল হাকিউলেস সহসা উন্মাদরোগে আক্রাস্ত না হলে একথা কথনই বলত না। কারণ সে নিজে দেখেছে সে তাকে সমর্থন করেছিল। কিছু আর কোন উপায় নেই। হাকিউলেস ইফিভাসকে ধরে শ্রে তুলে সেই টাওয়ার থেকে ফেলে দিল।

কিছুক্শের মধ্যেই আবার জ্ঞান কিরে পেল হার্কিউলেস। সঙ্গে সঙ্গে নিজের ভূল ব্রতে পারল। নিজের ক্তত্তর্যের জন্ত অন্তংশাচনার জনে পুড়ে ্যেতে লাগল তার অন্তর্মটা। এই জবন্ত পাপ থেকে নিজেকে মৃক্ত করার আছ বিভিন্ন তীর্থক্ষেত্রে ঘূরে বেড়াতে লাগল অপ্রান্তভাবে। অবশেবে সে ডেলকিডে গেল প্রতিকারের আশার। কিন্তু সেধানে এ্যাপোলো বললেন, এই ভয়ন্তর নর্যাতকের কোন কথাই তিনি শুনবেন না।

হার্কিউলেস তথন দারুণ রেগে গিয়ে বলল, আমি মানি না তোমার আদেশ। আমি তোমার মন্দির ভেঙ্গে দেব। তার বদলে আমি আমার নিজের এক মন্দির প্রতিষ্ঠা করব।

এইভাবে এ্যাপোলো আর হার্কিউলেদের মধ্যে এক তুমুল বিরোধ বাধল। অবশেষে জিয়াদের মধ্যস্থতায় হাকিউলেদ আর এ্যাপোলোর বিরোধের অবদান ঘটে। তবে হার্কিউলেদ এ্যাপোলোর মন্দিরের প্রোহিতের কাছ থেকে একটা প্রতিশ্রুতি আদায় করে নেয়। হার্কিউলেদ তার পাপঝালনের জন্ত খ্ব পীড়াপী ড়ি করলে পুরোহিত তথন কথা দেয়তার দব পাপ ঝালন হবে। তবে তার জন্ত একটা শর্ত পালন করতে হবে হার্কিউলেদকে। তাকে তিন বছর কোন এক জায়গায় ক্রীতদাদ হয়ে থাকতে হবে এবং দেই দাদত্বের বিনিময়ে বা আত্মবিক্রয়ের মূল্য হিদাবে যে টাকা পাবে তা মৃত ইপিথাদের ছেলেময়েদের দিতে হবে।

বেচ্ছায় এ বিধান মেনে নিল বীর হাকিউলেস। হার্মিসের সহযোগিতার একটা জাহাজে করে এশিয়ায় চলে গেল সে। সেখানে বাধ্য হয়ে লিডিয়ার রাণীর কাছে তিন, 'টালেণ্ট' মুদ্রার বিনিময়ে বিক্রি করে নিজেকে।

লিভিয়ার রাণী ওক্ষেন অন্ন দিনের মধ্যেই ব্যতে পারল তার এই ক্রীতদাসই একদিন তাদের দেশকে যত সব দস্য আর বক্ত জন্তর কবল থেকে উদ্ধার করে। কিন্তু সে যথন শুনল এই সেই বিশ্ববিখ্যাত শক্তিধর পুরুষ হাকিউলেস তথন সে তাকে ছাড়ল না। তার প্রণায়ী ও জীবনসলী হিসাবে রেখে দিল তার প্রাসাদে। হাকিউলেসও রাণীর প্রেমের জালে এমনভাবে আবদ্ধ হয়ে পড়ল যে সে তার বীরত্বের সব কথা ভূলে গেল। রাণী ও তার সহচরীদের সক্ষে প্রায়ই সে হাসি তামালা করে দিন কাটাত। এক একদিন রাণী তার গদাটা নিয়ে খেলা করত আর হাকিউলেস মেয়েদের মত পোষাক পরে চরকায় স্তত্তো কাটত। আবার এই অবস্থায় সে তাদের অতীত বীরত্বের কাহিনীও শোনাত। শোনাত কেমন করে সে তার স্থদ্ব শৈশবে দোলনায় ভয়ের গুয়ে একটা সাপের গলা টিপে মারে, বলত কিভাবে সে কভ দৈত্য দানবকে বায়েল করে, কত রাক্ষসকে শাস্ত করে, আবার নরকপ্রদেশে পিয়ে কিভাবে নরকের রাজা প্রটোকে পরাস্ত করে সে কথাও শোনাত।

এইভাবে তিন তিনটে বছর কেটে গেল হার্কিউলেসের। তিন বছর পর হঠাৎ একদিন ঘূম ভাকল যেন ভার। লজ্জান্তনক সেই জারামন্য্যা থেকে -হঠাৎ যেন উঠে পড়ল সে। সঙ্গে সঙ্গে নারীর বেশ ভ্যাগ করে রাণী ভক্ষেবের রাজপ্রাসাদ থেকে অনেক দ্রে চলে গেল সে। আলত আর আরামের লজাজনক শ্বার আর জেগে ঘুমোল না। এবার থেকে হার্কিউলেস করল সেই সব কাজ যা ভার মত বীরের পক্ষে শোভা পার, যা ভাকে দান করবে জগৎজোড়া খ্যাতি আর অক্ষর গৌরবের মৃকুট।

কিন্তু এবারেও তাতে বাদ সাধল এক নারী। লিভিয়ার রাণী ওন্ফেলের প্রালাদ থেকে বেরিয়ে ঘ্রতে ঘ্রতে ক্যালিভনে গিয়ে হাজির হয় হাকিউলেন। সেখানে সে দেখা করল রাজা ওলেউ,সর কল্প: দিয়ানারার সঙ্গে কারণ শে যখন নরকে গিয়েছিল তখন দিয়ানারার মৃত ভাই মেলিগার তার বোনকে বলার জল্প একটা কথা বলেছিল হাকিউলেস। তাছাড়া দেখা করার আবার জল্প দিয়ানারার সঙ্গে দেখা করল হাকিউলেস। তাছাড়া দেখা করার আবার একটা কারণ ছিল। মেলিগারের কাছে সে শুনেছিল ভার বোন দিয়ানারা খ্বই স্করী। রাজকল্প। দিয়ানারার সঙ্গে দেখা করে কাতি তার কানে মৃয় হয়ে গেল হাকিউলেস। দেখল মেলিগারের কথাই ঠিক। প্রথম দর্শনেই দিয়ানারার প্রেম পড়ে গেল হাকিউলেস। ত্রুনের মনের মিল হওয়ার সঙ্গে ভালবেসে ফেলল বীর হার্কিউলেসকে। ত্রুনের মনের মিল হওয়ার সঙ্গে ভালবেসে ফেলল বীর হার্কিউলেসকে। ত্রুনের মনের মিল হওয়ার সঙ্গে ওলেউসের প্রাণাদ থেকে দিয়ানারাকে নিয়ে একদিন পালিয়ে গেল হার্কিউলেস।

এদিকে নদীদেবতা এগকেলাস ছিল দিয়ানারার প্রেমার্থী। তার প্রেমের ডাকে দিয়ানারা ভেমন সাডা না দিলেও সে প্রেম নিবেদন করে ডাকে। কিন্তু দিয়ানারা আসলে হার্কিউলেসকেই পতিরূপে বরণ করে নেয়। কলে হার্কিউলেস যথন দিয়ানারাকে নিয়ে পালিয়ে যেতে থাকে তথন তার পথে নানারকম চাপ স্প্রতিকত্ত থাকে এগকেলাস। প্রথমে সে সাপ আর মাঁড় হয়ে পথ আটকে ভয় দেখাতে লাগল।

সে বাধায় হার মানল না হাকিউলেস। অপ্রতিহত বেগে এগিয়ে চলল সে ভার গতিপথে। কিন্তু এগাকেলাসও হাল ছাড়ল না। সহসা সে কৃত্রিম কলাপ্লাবিত নদী স্বাচ্চী করল হাকিউলেসের পথে। হাকিউলেস দেখল ভার সামনে এক বিরাট নদী কানায় কানায় ভরা। এমন সময় সেন্টরদের নেভা লেমাস এসে ভাকে বলে, আমার পিঠের উপর চেপে বস। আমি, ভোমাদের নদী পার করে দেব।

কিছ হ। কিউলেস ভাবল তার আর দরকার হবে না। সে তার গদা আর
সিংহের চামড়াটা নদীর ওপারে ছুঁড়ে দিল। সে নিজেই সাঁতরে পার হতে
পারল সহজ্ঞেই। কিছু মুদ্দিল হলো দিয়ানারাকে নিয়ে। দিয়ানারা মেয়েমায়্রম,
সে সাঁতার জানে না। তথন সে লেমাসকে ডেকে বলল, তুমি দিয়ানারাকে
পিঠে করে নদী পার করে দাও। দিয়ানারা লেমাসের পিঠের উপর চেপে বসলে
হাকিউলেস নদীতে ঝাঁপ দিয়ে সাঁতার কাটতে লাগল। হঠাৎ দিয়ানারার

চিৎকার শুনতে পেয়ে পিছন ফিরে দেখল লেখাল দিয়ানায়াকে নিয়ে পালিয়ে যাবার চেটা করছে। দিয়ানায়ার রূপ দেখে মৃয় হয়ে দেখাল ভাকে নিয়ে যাবার চেটা করছিল। দিয়ানায়ার ভাক শোনার লকে লকে হার্কিউলেল নদীর প্রপারে উঠেই লেমালকে লক্ষ্য করে এমন এক বিষাক্ত ভীর ছুঁড়ল যার আঘাতে ধরালায়ী হয়ে পড়ল লেমাল। কিছু মৃত্যুকালে হার্কিউলেলের উপর প্রতিলোধ নেবার জন্ত অভুত একটা কথা বলে গেল দিয়ানায়াকে। বলল, যদি কোনদিন তুমি ভোমার স্থামীর ভালবাল। হায়াও ভাহলে আমার এই রক্তমাথা জামাটা কোনভাবে ভাকে পরালেই আবার ভোমার প্রতি প্রেমালক হয়ে উঠবে লে।

জীবনের সব পরীক্ষা শেষ করে হার্কিউলেস এবার তার শক্রাদের উপর প্রতিশোধ নিতে লাগণ একে একে। অতীতে তার সক্ষে যারা শক্রতা বা বিশ্বাসঘাতকতা করেছে তাদের উপর চরম প্রতিশোধ নিল। এই উদ্দেক্তে প্রথমেই তাকে যুদ্ধ করতে হলো রাজা ইউরিতাদের সঙ্গে। যুদ্ধে ইউরিতাসকে পরাজিত ও হত্যা করে তার কলা আওলকে বন্দিনী করে রেথে দিল নিজের কাছে।

এমন সময় হঠাৎ সন্দেহ জাগল দিয়ানারার মনে। তার মনে হলো তাকে ঠিক্ষত আর ভালবাদছে না তার স্বামী। তথন তার লেমাদের মৃত্যুকালীন শেই কথাটা মনে পড়ে গেল। সে একদিন কৌশলে লেমাসের বিষাক্ত রক্তমাখা সেই জামাটা পরতে দিল হাকিউলেসকে। সেদিন ছিল ভার বিজয়োৎসবের দিন। দেবতাদের প্রীত করার উদ্দেশ্রে পশুবলির জন্ত এক যজ্ঞের আঘোজন করেছিল দে। কিন্তু হার্কিউলেদ যথন প্রজ্জুলিত যজাগ্নির কাছে অর্ঘদান করছিল রক্তমাখা সেই লাল জামাট। পরে, তথন অভিনের তাপে ভকিয়ে যাওয়া জামার রক্তগুলো গলে গেন। আর তথন দেই বিষাক্ত রক্ত হাকিউলেসের দেহের শিরায় শিরায় ঢুকে গেল। সঙ্গে সঙ্গে শুক হলো দাকণ ্যস্ত্রণা। ভার মনে হলো ভার দেহের শিরাগুলো ফেটে যাচ্ছে এবং অস্থিমজ্জাগুলে। খদে খদে পড়ছে। জামাটা দেহ থেকে খুলে ফেলার শক্ত চেষ্টা করেও পারল না হাকিউলেল। মনে হলে। জামাট। তার গায়ের চামডার সঙ্গে চিটিয়ে এক হয়ে লেগে আছে। এ জামা খুলতে গেলে চামড়াটা ছিঁড়ে যাবে। যন্ত্রণার ভীব্র চায় মাথাটা গ্রম হলে উঠল হাফিউলেলের। যে ভুত্তটা ভাকে आभाष। পরার জন্ম এনে দিয়েছিল দেই ভূ এটোকে সমূলে। জলে ছুঁড়ে क्का किल (भ । यथन तम तम कांद्र मृज्द भमत पनिता अतमह ज्यन जाद ্যন্ত্রণাজর্জরিত দেহের সমস্ত শক্তি দিয়ে কতকগুলো গাছ ভেবে কেলে নিজের हिला निक्ति नाक्ति जात अञ्चलकात्र आक्ष्म धतिरा पिट्ड वनम रन हिलाह । ভার বর্মবহনকারী ফিলোকটেটন ভার চিতার আগুন দিন। হাকিউলেন তাকে ভার প্রিয় তীর ধহক উপহার বরূপ দিয়ে গেল। তথনও জ্ঞান ছিল

হার্কিউলেসের। অবস্ত চিভার মাঝে ভরে মর্গের দিকে মুখ তুলে বলতে লাখল, হে আমার বিয়াভা, ভোমার মনোযাসনাই পূর্ণ হলো এভদিনে।

সহসা মেখ সঞ্চার হলো আকাশে। বজ্জবিদ্যুৎসহ বড় বৃষ্টি শুক্ক হলো। আর ভার মাবে অর্গ থেকে প্যালাস এথেনের রথ এসে তৃলে নিয়ে গেল হাকিউলেসকে। রথ গিয়ে নামল অলিম্পাসে।

উপদেবতা হার্কিউলেসের জীবন ছিল দৈব ও মানবিক এই তৃই উপাদানের সমন্বরে গড়া। দেবরাজের ঔরসে এক মানবীর গর্ভে জন্ম হয় ভার। তাই ভার মা হঠাৎ মানবদেহসঞ্জাত তার জীবনের নম্বর উপাদানটি ভশ্মীভূত হয়ে চিতার পড়ে রইল শুধ্, কিন্তু তার অবিনশ্বর দৈত উপাদানটি চলে গেল স্বর্গ।

গুদিকে হার্কিউলেদের মৃত্যুর সব্দে সব্দে তার প্রতি হেরার সমস্ত প্রতিহিংসা আর আক্রোশ উবে গেল মৃহুর্তে। সমস্ত দ্বণা ঝেড়ে ফেলে তাকে আপন সন্তানের মত বরণ করে নিলেন। এমন কি পরে তার এক মেয়ে হেরার সব্দে হার্কিউলেদের বিয়ে দেন স্বর্গে।

এদিকে হার্কিউলেদের মৃত্যুর সঙ্গে সঙ্গে দিয়ানারাও নিজের ভ্ল ব্রুতে পারল। দে ব্রুল তার স্থামীর মৃত্যুর জন্ম দে:ই দায়ী। অকারণে স্থামীকে ভ্ল ব্রে এতবড় বিপদকে ডেকে আনল সে। তার উপর পুত্র হাইলাসও তার পিতার জন্ম তীর ভাষায় ডং সনা করতে লাগল তাকে। স্থামীর শোকের উপর পুত্রের এই গল্পনা সহু করতে না পেরে আত্মহত্যা করল দিয়ানারা। হার্কিউলেদের শেষ ইচ্ছা অনুসারে বন্দিনী আত্মকে বিয়ে করল হাইলাস। এই বৈবাহিক সম্পর্ক থেকে পরবর্তীকালে হেরাক্লিড নামে এক বীর জাতির উৎপত্তি হয়।

কিছ শাস্তি পেল না হার্কিউলেসের সন্তানরা। তাদের পিতার পূর্বশক্ত ইউরিস্থেউসের কোপে দেশছাড়া হয়ে ঘুরে বেড়াতে লাগল তারা। তবে বৃদ্ধ আওলাস নেতৃত্ব দান করতে লাগল তাদের। অবশেষে বিসিয়াসপুত্র ডেযোছ্ন এবেন্দে আশ্রয দিল হার্কিউলেসের পুত্রকল্পাদের। ডেযোছ্ন ও হাইলাস হজনে মিলে সৈত্র সংগ্রহ করে যুদ্ধ ঘোষণা করল ইউরিস্থেউসের বিক্তরে। এমন সময় এক দৈববাণী হলো, এ যুদ্ধে জয়লাভ করতে হলে উচ্চবংশোড্রত কোন এক ক্মারীকে বলি দিতে হবে দেবতাদের উদ্দেশ্য । একবা তান হার্কিউলেস ও দিয়ানারার কলা ম্যাকোরিয়া বলল সে তার ভাইদের মন্তলের জল্প নিজের প্রাণবলি দিতে প্রস্তা। দেবরাজ জিয়াসের অম্প্রহে বৃদ্ধ আওলাস ঘৌবনস্থলত শক্তি পেল তার দেহে। ফলে সে যুদ্ধে জয়ী হলো হাইলাস আর প্রাণ হারাল ইউরিস্থেউস।

টুয়ুমুদ্ধ

টোজান জাতির জাদিপ্রথ ছিল দার্গানাস। দার্গানাস হেলেসপক্ট উপসাগর পার হয়ে মাইলিরাতে গিয়ে রাখালরাজা টিউসারের ক্সাকে বিরে করে। দার্গানাসের পৌত্র উলোস নামে এক পুত্র ছিল। এই ইলাসই স্থামান্দার নদীর তীরবর্তী এক বিশাল প্রাস্তরে এক নগর নির্মাণ করে। এই নগরের নাম রাখা হয় টয় বা ইলিয়ন। কথনো কখনো এ নগরকে পার্গামাসক বলা হত। আর এই নগরের অধিবাসীদের টিউক্রিয়ান ও দার্গানিয়ান বলা হত। তবে টোজান নামেই বেশী খ্যাত তারা।

এই বিশাল নগর পত্তন করার সময় এক বিশেষ প্রার্থনায় নগরের ভবিগ্রথ সমৃদ্ধির জ্বন্য রূপা বা অনুগ্রহ চাওয়া হয় দেবরাজ জিয়াসের কাছে। তার উত্তরে জিয়াস তার অনুগ্রহস্বরূপ প্যালাস এথেনের এক মৃতি স্বর্গলোক অলিম্পাস থেকে ফেলে দেন। এই মৃতির নাম হবে প্যালাডিয়াম। এই মৃতিটি ট্রেরের সৌভাগ্যরূপে স্বত্বে রেখে দিতে হবে ট্রয়নগরীতে।

কিন্ত কিছুকালের মধ্যে হুর্ভাগ্য আর হুর্দিন নেমে এল ট্রয়ের উপর। আর এই হুর্তাগ্যের মূল হলো ইলাসপুত্র রাজা লাওমীডনের এক অপকর্ম। লাওমীডন ছিল বড় কুটিল প্রকৃতির। সে দেবতা ও মাহ্রদের সঙ্গে ধ্ব ধারাপ ব্যবহার করত। এই লাওমীডন সারা ট্রয়নগরীর চার্বদিকে এক বিরাট প্রাচীর নির্মাণ করে এবং এই নির্মাণকার্যের জন্ত স্বর্গ হতে এক বছরের জন্ত বিভাড়িত প্রেডন ও এ্যাপোলোকে নিযুক্ত করে।

একবার পদেশুন আর এ্যাপোলো জিয়াদের দারা এক বছরের অন্ত বিভাড়িত হন স্বর্গলোক থেকে। শুধু নির্বাসন নয়, এর সঙ্গে তাঁদের এক দশুও দেশুয়া হয়। সে দশু হলো এই যে, এই এক বছর তাঁদের মর্ভ্যলোকে কোন মান্থ্যের অধীনে কাজ করতে হবে। এই দশুজার স্থােগ গ্রহণ করে লাখ্মীখন। সে পদেশুনকে নগরপ্রাচীর নির্মাণের কাজে নিযুক্ত করে এ্যাপোলোকে পশুচারণের ভার দেয়। এ্যাপোলো রাজা লাখ্মীখনের গবাদি পশুগুলো মাউন্ট আইভার উপভ্যকাভূমিতে চরাত। এইভাবে একটা বছর কেটে যাবার পর যখন তাঁদের নির্বাসনকাল শেষ হয়ে যায় তখন তাঁরা তাঁদের প্রাপ্য পারিশ্রমিক বা প্রতিশ্রুত পারিভাষিক দাবী করেন লাখ্মীখনের কাছে। কিন্তু লাখ্মীখন তাঁদের অপমান করে ভাড়িয়ে দেয়। পরে এই ঘূই দেবভা যখন স্বর্গে সিয়ে আপন আপন দৈব শক্তিতে অধিষ্ঠিত হন তখন ইয়ের প্রতি তাঁরা গুল্পনেই শুয়ানকভাবে বিষেষভাবাপন্ন হয়ে ওঠেন।

क्षेट्रे विरक्षत्वत वर्ष्ट्रे परमधन क्षेत्र एक्ष्ट्र विकास क्षेत्र विकास क्ष्या विकास क्ष्या क्ष्या क्ष्या क्ष

পাঠিয়ে দেব বে সারা দেশের সব ফসল নই করে দের। সারা দেশ জুড়ে দেখা দের ভয়ন্তর এক ছড়িক। পসেডন নির্দেশ দেন, এই জন্তুদানবকে মাত্র একটা উপারেই ভাড়ানো যেতে পারে দেশ থেকে। সে উপায় হলো এই বে, রাজক্সা হেসিওনকে বলি দিতে হবে সেই জন্তুদানবের কাছে।

এই উদ্দেশ্যে একদিন ছেসিওনকে সমুদ্রের ধারে একটি পাহাড়ের বিরাট পাধরের সঙ্গে শিকল দিয়ে বেঁধে রাখা হা। জন্তুদানবটি এক, সময় জল থেকে উঠে এসে তাকে নিয়ে গিয়ে ছিঁড়ে খাবে। হেসিওন যথন এইভাবে শৃংখলি ছ অবস্থায় ভয়ে কাঁপছিল তথন হঠাৎ টুর যাবার পথে সেইখানে হাঠিউলেস এসে হাজির হয়। লাওনীভনের সঙ্গে হার্কিউলেস দেখা করতে সে তাকে প্রতিশ্রুতি দেয় হার্কিউলেস দেই জন্তুদানবকে হত্যা করে তার কলাকে উদ্ধার করলে সে তাকে জিয়াসপ্রদত্ত কতকগুলো অতুলনীয় অখ দান করবে। হার্কিউলেস সহজেই সেই জন্তুদানবকে বধ করে। কিছু তবু তার প্রতিশ্রুতি রক্ষা করল না রাজা লাওনীভন। হার্কিউলেস তথন তাকে এই কথা বলে চলে গেল, একদিন আমি এর প্রতিশোধ নেব।

করেক বছর পর হাকিউলেস প্রতিশোধ নিতে আসে রাজা লাওমীডনের উপর। সে এসে অত্তিতে ট্রনগরী আক্রমণ করে হত্যা করে লাওমীডনকে এবং ভার কল্পা হেসিওনকে ভার অন্ত্রর ভেলামনের হাতে দান করে। ভেলামন তাকে গ্রীসদেশের অন্তর্গত স্থালামিসে নিয়ে যায়। হেসিওনের অন্তর্গেধে ভার পদারেস নামে এক ভাইকে ট্রের রাজসিংহাসনে বসিরে যায়। এই পদারেসই পরে ট্রেরাজ প্রিয়াম নামে পরিচিত হয়।

প্রিয়াম আর তার স্ত্রী হেকুবার অনেক সন্তান সন্ততি হয়। তাদের সন্তানদের মধ্যে সবচেয়ে বীর এবং মহৎ প্রকৃতির ছিল হেক্টর আর সবচেয়ে স্থানর ছিল প্যারিস। প্যারিশের জন্মের আগে রাণী হেকুবা নাকি স্বপ্র দেখে সে এক অসম্ভ মশাল প্রস্ব করছে। একজন জ্যোতিষী এসে এই স্থপ্নের ব্যাখ্যা করে বলে এই সন্তান থেকে ট্রনগরী ধ্বংস হবে।

একখা শুনে পারিস ভ্মিষ্ঠ হবার সঙ্গে সঙ্গে রাজা রাণী একমত হয়ে এক ক্রীতদাদের মাধ্যমে তাদের নবজাত সন্তানকে আইডা পর্বতের এক ত্র্গম্ অঞ্চলে রেখে আসে। কিন্তু তবু মৃত্যু ঘটে ন পারিসের। সে নাকি এক ভালুকমাতার হুধ থেয়ে বেঁচে থাকে এবং পরে ঐ অঞ্চলের রাখালরা তাকে দেখতে পেয়ে তাদের বাড়িতে নিয়ে গিয়ে লাসন পালন করতে থাকে। তাদের কাছে ভালই থাকে পারিস। দিনে দিনে এক বলিষ্ঠ ও স্থলনি বালক রূপে বেড়ে উঠতে থাকে সে। অভ্যাসব ছেলেদের থেকে রূপে গুণে প্রাক হলেও সে যে রাজ্পনুত্র তা সে জানতে পারেনি। সে অঞ্চলের কোন লাকও তা জানত না। পারিস যথন যৌবনে পা দিল তথন তার বীরত্ব পেথে মৃত্যু হয়ে গেল সবাই। তার এই বীরত্ব দিয়ে ঐ অঞ্চলের পার্বত্য সমূহের

ন্দমৰ করল সে। ভার বীরছের নানা নিদর্শন দেখে লোকে ভাকে 'আলেকজাণ্ডার' বা 'মাছ্রের সাহায্যকারী' বলে ভাকত। কিছুকালের মধ্যেই জিনন নামে এক পার্বভ্য পরীকে বিরে করে প্যারিস। বিরে করে সেই পার্বভ্য প্রদেশের পশুপালনকারীদের মধ্যেই রয়ে পেল। ভার ঘরে সরল সালাসিকে জীবনযাজার মধ্য দিয়ে দিনগুলো কাটিয়ে দিতে লাগল প্যারিস।

একদিন আইভা পর্বতের ছারাছ্র এক উপত্যকার ভেড়া চরাছিল প্যারিস।
এমন সময় সহসা তিন জন অসামালা অন্মরী রমনী এসে হাজির হলো।
প্যারিস বেশ বুরতে পারল এরা মানবী নয়, নিশ্চয় দেবী, কারণ এমন নির্ধৃত
রূপলাবণ্য কোন মানবীর মধ্যে দেখা যায় না। ভাদের সঙ্গে পাধাওয়ালা
চটিপরা অর্গের দৃত হামিসও ছিল।

এদিকে অকন্মাৎ তাদের দেখে ভীতিবিহ্বল চোখে ও স্পন্দিত হৃদয়ে তাদের সামনে গাড়িয়ে রইল প্যারিদ হতবাক হয়ে। হার্মিদ তখন প্যারিদকে সংখাধন करत वनन, छत्र करता ना भातिम, छता छिनजन रुष्ट्न चर्लात स्नवी। अंस्व পেহসৌন্দর্যের বিচারের অন্ত এঁরা ভোমাকে বিচারকর্তা মনোনীত করেছেন। দেবরাজ জিয়াসও বলেছেন, এঁদের মধ্যে ভোমার চোখে কে বেশী স্থন্দরী ভা তুমি বিনা বিধায় বলবে। ভোমার এই বিচারের জন্ত দেবপিতা জিয়াস ভোমাকে সব সময় রক্ষা করে যাবেন। একিলিসের পিভা পেলেউস আর माजा जनामती (पंगिरात यथन विराव हात ज्यन राष्ट्रे अञ्चोत अक्षां अवित्र ছাড়া আর সকল দেবতাই নিমন্ত্রিত হন। এরিস তখন ক্রোধের বশবর্তী হয়ে দেবীদের মধ্যে বিবাদ স্পষ্টর জন্ত একটি সোনার আপেল ছুঁড়ে দেন। সেই আপেলটির উপর 'দর্বশ্রেষ্ঠ স্থন্দরীর জন্তু' এই কথাটি খোদাই করা ছিল। এই সোনার আপেলটি পাবার কে যোগ্য, अर्थाৎ দেবীদের মধ্যে কে সবচেরে বেশী স্থন্দরী এই নিয়ে ঝাগড়া বেধে পেল তিন দেবীর মধ্যে। তাঁরা হলেন হেরা, এথেন আর এ্যাক্রোদিতে। তাই স্বর্গ ছেড়ে মর্ত্যে এসে অদিম্পাদের এই जिन दिवी गानिनी मानलन मर्ज्यमानव बाधान यूवक भाविमत्क। अत्क একে निरक्षम्य পরিচয় দিলেন তাঁর। প্যারিসকে।

প্রথমে এঁদের মধ্যে সবচেরে অহঙ্কারী হেরা বললেন, আমি হছিছ অলিম্পাসের রাণী। আমার কাছে রাজকীয় দানের অনেক বন্ধ আছে। তুমি যদি আমার অপক্ষে রায় দাও তাহলে জগতের প্রেষ্ঠ ধন সম্পদ হবে ভোমার করভলগত।

তারপর এথেন বললেন, আমি হচ্ছি এথেন, কলাবিতার অধিচাত্রী দেবী, তুমি যদি আমার সপক্ষে রায় দাও, তাহলে তুমি হবে অগতের মধ্যে সবচেরে এট জানী আর কুশলী বীর।

এরপর এ্যাক্রোদিতে মোহপ্রসারী হাসি হেসে বললেন, আমি হচ্ছি এ্যাক্রোদিতে। আমার এমন দান আছে যে দান অন্য কোন দেবীর নেই। পুরাণ—৮ আমার অহগ্রহ পাবে একমান সেই ধার বৃদ্ধে ভালবাসা আছে, বে পরকেভালবেসে পরের ভালবাসা পার। আমাকে তৃষি যদি সর্বজ্ঞেই ক্ষমরী দেবী বলে ঘোষণা করে। ভাহতে আমি ডোমাকে প্রতিশ্রতি দিছি তৃমি অগতেরঃ সর্বশ্রেই ক্ষমরী কন্যাকে ভোমার গ্রী রূপে পাবে।

প্যারিস সংশয়ে অভিত্ত হয়ে ভাবতে পায়ত বেশ কিছুক্প। কিছ সে তা না করে সোনার আপেনটি প্রেমের অধিষ্ঠাত্তী দেবী এনফোদিতের হাতে দিয়ে দিল। দেবী তার প্রতিদানখন্তণ তার দিকে তাকিয়ে উজ্জল হাসি হেসে এখন এক শপ্থ কয়লেন বা দেবতারাও কোনদিন ভক্ত কয়তে পায়বে না। কিছ হেরা ও এখেন ভার্টি কয়ে চলে গেলেন রুষ্ট হয়ে। সেই দিন খেকে এই ছই দেবী সমগ্র উয়লাভির শক্ত হয়ে উঠলেন।

সমন্ত ঘটনা এক আশ্চর্য যথের মত মনে হতে লাগল প্যারিসের। কিছ্ক দিনে দিনে কঠোর পরিশ্রম করতে করতে সে কথা ভূলে গেল সে একেবারে। সে ভার স্ত্রীর থেকে বেশী স্থলরী মেয়ে তথনো পর্যন্ত দেখেনি। স্থতরাং নতৃন করে প্রেমে পড়ার কোন প্রশ্নই উঠল না। কিছ কিছুকালের মধ্যেই সে তার স্ত্রী ঈননকে স্থাার চোখে দেখতে লাগল। ঈননকে ফেলে রেখে সে চলে গেল ট্রয়নগরীতে এক ক্রীড়াস্থ্রচানে যোগদানের অস্ত্র।

এ অমুষ্ঠানের আবোজন করেছিলেন রাজা প্রিগাম স্বরং। যথন ঘোষণা করা হলো এই প্রতিযোগিতার প্রস্কার বা পারিতোষিক হলো পশুচারণের এক পাঁচনি তথন প্যারিগ ভাবল এ প্রস্কার তাকে অর্জন করতেই হবে, অক্ত কারো হাতে এ প্রস্কার সে চলে বেতে দেবে না।

প্রতিযোগিতার লেবে দেখা গেল প্যারিস ভধু প্রথম স্থান অধিকার করল না, সে সমন্ত রাজপুরুদের ছাড়িয়ে গেল ফুতিছে। কিন্তু এই সব রাজপুরুরো বে তার ভাই তা সে ঘুণাক্ষরেও জানতে পারল না। রাজা প্রিয়ামের ক্যাসাঙা নামে এক কলা ছিল। ভূত ভবিশ্বতের সব কথা বলে দেবার অভূত এক ক্ষমতা ছিলক্যাসাঙার। ক্যাসাঙা তাই প্যারিসকে প্রতিযোগিতার জংশ গ্রহণ করতে দেখেই তার ভাই বলে চিনতে পেরে গেল। সে তার বাবা মাকে সলে গলে বলল যে সন্তানকে একদিন তারা জন্মের সলে সলে পরিত্যাক্ষ করে দ্রবর্তী এক পার্বত্য জরণ্যে ফেলে রেখে জাসে, আলকের এই বীর প্রতিযোগীই তাদের সেই পরিত্যক্ত সন্তান। একথা জানতে পেরে এক জাপার জাননে আত্মহারা হয়ে উঠল রাজা প্রিয়াম আর ভার স্ত্রী। হারানোপুরুকে দীর্ঘকাল পরে ফিরে পেরে অভিনের ধরল ভাকে আবেপের সলে। সেই ভবিশ্ববাণীর কম্পানৰ ভূলে পেল।

প্যারিদ গুরু তার জন্মাধিকার কিরে পেল না, সব দিক দিরে স্বচেকে প্রির্ণাত্ত হয়ে উঠল দে তার পিতার। কিছুকালের মধ্যেই প্যারিদকে বিশেক এক গুরুত্বপূর্ণ কাজের তার দিলেন রাজা প্রিয়াম। বদলেন, একদিন শ্রীকবীক শ্বকিউলেন ভালের বংশের থেয়ে ছেমিওনকে জোর করে নিরে গিরেছিল আজ্ব শ্রীনে গিয়ে প্যারিল লেই ছেমিওনকে কিরিয়ে নিরে আসবে। গ্রীকদের অবস্তই ভাকে কিরিয়ে দিভে হবে। এই উল্লেখ্য বহু রণ্ডরী ও নৈপ্তলামত মৃহ প্যারিসকে গ্রীসদেশে পাঠালেন রাজা প্রিরাম।

একষাত্র ক্যাসাপ্ত। সমর্থন করতে পারল না এ সিছান্তকে। সে এই বলে সাধ্যান করে দিল রাজা প্রিয়ামকে যে এই অভিযানের কলে এক প্রবল সংঘর্ষ বাধবে ছই দেশের মধ্যে। কিছ ক্যাসাপ্তার কথা কেউ শুনল না। এর অবশ্র একটা কারণও ছিল।যে এ্যাপোলো ক্যাসাপ্তাকে ভবিক্রমানী করার ক্ষতা দান করেছিলেন সেই এ্যাপোলোই আবার সেই সলে ভাকে এক অভিশাপও দিয়েছিলেন।সে অভিশাপ এই যে ক্যাসাপ্তার কথা কেউ শুনবে না। গ্রাহ্ম করবে না বা কেউ কোন গুরুত্ব দেবে না ভার ভবিক্রমানীকে।

বৃক্তরা আলা আর অহকার নিম্নে রওনা হয়ে পড়ল প্যারিস। সহে ছিল ভার এক বিশাল রণতরী আর অসংখ্য সৈত্তসামস্ত। কিছু এডকিছু সংখ্যে বে কাজের ভার সে নিয়েছিল সে কাজ সম্পন্ন করতে পারল না সে।

শ্রীসদেশে পৌছে প্রথমে রাজা মেনেলাসের আতিথ্য গ্রহণ করল প্যারিস। ভার রূপলাবণ্য দেখার সলে সলে অর্থাৎ প্রথম দর্শনেই তার প্রেমে পড়ে পেল বেনেলাসের পত্নী রাণী হেলেন। সেই সলে প্যারিসও ভালবেসে কেলল অনিস্থাস্থস্কারী হেলেনকে। হেলেন বেমন প্যারিসকে দেখে তার পবিত্ত বৈবাহিক সম্বন্ধের কথা ভূলে গেল, প্যারিসও তেমনি হেলেনকে দেখার সলে সক্তে তার ধর্মপত্নী ঈননের কথা একেবারে ভূলে গেল। বে ঈনন এক তীত্র বিচ্ছেদ্বেদনার তথন আইভা পর্বতের এক নির্জন জারগার বসে আকুলভাবে আরু বিসর্জন করে চলেছে তার জন্ম সেই ঈননের কোন কথাই মনে পড়ল বা ভার। এমন কি হেলেনের মোহিনী মৃতি দেখে তার আত্মর্যাদা ও করনীয় কর্তব্যের কথাও সব ভূলে গেল সে।

অবচ সং ও মহামূভব রাজা মেনেলাগ এতবানি আন্তরিকতার সজে ওাকে ভালবাগতে লাগল যে সে গ্যারিগকে তার রাণীর কাছে এক প্রাগাদে রেখে এক সামরিক অভিযানে চলে গেল নিজে।

বেনেলাসের অবর্তমানে নির্জন নির্বিদ্ধ আলাপের মাধ্যমে দিনে দিনে বাদাচ হবে উঠল ত্তনের প্রেম। হেলেন নিজেকে গাঁপে দিল প্যারিসের হাডে। অবশেবে একদিন মেনেলাসের অমুপদ্বিভিতেই ভার প্রাসাদ থেকে অবশেশে পালিমে বাবার নিজান্ত নিল প্যারিস। সে ঠিক করল মেনেলাসের আলাহের বহু ধনরক্ষে গছে ভার প্রমাস্থলরী প্রেমিকা হেলেনকেও সঙ্গে নিম্নে বাবে। হেলেন প্যারিসকে ভালবাসলেও অদেশ, বামী ও সন্ধান ছেড়ে বিদেশে বিজ্ব বিয়ে বেভে বন সর্বিদ্ধানা ভার। হার্ষিতন নামে ভার এক ক্ষাসম্ভান

ছিল। কিন্তু প্যারিস কোন কথা না শুনে একরকম জোর করেই ভাকে বিজে আহাতে ওঠে।

হেলেনকে নিজের জাহাজে তুলে তার কাজের কথা জুলে গেল প্যারিষ।
সে এবার ব্বতে পারল বিশের সর্বশ্রেষ্ঠা স্থান্দরীকে তার হাতে তুলে বিছে
তার প্রতিশ্রতি রক্ষা করেছেন দেবী এ্যাক্রোদিতে। সে তাই সব স্থান্দে
হেলেনকে নিয়ে জাহাজের মধ্যে গেল।

তবে তার এই অপকর্মের শোচনীয় পরিণাম সম্বন্ধ তাকে বে একেবারে সর্ভক করে দেওরা হয়নি তা নয়। মেনেলাসের প্রাসাদ থেকে অপরত ধনসম্পদ্ধ নিয়ে সে বধন ক্তিতে দিন কাটাচ্ছিল আহাত্তে তথন একদিন সহসা বাজ্ঞাহ বন্ধ হয়ে বাওয়ায় তক হয়ে বায় সম্ত্রের জল। সদে সদে অচল হয়ে বাড়িয়ে পড়ে প্যায়িসের আহাজগুলো। এমন সময় সেই তক নিতরক সম্ত্রের অতল পর্ভ থেকে সম্প্রদেবতা নেরেউস উঠে এসে প্যায়িসকে সম্বোধন কয়ে বলল, তে পরস্থাপহরণকারী, তোমার বাজাপথে অনেক কুলক্ষণ দেখা বাচ্ছে। বে অলায় তৃমি কয়েছ তার প্রতিবিধানের জল গ্রীকরা একদিন এই সম্প্রপথেই ইয়ের দিকে ছুটে বাবে রালা প্রিয়ামের প্রাসাদগুলো ধ্বংস কয়ে দেবার জল। তোমার এই পাপের জল কত অসংখ্য লোক, কত শত অস্থ মারা বাবে, কত বে ইয়বাসী ল্টিয়ে পড়বে বিধ্বন্ত শহরের ব্বে তা আমি আল থেকেই দেখতে পাছি।

হেলেনের রূপসৌন্দর্যে আরুষ্ট হয়ে বছ রাজপুত্র ও প্রভাবশালী লোক ভার পাণিপ্রার্থী হয়ে ওঠে। তবে তারা একবাক্যে একথা সকলে স্বীকার করে যে হেলেন যাকে বিয়ে করবে অথবা তার বাবা বার সঙ্গে তার বিয়ে দেবে তারা তাকেই সমর্থন করবে। এবং ভবিশ্রতে কোন ব্যর্থ পাণিপ্রার্থী, বা কোন লোক কোনভাবে তাদের কোন কভি করতে এলে একবোগে বাধা বেবে তারা।

সামরিক অভিযান শেষ করে যথাসময়ে ফিরে এল মেনেলাস। একে যথন দেবল তার বিশাসে আঘাত দিয়ে তার দ্রীকে প্রাসাদ খেকে অপহরণ করে নিয়ে গেছে প্যারিস তবন সে ক্রোধে ক্লিপ্ত হয়ে সাহাব্য চাইতে দোল গ্রীসের প্রতিটি রাজার কাছে । সকলকেই বলল এক কথা। বলন, এ অপমান তথায়ার আমার একার নয়, এ অপমান তোমার আমার সকলের। এর চরম প্রতিশোধ নিতে হবে। বিশাসঘাতক সেই পাপাআটাকে সমৃচিত লান্ডি দিতে হবে। অভএব যার যা সৈয় জাহান্ত ও সামরিক শক্তি আছে তা নিয়ে বেরিয়ে পড় ট্রনগরীর উদ্দেশ্রে।

মেনেলাসের বড় ভাই আর্গদের রাজা এ্যাগামেনন ছিল সমগ্র গ্রীসদেশের মধ্যে সবচেরে শক্তিশালী রাজা। এই এ্যাগামেননের শ্রী নাকি মেনেলাস-পুত্রী হেলেনের সহোদরা বোন ছিল। ভাই এ্যাগামেননের বড় শক্তিশালী ক্ষাৰা বৰ্ণন দেশের অভান্ত রাজাদের আহ্যান করল ঐরহুছে বোগদান করার। অভ, তথন তার কথা অহান্ত করতে সাহস পেল না কেউ।

প্রথম দিকে অবস্ত চ্প্রম রাজা বৃদ্ধে বেতে না চাইলেও পরে তারা চ্বনেই

এ বৃদ্ধে বোগ দিরে প্রভৃত বীরস্ব দেখার। এদের মধ্যে একজন হলোওডেসিরাস

ভার একজন একিনিস। একাস্কভাবে অহরকা ও প্রপরিণী বী পেনিলোপকে

ভিরে করে তাকে ছেড়ে দ্র দেশে গিরে এত বড় এক বৃদ্ধে বোগদান করতে

মন চাইছিল না তার। তার উপর তার নিতপুত্র টেলিমেকাসের মারাতেও

মনটা অভিরে পড়ে তার। তাই মেনেলাসের পরোয়ানা নিয়ে পালামেদেস

মনন ওডেসিয়াসের কাছে এল তখন ছল্ডিভার বিভ্রান্ত হরে পড়ল

ভতেসিয়াস। পালামেদেস বখন তার প্রাসাদে এল তখন ওডেসিয়াস মাঠে

কাজ করছিল। কিন্তু তার মন এমন চঞ্চল ছিল যে সে একটা বলদের সলে

একটা সাধাকে বৃক্ত করে লাক্লল দিচ্ছিল মাঠে। পালামেদেস সেখানে বার।

বিরে এ দৃশ্র দেখে সে ঠাট্টার ছলে ওডেসিয়াসের নিতপুত্র টেলিমেকাসকে নিয়ে

বিরে ওডেসিয়াসের লাজলের সামনে কেলে দেয়। কিন্তু ওডেসিয়াস তখন

পান কাটিরে লাকল চালাতে থাকে। বাই হোক, পালামেদেসের কথার নরম

করে অবশেষে যুদ্ধে যাবার মনস্থ করে ওডেসিয়াস।

পেলেউসপুত একিলিসের জন্ম হয় জলদেবী বেটিসের গর্ভে। এই বেটিসের বিবাহ বাসরে নিমন্ত্রিভ না হবার জন্তই এরিস সোনার আপেল ছুঁড়ে কলহের স্কৃষ্টি করেন ভিন দেবীর মধ্যে।

একিলিস একটু বড় হলে তার মা খেটিস ছটি জীবনধারার একটকৈ তার
লক্ষ্য হিসাবে বেছে নিতে বলেন। হয় সে যৌবনে অসাধারণ বীরত্ব দেখিয়ে
মারা বাবে অল্ল বয়সে, না হয়, সে দীর্ঘকাল ধরে এক অলস আরামপূর্ব অবচ
ক্রতিঘহান বীরত্বহীন এক জীবন যাপন করবে। এ ছটির মধ্যে একটিকে তার
বেছে নিতে হবেই। একিলিস নাকি প্রথমটিকেই বেছে নেয়। ফলে খেটিস
কুরতে পারে তার পুত্র একিলিস যৌবনেই মারা যাবে।

একণা জেনেও তার পুত্রের দেহটিকে ক্ষন্তর বালার চেটার কোষ ক্ষিটি রাখেননি থেটিল। কাইল্প নদীতে তুব দিলে নাকি গায়ে কোন আবাড লাগে না। কোন অল্পস্ত্র ক্ষত স্পষ্টি করতে পারে না সে দেহে। তাই তাঁর ছেলেকে একদিন কাইল্প নদীতে নিয়ে গিয়ে স্থান করালেন থেটিল। কিছ ছুর্ভাগ্যক্রমে স্থানের সময় একিলিসের গোটা দেহটা তুবলেও তার গোড়ালির কাছটায় সে নদীর জল লাগল না। ফলে একিলিসের ত্র্ভেম্ব দেহতুর্গের বাবে কেবলমাত্র একটিনাত্র আয়গায় রয়ে পেল মরণনীল মানবদেহের মড আহাতের স্বধীন।

শেইরনের মত দেশের বিখ্যাত বীরদের কাছে রেখে মুদ্ধবিছা শেখানো হয় একিলিসকে। শোনা বায় তার বদয়কে নির্ভীক নিঃশঙ্ক আর স্থকটোর করে ভোলার জন্ত সিংহের হংপিগু আর ভাসুকের অন্থিকতা বাওরানো হত। সাহস আর শক্তির সঙ্গে সঙ্গে এক অদম্য অহকার আর প্রচণ্ড ক্রোধাবেগ তার চরিত্রের ধাতৃর সঙ্গে মিশে যেতে থাকে। অক্তান্ত ছেলেদের থেকে তার স্বাভন্তাটি বেশ সহজ্বেই ধরা পরত।

ছোট থেকে একিলিসকে যুদ্ধবিভাও শেখায় শেইরণ। অস্তান্ত ছেলেদের থেকে একিলিস ছিল সম্পূর্ণ পৃথক। তার দেহটি বেমন ছিল শক্তি আর পৌন্দর্বের সমন্বরে গড়া, মনটি তেমনি তার অহঙ্কার, উদারতা, সাহসিকতা, বদমেজাজ প্রভৃতি কয়েকটি পরস্পরবিরোধী গুণের মিশ্র উপাদানে গড়ে গুঠে।

উয়যুদ্ধের প্রস্তুতিপর্বেই জলদেবী থেটিস ব্রুতে পারেন এই যুদ্ধেই তাঁর পুদ্ধের মৃত্যু জনিবার্য। তাই সে যুদ্ধে যতদিন একিলিস যোগদান না করে এবং বিভিন্ন জজুহাতে তাকে তার থেকে দূরে সরিয়ে বা ঠেকিয়ে রাখা যার ততই ভাল। এই কারণে খেটিস একিলিসকে মেয়ের পোষাক পরিয়ে ছাইরসের রাজপ্রাসাদে রাজকল্পাদের কাছে অনেকদিন রেখে দেওরার ব্যবস্থা করেন। কিন্তু ওডেসিয়াস তাকে বার করে আনে সেখান থেকে।

একিলিসকে খুঁজে বার করে আনার জন্ম ওডেসিয়াস একবার ব্যবসারীর ছদ্মবেশে ভাল ভাল কাপড়জামা বিক্রি করে বেড়াতে থাকে ঘুরে ঘুরে। এইভাবে সে স্বাইরসের রাজবাড়িতে গিয়ে ওঠে। সে বৃদ্ধি করে দামী পোষাকের সঙ্গে কিছু ভাল ভাল অন্তর্শস্তও নিয়ে গিয়েছিল। ওডেসিয়াম লক্ষ্য করল রাজকলারা যখন ওডেসিয়াসের কাছে কাপড়জামা কিনতে ব্যস্ত নারীরপিণী একিলিসের দৃষ্টি তখন অন্তর্শস্তের উপর নিবন্ধ। এইভাবে একিলিসকে চিনতে পেরে তাকে উয়য়ুদ্ধে টেনে আনে ওডেসিয়াস।

ইথাকার অধিপতি ওডেসিয়াসকে আর একটা কাজ করতে হয়।
মেনেলাসের দৃত হিসাবে পালামেদেসের সলে উয়নগরীতে গিয়ে রাজা
প্রিয়ামের কাছে হেলেনের প্রভার্পণ দাবি করে। ওডেসিয়াস রাজা
প্রিয়ামকে বলে মেনেলাসের পত্নী হেলেনকে যদি ভার স্বামীর হাতে কিরিয়ে
দেওয়া হয় ভাহলে আর যুদ্ধ হবে না। প্যারিস গ্রীসে গিয়ে কি অপকর্ম
করেছে ভাপ্রথম রাজা প্রিয়াম এ উয়বাসীগণ শুনতে পেল ওডেসিয়াসের
কাছ থেকে। সব কিছু শুনে রাজা প্রিয়াম বললেন, প্যারিস এখনো পর্যন্ত
দেশে ফিরে আসেনি। সে ফিরে এলে ভার মুখ থেকে সব বৃত্তান্ত শুনৰ
আমি। ভা না শোনা পর্যন্ত আমি কিছু বলতে বা করতে পারছি না।

এই প্রসক্ষে তাঁর বোন হেমিওনের কথাটাও তুললেন রাজা প্রিরাম।
তিনি বললেন, হার্কিউলেস আমার বোন হেমিওনকে ধরে নিয়ে বার।
কেই থেকে সে ঐ দেশেই বন্দী হয়ে আছে। স্থতরাং যদি সত্যি সভিতই
হেলেনকে নিয়ে আসে প্যারিস তাহলে হেমিওনের বদলাস্বরূপ হেলেনকে বন্দী

করে রাণা হবে। ভাছাড়া প্রিয়াম তাঁর ছেলেদের কাছে শান্তি ও সন্ধির প্রস্তাব করলেও ছেলেরা ভা মানল না। এমন কি ভার রাষ্ট্রনৃত ওড়েসিয়াস ও পালামেদেসের উপর আঘাত হানার জন্ত উত্তত হরে উঠেছিল। অবশ্ব রাজা প্রিয়ামের জন্ত ভা পারেনি এবং রাজা প্রিয়াম রাষ্ট্রনৃতদের সলে বিশেষ সৌজন্তপূর্ব ব্যবহার করে ভাদের খদেশে পাঠিয়ে দেন। ভবে এই সময় একটা কথা জানভে পারেন রাজা প্রিয়াম। জানভে পারেন হেমিওন এখন গ্রীস দেশের একজনকে বিয়ে করে হথে শান্তিতে বাস করছে সেখানে এবং ভার ছেলে টিউলার এক মৃদ্ধবিশারদ বীর। যে সব নেভাদের ভংপরভায় উয়ের বিরুদ্ধে সামরিক অভিযানের প্রস্তুভি চলছে টিউলার ভাদের অন্ততম।

যার জন্ম এত কাণ্ড এত বাগ্ বিতণা সেই প্যারিস এসে গেল ট্রানগরীতে। তাঁর আদেশ বা নির্দেশত কোন কাজই করেনি প্যারিস, উপরম্ভ এক বিরাট বিপত্তি বাধিয়ে তুলেছে। এজন্ম তিনি আগে হতেই রেগে ছিলেন প্যারিসের উপর। কিন্তু তাঁর অন্যান্ম পুতদের মধ্যস্থতায় কোন রাগের কথা বা শক্ত কথা বলতে পারলেন না প্যারিসকে। কুশলী প্যারিস দেশের মাটিতে পা দিরেই বশীভূত করে কেলেছিল তার ভাইদের। এ ব্যাপারে ঘটি কৌশল সে অবলম্বন করে। প্রথমতঃ সে স্পার্টার রাজপ্রাসাদ থেকে যে প্রচুর ধনরত্ম পূঠন করে নিয়ে আসে তা সে অকাতরে ভাগ করে দিতে লাগল তার ভাইদের মধ্যে। দ্বিতীয়তঃ হেলেনের যে সব ক্রমরী সহচরীবৃন্দ ছিল তাদের মুখ থেকে মিষ্টি কথা শুনে মোহমুগ্র হয়ে পড়ল প্যারিসের অবিবাহিত ভাইরা।

তবু এ বিষয়ে নীতি বা বিবেকের কণাটাকে একেবারে উড়িয়ে দিতে পারলেন না বৃদ্ধ রাজা প্রিয়াম। তিনি তাঁর স্ত্রী রাণী হেকুবাকে দিয়ে জানতে চাইলেন হেলেনকে প্যারিস বলপ্রয়োগের মাধ্যমে ধরে এনেছে না দে স্বেচ্ছায় প্যারিসকে ভালবেসে ভার সক্ষে চলে এসেছে। রাণী হেকুবা গিয়ে একথা স্পষ্ট জিজ্ঞাসা করলেন হেলেনকে। হেলেনও স্পষ্টই বলল সে স্বেচ্ছায় এসেছে। একথা ভনে নিশ্চিম্ভ হলেন রাজা প্রিয়াম। মৃক্ত কর্ছে ঘোষণা করলেন, তিনি হেলেনকে প্রভ্যপণ করা ভো দ্রের কথা, তাঁর সর্বশক্তি দিয়ে তিনি রক্ষা করে যাবেন হেলেনকে। গ্রীসের সমবেড সমস্ত শক্তির প্রতিরোধ করবেন তিনি।

কিন্তু যুদ্ধের কথা ষতই শোনা যেতে লাগল, যুদ্ধের সময় যতই এগিরে আসতে লাগল, ততই ভীত সম্ভত হয়ে উঠতে লাগল ট্রের অধিবাদীরা। এই ভয়ের বলেই তারা অভিশাপ দিতে লাগল পাপিষ্ঠ প্যারিসকে। যার জন্ম সারা দেশ জুড়ে নেমে আসবে দীর্ঘন্তা যুদ্ধের এক বিরাট বিভাষিকা, অসংখ্য দেশবাদী নিহত হবে অকারণে, সেই প্যারিসকে পথে ঘাটে দেখার সকে সকে ভার দিকে আক্ল বাড়িরে জনগণ কটুক্তি করতে লাগল

ভার প্রভি। কিন্তু লোকের কথার কান দিল না প্যারিস। কারো কোন কথা। প্রাক্ত করল না সে।

রাজ্যের বয়োপ্রবীণ উচ্চপদস্থ ব্যক্তিরা প্রথমে প্যারিসের উপর রেগে।
কালেও পরে পরমাস্থলরী হেলেনের মুখের হাসি দেখে মুখ্ব হৈরে গিয়ে সব কিছুভূলে বায়। প্যারিসের অক্তান্ত ভাইরাও সকলেই মুগ্ধ হয়ে পড়েছিল হেলেনের
রূপে ও তার মিষ্টি ব্যবহারে। ফলে তাদের বোন রাজকলা ক্যাসাপ্ত্রা
তাদের বারবার এর ভয়বহ পরিশাম সম্বন্ধে সতর্ক করে দিলেও কেউ কানদিল না তার সে সতর্কবাণীতে।

যাই হোক, যুদ্ধ অনিবার্য জেনে সারা রাজ্য জুড়ে প্রস্তুতি চালাতে লাগল রাজপুরুবেরা। এদের মধ্যে প্রধান ছিল রাজপুত্র অপ্রতিদ্দী বীর হেক্টর। পিতা বৃদ্ধ হওয়ায় এই বিরাট যুদ্ধের জন্ত সৈত্য সমাবেশের ও পরিচালনার সমস্ত দায়িত্ব তার। সাহায্য চেয়ে ট্রেয় মিত্রশক্তিদের কাছে একযোগে খবর পাঠানো হলো। এই আবেদনের প্রত্যুত্তরে সর্বপ্রথম অকুঠ আন্তরিকতার সঙ্গে এলিয়ে এল রাজজামাতা বীর ঈনিস। স্বয়ং দেবী এয়ফোদিতে নাকিছিলেন ঈনিসের মাতা।

এদিকে ব্যর্থ মনোরধ গ্রীক রাষ্ট্রদ্তগণ দেশে এসে দেখল যুদ্ধের প্রস্তুতিপর্ব শেষ হয়ে গেছে। তারা আউলিস নামে এক সম্প্র বন্দরে উপস্থিত হয়ে দেখল সেধানে প্রায় এক হাজারেরও উপর রণতরী সমবেত হয়েছে। এক লক্ষ্ গ্রীকসৈক্ত বহন করে নিয়ে যাবে এই সব রণতরীগুলি। এই রণতরী ও সৈক্ত সংগ্রহ করতে সময় লেগেছে কয়েক বছর।

কিন্তু এত কিছু সংৰও ব্যর্থ হতে চলেছে তাদের সকল প্রচেষ্টা। ন্তক নিন্তরক সমুদ্রের ব্কের উপর ছবির মত নিশ্চল হয়ে দাঁড়িয়ে আছে যুদ্ধজাহাজ-গুলি। পালে বাতাস নেই, সমুদ্রে ঢেউ নেই। একটা জাহাজও নড়ছে নাশত চেষ্টা সংৰও।

অবশেষে রাজজ্যোতিষী ক্যালচাসকে ভাকা হলো। ক্যালচাস এসে গণনা করে আসল ব্যাপারটা পরিষ্কার করে বলল। সে বলল, এ্যাগামেনন বনে শিকার করতে গিয়ে দেবী আর্ডেমিসের একটি প্রিয় হরিণকে মেরে কেলে। ভার জন্ম ভার উপর ভীষণভাবে রুষ্ট হয়ে পড়েন দেবী আর্ডেমিস। এই দেবীই যাত্রাকালে এক বিরাট শুক্কভা নিয়ে আসেন সমৃদ্ধ আর বায়্মগুলের মধ্যে যার কলে আজ কয়েক সপ্তাহ ধরে এই স্থবিশাল রণ-অভিযান যাত্রা শুক্ক করতে পারছে না উদ্দিষ্ট দেশের অভিমূখে।

কিছ এর প্রতিকার কোশার ? এর কি কোন প্রতিকার নেই ?

প্রতিকার একটাই আছে। ক্যালচাস বলল, কিন্তু সে বড় কঠিন, বড়: ছু:সাধ্য। এ্যাগামেনন যদি ¹তার জ্যেষ্ঠ কক্সা ইন্দিজেনিয়াকে বলি দিতে পারে দেবীর উদ্দেশ্যে তবেই চলতে শুকু করবে সমস্ত রণতরী। এ ছাড়া: रकान माउरे मुक्के स्टान ना कहे (नवी ।

প্রথমে কথাটা শুনে ভয়ে আঁতকে উঠুল রাজা এ্যাগামেনন। ভাবল, আশন প্রিয়তমা কল্পাকে বিসর্জন দিয়ে অভিযানে সাফল্য লাভ করার কোন প্রয়োজন নেই। কিন্তু এ বিষয়ে নিরস্ত হতে না হতেই তার ভাই মেনেলাস ভীব ভাষায় তিরস্কার করতে লাগল। তা সহু করতে না পেরে রানী লাইতেমেন্তা আর ইফিজেনিয়াকে ঘটনাস্থলে ভেকে পাঠাল এ্যাগামেনন। মিশ্যা করে বলে পাঠাল এফিলিসের সলে ইফিজেনিয়ার বিয়ে দেওয়া হবে।

বধাসময়ে কস্তাকে নিয়ে হাজির হলো রাণী ক্লাইতেমেস্ত্রা। এসে দেখল, একিলিস প্রতাবিত বিয়ের ব্যাপারে কিছুই জানে না। পরে এক ক্রীতদাসের কাছ থেকে আসল কথাটা জানতে পারল।

জানতে পারার পর একই সঙ্গে রাগে ও তুংখে অভিভূত হয়ে পড়ল রাণী রাইতেমেস্তা। তার এক চোখে জল আর এক চোখে আগুন বরতে লাগল। ইফিজেনিয়া তার মার আঁচল ধরে কাঁদতে লাগল। অগাগু গ্রীকবীরেরা এই বিদান সমর্থন করলেও একিলিস ইফিজেনিয়াকে উদ্ধার করার জল্প এগিয়ে এল। এগাগামেনন কিন্তু কারো কোন অন্থনয় বিনয় শুনল না। রাণী রাইতেমেস্ত্র: মাটিতে লুটিয়ে পড়ে কাঁদতে লাগল। তব্ এগাগামেনন অটলভাবে নাঁড়িয়ে রইল। সে বলল, সে শুধু তার কল্পার পিতা নয় সে দেশের রাজা। রাজকর্তব্যের খাতিরে সারা দেশের সন্ধানের জন্প তাকে এ ত্যাগ স্বীকার করতেই হবে।

কিন্তু প্রথমে ভেকে পড়লেও শেষ সময়ে আশ্চর্যভাবে শক্ত হয়ে উঠল ইকিছেনিয়া। সে বধন দেখল একিলিসের মত বীর তাকে বাঁচাবার ছব্ত ক্রমশই জেদ ধরছে এবং এ নিয়ে নিজেদের মধ্যে অশাস্তির সন্তাবনা রয়েছে তবন সে নিজেই বেদীমূলের পুরোহিতের বড়েগর সামনে গিয়ে দাঁড়িয়ে বলল, আমাকে বধন মরতেই হবে তবন আমি স্বেচ্ছায় এ প্রাণ বলি দিতে চাই। বে তার দেশমাতার বৃহত্তর স্বার্থ ও সন্মানের খাতিরে নিজের প্রাণবলি দিয়েছে এমন এক সর্বজনবন্দিতা নারীরূপে এক অক্ষয় সন্মানের আসনে চিরকাল অধিষ্ঠিত হয়ে থাকব আমি সমগ্র গ্রীকজাতির মধ্যে। উয়ের পতন আমার বিয়ের উৎসব হিসাবে চিহ্নিত হবে এবং এই পতনই আমার শ্বিতত্ত স্বচনা করবে।

আউলিস নামে সমুদ্রতীরবর্তী এক বিশাল প্রাস্তরে সমবেত হয়েছিল সমগ্র প্রীকবাহিনী। এখান থেকে রণজভিষান শুরু হবে তাদের। এখান থেকেই রণভরীগুলিতে গিয়ে উঠবে তারা। সেই প্রাস্তরের এক ধারে ছিল দেবী আর্তেমিসের বেদী। সেই বেদীর উপর পুরোহিতের শানিত থড়েগর নিচে গিয়ে নিজের ঘাড়টা শাস্তভাবে নিঃশঙ্ক চিত্তে বাড়িয়ে দিল ইফিজেনিয়া। এ দৃশ্ব দেখতে না পেরে ফুহাতে মুখ চাকল রাজা এ্যাগামেনন। মেনেলাসের চিত্তও বিচলিত হয়ে উঠল।

কিছ সহসা এক অভুত ও অপ্রত্যাশিত কাণ্ড ঘটে গেল। নির্তীক ইফিজেনিয়ার উপর প্রসন্ন হলেন দেবী আর্ডেমিস। তিনি তাকে অদৃশ্রভাবে তুলে নিয়ে গিয়ে তাঁর তরিসের মন্দিরে এক চিরকুমারী পূজারিণীক্রপে রেখে দিলেন।

এদিকে পুরোহিতের খড়েগর নিচে দাঁড়িরে থাকা ইন্দিজেনিয়ার পরিবর্তে দেখা গেল একটি মৃগশিশু দাঁড়িয়ে রয়েছে। তথন মৃগশিশুটিকে বেদীর উপরেই আগুন জেলে আছতি দেওয়া হলো। বজ্ঞায়ি নির্বাপিত হবার সঙ্গে সঙ্গেই বাতাস বইতে লাগল সমুদ্রে। উলসিত হয়ে আহাজে গিয়ে চাপল বীরেরা।

তবু কিছ শান্ত হলো না রাণী ক্লাইতেমেন্তার মন। কারণ সে জানতে পারল তার কলা প্রাণে বেঁচে গেলেও তার কাছে ফিরে জাসবে না কোনদিন। রাগের জাগুনে তার দেহের রক্ত ফুটতে লাগল টগবগ করে। সে একা চলে গেল রাজধানী মাইসেনা শহরের পথে। এদিকে জমুক্ল বাতাস পেরে উয়ের পথে এগিয়ে চলল রণতরীগুলো।

উয়নগরীর মাটি ছুঁতে না ছুঁতে আবার এক প্রাণবলির প্রয়োজনীয়ত। দেখা দিল। উয়ের উপকৃলভাগের দিকে জাহাজগুলো যখন এগিয়ে যাচ্ছিল একবোগে তখন সহসা এক দৈববাণী শুনে চমকে উঠল সকলে। এই মর্মে দৈববাণী হলো যে, প্রথম যে গ্রীক বীর বা সেনানী পা দেবে উয়ের মাটিতে ভার মৃত্যু ঘটবেই।

রণজরীগুলো কৃলে ভিড়লে কে প্রথমে নামবে, কে প্রথমে পা দেৰে টয়ের মাটিতে একথা বখন নীরবে ভাবছিল যত সব গ্রীকবীরেরা, তখন প্রোভেসিলাস নামে এক গ্রীকবীর জাহাজ খেকে একটা লাক দিয়ে টয়ের মাটিতে পদার্পণ করল। আর সঙ্গে সঙ্গে কোথা খেকে হেক্টরের ঘারা নিক্তিপ্র একটা বর্শা এসে বিদ্ধ করল ভার বৃক্টা।

এইভাবে গ্রীকরা যথন টুয়ের উপকৃলে নামল তথন তারা কিছ একথা ঘুণাক্ষরেও জানতে পারেনি আজ যে যুদ্ধ শুরু হলো, যে যুদ্ধে আজ তারা যোগদান করল এ যুদ্ধ চলবে দীর্ঘ দশ বছর ধরে।

সাইময় আর স্থামান্দার নামে ছটি নদী বেখানে সমুদ্রে গিয়ে মিলেছে ঠিক সেইখানেই উয়ের উপকৃলভাগে গ্রীকরা তাদের রণতরীগুলোকে নোঙর করল। সেইখানেই শিবির স্থাপন করল তারা। উয়ের ছর্গপ্রাকারের বাইরে বিশাল রণপ্রাস্তরের একদিকে গ্রীকদের শিবিরকে কেন্দ্র করে একটা নতুন শহর গড়ে উঠল। সাধারণ সেনারা তার্তে বাদ করলেও প্রতিটি বীর সেনার ভক্ত এক একটি কাঠ ও মাটি দিয়ে তৈরি ঘর নির্মাণ করতে হয়েছিল। গ্রীকশিবিরের সাক্ষানে একটা জারগা ফালা রাধা হয়েছিল। সেধানে নেতারা মাবে মাবে

আলোচনার মন্ত মিলিভ হত এবং মাঝে মাঝে পশু বলি দিও দেবতাদের উদ্দেশ্যে। লিবিরের প্রতিটি প্রাপ্ত ছিল এক একজন প্রখ্যাত বীরের বাসা। লিবিরের একপ্রাপ্তে ছিল একিলিস আর অন্ত স্ব প্রাপ্তগুলিডে ছিল এ্যাগামেনন, ওডেসিয়াস, মেনেলাস, ভাওমীড, নেস্টার ও অক্তান্ত বীর-পুরুবেরা।

উন্নত্র্গ আর গ্রীকনিবিরের মাঝখানে ছিল বিশাল প্রান্তর। উন্ননগরীর সব সৈক্ত একঘোগে কখনো বেরিয়ে আসত না। প্রতিদিন এক একটি সেনাবাহিনী এক একজন বীরের অধীনে তুর্গরার দিয়ে বেরিয়ে এসে গ্রীকদের আহ্বান করত। তখন একটি গ্রীকসেনাদলও তাদের আহ্বানে সাড়া দিয়ে এগিয়ে যেত। এইভাবে তুই পক্ষের তৃটি বাহিনীতে যখন যুদ্ধ চলত তখন বাকি সৈক্তরা চিংকার করে উৎসাহ দিত আপন আপন পক্ষের যুদ্ধরত সৈক্তদের। কোনদিন এ পক্ষ কোনদিন ও পক্ষ অয়লাভ করত। কিন্তু যুদ্ধের যেন শেষ ছিল না। গ্রীকরা কোনক্রমেই চুকতে পারল না ত্রেভ ট্রত্রের ভিতরে।

কিন্তু ট্রয়নগরীতে চ্কতে না পারলেও গ্রীকসেনারা তাদের শিবিরের চার পাশের গ্রামাঞ্চলে গিয়ে লুঠনকার্য চালিয়ে যেত মাঝে মাঝে। বিভিন্ন গ্রাম থেকে তারা অনেক ধনসম্পদ লুঠন করে নিয়ে আসত যুদ্ধে গ্রামবাসীদের পরাস্ত করে।

একবার এইরকম এক যুদ্ধে জিতে গ্রীকরা ক্রাইসেইস নামে একটি স্থলরী মেয়েকে বন্দিনী করে আনে। ক্রাইসেইস ছিল ক্রাইসেস নামে এ্যাপোলোর এক পুরোহিতের কলা। বন্দিনী ক্রাইসেইস এ্যাপামেননের ভাগে পড়ে। ক্রাইসেইসের বৃদ্ধ পিতা টাকা বা ধনরত্ব দিয়ে ভার কলাকে ছাড়িয়ে নিরে যেতে আসে। কিন্তু এ্যাপামেনন তাকে শক্ত কথা বলে তাড়িয়ে দেয়।

ক্রাইসেস যাবার সময় তার উপাস্ত দেবতাকে কাতর প্রার্থনার সচ্ছে আনায় তিনি বেন অহঙ্কারী এ্যাগামেননের উপর চরম প্রতিশোধ নেন।

দেবতা হয়ত ক্রাইসেসের কথা শুনেছিলেন। কিছুদিনের মধ্যে প্রীক্ষ দিবিরে শুরু হলো এক ভাষণ মহামারী। কয়েক দিন কেটে থাবার পর গ্রীকবীরেরা পরামর্শ করে রাজজ্যোতিষী ক্যালচাসকে ডেকে পাঠাল। এই মহামারীর কারণ কি, কিভাবেই বা তার অবসান ঘটানো যাবে। ক্যালচাস এর কারণ জানত। কিন্তু এগগামেননের ভরে সে কথা বলতে প্রথমে রাজী হলো না। অবশেষে একিলিস তাকে আখাস দিলে সে সব কিছু বলল। আরও বলল, ক্রাইসেইসকে তার পিতা দেবপুরোহিত ক্রাইসেসের হাতে প্রত্যর্পণ না করে তাকে অপমান করে ডাড়িয়ে দেওয়ার জন্ত দেবভারা কট হয়েছেন। তার জন্ত এই মহামারী। স্তরাং অবিলম্বে ক্রাইসেসকে ভার পিতার হাতে প্রভার্পণ করতে হবে।

একণা ভনে ভীষণভাবে রেপে পেল এরাগামেনন। কারণ সে এরই বিদ্বার বিদ্বিনী ক্রাইসেইসকে ভালবাসতে ভক্ত করে দিয়েছে গভীরভাবে। এমন সময় একিলিগও দাবি আনাভে লাগল ক্রাইসেইসের উপর। কিছ ভার লাবি কেউ সমর্থন করল না। এরাগামেনন বলল সে ক্রাইসেইসকে ভার পিভার হাতে তুলে দেবে, কিছ ভার বিনিময়ে ব্রিসেইস নামে যে বন্দিনী কুমারীকে একিলিসকে দান করা হয়েছে তাকে ভার হাতে তুলে দিতে হবে। রাজার এই স্বার্থপর দাবির বিশ্বছে তীব্র প্রতিবাদ জানাল একিলিস। রাজা এরাগামেননের উপর সে এত রেগে গিয়েছিল যে সে ভার তরবারি কোষমুক্ত করার জন্ত হাত বাড়াল। তখন দেবী এখেন অদৃশ্র অবস্থায় ভার সামনে এসে তাকে লাস্ত করলেন কোন রকমে। তিনি তাকে বললেন, ভূমি এখন লাস্ত হয়ে সব কিছু মেনে নাও। পরে তুমি এর ফল পাবে। দেবী এখেনের এ কথা মেনে নিয়ে তখনকার মত তার অস্তরন্ধ বন্ধু প্রাট্রোক্লাসকে নিয়ে তার ঘরের মধ্যে চলে গেল একিলিস। স্বাপেক্ষা বয়োপ্রবীণ নেতানেস্টারও ভাদের আনেক করে বোঝালো।

এ্যাগামেনন তার বন্দিনী ক্রাইসেইসকে মৃক্ত করে দিলে তাকে তার পিতার কাছে পাঠিয়ে দেওয়া হলো। সেই সঙ্গে একিলিসের কাছ থেকে তার ৰন্দিনী ব্রিসেইসকে নিয়ে এসে রাজা এ্যাগামেননকে দান করা হলো।

আশান্ত একিলিস তথন মনের ঘৃংথে কাঁদতে লাগল তার ঘরে। সে তার মা অলদেবী ধেটিসকে স্মরণ করল এ ঘৃংথের প্রতিকারের আশায়। সমুদ্রগর্ভ থেকে একরাল কুয়াশার রূপ ধরে থেটিস এসে সান্ত্রনা দিতে লাগলেন তাঁর পুত্রকে। তিনিও অঞ্চ বিসর্জন করতে লাগলেন তাঁর পুত্রের ঘৃংথে। একিলিস ভার মাকে বলল, তুমি এখনি স্বর্গলোকে গিয়ে জিয়াসকে বলে এমন একটা কিছু করে। যাতে গ্রীকরা সমূহ ক্ষতির সম্থীন হয় এবং তারা ব্রুতে পারে কী অলার তারা করেছে।

খেটিস বললেন, দেবরাজ জিয়াস এখন ইথিওপিয়ার এক ভোজসভার বোগদান করতে গেছেন। বারো দিন পর তিনি অলিম্পাসে ফিরবেন। ভিনি ফিরলেই আমি তাঁকে বলে কিছু একটা করব। এই বলে চলে গেলেন খেটিস।

দেবরাজ জিয়াস অলিম্পাসে ফেরার সঙ্গে সঙ্গে তাঁকে গিয়ে ধরলেন থেটিস। তাঁর হাঁটু ধরে কাতর মিনতি জানাতে লাগলেন বারবার, তাঁর পুজের জন্ত কিছু একটা করতেই হবে। কিন্ত টুয়নগরীর পতনের জন্ত বিশেষ-ভাবে আগ্রহী ছিলেন দেবরাজ জিয়াস, তাই প্রথমে তিনি সরাসরি আত্যাধ্যান করলেন থেটিসের প্রার্থনা। তাছাড়া তাঁর পত্নী হেরাও টুয়ের-প্রভন চান। হেরা যধন দেখলেন থেটিস জিয়াসের কাছে কি একটা প্রার্থনা আনিয়ে চলে গেল তথন তাঁর হামীকে জিজ্ঞাসা করলেন কি বর তিনিস্ · (पंडिंगरक निरमन । विज्ञान जांद्र केंद्रस्त किंद्रूरे वमरमन ना।

সে রাজিতে শ্বর্গলোকে সব দেবজারা নিজামগ্ন হরে পড়লে একা জেপে জেপে ভাবতে লাগলেন দেবরাজ জিরাস। তিনি সরাসরি গ্রীকদের বিরোধিতা নীতিগতভাবে না করতে পারলেও কিছু একটা করতে হবে। কারণ থেটিসকে কথা দিয়েছেন তিনি। জনেক ভাবার পর তিনি এক মিখ্যা শ্বপ্ন পাঠিয়ে দিলেন এ্যাগামেননের মনে। এক ভরম্বর শ্বপ্ন দেবে চমকে উঠল এ্যাগামেনন। তার মনে এই বিশাল আগল বে এ বৃদ্ধে কোন শ্বকল ফলবে না। শ্বভরাং এই নিশ্বল যুদ্ধে বৃধা লোকক্ষয় না করে দেশে ফিরে যাওয়াই ভাল।

ঘুম খেকে উঠেই সে গ্রীকসেনানায়কদের এক পরামর্শসভা ভাকল। সে সব বৃধিয়ে বললে ভার কথা সবাই মেনে নিল। ভখন দেশে কেরার জন্ত উদ্গ্রীব হয়ে উঠল সবাই এবং আপন আপন সেনাবাহিনীকে শিবির ছেড়ে জাহাজে গিয়ে ওঠার জন্ত আদেশ জারি করল।

স্বৰ্গ থেকে গ্ৰীকদের এই পশ্চাদ্ধাবনের ব্যাপারটা লক্ষ্য করে বিত্রভ ৰোধ করলেন হেরা। গ্রীকদের এই আকম্মিক পশ্চাদ্ধাবন প্রতিনিবৃত্ত করার আছ ভৎক্ষণাং প্যালাস এথেনকে মর্ভ্যে পাঠিয়ে দিলেন। প্যালাস <mark>এথেন এসে যুদ্</mark>ধে পুনরায় নৃতন উভ্তমে যোগদান করার জন্ম উত্তেজিত করতে লাগলেন গ্রীকদের। তিনি এসেই দেখলেন গ্রীকবীরদের মধ্যে একমাত্র ওডেসিয়াস তার সংকরে ষ্টল হয়ে দাঁড়িয়ে আছে। ইয়ের পতন না ঘটিয়ে কিছুতেই দেশে ফিরবে না সে। কিন্তু এগাগামেনন তথনো শাস্ত হলো না। সে তথন সৈক্তালনার সব ভার ওড়েসিয়াসের হাতে তুলে দিয়ে তার রাজদওটিও ওছেসিয়াসের হাতে দান করল। ওডেসিয়াস তখন রেগে গিয়ে সেই ভারী দণ্ডটি পিঠে **কুঁজ**ওয়ালা পারদাইটেদের ঘাড়ের উপর চাপিয়ে দিয়ে **গ্রীকদেনানায়কদের** উদ্দেশ্যে আবেণের সঙ্গে এক উত্তেজনাময় ভাষণ দিল। জয়ের **আশায়** উদীপিত করে তুলল তাদের মুখ্যান অন্তরতে। জ্ঞানবৃদ্ধ নেস্টারও তাদের **উবৃদ্ধ** করার জ্বন্ত এক ভাষণ দান করল। অবশেষে নিজের ভূল**ব্রডে** পেরে প্রতিনিবৃত্ত হলে। রাজ। এগাগামেনন। মধ্যাহ্ন ভোজনের পাল। শেষ করে যুদ্ধে অবতীর্ণ হবার জন্ম আদেশ দিল সকলকে। দেবভাদের কাছ থেকে দ্বপা ও অনুগ্রহ প্রার্থনা করে কিছু পশুবলিও দেওয়া হলো।

সেদিনের যুদ্ধের জন্ত উন্নংসনারাও তুর্গ থেকে বেরিয়ে এল দলবছভাবে। তু পক্ষের তৃটি বিশাল বাহিনী মুখোমুখি এনে দাড়াল রণপ্রান্তরে। উন্নবাহিনীর নেতৃত্ব করার জন্ত সেদিন প্যারিস এল এগিয়ে। তার বীরত্বের চিহুত্বরূপ তার গায়ের উপর চাপানো ছিল সিংহের চামড়া। সে তার বাহিনীর সামনে ক্ষাভিয়ে সর্বপ্রেষ্ঠ গ্রীকবীরকে আহ্বান জানাল তার সঙ্গে যুদ্ধ করার জ্ঞা।

প্যারিসের কথা শোনার সঙ্গে সঙ্গে গ্রীকলের পক্ষ থেকে এলিয়ে ধেন

মেনেলাস। কিছু মেনেলাসকে গ্রীকবাহিনীর সামনের সারিতে দেখার সক্ষেত্র করেল পারিস। বে নিরীহ নির্দোধ মেনেলাসের সক্ষে বিধাবভাতকতা করে তার শ্রীকে ভূলিরে এনেছে তাকেদেখার সক্ষে বিধাবভাতকতা করে তার শ্রীকে ভূলিরে এনেছে তাকেদেখার সক্ষে সক্ষেত্র পার্থিত হরে এল তার সমস্ত সমরোভাম। সে মুখ লুকিয়ে তার সেনাবাহিনীর শিছনে চলে যাচ্ছিল চোরের মতন। এমন সময় বীর হেক্টর এসে তীক্ষ্ণভাষায় তৎ সনা করতে লাগল তাকে। বলল, দেহটা তোমার স্থলর হলেও মনটা তোমার হীন কাপুক্ষোচিত। সামান্ত এক নারীর সৌন্দর্থে মোহমুগ্ধ হরে যে যুদ্ধের অবতারণা করেছ তুমি সে যুদ্ধে তুমিই পিছিয়ে যাচ্ছ কাপুক্ষের মত। ধিক তোমার!

হেক্টরের কথা ভনে চৈত্ত কিরে পেল প্যারিল। সে বলল, অযথা লোকক্ষের কোন প্রয়োজন নেই। আমি আর মেনেলাস তুজনে এক প্রত্যক্ষ সংগ্রামে অবতীর্ণ হব। আমাদের জয় পরালয়ের মাধ্যমেই নির্ণীত হবে বুজের জয় পরালয়। বড় জোর ছই পক্ষের নির্বাচিত বীরেরা একে একে এক বৈত সংগ্রামে প্রবৃত্ত হবে। তাহলে বেশী লোকক্ষয় হবে না।

এ কথার রাজী হলো তুপক। ভাগ্যপরীকার ঘারা ঠিক হলো প্যারিস প্রথমে বর্শা ছুঁড়ে যুদ্ধ শুদ্ধ করবে মেনেলাসের সঙ্গে। তুপক্ষই প্রস্তুত হরে দাঁড়াল। উয়ের ফুর্গপ্রাকারে বলে সব কিছু দেখতে লাগলেন বৃদ্ধ রাজ্য প্রিয়াম। তাঁর কেবলি মনে হচ্ছিল এ যুদ্ধে অবশ্বই নিহত হবে তাঁর প্রিয় পুত্র প্যারিস। হেলেনও তাঁর পালে বলে গ্রীকবীরদের পরিচয় দান করতে লাগল প্রিয়ামকে। দীর্ঘ দিন পর তার প্রথম স্বামী মেনেলাসকে রণসাজে সজ্জিত দেখে তার প্রতি আবার নতুন করে জেগে উঠল তার হারানো ভালবাসা।

প্যারিস প্রথমে যে বর্গার্ট ছুঁড়ল তা কারো গারে লাগল না। এরপর মেনেলাসের পালা। মেনেলাস এত জোরে তার বর্ণার্ট ছুঁড়ল যে তাঃ প্যারিসের হাতে ধরা চাল ডেদ করে তার বর্মটিকে ভীষণভাবে আঘাত করল। প্যারিস তার আঘাতে টলতে লাগল। এমন সময় উন্মৃক্ত তরবারি হাতে ভার দিকে ছুটে এল মেনেলাস। তাকে হাত দিয়ে ধরতে যেতেই প্যারিসেরঃ সাশার শিরস্তাগটি পড়ে গেল। গ্রীকরা জয়োলাসে ফেটে পড়ল।

আর একটু হলেই প্যারিসকে হাতে ধরে গ্রীকশিবিরমধ্যে টেনে নিরে বৈত মেনেলাস। কিন্তু দেবী এগাক্রোদিতে এসে হঠাৎ এক কুত্রিম মেঘাবরণ স্ষষ্টি করে প্যারিসকে অদৃশু করে দিলেন। অদৃশু অবহার তাকে রাজপ্রাসাদে ভার শরনকক্ষে নিয়ে গেলেন দেবী এগাক্রোদিতে। হেলেনকেও তার ব্রক্তে: এমে তার সেবার নিযুক্ত করলেন।

রণে ভক্ দিয়ে প্যারিদ অকন্মাৎ পালিরে যেতেই জ্ঞান্তর দাবি করছে। লাগল গ্রীকরা। ভারা বলল, প্যারিদ স্পষ্টতঃ হেরে গেছে মেনেলাদের কাছে। अवः गातिरमत भवासक मार्य देववागीरमत भवासक।

যুদ্ধের জন্ন পরাজন্ন নির্পন্ন নিরে বখন তুপক্ষের মধ্যে বাপবিভঙা চলছিল ভখন অর্গলোকে এক সভা বসল দেবভাদের মধ্যে। জিরাস এই মর্থে তাঁর মন্ত প্রকাশ করলেন বে উন্ন জবরোধকারী গ্রীকদের হাতে হেলেনকে সমর্পশকরা হোক। হেরা কিন্ত এত সহজে উন্নযুদ্ধের অবসান ঘটাতে চাইলেন না। তিনি চান উন্নগরীর নিঃশেষিত পতন আর পরিপূর্ণ ধ্বংস। ভাই তিনি দীর্ঘান্নিত করতে চাইছিলেন এ যুদ্ধকে। হেরা ভাই তাঁর উদ্দেশ্সসিদ্ধির জন্ত প্যালাস এখেনকে আধার পাঠালেন।

অবশেষে হেরার মনোবাঞ্ছাই পূর্ণ হলো। উন্নরাসীরা তাদের পরাজন্ধ মেনে নিল না। উপরস্ক সহসা একটা তীর এসে মেনেলাসের গায়ে লাগায় তার গা থেকে রক্ত ঝরতে লাগল। তা দেখে রাগে আগুন হয়ে উঠল রাজা এয়াগামেনন। নৃতন উভয়ে যুদ্ধ শুক করল অবার হৃপক।

এবার প্রীক্বাহিনীর নায়ক হলো ডাওমীড। প্যালাস এথেন তাকে উত্তেজিত করে বললেন, তুমি হছু এমনই শক্তিধর বীর যার কাজ অন্য কোন বীর সম্পন্ন করতে পারে না। যে পাধর তুমি একা তুলতে পার তা ছজন বীর তুলতে পারবে না। ডাওমীড তখন সত্যি সত্যিই একটি বড় পাধর টুয়বীর ঈনিসকে লক্ষ্য করে ছুঁড়ল। পাধর ঈনিসকে এমন জোরে আঘাড করল যে সে পড়ে গেল। দেবী এ্যাক্রোদিতে তখন তার সাহাব্যে এগিয়ে না এলে তখনি মৃত্যু ঘটত তার। এ্যাক্রোদিতে তার আঁচলের মধ্যে ঢেকে রাধলেন তার পুত্র ঈনিসকে।

এমন সময় ঈনিস দেখতে পেল দেবদত্ত তার রবের ঘোড়াগুলিকে গ্রীকরা নিয়ে যাছে। তথন সে তার মাকে একথা বলতেই দেবী এ্যাফ্রোদিতে সেগুলি আনার জন্য গ্রীকদের পিছু পিছু ছুটে গেল। কিন্তু ভাওমীত একটি তীরের আঘাতে নিবৃত্ত করল দেবীকে। তীরের আঘাত ছাড়াও বাক্যবাণে জর্জরিত করল লে দেবীকে। বলল, হে প্রেম ও কামের অধিষ্ঠাত্তী দেবী, মাহ্রুষকে ছলনার ঘারা মোহ্মুফ্ক করাই তোমার কাজ। যুদ্ধকেত্র তোমার বোগ্য স্থান নয়। বীরদের অস্ত্রবংকারে কেঁপে উঠবে তোমার কুকুমকোমল অন্তর।

এ্যাক্রোদিতে তথন সভিত্য সভিত্যই লক্ষা পেলেন। তিনি তথন তাঁর পুজের জীবনরকার ভার এ্যাপোলোর হাতে দিয়ে রণদেবতা এ্যারেসের রথে চড়ে অনিস্পানে চলে গেলেন। এ্যারেসও ট্রয়ের পক্ষে যুদ্ধে অবতীর্ণ হরে সেদিন এক তীব্র আঘাত পান।

দেবসরাজী হেরাও অনৃত্ত অবস্থার নেমে আসেন এ যুদ্ধ। প্যালাল এখন অনৃত্তভাবে ডাওমীডের রথের সারশিরণে কাজ করতে থাকেন। তিনি থাকেন একরাশ অস্কলারের রূপ ধরে। তাবে স্বয়ং রপুদ্ধেরতা এয়ারেক বরণার আর্তনাদ করতে করতে যুদ্ধকেত্র ছেড়ে অলিম্পাসে পালিরে বেতেই দেবীরাও ভর পেরে গেলেন।

এরপর ডাওমীডের সলে যুদ্ধ হলো লাইনিয়ার রাজা প্রকাদের সলে।
কিন্ত তারা যথন ব্রতে পারল তাদের পিতাদের মধ্যে বরুছ ছিল তথন তারা
আর পরস্পরের রক্তক্ষ করতে চাইল না। এরপর যুদ্ধে অবতীর্থ হলো
ত্যীকবীর এয়াজাক্স।

বীর ভাওমীভ আর এ্যাক্সাক্সের বীরত্ব নিজের চোধে দেখে চিস্তিত হরে পড়ল হেক্টর। সে রাজপ্রাপাদে গিয়ে তার মা হেক্বাকে প্যাপাদের মন্ধিরে গিয়ে পুজো দিতে বলল। বলল, তোমরা গিয়ে দেবীর কাছে গিয়ে প্রার্থনা করো। তিনি যেন ভাওমীভ আর এ্যাক্সাক্সের বীরত্বের বেগ প্রাশমিত করে বাখেন।

মাকে একথা বলার পর হেক্টর এগিয়ে গেল প্যারিসের কক্ষের দিকে। কারণ সে লক্ষ্য করেছিল যুদ্ধেক্ষেত্র থেকে তথন পালিয়ে আসার পর আর সে ক্ষিরে যায়নি সেথানে। হেক্টর দেখল তার ঘরে হেলেন ও তার সহচরীদের মধ্যে অলসভাবে বসে অস্ত্র নিয়ে থেলা করছে প্যারিস।

প্যারিসের এই আলতা আর যুদ্ধবিম্থতা দেখে রাগে কাঁপতে লাপন

তেক্টর। চিৎকার করে বলল, তোমার জন্ম থখন অসংখ্য বীর যুদ্ধে প্রাণবলি

দিচ্ছে, তুমি তখন রমণীদের সঙ্গে আরাম কক্ষে বসে খেলা করছ। ধিক, শত

ধিক তোমাকে।

হেক্টরের কথার প্যারিস ও হেলেন ত্জনেই লচ্ছিত হলো। আবার বাণাজে লচ্ছিত হলো প্যারিস। এদিকে সেধানে আর না দাঁড়িরে হেক্টর চলে গেল তার স্ত্রী এয়াণ্ড্রোমেকের সলে শেষবারের মত দেখা করার জন্ম।

হেক্টর দেখল তার স্ত্রী এনাণ্ডোমেক তার ঘরে নেই। সে তার সহচরীদের সক্তে প্রাসাদশীর্ধে গিয়ে সেধান খেকে যুদ্ধের গভিপ্রকৃতি দেখছে। তার পাশে এক ধাত্রীর কোলে ছিল তার শিশুপুত্র এনাসটায়াক্সর।

হেক্টর ডেকে পাঠাতেই এরাণ্ড্রোমেক তার কাছে এল। এসেই তাকে অহরোধ করল লে বেন আজ্মুদ্দে না যায়। যুদ্দে না গিয়ে বরং লে যেন নগরীর ডিভরে থেকে নগর রক্ষার কাক্ষ করে।

কিন্ত হেক্টর বলল, তা হয় না প্রিয়ে! জ্যেষ্ঠ লাতারণে যুদ্ধে সধার্থে আমার বাওয়াই উচিত। কর্তবার খাতিরে একাজ আমায় করতেই হবে। আমি ভোমাকে ভালবাসি ঠিক, কিন্ত দেশের সম্মানকে আমি আরও বেশী ভালবাসি।

এইভাবে ভয়ক্তর এক বিপদের আভাস বুকে নিয়ে ভারাক্রান্ত হৃদত্তে বিশায় নিল হেক্টর। ভার কেবলি মনে হতে লাগল হয়ত ভার এ যুক্তে মৃত্যু ঘটবে এবং ট্রের ধ্বংসের পর ভারজীপুত্তকে দাসত্ব করতে হবে ভবিশ্বতে। হেক্টর বর্ম পরে রণসাজে সজ্জিত হয়ে চলে গেলে এয়াণ্ড্রোমেক তার সহচরীদের নিয়ে অন্তঃপুরে চলে গেল।

হেক্টর ও প্যারিদ ছজ্জনে পিয়ে একসলে যুদ্ধক্তে অবতীর্ণ হতেই ছুপক্ষই যেন এক নৃতনতর উভামে সঞ্জীবিত হয়ে উঠল। হেক্টর বলল, চলে এস তোমাদের মধ্যে সবচেয়ে বড় বীর কে আছে।

হেক্টরের কথা শুনে মেনেলাস এগিরে আসছিল। কিছ এয়াগামেনন ভাকে নিবৃত্ত করল। সে ভাবল হেক্টরের মত অতুলনীয় বীরের সঙ্গে মেনেলাসের যুদ্ধ করতে যাওয়া ঠিক হবে না। ভাদের কুঠ ও দ্বিধার জ্ঞান্ত নেস্টার ভাদের ভংগনা করল। অবশেষে পারিসের সঙ্গে যুদ্ধ করার ভার পড়ল বীর এয়াজাজ্মের উপর।

প্রথমে বর্শা আর তীর নিয়ে দীর্ঘকণ ধরে যুদ্ধ চলল প্যারিস আর এয়ালাক্সের মধ্যে। তার পর দেখতে দেখতে তৃজনের অস্ত্রই যথন তীক্ষতা হারিয়ে ভোঁতা হয়ে উঠল তথন তারা বড় বড় পাথর নিয়ে আক্রমণ করল পরস্পরকে। কিন্তু এই দ্বৈত যুক্তের জয় পরাজয় নির্ণীত হবার আগে সন্ধ্যা ঘন হয়ে উঠল। তথন যুদ্ধের নীতি অনুসারে তারা যুদ্ধ থামিয়ে পরস্পরকে অভিনন্দন জানিয়ে আপন আপন শিবিরে চলে গেল।

সেরাজিতে কোন পক্ষের শিবিরে কেউ বিশ্রাম করল না। কারণ দেদিন এই মর্মে এক চুক্তি হয় যে রাজির অন্ধকারে উভয় পক্ষে মৃত দৈনিকদের সংকার করা হবে। তাদের মৃতদেহ ভদ্মীভূত অথবা সমাধিষ্ট করা হবে। তাই সারা রাজি ধরে এই নিয়ে ব্যস্ত হয়ে রইল উভয় দলের দৈলারা। গ্রীকরা তাদের শিবিরের চারদিকে এক প্রাচীর নির্মাণ করে রাভারাতি। ওদিকে উয়বাসীরা তাদের ক্ষয়ক্ষতির কথা ভেবে হেলেনকে ফিরিয়ে দেবার উদ্দেশ্যে এক পরামর্শসভার আয়োজন করল। তারা বলাবলি করতে লাগল হেলেনকে গ্রীকদের হাতে প্রত্যর্পণ করলেই সমস্ত অবরোধ থেকে মৃক্ত হবে তাদের রাজধানী। যুদ্ধের বিভীষিকা থেকে মৃক্ত হবে সারা দেশ।

কিন্তু পণারিস বলল, সে হেলেনকে ছাড়বে না, তার বদলে স্পার্টা থেকে জানা সমস্ত ধনসম্পদ ফিরিয়ে দেবে। রাজা প্রিয়াম তথ**ক এই কথা জানি**য়ে এক দৃতকে পাঠালেন গ্রীকশিবিরে।

কিন্তু প্রীকরা রাজী হলো না এ প্রস্তাবে। তার। বলল পণারিস হেলেনকে তাদের হাতে প্রত্যপণি না করলে কোন সন্ধি হবে না। এমন সময় কয়েকটি মদের জাহাজ তাদের দেশ থেকে গ্রীকশিবিরে এসে পৌছানোর ফলে তাদের সমরোগ্রম আবার বেড়ে গেল।

এদিকে স্বর্গলোকেও এক সভা বসল দেবতাদের মধ্যে। দেবরাজ পুরাণ—> জিয়াস দেবতাদের কোন না কোন পক্ষে যোগ দিয়ে কাজ করার জন্ম আদেশ দান করলেন। কিন্তু থেটিসের কাছে তার প্রদন্ত প্রতিশ্রভির খাতিরে জিয়াস স্বয়ং গ্রীকদের বিরুদ্ধে অপ্রিয় হয়ে উঠলেন। রাত্তির অবসান হওয়ার সক্ষে এক বজনক্ষেপের মাধ্যমে এক অগুভ সংকেত দান করলেন তিনি গ্রীকদের।

সভা সভিত্ত দেখা গেল বারো দিন ধরে গ্রীকরা প্রচুর বীরত্বের সলে যুদ্ধ করেও কিছু করতে পারল না। অনেক গ্রীক সৈন্ত প্রাণ দিয়েও উন্তর্গাদের রণক্ষেত্র থেকে হটাতে পারল না। স্কৃতরাং সেদিনকার যুদ্ধে উন্তর্গাদেরই বিজয়ী মনে হলো।

তা দেখে হৃংথে মৃহ্যমান হয়ে উঠল রাজা এগাগামেনন। বিষয় অস্তরে দৃত পাঠিয়ে সমস্ত গ্রীক দেনানায়কদের ডেকে পাঠাল তার শিবিরে। নতুন করে তুলল পশ্চাদ্ধাবনের কথাটা। বলল, যুদ্ধ করে কোন লাভ নেই। দেবতারা স্বয়ং যথন উয়দের পক্ষ অবলম্বন করে যুদ্ধে অবতীর্ণ হয়েছেন তথন আমাদের পক্ষে এ যুদ্ধে জয়লাভ কোনক্রমেই সম্ভব নয়। অতএব আর লোকক্ষয় না করে যুদ্ধে ভঙ্গ দিয়ে দেশে কিরে যাওয়াই যুক্তিসক্ষত।

সকলে এটাগামেননের কথা নীরবে শুনল। কিন্তু কেউ কোন কথা বলল না। অবশেষে ডাগুমীড বলল, কেউ না করে, সে একা শেষ পর্যন্ত যুদ্ধ করে যাবে ট্রের পত্ন না হওয়া পর্যন্ত। মেনেলাগণ্ড ডাগুমীডকে সমর্থন করে বলল সেও ডাগুমীডের সঙ্গে যুদ্ধ করে যাবে। বৃদ্ধ নেস্টার তথন এটাগামেননকে তার মুথের সামনে ধিকার দিয়ে বলল, শুধু তার জন্তই আজ গ্রীকরা এই শোচনীয় পরাজয়ের সমুখীন। তার জন্ত আজ একিলিসের মত অসমসাহসিক ও অপ্রতিদ্বী বীর অলস অকর্মন্ত হয়ে বসে আছে।

সব কথা ভানে অন্তপ্ত হয়ে উঠল রাজা এাগামেননের অন্তর। সে নিজের দোষ স্পষ্ট ভাষায় স্বীকার করে তার ক্ষতিপূরণের জন্ম প্রস্তুত হয়ে উঠল। সে বলল, সে ক্ষতিপূরণে প্রস্তুত আছে। সে আরও বলল, সে এই মৃহুর্তে দৃত পাঠাবে একিলিসের শিবিরে। বহু উপঢৌকনসহ শাস্তির প্রস্তাব পাঠাবে তার কাছে। একিলিসকে সে উপহারস্বরূপ দেবে দশটি স্বর্ণমূলা, কুড়িটি সোক্ষার ফুলদানি, সাভটি পানপাত্র আর বারোটি অতুলনীয় ক্ষত্রগামী অস্থা। তাছাড়া একিলিসের প্রিস্তুত্মা বন্দিনী বিসেইসকে ভার হাতে ফিরিয়ে দেবে। বিসেইসের সঙ্গে যাবে সাভটি স্বন্দরী বন্দিনী। ভার উপর ট্রয় থেকে যে স্বন্দরী নারীরা বন্দিনী হয়েছে ভাদের থেকে কুড়ি জনকে সে বেছে নিতে পারবে। এরপর যুদ্ধ শেষে দেশে ফিরে ভার কল্পাদের এক-জনকে বিয়ে করতে পারবে এবং সে বিয়ের যৌতুক্ষরণ সাভটি নগর সে দান করবে একিলিসকে। এত কিছু দান ও উপহারের বিনিম্নে একিলিসকে।

উপস্থিত সকলের হয়ে নেন্টার সন্ধতি জ্ঞানাল রাজা এয়াগামেননের প্রস্থাবে। ঠিক হলো এয়াগামেননের প্রস্তাবিত উপঢৌ চনগুলি তিনজন বীর একিলিসের কাছে বহন করে নিয়ে যাবে গ্রীক শিবির থেকে।

তারা হলো বীর ওডেসিয়াস, এ্যাজাক্স আর ফোনিক্স। একিলিসের যৌবনকালে ফোনিক্স ছিল তার গৃহনিক্ষক। তৃত্তন প্রহরী গেল তাদের সব্দে। কিছুট। বেলাভূমির উপর দিয়ে গিয়ে গ্রীকলিবিরের শেষপ্রান্তে গিয়ে হাজির হলো তারা। ভারা একিলিসের নিজস্ব লিবিরে গিয়ে দেখল তার অন্তরক্ষ বন্ধুকে বীণা বাজিয়ে পোনাচ্ছে একিলিস। দৈনন্দিন টুয়যুদ্ধের কোন টেউএর আঘাত একট্ও বিচলিত করে তৃলতে পারেনি ভার শান্তনির্জন জীবন্যাত্রাকে।

গ্রীকরীরেরা একিলিসের সঙ্গে দেখা করার নাঙ্গে সঙ্গে বীণা কেলে উঠে দাঁড়াল একিলিস। সঙ্গে সঙ্গে খাগ্য ও পানীয়ের ব্যবস্থা দরল অভিথিদের জন্ম। বলল আগে তারা খাগ্য পানীয় গ্রহণ না করলে সে কোন কথা ওনবে না ভাদের।

ভোজনপর্ব শেষ হয়ে গেলে ওডেসিয়াস একিলিসের স্বাস্থ্য পান করে তাদের আসার কারণ বলল। বলল তার নিজের ব্যবহারে নিজেই অমৃতপ্ত হয়েছে রাজা এগাগামেনন। তার অমৃতাপের নিদর্শনম্বরূপ এই সব উপঢৌকন পাঠিয়েছে বীর একিলিসের কাছে।

ওডেসিয়াসের সব কথা মন দিয়ে শুনল একিলিস। কিন্তু রাজা এলাগামেননের প্রতি পুরনো রাগটা কিছুমাত্র প্রশমিত হলে। না তার। ওডেসিয়াসের কথার উত্তরে সে তার উপর এলাগামেনন যে অক্সায় ও অবিচার করেছে তার পুনক্ষক্তি করল। তারপর বলল, কামিনী কাঞ্চন লাভই যদি তার এখানে আসার উদ্দেশ্য হত তাহলে তা নিক্ষের চেষ্টাতেই লাভ করতে পারত সে। স্থভরাং এ সবে কোন প্রয়োজন নেই তার।

ওডেসিয়াস বলল, হেক্টর আফালন করে বলছে গ্রীক শিবিরে তার সমকক কোন বীর নেই। একিলিস বলল, কেন, তোমাদের শিবিরের ধারে প্রাচীর তুলে হেক্টরের আক্রমণ থেকে রক্ষা করো নিজেদের। এই বলে এগগামেননের পাঠানো সব উপহার ও উপঢ়োকন প্র জাব্যান করল একিলিস। বলল, এসবে আমার কোন প্রয়োজন নেই। এমন কি কোনিক্সের অপ্রোধেও কান দিল না। তবে একিলিসের প্রভ্যাখানের মধ্যে কোন রুত্তা ছিল না। সৌজন্তের বিন্দুমাত্র অভাব ছিল না তার আচরণে। সে শাস্ত ও মিষ্টি কথায় সকলের সব অন্থরোধ প্রভ্যাখ্যান করল। তাদের যাবার আগে একপাত্র করে মদ পান করাল।

অবশেষে ব্যর্থ হয়ে ভগ্ন হালয়ে ফিরে গেল গ্রীকরীরেরা। গিরে প্রথমে রাজা এটাগামেননকে বলল একিলিগ তার উপরে এখনে। দারুণ রেগে আছে। একিলিসের কাছে তাদের দৌত্যকার্য নিক্ষল হয়েছে শুনে ভীত হয়ে উঠল গ্রীকরা। একমাত্র ডাওমীত একটুও ভয় পেল না। বরং সে হেক্টরের প্রতিষ্দীরূপে যুদ্ধ করার জন্ত প্রস্তুত হয়ে উঠল। প্রভূত উৎসাহ দেখাতে লাগল এ যুদ্ধের জন্তু।

যাই হোক, সে রাজিতে নিশ্চিন্তে ঘুমোতে পারল না রাজা এরাগামেনন। অশাস্ত চিত্তে বিভিন্ন নেতার সঙ্গে পরামর্শ করে বেড়াতে লাগল। একিলিস এ যুদ্ধে যোগদান না করায় দিনে দিনে ভয় তার বেড়ে যাচ্ছিল। সে বেশ বুঝতে পারল এ যুদ্ধে সহজে জয়লাভ করা যাবে না। বুঝল এ যুদ্ধ সাধারণ যুদ্ধ নয়।

এদিকে ওডেসিয়াস ও ডাওমীড হুন্ধনে মিলে রাতের অন্ধকারে গোপনে শক্ত শিবিরে গিয়ে ডোলোন নামে এক ট্রয়সেনাকে বেকায়দায় কেলে শক্তপক্ষের সামরিক অবস্থার কথা সব জেনে নিল। তারপর তাকে হতন করে কতকগুলো সাদা ঘোড়া লুকিয়ে নিয়ে পালিয়ে এল।

পরদিন সকালে রাজা এগাগামেনন মরীয়া হয়ে গ্রীকসেনাদের উত্তেজিত করতে লাগল। যুদ্ধ শুরু হতে দেখা গেল প্রথম দিকে গ্রীকরা জয়লাভ করতে লাগল। কিন্তু কিছুক্ষণ পরেই যুদ্ধের গতি ঘুরে গেল। শত্রুপক্ষের এক বর্শার আঘাতে আহত হয়ে শিবিরে গিয়ে বিশ্রাম নিতে বাধ্য হলে। এগাগামেনন। তার সক্ষে ডাওমীডও আহত হলো। হেক্টরের আক্রমণের প্রবল চেটটাকে গ্রীকদের মধ্যে কেউ প্রতিহত করতে পারল না।

তার উপর প্যারিসও সেদিন তার সব আলস্য ও অবর্ষণ্যতাকে ঝেড়ে ফেলে বীর বিক্রমে যুদ্ধ করতে লাগল। সেদিন ট্রয়সেনাদের আক্রমণাত্মক প্রবলতার বিরুদ্ধে দাঁড়াকে পারল না গ্রীকরা। তারা শিবিরে গিয়ে আশ্রয় নিতে বাধ্য হলো। তখন তাদের শিবিরের চারিদিকে নির্মিত প্রাচীরে ক্রমাগত আঘাত হেনে হেনে তার কয়েকটা জায়ণা তেকে দিল ট্রয়সেনারা। তখন সমুদ্রদেবতা পঙ্গেভন এসে দয়া করে তা মেরামৎ করে দিলেন। ট্রয়ের প্রতি পুরনো বিদ্বেষর কথা তখনো পর্যস্ত ভূলতে পারেননি পঙ্গেভন। তিনি কালচাসের ছল্মরপ ধারণ করে গ্রীকদের শিবিরে গিয়ে উত্তেজিত করতে লাগলেন তাদের। তিনি গ্রীকসেনাদের বড় ও ছোট এই তুই এ্যাজাক্স শ্রাভার অধীনে সমবেত হয়ে যুদ্ধ কয়তে বললেন।

একমাত্র শুধু পদেওন নন, টুয়ের বিরুদ্ধে আরে। অনেক দেব দেবী এগিয়ে এলেন। কেরা যখন দেখলেন, তাঁর স্থামী জিয়াস টুয়বাসীদের জ্ঞানী করার জন্ম আবার কিছু করতে পারেন তখন তিনি এটাফোদিতের কোটবন্ধনীটি একবার চেয়ে নিয়ে এসে তা পরে মোহিনী মৃতিতে স্থামীর দিকে তাকিয়ে এফনভাবে হাসলেন যাতে তাঁর কোলে সঙ্গে স্থামিয় পড়লেন জিয়াস।
ক্রেক্ত্রণ পরে সহসঃ যখন জেগে উঠলেন জিয়াস তখন দেখলেন টুয়সেনারঃ

পিছু হটে পালাচ্ছে আর পরেডনের তৎপরতার গ্রীকরা জয়লাভের পথে ফ্রুড অগ্রসর হচ্ছে। গ্রীক্ষীর এ্যাজাল্পের দ্বারা নিক্ষিপ্ত এক পাধরণতের স্বাধাতে ধরাশায়ী হয়ে পড়েছে হেক্টর।

যুদ্ধের জয়পরাজ্যের পালা আবার ঘুরিয়ে দেবার জক্ত সচেট হয়ে উঠলেন দেবরাজ জিয়াস। প্রথমে তিনি তাঁর সঙ্গে প্রতারণা করার জক্ত তাঁর রীকে তিরস্কার করলেন। তারপর তিনি দাইবিদকে প্রেডনের কাছে পাঠালেন। বললেন, প্রেডন ঘেন তাব সমুদ্ধর্ভত্ব বাসভবনে চলে যায়। তাবপর এগাপোলোকে পাঠালেন হেক্টরকে পুনকজ্জীবিত করে তোলার জক্ত। ট্রসেনাদের উৎসাহিত করে তোলার ভারও এগাপোলোর উপর দিলেন জিয়াস।

স্থাদেবতা এনাপোলোকে সহায় এবং নেতা হিদাবে পেয়ে বিশুণীক্ষত উত্তমে ও উদ্দীপনায় যুদ্ধ করে থেতে লাগল ট্রনেনারা। গ্রীকরা আবার পিছু হটতে হটতে গ্রীকদেনারা তাদের প্রাচীরবেষ্টিত শিবির ছেড়ে তাদের রণতরীগুলিতে গিয়ে আত্রা নিল। এনজাক্ম ও তার ভাই টিউসার কোনজনেই ঠেকিয়ে রাথতে পারল না ইন্দেনাদের। অত্যুৎসাহী ট্রনেনারা তথন গ্রীকদের জাহাতে আগুন ধরাবার চেষ্টা করতে লাগল।

একিলিস যথন নিজের চোখে দেখল ট্রাসেনারা আগুন ধরাচ্ছে গ্রীকদের জাহাজে, তার কলে তারা আর দেশে ফিরতে পারবে না, তথন সে শুধ্ পাট্রেলাসকে পাঠাল যুদ্ধের প্রকৃত খবর কি তা জানার জন্য। কিছু নিজে যুদ্ধে যোগ দেবার কথা একবার ভাবলও না। কিছু যুদ্ধের খবর আনতে গিয়ে ত্রংখে অভিভৃত হয়ে গেল প্যাট্রেলাস। সে তার বন্ধু একিলিসের কাছে এসে অঞ্পূর্ব চোখে প্রার্থনা করতে লাগল, তুমি না যাও, অস্ততঃ আমাকে পাঠাও এ যুদ্ধে। গ্রীকদের এই অপমানে আর আমি স্থির থাকতে পারছি না।

একিলিস প্যাটোক্লাসকে নিজের হাতে সাজিয়ে দিলেন রণসাজে।
নিজের রথে তাকে চাপিয়ে সারথি অটোমীডনকে পাঠালেন রথ চালানোর
জন্য। তুটো শর্ত তিনি আরোপ করলেন প্যাটোক্লাসের উপর। প্রথম কথা,
প্যাটোক্লাস যেন বেশীদ্র না যায়, সে শুরু যেন উয়সেনাদের ভাড়া করে
গ্রীকশিবিরের বাইরে নিয়ে গিয়ে ছেড়ে দেয়। এর বেশী সে যেন কিছু না
করে। আর একটা শর্ত, প্যাটোক্লাস যেন মুদ্ধে হেক্টরের সন্মুখীন হতে না
যায়, কারণ হেক্টর একমাত্র তারই হাতে বধ হবে।

পণাটোক্লাস একিলিসের বর্ম পরে যুদ্ধে নামতেই তাকেই একিলিস তেবে ভয় পেয়ে গেল গ্রীকসেনারা। তারা সন্ত্রাসে কাঁপতে লাগল। যুদ্ধের গতি আবার ফিরে গেল সহসা। গ্রীকশিবিরের সীমানা থেকে ভাড়াছড়ো করে পালাতে গিরে উন্নেশাদের অনেক রখ ভেলে পেল।

উরসেনাদের ভাড়া করে নিয়ে গিয়ে টয়ত্রের মধ্যে চুকিয়ে দিল প্যাটোক্লাস। কিন্তু আপন বীরত্বের মদে মন্ত হয়ে একিলিসের কথা সব ভূলে গেল
সে। সে টয়ের তুর্গপ্রাচীর ভালার জন্ম চেটা করতে লাগল। তথন
এগাপোলো ভাকে এই বলে সাবধান করে দিলেন যে এ প্রাচীর সে ভ
দরের কথা, স্বয়ং একিলিসও ভালতে পারবে না।

তুর্গপ্রাচীর ছেড়ে দিয়ে প্যাট্রোক্লাস তথন হেক্টরের সঙ্গে সমূথ যুদ্ধে প্রবৃত্ত হলো।

প্যাট্রোক্লাস যুদ্ধে নামতেই এ্যাপোলো নিজেই মেদের আড়াল থেকে এমন একটা পাধর দিয়ে আঘাত করলো তাকে যে সে ধুলোয় লুটিয়ে পড়ল। কেক্টর তথন অনাযাসে তার উদ্ধত বর্শা নিয়ে ঝাঁপিয়ে পড়ল প্যাট্রোক্লাসের উপর। সে শানিত তীক্ষ্ণ বর্শাফলকটি আফুল বসিয়ে দিল তার বকে। শেষ নিঃখাস ত্যাগ করার সময় প্যাট্রোক্লাস হেক্টরকে বলে গেল, ভোমার আজাও শীঘ্রই আমার কাছে যাবে। একিলিসের হাতে অচিরেই মৃত্যুহবে তোমার।

এবার প্যাটোরাসের মৃতদেহটা নিয়ে টানটোন করতে লাগল ত্পকে।
একদিকে হেক্টরের নেতৃত্বে একদল ট্রসেন। আর অগুদিকে এগজাব্দের
নেতৃত্বে একদল গ্রীকসেনা জোর করে প্যাটোরাসের মৃতদেহটাকে আপন
আপন শিবিরে টেনে নিয়ে যাবার চেষ্টা করতে লাগল। স্বর্গলোক হতে তা
দেখে জিয়াস অবশেষে এমন এক ঘনঘোর অন্ধকারজাল বিস্তার করলেন যাতে
কেউ কিছু দেখতে পেল না। তখন উভয়পক্ষই নিরস্ত হলো। কিছুক্ষণ প্র
আবার আলো ফুটে উঠলে এয়াজাক্ম মৃতদেহটাকে নিয়ে গেল গ্রীক শিবিরে।

প্যাটোক্লাসের মৃত্যুর খবরট। অবশেষে একিলিসের কানে গিয়ে পৌছল।
সে খবর শোনার সঙ্গে সঙ্গে এত জোরে তিনবার ধ্বনি দিল একিলিস যা
ভবন ট্রাসেনারা ভয়ে যে যেদিকে পারল ছুটে পালাতে লাগল।

পাইন কাঠ দিয়ে বিশেষভাবে তৈরি তার নির্জন শিবিরে একিলিস তার অস্তরক বন্ধু প্যাটোক্লাসের প্রভাবর্তনের জন্ত অপেক্ষা করছিল অধীয় আগ্রহে। এমন সময় প্যাটোক্লাসের পরিবর্তে নেস্টারপুত্র এগান্টিলোকাস এসে তাকে দিল ভয়ক্ষর ত্ঃসংবাদটা। বলল, প্যাটোক্লাস নিহত হয়েছে হেক্টরের হাতে আর হেক্টর ভার গা থেকে তার বর্মটা খুলে নিয়ে গেছে।

জনদেবী থেটিস তা জানতে পেরে ছুটে এলেন পুত্রকে সান্তনা দেবার জন্ম।
বললেন, স্বর্গ থেকে তিনি একটা হুর্ভেন্ম বর্ম এনে দেবেন যা পরে সে মৃদ্ধ করবে
হেক্টরের সঙ্গে। এমন সময় হেরাও স্বর্গ থেকে আইরিসকে পাঠিয়ে দিলেন
একিলিসকে উত্তর্জিত করার জন্ম। কিন্তু প্যাটোক্লাসের মৃতদেহটি একিলিসের
শিবিরে নিয়ে আসার সঙ্গে সঙ্গে শোকে মৃহ্যমান হয়ে উঠল একিলিস।
ভার উপর রাত্রির অন্ধকার ঘন হয়ে উঠল চারদিকে। সারা রাত্রি ধরে

লাবকহারা সিংহীর মত লোক করতে লাগল একিলিস। তার ক্রোধতপ্ত অবিরল অশ্রবর্ষণে সিক্ত হয়ে উঠল প্যাটোক্লাসের মৃতদেহের প্রতিটি অন্ধ প্রত্যন্ত।

এদিকে সকাল হতে না হতেই খেটিস স্বৰ্গ থেকে তার কথামত অগ্নিদেবতা হিকাস্টাসের কাছ খেকে এমন একটি উজ্জ্বল বর্ম নিয়ে এসে তাঁর পুত্রকে দিলেন যা দেখে এক নতুন গর্ব ও সমরোদ্দীপনায় ফুলে উঠল একিলিসের বুক। সে তথন সঙ্গে স্কুটে গেল রাজা এগাগামেননের কাছে। বলল, তৈরি হও তোমরা। সব কিছু ভূলে সব মান অভিমান ঝেড়ে কেলে যুদ্ধ করব আমি। আমার বন্ধুর মৃত্যুর প্রতিশোধ নেব আমি।

রাজ। এ্যাগামেননও অমৃতপ্ত হৃদয়ে ক্ষমা চাইল একিলিসের কাছে। বিসেইসকে সে আগেই পাঠিয়ে দিয়েছিল একিলিসের শিবিরে। ভার প্রভিশ্বত উপঢৌকনগুলিও সব দিতে চাইল একিলিসকে। কিছু ভার উত্তরে একিলিস বলল, এখন স্মামি কোন কিছুই চাই না। চাই শুধু যুদ্ধ আর হেক্টরের রক্ত।

ওভেসিয়াদ সঙ্গে পকে এক ভোজসভার আয়োজন করল গ্রীকবীরদের পুনমিলন উপলক্ষে। ঝড়ের বেগে তার শিবিরে ফিরে গিয়ে তার বর্ম পরে আর অম্বগুলি নিয়ে তার রথে রাখল একিলিস। তার রথের প্রিয় ঘোড়াগুলিকে সম্বোধন করে বলল, প্রাট্রোক্লাসের মত আমাকেও যুদ্ধ-ক্ষেত্রে ফেলে এসোন! তোমরা।

একথায় ঘোড়াতুটি ক্ষণিকের জন্ম থেমে মাহুষের মত কঠে উত্তর করল, আজ আমরা তোমাকে নিরাপদে ফিরিয়ে আনলেও ভোমার মৃত্তর আর বেশীদিন বাকি নেই।

একিলিস তথন বলল, তা হোক। জানি আমি মরব, তবু ট্রয়কে ধ্বংস করতেই হবে।

একিলিসের নেতৃত্বে তখন এক বিশাল গ্রীকবাহিনী সমবেত হলো রণপ্রাস্তবে স্নামান্দার ও সাইময় নদীর ধারে। তুপক্ষে শুক হলো তুমুল যুদ্ধ।

তা দেখে স্বর্গের দেবতাদের মধ্যে বসল এক পরামর্শসভা। দেবরাজ্ব জিয়াস বললেন, নিয়ভির বিরুদ্ধে আমি খেতে পারৰ না। যে পক্ষের ভাগ্যেয়া আছে তা ঘটবেই। দেবতারা তখন ত্বভাগে ভাগ হয়ে তৃপক্ষের হয়ে যুজ্ব করতে লাগল। হেরা, প্যালাস এখেন, পসেভন, হার্মিস আর হিকাস্টাস গ্রীকপক্ষে আর এ্যারেস, এ্যাপোলো, আর্ভেমিস আর এ্যাফ্রোদিতে ট্রসপক্ষের হয়ে যুদ্ধ করতে লাগলেন।

এদিকে একিলিস মাত্র বারো জন বন্দী ছাড়া আর কাউকে কমা করল না।
বৃদ্ধকালে তার পথের তুধারে যে কোন ইয়সেনাকে পাবার সঙ্গে সঙ্গেই হত্যা
করতে লাগল সে নির্বিচারে। শুধু বারো জন শত্রুপক্ষের বন্দীকে প্যাট্রোক্লাসের
চিতানলে আছতি দেবার জন্ম রেখে দিল।

একিলিসের অব্যর্থ অস্ত্রাঘাতে এত উন্নসেনা নিহত হতে লাগল যে তুপাকৃত শবে ভরে যেতে লাগল স্থামান্দার নদীর বৃষ্ট। নদীদেবতা তথন একিলিসের উপর কুছ হরে ফুলে উঠে এমন জলোচ্ছাসের সৃষ্টি করল যে তাতে রগপ্রাস্তর ভেসে যাবার উপক্রম হলো। তথন অন্নিদেবতা হিফাস্টাস অন্নিবর্ধণের দ্বারা সেই জলোচ্ছাসকে বন্ধ করে দিলেন। পালোস এথেন নিজে এমন একটি পাথর ছুঁড়ে এগারেসকে মারলেন যে তাতে এগারেস হাত পা ছড়িয়ে পড়ে গেল মাটিতে। এগাক্রোদিতে তার সাহাযে এগিয়ে এলে তার উপরেও একটা পাথর ছুঁড়ে তাঁকে কেলে দিলে।

ভীত সম্ভত টুয়সেনার। যথন টুয়নগরীর মধ্যে ছুটে ঢুকতে লাগল, এ্যাপোলো তথন নিজে দাঁড়িয়ে রইলেন নগরছারের সামনে। শক্রণক্ষের কেউ বাতে তার মধ্যে ঢুকতে না পারে এজল পাহারা দিতে লাগলেন তিনি। হেক্টর তথন একা একিলিসের প্রতীক্ষায় দাঁড়িয়ে যুদ্ধের জল। তুর্গপ্রাকারের উপর থেকে তার পিতামাতা হাত বাড়িয়ে এ যুদ্ধ থেকে নিবৃত্ত করার জল চেষ্টা করছিল। একিলিসকে তার দিকে অপ্রতিহত গতিতে এগিয়ে আসতে দেখে হেক্টরেরও ভয় হচ্ছিল। বৃদ্ধি ও বিচক্ষণতা তাকে সরে যাবার জল চাপ দিছিল ভিতর থেকে। অল দিকে লক্ষা আর অপমানের ভয় অনুপ্রাণিত করছিল তাকে যুদ্ধে।

কিন্তু একিলিস তার কাছে এসে পড়লে আর দাঁড়িয়ে থাকতে পারল না হেক্টর। যে ভয় সে কথনো কোন যুদ্ধে কোন মাহ্য বা দেবতাকে দেখে করেনি সেই ভয়ের আশ্চর্য শিহরণে সমস্ত অফ অবশ হয়ে আসতে লাগল তার। সে প্রাণভয়ে ছুটে পালাতে লাগল। কিন্তু কোথায় পালাবে? নগরছার তথন করে। একিলিসের রথ তার উপর শ্রেন দৃষ্টি নিবদ্ধ করে অফুসরণ করছে নির্মাভাবে। শিকারী বাজপাথির সামনে পলাযনরভ খাসকল কপোভের মত হেক্টর ছুটতে লাগল। তার অসহায় পিতামাতার সকলপ দৃষ্টির সামনে নগরপ্রাচীরটাকে ভিনবার প্রদক্ষিণ করল হেক্টর তবু কোথাও আশ্রয় পেল না। পরিত্রাণের কোন উপায় পেল না একিলিসের অবর্থে আঘাত থেকে। এাপোলো হেক্টরকে দান করলেন অক্লান্ত গতি। কিন্তু এর বেশী তাকে কেউ কিছু দিতে পারল না।

অলিম্পাদে তথন জিয়াস একটি সোনার দাঁড়িপালায় হেক্টরের ভাগ্য নির্ণয় করতে লাগলেন। কিন্তু দেখা গেল হেক্টরের ভাগ্য নরকের দিকে ঝুঁকে পড়ল। স্থতরাং হেক্টরকে মরতেই হবে।

হেকটর যথন সকলণ দৃষ্টিতে শেষবারের মত নগরদ্বারের পানে একবার তাকিয়ে দেখল ঘার কন্ধ এবং একিলিস সে ঘারপথে এক ত্র্লভ্য্য বাধা স্থাষ্ট করে রেখেছে, তথন সে মরীয়া হয়ে যুদ্ধের জন্ম প্রস্তুত হলো।

প্রথমে একিলিস আর হেক্টর ফুজনেই তীর ছুঁড়তে লাগল পরস্পরকে লক্ষ্য

করে। কিছ ত্জনের তীরই লক্ষান্তই হওয়ায় ত্জনে ত্জনের কাছে এবে যুদ্ধ করতে লাগল। হেক্টরের গায়ে প্যাটোক্লাসের বর্মটা দেখে আরও রেগে গেল একিলিস। আগুনের মত জলে উঠল সে। সে দেখল হেক্টরের একমাত্র কাঁব আর গলাটা অনাবৃত আছে। আর সবই বর্ম দিয়ে ঢাকা। সেই অনাবৃত গলদেশে তার মুক্ত তরবারিটা আম্ল বসিয়ে দিল একিলিস। ইাপাতে ইাপাতে রক্তাক দেহে মাটিতে ল্টিয়ে পড়ল হেক্টর। শুধু একটা কথা কোন রকমে একিলিসকে বলল, আমার মৃতদেহটা দয়া করে সংকারের ব্যবস্থা করে।

একিলিস ভার উত্তরে বলল, ইঁগা, ভোমার মৃতদেহের উপযুক্ত সংকারই করব। কুকুর আর শকুনিদের দিয়ে তা খাওয়াব।

হেক্টর তথন ক্ষীণ কঠে শেষবারের মত বলে গেন, তোমারও মৃত্যুর দিন ঘনিয়ে আসছে।

একিলিস এবার হেক্টরের গা থেকে বর্মটা খুলে নিল। তারপর তার মৃত-দেহের পা দুটো বেঁধে তার রথের পিছনের দিকটাতে বেঁধে দিল। গ্রীকসেনারা উল্লাসে ধ্বনি দিতে লাগল। টুয়নগরীর পতন এবার অনিবার্থ ভেবে রাজ-প্রাসাদের অন্তঃপুর থেকে ক্রন্দনধ্বনি উঠতে লাগল।

বৃদ্ধ রাজা প্রিয়াম ও রাণী যথন তুর্গপ্রাকার থেকে দেখলেন তাঁদের প্রিয়তম পুত্র হেক্টরের বিক্বত মৃতদেহটি চলমান রথের সঙ্গে ই্যাচড়াতে ইয়াচড়াতে চলেছে তার পিছু পিছু তথন তাঁরা শোকে তুংথে মাধার চূল ছি ড়তে লাগলেন। হেক্টরপত্নী এয়াগ্রোমেকও প্রাসাদশীর্য থেকে এ দৃষ্ঠ দেথে মৃছিত হয়ে পড়ল।

প্যাটোক্রাসের চিতার পাশে হেক্টরের মৃতদেহটাকে ফেলে দিল একিলিল। প্রচুর কাঠ সংগ্রহ করে উপযুক্ত সন্মানের সঙ্গে প্যাটোক্রাসের শেষক্বত্যের ব্যবস্থা করল রাজা এ্যাগামেনন। শবদাহের জন্ম যে বিরাট চিতাগ্নি প্রজ্জাতি হলো তাতে শবের সঙ্গে সঙ্গেকতকগুলি মেষ ও বলদ, চারটি বড় ঘোডা, ছটি গৃহপালিত কুকুর এবং সব শেষে বারো জন বন্দীকে দেবতাদের উদ্দেশ্যে উৎসর্গ করা হলো সেই চিতাগ্নিতে।

সারা রাত ধরে জলতে লাগল সে চিতার আগুন। একিলিসের প্রার্থনায় দেবতারা অন্তক্ল বাতাস দান করে সে আগুনকে বাঁচিয়ে রাখলেন সারারাত।
নাঝে মাঝে তাতে মদ আর তেল ঢালা হতে লাগল আহতিম্বরূপ। সকাল
হলে মদ ঢেলে চিতার আগুন নিভিয়ে প্যাট্রোক্লাসের দেহভক্ম একটি পাত্তে
রেখে দিল একিলিস। প্যাট্রোক্লাসের সেই ভক্ষপাত্রটি এক জায়গায় রেখে তার
উপর একটি সমাধিস্তম্ভ গড়ে তুলতে চাইল।

এর পর প্যাটোক্লাসের মৃত্যু উপলক্ষ্যে অন্ত্যেষ্টিক্রীড়া শুরু হলে তাতে একিলিস ও এ্যাগামেনন ত্রুনেই মৃতের সন্মানার্থে মোটা টাকার বাজী ধরল। এতে এই ছই ধন বীরের বন্ধুত্ব আরে। গাঢ় হয়ে উঠল। ফলে এরপর যে যুদ্ধ শুরু হলে। তাতে একিলিস নেতৃত্ব করতে লাগল গ্রীকবাহিনীর।

এদিকে ট্রয়নগরীতে শোকের বক্তা বয়ে যেতে লাগল অব্যাহত গভিতে।
প্রতিদিন একিলিস যথন হেক্টরের মৃতদেহটাকে প্রাট্রোক্লাসের ভন্মস্থূপের
চারপাশে তিনবার করে টেনে নিয়ে বেড়াত ট্রয়ের ত্ব্পপ্রাকার থেকে হেক্টরের
আত্মীয় স্বজনেরা তা দেখে নতুন করে অভিভূত হয়ে উঠল প্রবলতর এক
শোকাবেগে। তবে দেবতাদের ক্বপায় হেক্টরের মৃতদেহটিতে কোন পচন
ধরেনি। বিশেষভাবে বিক্বত হয়নি সে দেহ।

এইভাবে বারে। দিন কেটে গেল। বারে। দিন পরেও যথন হেক্টরের মৃতদেহটিকে ছেড়ে দিল না একিলিস তথন জিয়াসের করুণ। হলো। তিনি তথন জলদেবী থেটিসকে পাঠিয়ে দিলেন তার পুত্রকে শাস্ত করার জন্ত। এদিকে রাজা প্রিয়াম একটি বড় গাড়িতে করে প্রচুর ধনরত্ব নিয়ে গেলেন একিলিসের কাছে। সেই সব দিয়ে তাঁর পুত্রের মৃতদেহটি আনতে চান প্রিয়াম।

বৃদ্ধ প্রিয়াম একিলিদের কাছে সোজ। গিয়ে তার পায়ের উপর নতজ্ঞান্ত্র্যে পড়ে গেলেন। কাতরভাবে কাঁদতে কাঁদতে পুত্রের মৃতদেহটি জিলা চাইলেন। গ্রীকিলিবিরে অনেকেই ভেবেছিল রাজ। প্রিয়ামকে দেখে একিলিসের রাগ বেড়ে যাবে। কিন্তু তা হলো না। পক্ককেশ প্রিয়ামকে দেখে ও তাঁর সকাতর প্রার্থনা শুনে করুণা জাগল একিলিসের অন্তরে। সে তৎক্ষণাৎ প্রিয়ামকে ধরে তুলে তার ঘরের মধ্যে একটা ভাল বিছানায় বসাল। তাঁর প্রার্থনা মঞ্জুর করল। সঙ্গে সঙ্গে হেক্টরের মৃতদেহটিকে ভালভাবে ধুয়ে ভৈল মাখাবার আদেশ দিল তার ভ্তাদের। কিন্তু তথন রাজিকাল বলে প্রিয়ামকে বলল, আপনি নিশ্চিন্তে বিশ্রাম করুন আমার এই বিছানায়। কাল প্রত্যুবেই আপনি আপনার পুত্রের মৃতদেহ নিয়ে গিয়ে সঙ্গন্ধানে তার শেষত্বত্য সম্পন্ন করবেন। যাতে নির্বিদ্ধে একাজ সমাধ। হয় তার জন্তু বার দিন যুদ্ধ বন্ধ থাকবে।

একথা শুনে শাস্ত হলো রাজা প্রিয়ামের মন। ছেক্টরের মৃত্রে পর থেকে বারে। দিন পর এই প্রথম নিশ্চিন্তে হালকা মনে নিদ্রা গেলেন প্রিয়াম। সকাল হতেই তিনি মৃতদেহ নিয়ে চলে গেলেন।

এদিকে হেক্টরের মৃত্যুর পর টুয়বাহিনীর কে নেতৃত্ব করবে এ নিরে: প্রায়ই সংকট ও সমস্থা দেখা দিতে লাগল। আমাজনদের নারীবাহিনী টুয়ের পক্ষেই যোগদান করেছিল। আমাজনদের তুর্বর্ধ নারীবাহিনী তাদের রাণী পেনথেসাইলের অধীনে যুদ্ধ করতে লাগল গ্রীকদের বিরুদ্ধে। গ্রীকরা প্রথমে দাঁড়াতে পারছিল না তাদের বীরত্ব ও বিক্রমের সামনে। কিন্তু

একিলিসের একটি বর্ণার আঘাতে মৃত্যুম্বে পতিত হলো রাণী পেনধে-সাইলিয়া। মৃত রাণীর মৃথ দেখে এক মৃশ্ধ বিশারে হতবাক হরে উঠল একিলিস তথন আমাজনদের পরবর্তী রাণী থার্সাইটস্ একিলিসকে ঠাটা করে কি বলতেই একিলিসের একটি জন্ত্রাঘাতেই প্রাণবিয়োগ ঘটল ভার।

এরপর টুয়বাহিনীর সেনাপতিত্ব করতে এল রাজা প্রিয়ামের আতৃপুত্র মেমন। কিন্তু একিলিসের বীরত্বের সামনে সেও টিকতে পারল না।
প্রাণপণ যুদ্ধের পথ মেমনও মৃত্যুমুখে পতিত হলো। মেমন ছিল টিখোবাসের
প্ররসজাত উপাদেবী অরোরার সন্তান। তাকে জিয়াস অমরত্বের বর দান
করেন বলে মেমনের মৃত্যুর পর তার এক বিরাট প্রতিমৃতি নির্মাণকরে
স্থাপন করাহয়।

ক্রমে একিলিসের মৃত্রুর দিন এগিবে আসতে লাগল। উন্নযুদ্ধের পুরে। ন বছর কেটে গেল। অপরাজেশ অপ্রতিরোধ্য এ কিলিসের তৎপরতায় টুযের পতন অনিবার্য হয়ে উঠল। উন্নয়ার ব্যাতে পান্ত একিলিস যুদ্ধে কোনপ্রকারে নিহত না হলে ভাদের ভাগে ব কোন পার্বান হবে না। উনপক্ষেয়দেরত দেবভারাও সেই কথাত ভাবতে লাগলেন।

অবশেষে একদিন এরাপোলো সেই গোপন কথাটা বলে দিলেন প্যারিসকে। বললেন একিলিসের দেহ তভেত কার পেহের কোন অক্স-প্রভাঙ্গকে কোন অস্ত্র দার। ভেদ বা ছেদন করকে পারবে না। কারণ ভার মা জলদেবী থেটিস ভার শৈশবে ভাকে স্টাইক্স নদাতে স্থান কার্ব্য়ে ভাকে অমর কবে ভোলে। কেবলমাত্র ভার একটা পাষের গোডালি ছোবেনি বলে সেই জায়গাটা ভার সারা দেহের মধ্যে তুর্বল অংশ।

সেই তুর্বল অংশটিকে লক্ষ্য করে প্রায়েশ এটে। স্ট্রাইডেই একিলিস্মাটিতে পড়ে গেল। যে বীরের আঘাতে অসংখ্য শক্তাসন্তের পঙ্ক হ্র সেই বীর ধরাশায়ী হয়ে মৃত্যুম্থে পতিত হলো। কিন্তু এফিলিসের মন্তদেহটির পড়ন ঘটলেও তার অমর আত্মা স্বর্গে চলে গেল। তার প্তনের সঙ্গে সঙ্গে তার মা জলদেবী থেটিস এসে তার আত্মাটিকে সংযত্ন সর্গে নিয়ে গেলেন।

একিলিসের মৃত্যুর সঙ্গে সঙ্গে গ্রীকশিবিরে নেমে এল ঘন বিষাদ আরে নিবিড় নৈরাশ্রের ছায়। এ মৃদ্ধুগুতে যে ক্ষতি হলো গ্রীকদের সে ক্ষতি পূর্ব হবার নয়। তার উপর আর এই বিপদ দেখা দিল। একিলিসের বর্ম আরে ঢাল শ্রেষ্ঠ গ্রীকবীরের প্রাপ।। এই গ্রীকবীর কে, এই নিয়ে ঘন্দ ও বিবাদ দেখা দিল গ্রীকবীরদের মধ্যে। তথন গ্রীকবীরের। পরামর্শ করে ওডেসিয়াসকেই সেই বীর হিসাবে নির্বাচিত করল। ঠিক হলো একিলিসের বর্ম ও চালের সঙ্গে তার অধিকৃত বন্দীদেরও পাবে ওডেসিয়াস।

কিন্তু এই সিদ্ধান্তের তীত্র প্রতিবাদ জানাল এটাজাকু। অপমানিত বোধ করল সে। তাকে কেউ শাস্ত করতে পারল না। সে হঠাৎ আজুহত্যা করে বদল আবেণের বশবর্তী হয়ে। কিন্তু বীর বিচক্ষণ ওড়েনিয়াসও দে সব দান গ্রহণ করল না। সে একিলিসের পুত্র যুবক পাইরাসকে দিয়ে দিল। একিলিসের মৃত্যুর সক্ষে সক্ষে তার পুত্র পাইরাসকে স্থাইরস থেকে আনানো হয়েছিল। স্থাইরসে দিদামিয়ার গর্ভে এই পুত্রের জন্ম হয় এবং জন্মাবধি সে তার মার কাছেই থাকত।

একিলিসপুত্র পাইরাসের নেতৃত্বে গ্রীকবাহিনী আবার নতুন উত্তযে যুদ্ধ করতে লাগল। ট্রসেনাদের তুর্গ মধ্যে চুকিয়ে দিয়ে নগরছারের সামনে ভিড় করে দাঁড়িয়ে রইল গ্রীকবীরেরা। তব্ ট্রেরে পতন ঘটল না। পাইরাস পিতার যোগ্য পুত্র হিসাবে বীর বিক্রমে যুদ্ধ করে প্রচুর ক্বতিত্ব দেখাল। এজন্ম গ্রীকবীরেরা তাই তার নাম দিল নিওটলেমাস বা নবযোদ্ধা।

কোন মতেই ট্রের পতন ঘটছে না দেখে অবশেষে গ্রীকবীরেরা রাজজ্যোতিষী ক্যালচাসকে ডেকে পাঠাল। ক্যালচাস এসে হলপ করে বলল হার্কিউলেস এসে তীর নিক্ষেপ না করা পর্যস্ত ট্রের পতন ঘটবে না। হার্কিউলেস জীবিত না থাকলেও তার তীরগুলি তার প্রিয় বন্ধু ফিলোকটেটিসের কাছে গচ্ছিত আছে।

ফিলোকটেটিসও গ্রীকবাহিনীর দক্ষে ট্রযের পথে একই সঙ্গে রওনা হয় আউলিস থেকে। কিন্তু জাহাজে যেতে যেতে একবার একটি দ্বীপে নামতেই একটি বিষধর সাপ তাকে কামড়ায়। তার ফলে সেই হাতটা ক্রমশই বেড়ে যেতে থাকে। তথন তাকে তার সঙ্গীরা লেমস দ্বীপে তাকে রেথে ট্রয়ে চলে আসে। তারপর দশ বছর কেটে ধায়। গ্রীকবীরেরা ভাবল ফিলোকটেটিস হয়ত মারা গেছে এতদিনে। তবু ওডেসিয়াস বলল একবার দেখা যাক চেষ্টা করে।

তথন ওডেসিয়াস আর একিলিসপুত্র পাইরাস সঙ্গে ফতগামী জাহাজে করে লেমস দ্বীপে গিয়ে দেখল ফিলোকটেটিস তথনো বেঁচে আছে। তবে তথনো স্বস্থ হয়ে ওঠেনি; ক্রমাগত রোগে ভূগে ভূগে ক্লশকায় হয়ে গেছে। যাই হোক, তাকে নিয়ে ওডেসিয়াস এক বিজ্ঞ চিকিৎসকের কাছে নিয়ে গিয়ে আরোগ্য করল। তার পর ইক্লেনিয়ে এল।

হারেড্রার কালে। রক্তমাখা বিষাক্ত ত্রীর দিয়ে যুদ্ধ করতে লাগল ফিলোকটেটিস। হাকিউলেস মৃত্যুকালে এই তীরগুলি দিয়ে যায় তাকে। এই তীরগুলি দিয়ে যায় তাকে। এই তীর একটি যুদ্ধরত পারিসের বুকে লাগলে মৃহুর্তে মৃত্যুবরণ করতে হলো ভাকে। পারিসের মৃত্যু ঘটলেও টুয়ের পতন হলো না। টুয়পক্ষে বড় নাম করা কোন বীর না থাকলেও হুর্তেগ্য টুয়হুর্গে প্রবেশ করতে পারল না গ্রীকবাহিনী। তারা তথু হুর্গবারে আর প্রাকারের উপর বারবার আঘাত করতে লাগল।

व्यवस्थित व्यावाद क्रानिहानरक श्लोका हत्ना। त्म भवना करत वनन

ট্রনগরীর মধ্যে প্যালাস এথেনের এক মৃতি একবার স্বর্গ থেকে পড়ে। এই মৃতি নগরমধ্যে এক মন্দিরে স্বরন্ধিত অবস্থায় আছে। এই মৃতি যতদিন নগরমধ্যে থাকবে ততদিন ট্রের পতন ঘটবে না। কোন শক্তি জয় করতে পারবে না এ নগরীকে।

একথা শুনে ওভেদিয়াস ও ভাওমীত ভিধারীর ছদ্মবেশে ট্রয়নগরীর মধ্যে চুকে পড়ে পথে পথে ঘুরে বেড়াতে লাগল প্যালাসের মন্দিরের সন্ধানে। তাদের দেখে কোন ট্রয়বাসী মোটেই চিনতে পারল না। কিন্তু প্রাসাদের গবাক্ষ পথ থেকে দেখে হেলেন ঠিক চিনতে পারল। কিন্তু হেলেন একখা কাউকে বলল না। বরং হেলেন গোপনে তাদের ভাকিয়ে আনিয়ে কথা বলল তাদের সঙ্গে। বলল, আমি এবার অন্তপ্ত, আমিও ভোমাদের মত চাই ট্রয়নগরীর পতন। আমিও আমার স্বামীর সঙ্গে স্বদেশে ফিরে যেতে চাই। আমি ভোমাদের এই মূর্তি অপহরণের বাপারে সাহায্য করব।

হেলেনের সক্রিয় সাহায্যে প্যালাসের মৃতি নিয়ে নিরাপদে গ্রীক শিবিরে পৌছল ওডেসিয়াস ও ডাওমীড। এবার তাদের জয় অনিবার্য ভেবে আনন্দে উল্লাস করতে লাগল গ্রীকরা।

তবু কিন্তু পতন ঘটল না টুয়ের। টুয়দেনার। আগের মত তুর্গ রক্ষা করে যেতে লাগল সমানে। তথন গ্রীকরা ভাবল ক্যালচাদের গণনা ভূল। এমন সময় বিজ্ঞ বিচক্ষণ ওডেসিয়াস এক তুঃসাহসী পরিকল্পনা থাডা করল টুয়জয়ের উদ্দেশ্যে। দেবলল এ ছাড়া টুয়ধুদ্ধের অবসান ঘটবে না।

ওডেসিয়াসের নির্দেশমত এক বিশাল কাঠের ঘোড়া নির্মাণ করল প্রীকরা। চালাগরা চালিত সে ঘোড়ার ভিতরটা ছিল কোঁপড়া বা ফাঁকা। ঠিক হলো তার মধ্যে বাছাই করা বারো জন বীর যোদ্ধা প্রচুর অস্ত্রশস্ত্র আর কিছু রসদ নিয়ে চুকে থাকবে। তার প্রবেশধার এমনভাবে বন্ধ থাকবে বাতে বাইরে থেকে দেখে কিছু বোঝা যাবে ন।। তাদের মধ্যে ওডেসিয়াসও থাকবে। বাকি গ্রীকবাহিনী নিবির ছেড়ে জাহাজে করে তেনেদস দ্বীপে গিয়ে অপেক্ষাকরবে। তখন উয়বাসীরা ভাববে গ্রীকরা উয়অবরোধ প্রত্যাহার করে নিয়ে পালিয়েছে। তখন গ্রীকদের কেলে যাওয়া এক পরম সম্পদ সেই কাঠের ঘোডাটাকে নগর মধ্যে নিশ্চিন্তে নিয়ে গেলে অতর্কিতে গ্রীকরা আক্রমণ করবে উয়বাসীদের। তখন অনায়ালে তারা অপ্রস্তত উয়সেনাদের হারিয়ে দিতে পারবে।

গ্রী সরা তেনেদদ দ্বীপে যাবার সময় কৌশল করে সাইনন নামে এক গ্রীক যুবককে ফেলে রেখে যায় উয়ের উপকৃলে। সাইনন বিপদের ঝুঁকি নিয়ে একাজ স্বেচ্ছায় করন্তে চায়। গ্রীকরা শিবির ছেড়ে চলে যাবার পর উন্নের উপকৃলে ছেড়া কাপড় জামা পরা এক গ্রীকর্যুবককে দেখে কিছু উয়বাসী ভাকে বেধে রাজা প্রিয়ামের কাছে নিয়ে যায়। কিন্তু সাইনন কারাকাটি করে রাজাকে বলে গ্রীকবীরের। তাকে দেবতাদের উদ্দেশ্যে বলি দেবার জ্ঞার বেঁধে রেখেছিল। কিন্তু সে কোনরকমে বাঁধন ছিঁড়ে পালিয়ে যায়। তারপর পাহাড়ের উপর থেকে গ্রীকদের জাহাজ চলে গেছে দেখে সে চলে আসে। সে এবার উয়ের বন্ধু হিসাবে কাজ করবে। গ্রীকরা এখন থেকে তার শক্ত।

এদিকে গ্রীকশিবির শৃষ্ণ দেখে নিশ্চিম্ভ মনে নগর ছেড়ে বেরিয়ে এল উয়বাসীরা। জয়ের উল্লাসে ফেটে পড়ল তারা। কিন্তু এত বড় এক কাঠের ঘোড়া দেখে অবাক হয়ে গেল তারা। তাদের মধ্যে একদল বলল কাঠের ঘোড়াটাকে টুকরো টুকরো করে কেটে ফেলা হোক। আর একদল বলল, ওটাকে নগরমধ্যে টেনে নিয়ে যাওয়া হোক।

এ্যাপোলোর মন্দিরের পুরোহিত লাওকুন প্রথমে বাধা দিল। বলল, এ ঘোড়া সাধারণ বস্তু নয়। নিশ্বয় এর মধ্যে গ্রীকদের কোন ছলনা আছে। পরে লাওকুন যথন প্রেডনের উদ্দেশ্যে পূজো দিতে যাচ্ছিল তথন সমুদ্র থেকে হঠাৎ উঠে আসা ঘটি সাপের দংশনে তার ও তার ঘটি পুত্রের মৃত্যু ঘটে।

লাওকুনের মৃত্যুর পর ট্রয়সেনারা কাঠের ঘোড়াটাকে উলাসে চিংকার করতে করতে টেনে নিয়ে যায় নগরমধ্যে। তারা সব নগরদ্বার খুলে দিয়ে এক বিরাট বিজ্ঞাংসবের আয়োজন করল।

উরবাসীরা যথন সারাদিন নাচগান করে রাজিতে প্রচ্র মনপান করে গভীরভাবে ঘুমিযে প্রল তখন সেই অবসরে স্থচতুর সাইনন তেনেদ্স বীপে গিয়ে খবর দিল গ্রীকদের।

বিশাল গ্রীকবাহিনী তথন অত্কিতে ট্র আক্রমণের জন্ম এসে দেখে নগরদার উন্মৃক। তারা তথন অবাধে ভিতরে চলে গেল। সাইনন তথন কাঠের খোড়ার ভিতর থেকে বারোজন গ্রীকবীরকে বার করে আনল। তথন একযোগে ঘুমস্ক ট্রয়বাসীদের আক্রমণ করল গ্রীকরা।

হেক্টরের মৃত্যুর পর উরপক্ষের প্রতিরক্ষার সব ভার পড়েছিল বীরযোদ্ধা ঈনিসের উপর। ঈনিস সে রাতে যথন গভীরভাবে ঘুমোচ্ছিল নিশ্চিস্তে তথন হঠাৎ এক প্রবল চিৎকার শুনে উঠে পড়ল। তাছাড়া এক ছঃম্বপ্প দেখে ঘুম ভেঙে গিয়েছিল তার। স্বপ্পে সে দেখল এক প্রেতাত্মা এসে যেন তাকে বলল, উয়ের জন্ম যুদ্ধ করে আরে কোন ফল হবে ন।। ভার চেরে পালিয়ে যাও।

ঘুম থেকে উঠে ঈনিস ছুটে বাইরে এসে দেখল সমস্ত নগর জ্বলছে।
নগরের রাজপথে বিভিন্ন জায়গায় তুমুল যুদ্ধ চলছে দু পক্ষে। তবে বেশীর
ভাগ ক্ষেত্রে ট্রবাসীদের কাতর আর্তনাদ আর গ্রীক্সেনাদের জরোল্লাস
শোনা যাচ্ছে। অনেক জায়গায় লুঠনও চলছে।

এত কিছু সত্ত্বেও ভয়ে পালিয়ে গেল না ঈনিস। ভার সামান্ত কিছু অম্বচর নিম্নে গ্রীকদের উপর ঝাঁপিয়ে পড়ল। ভার সাহস ও বীরত্বের পরিচয় পেয়ে অনেক গ্রীকসেনা নগর ছেড়ে পালাতে লাগল। কিছ একিলিসপুত বীর যুবক পাইরাসের নেতৃত্বে আবার তারা সমবেত হয়ে আক্রমণ করল টুয়সেনাদের।

ঈনিস যখন দেখল জয়লাভের জার কোন আশা নেই, উয়নগরীকে বাঁচাবার জার কোন উপায় নেই তখন সে বৃদ্ধ রাজা প্রিয়ামকে বাঁচাবার জন্ম রাজপ্রাসাদ অভিমুখে ছুটে গেল। সেখানে গিয়ে দেখে প্রাসাদ রক্ষী ও টুয়সেনারা সন্মিলিভভাবে যুদ্ধ করেও ঠেকিয়ে রাখতে পারছে না গ্রীকদের।

পিছনের এক গোপন দরজা দিয়ে প্রাসাদ অন্তঃপুরে চলে গেল ঈনিস। দেখল রাণী হেকুরা তার সহচরীদের নিয়ে রাজা প্রিয়ামের কক্ষে আশ্রম নিয়েছে। এমন সময় দেখা গেল প্রিয়ামের কনিষ্ঠ পুত্ত পোলাইতেসকে তাড়া করে আনছে পাইরাস। প্রিয়ামের পায়ের কাছে পোলাইতেসকে নির্মাজাবে হত্যা করল পাইরাস। প্রিয়াম তখন ক্রোধ সংবরণ করতে না পেরে একটা তার ছুঁড়ে মারল পাইরাসকে। কিন্তু তারটা তার ঢালের উপর আটকে গেল। তখন পাইরাস প্রিয়ামকে তার আসনের উপরেই হত্যা করল।

ঈনিস নিজেও আহত হয়েছিল এর আগে। সে এখন অসহায়। ভাই নীরবে গোপনে সে প্রাসাদ অন্তঃপুর পার হয়ে ভার বাড়ির দিকে এগিয়ে যেতে লাগল।

যেতে যেতে হঠাং এক জায়গায় থমকে দাঁড়াল ঈনিস। দেখল হেলেন
দাঁড়িয়ে রয়েছে একা। হেলেনকে দেখার সঙ্গে সঙ্গে মাথার সব রক্ত গরম
হয়ে উঠল ঈনিসের। তার কেবলি মনে হলে। এই অভিশপ্ত। নারীই উয়ের
পতনের কারণ। কত বীরের অম্ল্য জীবন এই নারীর জন্ম অকালে বিনষ্ট
হয়েছে।

হেলেনকে হত্যা করার জন্ম ভরবারি উন্মত করতেই ঈনিসের মা ডেনাস এসে ভার ও হেলেনের মাঝখানে দাঁড়িয়ে তাকে তাব পরিবারের লোকজনকে বাঁচাবার জন্ম তাকে বাভি যেতে বলল।

হেলেনকে ছেড়ে দিয়ে নিজের বাভির দিকে রওনা হলে। ঈনিস। চারদিকের লড়াই আর অগ্নিকাণ্ডের মধ্যে দিয়ে পথ করে তার মাতাকে নিরাপদে নিয়ে যেতে লাগল। বাড়িতে গিয়ে ঈনিস দেখল তার বাবা বৃদ্ধ এটা কিনেস মৃত্যুর জন্ম এক স্তর্ধ অটল প্রতীক্ষায় বসে আছে। সে ঈনিসকে বলল, আমাকে আর বহন করে কোথাও নিয়ে যেতে হবে না। আমি এমনিতেই বৃদ্ধ এবং ঝার বেশী দিন বাঁচব না। তাছাড়া টুয়ের ধবংসের পর আর আমি বেঁচে থাকতেও চাই না। তৃমি বরং তোমার পুরু লুলাসকে বাঁচাবার চেষ্টা করো। ও ভবিশ্বতে বড় হবে। রাজা প্রিয়ামের মত আমিও আমার বাড়িভেই মৃত্যুবরণ করতে চাই। প্রজ্ঞানিত অগ্নির

লেলিছান শিখা আমাদের বাড়ির দরজার কাছে পর্যন্ত এগিয়ে এশেছে।

এ কথা শুনল না পিতৃভক্ত ঈনিস। সে তার পিতাকে কাঁথে করে তার আই ক্রেডিসা ও পুত্র লুলাসকে সলে নিয়ে বাভি ছেভে দেবী সাইপ্রেসের মন্দিরের দিকে রওনা হলো। তাদের গৃহদেবতা বিগ্রহটিকে তার বাবার হ তে দিল।

রাজপথে চারদিকে জোর লড়াই আর অগ্নিকাণ্ড সমানে চলতে থাকার জন্ম রাজপথ ছেড়ে অন্ধকার গলিপথ ধরে এগিয়ে যেতে লাগল ঈনিস। সে নিজে একজন অসমসাহসিক বীর যোদ্ধা হলেও আজ প্রতিটি ছায়া দেখে শক্রসৈক্ম ভেবে ভয়ে আঁতকে উঠতে লাগল ঈনিস। কারণ নিজের প্রাণের ভয় সে না করলেও ভার স্ত্রী পুত্র ও বৃদ্ধ বাবার নিরাপত্তার জন্ম আজ এতথানি ভীত সম্বস্ত হয়ে পড়েছে।

একটা ভান্ধা গেটের কাছে তারা আসার সঙ্গে সন্ধে বৃদ্ধ এনাঙ্কিসেস বলল, গ্রীকরা উচ্ছল অন্ত্র হাতে এগিয়ে আসছে। আমি স্পষ্ট দেখতে পাচ্ছি।

এমন সময় ঈনিস দেখল অন্ধণারে তার পুত্র ও স্ত্রী কোথায় অদৃশ্য হয়ে গেছে। সে থেমে চারদিকে তাকিয়ে কাউকে দেখতে না পেয়ে সেই মন্দিরে গিয়ে হাজির হলো। সেথানে তার পুত্র এসে পৌছলেও তার স্ত্রীকে দেখতে পেল না। তথন সে তার পিরাও পুত্রকে দেখানে রেখে তার স্ত্রীর খোঁজে আবার জনস্ক শহরে ফিরে গেল। তার বাড়িতে ফিরে গিয়েও দেখল বাড়িটা আগুনে পুড়ছে। প্রিয়ামের বিধ্বস্থপ্রায় প্রাসাদেও দেখতে পেল না কেউসাকে। ফেরার পথে সহসা কেউসার এক প্রেত্তম্ভি এসে তাকে বলল, আমি গ্রীকদের হাতে বন্দী হয়ে এই নগরছার অতিক্রম করতে চাই না বলেই স্বেচ্ছায় প্রাণত্যাগ করেছি। আমার জন্ম হুংখ করে। না। তোমরা অনেক কন্ত করে সমুদ্র পার হয়ে হেসপীরিয়া নামে এক শত্মসমূদ্ধ নতুন দেশের সন্ধান পাবে। সেখানেই তুমি এক নতুন স্ত্রী পেয়ে সংসার পাতবে নতুন করে। টাইবার নদীবিখেত সেই উর্বর ও শত্মগ্যমলা দেশে তোমরা গিয়ে বসতি স্থাপন করবে।

এই কথা বলেই কোথায় মিলিয়ে গেল ক্রেউসার প্রেডযুর্ভিটি। ঈনিস ভথন ভাকে আলিঙ্গন করতে গেল। কিন্তু পারল না। এইভাবে সারাটা রাভ কেটে গেল। সকাল হতেই জলস্ত নগরপ্রাচীরের বাইরে সেই মন্দিরে ফিরে গেল। গিয়ে দেখল ভার পিতা ও পুত্র ছাড়াও উয়ের বহু উদ্বাস্ত নরনারী ও শিশু সমবেত হয়েছে। তাদের ঘর বাড়ি সব পুড়ে গেছে। নগরত্র্গ অধিকার করে শক্রসৈক্তরা পাহারা দিছে।

ঈনিসের নেতৃত্বে তথন টুয়ের উবাস্তরা বিধ্বন্ত টুয়নগরীর সব মায়া মমতা থেড়ে ফেলে অজানার উদ্ধেশ্যে পাড়ি দিল। তারা একেবারে সহায় সম্বল-হীন বলে সমুদ্রের ধারে গিয়ে গাছ কেটে জাহাজ ও নৌকো তৈরি করে সমুদ্রবাজার জন্ত তৈরি হলো। কিছ সাত বছর ধরে অপেকা করতে হলো তাদের। এর মধ্যে সকল হলো না তাদের সমূদ্রবাজা। কারণ টুয়বিরোধী জুনো তাদের বাধা দিছিল ক্রমাগত। এমন কি বাতাস ও সমূদ্রতরক্তকে পর্যন্ত ট্রয়ের উবাল্পদের বিক্তছে প্রারোচিত করছিল এতদিন।

যাই হোক, শত বাধা বিপত্তি সত্তেও ঈনিস তার দলবল নিয়ে দীর্ঘ সমুত্রযাত্তার পর অবশেষে ইতালিতে এসে পৌছয়। সেধানকার রাজা ল্যাটিনাস ঈনিসের সঙ্গে তাঁর একমাত্ত সস্তান কলা ল্যাভিনিয়াকে বিবাহ দেন। ল্যাভিনিয়ার এক পাণিপ্রার্থী ছিল। তার নাম টার্নাস। ল্যাভিনিয়ার সঙ্গে ঈনিসের বিয়ের সব ঠিক হয়ে গেলে টার্নাস ঈনিসকে যুজে আহ্বান করল। ঈনিসের বিজ্ঞার কাছে দাড়াতে পারল না টার্ণাস। যুজে প্রতিজ্লীকে নিহত করে রাজকলাকে লাভ করল ঈনিস। পরে সে টাইবার নদীর ধারে এক নতুন রাজ্য গঠন করে অ্থে শাস্তিতে বাস করতে লাগল।

এদিকে ট্রনগরী দগ্ধ ও ভশ্মীভূত হ্বার সঙ্গে সঙ্গে হেলেনের মনের মধ্যেও জলতে লাগল অনুশোচনার আগুন। ব্যাকুলভাবে সে মেনেলাসের থোঁজ করে বেড়াতে লাগল এবং ভাকে পাবার সঙ্গে সঙ্গে সে ভার পারের উপর পড়ে কমা ভিক্ষা করতে লাগল। মেনেলাস যথন দেখল ক্ষণিকের ভূর্মতিবশভঃ ভাগ্যের চক্রান্তে হেলেন ভূল করে পালিয়ে এলেও সে ভার ভূল ব্রতে পেরেছে তথন সে ক্ষমা করল তাকে। পরে তাকে সঙ্গে নিয়ে স্থদেশ অভিমুখে যাত্র। করল।

মেনেলাস বিধবন্ত রাজপ্রাসাদে প্যারিসের অনেক থোঁজ করেও তাকে ধরতে পারল না। নিজের হাতে তার পাপের শান্তি দিতে সে পারল না। কিন্ত প্যারিস মেনেলাসের হাতে ধরা না পরলেও এর আগে ফিলোকটেটিসের হাত হতে নিক্ষিপ্ত হার্কিউলেসের একটি বিষাক্ত তীরে সে ভয়ক্করভাবে আহত হয়। সে আঘাতে যে ক্ষতের সৃষ্টি হয় তার দেহে আর সে ক্ষত সারল না।

উন্নগরী সম্পূর্ণরূপে বিধান্ত হয়ে গেলে নগর ছেড়ে কোনরকমে খুঁড়িয়ে খুঁড়িয়ে আইডা পর্বতের সেই অরণ্য অঞ্চলে চলে গেল প্যারিস। কারণ সে জানত একমাত্র তার প্রথমা পত্নী ঈননই পারে তাকে এই তৃষ্ট ক্ষত থেকে আরোগ্য করতে। ঈননের কাছে পোঁছে কাতর মিনতি করে ক্ষমা চাইতে লাগল প্যারিস। বারবার বলতে লাগল এখানকার অরণ্য অঞ্চল থেকে এক তৃত্থাপ্য ঔষধ আহরণ করে তাই দিয়ে একমাত্র তৃমিই আমাকে আরোগ্য করতে পার ঈনন। আমাকে আবার নতুন জীবন দান করতে পার। তোমার প্রতি অঞ্চায় ও অবিচার করে যে তৃল শে পাপ আমি করেছি তার যথোচিত প্রায়শ্চিত্তও আমি ক্রেছি। স্ক্রাং ক্ষমা করে। আমায়।

শোনা যায় ঈনন নাকি প্যারিসকে ক্ষমা করে ভার রোগ সারিয়ে দেয় পুরাণ—>• এবং প্যারিস তার সঙ্গে নতুন করে ঘর সংসার করতে থাকে। কিছু আবার আনেকে বলেন ঈনন নাকি প্যারিসকে ক্ষমা করে নি। সে তার সব কাতর আবেদন সরোবে প্রত্যাখ্যান করে তাড়িয়ে দেয় তাকে। তথন প্যারিস মনের ছঃখে তারই হাতে গড়া সেই ঘর ছেড়ে অরগ্যের গভীরে গিয়ে অনাহারে অনাদৃত অবস্থার পড়ে থাকে। চলংশক্তিরহিত প্যারিস নিজের থাবার খুঁজেও থেতে পায়ত না। কলে কিছু দিনের মধ্যেই তার মৃত্যু হয়। কয়েকজন রাখাল তার মৃতদেহটি একদিন আবিস্তার করে। এই রাখালরাই ছিল প্যারিসের বাল্যের সহচর; একসক্ষে পশু চরাত। আজ তারা প্যারিসের মৃতদেহটি সহজেই চিনতে পারে। একটি চিতায় বখন প্যারিসের শ্রুটিকে দাহ করছিল তখন সেই পথ দিয়ে ঈনন কোথায় যাচ্ছিল। রাসের মাথায় তার স্থানী প্যারিসকে তাড়িয়ে দেবার পর থেকে সেও অয়ভাপের জালা অহুভব করছিল। এখন প্যারিসের মৃত্যু সংবাদ শুনে সেও অলস্থ চিতার উপর ঝাঁপ দিয়ে পড়ল।

উয়যুদ্ধে গ্রীকরা জয়ী হলেও সব গ্রীকবীরেরা কিছ স্বদেশে প্রত্যাবর্তন করতে পারল না সহজে। অনেকে আবার স্বদেশে প্রত্যাবর্তন করেও স্থাব লান্তিতে জীবন যাপন করতে পারল না। কেরার পথে সমুদ্রদেবতা পসেডন তাদের সহায়তা করেননি। এক প্রবল সামুদ্রিক ঝড়ে ওডেসিয়াস ও অনেকে পথ হারিয়ে বিভিন্ন দীপে ঘুরে বেড়াতে থাকে।

এদিকে রাজা এ্যাগামেননের রাজপ্রাসাদে চলছিল তার বিরুদ্ধে এক ভয়ঙ্কর বড়যন্ত্র। আব সেই বড়যন্ত্রের নায়িকা ছিল তার স্ত্রী রাণী ক্লাইতেমেস্ত্রা নিজে।

যুদ্ধবাজার সময় দেবতাদের ক্বপালাভের জ্বন্ত কক্সা ইফিজেনিয়াকে এয়াগামেনন জাের করে বলি দিলে ক্লাইতেমেন্ত্রা তার একাজ্ব সমর্থন করতে পারেনি। উন্টে এয়াগামেননের অন্পশ্বিতির স্থযোগ নিয়ে তার বিক্ষত্বে এক ষড়বন্ধে মেতে ওঠে।

এ্যাগামেননের খুড়তুতো ভাই জ্ঞাতিশক্ত এজিসধাস ছিল তুই প্রকৃতির লোক। ট্রয় অভিযানের সময় সে যুদ্ধে না গিয়ে গোপনে গা ঢাকা দিয়ে ধাকে এবং গ্রীকরা সকলে চলে যাবার পর সে আত্মপ্রকাশ করে।

এদিকে স্থামীর উপর চরম প্রতিশোধ নেবার জন্ম স্থামীর জ্ঞাতিশক্র এজিসথাসের সঙ্গে অবৈধ প্রণয় সম্পর্কে আখদ্ধ হলো রাণী। রাণীকে হাতের মুঠোর মধ্যে পেয়ে রাজা এগাগামেননের গোটা রাজ্যটা দখল করে নিয়ে তা ভোগ করতে লাগল এজিসখাস। তার উপর নিজের স্থার্থসিদ্ধির জন্ম ঘোষণা করল টুরযুদ্ধে রাজা এগাগামেনন মারা গেছে।

এজিস্থাস রাজা এ্যাগামেননের খৃড়তুতো ভাই। এজিস্থাসের বাব। আর এ্যাগামেননের বাব। ছই ভাই ছিল। কিছু সেই ছুই ভাইএর মধ্যে দারুণ শক্ততা ছিল। সেই আত্বিরোধ আর শক্ততা তাদের ছেলেদের মধ্যেও সঞ্চারিত হর।

প্রথম প্রথম এজিনখান ও ক্লাইতেমেন্ত্রা তুলনেই ভাবে এ্যাগাম্বেনন সন্তিয় সভিয়ই মারা গেছে। কিছু টুর্যুদ্ধের অবসানের সলে শবের এক রাজা এয়াগামেনন জীবিত আছে এবং সন্লবলে দেশে কিরছে। তথন ভারা তুজনেই এয়াগামেননকে হভ্যা করার বড়বন্ত্র করতে লাগল।

যথাসময়ে রাজ। এ্যাগামেননের আগমন বোষিত হলো। তথন হত্যার বড়বছ ওপের সারা হয়ে গেছে। এটাগামেননের রথ রাজপ্রাসাদের সামনে এসে দাঁড়াতেই কপট অভ্যর্থনায় কেটে পড়ল রাণী ক্লাইতেমেন্ত্র!। প্রাসাদ অভ্যন্তরে প্রবেশের গোটা পথটা লাল কার্পেট বিছিয়ে রেথেছিল আগে হতে। টুয়ের রাজা প্রিয়ামের কলা ক্যাসাগ্রা এ্যাগামেননের সঙ্গে ছিল বন্দিনী অবস্থায়। তাকে দেখে আরও ক্র্ধ হয়ে উঠল ক্লাইতেমেন্ত্রার মনটা। কিন্তু মুখে সে বিষয়ে কোন কথা প্রকাশ করল না।

ভবিশ্বতের সব কিছু জানতে পারার অত্ত এক ক্ষমতা ছিল ক্যাসাণ্ডার।
সে লাল কার্পেট দেখেই নিউরে উঠন। তাতে রক্তের দাগ দেখতে পেল
সে একা। রাজপ্রাসাদের দেওয়ালেও সে কুলক্ষণ দেখতে পেল। এই
সব কুলক্ষণ দেখে সে ব্যতে পেরেছিল এই সব সাদর অভ্যর্থনার অভ্যরালে
এক কুটিল ষড়যন্ত্র লুকিয়ে আছে এবং অবিলম্বে তা আত্মপ্রকান করবে।
তাই যথন তাকে রাজার সঙ্গে প্রাসাদের ভিতর নিয়ে যাওয়া ছচ্ছিল তথন
সে এক ভ্য়ার্ত চিৎকারের সঙ্গে সঙ্গে কিছু হটছিল। ভিতরে যেতে চাইছিল
না। কিন্তু তার সে চিৎকারে কেউ কান দিল না। ভাবল আত্মীয়
বজনকে হারিয়ে লোকে ভ্রেখে পাগলের মত হয়ে গেছে ক্যাসাও।।

প্রাসাদের ভিতর গিয়েই রাজা এ্যাগামেনন স্থান করতে চাইল। রূপোর টবে জল ভরে দেওয়ার ব্যবস্থা করল ক্লাইতেমেস্ত্র। কিন্তু এ্যাগামেনন স্থানের জন্ম গাংশকে জ্ঞানা কাণড় খুলে ভৈরি হতেই কৌলল করে ভার মাথার উপর একটা মোটা জাল কেলে দিল ক্লাইভেমেস্ত্রা। জালটা ভাকে যিরে কেলল চারদিক থেকে। সেই জ্ঞালটা ভার উপর থেকে যভই সরিমে দেবার চেষ্টা করতে লাগল এ্যাগামেনন ভত্তই লে জ্ঞাড়িয়ে পড়তে লাগল। ঘটনার আক্মিকভায় এমনভাবে জ্ঞাক ও অভিভূত হয়ে গেল এ্যাগামেনন যে কোন কথাই বলতে পারল না।

কিন্ত তথনো এনাগামেনন ব্বতে পারেনি তাকে ঠিক সেই মৃহুর্তে হত্যা করার জন্ত একজন সেই কক্ষের ঘারপথে ছষ্ট ব্যাধের মত এক ধারাল কুঠার হাতে দাঁড়িয়ে আছে। ক্লাইতেমেস্তার কাছ থেকে ইংগিত পাবার সঙ্গে সঙ্গে কুঠার হাতে এ্যাগামেননের উপর ঝাঁপিয়ে পড়ল এজিলখাল। রাজা এ্যাগামেনন কিছু ব্বতে পারার আপেই তার দেহ ক্ষত বিক্ষত হলে। এজিলখালের কুঠারাবাতে। অবনেধে মাধার জাের আঘাত পেরে ল্টিয়ে পড়ল সে

রক্তাক্ত দেহে। একমাত্র ক্যাসাপ্ত। শোকে চিৎকার করে উঠল তা দেখে। এবং ক্লাইতেমেন্ত্রা নিজের হাতে হত্যা করল ক্যাসাপ্তাকে।

এজিসথাসের রক্ষীরা প্রাসাদের চারদিকে বাঁটি গেড়ে বসেছিল। রাজ্যের প্রধানদেরও ছলে বলে কৌশলে সকলকে বশীভূত করে কেলল এজিসথাস। রাজাকে হত্যা করার সক্ষে গলে রাণী ক্লাইতেমেস্ত্রা সদস্তে ঘোষণা করল যে রাজাকে হত্যা করে তার কলাহত্যার প্রতিশোধ নিয়েছে। মাইসেনার জনগণ ভয়ে কেউ কোন কথা বলতে পারল না।

রাজা এ্যাগামেননের তৃটি কল্পা আর একটি মাত্র পুত্র সস্তান ছিল। বড় মেরে ইফিজেনিয়াকে বলি দেবার সময় দেবী ভাকে অলোকিকভাবে বাঁচিয়ে কোন এক মন্দিরের পূজারিণী করে রাখেন। ভাকে সন্ত্যাসজীবন যাপন করতে হয়। ঘিতীয় ইলেক্টা আর পুত্র ওরেস্টেস প্রাসাদে মার কাছেই থাকত। রাজা এ্যাগামেনন যথন উয়যুদ্ধের জল্প অভিযান শুরু করে তথন ওরেস্টেসের জন্ম হয়! এ্যাগামেননকে যথন হতা করা হয় তথন ভার বয়স মাত্র এগারো বারো। ওরেস্টেস বড় হয়ে যাতে এজিস্থাসের উপর পিতৃহত্যার প্রভিশোধ নিতে না পারে ভার জল্প তাকেও হত্যা করার চক্রান্ত করতে লাগল এজিস্থাস। ভাছাড়া বড় মেয়ে ইফিজেনিয়াকে হারাবার পর থেকে ভার অলু সস্তানদের উপর ক্ষেহ ভালবাসা একেবারে কমে যায় ক্লাইডেমেন্ত্রার। তার উপর এজিস্থাসের উপর খুব বেশী সে নির্ভর করত বলে ভার মভের বাইরে কোন কাজ করত না। এজিস্থাসের কোন কাজের বিরোধিতা করত না কথনো। এজিস্থাসকে খুশি করার জল্পই ভার নিজের মেয়ে ইলেক্টাকে ক্রীভদাসীর মত থাটাত এবং আপন পুত্রসস্তান ওরেস্টেসকেও মোটেই ভালবাসত না।

ইলেক্ট্র। যথন ব্রতে পারল তার ভাই ওরেস্টেসকে হতাকৈরবে এজিসধাস তথন সে তাদের এক বিশ্বন্ত পুরনো কর্মচারীর সঙ্গে তার বাবার আত্মীয় ও হিতাকান্দ্রী কোসিসের রাজা স্ট্রোফিয়াসের কাছে পাঠিয়ে দিল। সেধানে থেকেই সে যাতে মান্ত্র্য হয় তার ব্যবস্থা করে দিল। প্রাসাদের সকলে জানল এক কর্মচারী ওরেস্টেসকে চুরি করে নিয়ে পালিয়ে গেছে।

এজিদধাস নিশ্চিন্ত হলো।

এদিকে স্টোফিয়াসের রাজপ্রাসাদে ভালভাবেই মান্ত্র্য হতে লাগল ওরেস্টেন। স্টোফয়াসের পাইলেদস্নামে এক পুত্রসন্তান ছিল, যে ছিল ওরেস্টেসেরই সমবয়সী। জ্লাদিনের মধ্যেই তৃজনের মধ্যে গভীর ভাব ভালবাসা জয়ে উঠল। অভিন-আআ হয়ে উঠল তৃজনে। ওরেস্টেস বড় হমে ভার জীবনের সব বথা ভার অভিনেল্নয় বন্ধু পাইলেদস্কে খুলে বলল। বলল ভার কঠিন প্রভিজার কথা। সে পিতৃহভারে প্রভিশোধ নেবেই। ভার পিতৃহভাকে হভাগ না করা প্রভং শান্তি পাবে না সে জীবনে।

পাইলেদস্ভ সব কিছু ভনে তাকে এ কাজে সাহাষ্য করার প্রতিশ্রতি দিল।

বৌবনে পা দিয়েই তার উদ্বেশসাধনের জন্ত পাইলেদসকে সঙ্গে নিয়ে মাইলেনার পথে রওনা হলো ওরেস্টেন। অবশেষে শহরে গিয়ে পৌছল রাতের অন্ধকারে। রাতটা তারা এ্যাগামেননের সমাধিওস্তের কাছে কাটিরে সকাল হতে রাজপ্রাসাদে বাবার জন্ত প্রস্তুত হলো। তারা যাবার জন্ত উন্থত হতেই সেখানে ইলেক্ট্রা এসে হাজির হলো। পিতার সমাধিতে রোজ সকালেক্ল দিয়ে শ্রদ্ধাঞ্জলি দিতে আসত ইলেক্ট্রা।

প্রথমে ইলেক্টার কাছে আপন পরিচয় গোপন রাখল ওরেস্টেন। তার এক প্রশ্নের উত্তরে বলল তারা কোসিন থেকে আসছে। ইলেক্টা তথন ওরেস্টেনের কথা জিজ্ঞানা করতেই ওরেস্টেন বলল, সে এক রখ প্রতিযোগিতায় মারা গেছে। তথন ইলেক্টা তার ভাইএর জক্ত যথন কাঁদতে লাগল আকুলভাবে তথন তার দিদির কাছে নিজের দব পরিচয় না দিয়ে পারল না। প্রনাশস্বরূপ তার নিজের হাতে পাঠিয়ে দেওয়া তাদের বাবার আংটি। দেখাল। তার উদ্দেশ্তের কথা জানতে পেরে খুলি হলো ইলেক্টা। তারা তথন তিনজনেই যুক্তি করে প্রাসাদের দিকে এগিয়ে যেতে লাগল। হত্যার ষড়যত্রের সব কিছু ঠিক হযে গোল সক্ষে সঙ্গে। ওরেস্টেন প্রাসাদে গিয়ে প্রথমে এজিস্থাসের হিতাকালী সেজে ওরেস্টেনের মৃত্যুসংবাদ দান করল। তারপর হাতে ধরে থাকা এক ভন্মপাত্র দেওজ্যা রক্ষিত আছে।

ভার পথের কাঁটা চিরভরে দ্রীভৃত হয়েছে শুনে আনন্দে আত্মহারা হয়ে উঠল এজিসথাস। ওরেন্টেস ও পাইলেদসকে এক ভৃড়িভোজে আপ্যায়িত করল সে। রাজা ও রাণী হজনে ভাদের কাছে বসে একসঙ্গে থেতে লাগল। থাওয়া শেষ হতেই কৌশলে ইলেক্টা ভৃত্যদের প্রাসাদ থেকে অন্ত কোথাও কোন না কোন কাজে পাঠিয়ে দিল। ওরেন্টেস আর পাইলেদস্এর কাছে শুধু হটি তীক্ষ ছোরা ছাড়া আর কোন অন্ত ছিল না। এই অন্ত হটি গোপনে ভাদের পেটের কাছে ঢোকানো ছিল।

অ্যোগ ব্রে এক সময় পাইলেদস্ এজিস্থাসকে এবং ওরেস্টেস ভার মাকে ধরে ফেলল। ভারপর ছজনে ভাদের সেই ছোরা দিয়ে হড্যা করল ছজনকে। ওরেস্টেস চিৎকার করে ভার মাকে বলল, একবার মনে করো দেখি রাজা এ্যাগামেননের কথা, মনে ভেবে দেখ, কেমন করে অভারভাবে হড্যা করেছ তাঁকে। আজ ভার প্রতিশোধ নেবার সময় হয়েছে।

তার মা তার কাছে কাতরভাবে প্রাণভিক্ষা চাইলেও সেকথা শুনল না গুরেস্টেস। তার বুকে সেই ছুরিটা আমৃদ-বসিরে দিল। এজিসখাসের স্থাতদেহের পাশেই পড়ে গেল ক্লাইভেমেল্লা।

ব্যাপারটা ক্রমে জানাজানি হয়ে গেলে প্রাসাদের ভূড্যরা বা

সেনাবাহিনীর লোকেরা কেউ কোন কথা বলল না। অভ্যাচারী এজিস্থাসের উপর সকলেই রেগে ছিল। ভারা স্বাই জানভ অক্সায়ভাবে রাজা এগাগামেননকে হত্যা করে ও রাণীকে হাত করে ভার রাজ্য দখল করে সে অভ্যাচার করে যাছে প্রজাদের উপর। ভাই ভারা বখন জনল ওরেস্টেস ভার পিতৃহস্তাকে বধ করে পিভার সিংহাসনের উত্তরাধিকারী হতে এসেছে ভখন ভারা খুনি হলো। তবে রাজ্যের ব্যোপ্রবীণ লোকেরা এক অভিশাপের ভয় করতে লাগল। ভারা ভাবতে লাগল ভার মা যত অক্সায় বা অপরাধই করুক না কেন, ওরেস্টেসের নিজের হাতে মাকে বধ করা উচিত হয়নি। এই পাপের জন্ত ভাদের রাজ্যে দেবভার অভিশাপ বর্ষিত হতে পারে।

এদিকে তার মার মৃতদেহটা সমাহিত হবার সঙ্গে সংক্ষেই পাগলের মত হয়ে গেল ওরেস্টেস। ইলেক্টা ও পাইলেদস্ অনেক করে তাকে ব্রিয়েও তার মাথাটাকে স্বাভাবিক করে তুলতে পারল না। তথন রাজ্যের একজন লোক বলল অভিনপ্ত ওরেস্টেসকে পাথর ছুঁড়ে মেরে ফেলা হোক। তানা হলে ওর পাপ স্থালন হবে না। তবে বেশীর ভাগ লোক বলল তাকে নির্বাসন দেওয়া হোক। তথন পাইলেদস্ ও ইলেক্টা হুজনেই তার সঙ্গে প্রাসাদ ছেড়ে অজ্ঞানার পথে রওনা হলো।

প্রথমে তারা গেল এ্যাপোলোর মন্দিরে। মন্দিরে দেবতার উদ্দেশ্যে তীব্র ভাষায় ভংগনার কথা বলতে লাগল ওরেস্টেল। মনে হলো সে তার চৈতন্য কিরে পেয়েছে। সে বলল, সে যথন পিতৃহত্যার প্রতিশোধ নেবার আগে প্রথমে এই মন্দিরে এসে এ্যাপোলোর শরণাপন হয় তথন এ্যাপোলো তাকে এ কাজে উৎসাহ দেন। কিন্তু মাতৃহত্যা তার পক্ষে অচিত বা অধর্মের কাজ হবে একথা স্পষ্ট করে তিনি তাকে বলে সাবধান করে দেননি।

সেদিন স্বপ্নে ওরেস্টেসকে দেখা দিলেন এ্যাপোলো। তাকে বললেন, এক বছর আর্কেডিয়ার জললে গিয়ে নির্বাসনে থাকতে হবে। তারপর দেবতাদের এক সভায় তার ক্বতকর্মের বিচার হবে এবং খুব সম্ভবত দেবতারা তার মাতৃহত্যার পাপ খালন করবেন।

এই একটি বছর প্রতিহিংসার অপদেবতারা সর্বত্র ও সর্বন্ধণ তাড়িয়ে নিয়ে বেড়ায় ওরেস্টেসকে। ইতিমধ্যে পাইলেদস্ ইলেক্ট্রাকে বিয়ে করেছে। পাইলেদস্ তার উপযুক্ত বয়ৣয়ই কাজ করেছে। এবটিবারের জন্তও হতভাগ্য ওরেস্টেসের সঙ্গ ত্যাগ করেনি। সে একবার ফোসিসে তার বাবার কাছে কিরে গেলে তার বাবা তাকে মাতৃহস্তা ওরেস্টেসের সঙ্গ ছাড়ার জন্ত চাপ দিয়েছে এবং তা বয়ার জন্ত তাকে বাড়ি থেকে রাজ্য থেকে বিভাড়িত করেছে। তবু তার বয়ুছের সভভায় ও বিশ্বত্তায় অচল অটল থেকেছে পাইলেদস্।

श्वरतान्त्रेन पथन विथानिहे यात्र প্রতিহিংসার অপদেবী ইউমেখনাইদেসএত

সহচরীরা তার অন্নসরণ করতে থাকে। তাকে সারাদিন নানারূপ দৈহিক ও মানসিক যন্ত্রণায় পীড়িত করতে এবং রাজি হলেই তার ঘূমের মাঝে নানা রকম ভয়াবহু তুঃস্বপ্লের স্ঠি করে তার ঘূমের ব্যাঘাত ঘটাতে থাকে।

একসময় ওরেস্টেস এই যন্ত্রণায় ভীষণভাবে কাতর হয়ে পড়লে পাইলেদস্ ও ইলেক্টা ত্রনে মিলে তাকে আবার এ্যাপোলোর মন্দিরে নিয়ে বায় প্রতিকারের আশায়।

এ্যাপোলো তথন তাকে নির্দেশ দিলেন, তার পাপখালনের জন্ম তাকে এক বিপজ্জনক সমূদ্র্যাত্তার মধ্য দিয়ে তাকে স্কাইথিয়ার অন্তর্গত তরিসের মন্দিরে গিয়ে আর্তেমিসের বিগ্রহ মৃতিটি নিয়ে আসতে হবে। কিছ এটি বড় কঠিন কাজ। কারণ সেখানকার রাজা বড় নিষ্ঠ্র প্রস্কৃতির এবং সেখানকার জনগণ মারমুখী। ফলে কোন বিদেশী সেখানে গিয়ে টিকতে পারেনা।

তবু পাইলেদস্ স্কাইথিয়া যাবার সব ব্যবস্থা করে ফেলল। পঞ্চাশ জন নাবিকসহ এক জাহাজে করে নির্ভয়ে রওনা হলো তারা।

কিন্ত ওরেস্টেস জানত না তরিসের মন্দিরে যে সন্ত্যাসিনী পুরোহিত হিসাবে কাজ করে সে তার বড় বোন ইফিজেনিয়া। তাকে বলি দেবার সময় দেবী আর্তেমিস রহস্থজনকভাবে অদৃশ্য অবস্থায় তুলে নিয়ে এই মন্দিরের পূজারিণী হিসাবে রেখে দেন। স্থতরাং তার পর থেকে বছ দ্রে থাকায় দ্বীয়যুদ্ধের কথা, তার বাড়ির কথা কিছুই জানতে পারেনি সে।

ইফিজেনিয়া অবশ্য তার বাড়ির কথা জানতে চেয়েছে মাঝে মাঝে ।
মাঝে মাঝে বদেশে ফিরে যাবার জন্ম মন তার ব্যাকৃল হয়ে উঠেছে। কিছ
ভার কোন স্থাগ পায়নি কারণ কোন গ্রীক জাহাজ এ দেশের উপকৃলে
কথনো আসেনি। শুধু গ্রীক জাহাজ নয় কোন বিদেশী জাহাজই এখানে
আসতে সাহস পায় না। তার কারণ এ দেশের উপকৃল বড় বিপজ্জনক;
এ উপকৃল যেমন সব সময় ঘন কুয়াশায় ঢাকা থাকে তেমনি এখানে প্রায়
সব সময় ঝড় বইতে থাকে। তার উপর এ দেশের অধিবাসীরা বড় শুয়য়র।
এখানে কোন বিদেশী এসে পড়লেই ভারা তাকে ধরে নিয়ে দেবী আর্তেমিসের
মন্দিরের সামনে বলি দেয়।

একদিন তার মন্দিরের চত্তরে দাড়িয়ে সমুদ্রের চেউএর দিকে এক মনে ভাকিয়েছিল ইকিজেনিয়া। এমন সময় একজন লোক হুজন যুবককে সে মন্দিরের সামনে বলি দেবার জন্ম নিয়ে আসে। তাদের ভাষা ভনে ইকিজেনিয়া বুঝল, তারা জাতিতে তারই মত গ্রীক। কিন্তু তাদের জন্ম ছুঃখ প্রকাশ ছাড়া আর কিছুই করার নেই।

ইফিজেনিয়া তাই তাদের ছংখের দক্ষে বলল, হে হতভাগ্য যুবক,
ভাষি তোষাদের অভ্যৰ্থনা জানাতে পারলাম নাঃ তোষরা এদেনের

আইন কাছন জান না। কোন বিদেশী এদেশের মাটিতে পদার্পণ করলেই আর্ডেমিদের মন্দিরের সামনে তাকে বলি দিতে হবে। এই হচ্ছে এখানকার নিরম।

বন্দীদের একজন বলল, যে দেশের মাছ্য দেবভায় বিশাস করে এবং দেবভার পূজা করে সে দেশে এই বর্বরোচিত নিয়ম কি ভাবে প্রচলিড থাকতে পারে ?

अन वन्नी युवकि नीवाव खात्र खात्र हात्र नितक खाकार नागन।

প্রথম বন্দীটি আবার বলল, ভাগ্যের দোবে আমরা এখানে এসেছি, আমরা ভোমার সাহায্য চাই।

रेक्टिकिनिया वनन, ट्यामार्मित मत्र एटे हरव।

তথন তরিসের একজন লোক তাদের পরিচয় জিজ্ঞাসা করল। কি**স্ক** বন্দীরা তাদের পরিচয় দিল না।

তথন ইফিজেনিয়া বলল, আমি শুধু এইটুকু তোমাদের জন্ম করতে পারি। তোমাদের একজনকে বাঁচাতে পারি রাজার কাছে প্রাণভিক্ষা চেয়ে। কিছ একজনকে প্রাণবিদ্য দিতেই হবে দেবীর কাছে।

তথন পাইলেদস্ও ওরেস্টেস তৃজনেই বলতে লাগল, আমি মরতে চাই। ওকে বাঁচাও।

ওরেস্টেস বলল, আমি বাঁচতে চাই না। আমাকে বলি দাও। আমি মরে গেলে কেউ কাঁদবে না। আমার মাবাবালী পুত্ত কেউ নেই। কিছ ও সম্রাতি বিয়ে করেছে। ওর স্ত্রী ও মাবাবা আছে।

কিন্তু পাইলেদ্স্ বলল, না না, আমাকে বলি দাও, আমার বন্ধুকে বাড়ি পাঠিয়ে দাও।

কিছ ওরেন্টেদ বলল, আমি বাঁচব আর ও বাঁচবে না। তা হতে পারে না। পাইলেদ্স্ বলল, ওর মৃত্যু ঘটলে এক বিরাট বংশ অবলুপ্ত হয়ে যাবে চিরদিনের মত। তুমি জান না, ও কত বড় বংশের ছেলে।

ইফিজেনিয়া তথন আশ্চর্য হয়ে বলল, কে তোমরা, তোমাদের আসল পরিচয় কি? তোমাদের তুজনের মত এমন বন্ধুত্ব কথনো দেখিনি। বন্ধুর জন্ত হাসিমুখে প্রাণবলি দেবার জন্ত এমন উন্থ হয়ে ওঠে এমন লোক পৃথিবীতে সভিটেই বিরল।

তখন ওরেন্টেসই প্রথম নিজের পরিচয় দান করল। বলন, আমি হচ্ছি এ্যাগামেননপুত্র ওরেন্টেস। আজ আমি দেবতাও মানবের কাছে স্থণার বস্তু, কারণ আমি আমার মায়ের রক্ত পান করেছি।

কথাটা শোনার সঙ্গে সঙ্গে একটা সকরণ আর্তনাদ ইফিজেনিয়ার বুক্টাকে কাটিয়ে তার ভিতর থেকে বেরিয়ে কঠের কাছে এসে সহসা তব হরে উঠল। বধন দেখল আজ একটু আগে যে যুবক তার কাছে দাঁড়িয়ে প্রাণভিকা চাইছিল সে ভার সহোদর ভাই তখন একই সঙ্গে বিষাদ আর বিশ্বরের আবেগে অভিভৃত হয়ে পড়ল সে।

কিন্তু মুখে কোন কথা বলল না ইফিজেনিয়া। তরিসের লোকরা তাদের কথাবার্তা বুরুতে না পেরে তাদের পানে বিশেষ আগ্রহ সহকারে তাফিয়ে খাকে। তারা এভাবে তাদের লক্ষ্য না করলে ইফিজেনিয়া সঙ্গে সঙ্গে ভাইকে জড়িয়ে ধরত আবেগের সঙ্গে।

যাই হোক, ইফিজেনিয়া পাইলেদস্কে বাড়ির সব কথা খুঁটিয়ে জিজ্ঞাসা করল। তার কাছ থেকে জানতে পারল একে একে কিভাবে ট্রয়যুদ্ধ হতে প্রত্যাগমনের পর রাজা এ্যাগামেননের মৃত্যু ঘটে এবং কিভাবে রাণী ক্লাইতেমেন্ত্রার মৃত্যু হয় আর কিভাবেই বা ওরেস্টেস পিতৃহত্যার প্রতিশোধ নেয়।

সব কিছু শুনে বিশ্বরে ও তৃ:বে অভিভূত হয়ে গেল। যে ভাইকে সে একদিন কোলে পিঠে করে কত আদর করেছে তার শৈশবে তাকে কথনো সে বলি দিতে পারে না নিজের হাতে। তাছাড়া যে পাইলেদস্ বরুর বিপদে তার জন্ম জীবন বিপন্ন করে এত কিছু করতে পারে তাকেও সে বলি দিতে পারে না। তাই সে তাদের ছন্ধনের জীবন রক্ষা করার জন্ম চিন্তা করতে লাগল। কিছু আপাতত তার মনের কথা প্রকাশ করল না বাইরে বা নিজের পরিচয়ও দিল না ওরেস্টেস ও পাইলেদস্এর কাছে। সে শুধু তথনকার মত বন্দী হুজনকে কারাগারে আবদ্ধ করে রাথার লুকুম দিল।

কারাগারে গিয়ে ওরেন্টেদ ও পাইলেদস্ তুই বন্ধুতে মৃত্যুর জঞ্চ প্রতীক্ষা করতে লাগল। তারা ভাবল তাদের পরিত্রাণের কোন উপায় নেই। তাদের তুজনকেই মরতে হবে। তাদের তুজনকেই ওরা বলি দেবে সেই দেবীর কাছে যার বিগ্রহ মৃতি ওরা গোপনে নিয়ে যেতে এসেছে।

নিশীপ রাতে হঠাৎ কারাগারের দরজাট। খুলে গেল এবং একটা জলস্ত মশাল হাতে ইফিজেনিয়া এক। প্রবেশ করল তার মধ্যে। ওরেন্টেদরা ভয় পেয়ে গেল। কিছু পরে দেখল ভয়ের কিছু নেই। এবার ইফিজেনিয়া নিজে তার আসল পরিচয় দান করল। ওরেন্টেদ এবার জানতে পারল কিভাবে দেবী আর্ডেমিস ভার দিদি ইফিজেনিয়ার জীবন বাঁচিয়ে তাকে এই মন্দিরের পূজারিণী করে রাখে। ইফিজেনিয়াও তার বাড়ির সব কথা আবার ওরেন্টেসের মূখ থেকে ভনল। সেই সঙ্গে এগাপোলা ওরেন্টেসের পাপস্থালনের জন্ম দেবী আর্ডেমিসের যে বিগ্রহ মূর্ডি নিয়ে যাবার নির্দেশ দিয়েছে ভাও ভনল।

কিছ এখন দারুণ সমস্তা দেখা দিল- ইফিজেনিয়ার সামনে। ভরিসের লোকেরা যখন বিদেশীদের প্রাণবলির জন্ত রক্তলোল্প হিংশ্র জন্তর মভ ছটকট করছে ভখন কিভাবে ভাদের জীবনরকা করবে তা নিয়ে গভীরভাবে ভাবতে লাগল সে। অনেক ভাবার পর অবশেষে একটা পরিকল্পনা খাড়া। করল বাতে করে সে নিজেও মৃতি নিয়ে তাদের সঙ্গে দেশে ফিরে বেভে পারে। ওদের সঙ্গে ভাহাজ আছে জেনে আশা হলো কিছুটা।

ইকিজেনিয়া সেই রাভেই কারাগার থেকে সোজা রাজার কাছে চলে গিয়ে রাজাকে বলল, বে ত্জন বিদেশী ধরা পড়েছে তারা ত্জনেই পাপী; জনেক পাপকর্ম করেছে জীবনে। প্রচুর পাপকর্মের ঘারা কল্বিত তাদের দেহ দেবীর কাছে এখন বলি দেওয়া চলবে না। এমন কি তাদের দৃষ্টির কল্বে দেবীর বিগ্রহ মৃতিও কল্বিত হয়ে গেছে। এমত অবস্থায় সমুদ্রের জলে বলী ত্জনকে ও সেই সঙ্গে দেবীমৃতিকে স্নান করাতে হবে এবং একাজ তারই ঘারা সম্ভব।

ভাই ওদের সমুদ্রের কূল থেকে স্নান করিয়ে আনার পর ওদের বলি-দানের ব্যবস্থাকরা হবে।

রাজা পোয়াস পুরোহিতকে শ্রদ্ধা করত। তাকে একাজে নিযুক্ত করার সময় দেবীর আদেশ পায় সে। সে তাই ইফিজেনিয়ার কথা সরলভাবে বিশাস করে তাকে সমুদ্রে যাবার অন্নমতি দিল।

কোলে দেবীর বিগ্রহ মৃতি আর হাতে যে দড়িতে বন্দী ত্জন বাঁধা ছিল সেই দড়িটি নিয়ে ইফিজেনিয়া এগিয়ে চলল সমুস্কৃলের দিকে। রাজা ও ভরিসের অনেক লোক অপেকা করতে লাগল।

সমুদ্রকৃলে ঘাটের কাছে একটা পাহাড় ছিল। পাহাড়ের চূড়া থেকে ওরা ওদের অপেক্ষমান জাহাজটাকে ডাকতেই সেটা কাছে এল। ওরা ভাড়াভাড়ি ভাতে উঠে পড়তেই জাহাজ ছেড়ে দিল।

এদিকে পুরোহিতের ফিরে আসতে অত্যধিক দেরি হচ্ছে দেখে রাজা ধোয়াস দলবল নিয়ে সম্প্রকৃলে চলে গেল। তথন সবেমাত্র ওদের জাহাজটা কুল থেকে যাত্রা করেছে।

ভরিসের লোকেরা জভগামী জাহাজে করে ওদের অন্থসরণ করার চেষ্টা করছিল। তার উপর একদল লোক পলাভকদের লক্ষ্য করে ভারী পাথর আর তীর ছোঁড়ার জন্ম তৈরি হলো। কিন্তু তার আর প্রয়োজন হলোনা। কারণ প্রতিকূল বাতাস আর সমুদ্রতরক্ষের প্রভাবে এগিয়ে যেতে পারল না ওদের জাহাজ। উল্টে তা কুলের দিকেই এগিয়ে আসতে লাগল। ওদের তথন সহজেই ধরে ফেলতে পারত রাজা থোয়াদের লোকেরা। কিন্তু সহসা এক অলোকিক ঘটনায় স্তর্ম ও স্তন্তিত হয়ে গেল সকলে।

সহসা এক ভীত্র স্বর্গীয় ত্যুতিতে চোখতুটো ঝলসিয়ে থেতে লাগল রাজা খোরাসের। এক দৈববাণী শুনে চমকে উঠল সে। দৈববাণী বলতে লাগল, শোন খোয়াস, আমি হচ্ছি প্যালাস এখেন, স্বর্গন্থ দেবতারা চান এই বিদেশীরা নিরাপদে শুদের দেশে ফিরে যাক। আমার বোন দেবী: আর্ডেমিস আর ভোষাদের মত এমন বর্বর লোকদের মাঝে বাস করকেনা থারা দেবীর প্রসাদলাভের জন্ম নরবলি দেয়। ভোষাদের মধ্যে স্থমতি কিরে একে এবং শুভ বৃদ্ধির উদয় হলেই সে আবার ফিরে আসবে। আপাততঃ আমার বোনের জন্ম অক্ত শহরে অন্ত মন্দিরে থাকার ব্যবস্থা হবে।

এই কথা শুনে রাজা থোরাস ও তার লোকেরা ভর পেয়ে প্রেল। তারা আর বিদেশীদের ধরার কোন চেষ্টা করল না। তথন অবাধে ওরা অদেশে ফিরে গেল। ইফিজেনিয়া আর্তেমিসের বিগ্রহ মূর্তিটিকে এথেল নগরীতে প্রতিষ্ঠিত করল।

এদিকে এক বছর পূর্ণ হয়ে গেলে যথাসময়ে বিচার শুরু হলো গুরেস্টেসের। বিচারসভা বসল প্যালাস এথেনের মন্দিরে। কয়েকজ্বন বৃদ্ধ লোকের বেশ ধারণ করে বিচারে বসলেন স্বয়ং দেবভারা। প্রধান বিচারক নিযুক্ত হলেন এরোপেগাস।

ওরেস্টেস তার পাপের কথা সবিস্তারে খুলে বলন। অকুঠভাকে স্বীকার করল সব কিছু।

অবশেবে বিচারকদের মধ্যে ভোটদানের কাজ শুরু হলো। বাঁরা আসামীর পক্ষে মুক্তির সপক্ষে ভোট দিতে চান তাঁর। একটি করে সাদা পাধর একটি পুজাপাত্রে রাধতে লাগলেন আর বাঁরা আসামীর লান্তির পক্ষে ভোট দিতে চান তাঁর। একটি করে কালো পাধর ফেলে দিতে লাগলেন সেই পাত্রে।

ওরেস্টেস পিতার মৃত্যুর প্রতিশোধ নেবার জন্ম মাতার জীবন নাশ করেছে। দেবতাদের ভোটদানের পর দেখা গেল তার পক্ষে ও বিপক্ষে সমান সমান সাদা ও কালো পাধর পড়েছে। অর্থাৎ পাপ পুণারে পরিমাণ সমান এ ব্যাপারে। এক্ষেত্রে তার শান্তি বা মৃক্তি কিছুই হতে পারে না। কিছু এমন সময় সহসা প্যালাস এখেন সশরীরে আবিভূতি হয়ে একটি সাদা পাধর কেলে দিলেন পূজাপাত্রে। এইভাবে ওরেস্টেসেরই জয় হলো। সে অভিশাপমুক্ত হলো।

এরপর উপযুক্ত রাজকীর মর্যাদার সঙ্গে নিজের রাজ্যে ফিরে গেল ওরেস্টেন। রাজ্যের লোকরা তাকে রাজা বলে এবার অকুণ্ঠভাবে মেনে নিল পরম শ্রেজার সঙ্গে। কিছুদিনের মধ্যে মেনেলাস ও হেলেনের কল্পা হার্মিওনকে বিয়ে করল ওরেস্টেদ। আগে মেনেলাস একিলিসের পুরুরের সঙ্গে ভার কল্পার বিয়ে দেবে বলে কথা দিয়েছিল। তাই হার্মিওনকে লাভ করার জ্বল্য একিলিসের পুরুকে যুদ্ধে হারাতে হলো।

পথে সমৃদ্রে জাহাজভূবি হরে ঘুরে বেড়াতে লাগল ওড়ে সিয়াস। ওদিকে তার দীর্ঘ বিরহে কত তুঃথে দিন কাটাতে লাগল তার বিশ্বন্ত গুণবভী স্ত্রী পোনিলোপ। পিতার মুখদর্শন না করেই দিনে দিনে বেড়ে উঠতে লাগল তার পুত্র টেলিমেকাস।

ওডেসিয়াস তার প্রত্যাবর্তনপথে যে বিপদের মধ্যে পড়েছিল তার জন্ত তার ভাগ্যের সঙ্গে সঙ্গে তার দোষও ছিল।

উয়নগরী লুঠন করে প্রচুর ধনরত্ব লাভ করে ওডেসিয়াস। তাই নিয়ে তারা বাদেশে রওনা হবার জন্ম প্রস্তুত হলো। জাহাজে উঠতে যাবে এমন সময় চুর্মতিবশত: হঠাৎ তার ইচ্ছা হলো সম্জুক্লবর্তী একটি দেশ তারা আবার লুঠন করবে। সিকন নামে এক চুর্বর্ষ জাতি সে দেশে বাস করে। ওডেসিয়াস তার সৈক্তসামস্ত নিয়ে সে দেশের রাজধানীটা দধল ও লুঠন করল। তারপর সে আর দেরি না করে সেই মুহুর্তেই জাহাজ ছেড়ে দেবার আদেশ দিল। কিছু তার নাবিক ও লোকজনেরা কুঁড়েমি করে গল্প করে সময় কাটাতে লাগল। এই অবসরে সিকনরা তাদের দেশের গ্রামাঞ্চল থেকে অনেক সৈক্ত সংগ্রহ করে আক্রমণ করলো ওডেসিয়াসকে। ফলে আবার যুদ্ধ হলো। সে যুদ্ধে শেব পর্যন্ত ওডেসিয়াস জয়লাভ করলেও তাতে তার অনেক লোকজন নিহত হলো। এরপর আর কালবিলম্ব না করে জাহাজ ছেড়ে দিলেও প্রতিক্ল বাতাস আর সম্প্রতরক্ষের সঙ্গে ক্রমাগত যুদ্ধ করে যেতে হলো তাদের। ভয়য়য়র সামৃত্রের বড় তাদের জাহাজের সব পাল ছিড়ে খুঁড়ে দিয়ে তাদের জাহাজগুলো আসল পথ থেকে দ্বে সরিয়ে নিয়ে যাচ্ছিল।

দশদিন এইভাবে প্রচণ্ড ঝড় আর তরক্ষের সক্ষে যুদ্ধ করার পর ওডেসিয়াসরা একটি দ্বীপে গিয়ে পৌছল। দ্বীপটাতে কি ধরনের লোক বাস করে তা দেখার জন্তু তিনজন লোককে খোঁজ নিতে পাঠাল ওডেসিয়াস।

পরে জানল সে এক অভুত মায়াবী দ্বীপ। অভুত এক দেশ। সেখানে যারা থাকে তারা সবাই হলো অলস অকর্মন্য ফলভোজী। তাদের একমাত্র থাছ হলো লোটাস নামে এক প্রকার ফল। যারা তাদের কাছে যায় তারা তাদের অকাতরে সে ফল দান করে। সেই ফল থাবার সঙ্গে সঙ্গে যে কোন বিদেশী এমন অলস অকর্মণ্য ও মোহমুগ্ধ হয়ে পড়ে যে সে আর এ দ্বীপ ছেড়ে কোখাও যেতে চায় না। সে দ্বীপের চারদিকেই আছে বড় বড় লোটাস গাছ আর তার ভালে ভালে আছে ফুল আর ফল।

ওডে সিয়াস যখন দেখল যে লোক তিনটেকে সে দেখতে পাঠিয়েছে তারা কিরে আসছে না বছক। কেটে গেলেও তখন সে নিজেই দ্বীপের ভিতর চলে গেল তাদের সন্ধানে। পরে ব্রাল সে দ্বীপের সেই মায়াবী ফল খেয়ে নেশায় ব্ল হয়ে আছে তারা। বিচক্ষণ ওডেসিয়াস এর পরিণতি কি তা ব্রাতে পেরে সক্ষে সক্ষে তাদের জোর করে টেনে আনল এবং তার আর কোন লোক যাতে ৰীপে গিয়ে সেই ফল খেতে না পারে তার অন্ত জাহাজটা ছেড়ে দিল।

এরপর ওডেসিয়াসের জাহাজটা থামল, এক অভুত দ্বীপে। সেথানে সমুদ্র-কৃষবর্তী পাহাড়ের চূড়া থেকে সব সময় ধোঁয়া বেরিয়ে জাসছে। দেখে মনে হয় পাহাড়টার ভিতর যেন আগুন জলছে সব সময়। পরে ওডেসিয়াস ব্রল গে দ্বীপে সাইক্লোপ নামে এক ত্র্বর্ষ দৈওারা বাস করে। তারা একেবারে বর্বর ও অসভ্য; বাইরের জগতের সঙ্গে কোন সম্পর্ক নেই এবং কোন বিদেশীর সঙ্গে কোন সম্পর্ক স্থাপন করতে চায় না। তারা ক্রমিকার্য করে না। পশুপালনই এদের একমাত্র জীবিকা। পশুর মাংস আর ব্নোগাছপালার শিকড় আর পাতাই তাদের থাতা। বিরাটাকায় তাদের চেহারা আর তাদের কপালে মাত্র একটা করে চোথ আছে।

কৌতৃহলের বশবর্তী হয়ে ওডেসিয়াস জাহাজ থেকে নেমেই বারো জন লোক তার জাহাজ থেকে বাছাই করে নিয়ে বেরিয়ে পড়ল ঘীপটাকে ঘুরে দেখার জন্ত। জাহাজটাকে কৃলে নোঙর করে রাখল।

কিছুদ্র গিয়েই পাহাড়ের ধারে ঝোপে ঢাকা এক গুহার মুখ দেখল। তারা গুহার ভিতর চুকে দেখল ভিতরটা গুধু ভেড়া আর ছাগলের ছানায় ভর্তি। তাছাড়া রয়েছে অনেক চুধ, দই আর মাখন। ওডেসিয়াস তার সদীদের নিয়ে সেই চুধ দই খুব থেল সাধ মিটিয়ে। তারপর অপেক্ষা করতে লাগল সেই গুহার মালিকের জন্তা।

সেই গুহায় পলিফেমাস নামে এক সাইক্রোপজাতীয় দৈত্য বাস করত। সে ছিল ভীষণ নিষ্ঠুর প্রক্বতির! সে নরমাংস ভক্ষণ করত আরে তার নিজের জাতির লোকদের সঙ্গে মেলামেশা করত না বলে একা একা একটা গুহায় বাস করত।

রাত্রি হতেই পলিফেমাস তার পশুর পাল সঙ্গে করে বাসায় ফিরল। ভেড়া আর ছাগলগুলোকে গুহায় চুকিয়ে দিয়ে নিজে কাঠের এক বিরাট বোঝা কাঁধ খেকে নামাল। তারপর গুহাতে চুকেই সে এমন এক বিরাট পাধর গুহার মুখের উপর চাপা দিয়ে দিল যা কোন মান্ত্র তো দ্রের কথা একটা মাল-গাড়িতেও টানতে পারবে না।

পলিকেমাস গুহার ভিতর চুকে ভেড়া আর ছাগলগুলোকে তুইল। সেই তুধ থেকে কিছু মাথন তুলল আর কিছু রাত্রিতে খাওয়ার জন্ত রাথল। পরে সে আগুন জালতেই তার আভার আগস্ককদের দেখতে পেল।

বিদেশীদের তার গুহার ভিতর দেখতে পেমেই রেগে গেল পলিফেমাস গম্ভীর গলায় জিজ্ঞাসা কর্ম, কে তোর! ?

একমাত্র ওতেসিয়াস ছাড়া ভয়ে তার কথার কেউ উত্তর দিতে পারল না ওতেসিয়াস বলল, আমরা অসহায় পণিক। আমাদের জাহাজ ডুবে গেছে সমুদ্রে। জিয়াসের নামে আমাদের দয়া করে আশ্রয় দাও। ওডেসিয়াসের কথা ওনে হেসে উঠল পলিকেমাস। বলল, আমি কোন ঠাকুর দেবতা মানি না।

এই বলে সে তৎক্ষণাৎ ওডেসিয়াসের চ্বান নাবিককে ধরে পাধরের মেঝের উপর ঠুঁকে তাদের ঘাড় মটকে রক্তসমেজ থেয়ে কেলল। তারপর ছধ দিয়ে ক্লক্চি করে মুথ ধুয়ে কেলল। মুথ ধুয়ে মেঝের উপর পড়ে নাক ডাকিয়ে ঘুমোতে লাগল। গভীর রাতে ওডেসিয়াস একবার ভাবল সে তার ধারাল তরবারিটা ঘুমস্ত পলিফেমাসের বুকের মধ্যে আমূল বসিয়ে দেবে। কিছু পরক্ষণেই ভাবল তাহলে সেই বিরাট পাধরটা গুহার মুথ থেকে তারা কিছুতেই সরাতে পারবে না। কলে কোনদিন বেরোতে পারবে নাগুহা থেকে। তাই তারা তা করল না।

এদিকে সকাল হতেই পলিকেমাস ঘুম থেকে উঠে ভেড়া ও ছাগলগুলোকে বার করে দিল। তারপর তার প্রাতরাশের জক্ত আরো ছটো লোককে হত্যা করে থেয়ে কেলল। থেয়ে গুহার মূথে সেই পাথরটা চাপিয়ে দিয়ে পশু চরাতে চলে গেল।

ওডেসিয়াস মনে জোর নিয়ে মুক্তির উপায় খুঁজতে লাগল। হঠাৎ সে গুহার মধ্যে দেখতে পেল অলিভকাঠের তৈরি প্রকাণ্ড গদার মত একটা জিনিস পড়ে রয়েছে। ও সেটার একটা দিকে ছুঁচের মত সরু করে তা জাগুনে পুড়িয়ে শক্ত করে নিল।

সংস্ক্র হতে পলিফেমাস গুহাতে কিরে পশুগুলোকে তুইয়ে আবার তুজন লোককে ধরে তেমনি করে থেয়ে কেলল। তারপর নাক ডাকিয়ে ঘুমোতে লাগল। সে গভীরভাবে ঘুমিয়ে পড়তেই ওডেসিয়াস তার বাকি লোকদের সাহায্যে সেই ছুঁচলো লাঠিটা পলিফেমাসের চোথের ভিতর সজোরে ঢুকিয়ে দিল। তার আছ হয়ে যাওয়া চোথের ভিতর থেকে রক্ত বার হতে লাগল।

পলিকেমাস চিৎকার করতে লাগল যন্ত্রণায়। সে হাত বাড়িয়ে ওভেসিয়াসদের ধরার চেষ্টা করতে লাগল। কিন্তু কাউকে তার হাতের কাছে পেস না। পরদিন পলিকেমাস যখন তার ভেড়া আর ছাগলগুলোকে চরাতে নিয়ে যাবার জন্ত গুহা খেকে বার করছিল তখন ওভেসিয়াস তার লোকদের ও নিজেকে কয়েকটা বড় ভেড়ার পেটের সঙ্গে শক্ত করে বেঁধে তাদের সঙ্গে বেরিয়ে এল গুহা খেকে। তারপর বাইরে এসে বাঁধন খুলে পালিয়ে গেল নিজেদের আহাজে। পলিকেমাস এসব কিছুই জানতে পারল না।

ওডে নিয়াসরা জাহাজে উঠে পলিকেমাসকে বলল, হে নরখাদক সাই-ক্লোপ, কেউ যদি বলে ভোমার চোথ এভাবে কে নই করল ভাহলে তৃমি বলবে ইবাকার ওডে নিয়াস এই কাজ করেছে।

পলিক্ষোস তথন সব কিছু জানতে পেরে সমুদ্রদেবতা নেপচুনের কাছে কাতরভাবে প্রার্থনা করে বলল, হে পরম পিতা, যারা জামার সঙ্গে বিখাস- স্বাতকতা করে এই কান্ধ করেছে তৃমি তাদের বিপদ ও ধাংস এনে নিও। পলিকেমাসের এই স্বাবেদন ব্যর্থ হরনি একেবারে।

এদিকে ওডেদিরাস এবার এক নির্দিষ্ট কৃলে সিরে ভাদের দেশের অভাত আহাজের সঙ্গে মিলিভ হলো। আনন্দে দেবভাদের উদ্দেশ্তে পশু বলি দিরে আহাজের মধ্যে এক ভোজসভার আরোজন করল। কিছু ভ্রথন ঘৃশাক্ষরেও একবার ব্রুতে পারল না, খরং দেবভারাই ভার বিক্লছে মড়বছ করছেন ভাকে বিপাকে ফেলার জন্ত।

এরপর ওডেসিয়াস প্রনরাজ ইওনাসের রাজ্যে গিয়ে উঠল। ইওনাস কিন্তু বড় অতিথিবৎসল। ইওনাস উয়ধুছের কাহিনী শোনার জন্ত ওডেসিয়াসদের একমাস তার প্রাসাদে রেখে দিল প্রম বড়ে।

কিন্ত একমাস গত হতেই ওডেসিয়াস দেশে ফিরে যাবার জন্ত জেদ ধরল।
তথন রাজা ইওনাস ওডেসিয়াসের নিরাপদ নির্বিদ্ধ সমুদ্রযাজার জন্ত তার
অধীনস্থ সমন্ত প্রতিকৃল বাতাসগুলিকে একটা চামড়ার ধলের ভিতর ভরে ভার
হাতে দিয়ে বলল, এই থলেটা খুব যত্বের সলে হাতে হাতে রাধবে। এর
মুখটা যেন কখনো কেউ না খোলে। তাহলে প্রতিকৃল বাতাসগুলো বেরিয়ে
গিয়ে বিপদ ঘটাবে তোমার। একমাত্র শাস্ত পশ্চিমা বায়ু ভোমার জাহক্লে
বয়ে গতি দান করবে তোমার জাহাজকে।

ওডেসিয়স অহকুল বাতাল পেয়ে আনন্দে জাহাজ ছেড়ে দিল। জন্মভূমির পথে নিবিন্নে এপিয়ে যেতে লাগল তার জাহাজ। এইভাবে নয়দিন নিরাপদে কেটে গেল। দ্র দিগস্তে ইথাকার বনরেখা দেখা বেতে লাগল। আর কোন বিপদের সম্ভাবনা নেই দেখে ওডেসিয়াল সেই বাতাল ভরা চামড়ার খলেটি এক জায়গায় মুখ বাঁধা অবস্থায় রেখে ঘূমিয়ে শড়ল গভীরভাবে। ভাবল এবার তার জাহাজ নিবিন্নে অভ্কারের মধ্যেই ভাদের জন্মভূমির কুলে নিয়ে ভিড়বে। প্রায় দীর্ঘ কুড়ি বছর পর লে তার প্রিয়তম জীও পুত্রের মুখ দেখবে।

ওড়ে সিয়াস যথন গভীরভাবে ঘুমোচ্ছিল তথন তার নাবিক ও লোকজনরা ভাবল, ঐ থলেটা ও:ড় সিয়াস সব সময় চোথে চোথে রাখে, একবারও হাত ছাড়া করে না। নিশ্চয় ওর ভিতর অমৃলয় ধনরত্ব আছে যা সে কোন রাজয় জয় করে পেয়েছে। লোভ আর কৌতৃহলের বশবর্তী হয়ে তারা থলের মৃথটা খুলে কেলল। লকে সচ্ছে সমস্ত প্রতিকৃল বাতাসগুলো গর্জন করতে করতে ছুটে বেরিয়ে গিয়ে মৃহুর্তে তৃফান তৃলল সমৃত্রের বৃকে। আহাজের গড়ি ফিরে গেল। ভিরম্থী পরস্পরবিক্ষ তালের আঘাতে এলোমেলোভাবে হলতে লাগল আহাজটা।

নাবিকর। তথন নিজেদের ভূগ ব্রতে পেরে তীর অর্ণোচনায় হা ভঙাশ করতে লাগল। কিন্তু আর কোন উপায় নেই। রড়ের প্রচণ্ড গর্জনে ও জাহাজের ঝাঁকুনিতে ঘুম ভেকে গেল ওডেসিয়াসের। উঠে সবঃ
কিছু শুনে বৃথতে পেরে তৃংথে ও হতাশায় সমুদ্রে ঝাঁপ দিতে বাচ্ছিল। কোন
রক্ষে সামলে নিয়ে হাল ধরল। কিছু জাহাজটার গতি কোনমতেই
নিয়ন্তিত করতে পারল না। জাহাজটা সমুদ্র থেকে আবার ইওনাসের।
রাজ্যে গিয়ে উপস্থিত হলো।

অমুতপ্ত চিত্তে রাজা ইওনাদের কাছে ক্ষমা ভিক্ষা চাইল ওভৈসিয়াল । কিছ তীব্র ঘুণা ও রাগের সঙ্গে তার সব আবেদন প্রত্যাখ্যান করল ইওনাল। বলল, দূর হয়ে যাও অপদার্থ কোথাকার। তুমি আমার দানের সম্পূর্ণ অযোগ্য। তুমি দেবতাদের ঘুণ্য।

এইভাবে প্রত্যাখ্যাত হয়ে আবার অকৃল সমূত্রে জাহাজ ভাসিয়ে দিল ওডেসিয়াস। এবার আবার সমূত্রে অন্তক্ল প্রতিকৃল কোন বাতাসই নেই। শত চেষ্টা সত্তে জাহাজটা প্রায় চলেই না।

এক সপ্তা এমনি করে চলার পর লেপ্ট্রিগনি নামে একটা দীপে এসে থামল ওদের জাহাজটা। ওডে সিয়াস একটা পাহাড়ের কূলে ধারে জাহাজটাকে নোঙর করে পাহাড়টার উপরে উঠে এ দ্বীপের অধিবাসীরা কেমন তা দেখতে লাগল। কিছুক্ষণের মধ্যেই দেখল এ দ্বীপের অধিবাসীরাও মাহ্যথেকো এক ধরনের দৈতা। তারা বিদেশী জাহাজ দেখেই দল বেঁথেছুটে এসে বড় বড় পাথর ছুঁড়তে লাগল। ওডে সিয়াসের দলের যে সব লোক তাদের বাধা দিতে এগিয়ে গেল তাদের বর্ণাবিদ্ধ করে মেরে কেলল তারা। তারাও সাইকোপদের মত মাহ্য মেরেই থেয়ে কেলে।

ওডেসিয়াস বৃদ্ধি করে জাহাজের নোঙর থুলে জোর দাঁড় হুটেনে -জাহাজ টাকে দ্বে ওদের নাগালের বাইরে নিয়ে গেল।

এরপর আর একটা নতুন দ্বীপে গিয়ে পেঁছিল তারা। কিন্তু ছুদিনের মধ্যেও ওডেসিয়াস জানতে পারল না এ দ্বীপে কারা বাস করে। ছুটি দিন সে জাহাজের মধ্যেই শুয়ে বসে কাটাল। তৃতীয় দিন উঠে জাহাজ থেকে মেমে গিয়ে নিকটবর্তী একটা বন খেকে একটা হরিণ শিকার করে নিয়ে এল।

আজকাল ওডেসিয়াসরা অনেক ঘা খেয়ে সতর্ক হয়ে গেছে। এখন আর দ্বীপের ভিতর লোক পাঠায় ন.। জাহাজ গেকে যতটা পারা যায় লক্ষ্য করে চারদিকে তাকিয়ে।

হরিণ মেরে এসে ভাই দিয়ে মধ্যাফভোত্রন সেরে এডেদিয়াস শুনতে পেল দূরে বনের ভিতর একটা জায়গায় ধোঁষা উঠছে। নিশ্চর সেখানে কোন লোকবস্তি আছে ভেবে সেখানে সাবধানে লোক পাঠাবার ব্যবস্থা করল ওডেদিয়াস। ঠিক করল তার বিশ্বত সহকারী ইউরিলোকান জাহাত্রে থেকে জাহাজ পাহারা দেবে। সে ছাড়া আর স্বাই ছটি দলে বিভক্ত হয়ে ছুদিকে যাবে। কিছ ভাগা শ্রীকা করে বলন ইউরিলোকাসকে বীপের অধিবাসীদের সভানে থেতে হবে। তথ্ন শে বারো অন লোক নিরে রিরে বীশের ভেডর সর অবস্থা সক্ষা করতে এগিরে গেল। বাকি লোকজন জাহাজের কাছে গেল।

ধোঁরা লক্ষ্য করে সেই বনের মাঝখানে গিরে ভারা দেখল সেইখানে
সেই গভীর বনের ভিতর একটা পাখরের বড় বাড়ি রয়েছে আর ভার
চার দিকে সিংহ আর নেকড়ে বাখ পাহারা দিছে। ইউলোকাসদের দেখার
সক্ষে সক্ষে যত সব প্রহরারত সিংহ আর নেকড়েগুলো পোষা কুকুরের মত
লেক্স নেড়ে ওদের পায়ের উপর লুটোপ্টি খেতে লাগল। এতে সাহদ পেয়ে
ইউরিলোকাসরা আরে। কিছুটা এগিয়ে গেল বাড়ির দিকে।

হঠাৎ তার। শুনতে পেল বাড়ির ভিতর থেকে নারীকটে এক মধুর সন্থীতের আশুরাজ আগছে। পরে দেবল এক পরমা স্থলরী স্থচীলিরের কাজ করতে করতে গান গাইছে আপন মনে।

ইউরিলোকাস ও তার লোকজনদের ডাকাডাকিতে সেই নারী তার ঘর থেকে বেরিয়ে এসে সাদর অভ্যর্থনায় তাকে বাড়ির ভিতরে বাবার জন্ত আহ্বান জানাল। একমাত্র ইউরিলোকাস ছাড়া আর স্বাই ভিতরে সেল সেই মায়াবিনী নারীর আহ্বানে। ইউরিলোকাস নিজে বাইরে শাড়িজ্ঞা সন্দিশ্ধ মনে স্ব কিছু লক্ষ্য করতে লাগল।

ইউরিলোকাস ভিতরে যায়নি ভালই হ্য়েছে। কারণ তার সন্ধীরা ভিতরে যেতেই সেই মায়াবিনী তাদের প্রথমে মাংস আর মদ দিয়ে আপায়িত করেছে। তারপরই তাদের পিঠে হাত ব্লিযে দেবার সন্ধে সন্ধে তারা স্বাই ভ্রোরে পরিণত হয়ে গেছে। বাড়িটার চারদিকে প্রহরারত সিংহ আর নেকড়েগুলোগু আগে মাহ্ম ছিল। পরে ঐ মায়াবিনীর স্পর্শে হিংশ্র জন্তে পরিণত হয়েছে। ইউরিলোকাসের চোথের সামনে তার সন্ধীরা ভ্রোরে পরিণত হয়ে ভ্রি থেতে লাগল। তা দেথে ইউরিলোকাস ছুটে জাহাতে পালিয়ে গেল।

ইউরিলোকাসের মূখ থেকে সব কথা গুনে ওড়েসিয়াস রেগে তার ওরবারি ও তীর ধহুক নিয়ে বেরিয়ে পড়স। বলল, আমার লোকজনদের এই অবস্থায় কেলে রেথে আমি চলে বেতে পারি না।

ওডেসিরাস ইউরিলোকাসকে পথ দেখিরে সেইধানে তাকে নিয়ে যেতে বলল। কিছ পাছে সেখানে গেলে তাকে শুরোরে পরিণত করে তোলে সেই মারাবিনী এই ভয়ে সে আর বেতে রাজী হলোনা। তথন ওডেসিয়াস একাই অন্ত্র নিয়ে চলে গেল সেধানে।

বনপথে যেতে বেতে ওডেলিয়াল এক ছডি ফুলর য্বাপুক্ষকে দেখল। এই য্বাপুক্ষ হলেন হাঃ দেবতা হার্মিল। দেবী এথেনের নির্দেশ জিনি সাবধান করে দিতে এলেছেন ওডেলিয়ালকে। হার্মিল তাকে এমন একটি ছোট চারাগাছ দিলেন যার নিকড়গুলো খুব কালো অথচ ফুলগুলো লালা পুরাণ—১১

ত্থের মত। এ গাছ একমাত্র দেবতা ছাড়া কোন মাহব তুলতে পারে না।
এই গাছ কাছে থাকলে কোন মায়াবিনীর অভত মন্ত্র মোটেই কাজ করতে
পারে না। হামিস ওডেসিয়াসকে সাবধান করে দিয়ে বলল, এই খীপটা
হলো এক মায়াবিনী যাত্করীর খীপ। তার কাছে মায়্য গেলে আর ফিরে
আসতে পারে না; মন্তবলে তাকে সে রোজ পভতে পরিণত করে রাথে।

দেবভার সভর্কবাণী সংস্কে মায়াবিনীর সেই বাড়িতে গিয়ে হাজির হলো ওডেসিয়াস। অন্ত সকলের মত সেও তাকে ভাকতে লাগল বাইরে থেকে। তখন সেই মায়াবিনী বখারীতি বেরিয়ে এসে তাকে বাড়ির ভিতর সাদরে নিয়ে গিয়ে মাংস মদ আর তার ওব্ধ মেলানো মধু থেতে দিল। ওডেসিয়াস কোন আপত্তি না করে সব কিছু চিবিয়ে থেয়ে নিল। কিন্তু ভারপর মায়াবিনী যখন তার পিঠে হাত বোলাতে লাগল তখন সে উঠে দাড়িয়ে তার তরবারি বার করল। হামিসের দেওয়া সেই ওষধির বলে মায়াবিনীর যাত্মন্ত কোন কাজ করল না। তখন মায়াবিনী ব্যাপারটা বৃঝতে পেরে অম্বতপ্ত চিত্তে ওডেসিয়াসের পায়ের উপর পড়ে ক্মা চাইল। বলল, ব্রেছি তৃমি বীর ওডেসিয়াস। আমাকে ক্মা করো। আজ থেকে তৃমি আমার পরম বন্ধু হলে। আমার থেকে ভোমার আর কোন কভি হবে না।

ওছেসিয়াস বলল, আগে ভোমার সততার প্রমাণস্বরূপ আমার সোক-জনদের শুরোর থেকে মাহুষে পরিণত করো। পরে ভোমার কথায় বিশাস করব। তানা হলে ভোমাকে এখনই বধ করব।

ওডেসিরাসের কথা ভবে মায়াবিনী ভয়োররূপী সেই সব লোকদের গারে তিল মাধিয়ে মন্ত্র পড়ে আবার মাহুষে পরিণত করল। ওডেসিরাস দেখল ভার লোকরা আগের থেকে অনেক বেশী স্বাস্থ্যবান ও স্থলর হয়ে উঠেছে।

মায়াবিনী এবার তার সব যাত্বিভা ঝেড়ে ফেলে হাসিমুথে সহজ্ঞতাবে ব্যবহার করতে লাগল ওডেসিয়াসের সজে। প্রচুর খাভ ও পানীয় দিয়ে ভাদের আপ্যায়িত করল আপন জনের মত। ওডেসিয়াস তখন তার জাহাজ খেকে সব নাবিকদের নিয়ে এল। মায়াবিনী তাদের সকলের জভ এক বড় ভোজসভার আয়োজন করল।

মায়াবিনী ওডেসিয়াসকে এমনভাবে আদর যত্ন করতে লাগল যে সে তাকে ছেড়ে যেতে পারল না। তাছাড়া স্থলরী মায়াবিনীর রূপসৌন্দর্যে এমন ভাবে মোহমুগ্ধ হরে পড়ল ওডেসিয়াস যে সে দিনের পর দিন মাসের পর মাস রয়ে গেল সেধানে। এইভাবে একটি বছর কেটে গেল। তারা বাড়ি ফেরার কথা সব ভূলে গেল। ভূলে গেল সমন্ত ছঃখ কটের কথা। ভূলে গেল সিকনদের মারণাস্ত্র, লোটাস ঘীপের মায়াবী ফাদ্য মায়্রখণেকো সাইক্লোপদের আক্রমণ, লেপ্রিগোনিয়ার দৈত্যদের হিংপ্রতা ও প্রতিক্ল বাভাস ও সমুদ্র ভরক্ষের এচও আঘাত—সব কিছু ভূলে গেল ভারা।

ভারা বাড়ি কেরার জন্ত চাপ দিতে লাগল ওডেসিয়াসের উপর । স্ত্রীপ্রদের দেখার জন্ত উদ্ধির হয়ে উঠল স্বাই।

সন্ধাদের কথায় এবার তৈওন্ত হলে। ওডে নিয়াসের। দীর্ঘদিনের যোহনিজা থেকে সে যেন জেগে উঠল হঠাৎ। মায়াবিনীর মন বুবে একসময় তার কাছে বাড়ি যাবার কথাটা তুলল ওডে নিয়াস। মায়াবিনীও আরে তাতে বাধা দিল না। বরং সাহায্য করতে চাইল। মায়াবিনী ওডে নিয়াসকে প্রথমে নরকে পিয়ে অন্ধ ভবিন্তবক্তার প্রেভাত্মার কাছ থেকে পরামর্শ আনার কথা বলল।

সন্ধীদের রেখে সাহপের সন্ধে একদিন মৃত্যুপুরীতে চলে যেতে পারও ওভেসিরাস। কিন্তু তার আর প্রয়োজন হলে। না। মায়াবিনী তাদের চাপিয়ে তাদের সন্ধে একটা ভেড়া আর একটা ভেড়ী দিল। সেই ভেড়া ভেড়ী বলি দিয়ে প্রেভপুরীর দেবতাদের সন্ধৃষ্ট করবে তারা। এলপীনর নামে একটি নাবিক ছাড়া সকলেই গিয়ে জাহাজে উঠল। এলপীনর ছাদে ঘুমোচ্ছিল। জাহাজে গিয়ে রওনা হবার জন্ত সকলে ভাকাভাকি করতেই এলপীনর ঘুমের ঘোরে হঠাং ছাদ থেকে লাফিয়ে পড়ে। ঘাড় ভেকে গিয়ে সক্ষে সকলে তার মৃত্যু ঘটে।

মারাবিনী ওদের অন্ত অহক্স বাতাসের ব্যবস্থা করে দিয়েছিল। অহক্স বাতাস পেয়ে ওদের জাহাজ প্রথমে নির্বিষ্ণে এগিয়ে চলল। তারপর অদ্ধকার ঘনিয়ে এল ওদের চারদিকে। ওরা এসে পড়ল ও সিয়ানাসের চির অদ্ধকার এলাকায়। ওটা হচ্ছে সিমেরিয়া নামে চির অদ্ধকারের এক দেশ। সেধানকায় রাত্রি কথনো শেষ হয়না। সেই অন্ধকারের মধ্যে ওদের জাহাজটা চলতে চলতে একটা কৃলে এসে ভিড়ল আপনা থেকে। ওডেসিয়াস বলল, আমি ফিরে না আসা পর্যন্ত ভোমরা অপেক্ষা করো এখানে।

সে জারগায ফ্রেগেখন, কসিটার আর স্টাইল্প নামে তিনটি নদী এসে
মিলিত হরেছে। সেইবানে ক্লের উপর নেমে মায়াবিনীর নির্দেশমত একটি
পরিধা খনন করল ওডেসিয়ার। তারপর পশু ছুটিকে বলি দিল যাতে তাদের
রক্ত সেই পরিধার মধ্যে সিয়ে পড়তে পারে। এরপর মদ মধু আর ছবের
আঞ্চলি দিয়ে টাইরেসিয়াসের নাম ধরে বারবার ডাকতে লাগল ওডেসিয়ার।
ভার ডাক শুনে মৃত্যুপুরী থেকে বছ আবাছিত প্রেতাত্ম। এসে জিড় করতে
লাগল কোন এক জীবস্ত প্রাণীর টাটকা তাজা রক্ত পান করার জন্ত।
ওডেসিয়াসকে শেবে ভার ভরবারি বার করে তাদের ভাড়া করতে হলো।
কারণ এ রক্ত একমাত্র টাইরেসিয়াসের প্রেতাত্মা পান করবে বলেই পশু
বলি দেওয়া হয়েছে।

সর্বপ্রথম ওন্ডেসিয়াসের সামনে এসে দীড়াল সম্ভয়ত এলপীনরের প্রোডাল্ম। এসেই সে বিকোভ জানাল, কারণ ভার মৃতদেহটা এখনো সেই মারাবিনীর প্রালাদেই পড়ে আছে। তার সংকার করা হয়নি। ওড়েসিয়াস তাকে আখাস দিল, 'ভোষার মৃতদেহ ভস্মীভূত করে সেখানে একটি স্বতিহন্ত নির্মাণ করব আমি।' তথন শাস্ত হয়ে চলে পেল এলপীনরের প্রেতাস্থাটা।

এরপর এল ওডেলিয়াদের মা এয়ান্টিক্লীয়ার প্রেভাজা। ওডেলিয়াল ভার মার মৃত্যুর কথাটা জানত না এর জাগে পর্যন্ত। দে ভার মাকে জীবিত অবস্থায় দেখে বাড়ি থেকে রওনা হয় ট্রয়্জের জন্ত। কিন্তু রক্তপানের জন্ত ভার মার প্রেভাজার ছারাশরীরটা তু হাত বাড়িয়ে দিতেই কর্তব্যের থাতিরে ভরবারি দিয়ে দে হাত সরিয়ে দিতে হলো ওডেলিয়াসকে।

এরপর এল টাইরেনিয়ালের প্রেভাত্মা। সে এল একটা লোনার লাঠিতে ভর দিয়ে। সে এসেই প্রথমে সেই টাটকা পশু রক্ত পান করল প্রাণ ভরে। ভারণর কঠে ভোর পেরে ভার ভবিদ্যবাণী উচ্চারণ করতে লাগল। সে বললাহে ওতে দিয়াস, জেনে রাখো, ভোমার বরে কেরার যাত্রাপণ খ্ব একটা স্থথের হবে না। কারণ সম্প্রদেবতা নেপচুন সাইক্রোপদের জন্ম রেগে আছেন ভোমার উপর। কিন্তু যাই হোক, সব বিপদ ভোমার কেটে যাবে একে একে। ভবে ভোমাকে তিনাক্রিয়ার উপকৃলে একবার যেতে হবে। কিন্তু সেখানকার গোচারণ ক্লেত্রে যে সব রাখালদের দেখতে পাবে ভাদের বেন কোন ক্লিত করো না। ভাদের হতা করলেই ভোমার আহাজ ও লোকজন সব ধ্বংস হয়ে যাবে। চরম তুর্দশার যথ্যে ভূমি কোনরকমে বাড়ি কিরলেও বাড়িতে দেখবে দারণ গোলমাল চলছে। অবশেষে সমৃত্রেই ভোমার মৃত্রু ঘটবে।

টাইরেসিয়াসের প্রেভাত্ম। চলে বেডেই ওডেসিয়াসের মার প্রেভাত্ম। আবার এল। এবার রক্ত পান করে কথা বলতে লাগল সে প্রেভাত্মা। বলল, ডোমার কথা ভেবে ভেবে জীবিভ অবস্থাতেই প্রাণ ভ্যাগ করেছি আমি। কিন্তু ভোমার পিতা লার্ভেদ এখনো জীবিভ আছে। ভোমার স্ত্রী পেনিলোপ এখনো অঞ্চপূর্ণ নয়নে বলে আছে ভোমার প্রভীক্ষায়।

আবেগের সক্তে ওডেসিরাস তার মার প্রেতাত্মাকে অভিয়ে ধরতে যেতেই অদুখ্য হয়ে গেল সেই ছায়াশরীরটা।

এরপর একে একে বছ ফুলরী রমণী ও বড় বড় বীরদের প্রেডান্থার লাবির্ভাব হলো। প্রথমে এল বীর এগাগামেননের লান্থা। এগাগামেনন ভাকে বলল কি ভাবে তার গ্রী ভার সকে বিধাস্থাভকভা করে ভাকে হত্যা করিয়েছে ভার অবৈধ প্রণশ্নীকে দিয়ে। পরে সে ভার পুত্র ওরেস্টেসের ধবর ক্রিজাসা করল । কিছ ওভেসিয়াস সে বিষয়ে কিছুই বলভে পারল না। এগাগামেননের পর এল একিলিসের প্রেডান্থা। ওভেসিয়াদের কাছ থেকে ভার পুত্র মিউটলেমাসের বীরন্থের কথা লানভে পেরে শুলি হলো একিলিস। ওভেদিয়াস ভাকে বলল, তৃষি ও এই মৃত্যুপুরীতে রাজার মও মর্বাদার নকে আছে। তথন একিলিস বলল, এই মৃত্যুপুরীতে রাজকীয় মর্বাদার পালার চেরে মর্ভাড়্মিতে গিয়ে জীঙদাস শ্রমিক হিসাবে প্রাণ ভরে নিংখাস নিমে বেঁচে থাকা অনেক ভাল।

এর পর আরো অনেকের প্রেডান্থা একে একে ভিড় করে এলে ওডেসিরাস ক্ষত্ত দেখান থেকে বেরিয়ে গিয়ে তার আহাতে গিয়ে চেপে আহাত ছেড়ে দিল। আহাতে করে আবার সেই মায়াবিনীর বীপে গিয়ে উঠল ওডেসিয়াস। ভার প্রতিশ্রুতি মত এলপীনত্ত্রে মৃতদেহের সংকার করল। এবারেও মারাবিনী ভাদের সকলের সভে খ্ব ভাল ব্যবহার করল। ভার কাছে মৃত্যুপুরীর সব হটনা শুনদ্ একে একে। পরে ভার যাওয়ার সব ব্যবস্থা করে দিল।

এবারেও যাবার দময় অন্তক্ত বাডাস পেল ওডেসিয়াস। এবার ভারা
কিয়ে উঠল সাইরেণদের বীপে এই বীপে সাইরেণ নামে একদল মায়াবিনী
গায়িকা বাস করে। ডাদের গান সমৃদ্ধ থেকে চলমান কোন ভারাজের লোক
একবার ওনলেই ডাকে সে বীপের কুলে নামতেই হবে। আর নামা মানেই
মু সুবরণ। এ বিষয়ে ওডেসিয়াসকে আগেই সাবধান করে দিয়েছিল সেই
মায়াবিনী।

তাই ওড়েসিয়াস সেই বীপের কাছে তার ছাহাছটা আসার আগেই তার সব লোকদের কান মোম দিয়ে এমনভাবে এঁটে দিয়েছিল যাতে তারা সংইরেশদের গান ভনতে না পায়। নিজের কান সে মোম দিয়ে বন্ধ না করলেও নিজের ছাহাজের মান্তলের সঙ্গে বেঁধে রাখল এবং তার লোকদের সাবধান করে দিল তাদের গান ভবে সে দড়ির বাঁধন খোলার ভক্ত ছটফট করলেও তারা যেন তার বাঁধন না খোলে।

জাহাজটা সংইরেণদের বীপের পাল কাটিয়ে যথন বাচ্ছিল ওথন ডাদের গান শুনে সভিত্ত ছটফট করতে লাগল রঞ্জ্বদ্ধ ওভেসিয়াস। কিন্তু কেউ ভার বাঁধন খুলে দিল না।

সাইবেশদের ফাঁদ কাটিয়ে ওভেসিয়াসর। এসে পড়ল চ্যারিবভিস আর ফাইয়ার মাঝখানে। চণারিবভিদ হলো জল দেবতা পদেহনের অভিনপ্ত। বস্তা। চ্যারিবভিস সমুদ্রের এক আরগায় এক পাহাড়ের থারে থেকে প্রভিদিন তনবার করে মুখ থেকে জল বার করে এক বিরাট ঘূর্ণাবর্তের স্ঠে করে, আবার সেই ঘূর্ণাবর্তের সব জল নিজেই লোষণ করে নেয়। সেই ভল শোষণ করার সময় সেইখানে কোন আহাজ বা কোন প্রাণী এলে গেলেই সেও ভার প্রেটর ভিতর চলে যায়।

স্থাইরা হলো অক্তম সম্ত্রদেবত। কোসিসের কলা। তার করের পর এক ডাইনি ট্রবিশতঃ তার আনের আলে এমন এক বিব মিলিরে সের যার করে স্থাইরা সলে সর্বে ছটা মাধা আর বারোটা পা-ওরালা এই ভ্রম্কর রক্ষের হিংল্র রাক্ষ্সীতে পরিপত হয়। তার সভত উন্মুক্ত চোরালের কাছে কোন প্রাণী একবার এসে পড়লে আর তার নিভার নেই। তাকে মরতেই হবে। মারাবিনী ওডেসিয়াসকে বারবার সাবধান করে দেয় সে যেন স্বাইলার সক্ষে কোনভাবে লড়াই করতে না যায়। কিন্তু চারিবভিসের মূর্ণ্যবর্তের এলাকাটা পার হলে স্বাইলার পর্বতসংলগ্ন গুহার কাছে তাদের আহাজটা আসতেই স্বাইলা তার ছটা মূথ একই সঙ্গে বাড়িয়ে দিয়ে আহাজ থেকে ওডেসিয়াসের ছ'জন লোককে শ্রে তুলে নিয়ে নিজের গুহার মধ্যে নিয়ে পেল। লোকগুলো তাদের হাত বাড়িয়ে সাহায্যের জন্ত অসহায়ভাবে চিৎকার করতে থাকদেও তাদের জন্ত কিছুই করতে পারল না ওডেসিয়াস।

যাই হোক, কোন রকমে স্বাইলার বিপদ পার হয়ে ওরা এসে পড়ল স্থাদেবতার আশীর্বাদপৃত গোচারণক্ষেত্র সম্বলিত এক অভুত দীপে। ওডেসিয়াসের ইচ্ছা ছিল না সে দীপে নামার। কিন্তু তার ক্লান্ত শোকজনেরা তার কথা শুনল না। মায়াবিনী ওডেসিয়াসকে সাবধান করে দেয়। এ দীপে চারণরত স্থা দেবতার একটি পশুকেও যদি তারা বধ করে তাহলে তাদের জাহাজ ও লোকজন ধ্বংস হবে।

এই ভয়ে এ দ্বীপে নামতে চাইছিল না ওডেসিয়াস। কিন্তু ইউরিলোকাস রেগে সদস্তে বলল, আমরা মান্ত্র, লোহা দিয়ে তৈরি নয় আমাদের দেহ। কয়েকদিন ধরে কত বিশদের মধ্যে দিয়ে একটানা দাঁড় টেনে চলেছি আমরা। এবার আমাদের বিশ্রাম নিতেই হবে

বাধ্য হয়ে তাই জাহাজ তেড়াতে হলো। তবে ওডেসিয়াস তার লোকদের বারবার সাবধান করে দিয়ে শপ্থ করিয়ে নিল, তার। যেন কোন রক্ষেই দ্বভার প্রদের সঙ্গে বিবাদ বাধিয়ে না বসে।

ভারা স্বাই শৃপথ করে কৃলে গিয়ে রান্না করে রাত্তের থাবার থেয়ে ঘুমোতে লাগল। পরদিন স্কালেই তারা চলে যেতঃ কিন্তু রাজি থেকে উঠল প্রচণ্ড এক প্রতিকৃল বাভাসের ঝড়ঃ জাহাজ ছাড়তে সাহস পেল না ভারা। কিন্তু একদিন ছদিন নয় পুরো একটি মাস ধরে চলভে লাগল সে ঝড়। ক্রমে জাহাজের সঞ্চিত রগদ ফ্রিয়ে গেল। মায়াবিনী ভাদের অনেক থাবার দিয়েছিল! কিন্তু একে একে সব ফ্রিয়ে যেতে দারুণ থাভাভাবে পড়ল ওয়া। ওডেসিয়াসের লোকরা প্রথমে বনে শিকার করে বা মাছ ধরে আহার সংগ্রহের চেটা করল। কিন্তু কিছু হলো নাঃ ওডেসিয়াসের ক্রার্ড লোকদের ভখন দৃষ্টি পড়ল স্থালেবভার আশীবাদপ্ত পুটল পভগ্লোর উপর। কিন্তু ওডেসিয়াসের কড়া নিষেধ আছে যে পশুর গায়ে হাত দেওয়া চলবে না কোনমতে।

ওভৈসিয়াস ভার সব ক্ষা ভৃষার কৰা ভূসে গিয়ে ছীপের মধ্যে এক নির্জন জায়গা বেছে নিয়ে সারাদিন দেবভাদের উপাসনা করে কটিভি। আকলিম ওতেসিভাস বধ্ম একা একা সেই মির্জন আরণার উপাসনা করছিল তথন ইউরিলোকাস অন্তস্ত্র লোভদের উত্তেজিত করতে লাগল পশুবনের অন্তঃ। বলল, কিলের ভবে ভোমরা একাজ করছ না? না থেরে ভকিরে মরার থেকে দেবতাদের অভিশাপে মরা চের ভাল। এদিকেও মরতে হবে, ওদিকেও মরতে হবে। স্কুতরাং না থেরে মরার থেকে থেয়ে মরাই ভাল। তার কথা ভনে সকলেই তাকে সমর্থন করল। তথন তারা করেকটি পশু ধরে নিমে দেবতার উদ্দেশ্তে বলি দেবার ভান করে বধ করল। ওতেসিয়াস সম্ভোর সমর কিরে এসে দেবল ভার লোকরা সানন্দে মাংস রাল্লা করছে। সে স্ব কিছু ব্যতে পারল; কিছু তথন আর কোন উপায় নেই। এক সপ্তা ধরে তারা সেই মাংস সাধ মিটিয়ে থেতে লাগল। ওভেসিয়াসের কোন সতর্কবাণীতে কান দিল না।

এক সপ্তা পর আবহাওয়। খুব ভাল হয়ে উঠতেই জাহাজ ছেড়ে দিল ওরা। কিন্তু বুঝতে পারল না এ হলো দেবভার ছলনামাত্র। উজ্জ্বল আবহাওয়া আর অনুকৃল বাভাসের প্রলোভন দেখিয়ে স্থাদেবভা হাইপীরিয়ণ টেনে নিয়ে যাজ্বেন ভাদের বড় রকমের বিপদের মধে।

এদিকে প্রডেসিয়াসের লোকরা তাঁর চারণরত পশু বধ করার সক্ষে সক্ষে স্থাদেবতা হাইপীরিয়ণ স্থানি নিয়ে দেবরাজ জিয়াসের কাছে অভিযোগ করলেন, এই অপকমের জন্ম চুর্ ওদের শান্তি না দিলে তিনি এবার থেকে আকাশ ছেড়ে পাতালপ্রদেশে নিয়ে কিরণ দিতে থাকবেন। জিয়াস তাঁকে দোষীদের যথোচিত শান্তি দেবেন বলে আখাস দিতে লাস্ত হলেন হাইপীরিয়ণ। সমুদ্রদেবতা প্রেডেনও আনে থেকেই রেগে ছিলেন ওড়ে সিয়াসনের উপর, কারণ ভারা তাঁর পুত্র সাইক্রোপ দৈতা পলিকেমাসকে অন্ধ করে দেয়।

ওতে সিয়াসদের জাহাজ কৃস ছেতে দ্র মাঝ সমৃত্রে যাবার সক্তে সক্ষেই শুরু হলে। প্রচণ্ড এক সামৃত্রিক ঝড়ঃ অকমাৎ সে ঝড়ের আঘাতে জাহাজের মাঞ্চলি ভেকে প্রধান চালকের উপর পড়ে যেতে সে মারা গেল সক্ষে। ভাহাজটি যথন চালকহীন অবস্থায় এলোমেলোভাবে ভাসতে লাগল তথন আকাল থেকে সহসা এক বজ্বপাত হয়ে ভাহাজটাকে ভেকে খণ্ড থণ্ড করে দিল। ওভেসিয়াস তথন সেই জাহাজের ভরাংশ দিয়ে একটা বড় ভেলা ভৈরি করে ভার উপর চেপে ভেলে চলল চেউএর বলে।

চেউএর ঘাত প্রতিঘাতে ভাগতে ভাগতে সে আবার চ্যারিবভিগের পাহাড়টার কাছে এশে পড়ল। চ্যারিবভিগ বধন জল শোষণ করছিল তথন সে পাহাড়ের উপর দাড়িয়ে থাকা একটা ভূমুর গাছ ধরে কেলে কোন্যক্ষে বাঁচাল নিজেকে। ভখন ভার ভভগা শোষিত জলের সুক্তে চুকে পেল ভ্যারিবভিগের পেটের ভিতর। কিছুক্ত পর শোষিত জলের উপরে দেখার সংক্ষ সংস্কৃতি তার ভেলাটা চ্যারিবভিলের পেট থেকে বেরিরে আসতেই আবার বাজা শুরু করল ওভেসিরাস।

পর পর নরদিন ধরে এইভাবে ভাসতে লাগল ওডেনিয়াস। তারপর
দশ দিনের দিন তার ভেলাটা অগিজিয়া নামে এক নির্জন বাঁপে এনে
ভিড়ল। সে বীপেও ক্যালিপসো নামে এক মায়াবিনী বাগ করত। তবে
ক্যালিপসোর চোখে এক সভ্যিকারের ভালবাসার যাত্ ছাড়া অন্ত কোন
ভয়াবহ যাত্ ছিল না। ভাছাড়া এই বীপটাও বড় ক্ষর। দেখলে ত্ চোখ
ক্র্ডিয়ে যায়।

এই দীপে ক্যালিপদো সদয় ও সাদর অভ্যর্থনা অ:নাল ওডেসিয়াসকে।
পরিশ্রান্ত ও চুর্পনাগ্রন্থ এই বিদেশী অভিথিকে দেখে ক্যালিপসোর মনে
প্রথমে করুণা জাগলেও সে করুণা ক্রমে ভালবাসায় পরিণত হলো।
ক্যালিপদো সভিয় সভিয়ই এমন গভীরভাবে ভালবাসতে লাগল যে সে ভাকে
ছাড়বে না, যেতে দেবে না কর্থনো সে দ্বীপ থেকে।

ওডে দিয়াসও তার সে ভালবাসার বাধন ছিঁড়ে বেতে পারল না। ফলে দিনের পর দিন, মাসের পর মাস কেটে যেতে লাগল। মধ্র স্বপ্লের মত কাটতে লাগল দিনগুলো। ভার দেশে ফেরার কথা সব ভূলে গেল ওডে সিয়াস। দৈব পরী ক্যালিশসোর কুপায় দেহে নতুন করে নববৌবন লাভ করল সে।

এইভাবে একটি বছর কেটে যাবার পর চৈতক্ত ফিরে পেল ওডেসিয়াস। তার অন্নভূমি ইথাকা ও স্ত্রীপুত্তের কথা মনে পড়ল সহসা। সে তথন সমুক্ততীরে একা বদে বদে দূর দিগস্তে এক দৃষ্টিতে তাকিয়ে বাড়ির কথা ভাবত।

এদিকে ভার ইবাকার বাড়িতে চলছিল তুমুল কাগু। তার পিডা বৃদ্ধ লার্তেস, স্ত্রী পেনিলোপ আর পুত্র টেলিমেকাস তিনজনেরই তঃধের অন্ত ছিল না। কারণ সে উয়য়ুদ্ধে চলে যাবার পর থেকেই তার স্ত্রী পেনিলোপের অতুলনীয় রূপ শুণের কথা শুনে বিভিন্ন রাজ্যের রাজারা তার রাজপ্রাসাদে তার স্ত্রীর পাণিপ্রার্থী হয়। ভার পুত্র তথন নিতান্ত শিশু, সৈল্ল সামস্তও বেলী ছিল মা। ভাই সেই সব পাণিপ্রার্থী তুর্থই রাজাদের দমন করার কোন উপায় ছিল না ভার স্ত্রীর হাতে। সেই সব রাজারা একযোগে প্রাসাদে এসে পেনিলোপকে বলল, আমাদের মধ্যে যে কোন একজনকে পছম্মমন্ড ভোমার দিতীয় স্বামী হিসাবে বেছে নাও। ভোমার স্বামী আর বেঁচে নেই। টুয়য়ুদ্ধে ভার মৃত্যু হয়েছে। যত দিন পর্যন্ত না তৃমি আমাদের মধ্যে কাউকে বিয়ে করবে ততদিন আমরা এধানেই থাকব।

বৃদ্ধিতী পেনিলোপ খ্ব বেশী রাচ না হয়ে কৌশলে বিভিন্ন আনুহাতে তাদের ঠেকিলে রাখতে লাগল। কারণ ওভেসিয়াসের পরিবর্তে আন কোন লোককে স্বামীরূপে এহণ করা কোনজমেই সম্ভব নম তার পক্ষে। অবশেষে এক বন্ধুন কৌশল অবলম্বন করল পেনিলোপ। বলল, দৈবনির্দেশে বৃদ্ধ

লার্ডেলের মৃত্যুর পর ভার মৃভদেহ ঢাকা বেবার জন্ত একটি চাদর নিজের হাডে ভাকে বৃনতে হবে। এ চাদর বোনা বডদিন লেব না হবে ডভদিন সে কাউকে বিশ্নে করতে পারবে না। এইভাবে সারাদিন সে একমনে চাদর বৃনত আর রাজি হলেই আলো জেলে সেই বোনা হডোওলো খুলে বিভ। কলে ভার কাজ কিছুভেই এগোড না। প্রথম প্রথম পাণিপ্রার্থীরা একবা মেনে নিলেও পরে একবা ফাঁস হয়ে বাওয়ায় নত্ন করে চাপ দিতে লাগল।

পেনিলোপ ওখন নতুন এক কৌশল অবলখন করল। বলল, উয়ব্ছ প্ৰেষ হয়ে গেছে। আমার স্বামী যদি বেঁচে থাকে ড নিশ্চয়ই সে এবার ফিরে আসবে। আর একটা বছর অপেকা করতেই হবে। ভাছাড়া টেলিমেকাস এখন বড় হয়েছে। ও কিছু লোকজন নিয়ে ওর বাবার খোঁজে গ্রীসে যাবে। টেলিমেকাসও ভাদের ব্বিয়ে বলল, আমি কিরে এসে নিজে মার উপর চাপ দেব ভোষাদেব কাউকে বিয়ে করার জন্ত।

গ্রীসদেশে গিরে প্রথমে পাইলসে গিয়ে উঠল টেলিমেকাস। সে গোপনে রওনা হলো রাজবাড়ি থেকে। প্যালাস এখেন তার সৎ অভিভাবক মেণ্টরের রূপ ধরে ভার সহায়ভা করতে লাগলেন।

পাইলনে গিয়ে প্রথমে বৃদ্ধ নেন্টরের সলে দেখা করল টেলিমেকাল।
নেন্টর তাকে ট্রয়্দ্ধ সম্বন্ধে অনেক কথা বললেন। কিন্তু যুদ্ধশেরে প্রতায়ত্তনকালে ওভেনিয়ানের ভাগ্যে কি ঘটেছে, গে এখন কোধায় কি অবস্থায় আছে
ভার কিছুই বলতে পারলেন না নেন্টর।

সেখান খেকে টেলিমেকাস গেল ম্পার্টায়। নেস্টরপুত্র সিজিসট্টোস ডাকে পথ দেখিয়ে নিয়ে গেল। ম্পার্টায় রাজা মেনেলাস ও রাণী হেলেন ডাকে সাদর অভ্যর্থনা জানাল। যে হেলেনের জন্ত এত মৃত্যু এত অপান্তি সেই হেলেনের সঙ্গে আনার মিলিত হয়ে হথে শান্তিতে ঘর সংসার করছে রাজা মেনেলাস। মেনেলাসও ওডেসিয়াসের কোন সন্ধান দিতে পারল না। গেস বলল সে নিজেও কেরার সময় সমৃত্রে পথ হারিয়ে কেলেছিল। ডবে বর্তমানের কথা সে বলতে না পারলেও কিছুকাল আগের একটা থবর বলতে পারে সে। কেরার পথে হঠাং একদিন ঘটনাক্রমে পসেডনের পশুপালক সমৃত্রমানর প্রোভিয়াসের দেখা পেয়ে য়য় । একমাত্র প্রোভিয়াসই এমন এক মাত্রর যে অস্কটীন সমৃত্রের সব কথা বলে দিতে পারে। বিশাল সমৃত্রের মধ্যে কে লোখায় মরছে, কোন থাপে আটকে পড়েছে সব বলে দিতে পারে সে। একদিন মেনেলাস ও ভার সঙ্গীয়া সীল মাছের চামড়া পরে ছল্মবেশে প্রোভিয়াসের থোঁক করছিল যথন সমৃত্রে, তথন হঠাৎ দেখে প্রোভিয়াস শমুক্তরীরে রোদ পোচাক্রে। তথন প্রোভিয়াসকে সেই অবস্থায় ধরে কেলে ভার কাছ থেকে জ্যার করে নেয়। ওডেলিয়াসের

খবর বারবার জিল্লাদা করলে সে বলে ওড়ে সিয়াস এক খীপে এক মায়াবিনী দেবীর কাছে বন্দী হয়ে আছে। সেই দেবী তাকে তার রূপে মৃথ করে রেখেছে। সে বাড়ি আসতে চাইলেও তাকে আসতে দিছেনা, ভূলিয়ে রেখেছে।

যাই হোক, তার পিতা এখনো বেঁচে আছে এবং একদিন কিরে আসবে এই আলা ও বিখাস নিয়ে বাড়ি কিরে গেল টেলিমেকাস। সে ইথাকায় ফিরে গিয়ে একথা সকলকে জানাল। এদিকে মেটরের ছদ্মবেশে যে প্যালাস এথেন টেলিমেকাসকে সাহায্য করছিলেন, সে দেশে ফিরে গেলে তিনি তাকে ছেড়ে চলে গেলেন। তিনি স্বর্গে কিরে গিয়ে ওডেসিয়াসের মুক্তির জন্ম চেটা করতে লাগলেন। স্বর্গের দেবতাদের এক সভা আহ্বান করলেন তিনি এই উদ্দেশ্যে। ওডেসিয়াসের মত এক নির্দেশ্য বার অয়ধঃ কট শাচ্ছে এবং অবিলয়ে তার বাড়ি কেরা উচিত এ বিষয়ে একমাত্র প্রেডন ছাড়া স্বাই একমত হলেন। প্রেডন সে সভায় উপস্থিত ছিলেন নাঃ অষচ শুধু প্রেডনের বোষের জন্মই ওডেসিয়াস অকথঃ তভোগ ভোগ করে যাচ্ছিল সমুদ্রে।

দেবরাজ জিয়াস নিজে তৎপর হয়ে হার্মিসকে ক্যালিপদোর কাছে পাঠালেন। হার্মিস ক্যালিপদোর কাছে ওডেসিয়াসকে ছেড়ে দেবার জন্ত করালেন

একদিন ওডে দিয়াস যখন এক এক সমুদ্রতীরে বসে বাড়ের কথ। ভাবছিল দূর দিগন্তের পানে তাকিয়ে তখন কালিপসা তার কাছে গিয়ে তাঁর নতুন সিদ্ধান্তের কথা বললেন । কালিপসে তাকে ছেড়ে দিতে চাইলেও সমুদ্রে তাকে নতুন যে স্ব বলদের সমুখীন হতে হবে তার কথাও ম্বরণ করিয়ে দিল। সেই সক্ষেতার স্ত্রী পেনিলোপের তুলনাম তার রূপ-যৌবন যে আনেক বেশী আরে তা চির-অক্ষয় এবং তার কাছে থাকলে তার নিজের যৌবনও অক্ষয় থাকবে সে কথাও তাকে ম্বরণ করিছে দিল।

ভবে সব শেষে সে বলল, একান্তই যাদ ভূমি আমাকে ছেড়ে থেভে চাও ভাহলে তুমি গাছ কেটে নিজের হাতে একটি নৌকে। বানিয়ে নাও।

ওডেসিয়াস তথন উত্তর করল হে দেবী, জানি তোমাকে ছেড়ে গিয়ে সমুলপথে আমাকে জনেক বিপদে পড়তে হবে, সমুদ্রতরক্ষের সঙ্গে যুদ্ধ কর তে হবে, জানি আমার স্ত্রী পেনিলোপের থেকে সব দিক দিয়ে তুমি শ্রেষসী, তবু আমাকে কর্তব্যের থাতিরে বাড়ি কিরতেই হবে।

ওডেসিয়াস নৌকো নির্মাণের কাজ শেষ করার সংক্ষ সক্ষে তার যাওয়ার সব ব্যবস্থা করে দিল কালিপসে। প্রচুর খাত ও পানীর দিয়ে তার নৌকোটাকে ভরে দিল। তার সমুস্থাত্তার জন্ত অনুকৃল বাতাস দিল।

नमूट्य नोटका ভाजित्व पिराहे पिनदां हान बदद वहेन अट्यिनियान।

লাভ বছর ধরে মায়াবিনী দেবী কালিপসোর গুহায় অলসভাবে কাটিয়েছে। এডকাল পর নোকোর হাল হাতে ধরার সক্তে নতুন উভয়ে দাঁড় বাইডে লাগল। দিনরাত হাল ধরে বসে রইল। রাজিবেলাভেও একটু বিশ্রাম করল না। এইভাবে সভের দিন কেটে গেল।

এদিকে এতদিনে পদেডনের ধেরাল হলো। এতদিন তিনি ইথিওপিরার গিরেছিলেন এক ভোজসভার যোগ দেবার জন্ম। সেথান ধৈকে রথে করে ফেরার সময় সমুদ্রের উপর ওডেসিরাসের নৌকোটা চোথে পড়তেই আবার রাগের আগুনে জলে উঠলেন তিনি। হাতের তিশ্লটি নিয়ে প্রথমে ঝড়কে আকর্ষণ করলেন। এক প্রবল সামুদ্রিক ঝড়ে উন্টে ভেঙ্গে খান খান হয়ে গেল ওডেসিরাসের নৌকোটা।

এইভাবে বড়টা যদি চলতে থাকত তাহলে ওডেসিয়াস হয়ত আর টেউএর সঙ্গে লড়াই করতে না পেরে জ্বলে তুবে যেত। কিছু প্যালাস এথেন দয়া করে তাকে বাঁচিয়ে দিলেন। পালাস এথেন ঝড বন্ধ করে তাকে একট অনুক্ল বাতাস দিল। সেই বাভাসে অনায়াসে ভেসে যেতে লাল ওডেসিয়াস স্রোভের টানে এইভাবে ফুদিন ত্রাত চলার পর সকাল হতেই দূর দিগন্তে নীল বনরেখায় আঁকে এক উপক্লভাগ দেখতে পেল।

কিন্তু ক্লের কাছে গিয়ে ওডেসিয়াস দেখল একটা থাড়াই পাহাড় জলের গভীর থেকে উঠে গেছে। সেথানে পারাথার কোন জায়গানেই। ওডেসিয়াস তথন ক্ল ঘেঁষে ভেসে যেতে লাগল পাহাড়টাকে কাটানোর জন্ম। তারপর একটা নদীর তটরেখা দেখতে পেল। সেথানে তাকে একট্ আশ্রেয় দেখার জন্মনি গুলোর কাছে কাতর অংশেন জানাতে লাগল সে! অবশেষে তার আহ্বানে সাড়া দিল দেবজা। একটি চেউ তাকে আছডে কেলে দিয়ে গেল নদীর তটভূমিতে। দীর্ঘ দিন জলে থাকার পর প্রথম মাটির স্পর্শ পেয়ে আবেগভরে মাটিটাকে শুয়ে শুয়েই চূখন করল ওডেসিয়াস। ক্লান্ত হয়ে অবসর দেহে কিছুক্ষণ মড়ার মত শুয়ে রইল।

কিছুক্ষণ এমনি করে থাকার পর ওড়েসিয়াসের হঁস হলো তার দেহট। একেবারে নগ্ন। চারদিক তাকিয়ে দেখল নিকটেই একটা বন রথেছে। কিন্তু তার উত্থানশক্তি রহিত। তাই গুড়ি মেরে অভিকট্টে বনের ভিতর গিয়ে কিছু শুকনো পাতা যোগাড় করে তা গায়ের উপর চাপ। দিয়ে আর কিছু পাতার উপর শুরে পড়ল।

ঠাওা কনকনে বাতাসে গাটা তার হিম হয়ে গিয়েছিল। তবু অবসাদা আর দীর্ঘ অনিদ্রার নিবিড়তায় সঙ্গে স্থায়ে পড়ল ওড়েসিয়াস।

যে দ্বীপটায় গিয়ে উঠেছিল ওডেসিয়াস তার নাম দ্বেরিয়া। সেধানে ফ্যাকেসিয়া নামে এক জ্বাভি বাস করত। যুদ্ধবিগ্রহের পরিবর্তে এই জ্বাভি ব্যবসা বাণিজ্ঞার মাধ্যমে বিশেষ সমৃদ্ধি লাভ করে। উপকৃষভাগের নিকটেই

ছিল তাদের রাজা এ্যালসিনোয়াসের প্রাসাদ। প্রচুর ধনসম্পদের অধিকারী ব্রেলেও এ জ্ঞাতির মেরেরা সংসারের কাজকর্মের দিক থেকে তেমন কুশলী ছিল না। তারা রোজ নদীর ঘাটে বাড়ির যত সব পোষাক আশাক নিয়ে কাচতে থেত।

সেদিন সকাল হতেই রাজকক্সা নৌসিকা তার সহচরীদের সব্দে একদল
গাধার পিঠে প্রচুর ময়লা কাপড়জামা নিয়ে কাচতে গিয়েছিল নদীর ঘাটে।
নৌসিকা একটা পাধরের উপর বসে রইল আর তার সহচরীরা কাপড় কেচে
রোদে ভকোতে দিয়ে মধ্যাহ্নভোজন সেরে নাচগান করতে লাগল। পরে
তারা একটা বল নিয়ে খেলতে লাগল এবং একসময়ে তাদের বলটা
ভভেসিয়াসের গায়ে সজোরে লাগতেই তার ঘুম ভেকে গেল।

ওডেদিয়াস উঠে পড়তেই তার দাড়িজরা মুখ, শুক্ক অবিগ্রন্থ চুল আর নয় দেহ দেখে তাকে কোন বর্বর বন্ধ মানুষ ভেবে নৌসিকার সহচরীরা ছুটে পালিয়ে গেল। কিন্ধ নৌসিকা সত্য ঘটনা জানার জন্ম একা দাঁড়িয়ে রইল নির্ভীকভাবে। ওডেদিয়াস তখন পাতাভরা একটি গাছের ডাল দিয়ে তার গোপনালটি আর্ভ করে নৌসিকার সামনে গিয়ে তার নয় দেহটা আর্ভ করার জন্ম একটা কাপড় চাইল।

তাকে দেখে নৌসিকার দয়। হলো। সে বুঝল লোকটি ভদ্র এবং নিশ্চয় হরবন্থার মধ্যে পড়েছে। তৎক্ষণাৎ সে তার সহচরীদের একটা ভাল শুকনো পোষাক বিদেশীকে পরার জন্ম দিতে বলল। তারপর তাকে স্নান করিয়ে তেল মাথিয়ে সম্পূর্ণ স্বন্ধ ও স্বাভাবিক মানুষে পরিণত করল তারা। নৌসিক। তথনে খায়নি। তার প্রচ্র পরিমাণ খাবারের ভাগ থেকে অনেক কিছু খেতে দিল ওডেসিয়াসকে। তারপর ওডেসিয়াসের কাছ থেকে মোটামুটিভাবে তার দূরবন্থার কথা শুনে তাকে বলল, তুমি আমাদের সক্ষে আমার বাবার কাছে গিয়ে সব কথা বলবে। তিনি নিশ্চয় তোমাকে সাহায্য করবেন।

স্থান থাওয়ার পর বলিষ্ঠদেহী ওডেসিয়াসকে থুব স্থলর দেখাচ্ছিল; নৌসিকাদের পিছু পিছে ওডেসিয়াস এগালসিনোয়াসের রাজপ্রাসাদে গিয়ে রাজা ও রাণীকে তার পব কথা ব্ঝিনে বলল। দে শুরু কোথায় যাবে এবং সমৃদ্রে আহাজতুবি হয়ে কিছাবে কই পাচ্ছে দেই কথাই বলল, কিছে তার নাম বা আগল পরিচয় বলল না। রাজা রাণী ব্যতে পারল নৌসিকাই প্রথম তাকে নদীর পারে দেখে দয়াকরে একটা পোষাক দিয়ে এখানে পথ দেখিয়েএনেছে। যাই হোক, অতিথিবংসল রাজা এগালসিয়োনাস ওডেসিয়াসের থাকা। খাল্যার সব ব্যবস্থাই করে দিল। ঠিক হলো ওডেসিয়াস তু চার দিন রাজার অতিথি হিসাবে রাজবাড়িতে রয়ে যাবে। পরে রাজা তার ইথাকা থাবার সব স্ব্যবস্থা করে দেবে। তাকে জাহাজ এবং নাবিক দেবে। থেকা জাহাজ ওডেসিয়াসকে নিরাপদে ইথাকায় পৌছে দিয়ে ফিরে আসবে।

রাজা এ্যালসিনোয়াস ওডেনিয়ানের উপর এডদ্র সম্ভষ্ট হলো যে সে প্রস্তাব করলো সে ভার জায়াভা হিনাবে এ রাজ্যে থেকে যেভে পারে।

তার মেরেও তাকে বিয়ে করতে রাজী আছে। কিন্তু ওডেসিয়াসের মনা বাড়ির অন্ত খুব চঞ্চল হয়ে ওঠার অন্ত সে প্রস্তাবে রাজী হতে পারল না। রাজাও এ নিয়ে জার কোন জেদ করল না।

ফ্যাকেসিয়ার লোক শুর্ নৌবিভাতেই কুশলী নয় : তারা বিভিন্ন রকমের খেলাখুলাতেও বিশেষ পারদর্শী। মাঝে মাঝে ক্রীড়া প্রতিযোগিতার অষ্ঠান হর ভাদের দেশে। বিদেশী অতিথি ওডেসিয়াসের সন্মানাথে এমনি এক ক্রীড়াপ্র্ঠানের আয়োজন করল রাজা। সে অষ্ঠানে ওডেসিয়াসও যোগদান করে সকল প্রতিযোগীদের হারিয়ে দিল। বিশেষ করে সে একটি বড় বর্শা লক্ষ্যের উচুতে এত জোরে ছুঁড়ল যে ভা দেখে বিশ্বয়ে অবাক হয়ে গেল স্বাই। ওডেসিয়াস বলল, সমুদ্রে একটানা সাঁভার কেটে কেটে ভার পাছটো অবশ হয়ে ওঠার জন্ত একমাত্র দৌড় প্রতিযোগিভায় সে পেরে উঠবেনা।

সে রাজিতে রাজপ্রাসাদে এক ভোজসভার আয়োজন করল রাজা। তাতে চারণ কবি ডেমোডেকাসকে গান করার জন্ম ডাকা হরেলা। এক সময় ওডেসিয়াস টুয়যুদ্ধের কথাটা উত্থাপন করলে ডেমোডেকাস টুয়যুদ্ধের কাহিনী গানের মাধ্যমে গাইতে লাগল। সে কাহিনী ভনতে ভনতে চোখ থেকে জল বেরিয়ে গাল বেয়ে ঝড়ে পড়তে লাগল ওডেসিয়াসের। প্রসক্তমে লার্তেসপুত্র বার ওডেসিয়াসেরও খুব গৌরবগান করল। সে মুখটা ঘুরিয়ে নিয়ে রাখল রাজার কাছ থেকে। কিন্তু একসময় সেদিকে রাজার নজর পড়তেই রাজা উৎস্কক হয়ে তাকে জিজ্ঞাস। করল, কে তুমি ? টুয়যুদ্ধের কথা ভনে কেন তুমি এত বিচলিত হচ্ছ ?

ওডোসয়াস তথন আরে গোপন না করে আত্মপরিচয় দান করে বলল, আমার নাম ওডেসিয়াস।

একথা খনে রাজা ও সভাস্থ সকলে বিশ্বয়ে অভিভৃত হয়ে উঠল। ট্রয় যুদ্দের অক্তম বীর নায়ক সদারীরে তাদের চোবের সামনে বসে আছে এটা যেন তারা বিশ্বাস করতে পারছিল না। যাই হোক, এ কথা জানতে পেরে ওডেসিয়াসের প্রতি নতুন করে গভীরতর এক শ্রন্ধায় অবনত হয়ে উঠল তাদের চিত্ত।

গীওবাতাসহকারে আর এক ভোজসভার আয়োজন করা হলে। বীর অতিথির সম্মানার্থে। তারপর তার যাওয়ার সব ব্যবস্থা সম্পূর্ণ হয়ে গেলেই সে রওনা হলো। একটি ভাল আহাজ আর বারো জন নাবিক দিল রাজা। তার সক্ষে দিল প্রচুর ধনরত্বের উপহার। আহাজে ওডেসিয়াসের শোবার- জন্ম ভাল বিছানা পেতে দেওয়া হলো। আহাজ ছেড়ে দেওয়ার সঙ্গে সঙ্গে সে বিছানায় ওয়েই ঘূমিয়ে পড়ল। তথন সংবেমাত সংস্কা হয়েছে।

সারারাত একটানা আহাজ চলার পর ভোর হতেই ইথাকার উপক্লভাগ নজরে পড়ল ওডেসিয়াসের চোথে। সকাল হতেই ইথাকার উপক্লে ওডেসিয়াসকে নামিয়ে দিয়ে তার উপহারের সব ম্ল্যবান জ্লিনিসপ্ত ভার কাছে রেথে নাবিকরা দেশে ফিরে যাবার জন্ম আহাজ ছেড়ে দিল।

ভাল করে সকাল হলে ওডেসিয়াস চার দিকে তাকিয়ে দেখল সমস্ত দিক দিগন্ত ঘন কুয়াশায় ঢাকা। কুয়াশা এত ঘন যে কাছের জিনিসও বোঝা যায় না। এ দেশ ইথাকা কি না তাও বুঝতে পারল না। তার মনে হতে লাগল বুঝি বা নাবিকরা ভূল করে অন্ত এক দ্বীপে নামিয়ে দিয়ে গেছে।

কিন্তু আসলে এ দেশের নাম সত্যিই ইথাকা। দেবী প্রালাস এথেনই প্রছেসিয়াসের শক্ত ও তাদের চরদের চ্যেথে ধূলো দেবার জন্মই এমন ঘন কুয়াশার স্পষ্ট করে অদৃশ্য করে রেখেছেন গুডেসিয়াসকে।

ওভেসিয়াসের মনটা যথন এমনি করে সন্দেহের দোলায় তুলছিল তথন দেবী প্যালাস এখন এক রাথাল যুবকের বেশ ধরে তার সামনে এসে হাজির হলো। ওডেসিয়াস তাকে জিজ্ঞাসা কবে জানতে পারল এটা ইথাক: দ্বীপ। এ দ্বীপটা ছোট হলেও টুয়যুদ্ধে থাতিলাভ করে প্রচ্র। তবু নিজের পারচয় দিল না ওডেসিয়াস। বলল সে একজন বিদেশী। তার জাহাজের নাবিকরা ভাকে এখানে যুমস্ক অবস্থায় কেলে রেখে চলে গেছে।

দেবী তথন আসল রূপে তার সামনে দাঁড়িয়ে নিজের পরিচয় দিয়ে প্রথম কুয়ালার আবরণটা সরিয়ে দিলেন ওডেসিয়াসের চারদিক থেকে। তথন সে চারদিকে তাকিয়ে নিজের দেলের সব কিছু চিনতে পারল। তার ধনরত্ব সব একটা পার্বতা গুহায় লুকিয়ে রাখলেন দেবী। বললেন, তুমি এখন ডোমার মেষপালক ইউমেয়াসের বাসায় গিয়ে লুকিয়ে থাকবে। তারপর ভিক্ককের বেশে প্রাসাদে যাবে। কারণ তোমার প্রাসাদ এখন ডোমার স্ত্রীর পাণিপ্রার্থী রাজাদের ঘারা পরিপূর্ণ। পেনিলোপ এখনো ডেমার প্রতিই বিশ্বস্ত আছে। তোমার ছেলে টেলিমেকাস ভোমার থোঁজে ঘুরে বেড়াছে। দে ফিরে এলে তাকে হত্তা করা হবে বলে এক ষড়যন্ত্রে মেতে উঠেছে ভারা।

দেবীর পরামর্শ অহসারে ইউমেয়াসের বাসায় গিয়ে উঠল ওডেসিয়াস। ভার বাসার কাছে যেতেই নেকড়ের মত চারটে কুকুর ভাড়া করে এল তাকে। ওডেসিয়াস বৃদ্ধি করে বসে না পড়লে তাকে জীবন্ত ছিঁড়ে খেত কুকুরগুলো।

ওভেসিয়াস ইউমেয়াসের কাছে নিজের পরিচয় না দিলেও ভার সঙ্গে খুব ভাল ব্যবহার করল ইউমেয়াস। সে বলল, ভার প্রভূ খুব ভাল লোক ছিল। এখন ভার রাজপ্রাসাদ যত সব শক্রদের দখলে। ভারা রোজ তার ছটো করে যোটা চর্বিওয়ালা শৃকরের মাংস থার। সে উপযুক্ত মদ আর মাংস দিয়ে আপায়িত করল ওতেসিয়াসকে। খাওয়ার পর সে কলল, ভোমার মালিকের নাম বল। আমি একজন ভবভূরে, ভার কিছু ধবর জানাতে পারি।

ইউমেয়াস তথন বলল, আনেক ভিক্ক আর ভবঘুরে একথা বলে রাণী পেনিলোপের কাছ থেকে বত টাকা-কডি ও আনিসপত্র নিয়ে যায়। কিছ পরে দেখা যায় তাদের কথা সব ভ্ল। আমাদের মালিক রাজা ওডেসিয়াস বোধ হয় আর বেঁচে নেই। থাকলে এতদিন বাড়ি ছেড়ে কখনই থাকভেন না।

তথন ওভেসিয়াস গন্তীরভাবে বলল, আমি গরীব হতে পারি, কিছু মিধ্যা-কথা বলি না। বলা পছনদও করি না। আমি বলছি ওভেসিয়াস এই বছরেই আর এক মাসের মধ্যেই এসে হাজির হবেন।

কিন্তু সেকথায় ঘাড় নেডে ভার অবিখাস জানাল ইউমেয়াস। বেন একথা সে অনেক শুনেছে এর আগে। বলল, থাক এ সব কথা, এখন তৃষি ভোমার কথা বল। বল এখানে কেমন করে এলে তৃমি ?

ওডেলিয়াল তথন বলল, আমি জীটদেশীয় একজন লোক। বিদেশ ভ্রমণে বেরিয়েছিলাম। ঘটনাক্রমে ক্রীভদালে পরিণত হই। এখানে আমাকে আমার শক্ররা নগ্রপ্রায় অবস্থায় কেলে রেখে বায়। ভ্রমণকালে আমি সমুদ্রে এক জায়গায় ওডেলিয়ালকে দেখেছি। লে প্রচুর ধনরত্ন নিয়ে দেশে ফিরছে।

সন্ধান হতেই ইউমেয়াসের অধীনস্থ রাধালরা শুয়োরের পাল নিয়ে বাসায় কিবল। শুয়োরগুলোকে ভারা রাত্তির মত ঘরের ভিতর বেঁধে রাধলে ইউমেয়াস একটা মোটা শুয়োরকে ভার অভিথির অন্ত বধ করতে বলল।

মারার সময় ওডেসিয়াস দেপল থাবার আগে ইউমেয়াস প্রথমে প্রমাংসের একটা ভাগ তার প্রভুর নিরাপদ প্রভাবিতনের জ্বল্প দেবভাদের উদ্দেশ্যে অঞ্জলি দিল। তারপর আরে একটা অংশ দিল দেবভা হার্মিসের উদ্দেশ্যে।

থাওয়ার পর ওডেসিয়াসের শোবার অন্ত বিছানা পেতে দিল ইউমেয়াস।
ওডেসিয়াস লক্ষ্য করল তার অধীনস্থ কর্মচারীরা সকলে বরে ঘূমোলেও একা
ইউমেয়াস তরবারি হাতে পাহার। দিতে লাগল কুটিরের বাইরে বাতে কোন
ভয়োর চুরি না বায়। ওডেসিয়াসের মনে পড়ল এই প্রভুভক্ত ইউমেয়াসকে
ভার ছেলেবেলায় এক কীনিশীয় ব্যবসায়ী লার্তেসের কাছে বিক্রি করে।
সেই থেকে মেষপালকের কাজে নিযুক্ত আছে ইউমেয়াস।

পরদিন সকালে ওড়েসিরাস কথায় কথায় জানতে পারল তার পিত। বৃদ্ধ লার্তেন এখনো জীবিত আছেন এবং তাঁর পুত্রের জন্ম শোক করে বাচ্ছেন। ওড়েসিয়াস তথন ইউমেয়াসকে বলল, আমাকে পথ দেখিবে রাভ প্রাসাদে নিয়ে যাবে ? আমি রাণী পেনিলোপকে সব কথা বলক। ভারপর দেই সব পাণিপ্রার্থীদের কাছে চাকরের একটা কাজ চাইব।

ইউমেয়াস বলল, এখন যেও না। টেলিমেঞাসকে কিরে আলতে দাও। ভার মনটা বড় দঃালু। সে ভোমাকে কাল্প দেবে। কিন্তু পাণি প্রাধীর। বড় নিচুর প্রকৃতির। ভারা ভোমার মন্ত একজন ভিখারীকে ভাদের চাকর হিসাবে নিযুক্ত করবে না।

এদিকে টেলিমেকাসও তথন ক্রতগতিতে স্পার্টা থেকে এগিয়ে আসছিল ইথাকার দিকে। দেবী প্যালাস এথেন তথনও জার সঙ্গে ছিলেন। তিনি ভাকেও সাবধান করে দিলেন। তাকে বলে দিলেন তার বিকছে বিভাবে চক্রাস্ত হচ্ছে। তাই তিনি অন্ত এক উপকৃলে তার জাহাল ভিড়িয়ে তাকে প্রথমে তাদের মেষণালকের কুটারে যেতে বললেন।

টেলিমেকাস তাই করল। সেদিন সকালে সে যখন ইউমেয়াসের কুটিরে গিয়ে উঠল তথন দেখল ইউমেয়াস সকালের থাবার তৈরি করছে তার নতুন অতিথি বন্ধুর অভা। টেলিমেকাসকে দেখেই ছুটে গিয়ে তাকে চুম্বন করল ইউথেয়াস, সে যেন হঠাৎ কোন হারিয়ে যাওয় বা মৃত মানুষকে দেখল। তার চোখ দিয়ে আনন্দাশ্র ঝরতে লগেল। টেলিমেকাস প্রথমেই ইউমেয়াসকে তার মার কথা নিজ্ঞাসা করল। তার মা কোন পাশিপ্রার্থীকে ইতিমধ্যে বিয়ে করেছে কি না জানতে চাইল। কিন্তু ইউমেয়াস যখন বলল, পেনিলোপ এখনে। কাউকে বিয়ে করেনি তথন খুলি হলো দে।

টেলিমেকাস খুলি হয়ে ভিতরে চুকে দেখে ভবঘুরের বেশে ওডেসিয়াস ববের রবেছে। ইউমেয়াসের ফুটিরের ভিতর একজন আগস্কুককে দেখে ইউমেয়াসকে জিজ্ঞাসা করল টেলিমেকাস। ওডেসিয়াস যা যা ভাকে বলেছিল ইউমেয়াস ভাই বলল। টেলিমেকাসের দয়। হলো সে কথা ভনে। সে ওডেসিয়াসকে বলল, তুমি এখন এখানেই থাক। ওদের কাছে যেও না। পাণি শ্রাধীরা বড় নিষ্ঠুর লোক। আমি বরং কিছু খাবার ও পোষাক পাঠিয়েদেব ভোমার জল।

ইউমেয়াস রাজপ্রাসাদে চলে গেল পেনিলোপকে খবর দেবার জ্বন্ত। টেলিমেকাস ফিরে এসেছে, পোনলোপ তার জ্বন্ত ভাবছিল। ইউমেয়াস চলে গেলে সেই কৃটির মধ্যে ওডেসিয়াস ও টেলিমেকাস রয়ে গেল। এমন সময় দরজার কাছে দেবী প্যালাস এথেন এসে দাঁড়ালেন। কিন্তু তাঁকে ভারু ওডেসিয়াস দেখতে পেল। তিমি ইশারা করে ওডেসিয়াসকে ভার ছেলের কাছে আত্মপ্রকাশ করতে বললেন এবং সলে সলে তার মাথার উপর তাঁর যাত্ কাঠিটা বৃলিয়ে দিলেন। ফলে মুহুর্তমধ্যে ওডেসিয়াসের কক্ষণ্ড দেহটা আগের ক্ষত বলিষ্ঠ ও যৌবনসমুদ্ধ হয়ে উঠল। তার সারা দেহ পেকে দেবভার মন্ড একটা জ্যোতি ফুটে উঠল। টেলিমেকাস ভা দেখে জ্বাক হয়ে গেল।

विचारत । स वतन छेठेन, जाभनि कि कान एवट।?

প্রজেদিয়াদ বলন, না, আমি তোমার হারানো পিতা। আমিই তোমার হারানো পিতা।

এই কথা বলে অশ্রুপ্র চোথে আবেগের সঙ্গে পুত্রকে জড়িয়ে ধরল ওড়েনিয়াস। দীর্ঘ দিন পর মিলন হলো পিতাপুত্রের। তবু ঘেন তা বিশ্বাস করতে মন চায় না টোলিমেকাসের। সে শুধু বারবার বলভে লাগল, না না, তুমি নিশ্চয় কোন দেবতা, ছলনা করছ আমার সঙ্গে।

অবশেষে টেলিমেকাস যথন নিশ্চিত হলো এ ব্যাপাতে, যথন ব্রুল তার পিতা দীর্থকাল পর সশরীরে তার সামনে ফিরে এমেছে তথন এক অপার আনন্দের আবেগে সেও জড়িয়ে ধরল ওভোসয়াসকে। ত্রজনে ত্রনকে আলিক্ষন করে কাপতে লাগল।

কিও ওডোগনাস বুঝল এখন আবেগ প্রকাশের সময় নয়। এখন তাদের অনেক কিছু করতে হবে। তাই সে টেলিমেকাসকে কিভাবে ইথাকায় ফিরে এনেছেতা সংক্রেপে বলার পর তার বাড়ির কথা জিজ্ঞাসা করল। কতজন পানিপ্রাণী প্রামাদ দখল করে বদে আছে তা জানতে চাইল।

টেল্মিকান বলল, তারা সংখ্যায় অনেক বেশী এবং তাদের শক্তির পরিমাণত এত বেশী যে তাদের তাভানো অসম্ভব।

ওড়োগ্রাণ তবু নিভীক ভাবে বলল, পে ভার খামার ও দেবতাদের উপর ছেড়ে দাও। ভোসাকে এখন আমি যা বলছি তাই কর। তুমি এখন প্রাণাদে ফিরে যাও। দেখানে গিয়ে আমার ফিরে আমার কথা কাউকে বলবে না, এমন ।ক তোমার মাকেও না। তারপর ইউমেয়াস আমাকে শহরের ভিতর দিয়ে প্রাণাদে ।নমে যাবে। আমি যাব ভিক্ষকের বেশে। প্রাণাদে ভিক্ষা করতে যাব আমি। ওরা আমায় আমার বাড়িতে বদে আমাকে অপমান করলেও তুমি চুপ করে থাকবে, কোন কথা বলবে না, কোন আবেশ প্রকাশ করবেনা।

রাতটা একশঙ্গে কুটিরে কাটিয়ে তার পিতার কথামত প্রাদাদে চলে গেল টেলিমেকাস। ইউমেয়াসও ভিক্ষ্কবেশী ওড়ে সিয়াসকে প্রাদাদে নিয়ে পেল পথ দেখিয়ে। দেবার নির্দেশে ইউমেয়াসকে তথনো আত্মপরিচয় দেয়নি ওড়োসয়াস। দেবী আবার তার চেহারাটিকে ভিক্ষ্কের মত করে দেন। তাব দেহটি একটা ছেঁড়া কম্বল দিয়ে ঢাকা থাকে। শহরে এই অবস্থায় যেতেই মেলান। ব্যাস নামে আর এক রাখালের সঙ্গে দেখা হলো তাদের। মেলান-থিয়াস নামে আর এক রাখালের সঙ্গে দেখা হলো তাদের। মেলান-থিয়াস ইউমেয়াদের মত প্রভুভক্ত নয়। সে পাণিপ্রাথীদের অত্তহে খাল এবং তাদের কথামত চলে। সে পথে ভিক্ষ্কবেশী ওড়েসিয়াসকে একটা লাখি মেরে এগিয়ে গেল পাশ কাটিয়ে। ইউমেয়াস তাকে বলল, আমাদের মালিক ফিরে এলে তুমি উপযুক্ত শান্তি পাবে। তুমি অত্যন্ত বেড়ে গেছ।

মেলানথিয়াস তথন দম্ভের সঙ্গে বলল, সে দিন আর আসবে না। উপরস্ক টেলিমেকাসের দিনও ঘনিয়ে এসেছে। তাকেও মরতে হবে।

যাই হোক, রাজপ্রাসাদের কাছে যেতেই গান বাজনার শব্দ শুনতে পেল ওজেনিয়াস। মাংসরালার গন্ধও পেল। প্রাসাদ্বারে যেতেই একপাশে তার প্রিয় কুকুর বৃদ্ধ আর্গাসকে দেখতে পেল। আর্গাস তার প্রভুর গলার স্বর শুনেই তার মালিককে চিনতে পারল সঙ্গে সঙ্গে। তার পাটা একবার চেটেই মৃত্যুর কোলে চলে পডল সে। সে যেন তার প্রভুর আশাতেই এতদিন বেঁচে ছিল কোন রক্ষে।

প্রাসাদের হলম্বরে তথন গান বাজনার ভাগর চলছিল। একজন চারণ কবি গান গাইছিল। দেই দিকেই সকলের দৃষ্টি ভিল নিবছ। চল্বরের নালায় বসে বুংল ওডেসিয়াস। ইউমেয়াস চভত্যে গিয়ে ব্যক্ত। টোনমে চাই কটি মাংস পাঠিয়ে দিল ওডেসিয়াসের কাছে।

গান শেষ হয়ে গেলে ওডেনিয়ান। ভক্ষকের মত পানিপ্রার্থীদের টেলিবের সামনে গিয়ে প্রত্যেকের কাছ থেকে ভিক্ষা চাইতে লাগন। প্রত্যেকেই কিছু কিছু তাকে দিল। এমন সময় মেলানথিয়াস নামে নেই শংখালড়া ভিক্ষকেবেনী ওডেনিয়াসকে অপমান করতে লাগন। মধ্যে সধ্যে পালিপ্রার্থীদের স্বত্যে অহস্কারী ও ছবিনীত কর্মশন্তার আন্টিনোয়াস ওডেসিয়ানকে প্রাসাদ থেকে জোর করে বার করে দিতে বলন। ওডেসিয়ান তথন ভাব কাছে তার হরবন্ধার কথা বলে কাতর মিনতি জানিয়ে তাকে শাস্ত ব্যার চেষ্টা করতে লাগন। কিন্তু আন্টিনোয়াস যথন কোন কথা শুনতে চাইন না, তথন ওডেসিয়াস বলন, তারও এক দিন ধনসম্পত্তি ছিল, কিন্তু সে তথন গ্রহিদের রুণা করত না। কিন্তু আন্টিনোয়াস তথন ভাব পা রাথার টুলটা ছুড়ে দিল ওডেনিয়াসের দিকে। ওডেনিয়াস তথন ভাব পা রাথার টুলটা ছুড়ে দিল ওডেনিয়াসের দিকে। ওডেনিয়াস তার জায়গায় অর্থাৎ হলমরের দ্বজার কাছে গিয়ে বসল। তন্ত্ব সে শান্তনীয় পরিণাম সহু করতে হবে।

এান্টিনোয়াসের এই অভদ্র ব্যবহারে খুব বেগে গিয়েছিল টেলিমেকাস। কিন্তু তার পিতার নির্দেশমত কোন আবেগ প্রকাশ করল না। তবে অক্যাক্ত পাণিপ্রার্থীরা এতে লজ্জা পেয়ে এ;িনায়াসকে বকার্যাক করতে লাগল।

এই ঘটনার কথাটা পেনিলোপের কানে গিয়ে ওঠার সঙ্গে সে দারুণ রেগে গেল। তার বাড়িতে একজন গরীব ভিথারীকে অপমান করে এ্যাণ্টিনোরাস কোন দাহসে। সে তথন ভিথারীকে ডেকে পাঠাল। যখন শুনল ঐ ভিথারী একজন ভবঘুরে ভ্রমণকারী এবং সে ওডেসিয়াসের খবর জানে এবং তাকে দেখেছে তথন তার আগ্রহ আরো বেড়ে গেল।

ওডেসিয়াসকে একথা জানানো হলে সে সঙ্গে সঙ্গে গেল না। কারণ নর্কে মৃত এ্যাগামেননের আত্মা তাকে যে কথা বলে সাবধান করে দিয়েছিল সে কথা সে ভোলেনি। বলেছিল দীর্ঘ অনুপশ্বিতির পর স্ত্রীকে কথনো বিশ্বাস করবে না। তার মনের থবর ভালভাবে জেনে তবে তার কাছে যাবে। পেনিলোপ তাকে ডেকে পাঠালে সে বলল সন্ধোর সময় সে গিয়ে দেখা করবে রাণীর সঙ্গে। কারণ ঐ সময় পাণিপ্রার্থীরো গান বান্ধনা ও হৈ হল্লোড় নিয়ে মন্ত্র থাকবে। ইউমেয়াস তার থামারে চলে গেলে ওডে পিয়াস একা সেখানে বসে পাণিপ্রার্থীদের গতিবিধি লক্ষ্য করতে লাগল।

এমন সময় আইরাস নামে সত্যিকারের এক ভিথারী এসে ওডেসিয়াসকে তার প্রতিদ্বা ভেবে গালাগালি করতে লাগল। কারণ দে-ই সাধারণত প্রাসাদ এলাকার থেকে ভিক্ষে করে। দে তাই তার এলাকার মধ্যে আর একজন নতুন ভিথারীকে দেখে তাকে তাড়াবার চেঠা করতে লাগল। ওডেসিয়াস নত হয়ে তাকে থাকতে দেবার অভরোধ করলে তার সেটা তর্বলতা ভেবে সে আরও জারের চেঁচাতে লাগল। তখন পাণিপ্রার্থীবা ব্যাপারটা নিয়ে মজা করাব জন্য আইরাসকে উত্তেজিত করতে লাগল নতুন ভিথারীকে মল্লুদ্ধে আহবান করার জন্য।

ওডে শিয়া দেব ইচ্ছা ছিল না এ যুদ্ধে। কিন্তু বাধ্য হয়ে তাকে নামতে হলো। দে তার গায়ের কম্বলটা দরিয়ে ফেলতেই তার অতিকায় বলিষ্ঠ দেহের অদ প্রতাশ দেথে শিউরে উঠল আইরাম। পিছু হটতে লাগল দে। কিন্তু তাকে তথন টেনে জাের করে উঠোনে নামানাে হলাে। ওডে শিয়াম বলল, কথা দিতে হবে, এর মধ্যে ছল চাতুরী থাকবে না এবং এই যুদ্ধ লায়সন্ধতভাবে হবে। টেলিমেকান তাকে প্রতিশ্রুতি দিলে ওচে শিয়াম লড়াই শুক্র করল।

একটিমাত্র আঘাতেই আইরাসকে বধ কবতে পারত ওডেসিয়াস। কিন্তু ভাতে তার শক্তির কথা প্রকাশ হয়ে যাবে বলে সে শুধু আইরাসকে এমনভাবে শৃতে তুলে ধরে আছড়ে ফেলে দিল যাতে তার মৃথ থেকে রক্ত বার হুতে লাগল। ওডেসিয়াস তথন তার পা ধরে টেনে প্রাসাদঘারের বাইবে এক ছারগায় নিয়ে গিয়ে বলল, তুই এথন থেকে শুয়োর, কুকুব ভাড়াবি।

নতুন ভিখারীর শক্তির পরিচয় পেয়ে পাণিপ্রার্থীরা থাতির করতে লাগল ভাকে, এ্যান্টিনোয়াস তাকে তার প্রতিশ্রুত পুরস্কার দিয়ে দিল। এয়ান্ফিনোমাস তাকে কিছু ভাত কটি দিল এবং একপাত্ত মদ দেবার কথাও বলল। এই স্ব দদ্য ব্যবহারে সে টেলিমেকাসকে বলল, আমি তোমার বাবাকে চিনি, তিনি ওড় ভাল লোক ছিলেন।

এমন সময় পেনিলোপ এসে দরজার কাছে দাঁড়াতেই সকলের দৃষ্টি ভিখারীর উপর থেকে চলে গেল পেনিলোপের উপর। পেনিলোপ এসেই তীর ভাষায় ভংগিনা করতে শুরু করল টেলিমেকাসকে। বলল, তুমি উপস্থিত থাকা সম্বেও আমার বাড়িতে এই ধরনের গোলমাল, অনাচার ও অবিচার চলে কি করে?

পাণিপ্রার্থীরা তথন পেনিলোপের চারদিকে গিয়ে ভিড় করল। এাণ্টি-নোয়াস বলল, তুমি আমাদের একজনকে বিয়ে না করা পর্যস্ত আমরা অবাঞ্চিত হলেও যাব না এথান থেকে।

পেনিলোপ বলল, আমার স্বামী এখান থেকে যুদ্ধে যাবার সময় বলে যান আমার ছেলের মুথে দাড়ি না গজানো পর্যন্ত আমি যেন আর কাউকে বিষে না কবি। এখন দে সময় এসেছে। এবাব আমি অবশুই তোমাদের মধ্যে একজনকে বেছে নেব। কিন্তু একটা কথা ভেবে আশ্রুষ্ঠ হয়ে যাচ্ছি আমি। তোমাদের ব্যবহার অত্যন্ত থারাপ। তোমাদের দেখে শুনে পাণিপ্রার্থী বনে মোটেই মনে হয় না। পাণিপ্রার্থীরা তাদের প্রেমাম্পদাকে কত উপহার দান করে; কিন্তু তোমরা তা না করে তোমাদের প্রেমাম্পদাকই অন্ন ও সম্পত্তি ধ্বংস কবছ।

এই কথা বলে গন্থীরভাবে অন্তঃপুরে চলে গেল পেনিলোপ। ওডেনিয়ান তার স্ত্রীব কৌশল ও বুদ্ধি দেখে আশর্ষ হয়ে গেল। এদিকে পেনিলোপকে দামী উপহার দেবাব জন হড়োছডি পডে গেল পানিপ্রার্থীদের মধ্যে। তারা উপহাব কেনার জন্ম আপন আপন চাকবকে পাঠাল শহরে।

সক্ষো হতেই পাণিপ্রার্থীরা আবাব নাচগানের আসর বসাল হলঘরে। ওতেসিয়াসকে মশাল ধরে থাকতে বলল। ইউরিমেকাস নামে একজন পাণি-প্রার্থী ওতেসিয়াসকে ভর্মনার স্তরে বলতে লাগল, তুমি কি কাজ করবে? তুমি গুধু বাইবে ঘুরে বেডাতেই পার।

ওডেসিয়াস তথন বলল, মামার মালিক বাডি ফিলে এলে তুমি পালাবার পথ খুঁজে পাবে না। ইউরিমেকাস তথন একটা টুল ছুঁড়ে দিল ওডেসিয়াসকে মারার জন্য। ওডেসিয়াস এটাফিনোমাসেব পিচনে গিয়ে দাঁডাল। টেলি-মেকাস তাদেব বকাবকি করতে লাগল। বলল, এখন বাত হয়ে গেছে। শোবার সময় হয়েছে। অতএব তোমরা স্বাই চলে যাও আপন আপন্ ঘবে।

পাণিপ্রার্থীরা আপন আপন ঘরে চলে গেলে ওডেনিয়াস আর টেলিমেকাস এক জায়গায় বদে মৃক্তি কবতে লাগল। ওডেনিয়াস টেলিমেকাসকে বলল, তুমি একটা কাজ করো, হল্থরের মধ্যে বর্শী তরবারি প্রভৃতি যে সব অস্ত্র চারদিকে ছডিয়ে রয়েছে তা সব একটা গোপন ঘবে লুকিয়ে রাথ। ওয় ভার থোঁজ করলে বলা হবে, মদের ঘোরে দেই সব অস্ত্র যাতে পরম্পারের উপর কেউ প্রয়োগ করতে না পারে ভার জন্য এই ব্যবস্থা নেওয়া হয়েছে। ভগ্ অল্প কিছু অস্ত্র হাতের কাচে রেখে দাও।

অস্ত্র সরানোর কাজ হয়ে গেলে পেনিলোপ উপর থেকে হলঘরে কয়েকজন সহচরীর সঙ্গে নেমে এল। যেথানে আগুন জ্বলছিল তার পাশে পাতা একটি আসনে বসল পেনিলোপ। ওডেসিয়াসকে তার সামনে বসে থাকতে দেখে তার ধৃষ্টতার জন্ম রাণীর এক শহ্চরী তাকে তিরস্কার করতে লাগল। পেনিলোপ তথন তাকে নিধেধ করল। বসল, ওকে একটা বদার আদন দাও। ওর কাছ থেকে আমি আমার ধামীর থবর শুনব।

এত কাছাকাছি বদেও ওডেসিয়াদের গলার স্বর শুনেও পেনিলোপ তার স্বামীকে চিনতে পাবল না। ওডেসিয়াদও তাকে তার পরিচয় দিল না। সে লার আত্মপবিচয় হিসাবে বলল দে একজন ক্রীটদেশীয় লোক। আজ হতে কুড়ি বছর আগে দে ওডেসিয়াদকে দেখে। তার অঙ্গে তথন যে পোষাক ছিল তার কথা বলতে পেনিলোপ তা বুঝতে পাবল এবং দে কথা তার মনে পড়ল সম্প্রতি সে বিশ্বভহত্তে থবর পেয়েছে ওডেসিয়াদ প্রচুর ধনরত্ব নিয়ে নিরাপদে বাড়ি ফিরে আসছে এবং পেনিলোপ শীঘ্রই তার স্বামীকে ফিরে পাবে। পেনিশোপ বলন, তার স্বামী সত্যি সত্যিই ফিরে এলে তার জন্য প্রচুর ধ্রমার নে ওয়া হবে তাকে।

পেনিলোপ শুতে থাবাব সময় তাব দাসীদেব বলন, এই বিদেশী অতিথির জ্ঞান বিছানা পেতে দাও এবং এর হাত মুখ ধুয়ে পরিষ্কার করে দাও।

ওড়ে সিয়াস বলন, আমি আল্ম্মু পছন করি না। ভাল বিছানার দবকার নেই। তবে আনের জন্ম একট গ্রম জন দিতে পাব।

পেনিলোপ তার দাশীদের মধ্যে প্রধান বয়োপ্রশীণা ইউরিক্লীয়াব উপর ওডেসিয়াসকে স্নান করাবার ভার দিল। ইউরিক্লীয়াই একদিন ছিল ওডেসিয়াসের ধাক্রা। তার শৈশবে দেই তাকে মাগুষ করে।

ওডে সিয়াসকে স্নান করাবার সময় তাকে ভান করে দেখে ও তার গলার স্বর শুন ই টারিক্লীয়া ভাবন সে দেখতে একেরারে তাদের মালিকের মত। ওডে সিয়াদ তান তার মুটো ফিলিয়ে নিন। কিন্তু ওডে দিয়াসের জাকতে একটা ক্ষতের দাখ দেখে বিশ্বরে চিৎকার করতে যাচ্ছিল ইউ বিক্লীয়া। সে দাগ দেখে সেবেশ বুকতে পারল এই বিদেশী অতিথিই তার গালিক ওডে সিয়াস। কারণ অতীতে একবার বনে শিকার করতে গিয়ে ওডে সিয়াস এক বন্য শৃকরের সঙ্গেলডাই করতে গিয়ে আঘাত পায়। সেই আঘাতে তার জাকতে এক ক্ষত হয়। এটা একনাত্র ইউ বিক্লীয়াই জানত। ইউ বিক্লীয়া চিৎকার করে যথন স্বাইকে একথা বলতে যাচ্ছিল তথন ওডে সিয়াস তাকে ধরে তাকে চুপ করতে বলল। বলন, যদি বাঁচতে চাও তাহলে এখন কাউকে আমার সন্বন্ধে কোন কথা বলবে না।

ইউনিক্লীয়া কথা দিল, দে কাউকে কোন কথা বলবে না। তার মালিকের প্রত্যাবর্তনে খূশি হয়ে দে আরো গরম জল এনে ভালভাবে তাকে লান কবাল। তাব লান হয়ে গেলেই পেনিলোপ আবার তার থবর নিতে এল। দে ওডেসিয়াসের কাছে একটা বিধয়ে মতামত চাইল। দে বলল, আমার পাণিপ্রার্থীদের মধ্যে একজনকে বেছে নেবার জন্ম আমি এক প্রতিযোগিতার ব্যবস্থা করব বলে ভেবেছি। আমার স্বামী অতীতে এক অঙ্কৃতভাবে তাঁর লক্ষ্য পরীক্ষা করতেন। এক জায়গায় বারোটি কুডুলের মাথা পর পর সাজানো থাকত। তিনি তথন তাঁর বিশাল ধন্তকে তীর সংযোজন করে তীর ছুড্তেন আর সেই তীরটি বারোটি কুডুলের মাথার ফুটোর মধ্য দিয়ে বেরিয়ে যেত। পাণিপ্রার্থীদের মধ্যে যে একাজে সফল হবে আমি তাকেই বেছে নেব আমার ছিতীয় স্বামী হিসাবে।

ওডেসিয়াস তৎক্ষণাৎ সমর্থন করল পেনিলোপের প্রস্তাবটাকে। সে বলল, অবিলম্বে এর ব্যবস্থা কঞ্চন। তবে আমার বিখাস, এই অন্ধান শেষ হবার আগেই তিনি এসে পড়বেন।

এ কথায় খুশি হয়ে শুতে চলে গেল পেনিলোপ। ওডেসিয়াস সেই হলঘবের এক জায়গায চামডার সিচানায় শুরে পড়ল। ইউরিক্লীয়া এসে তাকে ঢাকা দিয়ে গেল।

শে রাতে তার স্বামীকে স্বপ্নে দেখল পেনিলোপ। দেখে তার মনটা আরো থারাপ হয়ে গেল। সকালে দে যখন উঠল তখন দেখল তাব বুকটা ভারী হয়ে রয়েছে চঃখে। কারণ এবার পাণিপ্রার্থীদের মধ্যে একজনকে তার নতুন স্বামী হিসাবে বেছে নিতে হবেই।

ওডেনিয়াশ উঠে দেখল পানিপ্রাথীরা দ্বাই উঠে হৈ-ভ্লোড় করছে। উঠোনে বর্শা ছুড়ে লক্ষ্য পরীক্ষা করছে। দেদিন আপোনোর উৎসব। বারো জন দানী পানিপ্রাথীদের খাওয়াব গোগাড় করছে। তারা মশলা বাটছিল। দকলের অলক্ষ্যে ওডেনিয়াস দেবরাজ জিয়াসের কাছে প্রার্থনা জানয়ে এক স্থলক্ষণ প্রত্যাশা করল। সহসা এক বজ্ঞগর্জনের মাধ্যমে সে স্থলক্ষণ প্রদর্শন করলেন জিয়াস।

ইউমেয়াস তিনটি মোটা শুয়োব নিয়ে এল পাণিপ্রার্থীদের থাবার জন্য। মেলানথিয়াস ছাগল নিয়ে এল। সে এসেই ওডেসিয়াসকে বলল, এথনো তুমি আছ এথানে? এথান থেকে যদি না যাবে ত দুঁ বি মেরে তোমাব ম্থ ফাটিয়ে দেব।

ওডেসিয়াস নীববে শুধু মাথাটা তার একটু নত করল। এরপর পিলোতিয়াস নামে আর এক রাথাল এল। ইউনেয়াসের মত সেও খুব তাল লোক এবং প্রভুতক্ত। পিলোতিয়াস বলল, আমাদের প্রভুও হয়ত এমনি করে ভবস্বের বেশে কোথায়ও ঘুরে বেড়াচ্ছেন। তাঁর কথা ভেবেই পালিয়ে যেতে পারি না এথান থেকে।

ওডেসিয়াস বলল, বন্ধু, খুব শীঘ্রই তাঁকে দেখতে পাবে।

টেলিমেকাস এসে ইউরিক্লীয়াকে জিজ্ঞাসা করল গত রাতে অতিথির দেখা-শোনা ঠিকমত হয়েছে কি না।

ওদিকে পাণিপ্রার্থীরা এক জায়গায় গোপনে বসে টেলিমেকাসকে হত্যা

করার বড়যন্ত্র করছিল, কিন্তু হঠাৎ তারা দেখতে পেল প্রাদাদের উপর দিয়ে বাঁদিকে একটি ঈগল পাথি তার থাবার মধ্যে একটি ঘূর্কে ধরে নিয়ে যাচ্ছে। তাদের মধ্যে এগাদ্দিনোমাস এটাকে কুলক্ষণ বলে ব্যাখ্যা করলে পাণিপ্রার্থীরা বলল, এখন তাহলে টেলিমেকাসকে হত্যা করে লাভ নেই; পরে দেখা যাবে। এখন উৎসবে ফুর্তি করা যাক।

পশুবলির পর ওদের ভোজসভা শুক হলো। টেলিমেকাস হলমবের একপাশে এক জায়গায় আলাদা একটি টেবিলে ওডেসিয়াসের থাওয়ার বাবস্থা করে দিল। কিছু টেসিপাস নামে এক পানিপ্রার্থী মাংস থেতে থেতে একটা গরুর ঠাং ওডেসিয়াসের দিকে ছুড় মারল। ওডেসিয়াস পাশ কাটিয়ে নিতে সেটা দেওয়ালে গিয়ে লাগল। টেলিমেকাস এতে রেগে গিয়ে বলল, এটা আমার বাজি। আমি অতিথির উপর এই ধরনের বেয়াদিবি সহা করব না। এটা ওঁর গায়ে লাগলে আমি টেলিপাসেব বুকটা বর্শা দিয়ে এথনি বিদ্ধা করতাম।

এজিলাস নামে আর এক পাণিপ্রাথী বলল, এভই যদি তোমার জ্বালা গোহলে কেন তুমি তোমাব মাকে আমাদেব মধ্যে যে কোন একজনকে বেছে নিতে বাধ্য কবছ না ?

টেলিমেকাশ বলল, আমি আমার মাকে জোর করে বাডি থেকে তাড়িয়ে দিতে পারি না। তাঁর যা খুশি করবেন।

যাহ হে।ক, নগড়া থেমে গেল। খেতে খেতে হাসিখুশিতে ফেটে পড়ল পাণিপ্রাথীরা। কিন্তু হঠাৎ তাদের চোথের দৃষ্টিগুলো ঝাপসা হয়ে এল। তাদের সব হাসি থেমে গেল মুহুর্তে। এক অজানা বিপদের আভাস ঘনিয়ে এল লাদের অন্তরে। তাপা মাংসের মধ্যে লাজা রক্ত দেখতে পেল। স্পার্টা থেকে টেলিমেকাসের সঙ্গে থিকোইফেনাস নামে এক অতিপি এসেছিল। সে হঠাৎ এক আসার বিপদের আভাস পেয়ে লাফিয়ে উঠল। তা দেখে পাণিপ্রাথীদের মধ্যে বয়োকনিষ্ঠ একজন বলে উঠল, আমরা কোথায় রয়েছি? একজন অলস ভিথাবি আর ভণ্ড জ্যোতিবী হচ্ছে আমাদের সঙ্গা। এদের হুজনকেই ক্রীতদাস হিসাবে বিজির জন্য জাহাজে করে চালান করে দিতে হয়।

টেলিমেকাদ কোন কথা বলন না। ভোজগভা শেষ হতে না হতেই পেনিলোপ এদে হাজির হলো। সে তাব পরিকল্পিত প্রতিযোগিতার কথা বলন। বলন, এই প্রতিযোগিতার যে জয়ী হবে আমি তাকেই স্বামী হিসাবে গ্রহণ করব। প্রত্যেক প্রতিযোগী একবার করে পরীক্ষার স্বযোগ পাবে।

-পেনিলোপের দাদীরা ওডেসিয়াসের পুরনো তীর ধন্তকটি আর বারোটি কুডুলের মাথা নিয়ে এল। পেনিলোপ কুডুলের মাথাগুলি পর পর পাঞ্জিয়ে ই দিতে বলল। তা সাজাতে গিয়ে ইউমেয়াসের চোথে জল এল। সজল পদেথে উদ্ধত আণ্টিনোয়াস ঠাটা করতে লাগল।

টেলিমেকাস তথন বলল, দর্বপ্রথম আমি পরীকা । করে দেখব। যদি

আমি পারি, তাহলে তোমাদের কারোর সঙ্গেই আমার মা চলে যাবে না এ বাডি থেকে। তোমাদের কারো কোন দাবি টিকবে না।

কিন্তু ত তিনবার চেষ্টা কবেও টেলিমেকাস ধক্ষকটি বাঁকিয়ে তার ছিলায় তীর সংযোজন করতে পারল না। প্রথমে পরীক্ষা করল লাওদেস নামে এক প্রোহিত। সেও একজন পাণিপ্রার্থী হলেও সে ছিল খুব ভন্ত। তবে তার গায়ে বেশী শক্তি ছিল না। তারপর এগিয়ে গেল এগান্টিনোয়াস। এটা যেন কিছুই না এমনি একটা ভাব দেখাল সে। কিন্তু পবে যখন দেখল বাাপারটা সহজ্ঞ নয়, তেখন সে মেলানথিয়াসকে আগুন জ্বালিয়ে ধতুকটা সেকে দিতে বলল।

এদিকে ইউমেয়াস আর ফিলোজিয়াসকে চল থেকে বেবিয়ে যেতে দেখে ওতেসিয়াসও বেরিয়ে গেল ভাদেব পিছ পিছ। ভাদেব নির্জনে এক ছায়গায় ডেকে নিয়ে গিয়ে বলল, এই মূহুর্তে গদি ভাদেব মালিক ওডেসিমাস ফিবে আনে ভাদের মধ্যে কে কে ভোদেব পাশে এস দাঁভাবে জাবা একবাকো বলল, দেবতাদের দয়ায় আমবা মেন আমাদের বিশ্বস্তত। ও প্রভুভক্তি দেখাবাব স্থাগ পাই।

ওতে দিংশ্ব তথন তোদেৰ অৱাক কৰে দিয়ে বলল আমিট ওতে দিয়াৰ !

এবপর প্রমাণস্থরপ তার জাত্র ক্ষান্টো দেখাতেই তারা মাধ্যুর্থ সোণে তাকে জানিয়ে ধবল। পাগলের হতে চন্দ্রন করতে লাগল। পড়েডিসিমাম বেশন বলল, এখন আবেগ প্রকাশের সময় নয়। ইউমেয়াম, তৃমি ধ্যুক্তী আমার হাতে এনে দেবে। আমিও প্রীকাদেব। আব ফিলোলিয়াম, তৃমি প্রামাদ থেকে বেবিয়ে যাবার সর দরজাঞ্জলো বন্ধ করে দাও যাতে কেউ পালাতে না পারে। ইউমেশ্যুস, তৃমি মেয়েদের অন্তঃপুরের দরজাঞ্জলো বন্ধ করে দাওগে। টেচামেচি শুনে মেরেবা যেন বেবিয়ে আসতে না পারে।

এই বলে হল্মতে আবাব কিরে গেল ওডেসিয়াস। দেখল আভিনায়াস আর ইউরিমেকাস এই তুজন উদ্ধত অহংকাবী পাণিপ্রার্থীই পর পর বর্গে হলো: পরীক্ষায়। তথম ওডেসিয়াস বলল, আমাকেও স্তথোগ দিতে হবে। আমি পরীক্ষা দেব।

এনন্টিনোয়াস বলল, লোকটা পাগল নাকি ? পেনিলোপ বলল, ইনা, ওকেও স্বযোগ দিতে হবে।

পাণিপ্রাণীরা এতে জোব আপত্তি তুলল। টেলিমেকাস বলল, আমার বাবার ধকুক কে ধরবে না ধরবে তা আমি বলব। এটা আমাব অধিকার।

ইউমেয়াস তথন ধন্ধকটা ওডেসিয়াদের কাছে এনে দিল। ওডেসিয়াদ দেটা নিয়ে অনায়াদে তাতে তীর সংযোজন করে তীরটা এমনভাবে ছুঁড়ল যাতে দেটা পাথির মত কুড়লের মাধার ফুটোর ভিতর দিয়ে বেরিয়ে গেল।

সকলে আশর্ষ হয়ে গেল। এমন সময় আবার এক বন্ধ গর্জন হলো।

এটা একটা স্থলক্ষণ ভেবে বুকটা ফুলে উঠল ওডেসিয়াদের। দক্ষে সঙ্গে তার ভিক্ষকস্থলভ চেহারাটা অমিত শক্তিতে সমৃদ্ধ হয়ে উঠল। সে বলল, তোমার অতিথি তোমার মর্যাদা রক্ষা করেছে টেলিথেকাস।

আন্টিনোয়াস তথন এক কাপ মদ দবেমাত্ত মুথে তুলেছিল। ওডেসিয়াস ইশারায় টেলিমেকাসকে তার পাশে এসে দাঁড়াতে বলল। টেলিমেকাস দঙ্গে সঙ্গে তববারি আর বর্শা হাতে তার কাছে এসে দাঁড়াতেই ওডেসিয়াস একটি তীর এান্টিনোয়াসকে লক্ষ্য করে মারল। তীবটা তার গলাটাকে বিদ্ধ করতেই মদেব কাপটা হাত থেকে পডে গেল। মদ আব রক্ত মিলে মিশে এক হয়ে গেল। মাটিতে পুটিয়ে পড়ে গেল এান্টিনোয়াস।

অক্সান্য পাণিপ্রার্থীবা তা দেখে রাগে চিৎকার করতে লাগন। হজাহস্ত হযে উর্মল ওড়েসিয়াসের প্রতি। তবু ভাবন লোকটার হাত থেকে হয়ত তীরটা কোন রকমে ফদ্কে বেরিয়ে গিয়ে আঘাত করেছে এনান্টিনোশ্সকে ঘটনাক্রমে।

কিন্ত প্রদেশিয়াস তাদেব ভুল ভেঙ্গে দিয়ে বলল, শোনরে কুকুরেব দল, তোকা কি ভেরেছিস ওড়েশিয়াস মতে গেছে গ জোবা আমাব ধনসম্পত্তি নষ্ট কবেছিস। আমাব বি চাকখদেব কুপথে নিয়ে গিয়েছিস। আমাব স্তীকে হন্তগত করাব চেপ্তা কবেছিস। এবার ভোদের অবশ্যুই মরতে হবে। ভোরা হচ্চিস দেবতা ও সমগ্র মানবজাতির শক্ত।

ওডেসিযাস কিবে এনেছে জানতে পেবে এবং তাকে সশ্বীরে তাদের সামনে উপস্থিত দেখে ও তাব শক্তির পরিচয় পেয়ে ভয়ে চুপদে গেল বাকি পাণিপ্রার্থীবা। তাদের পক্ষ থেকে ইউবিমেকাস বলল, স্ভিটিই আমবা তোমাব প্রতি অভাগ্ন করেছি ওডেসিয়াস। তবে এগান্টিনোয়াসই ভাপে এগানে এসে পথ দেখায় আমাদের। এই কাবণেই ভাকে প্রাণবলি দিতে হলো। আমাদের প্রাণে মেরো না, আমরা ভোমার সব ক্ষতি পুরণ করে দেব। আমবা সোনা, রূপো, ব্রোঞ্জ প্রভৃতি বহু মূল্যবান ধাতৃ তোমাকে দেব।

ওডেসিয়াস বলল, আমি কোন কিছুই চাই না। আমি তোমাদেব শুধু জীবন চাই। অতএব তোমরা তোমাদের আত্মরক্ষার ব্যবস্থা করো।

ভীত সন্ত্ৰস্ত পাণিপ্ৰাৰ্থীরা যথন দেখল অন্তন্ম বিনয়ে কোন কাজ চবে না এবং পরিত্রাণেণ কোন আশা নেই তথন তারা মৃক্ত তরবারি হাতে দাঁডাল। হংতেব কাছে আর কোন অন্ত্র পেল না, কারণ দল অন্ত আগেই দরিয়ে নেওয়া হয়েছিল। পাণিপ্রার্থীরা দামনে টেবিলগুলোকে তুলে ঢাল হিদাবে ব্যবহাব কলতে লাগল। ইউবিম্মকাদ তাদের নেতৃত্ব করতে লাগল।

কিন্দ্র ওভেনিয়ানের একটি তীব ইউরিমেকানের বুকে গিয়ে লাগতেই সে পড়ে গেল। তথন তার জায়গায় এ্যান্দিনোমান গিয়ে দ।ড়াল। টেলিমেকান তথন তাকে সঙ্গে বর্ণা দিয়ে বিদ্ধ করল। তথন অন্যতা রণে ভঙ্গ দিয়ে পালাবার পথ খুঁজতে লাগল। টেলিমেকাস সঙ্গে সঞ্জাগার থেকে অনেক অস্ত্র এনে ইউমেয়াস ও ফিলোডিয়াসের হাতে দিল। মেলানথিয়াসও অস্ত্রাগারে অস্ত্র আনতে গিয়েছিল পাণিপ্রার্থীদের জন্ম। কিন্তু ইউমেয়াস তাকে বেঁধে রেথে দিয়েছিল।

এদিকে যতক্ষণ ওডেসিয়াসের তুনে তীর ছিল ততক্ষণ পর্যন্ত সমানে তীর ছুঁড়ে একের পর এক করে হতা। করে যেতে লাগল পাণিপ্রার্থীদের। এবার ইউমেয়াস, ফিলোতিয়াস আর মেন্টরের বেশ ধরে দেবী প্যালাস এথেন তার পাশে এসে দাঁড়াল। পাণিপ্রার্থীরা সকলে হলঘর ছেড়ে প্রাসাদের উঠোনে গিয়ে দাঁড়াল আর ওডেসিয়াস পিছনের দরজার কাছে তার মুথ বন্ধ করে দাঁড়াল যাতে তার মধ্য দিয়ে শক্রবা পালিয়ে যেতে না পাবে।

থিশেষ অন্তনম বিনয়ে তিনজনকে ছেড়ে দিল ওডেসিয়াস। তারা হলো পুরোহিত লাওদেস, চারণ কবি ফেমিয়াস যে বাধ্য হয়ে পাণিপ্রাথীদের ভোজ-সভায় গান শোনাত আর প্রহবী মীজন যে টেলিমেকাসকে হত্যা করার ষড়যন্তের কথাটা পেনিলোপকে বলে দেয়।

এদের ছাড়া আর একজনকেও ক্ষমা করল না ওডেসিয়াস। একে একে সকলকে হত্যা করল এবং তাদেব মৃতদেহগুলো পরে পরীক্ষা করে দেখল ভারা বৈচে আছে কিনা।

হঠাং অন্তঃপুর থেকে ইউরিক্লীয়া এনে এই দৰ হত্যাকাণ্ড দেখে চিৎকার করে উঠতে যাচ্ছিল। কিন্তু ওডেদিয়াস তাকে থামিয়ে দিল। তারপর তার কাছ থেকে জানতে চাইল দাসীদের মধ্যে কারা পাণিপ্রার্থীদের ঘারা প্রভাবিত হয়ে পড়েছিল। ইউরিক্লীয়া বলল, মোট পঞ্চাশ জন দাসীর মধ্যে বারো জন পাণিপ্রার্থীদের ঘারা প্রভাবিত হয়ে তাদের সহায়তা করে চলে। বাকি সব বিশ্বস্ত ছিল রাণীর প্রতি। পাণিপ্রার্থীদের তাঁবেদার বিখাস্থাতক মেলানথিয়াস সহ সেহ বারো জন দাসীকে নিষ্ঠ্রভাবে হত্যা করা হলো।

এরপর অন্তঃপুরের দরজাগুলোর তালা খুলে দেওয়া হলো। তথন পেনিলোপ তার সহচবীদের নিয়ে বেরিয়ে এনে যা যা ঘটে গেছে তা সব দেখল। সেই ভিক্ষ্কই যে এই সব কিছু করেছে এবং সে-ই যে ছন্নবেশী প্রভেশিয়ান একথা তবু বিশাস করতে পারল না পেনিলোপ। সে ভাবল এ সব নিশ্চয় কোন ছন্মবেশী দেবতার কীর্তি।

ওডেসিয়াস এবার প্রাসাদের সব হার খুলে দিতে বলল। ফেমিয়াসকে বলল, গান করো, নাচের বাজনা বাজাও। ভৃত্যরা সব নাচ গান করুক। নাচগানের বাজনা তনে শহরের অনেক লোক ভিড় করে এল। তারা ভাবতে লাগল আজ নিশ্চয় পেনিলোপের বিয়ে। এতদিনে পেনিলোপ তার স্বামীরূপে একজনকে বেছে নিয়েছে। তারা ওডেসিয়াসের আগমন সংবাদ তথনো পায় নি। এদিকে ওডেসিয়াস স্নান্ধরে গিয়ে স্নান করে পরিস্থার পোবাক পরে পেনিলোপের কাছে আগুনের পাশে গিয়ে বসল।

পেনিলোপের মন থেকে তত্ত্ব অবিশ্বাস গেল না। সে ওডেসিয়াসকে পরীক্ষা করার জন্য ইউরিক্লীয়াকে বলল, তোমার মালিকের বিছানাটা

ওভেনিয়াস তথন ব্যাপারটা শ্বতে পেরে সঙ্গে সঞ্চে বলন, সে বিছানা একমাত্র দেবতা ছাড়া কোন মান্তবেব পক্ষে কোথাও সরিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়। একটি অলিভ গাছকে ঘিরে একটি প্রকোঠ নির্মাণ করে তাতে আমাদের বাসরশ্যা পাতা হয়। একথা তুমি আর আমি ছাড়া আর কেউ জানে না।

এবার সন্দেহ মৃহুর্তে দর হয়ে গেল পেনিলোপের মন থেকে। সর সংশয় রেছে ফেলে ওড়েনিয়াসের গলাটা জড়িয়ে ধরে ভার বুকের উপর নির্দিষে পড়ল। দীর্ঘ কুড়ি বছর পর মিলন ঘটল তজনের। কত কণা জমে আছে হজনের মনে। একটি রাতের মধ্যে কথনো কুড়ি বছরের না-বলা কথা বলে শেষ করা যায় না। দেবী প্যালাসের নির্দেশে উষাদেবী অরোরা দেরি করে তার রুগ্যাত্তা শুরু করলেন। ওড়েনিয়াসদের মিলনের বাত দীর্ঘায়িত হলো।

প্রদিন দকাল হলে তার বাবার দক্ষে দেখা করতে গেল ওডেসিয়াস। তার বাবা বৃদ্ধ লার্তেদ তথন ছিল শহরের শেষে খামার বাজিতে। লার্তেদ সেখানে তার হাবানো পুত্রের শোকে হীন পোষাক পরে মামান্ত এক চাষীর কাজ করত।

ওডেসিয়াস গিয়ে দেখল তাব বাবা লার্ডেন আব্ধুব ক্ষেতে কাজ কবছে। ওডেসিয়াস প্রথমে নিজের পরিচয় গোপন বেথে বলে ওডেসিয়াস শীঘ্রই আসবে। তাব সঙ্গে তার দেখা হয়েছে সম্প্রতি। কিন্তু লার্ডেস চোথের জ্বলে তার বৃক্ ভাসিয়ে বলল, সে আব আসবে না কখনো। সে আব নেই।

বাবার তঃথ দেখে আর থাকতে পারল না ওডেসিয়াস। তার বাবাকে জড়িয়ে ধরে বলল, আমাকে চিনতে পারছ না? আমিই তোমার ওডেসিয়াস।

কিন্তু লার্ভেদের অবিশ্বাস তবু যায় না। অবশেষে ওছেসিয়াস তার জাহর ক্ষত দেখাল এবং খামারের একবাবে সেই গাছটি দেখাল যেটি তার বাবা ওছেসিয়াসকে ছেলেবেলায় দান করে।

লার্ভেন তথন সব সংশয় ও অবিশাস ঝেড়ে ফেলে পুত্রকে ছড়িয়ে ধরল।

কিন্তু এমন সমগ্ন নতুন আর এক বিপদ দেখা দিল।

পাণিপ্রার্থীদের মৃত্যুর থবর ছড়িয়ে যেতেই বিভিন্ন রাষ্ণ্য থেকে তাদের আত্মীয় স্বন্ধনেরা সেই দব মৃতদেহ সংকারের জন্ম নিয়ে যেতে চাইল। মৃতদেহ নিয়ে যাবার সময় তারা এই সব মৃত্যুর প্রতিশোধ নেবে বলে শাসিয়ে গেল।

এদিকে ইথাকা শহরের জনগণও সমান হুভাগে ভাগ হয়ে গেল। একদল ওডেসিয়াসকে সমর্থন করতে লাগল। বলল, পাণিপ্রার্থীরা নিজেদের অপকর্মের ছারা নিজেদের মৃত্যু নিজেরাই ভেকে এনেছে। কিন্তু অন্য দল পাণিপ্রার্থীদের দলে যোগ দিল। ক্রমে মৃত পাণিপ্রার্থীদের আত্মীয় স্বজনেরা অস্তশস্ত্র নিয়ে এসে ওডেসিয়াসকে তার বাবাব থামার বাড়িতে আক্রমণ করল। টেলিমেকাস ও ওডেসিয়াসের অন্তগত লোকজন থামার বাড়িটাকে থিরে দাঁড়াল।

তৃই পক্ষের মধ্যে যুদ্ধ শুরু হবে এমন সময় জিয়াস এক বজ্রগর্জনের মাধ্যমে তাঁর অসম্মতি জানালেন। দেবী পালোন প্রতিপক্ষদের মতের পরিবর্তন ঘটিয়ে ছইপক্ষকে শান্তিপূর্ণ মীমাংসার পথে নিয়ে গেলেন।

গোনের ওছেনির কাহিনী এগানেই শেষ হলেও অকাক্স কাকথায় ওছেনিয়াসের থাবো অনেক সমূদ্রনগের কাহিনী পাওয়া যায়। নরকে টাই বেনিয়াসের প্রেতাত্মা ভবিষ্ণদাণী করেছিল সমূদেই মৃত্যু ঘটবে ওডেনিয়াসের। সে বাডি ফেরার পরেও আবাব সমূদ্যাত্মায় বার হবে এবং নতুন দ্বীপে গিয়ে উঠবে।

আর ঠিক হলোও তাই। নার্য দশ বছর ধরে সমুদ্রে কাটিয়েও মাটির দেশে
নিরাপদ নির্তিন্ন গৃহকোণে অফ্রস্ত জগশান্তিব মানে মন বসাতে পারল না
ওড়েসিয়াস। তার একমাত্র সন্তান টোলমেকাস আর একটু বড় হলে তার
হাতে রাজ্যভার দিয়ে পেনিলোপকে ছেড়ে আবার সমুদ্র্যাত্রায় বেরিয়ে
পড়ল সে।

হিরো ও লেণ্ডার

ট্ররাজ্যের অন্তর্গত এণাবাইডস নামে এক জারগার লেণ্ডার নামে এক ঘুবক ছিল। এগাবাইডসের বিপরীত দিকে উপদাগরের অপর পারে ছিল প্রেমিয়ার উপকূল। সেখানে দেন্টর নামে এক জারগার দেবী এনফোদিতের মন্দিরে হিরো নামে এক প্রমা হৃদ্দরী পূজারিনী বাদ করত।

হিবোর রপসৌনদর্যে মুঝ হয়ে অনেক যুবক তাকে প্রেম নিবেদন করে। কিন্তু একগাত্র লেণ্ডার ছাডা আব কোন যুবকের প্রেমের ডাকে সাড়া দেয়নি হিরো।

ছজনে বাপ করত হই উপক্লে, মাকথানে সারা দিন রাত বয়ে যেত বিশাল সমুদ্রের উত্তাল তরঙ্গমালা। তবু তা হই ক্লবর্তী হটি হৃদয়ের উচ্ছুসিত প্রেমাবেগকে দমিয়ে রাখতে পারেনি একটি দিনের জন্মও।

রোজ সন্ধ্যে হওয়ার সঙ্গে সঙ্গে এয়াবাইডস থেকে মাইসিয়ার উপকূলে এসে দাঁড়াত লেণ্ডার। সন্ধানি ঘনায়মান মন্ধকারে দাঁড়িয়ে ওপারের এক আলোকসন্ধেতের জন্য অধীব আগ্রতে অপেক্ষা করত সে। ওদিকে মন্দিরে সন্ধানতি শেষ হয়ে যাবার সঙ্গে একটি স্তউচ্চ গন্ধজের উপর উঠে একটি জ্বলস্থ মশাল নেড়ে লেণ্ডানকে আমন্ত্রণ জানাত হিরো। সেই আলোকসন্ধেত পাওয়ামাত্র জলে ঝাঁপ দিয়ে সাঁতার কটিতে শুরু করত লেণ্ডাব। সাঁতার কেটে যথাসময়ে চলে যত ওপারে হিরোব নির্জন আবাসে। নিবিড় দেহ-মিলনের মধ্যে সারাটা রাত হজনে কাটিয়ে সকাল হতেই সারা গায়ে ভাল কবে তেল মাথত লেণ্ডার। তারপর হিরোকে একবার চ্ম্বন করে জলে ঝাঁপ দিত।

এইভাবে সারা গ্রীম্মকাল ভালভাবেই চনল। কিন্তু বিপদ দেখা দিল শীতকাল প্রতে। আকাশে সঘন মেঘ্যালা, বাদাস কনকনে ঠাণ্ডা, আব সম্দ্রে অতেব গর্জন। তবু কোন কিছতেই ভয় পেত না লেণ্ডাব। প্রতিদিন সন্ধ্যা হওয়াব সঙ্গে সেই প্রেমের আলোর হাতচানি পাওয়ার সঙ্গে সঙ্গে জলে ঝাঁপ দিত লেণ্ডার সব কিছু সহা করে।

জলে নাঁপে দিত ঠিক, কিন্তু প্রচণ্ড শীত আব ঝড় জলের মধ্য দিয়ে সাঁতোর কাটতে সতিটেই কই হত লেগুরের। তবে গাঁতাৰ কাটার সময় সর্বক্ষণ তার দৃষ্টি থাকত হিরোর হাতে ধরা জ্বলম্ভ মশানটাব পানে। ওদিকে ঝড়ের অবিবাম আঘাতে যাতে মশানটা নিভে না যায় তার জন্য তাব পোষাকের জাঁচল দিয়ে মশালেব আলোটাকৈ থিবে বাগতে হত হিরোকে।

কিন্দ্র একদিন তা আব পাবল না হিবো। সেদিন লেণ্ডাবও ঠিক জায়গায় সম্প্রতীর অতিক্রম করতে পাবল না। সন্দ্রেব উত্তাল চেণ্ট তাকে কিছুটা দূবে সবিয়ে নিয়ে গেল। ওদিকে ঝডের প্রচণ্ড আঘাতে একসময় হিরোর হাতে ধরা মশালের আলোটাও নিস্ভ গেল।

শ্রুবতারার মত যে আলোকসঙ্কেত দেখে এতক্ষণ চেউএর সঙ্গে সমানে লডাই করে যাচ্ছিল লেগুরি সে আলোকটি সহসা নিভে যাওয়ার সঙ্গে সঙ্গে অকুল পাথারে পথ হারিয়ে ফেলল সে।

এদিকে হিরো ভাবল দুর্ঘোগপূর্ণ অত্যক্ত থাবাপ আবহাওয়া দেখে লেণ্ডার কাডি থেকে বার হয়নি।

কিছ হিবোর ভুল ভাঙ্গল পরদিন দকালে। পরদিন দকালে উঠেই দেই গদ্পজটার উঠে সম্প্রকলের পানে একবাব তাকাতেই হিবো দেখল লেণ্ডারের রক্তহীন সাদা ফাাকাশে মৃতদেহটি উপকূলের একটা পাথরের কাছে পড়ে রয়েছে। মুথে কিছু রক্তের দাগ। এ দৃষ্ঠ দেথে আর থাকতে পারল না হিরো। শোকে উন্মাদ হয়ে উঠল হিবো। তারপর সব কিছু ফেলে মাথার চূল আর পূজাবিণীর পোবাক ছিঁড়তে ছিঁড়তে লেণ্ডারের মৃতদেহটার পাশেই সহমরণের জন্ম ঝাঁপ দিল সমূদ্রের জলে।

কিউপিড ও সাইক

কোন এক সময় এক রাজা রাণীর তিনটি হৃদ্ধী কলা ছিল। তাদের মধ্যে বড় ছটি মেয়ের যথাসময়ে ছই রাজপুন্তের সঙ্গে বিয়ে হয়ে যায়। কিন্তু কনিষ্ঠ মেয়ে সাইকএর রূপসৌন্দর্য এমন আশ্চর্যজনক ছিল যে কোন রাজপুত্র প্রেম নিবেদন করতে সাহস পেল না তাকে। বিয়ে করার জন্ম কেন্ত প্রস্তাবপ্ত করল না। সবাই বলতে লাগল এমন পরমাহৃদ্ধী মেয়েকে প্রদ্ধা করা যায়, তিজি করা যায়, কিন্তু ভালনাসা যাস না। লোকে যেমন একটু দ্ব থেকে দেবী প্রতিমার দিকে তাকায় কেমনি সংলম্ম মানখানে এক সম্মানিত ব্যবধান রেখে সম্প্রদ্ধ দৃষ্টিতে সাইকের পানে তাকেয়ে থাকত লোকে। এমন কি চারদিকে এক গুজব ছড়িয়ে পড়ল, দেবী এয়াক্রেণিতে বয়ং রক্তমাংসের মানবী মৃতিতে জন্মগ্রহণ করেছেন মর্জ্যলোকে।

সাইকেব দেহসৌন্দর্ধের হ্নাম দূর দ্বান্তে ছডিয়ে পড়ল। ফলে দলে দলে অসংখ্য নরনারী তাকে দেখতে আসতে লাগল দেশের বিভিন্ন অঞ্চল থেকে। দেবী গ্রাফ্রোদিতের মন্দিরে দেবীর প্রাে প্রাে বন্ধ হয়ে আসতে লাগল। দেবীর ভক্ত উপাসকরা বলাবলৈ করতে লাগল দেবী যথন মানবীর বেশে মর্ত্যালেক নিজে থেকেই আবিভূতি হয়েছেন তথন তাঁর মৃতিপ্রার আর প্রয়াজন কি? ক্যাডমাস, প্যাফস, সাইয়েরা প্রভৃতি শহরের মন্দির ছেড়ে দেবী আফ্রোদিতের ভক্তরা সাইকের পাশে ধূপচন্দন দেবার জন্ম ছটে আসতে লাগল দলে দলে। ফলে প্রজা না পেয়ে রেগে গেলেন এ্যাক্রোদিতে। তিনি তাঁর প্রকে এই অপমানের প্রতিশোধ নিতে বললেন।

এাফোদিতে তাঁর পুজকে বললেন, ওর মনে ফুলশর ছেনে অম্বরে প্রেমসঞ্চার করো। প্রেমের উদ্ভাপে ওর অম্বর যেন দগ্ধ হতে থাকে এবং তা সইতে না পেরে ও যেন পৃথিবীর মধ্যে সবচেয়ে দরিদ্র এক হতভাগ্য ব্যক্তিকে বিয়ে করতে বাধ্য হয়। তাহলে তারা হৃষ্পনেই দীমাহীন ছঃখ দারিদ্রোর কবলে পড়ে যাবে।

তাঁর পুত্র কিউপিডের উপর এ কাজের ভার দেবার দময় বেশী কথা বলতে হলো না এাফোদিডেকে। মার আদেশ পাবার দলে দঙ্গে কিউপিড চলে গেল সাইকের উপর ফুলশর শেনার জন্ম। অদৃশ্য অবস্থায় আকাশপথে উড়ে চলে গেল নে।

কিন্তু সাইককে চোথে দেখার দব্দে দক্ষে এক আশ্চর্য পরিবর্তন ঘটে

গেল তার মধ্যে। সাইকের জনন্যসাধারণ রূপলাবণ্য দেখে সে নিজেই তার প্রেমে পড়ে গেল। ঈর্বাকৃটিল যে শর সে সাইকের উপর হেনে তাকে আঘাত করার উদ্দেশ্যে এথানে এসেছিল সে শরটি অসতর্কতাবশতঃ তার নিজের পায়ের উপর পড়ে যেতে সে নিজেই আহত হলো সে শরে। এক জ্যোগ্য অপদার্থ প্রেমাশ্যদের প্রেমে গাইককে জর্জারিত করতে এসে নিজেই জর্জারিত হয়ে পড়ল সাইকের প্রেমে।

এদিকে সাইকের জন্ত কোন পাণিপ্রার্থী এগিয়ে আসছে না দেখে দারুণ ছশ্চিস্কার পড়ল তার বাবা মা। সাইকের বাবা একদিন এ।পোলোর মন্দিরে চলে গেল এ বিষয়ে দেবতার ভবিশ্বদাণী শোনার জন্ত।

কিও সে বাণী শুনে ভয় পেয়ে গেল সাইকের বাবা। দৈববাণী হলো, যে নারীকৈ মত্ত্যের যত সব মান্তম দেবী এ্যাক্রোনিতের সঙ্গে তুলনা করে সে কথনো এক সাধাবণ মান্তবেব সঙ্গিনী হতে পারে না। তার পাণিগ্রহণ করবে এমনই একজন যাকে দেবতারাও ভয় করেন। তোমরা তাকে জাইলম্বে বিবাহের বধু হিসাবে সজ্জিত করে নিকটবর্তী এক পাহাডের চূড়ার উপর নিশীথ রাজিতেরেথে আসবে। সেথান থেকে তার যোগ্য পাত্র তাকে নিয়ে যাবে।

নিজের মেয়েকে এইভাবে ছেডে দিতে প্রাণে কট্ট হলেও দেবতার নির্দেশ অমাত্র করার সাহস হলো না রাজা রাণার। তাই সেই নির্দেশমত মেয়েকে বধুবেশে দাজিয়ে কোন এক নিশীথ রাতের অন্ধকারে এক পাহাড়ের চূড়ার উপর রেখে এলেন।

নাইককে পাহাড়ের চূড়ার উপর অন্ধকারে ফেলে রেথে সব লোকজন চলে গেলে সাইকের খ্ব ভয় করতে লাগল। অন্ধকার হিমনীতল বাজিটা কিভাবে সে একা কাটাবে তা ভাবতে গিয়ে ভয়ে শিউরে উঠল সে।

কিন্তু বেশীক্ষণ এভাবে থাকতে হলো না ভাকে। সহসা এক দেবদ্ত এসে একটা কাপড় দিয়ে তার দেহটাকে ঢেকে দিয়ে তাকে বয়ে নিমে গিয়ে এক ক্লায়গায় এক কুন্থম শ্যায় তাকে ভইয়ে দিল। স্বাদ সক্ষে অসংখ্য ফুলের এক মিষ্টি স্থাস নাকে এসে লাগল সাইকের এই পর্যন্ত তার চেতনা ছিল। ভারপর কি হলো তার কিছুই জানে না সে। এর পরেই গভীর ঘুমে আচ্ছর হয়ে পড়ল সে।

সকাল হতেই ঘুম ভেকে গেল দাইকের। চৌথ মেলে অপার বিশায়ের দক্ষে দ্বেল কভকগুলো লম্বা লম্বা গাছে ঘেরা এক কুমবনের মাঝে সে শুয়ের রয়েছে। দেই কুম্ববনের মাঝথানে দিয়ে একটা নদী বয়ে গেছে। তার পাবে একটি অতি স্থর্ব্য বাড়ি রয়েছে যা দেখে সেটিকে এক দেবতার আবাদ বলে মনেইছলো তার।

বাড়িটার দিকে ভালভাবে তাকাল দাইক। দেখল বাড়িটার মাধায় স্বদৃত্য মূল্যবান কাঠের কড়ি-বরগার উপর যে ছাদ রয়েছে, সে ছাদ হাতির দাঁতের কাজকরা সোনার স্বস্ত ধারণ করে আছে। চকচকে উচ্ছল দেওয়াল-গুলোতে মণিমুক্তোথচিত কড ছবি টাঙ্গানো রয়েছে। ঘরগুলোর মেঝে মার্বেল পাথর দিয়ে মোড়া।

শাইকের কি মনে হলো কুস্থমশ্যা। থেকে ধীরে ধীরে উঠে দেই বাড়িটার মধ্যে ভয়ে ভয়ে পা টিপে টপে ঢুকে পড়ল। চারদিকে কোথাও কোন জনমানব নেই। বাড়িটার সব ঘরের দরজা থোলা। কোথাও কোন পাহারার ব্যবস্থাও নেই। সাইক যতই ভিতরে টোকে ততই আশ্চর্য হয়ে যায়। চারদিকেই দেখে কত অমৃল্য রম্ব ও মণিমুক্তো ছড়ানো রয়েছে ঘরের চারদিকে। অমিত অফুরস্ত ধনরত্বমন্তিও এই স্বরম্য বাসভবনের মালিক কে ভার কিছুই ভেবে পেল না সাইক।

আপন মনেই বলে উঠন শাইক, এত হানর বাড়ি, এত ধনরত্ব কার ?

সঙ্গে সঙ্গে কে যেন তার কানের কাছে উত্তর দিল, এই স্থর্ম্য প্রাসাদ, এই সব ধনরত্ব তোমার সাইক। আমরা তোমার দাস দাসী। তোমার হকুম তামিল করার অপেক্ষায় আছি।

সাইক কিন্তু কোন দিকে কোন মাহ্ন্য দেখতে পেল না। বুঝতে পারল না তার কথার উত্তর দিল কে।

সেই প্রাসাদের ঘরগুলোতে খুরে খুরে ক্লান্ত হয়ে অবশেবে এক জায়গায় বনল দাইক। তারপর ভাবল ভার অদৃশ্য দাসদাধীরা তার সেবার জন্ম কি করে দেখা যাক।

প্রথমে স্নান-ঘরে গিয়ে রূপোর টবে রাখা শীতল জলে স্নান করল সাইক।
তারপর থাবার জন্ম একটি সোনার টেবিলের পাশে গিয়ে বসল। দেখল সেই
সোনার টেবিলের উপর কত স্থান্ম সাজানো রয়েছে তার জন্ম। পেট
ভরে তৃপ্তির সঙ্গে সাইক যথন থাচ্ছিল, তথন গান বাজনার মধুর শন্ধ অনবর্বত
কানে আসছিল ভার। সে ঘর্যানিতে সম্পূর্ণ একা বসে থাকলেও তার মনে
হচ্ছিল অনেক লোকজন গান বাজনা করছে।

এইভাবে সারাদিনটা এক মধুর স্বপ্নের মত কেটে গেল সাইকের। সন্ধ্যে ছতেই সে দেখল তার শোবার ঘরে কারা এক নরম বিছানা পেতে দিয়েছে। কিন্তু সন্ধ্যে হতেই সাইক শুঝতে পারল এক ছারামূর্তি দব সময় দর্বত্ত অফুসরণ করছে তাকে। বীতিমত ভয় পেয়ে গেল সাইক।

কিন্তু মৃহুর্তে সব ভয় চলে গেল তার যথন অন্ধকারে এক অদৃশ্য অমৃত্তি
মানুষ তাকে জড়িয়ে ধরে চুখন করতে লাগল বার বার। সাইকের সারা দেহে
পুলকের রোমাঞ্চ জাগলেও বিশায়ে অবাক হয়ে গেল সে। তারপর সেই অদৃশ্য
অমৃত্তি মানুষ তাকে সংখাধন করে বলল, 'শোন হে আমার প্রিয়তমা সাইক,
নিয়তির বিধান অন্থসারে আমিই ডোমার স্বামীরূপে নির্বাচিত হয়েছি।
আমার নাম জিজ্ঞানা করো না। আমার মৃথ দেখতে চেও না। গুরু আমার

ভালবাসার সততায় বিশ্বাস রাথবে। তাহলেই দেখবে স্থথে কেটে যাবে আমাদের হুজনের জীবন।

সেই অদৃশ্য অমুর্ত প্রেমিকের কঠমর শুনে ও তার প্রেমময় স্পর্শ পেয়ে মুঝ ও প্রেমারিষ্ট হয়ে পড়ল সাইক। সারা রাত ধরে সেই প্রেমিক তার পাশে অন্ধকারে শুয়ে গুয়ে তাকে অনেক প্রেমের কথা শোনাল। কিভাবে সে সাইকের প্রেমে পড়ে তার কথাও বলল। তারপর সকাল হবার সঙ্গে সঙ্গে তাকে একটা চুম্বন করে বলল, আমি এখন যাচ্ছি। আবার সন্ধ্যে হবার সঙ্গে সঙ্গেই চলে আসব।

এইভাবে সারাটা দিন একা একা কাটাবার পর প্রতিটি রাত তার সেই অদৃশ্য প্রেমিকের সঙ্গে অঙুত এক প্রেমের খেলা খেলে যেতে লাগল সাইক। কিন্তু একটি বারের জন্মগু তার মুখটি দেখতে পেল না।

রাতটা তার প্রেমিকের সঙ্গে বেশ স্থেই কাটাল সাইক। কিন্তু দিনের বেলাটা সম্পূর্ণ একা একা কাটাতে দাকণ কট্ট হত তার। দিনের বেলায় ধনরত্নমণ্ডিত সেই প্রাসাদটাকে একটা মণিম্ক্তাথচিত সোনার থাচার মত মনে হত।

কোন এক রাতে দাইক ভার প্রেমিককে বলল, কেন তুমি দিনের বেলায় থাক না? দারা দিন আমার একা একা বড় কট্ট হয়। তুমি অস্ততঃ একটা দিন থাক আমার কাছে। আমি প্রাণভরে তোমার মুখটি দেখে ধন্য হই।

প্রেমিক বলল, না, তা হয় না সাইক। বিধাতার এটাই হলো বিধান। এ বিধান লজ্মন করলে তাতে অনর্থ ঘটবে। তাতে তুমি আমি আমরা তুজনেই বিপদে পড়ব। আমার পরিচয় জানতে চেও না, শুধু আমার প্রেমের সততায় সম্ভুঠ থাক।

তবু দিনের বেলায় একা থাকতে বড় কট্ট হত সাইকের। একদিন রাজিতে তার প্রেমিক এলে দাইক তাকে বলল, অস্ততঃ আমার বোনদের সদ্দে আমার একবার দেখা করতে দাও। আমি কোথাও যাব না। তুমি তাদের এখানে আনার ব্যবস্থা করে দাও।

প্রেমিক বলল, হে প্রিয়তমা সাইক, তারা এলে তোমার ক্ষতি হবে। এর মধ্যেই তারা তোমার থোঁজ করছে চারদিকে। তারা আমাদের এ প্রেমের কোন তাৎপর্য বুঝতে পারবে না। তারা আমাদের প্রেমকে ছণার চোথে দেখবে। তাতে আমাদেব বিপদ ঘটবে।

তবু এ নিষেধ শুনল না সাইক। চোথের জ্বলে ভাসতে ভাসতে সে তার প্রেমিককে অফুনয় বিনয় করতে লাগল বারবার। তথন বাধ্য হয়ে সেই অদৃশ্য প্রেমিক একটা শর্তে সাইককে তার বোনদের আসার জন্ম অফুমতি দিল। ভবে এই শর্ত রইল যে সাইক তার বোনদের কথনো কোন ছলে তার স্বামী সম্বন্ধে কোন কথা বলবে না। তাদের কোন কোতৃহলকে প্রশ্রেয় দেবে না! পরদিন সকালেই জেফাইয়ার নামে যে দেবদ্ত একদিন সাইককে সেই পাহাড়ের চূড়া থেকে এই স্থবমা প্রাসাদে বয়ে এনেছিল সেই জেফাইয়ার তার বোনদের নিয়ে এল।

সাইকের ছই দিদি এসেই প্রাসাদের ধনরত্ব ও অমিত ঐশ্বর্য দেখে অবাক বিশ্বরে স্তক হয়ে রইল কিছুক্ষণ! তারপর সাইককে অদম্য কোতৃহলের সঙ্গে জিজ্ঞাসা করল এই প্রাসাদ আর এই সব ধনরত্বের মালিক কে, কে তার স্বামী। কিন্তু কোশলে এ প্রশ্নের উত্তরটা না দিয়ে অন্য কথা বলে এড়িয়ে যাবার চেপ্তা করল সাইক। তারপর সন্ধ্যে হ্বার অনেক আগেই তাব হুই বোনকে অনেক ধনরত্ব দিয়ে বিদায় করে দিল।

কিন্দ তাতে আবো বেডে গেল তার বোনদের কৌত্হল। তারা পরদিনই আবার এল গাইকদেব প্রাণাদে। এগেই তার স্বানীর পবিচয় জানাব জন্ম জেদ ধবল। এব আগের বাবে এই প্রশের উত্তবে পাইক বলেছিল, তার স্বামী একজন বড় ব্যবসায়ী, সারাদিন কাজে বাস্ত পাকে, রাজিতে বাড়ি দেরে। কিন্দু আজ বলল অন্য কথা। এবার বলল, তার স্বামী একজন পককেশ বৃদ্ধ, কাজের জন্ম প্রায়ই বাইবে থাকে। তা শুনে বোনরা বলল, তুমি ত্কথা বলছ এ ব্যাপারে। তুমি ত্বাবে ত্কথা বলছ

এবারেও বোনদের অনেক ধনরত্ব দিয়ে বিদায় দিল সাইক। কিন্তু তার বোনদের সন্দেশ আবো বেড়ে গেল। তাভাড়া তাদের ঈর্বাও হচ্ছিল মনে। ভাবছিল, সেই হোক, সাইকের স্বামী তাদের স্বামীদের থেকে অনেক বেশী ধনী। তবে সে কোন মান্ত্র হতে পারে না। এ প্রাদাদ এ ধনরত্ব নিশ্চয় কোন দানর অথবা দেবতার।

যাই হোক, মনে মনে ছছ বোনে মিলে এক প্ৰিকল্পনা খাড়া করল। যেমন করে হোক সাইকের কাছ থেকে তার স্বামী সম্বন্ধ সঠিক কথাটা বার করতেই হবে। তাদের এই চ্বভিদন্ধিব কথা বুঝতে পেরে সাইকের অদৃশ্য প্রথমী ও স্বামী তাব কানে কানে বলল শোন প্রিয়ত্মা, তোমার বোনরা তোমাব ক্ষতি করতে চায়। তাদের প্রতি সতর্কতা অবলম্বন করো। তা না হলে বিপদ ঘটবে।

সন্ধ্যের সময় সাইক তার স্বামীকে জড়িয়ে ধরে আবেগ ভরে চুম্বন করে বল্ল, আমি শত শতবার মবব, তবু তোমার কথার অবাধ্য হব না।

কিন্তু প্রদিনই যথন সাইকের ছ ধান আবার এসে হাজির হলো এবং তাকে আসল কথা বার করাব জন্ম পীড়ন করতে লাগল নানাভাবে, তথন তার নিজের প্রতিশ্রুতির কথা ভূলে গেল সাইক। ওদের চাপে পড়ে সাইক স্বীকার করল তার স্বামীকে আজ পর্যন্ত সেও চোথে দেখেনি, তার নাম প্রযন্ত জানে না।

माहेरकत त्यानता ज्थन वनन, आमता अधे जारे करतिहनाम माहेक।

তোমার স্বামী আগলে এক কদাকার দ্বণ্য দৈত্য বা রাক্ষণ যে তোমাকে তার মুখটা দেখাতে ভয় পায় পাছে তার প্রতি তোমার ভালবাসা ভয়ে পরিণত হয়।

শাইক তথন বলল, তাহলে আমি কি করব ? কি করতে বল আমাকে ?
তার বোনেবা তথন তাদের পরিকল্পনার কথাটা বলল। বলল, তুমি
তোমার কাছে এলার থেকে রাজিবেলায একটি বাতি আর একটি ছুরি রাখবে।
আজই রাজিতে তোমার স্থামী যথন গভীরভাবে ঘুমিয়ে পড়বে তথন হঠাং
বাতিটা জ্বেলে তাব মুখটা দেখে নেবে আর সঙ্গে দেভাটাব বুকে এই
ছুরিটা আম্ল বিদিয়ে দেবে। তোমার সঙ্গে প্রতারণা করার সম্চিত প্রতিকল
সে পাবে।

বোনদের কথামত তাই করল সাইক। নিশীথ রাতে তার স্থানী গভীরভাবে ঘুনিয়ে পড়লে সে বাভিটা জ্বালন। বাভির আলোয় তার ঘুমস্ত স্থানীর
মুণ দেখে বিস্ময়ে হতনাক হয়ে গেল সাইক। সঙ্গে সঙ্গুনিয়ের চিংকার
কবে উঠল সে। দৈতা বা রাক্ষ্য নয়, তার স্থানী অভি স্থাননি এক দেবতা।
এত রূপ কোন মাছ্যের অঙ্গে সন্তব নয়। সাদা ধ্বধ্বে তার গায়ের বং, নধর
বাস্ত্র, মাথায় একবাশ কালো কুঞ্জিত চুল। তার পাশে একটা তীর ধছক
নামানো আছে। সেই তীর ধছক হাতে কবে দেখতে গিয়ে তার হাতটা
লাতে লেগে একট্ কেটে গেল সাইকের। সঙ্গে সঙ্গে তার স্থানীব প্রতি নতুন
কবে এক তীব্র ভালবাদার সাপ্তন জ্বলে উঠল তার বক্তে।

সেই নবজাগ্রত ভালবাসার বশবর্তী হয়ে তার স্বামীব উপর মুক্তি পড়ে তাকে চ্ম্বন করতে যেতেই জ্বলস্ত প্রদীপ হতে এক ফোঁটা গরম তেল পড়ে গেল তার সামীর দেহের উপর।

গায়ে গবম তেল লাগার সঙ্গে সধ্যে ঘুম ভেঙ্গে গিয়ে লাফিয়ে উঠে পড়ল কিউপিড। উঠেই এক নজরে সব কিছু দেপেই সব কিছু বুনতে পাবল সে। সব দেখে সে সাইককে বলল, হায় সাইক, তুমি আসাদেব প্রেমের মূলে কুঠারাঘাত কবে তাকে অকালে হতাা কবলে চিরদিনের জন্ত। এবাব আমাদের চিরতরে বিদায় নিতে হবে প্রস্পরের কাছ থেকে।

তথন নিজের ভুল বুঝতে পেবে কিউপিডের পা ছটো জড়িয়ে ধরে কাতর কর্ষ্ঠে কত অফনয় বিনয় করতে লাগল দাইক। কিন্তু তার কোন কথাই শুনল না কিউপিছ। দে তার তীর ধন্তক সঙ্গে নিয়ে উড়ে চলে গেল আকাশ পথে। সঙ্গে সঙ্গে ধনরত্বমণ্ডিত দেই গোটা প্রাশাদ্টি কোথায় অদৃশ্য হয়ে গেল মুহুর্তে।

নিনীথ রাতেব যে হিমনীতল অন্ধকারের মধ্যে একদিন সম্পূর্ণ পরিত্যক্ত অবস্থায় দাঁড়িয়ে ছিল সাইক, আন্ধ আবার দেই জনহীন অন্ধকারে দাঁড়িয়ে বইল সে। বুকভরা এক নিঃশীম শৃত্যতা আর নিস্বতার মধ্যে তথু এক মধুর স্বপ্নের কম্পমান স্থৃতির দোলায় হুলতে লাগল তার মনটা।

সেইখানে দাঁড়িয়ে যে কথা প্রথম মনে এল দাইকের তা হলো মৃত্যু। সে
ঠিক করল সে আর বাঁচবে না। যে স্থেখর স্বর্গ সে একদিন লাভ করেছিল
সে স্বর্গ সে নিজের দোষে হারিয়েছে। স্থতরাং তার আর বেঁচে থেকে লাভ
নেই।

অদ্ধকারেই কিছু দ্ব এগিয়ে গিয়ে একটা নদী পেল সাইক। নদীর ধারে গিয়েই অদ্ধকারে ঝাঁপ দিল নদীর জলে। কিন্তু জলে ডুবে গেল না সাইক। প্রোতের টানে ভাসতে ভাসতে নদীর ওপারে গিয়ে উঠল। এরপর নদীর পাড় ধরে বরাবর হেঁটে যেতে লাগল সাইক। যেতে যেতে তার বোনেদের খণ্ডরবাড়ির কাছাকাছি এসে পড়ল। তাদের বাড়িতে গেলে তারা হয়ত কিছু সাম্বনার কথা বলতে পারত, কিন্তু গেল না সাইক। তাদের কথা শুনে তার আজ এই অবস্থা। তাই আর তাদের ম্থদর্শন করতে চায় না। তাই সে পাগলের মত তার স্বামীর সন্ধানে দিনরাত বহু গ্রাম ও জনপদ পার হয়ে এগিয়ে যেতে লাগল।

এদিকে কিউপিডের গায়ে গরম তেল পড়ে যাওয়ায় যে ক্ষত স্বষ্টি হয়েছিল তাতে জ্বর হয়েছিল তার। দেহে যন্ত্রণা অন্থত্তব করছিল অসহা। তার উপর সাইককে হারিয়ে মনের মধ্যে নিদারুল বেদনাও বোধ করছিল। তাই সে দব ভয় ও অভিমান ঝেড়ে ফেলে তার মার ঘরে, চলে গেল। অথচ তার কঞ্চের কথাটা প্রকাশ করতে পারল না মার কাছে।

কিন্তু একটি বাদমা পাথি দেবী আক্রোদিতেব কানে কানে কিউপিডের প্রেমে পড়ার সব কথা বলে দিল। তা শুনে সাইকের উপর দাকণ রেগে গেল এ্যাফ্রোদিতে। প্রতিহিংশার আগুন জ্বলতে লাগল তার বুকে। এ্যাফ্রোদিতে যথন বুঝল একদ্নি এই নারীকেই তার প্রতিদ্বিনী হিসাবে প্জো করত তথন আরো রেগে গেল তার উপর।

কিউপিডকে একটি অন্ধকার ঘরের মধ্যে হন্দী করে রেখে তাকে ভয় দেখাতে লাগল এ্যাফোদিতে। বলল, কেন তুমি এক মর্ত্যমানবীর প্রেমে পড়তে গেছ? তোমার ঐ ফুলশর আমি কেড়ে নেব, ধরুকের ছিলা ছি ড়ে দেব। তোমার মশালের আলো নিবিয়ে দেব চিরতরে। তোমার পাথা ছটি ছি ড়ে দেব যাতে তুমি আর ইচ্ছামত স্বর্গ ও মর্ত্যলোকে পাথা উড়িয়ে দেবতা ও মারুষের মন নিয়ে ছিনিমিনি খেলতে পারবে না।

অবশ্ব শেষ পর্যন্ত ছেলেকে এতথানি শান্তি দিতে পারলেন না দেবী। তিনি শুধু তাঁর প্রতিশোধবাসনা চরিতার্থ করার জন্ম সাইকের থোঁজ করে বেড়াতে লাগলেন। অক্যান্ত দেবীরা এ্যাফোদিতেকে বোঝাতে লাগলেন। বললেন, তোমার ছেলে এখন বড় হয়েছে, বয়স হয়েছে। প্রেমে পড়েছে ত কি হয়েছে। প্রের বিয়ের ব্যবস্থা করলেই ত পার। কিন্তু কোন কথা শুনলেন না দেবী এ্যাফ্রোদিতে। জিয়াসের কাছ থেকে অমুমতি নিয়ে তিনি দেবতাদের দৃত হার্মিসকে মর্ত্যে পাঠিয়ে ঘোষণা করে দিলেন, সাইককে যারা আশ্রম দেবে তাদের দেবতাদের শত্রু হিদাবে গণ্য করা হবে এবং নেইমত তাদের শান্তির বিধান করা হবে। কিন্তু সাইককে যদি কেউ ধরিয়ে দেয় তাহলে দেবী এ্যাফ্রোদিতে তাকে সাতটি চুম্বনে ভ্ষিত করবেন।

এই ঘোষণার কথাটা অবশেষে সাইকের কানেও গেল। সে ঠিক করল এইভাবে এক হীন জীবন যাপন করার থেকে সে নিজে গিয়ে দেবীর কাছে ধরা দেবে। তাঁর দেওয়া শান্তি মাথা পেতে নেবে। এই ভেবে সে একা একা ঘ্রতে ঘ্রতে অবশেষে এ্যাফ্রোদিতের মন্দিরে গিয়ে ধরা দিল। দেবীর ভূতারা তার চুলের মৃঠি ধরে তাকে নিয়ে গেল দেবীর কাছে।

দেবী এরাফোদিতে সাইককে দেখে ঠাট্টা করে বনলেন, এতদিনে খাণ্ডড়ীকে দেখতে এসেছ? অথবা তোমারই দারা আহত ও অস্তত্ত স্থামীর থবর নিতে এসেছ? আমি অনেক কট্টে অনেক থুঁজে তোমায় পেয়েছি। কিন্তু আমার প্রতিদ্বিতা করার উপযুক্ত শাস্তি না পেয়ে তুমি যেতে পারবে না এথান থেকে।

এই বলে প্রথমে সাইককে বেত মারার আদেশ দিলেন, ভৃত্যদের। তাবপর একটা ঘরে তাকে আটকে রেথে দিলেন। কিউপিডকে সাইকের কোন কথা জানানো হলো না।

পরদিন সকালে দেবী আফোদিতে একটা বড় থালায় গম, যব, ডালের দানা ও অনেক শুকনো বীঙ্গ মিশিয়ে দিয়ে দাইককে বললেন, স্থান্তের আগে এইপ্রলো দব বেছে আলাদা করে আমাকে দেবে।

শাইক দেখল এত গুলো বাছা সম্ভব নয় তার পক্ষে। তাই দে হাত গুটিয়ে বসে রইল হতাশ হয়ে। এর জন্ম থা শান্তি ভোগ করতে হয় করনে। কিন্তু তার এই অবস্থা দেখে একদল পি পড়ের দ্যা হলো। দে অন্য সব পি পড়েদের ডেকে এনে প্রতিটি দানা আলাদা করে বেছে দিল।

নানারকম দামী পোষাক ও অলঙ্কারে ভূষিত হয়ে এক বিয়ের ভোজসভায় যোগদান করতে গিয়েছিল দেবী এ্যাফ্রোদিতে। রাজ্তিতে ফিরে সাইককে মাটির উপর শুতে বলে নিজে হুগ্ধফেননিভ নরম বিছানায় শুতে গেল।

পরদিন শকালেই আর একটি কঠিন কাজের ভার দেওয়া হলো সাইকের উপর। এয়াজেদিতে সাইককে একটি পাহাড়ের উপর নিয়ে গিয়ে বলল, এই পাহাড়টার নাথার উপর একটা বন আছে। সেই বনে একদল বুনো ভেড়া চরে বেড়াচ্ছে। তাদের শিং আর দাঁত হুটোই ধারাল। তাদের গায়ে সোনার পশম আছে। সুর্ধ অস্ত যাবার আগে ওদের গা থেকে একমুঠো দোনার পশম আমাকে এনে দিতে হবে। আমার খুব দরকার। এই বলে এ্যাফ্রোদিতে চলে যেতেই দাৰুল বিপদে পড়ল সাইক। ভাবল, এ কাজ তার ঘারা কথনই সন্তব নয়। তাই সে মনের হুংথে সেই পাহাড়ের ধারে একটা ব্রুদে ডুবে মরার জন্ম ঝাঁপ দিতে গেল। কিন্তু সেথানে একটা জলপরী ছিল। সে সাইককে বলল, তুমি এখানে ডুবে মরে আমার বাসস্থানটিকে কদ্বিত করো না। তবে ভোমাকে একটা উপায় বলে দিছি। এ ভেড়াগুলি চরতে চরতে থাওয়ার পর যথন ক্লান্ত হয়ে গাছের তলায় বদে বসে ঘুমোবে তথন ওদের সোনার পশমের ভাঁড়ার থেকে একমুঠো পশম নিয়ে আদবে। ওদের গা থেকে খেল পড়া কিছু পশম একটা জায়গায় জমা আছে। তুমি লুকিয়ে দেখান থেকে পশম আনবে।

সাইক ঠিক এইভাবে একমুঠো সোনার পশম এনে স্থান্তেব আগেই এ্যাক্ষোদিতের হাতে দিল। তবু সম্থট হলেন না দেবী। তিনি তাকে আবার এক হুঃসাধ্য কাজের ভার দিলেন তার উপর।

পরদিন সকালে দেবী সাইককে অদুরে একটি কুয়াশাদের বহু পাকাড় দেথিয়ে বল্লেন, ঐ পাচাড় থেকে কালো জলে তবা এব া নদী বেরিয়ে একেছে। তৃমি সেই নদীর মূথ থেকে এই ক্টিকেব পাত্রচা নিয়ে গিয়ে এক পাত্র ঠাণ্ডা জল নিয়ে আসবে স্থান্তেব আগেই।

এবারেও দারণ বিপদে পড়ল সাইক। কারণ সাইক মতই পাহাডটার গা বেয়ে উপরে উঠতে লাগল সেই নদীর সন্ধানে, ততই সে দেখল অসংখা ভয়ন্ধর ছাগন নদীর উৎসম্থটা ঘিরে আছে। সেখানে যাওয়া কোল সাহসের পক্ষে সম্ভব নয়।

এমন সময় তার মাথার উপর দেবরাজ জিহাসের ইং কে দেখতে পেল সাইক। এই দিগলকে একদিন কিউপিড সাহাম্য করেছিল। যথন আইডা পর্বত থেকে গ্যানীমীডকে নিয়ে পালিয়ে যাবার জন্ম তাকে পাঠানো হয়েছিল তথন কিউপিড তাকে পথ দেখিয়ে দেয়। তাই আজ কিউপিডের হতভাগিনী জীকে কিছুটা সাহাম্য করতে চাইল ইগলটি।

ঈগলটি সাইকের কাছে এসে বলল, তুমি এ কাজ পারবে না। স্টাইজিয়ার কার্ণা থেকে জল আনার ক্ষমতা কারো নেই। আমাকে তোমার পাত্রটি দাও। আমি জল এনে দেব।

এই বলে সে সাইকের কাছে এসে তার হাত থেকে পাত্রটি তার থাবায় ভরে নিয়ে সেই কুয়াশাঘেরা পাহাড়ের মাথাটায় উড়ে গেল। অতি অল্প সময়ের মধ্যেই এক পাত্র জল নিয়ে এসে সাইককে দিল।

তৰু সম্ভই হলো না আফোদিতে। তাকে বলল, তুমি কি কোন মায়াবিনী না যাহকরী? এই সব হঃসাধ্য কান্ধ করলে কি করে তুমি? কিন্তু এর এথানেই শেষ নয়। আরো অনেক কান্ধ আছে। দেখি কত কান্ধ তুমি করতে পার। সুর্বের দেবীয় সন্ধে শক্ততা করার প্রতিফল তুমি হাডে হাডে পাবে।

এইভাবে আরো অনেক ছঃথকষ্ট ভোগ করতে হলো সাইককে। তর্ কিউপিডের কথা ভেবে এবং একদিন তাকে দেখতে পাবে এই আশায় সব ছঃথ ও যন্ত্রণা সহ্চ করে যেতে লাগল সে।

অবশেষে সাইকের কথাটা জ্ঞানতে পারল কিউপিড। তার মা সাইকের উপর কিভাবে পীডন চালাচ্ছে তা সব শুনল। কিন্ধ এ বিষয়ে মাকে কিছু না বলে সে লুকিয়ে স্বর্গলোক অলিম্পানে গিয়ে দেবরাজ জিয়াসের সঙ্গে দেখা করল। জিয়াসকে সরাসরি বলল কিউপিড, আমি এক মর্ডামানবীকে বিয়ে করতে চাই।

কিউপিডের মোলায়েম মৃথখানায় হাত বুলিয়ে জিয়াস বললেন, আমার কাছ থেকে তুমি প্রশ্রেষ চাও ? একবার ভেবে দেখ, তুমি আমাদের উপর কত চাতুরীর খেলা খেলেছ। আমার কথাই একবার ভাব না কেন। তোমারই জন্ম আমাকে একবার বাঁড ও বুনো হাঁসে পরিণত হতে হয়। কিন্দ্র প্রার্থনা যদি মঞ্জ্ব কবি তাহলে এই অন্থগ্রের কথাটা যেন কখনো ভুলো না। যে অন্থগ্রের তুমি মোটেই যোগ্য নও সেই অন্থগ্রহই আমি তোমায় দান কবছি। তুমি আমাদের স্বর্গলোকের বকাটে ছেলে।

এই বলে জিয়াদ তাঁর দৃত হার্মিদকে দেবতাদেব কাছে পার্টিয়ে এক সভা আহ্বান কবলেন মলিম্পাদে। তাতে দেবী প্রাফোদিতে ও মর্তামানবী কিউপিডের প্রণয়িণী সাইককেও যোগদান করতে বলা হলো। দেবতারা সকলে উপস্থিত হলে দেবরাজ জিয়াদ তাঁদের সম্বোধন করে বলতে লাগলেন, হে দেবদেবীগণ, মাপনারা দকলেই এই তরস্ক চপলমতি বালকটিকে চেনেন। আজ ওর যৌবনপ্রাপ্তি ঘটেছে। আর ছোট বালকটি নেই। ওর চতুরালিতে আপনারা দকলেই প্রায় অল্পবিস্তর বিব্রত হয়েছেন। আমি তার জন্ম ওকে বছবার তিরন্ধারও করেছি। আজ ও এক মর্তামানবীকে ওর জীবনদঙ্গিনী হিদাবে বেছে তার ভাগ্যের দঙ্গে ওর ভাগ্যকে জড়িয়ে দিয়েছে। গতক্ষ শোচনা নাস্তি। যা হয়ে গেছে তা আর ফিরবে না। হে প্রেমমাতা দেবী প্রাফোদিতে, তুমি আর অন্তমত করো না। মর্ত্যমানবীর দক্ষে তার এই প্রেমমম্পর্ককে দয়র্থন করে। তুমি। এসো দাইক, তোমার প্রেমের সততা ও বিশ্বস্ততার জন্ম একপাত্র অমৃত পান করে যাও।

পানপাত্র মূথে দিয়ে অমৃত পান করার সময় সাইকের হাতটা যথন কাঁপছিল ঠিক তথনই কিউপিড তাকে জড়িয়ে ধরল। দীর্ঘ বিচ্ছেদের পর তার হারানো স্বামীর বছপ্রার্থিত আলিঙ্কন লাভ করে ধন্ম হলো সাইক। দেবরাজ জিয়াসের মধ্যস্থতায় এ্যাফ্রোদিতে তাঁর সমস্ত প্রতিহিংসার কথা ভূলে গিয়ে স্বর্গলোকেই তাদের বিয়ের অম্ন্তান করতে লাগলেন।

এইভাবে এক অক্ষম বিবাহের বন্ধনে আবন্ধ হলো দাইক আর কিউপিড।

তাদের এই মিশনের ফলে তাদের যে প্রথম সম্ভান জন্মলাভ করে তার নাম রাথা হলো আনন্দ।

পলিক্রেটস্-এর আংটি

শ্বামদ দ্বীপের অত্যাচারী অধিপতি পলিক্রেটস্-এর মত ভাগ্যবান ব্যক্তি সারা পৃথিবীর মধ্যে আর কোথাও দেখা যায় না। আসলে এই সমৃদ্ধ দ্বীপটার অধিকারী ছিল ওরা তিন ভাই। কিন্তু পরে পলিক্রেটস্ এক ভাইকে খুন করে ও আর এক ভাইকে নির্বাদনে পাঠিয়ে সমগ্র দ্বীপটার মালিক হয়ে বসে।

বছকাল ধরে অবিমিশ্র একটানা স্থ আর সমৃদ্ধিতে কাটতে লাগল পলিকেটেস্ এর দিনগুলো। প্রতিদিন নতুন নতুন যুদ্ধদ্বের স্বসংবাদ আসত তার কাছে। তার রণতরীগুলি প্রায়ই অভিযান চালাত নতুন নতুন দ্বীপে। আবার ব্যবসা বাণিজ্যের দিক দিয়েও প্রচুর উন্নতি ও সাফল্য লাভ করে পলিকেটেস্। প্রায়দিনই কত জাহাজ দেশ বিদেশ হতে প্রচুর পণ্যদ্রব্য, ধনরত্ব ও ক্রীতদাস ভরে নিয়ে ফিবে আসত স্থামস দ্বীপে।

এইভাবে পনিক্রেটস্এর শক্তি ও সমৃদ্ধি ক্রমশই এতদূর বেড়ে যায় যে সে নিজেকে সমগ্র আইওনিয়া ও তার চারদিকের সমস্ত সম্দ্রের একচ্ছত্র অধিপতি হিসাবে ঘোষণা করল। কারণ এত স্থশিক্ষিত দৈন্য ও স্থশজ্জিত রণতরী আইওনিয়ার অন্তর্গত আর কোন দেশে ছিল না।

বিজয়গর্বে উৎফুল্ল হয়ে পলিক্রেটস্ মিশবের মহারাজা এ্যামাদিদের দঙ্গে বন্ধুত্ব স্থাপন করার চেষ্টা করল। এ্যামাদিস প্রথমে পলিক্রেটস্-এর বন্ধুত্বের প্রস্তাব মেনে নিলেও পরে এক বাণী পাঠাল তার কাছে।

তাতে লিখল, আমি মনে করি কোন মাসুষ যত ভাগ্যবানই হোক না কেন তার বিপদের ভয় থাকবেই। তোমার মত এক বিরাট শক্তিশালী রাম্বা যে এত বড় হয়ে উঠেছে তার কোন শক্ত নেই তা কথনো হতেই পারে না। মাহবের অবিমিশ্র হথ দেখে দেবতাদেরও ঈর্বা হয়। আমি এমন কোন প্রথাত বাক্তির কথা শুনিনি যার জীবনে কোন হংথ বা হশ্চিস্তা ছিল না, যার সারা জীবন হথের মধ্য দিয়ে কেটে গেছে। ভাল মন্দ, হথ হংথ সব মাহবের জীবনেই পালাক্রমে ঘটে। তোমার এথন উচিত তোমার শ্রেষ্ঠ ধন বেছে নিয়ে দেবতাদের উদ্দেশ্যে উৎসর্গ করা যাতে তাঁরা তোমাকে কোনদিন বিপদ্বা বিপর্যয়ে না ফেলেন।

এই পরামর্শটা মনে মনে মেনে নিল পলিক্রেটস্। ভাবল এ্যামাসিস ঠিকই বলেছেন। সে যেটাকে তার জীবনের শ্রেষ্ঠ সম্পদ বলে মনে করে তা সে উৎদর্গ করবে দেবতাদের। তার জীবনের শ্রেষ্ঠ সম্পদ কি তা নিয়ে অনেক ভাবনা চিস্তা করে দে এফটি পানার আংটি বৈছে নিল। এই আংটিটিকে দে খ্ব ভালবাদত এবং কাছে রাখত দব সময়। আফুঠানিকভাবে এই আংটিটি দেবতাদের উদ্দেশ্যে উৎদর্গ করার জন্য সে তার সভাদদ ও প্রহ্রীদের সঙ্গেনিয়ে একটি জাহাজে করে দ্ব সম্ভে চলে গেল। সেখানে সকলের সামনে সম্ভে আংটিটা ফেলে দিল পলিক্রেটস্। ভাবল দেবতারা এটি নিশ্চয় গ্রহণ করবেন।

আবেগের বশে আংটিটা উৎসর্গ করার পর থেকে তার জন্ম শোক করতে লাগল পলিক্রেটস্। ভাবল তার জীবনের সবচেয়ে প্রিয় জিনিসটিকে এভাবে জলে ফেলে দেওয়া ঠিক হয় নি।

সপ্তাথানেক যেতেই একদিন একটি জেলে সমুদ্রে পাওয়া এক বড় মাছ নিয়ে বাজাকে উপহার দিতে এল। স্থামদ দ্বীপের অধিপতি হিদাবে এটা তার পাওনা বলে মাছটাকে গ্রহণ করল পলিক্রেটস্। কিছুক্ষণ পঢ়েই একটি ভ্তা এনে খবর দিল রাজাকে, মাছটা কাটতে কাটতে তার পেট থেকে রাজার সেই সবুজ আংটিটা পাওয়া গেছে। পলিক্রেটস্ দেখল এটা স্তিটে তাব সেই প্রিয় আংটি।

আংটিটা পেয়ে খুব খুশি হলো পলিক্রেটস্। ভাবল দেবতারা তার উপহার গ্রহণ করাব পর তার উপর দয়াবশতঃ আবার সেটা ফিবিয়ে দিয়েছেন। তাই সে উৎফুল্ল হয়ে কথাটা জানাল মিশরের রাজা এয়ামাসিসকে।

রাজা আমাসিদ কিন্তু একটি পান্টা চিঠি লিখে এর অন্স ব্যাখ্যা করলেন। লিখলেন, দেবতারা তোমার উৎদর্গীকৃত দান গ্রহণ না করে তা ফিরিয়ে দিয়েছেন। এটা এক আদন্ধ বিপদের অন্তভ লক্ষণ ছাডা আর কিছু নয়। স্বতরাং তোমার মত ব্যক্তির দক্ষে আমি বৃদ্ধুত্ব স্থাপন করতে পারি না।

এই অপমানজনক প্রত্যাখ্যানে দাকণ রেগে গেল পলিকেটস্। এই অপমানের প্রতিশোধ নেবার জন্ম স্থাগে থুঁজতে লাগল দে। অবশেষে একটা স্থোগ দে পেয়ে গেল। অল্পনিবের মধ্যেই পারশ্রের রাজা যুদ্ধ ঘোষণা করনেন মিশরের রাজার বিরুদ্ধে। পলিকেটস্ তথন তার রাজ্যের বাছাই করা তার বিরুদ্ধবাদী লোকগুলিকে একত্রিত করে একটি রণতরীতে করে আম্বাদিয়ে তাদের মিশরের রাজার বিরুদ্ধে এক সামরিক অভিযানে পারশ্রের রাজাকে সাহায্য করার জন্ম পাঠিয়ে দিল। কিন্তু দেই সব লোকগুলি পলিকেটস্কে মনে প্রাণে ঘূণা করত বলে তারা সে যুদ্ধে যোগদান না করে স্পার্টায় গিয়ের রাজনৈতিক আশ্রেয় গ্রহণ করল। পরে তাদের প্ররোচনায় যুদ্ধবিশারদ স্পার্টায় রাজা শ্রামস দ্বীপের ধনসম্পদের কথা শুনে প্রস্কাল হয়ে পলিকেটস্-এর রাজ্য আক্রমণ করল। পলিকেটস্ তথন বিপুল ধনসম্পদের কিছু স্পার্টায় রাজাকে দিয়ে সন্ধি করল।

এবার নিজেকে সম্পূর্ণরূপে বিপন্মক ভাবল পলিক্রেটস। ভাবল সারা স্বর্গ ও মর্তালোকের মধ্যে এমন কেউ নেই যে তার কোন ক্ষতি করতে পারে। এইভাবে দিনে দিনে তার অহস্কার যথন উন্ত, ক্ষ হয়ে উঠছিল তথন পারস্তের তদানীস্তন শাসনকর্তা ওরেস্টেসের কাছ থেকে এক আমন্ত্রণ পেল পলিক্রেটস্।

মাাগনেসিয়া নামক একটি জায়গা থেকে ওরেন্টেস লিথে জানাল পলি-ক্রেটস্কে, এমন এক অমূলা সম্পদ দান করে তার সঙ্গে বন্ধুত্ব করতে চায় ওরেন্টেস যা তার রাজাজয়ের ব্যাপারে কাজে লাগবে।

কিন্দ্র কি সে সম্পদ তা দেখার জন্ম মাাগনেসিয়াতে একজন দৃত পাঠাল পলিকেটস্। দৃতকে সাতটি সিন্দুক দেখাল গুরেস্টেম। সিন্দুকগুলোর ভিতে সীসে ভরা ছিল, কিন্দু উপরগুলো সোনা দিয়ে মোডা। তা দেখে দৃত ভাবল সমস্থ সিন্দুকগুলো থাটি সোনায় ভবা। গুরেস্টেম দৃতকে বলে দিল, রাজা পলিকেটস যেন নিজে এসে এই সম্পদ নিয়ে যায়।

দত মুপে দব শুনে লোভ জাগল পলিক্রেট্স্-এর মনে। সে ওরেস্টেস্এর কাছ থেকে সেই ধনসম্পদ নিয়ে আসার মনস্থ করল। কিন্তু তার এই সিদ্ধাস্তের বিরুদ্ধে নানা দৈববাণী শুনতে পেল আব কুলক্ষণ দেখতে পেল সে। এমন কি তার মেয়ে তাকে বারবাব নিষেধ করতে লাগল। বলল সে একটা তঃস্বপ্ন দেখেছে। তার ব'বাকে যেন কে আকাশে তুলে ধরেছে আর দেবরাজ জোভ তাকে স্থান করাছে।

পলিক্রেটস কিন্তু কারো কোন কথা শুনল না। সে জোর করে ওবেস্টেনের কাছে গেল। সেথানে যেতেই ওরেস্টেন তাকে হাতের কাছে পেয়ে শক্রনাশের পরম স্থযোগ ছাড়ল না। সে দেখল পলিক্রেটসকে বধ করতে পারলেই তার রাজ্যের সমস্ত শক্তি ও সম্পদ লাভ করতে পারবে সে। এই ভেবে সে পলিক্রেটস্কে ক্রুমবিদ্ধ করার আদেশ দিল।

ক্রেসাস

শোনা যায় লিভিয়ার লোকেরাই নাকি প্রথম মূলার ব্যবহার করে।
তাদের রাজা ক্রেদাস এত সোনা সঞ্চয় করে যে ভার ধনসম্পদ এক প্রবাদবাক্য
হয়ে দাঁড়ায়।

একবার গ্রীক পণ্ডিত দোলোন লিভিয়ার রাজধানী সার্দিসে বেড়াতে যান। রাজা ক্রেনাস তথন তার ধনাগার দেখায়। ভাবে তার ধনরত্বের স্থূপ দেখে বিস্ময়ে অভিভূত হয়ে যাবেন পোলোন আর তার প্রশংসায় পঞ্চম্থ হয়ে উঠবেন। সোলোন কিন্তু বললেন অন্য কথা। তিনি বললেন, তোমার যত সম্পদ বা সোনাই থাক, তোমার মৃত্যু না হওয়া পর্যন্ত ভোমাকে প্রকৃত সুখী বলা যাবে না।

যাবার আগে ক্রেদাসকে আর একটা কথা বলে গেলেন। কথাটা কোনদিন ভোলেনি ক্রেদাদ। দোলোন বললেন, দোনা মান্থকে সব বিপদ থেকে উদ্ধার করতে পারে না। ডোমার রাজভাগুরে যত দোনাই থাক ভোমার থেকে লোহা যার বেশী আছে দেই ভোমার দব দোনা কেডে নিয়ে যাবে।

একবার পারস্থের বিরুদ্ধে এক অভিযান চালাবার চেষ্টা করেন ক্রেশাদ। এ অভিযান সফল হবে কি না সে বিষয়ে ভবিশুৎ গণনা করতে গেল সে ডেল্ফির মন্দিরে। মন্দির থেকে এই ভবিশ্বদ্বাণী হলো যে এই যুদ্ধে এক বিশাল সাম্রাজ্য ধ্বংসপ্রাপ্ত হবে।

হলও ঠিক তাই, এ যুদ্ধে পারশুরাজই জয়লাভ করে। লিডিয়া হেরে যায় এবং লিডিয়া পারশু সামাজ্যের অস্তর্ভুক্ত হয়।

ক্রেনাদের তুই পুত্র। কিন্তু একটি পুত্র থেকে না থাকা। কারণ দে ছিল জন্মাবধি কালা আর বোবা। তবে অহা একটি পুত্র এটিদ ছিল রূপে গুণে অতুলনীয়, তার পিতার গর্ব ও আনন্দের বস্তু।

কোন এক বাতে ক্রেসাসকে একটি স্বপ্নে কে যেন বলল, এক লোহার অন্ধে তার প্রিয় পুত্র এটিনের মৃত্যু ঘটবে। এই স্বপ্ন দেখার পব থেকে ভীষণভাবে বিচলিত হয়ে পড়ল ক্রেসাস। পারশ্র অভিযানে সেনাদলের সঙ্গে তাকে পাঠাল না। যুদ্দে না পাঠিয়ে ছেলের বিয়ের ব্যবস্থা করল ক্রেসাস। যুদ্দিবিছা বা অন্তচর্চার কাজ একেবারে ছেড়ে দিয়ে এটিস ঘাতে সংসারের ভোগস্থাও রাজ এশর্মের মধ্যে আসভা হয়ে থাকে এজন্য এক সন্দরী রাজক্ষার সঙ্গে ছেলের বিয়ে দিল ক্রেসাস।

এদিকে একজন বীর সাহসী ও আত্মর্যাদাসম্পন্ন যুবক হিসাবে বাবার এই ব্যবস্থা মনে মনে মেনে নিতে পারল না এ্যাটিস। এ ব্যবস্থা ভারই নিরাপন্তার জন্ম হলেও তার পক্ষে অপমানজনক বলে মনে হলো তার।

যাই হোক, এ্যাটিসের বিয়ের কিছুকাল পর ক্রেসাসের রাজ্যের অন্তর্গত মাইসিয়ার পার্বতা অঞ্চলে এক বন্ত শৃকরের প্রচণ্ড উৎপাত দেখা দিল। মাইসিয়ার বিপন্ন অধিবাদীরা ক্রেসাসকে এসে,ধরল তাদের রক্ষা করতে হবে সেই বন্ত জন্তুর হাত থেকে। ক্রেসাসও একদল হৃদক্ষ শিকারীকে প্রচুর অল্লম্ম্র দিয়ে ঘটনাস্থলে পাঠাবার মনস্থ করলেন।

এই অভিযানে এ্যাটিস যেতে চাইল। তার পুরনো বছুবান্ধবরা সব পারত

অভিযানে চলে গেছে। দে যুদ্ধে গিয়ে বীরত্ব দেখাবার কোন স্থােগ পায়নি। স্বতরাং এই শিকার অভিযানে দে যাবে বলে জেদ ধরল। তাছাড়া এতে বিপদের কোন ঝুঁকি নেই। এত দলবল ও অন্ত্রশন্ত্রের সাহায্যে সামান্ত একটা শুয়ােরকে বধ করতে বেশী সময় লাগবে না তার।

তব্মন মানল না ক্রেদাদের। কিন্তু ক্রেদাদ যাই বলুক তার ছেলে
শিকার অভিযানে না গিয়ে ছাড়বে না। অবশেষে বাধ্য হয়ে ক্রেদাদ
যাবার অক্সতি দিল। দে বীর যোদ্ধা আদ্রেস্তাদকে দঙ্গে যেতে বলল।
এ্যাটিদের নিরাপজ্ঞার দব ভার তার উপর দিল। এ্যাটিদ তার বাবাকে
আশ্বন্ত করে বলল, শ্করের দাঁত যত ধারালই হোক তা ত আর
লোহা নয়।

মিডাসের পৌত্র আন্তেস্তাস তাদের রাষ্য্য থেকে বিতাড়িত হয়ে ক্রেসাসের রাষ্ণ্যসভায় আশ্রম নেয়। সেই জন্ম ক্রেসাসের কাছে বিশেষ ফুডজ্ঞ ছিল সে। কথা দিল সে তার নিজের জীবন দিয়ে এ্যাটসকে রক্ষা করবে।

শিকারীরা যথাসময়ে বার হয়ে মাইনিয়ার সেই পার্বত্য অরণ্যে চলে গেল।
তারা সেই বহা শ্করটার গুহাটাকে চিনে চারদিক দিয়ে সেটাকে ঘিরে ফেলল।
চারদিক থেকে বর্শা আর তীর নিক্ষেপের ফলে শ্করটা মরে গেল। কিন্তু
এ্যাটিস শ্করটাকে আগে মারার জহা যথন সবার আগে এগিয়ে যাচ্ছিল তথন
আন্তেম্ভানের হাত থেকে নিক্ষিপ্ত একটি বর্শা এসে তার পুকে লাগে। ফলে
সঙ্গে সঙ্গেই এাটিস মারা যায়। এইভাবে ক্রেনাসের স্বপ্ন সত্যে পরিণত
হয়।

এ্যাটিসের মৃতদেহটি রাজবাড়িতে নিয়ে আসার সঙ্গে দলে শোকে ভেঙ্গে পড়ল ক্রেশাস। আন্তেন্তাস এসে ক্রেসাসের পায়ের উপর পড়ে কাঁদতে লাগল আকুলভাবে। বলল, আমিই আপনার পুত্রকে হত্যা করেছি। আমারই হাত হতে নিক্ষিপ্ত বর্শায় মৃত্যু ঘটেছে তার। আমাকে শান্তি দিন। আমাকে মৃত্যুদণ্ড দিন।

কিন্তু সব কিছু শুনে আদ্রেস্তাদকে ক্ষমা করল ক্রেদাদ। বুঝল, অদৃষ্টের লিখন থগুন হ্বার নয়। নিয়তির বিধান কেউ কখনো এড়িয়ে যেতে পারে না।

ক্রেণাস তাকে ক্ষমা করলেও নিজেকে নিজে ক্ষমা করতে পাবল না আদ্রেস্তাস। এগাটিসকে সমাহিত করা হলে তার সমাধিস্তস্তের উপর আত্মহত্যা করল আদ্রেস্তাস। এতদিনে সোলোনের সেই কথাটা মনে পড়ল ক্রেণাসের। এবার সে ব্যতে পারল কেন সোলোন তাকে তার ধনাগার দেখে বলেছিল, কোন মাহ্য না মরা পর্যস্ত তাকে স্থা বলবে না।

র্যাম্পসিনিতাসের ধনাগার

ব্যাম্পদিনিতাস নামে মিশরে এক অতি ধনশালী রাজা ছিল। তার এত বেশী ধনসম্পদ ছিল যে তা চুরি হবার ভয়ে রাজা সব সময় শক্ষিত হয়ে থাকত। সে একটি বিশাল ধনাগার নির্মাণ করে তার সমস্ত ধনরত্ব তার মধ্যে ভরে রেখে তার চাবিকাঠিটি নিজের কাছে রেখে দিত সব সময়।

ধনাগারটি ছিল প্রই স্থরক্ষিত এবং রাজা ছাড়া অন্থ কোন দ্বিতীয় প্রাণী দে ঘরে প্রবেশ করতে পারত না। সেই ধনাগারে যাবার জন্ম কেউ কথনো জন্মতি পেত না রাজার কাছ থেকে। কিন্তু যে রাজমিল্পী সেই ধনাগারটি নির্মাণ করে সে বুজি করে দেওয়ালের এক জায়গার ইট আলগা করে প্রেণ-ছিল। সে মৃত্যুকালে তার ছুই ছেলেকে রাজার ধনাগারের মধ্যে প্রবেশ করার সেই গোপন স্বাটি বলে যায়।

তাদের বাবার কাছ থেকে এইভাবে সন্ধান পেয়ে সেই মিন্তীর হুই ছেলে গভীর রাতে রাজার ধনাগারে গিয়ে সেই আলগা ইটগুলি খুলে সহজেই তারা তার মধ্যে প্রবেশ করে প্রায় রোজ আঁচলভরে সোনা নিয়ে যেত বাড়িতে।

প্রথম প্রথম তাদের এই সোনা চুরির কথা কেউ জানতে পারেনি। কিন্দ রাজা ব্যাম্পসিনিতাস রোজ ধনাগারটি খুলে দেথত বলে সে একদিন বেশ স্থুবতে পারে দিন দিন তার সোনা কমে যাচ্ছে।

এই চুরি বন্ধ করার জন্ম রাজা ধনাগারের মধ্যে যে দিকে চোর ঢোকার সন্থানা ছিল সেইখানে একটা ফাঁদ পেতে রেখে দিল। পরদিন রাতে মিস্ত্রীর ছেলেরা চুরি করতে এল যথারীতি। সেই নির্দিষ্ট জায়গা দিয়ে ঘরের ভিতর চুকতেই ফাঁদের মধ্যে পড়ে গেল একজন। সে বুঝল সে-ফাঁদ থেকে সে আর বার হতে পারবে না। তথন সে তার ভাইকে বলল, আমার মাথাটা কেটে নিয়ে চলে যাও এথান থেকে। তাহলে রাজা ভোমাকে আর ধবতে পারবে না। আমাকেও চিনতে পারবে না।

অনিচ্ছা দক্তেও তার ভাই তাই করতে বাধ্য হলো। সে ফাঁদে পড়া তার ভাইএর মাথাটা কেটে নিয়ে চলে গেল। রাজা র্যাম্পদিনিতাস পরদিন সকালে ধনাগারের মধ্যে ফাঁদে-পড়া মৃগুহীন এক মাস্থরের মৃতদেহ দেখে আশ্চর্য হয়ে গেল। ভেবে পেল না, কে এই চোর আর কে-ই বা এর মাথাটা কেটে নিয়ে গেল।

রাজা তথন মৃগুহীন মৃতদেহটাকে রাজপথের ধারে এক জায়গায় ঝুলিয়ে রাথার আদেশ দিল। তার কাছে জনকতক প্রহরী রাথার ব্যবস্থাও করল।

প্রহরীদের বলে দেওয়া হল কোন লোককে এই মৃতদেহের কাছে এসে শোকপ্রকাশ করতে দেথলেই তাকে যেন রাজার কাছে ধরে আনা হয়। রাজার বিখাদ এই মৃতদেহ দেথে তার আত্মীয় স্বজনরা অবশুই বিচলিত হয়ে তার সংকারের চেষ্টা করবে।

চোর ভাইদের মা তার মৃতদেহের এই শোচনীয় অবস্থা দেখে তার জীবিত ছেলেকে বলল, তুমি যেমন করে পার ঐ মৃতদেহ নিয়ে এসে তার সংকার করো। যদি তা না পার তাহলে আমি নিজে রাজার কাছে সব কথা প্রকাশ করেব।

তথন জীবিত ছেলেটি চামড়ার ব্যাগে করে অনেক মদ নিয়ে এদে প্রহরীদের থাওয়ান। অনেক মদ থেয়ে প্রহরীরা যথন বেছ দ হয়ে ঘুমিয়ে পড়ল তথন তার ভাইএর মৃতদেহটি নিয়ে গিয়ে তার সংকার করল।

এমন সময় রাজা র্যাম্পসিনিতাস ঘোষণা করল তার ধনাগারে যে চুরি করেছে এবং যে তার প্রহরীদেব ঠকিয়ে মৃতদেহটি নিয়ে গেছে সে যদি তার সামনে এসে দোষ স্বীকার করে তাহলে তাকে ক্ষমা কবা হবে এবং মোটা রক্ষের পুরস্কার দেওয়া হবে।

রাজার এই প্রতিশ্রুতির কথা শুনে সেই জীবিত ভাইটি রাজ্যভায় এসে গতিই তার দোষ স্বীকাব করল। রাজা তার চাতুর্যে আশ্চর্য হয়ে তার দব দোব মার্জনা করে তার মেয়ের সঙ্গে বিয়ে দিল এবং তাকে তার কোষাগারের অধ্যক্ষেব কাজে নিযুক্ত কবল। ভাবল এত যার কৃটবুদ্ধি সে-ই তার ধনাগারকে যে কোন চুরির হাত থেকে রক্ষা করতে পারবে।

প্রেমিকের উল্লম্ফন

স্থাকো ছিল সমগ্র গ্রীদদেশের মধ্যে নামকরা মেয়ে কবি। তার বাড়ি ছিল লেসবসে। লেসবসের থ্যাতি ছিল আর একটা কারণে। লেসবসের মদ ছিল বিথাত। তার ভাই চ্যারাকজাস প্রথম মিশরে মদ নিয়ে যান।

চারাকজাস মিশরে গিয়ে রোডোপিস নামে এক স্থন্দরী ক্রীতদাসীকে বিয়ে করে। সে রোডোপিসকে টাকা দিয়ে ছাড়িয়ে নেয় তার মাণিকের কাছ থেকে। ক্রীতদাসী হলেও রোডোপিস এত ধনসম্পদ অর্জন করে যে তার মৃত্যুর পর তার শ্বতিশুম্ব হিসাবে একটি পিরামিড নির্মিত হয়।

কিন্তু অন্ত এক কাহিনীতে জ্ঞানা যায় স্থন্দরী বোডোপিস একদিন যথন নীল নদীর পারে তার চটিজোড়াটা রেখে নদীতে স্থান করছিল তথন একটি ঈগল পাথি তার একটি পাটি চটি থে করে উড়ে যায় এবং মাঠ পার হয়ে মেন্দিদে চলে যায়। দেখানে সিংহাদনে বদে থাকা মিশরের রাজার কোলের উপর সহসা দেই চটিটি ঈগলের মুখ থেকে পড়ে যায়। চটিটি এত স্থন্দর আর দৌখীন ছিল যে রাজার মনে এই ধারণা জাগে যে এই চটি যে মহিলা পরে দেও নিশ্চয় খুবই স্থন্দরী। এই ভেবে রাজা এই চটির মালিকের খোঁজ করতে দ্র দ্বাস্তে লোক পাঠাল। পরে রোজোপিদের খোঁজ পেয়ে তাকে বিয়ে করেন এবং তার মৃত্যুর পর তার স্থৃতি রক্ষার্থে একটি পিরামিড নির্মাণ করেন।

কবি স্থাফোর অনেক প্রেমিক ছিল। কিন্তু একজনকে সে স্বচেয়ে বেশী ভালবাসত। তবে সে ভালবাসা তার সার্থক হয়নি; সে ভালবাসার মাহথকে সে লাভ করতে পারেনি কোনদিন।

লেসবদ আর চিওদ দ্বীপের মাঝথানে যে সমুদ্র ছিল তা পারাপারের জন্ত একটি নৌকো চলাচল করত। ফাওন ছিল সেই নৌকোর মাঝি। একদিন ফাওন যথন একদল যাজী নিয়ে নৌকো ছাড়ছিল ঘাট থেকে, তথন হঠাৎ কেথা থেকে ছেঁড়া কাপড়ের পুঁটলি হাতে এক বৃদ্ধা এদে হাজির হলো। সে গোজা ফাওনের কাছে এনে বলল, আমাকে পার করে দেবে ? গুধু স্বেহভালবাসা ছাড়া আর আমার কিছুই নেই। হাতে একটা কানাকড়িও নেই।

ফাওন বলল, ঠিক আছে এসো বুড়িমা, নোকোয় উঠে বস। আমি পার করে দেব।

তথন সন্দের জল ছিল শান্ত। মৃত্যান বাতাদ বইছিল। স্তবাং নৌকোটা যেন আপনা থেকেই তরতরিয়ে এগিয়ে চলল। দান্ত টানার কোন দরকার হচ্ছিলনা। কোন যাত্মন্তে যেন নৌকোটা ভেসে চলছিল।

নোকোটা ওপারে গিয়ে ভিড়লে যাত্রীরা সবাই নেমে গেল। কিন্তু বুড়িটি সব শেষে নামল। নেমে ধন্যবাদ দিল ও আশীর্বাদ করল ফাওনকে।

সহসা ফাওন আশ্চম হয়ে বিক্ষারিত চোগে দেখল তার সামনে সেই লোলচর্মা বৃদ্ধাটি এক দেবীমূর্তিতে পবিণত হলো। তিনি হলেন প্রেম ও দৌন্দর্যের দেবী এসকোদিতে।

আফোদিতে হাসিম্পে ফাওনকে বললেন, আমি তোমার সেবায় সম্ভুষ্ট হয়েছি। তোমাকে এমন একটি বর দান করব যা টাকা বা সোনা দিয়ে লাভ করা যাবে না। আজ থেকে তুমি অক্ষয় যৌবন ও সৌন্দর্যের অধিকারী হবে।

এই বলে ফাওনের গায়ের উপর দেবী একটা নিংখাস ছাড়লেন আর সঞ্চে সঙ্গে ফাওন হয়ে উঠল সম্পূর্ণ অন্য এক মান্তম। তার শুকনো ও বার্ধক্য-জর্জরিত দেহে হঠাৎ এসে পড়ল যৌবনের জোয়ার। মোলায়েম ও উজ্জ্বল হয়ে উঠল তার রোদে পোড়া শুকনো ও তামাটে গাল্পক। সারা দেশের মধ্যে সবচেয়ে এক স্কুম্বর মুবকে পরিণত হলো ফাওন।

অল্প দিনের মধ্যে কবি স্থাকোর দৃষ্টি আরুষ্ট হলো ফাওনের প্রতি। সন্ত ফোটা স্কুলের মত ফাওনের যৌবন ও মৌন্দর্যসমৃদ্ধ মুথথানার দিকে তাকিয়ে মৃগ্ধ হয়ে গেল খ্যাফো। সে তার অন্য প্রেমিকদের কথা ভূলে গেল মুহুর্তে। ফাওনকে ভালবেসে ফেলল খ্যাফো গভীরভাবে।

কিন্তু তার সে ভালবাসার ভাকে একবারও সাড়া দিল না ফাওন। কারণ এ্যাফোদিতে শুধু তাঁর নিঃশ্বাসের হারা ফাওনের দেহটাকেই স্পর্শ করেছিল। ভার মন বা অন্তরাত্মাটাকে স্পর্শ করেননি বলে তার দেহের মত স্থন্দর হয়ে ওঠেনি তার মনটা। ফাওন অবশ্য সমস্ত নরনারীর সঙ্গে খুব ভাল ব্যবহার করত; কিন্তু কোন বিশেষ নারীর প্রতি কোন আসক্তি ছিল না তার।

তার অভ্থ প্রেমকে কেন্দ্র করে কত দীর্ঘখাস ফেলল, কত কাব্য রচনা করল, কত গান গাইল। কিন্তু কিছুতেই কিছু হলো না। ফাওনের উদাসীন অনাসক্ত অন্তরের আকাশে কোন আসক্তি বা সকাম অন্তরাগের রং লাগল না।

অবশেষে আর সহু করতে পারল না স্থাফো। ও চলে গেল লেসবসের সম্প্রতীরবর্তী সেই পাহাড়টার মাথায়। দেখানে ছিল এাপোলোর মন্দির। যত সব বার্থ প্রেমিক প্রেমিকারা সেই পাহাড়ের মাথায় গিয়ে মন্দিরের পাশ থেকে ঝাঁপ দিত সম্প্রের জলে। এইভাবে তারা জুড়তো বার্থ প্রেমের ফুঃসহ আলা। স্থাফোও সেথান থেকে ঝাঁপ দিল সম্প্রের জলে। ঝাঁপ দেবার আগে সে শুধু একবার বাতাস আর সম্প্রের তরঙ্গমালাকে সমোধন কবে অহুরোধ করল, আমার মৃতদেহটিকে ফাওনের কাছে পৌছে দিও। জীবনে যার কাছ থেকে কোন ভালবাসা পাইনি মৃত্যুর পর তার কাছ থেকে যেন একটুথানি সহাহভূতি বা করুণা পাই।

ম্ত্যুপ্রীতে এর

প্লেটো স্বয়ং এই কাহিনীটি বিবৃত করেন।

শ্রাম্পিনিয়া নগরে এর নামে এক বীর যোদ্ধা ছিল। একবার কোন এক
যুদ্ধাক্ষেত্রে যুদ্ধ করতে করতে দহদা পড়ে যায় এর। তাকে মৃত বলে ঘোষণা
করে তার বন্ধু ও দহকর্মীরা। তার দেহের মধ্যে জীবনের কোন লক্ষণ পাওয়া
না গেলেও তার মৃতদেহটি কয়েক দিনের মধ্যেও বিক্বত হলো না। এইভাবে
পর পর বারো দিন কেটে গেল। কিন্তু এরএর মৃতদেহটি একভাবে রয়ে গেল
অবিক্বত অবস্থায়। তারপর বারো দিন গত হতেই এর বেঁচে উঠল হঠাৎ।
বেঁচে উঠেই এর তাদের বন্ধুদের কাছে মৃত্যুপুরীর অভিজ্ঞতার কথা বর্ণনা করতে
লাগল।

এর বলল, তার আত্মা দেহটা ছেড়ে যাবার পরই এক অম্ভূত জায়গায় গিয়ে হাজির হয়। সেথানে গিয়ে দেখে উপরে নীচে হুটি রাস্তা চলে গেছে। তার মুখের কাছে গিয়ে এর আত্মাটা দাঁড়াল। সেথানে একদল বিচারক বদে আছে এবং তাদের সামনে অসংখ্য মৃত আত্মার ভিড়। বিচারকদের কাছে মৃত আত্মাদের সারা জীবনের কর্মাকর্মের একটি পূর্ণ তালিকা আছে। বিচারকরা সেই তালিকা দেখে মৃত আত্মাদের কর্মাকর্ম বিচার করে তাদের মধ্য থেকে প্ণাত্মাদের স্বর্গে আর পাপাত্মাদের নরকপ্রদেশে পাঠিয়ে দিচ্ছে। উপর দিকের পথটি গেছে স্বর্গে এবং নিচের দিকের পথটি গেছে অঙ্ককার পাতাল বা নরকপ্রদেশে।

এর বিচারকদের কাছে গেলে বিচারকরা অভুত একটা কথা বললেন। তাঁরা এই বিধান দিলেন যে এর প্রথমে পাতাল বা নরকে যাবে, তারপর সেথান থেকে দিনকতকের মধ্যেই ফিরে এসে সেই নরকপ্রদেশ বা মৃত্যুপ্রীর অভিজ্ঞতার কথা মর্ড্যমানবদের কাছে বর্ণনা করবে।

এর দেখল দত্ত মৃত আত্মারা একটি পথ দিয়ে মর্গে ও আর একটি পথ দিয়ে নরকে থাছে। আবার আর একটি পথ দিয়ে নরক থেকে শান্তি ভোগ করার পর উঠে আসছে একদল প্রেতাত্মা। তাদের মধ্যে অনেককে চিনতে পারল এর। তারা এরের কাছে নরকে তাদের দীর্ঘ শান্তিভোগের কথা দব বলল। এর জানতে পারল, মাহুষ জীবিত অবস্থায় পৃথিবীতে যে দব অপরাধ করে তার দশগুণ শান্তি নরকে ভোগ করতে হয়। আরো জানল দবচেয়ে বড় অপরাধ হলো পিতৃহত্যা এবং সবচেয়ে পুণা ও পুরস্কারের কাজ হলো পরের উপকার।

কিছু পরেই তাদের দেশের অত্যাচারী রাজা আর্দিয়াদকে দেখতে পেল এর। বছকাল আগে আর্দিয়াদ তার বাবা আর ভাইকে হত্যা করে। এর জন্ম তাকে দীর্ঘকাল নরক্ষমণা ভোগ করতে হয়। এরপর নরক থেকে উঠে আদা আত্মাদের হাত পা বেঁধে জ্বলস্ত আগুনের মধ্যে নিয়ে যাওয়া হলো। ভারপর আবার তাদের পাতালে নিয়ে যাওয়া হবে।

যে সব আত্মা নবকভোগের পর পৃথিবীতে ফিরে যায় তারা এক সপ্তা ধরে মর্ত্য ও পাতালপ্রদেশের মিলনম্বলেব সেই সমভূমিটাতে থাকে। তারপর আইম দিনে একটি নির্দিষ্ট আলোকস্তন্তের দিকে এগিয়ে যায় তারা।

এই আলোকস্তম্ভটি হলো স্বর্গ ও মর্ত্যের মেরুদণ্ড। এই আলোকস্তম্ভের মাঝথানে শিকল দিয়ে একটি চরকা বাধা আছে। সিংহাসনটি প্রয়োজনের অধিষ্ঠাত্তী দেবীর। প্রয়োজনের দেবী সেই চরকাটিকে নিজের হাটুর উপর রেথে ঘোরাচ্ছেন।

সেই চরকার সঙ্গে যুক্ত আছে আটটি রঙীন চক্র। এই সব চক্রপথেই স্থ্র, চক্র ও বিভিন্ন গ্রহনক্ষক্তেরা খোরে। এই আটটি চক্র হতে উৎসারিত আটটি স্থর মিলিত হয়ে এক মহান্ধাগতিক ঐক্যতানের স্থষ্ট করেছে।

প্রয়োজনের দেবী যে সিংহাসনে বনে আর্ছে তার কাছাকাছি তিন দিকে তিন নিয়তিক্তা বসে আছে। তাদের নাম হলো ল্যাচেসিস, ক্লোদো ও গ্রাট্রোপোস। তাদের তিনজনের পরনেই সাদা পোরাক। তারা তিনজনেই পুরাণ—১৪ গান গাইছিল। ল্যাচেসিদ অতীতের, ক্লোদো বর্তমানের আর এ্যাট্রোপোস। ভবিশ্বতের গান গায়।

একজন প্রহরী মৃত আত্মাদের পৃথিবীতে ফিরে যাবার আগে ল্যাচেসিদের সামনে নিমে গিয়ে হাজির করল। নিম্নতিরূপিণী ল্যাচেসিদ তাদের ভাগ্য নির্বারিত করে দেবেন।

ল্যাচেদিদের পক্ষ থেকে প্রহরী প্রতিটি আত্মার জন্ম একে একে ঘোষণা করতে লাগল, হে মৃত আত্মা, প্রয়োজনের দেবীর কুমারীকলা নিয়তি দেবী বলছেন তুমি আবার নতুন দেহ ধারণ করে নতুন জীবন শুরু করবে। তোমরা প্রত্যেকেই আপন আপন ভাগ্যকে বেছে নিতে পার। কিন্তু একবার যা বেছে নেবে তার আর কোন পরিবর্তন হবে না। যাবা পুণ্য চায়, যারা শ্রদ্ধা ও দম্মান করে পুণ্য তাদের কাছেই যায়। যারা পুণ্যকে তৃচ্ছ জ্ঞান করে তারা কোন দদ্ শুণের অধিকারী হতে পারে না। স্বতরাং তোমাদের হাতের উপরেই তোমাদের ভাগ্য নির্জর করছে। সারা পৃথিবী জুড়ে আছে মানব জীবনের বিভিন্ন অবস্থা যথা অভাব, এশ্র্য, অত্যাচার, লায়বিচার, দারিন্ত্য, প্রাচ্থা, রোগ। এই সব অবস্থা এক একজন মান্তব্য মিশ্র বা অবিমিশ্র তুই ভাবেই পেতে পারে।

এর দেখল, একটি আত্মা সর্বাপেক্ষা বেশী প্রিমাণ সার্বভৌমত্ব ও বৈরাচারকে ভাগ্য হিসাবে বেছে নিল। কিন্ধ বাছার প্রমূহুর্তেই চৈতত্ত হলো ভার। সে দেখল তার ভাগ্যে আছে আপন সস্তানদের ভক্ষণ করবে অর্থাৎ তাদের মৃত্যুর কারণ হবে। এটা জানতে পেরে ছংখের পরিসীমা রইল না। সে ব্যাকুলভাবে কাঁদতে লাগল। কিন্ধ কোন উপায় নেই।

এর দেখল অর্ফিয়াস তার ভাগ্য হিসাবে একটি বনহংসের দেহ বেছে নিল। সে আর মানবজন্ম গ্রহণ করতে চায় না। যে নারীরা তার দেহটাকে টুকরো টুকরো করে ফৈলে সেই নারীমৃথ আর সে দেখতে চায় না। মৃত আত্মারা সাধারণতঃ তাদের পূর্বজীবনের অভিজ্ঞতার উপর ভিত্তি করে পরবর্তী জন্মের জন্ম আপন আপন ভাগ্য বেছে নেয়।

এর দেখল অনেক পাথি গায়কের জীবন বেছে নিচ্ছে আবার থ্যামাইরিসের মত গায়ক নাইটিঙ্গেলের জীবন বেছে নিচ্ছে। গ্রীকবীর এ্যাজাক্স এক সিংহের জীবন বেছে নিল। কারণ পূর্বজন্ম সে যুদ্ধে বহু বীরম্ব দেখানো সম্বেও একিলিসের যুবক পূত্রকে তার থেকে অনেক বেশী গুরুত্ব ও মর্যাদা দান করা হয়েছে। মাহুষের জগতে ক্যায়বিচার বলে কোন জিনিস নেই। রাজা গ্রাগামেননের আত্মাও এক উগলের জীবন বেছে নিল। সেও পূর্বজন্ম মানবঙ্গগতে কোন স্থবিচার পায়নি। আবার আটালাণ্টা তার পূর্বজীবনের মান সম্মানের কথা ভেবে দৈহিক শক্তিসম্পন্ন এক ব্যায়ামবিদের জীবন বেছে নিল। সে দেখেছে মাহুষ তার দৈহিক শক্তির বিকাশ ঠিকমত দেখাতে পারলে অনেক সম্মান পার। ইন্নযুদ্ধে জ্যুলাভের জন্ম যে কাঠের ঘোড়া তৈরি করেছিল সেই এপিয়াস নারীজীবন

বেছে নিল পরজন্মের জন্ম। হান্দ্রবদিক থার্শাইটস্ বেছে নিল এক বাঁদরের জীবন। যে ইউলিসিস বা ওডেসিয়াস সারাজীবন ধরে যুক্ত আরি সমূত্র্যাত্তাম্ব ঘুরে বেরিয়েছে সেই ইউলিসিস বেছে নিল এক শান্ত স্থাী পারিবারিক জীবন।

এইভাবে ভাগ্য বাছাইএর কান্ত হয়ে গেলে ল্যাচেনিন পৃথিবীগামী সমস্ত আত্মাদের প্রত্যেককে তাদের আপন উদ্দেশ্য সাধনের জ্বন্য বৃদ্ধি ও প্রতিভা দান করল।

ল্যাচেদিদের কাছ থেকে বিদায় নিয়ে প্রতিটি আত্মা একে একে ক্লোদোর কাছে গেল। ক্লোদোর চরকাটাকে একবার ঘোরাল তারা। ক্লোদো তার চরকা ঘ্রিয়ে তাদের আপন আপন ভাগ্যের স্থতো কেটে দিল। পরে তারা এ্যাট্রোপোদের কাছে যেতেই সে তাদের দেই স্থতো দিয়ে এক একটা অচ্ছেম্ব বন্ধন তৈরি করে দিল। সে বন্ধন কেউ কথনো আর ছি ভূতে পারবে না।

পরে সবাই তারা তাদের আপন আপন ভাগ্য আর সহজাত প্রতিভা নিম্নে প্রয়োজনের দেবীর সিংহাসনের পাশে গিয়ে দাঁড়াল।

তারপর তারা লেধি নামে একটা বৃক্ষ্টীন ফাঁকা জায়গায় গিয়ে জড়ো হলো। সেথানে বিশ্বতি নামে একটা নদী বয়ে গেছে। বিশ্বতি-নদীর পারে রাত কাটাল। এই নদীর জল প্রতিটি আত্মাকে পান করতে হবে। তাহলে তারা পূর্বজন্মের সব কথা একেবারে ভূলে যাবে।

জল পান করার পর সকলে ঘূমিয়ে পড়ল মাঝরাতে। সহসা বজ্রগর্জন ও প্রবল ভূমিকম্পের শব্দে সচকিত হয়ে উঠল সকলে। তারপর আপন আপন ভাগ্য অনুসারে পুনর্জন্মের জন্ম ছিটকে পড়ল পৃথিবীর এক এক জায়গায়।

এর আবার ফিরে এল তার ছেড়ে যাওয়া দেহটার মাঝথানে। কেমন . করে সে মৃত্যুপুরী থেকে ফিরে এল তা সে বলতে পারবে না।

একো ও নার্সসাস

নদীদেবতা দেফিসাসের এক পূত্রসম্ভান জন্মগ্রহণ করে। তার নাম রাণা হয় নার্সিদাস। নার্সিসাস দেখতে এত হক্ষর ছিল যে তার মার মনে হল তার সব ছেলেমেয়ের থেকে নার্সিসাস সবচেয়ে বেশী হক্ষর।

নার্দিদাদের মা তাড়াতাড়ি ভবিশ্বধকা টাইরেদিয়াদের কাছে চলে গেল। তার পুত্রের ভাগ্যে কি আছে তা দে আগে থেকে জানতে চার। নার্দিদাদের মা জিজ্ঞাদা করল, আমার দস্তার্নের পরমায়ু কতথানি? কডদিন দে বাঁচবে?

व्यक्क ভবিক্তब्स ट्रेटिंदिनियोम दनन, यजिन ७ निः ज्वत्क हिन्छ ना भावत् ।

এ কথার অর্থ ঠিক বুঝতে পারল না নার্সিদাদের মা। কিন্ত টাইরেসিয়াস বলল, সময় হলেই জানতে পারবে।

সজিই নার্দিসাস ছিল দেখতে অভিশন্ন স্থান । কোন মান্তবের মধ্যে এমন দেহসৌন্দর্য দেখাই যান্ন । মেরেরা একবার তার দিকে তাকালেই তাকে ভালবেসে ফেলে। ছেলেরা তাকে দেখে হিংসা করে তার রূপের জন্ম। তার রূপের প্রশংসা শুনতে শুনতে মনের মধ্যে অহংকার জাগে নার্দিসাসের। সে সব নরনারীকে তার থেকে নিরুষ্ট ভাবত। যৌবনে পদার্পণ করেই সে নিজেকে ভালবেসে ফেলল।

নার্দিশাদ বেড়াবার সময় কাউকে দক্ষে নিত না। তার কোন দক্ষী ছিল না। একদিন দে যথন বনে একা একা বেড়াচ্ছিল তথন এক বনপরী তাকে দেখার দক্ষে দক্ষে একনজ্বেই ভালবেদে ফেলে। তার নাম ছিল একো বা প্রতিধ্বনি। হুর্ভাগ্যবশত: একো কোন কথা বলতে পারত না নিজে থেকে। কেউ কোন কথা তাকে জিজ্ঞাদা করলে তবে দে উত্তর দিতে পারত।

একো আগে ধ্ব বেশী কথা বলত! তার বাচালতায় অতিশয় কট হয়ে দেবতারা তার বাক্শক্তি কেডে নেন। তাঁরা তথন এই বিধান দেন যে কোন কথা তাকে বললে সে শুধু সে কথার প্রতিধ্বনি ফিরিয়ে দেবে।

বনের মধ্যে নার্সিদাদ যথন একা একা হৈটে চলেছিল তথন একো তাকে ছায়ার মত অন্ধন্য করে চলেছিল কোপ-ঝাড়ের মধ্য দিয়ে। নার্সিদাদকে সাদর অভ্যর্থনা জানিয়ে তাকে কিছু বলতে চাইছিল একো। কিন্তু নার্সিদাদকোন কথা প্রথমে না বলায় সে কিছুই বলতে পারছিল না। সে অপেক্ষা করছিল নার্সিদাদের কথা শোনার জন্য। আর শুধু এক সবুজ ছায়ারপে নার্সিদাদের কথনো পিছনে কথনো বা আশেপাশে ঘুরে বেড়াতে লাগল।

অবশেষে নার্সিদাস যথন বেড়াতে বেড়াতে ক্লান্ত হয়ে একটি ঝর্ণার ধারে গিয়ে জলপান করতে যাচ্ছিল তথন তার কাছাকাছি বন্ভূমিতে পাতার থম থম শব্দ শুনে সচকিত হয়ে শব্দীকে লক্ষ্য করে নার্সিদাস প্রশ্ন করল, কে ওথানে ?

একোর কাছ থেকে উত্তর এল, ওথানে।

নার্নিসাস আবার প্রশ্ন করল, তুমি কিসের ভয় করো ? উদ্ভর এল, ভয় করো।

নার্দিসাস যথন দেখল কোন এক অদৃশ্য ব্যক্তি কোথা থেকে তার সব কথা উপহাসের সঙ্গে ফিরিয়ে দিচ্ছে তথন সে আশ্চর্য হয়ে বলল, এখানে এস।

তথন তেমনিভাবে একোর কাছ থেকেও উত্তর এল, এথানে।

এবার নার্দিসাসের কাছ থেকে আহ্বান পেয়ে একো সত্যি সভ্যিই এক সর্বাক্ত কুমারীর রূপ ধারণ করে তার সামনে এসে দাড়াল। কিন্তু নার্দিসাস তথন ঝর্ণার জলে আর একটি হৃদ্দর মুখের ছবি দেথে মুগ্ধ বিশ্বয়ে সেই দিকে ভাকিয়ে ছিল। একো ভার কাছে গেলে সে রুচু গলায় বলল, এখানে কেন এলে ? কে তোমাকে আসতে বলন ?

একো বলন, তুমি।

বিদ্রূপের ভ্লিতে বলল, নার্নিসাদের রূপের শঙ্গে তোমার রূপের কোন তুলনাই হয় না।

नार्मिभाम !

মুখে শুধু কথাটা একবার উচ্চারণ করল একো। তারপর লজ্জায় মর্যাহত
'হুয়ে একটা ঘন ঝোপের ধারে গিয়ে মুখ লুকোল। তারপর এক নীরব প্রার্থনায়
ূফেটে পডল একো আপন মনে। মনে মনে বলতে লাগল, হায় ভগবান,
ন্বার্থ প্রেমের জ্ঞালা কি জিনিস অহস্কারী নার্শিদাস যেন তা বোঝে।

এদিকে একো চলে যেতে নার্সিমাস আবার তার মৃশ্ব দৃষ্টি নিক্ষেপ করল সেই ঝর্ণাব জলে। আবার দেখতে পেল সেই আনিকাহকার ম্থচ্ছবি। তার চারদিকে পদাফুলের গাছ। নার্সিমাস ঝর্ণার গা ঘেষে নতজাফ হয়ে বসে জলের দিকে তাকিয়ে ভাল করে দেখল তারই মত অবিকল দেখতে এক অতি ওকার মৃন, যেন পাথর খুদৈ তৈরি করা এক হকাব প্রতিমৃতি। অথচ সেপ্রতিমৃতি জীবন্ত, তার প্রতিটি মাদ প্রত্যাধ্ব প্রাচঞ্চলতায় ভরা।

নার্দিশাস ঝর্ণবে শাস্ত জলের উপর প্রতিক্লিত ফুন্দর প্রতিমৃতিকে সম্বোধন করে বলল, কে তুমি, কি করে তুমি এত ফুন্দর হলে ?

নার্নিসাস দেখন জনের উপর প্রতিক্তিত নেই মৃ্তিটির মুখটা নড়ে উঠন তার ঠোটতটো কাপতে লাগন।

নার্দিশাস তথন আবেগের সঞ্চে সেই মৃতিকে জড়িয়ে ধরতে গেল। ধরতে গিয়ে জলে হাত লাগতেই প্রতিকলনটা ছিন্নভিন্ন হয়ে গেল। তারপর একটা দীর্ঘখাস কেলে নার্দিশাস সেই মৃতির ছায়াটাকে লক্ষ্য করে বলল, অন্তান্ত বার্ধ প্রেমিকদের মত আ্যাকে ঘূলা করো না, আ্যাকে প্রত্যাখ্যান করো না।

বনাস্তবাল থেকে একো নার্দিদাদের কথার প্রতিধ্বনি করে বলন, বার্থ।

এর পর ক্রমশই উত্তেজিত হয়ে উঠতে লাগল নার্দিনাদ। যতবার শে আবেগেব সঙ্গে দেই ছায়াম্তিকে মালিঙ্গন করতে গেল ততবারই তার নাগালের বাইরে চলে গেল দেই মলীক ছায়াম্তি। এইভাবে ক্রমশঃ ক্লান্ত ও অবদন হয়ে উঠল দে।

ক্ষা তৃষ্ণা পৰ ভূলে গিয়ে সেইখানেই রয়ে গেল নার্সিগাস। সেথান ছেড়ে এক মৃহুর্তের জন্মন্ত কোথাও যেতে পাবল না। অবশেষে একদিন মৃষ্টিত হয়ে জলের উপর তারই ছায়াটাকে লক্ষ্য করে চারদিকে পদ্মক্লের মাঝখানে হমড়িথেয়ে পড়ে গেল নার্সিগাস। আর উঠতে পারল, না কোনদিন। এইভাবে সেই নিস্তন্ধ বনভূমির মাঝখানে এক নীরব নির্কান মৃত্যু বরণ করল নার্সিগাস। কেউ তার জন্ম কোন হংথ প্রকাশ করল না বা একফোটা চোথের জল ফেলল না। তথু বনাস্করালবর্তিনী একোর কঠ থেকে এক হাহাকার ধ্বনি প্রতিধ্বনির বিচিত্র

ভরত্ব তুলভে লাগল বনস্থলীর শাস্ত বাতাসের বুকে।

একো যা চেয়েছিল অবশেষে ঠিক তাই হলো। তার প্রেমাহত অম্ভর ফেটে বেরিয়ে আদা দেদিনের দেই অভিশাপ অক্ষরে অক্ষরে পরিণত হলো আজ। তবু কিন্তু খুলি হতে পারল না একো। যে প্রেমাশাদের প্রেম লাভ করতে না পেরে মনোবেদনার জ্বালায় জ্বলছিল একো আজ তাকে চিরতরে হারিয়ে দে জ্বালা বেড়ে গেল আরও, আরও হুর্বিসহ হয়ে উঠল দে জ্বালা।

অহস্বারী আত্মাভিমানী নার্সিদাদ শুধু নিজেকে ছাড়া জীবনে আর কাউকে ভালবাদতে পারেনি কথনো। তথন কোন দর্পণ না থাকায় নিজের মুখ-সৌন্দর্য দেখতে পায়নি কোনদিন। তাই ঝর্ণার স্বচ্ছ জলে আপন দেহ-সৌন্দর্যের প্রতিবিম্ব দেখে নিজেকে নিজে ভালবেদে ফেলে নিজের অজানিতে। ফলে এক আত্মঘাতী পরিণতি লাভ করে তার অত্যগ্র ও সর্বগ্রাদী আত্মরতি।

একটি ধমীয় ওকগাছ

প্রাচীনকালে প্রতিটি বনবৃক্ষকেই মাহষ বিশেষ শ্রদ্ধা ও সম্মানের চোথে দেখত। তারা ভাবত ঐ বৃক্ষরাজিতে বনপরী ও অপদেবতারা ঘুরে বেডায়।

এক দিন প্রাইওপা নামে একটি মহিলা তার শিশুপুরের জন্য একটি গাছ থেকে সম্বাক্ষেটি। মূল ছেঁড়ে। সে জানত না সেই মূলগাছে এক বনপরী থাকত। মূলটা ছেঁড়ার দলে সলে মূলের বৃক্ষটা রক্তের মত লাল হয়ে যায় আর দলে সলে প্রাইওপের পা তুটো মাটির ভিতর বদে যেতে থাকে। ধীরে ধীরে বৃক্ষতে পারল প্রাইওপ তাব গোটা দেহটাই একটা গাছে পরিণত হয়ে যাছে। তার দেহটা হয়ে উঠছে একটা গাছের কাও আর হাত পা গুলো হয়ে উঠছে ভালপালা। সে ক্রমশ: বাকশক্তি হারিয়ে ফেলছে। দেবতাদের কাছে অনেক কাতর আবেদন নিবেদন সত্তেও যথন কিছুই হলো না তথন সে শেষবারের মত বলে গেল, হে বনদেবী, আমার একটা প্রার্থনা মঞ্ব করো, আমার সন্তান যেন আমার আশে পালে খেলা করে। তার সন্তানের উপর তার ছায়া-ছায়া দীর্ঘাদ ঝরে পড়বে—এতেই তার সান্থনা।

টাটকা ফুল ছি ড্তে গিয়ে দ্রাইওপ দেখল এক বনপরীকে আঘাত করার জন্ম তাকে এই শাস্তি পেতে হয় তেমনি আরও অনেক মেয়েকে এই একই শাস্তি ভোগ করতে হয়। একবার ডাফনে এ্যাপোলোর তাড়া থেয়ে লবেল গাছে পরিণত হয়। থে ুস দেশে ফাইলিস নামে একটি মেয়ে ছিল। থিসিয়াসের পুদ্ধা ডেমোক্সনের সঙ্গে তার বিয়ে হবার কথা হয়। কিন্তু ডেমোক্সন তাকে ছেড়ে দূর দেশে চলে যায় বলে সে আত্মহত্যা করে বলে আবেগের সলে।
মৃত্যুর পরেই সেও একটি গাছে রূপাস্থরিত হয়। তার মৃত্যুক্তরী প্রেম এক.
-আশ্চর্য সমৃত্যুক্ত উচ্চলেশতা হয়ে ঘিরে রাথে গাছটিকে।

কিন্তু এদের স্বার থেকে ইউরিসিকথনের অপরাধ আর শান্তি ছটোই নেশী ছিল। ইউরিসিকথন একদিন হঠকারিতার বশে একটি বিশাল ও পবিত্র ওকগাছ কেটে ফেলে অকারণে!

দারা বনটার মধ্যে এই গাছটা ছিল মান্থবের মাঝে এক বিশাল দৈত্যের মত। গাছটি ছিল দিমেতাবের। দিমেতাবের সম্মানার্থে স্বর্গ থেকে অপ্সরারা দেই ওকগাছটার উপর নেমে এসে নাচ গান করত। ওকগাছটি প্রায়ই তার শাথায় মালা ঝুলিয়ে রাথত বনদেবীর জন্ত।

এই সব কিছু জেনেও দান্তিক ইউরিসিকথন তার ভ্তাদের গাছটা কেটে ফেলার জন্ম ক্কুম দিল। ভ্তারা তা কাটতে না চাইলে ইউরিসিকথন নিজেই তাদের হাত থেকে কুডুলটা কেড়ে নিয়ে গাছটি কাটতে লাগল। বলল, স্বয়ং দেবী এই গাছের রূপ ধরে দাঁড়িয়ে থাকলেও আমার এই কুডুলের আঘাতে তাকে মাটিতে পড়তেই হবে।

কিন্তু সাধারণ গাছের মত নির্বাক ছিল না সেই পবিত্ত ওক গাছটা।
নির্মম ইউরিসিকথন যথন কুছুলের ঘা দিছিল গাছটার ভাওলা পড়া গায়ে
তথন তা যন্ত্রণায় মান্তবের মত কাঁদছিল। তার পাতাগুলো দব মান হয়ে উঠল
মূহুর্তে। গাছের ভালগুলো কাঁপতে লাগল আর গাছের গুঁড়িটা থেকে রক্ত ঝরছিল। আশেপাশে দাঁড়িয়ে থেকে যারা সেই গাছকাটা দেখছিল তারা সকলেই নিষেধ করল ইউরিসিকথনকে। কিন্তু কারো কোন কথা গুনল না সে। একজন এগিয়ে এসে তার হাতটা ধরে অলুরোধ করল, এই দেবাংশি গাছ তুমি কেটো না। আমি সারা জীবন তোমার গোলাম হয়ে থাকব।

কিন্তু রাগের মাথায় তাকে দেই কুড়ুলের এক ঘায়ে হত্যা করল ইউরিসিকথন। অবশেষে এক বিরাট শব্দ করে মাটিতে পড়ে গেল গাছটা। অর্গের অব্দরা ও বনপরীরা দিমেতারকে এর প্রতিশোধ নেবার জন্ম উত্তেজিত করতে লাগল।

দিমেতারও সঙ্গে সঙ্গে শান্তির বাবস্থা করলেন ইউরিসিকথনের জন্য।

সেদিন দিনের শেষে কান্ধ সেরে বাড়ি ফেরার সন্দে সন্দে তার পেটের মধ্যে অস্বাভাবিক রকমের কুধা সঞ্চারিত করে দিলেন দেবী। অতৃপ্ত ক্ষ্ধার জ্বালায় দিনরাত জ্বলতে লাগল ইউরিসিকথন।

পরদিন দকালে ঘুম থেকে ওঠার সঙ্গে সাক্ষে প্রবলতর এক ক্ষ্ধার জ্ঞালা নতুন করে অহতে করতে লাগল। যতই থেতে লাগল ইউরি্দিকথন, ততই তার ক্ষ্ধা বেড়ে যেতে লাগল।

व्यथम व्यथम व्यक्त के कि विका कर कर नाना जाइगा थएक नाना उकरमद स्थाछ

এনে থাবার টেবিলে তা দাজিয়ে রাথা হলো। নানা রক্ষের পশুমাংসও জানা হলো তার জন্ম। কিন্তু কিছুতেই তার ক্ষ্মা তৃপ্ত হলো না, শাস্ত হলো না। অবশেষে তার সব ধনসম্পদ ফুরিয়ে গেল।

ইউরিসিকথন সত্যিই একদিন ধনী ছিল। কিন্তু তার পেটের ক্ষ্ধা মেটাতে গিয়ে দব নগদ টাকা ফ্রিয়ে গেল। তথন জমি জমা যা ছিল তা বিক্রিকরতে লাগল একে একে।

শেষকালে দেখা গেল স্থাবর অস্থাবর সব সম্পত্তি তার বিক্রি হয়ে গেছে। দেখা গেল তার একটিমাত্র কন্যা সস্তান ছাড়া আর কিছুই অবশিষ্ট নেই।

তথন বাধা হয়ে নিজের মেয়েকেই বিক্রি করল ইউরিসিকখন। মেয়ে ক্রীডদাসী হলো। তবু সেই মেয়েবিক্রির টাকা থরচ হয়ে গেল অল্পদিনের মধাে। অবশ্র পদেডনের ক্রপায় ইউরিসিকগনের মেয়ে এক অন্তুত বিজ্ঞা জানত। যে কোন সময়ে বেশ পরিবর্তন করতে বা যে কোন জায়গা থেকে ইচ্ছামত বেবিয়ে আদতে পারত সে। ফলে কেউ কোথাও তাকে আটকে রেথে দিতে পারত না।

বাবার অবস্থা দেখে মেয়েটা তাই নিক্রি হ্বার প্রেই মালিকের বাড়ি থেকে বেবিয়ে আমৃত এবং তার বাবা তথ্ন তাকে আনাব বিক্রি করত। কিন্তু এই কৌশলও নেশীদিন চল্ল না। সকলেই জেনে ফেল্ল তার এই হীন। অপকৌশল। তথ্ন নিক্পায় চয়ে নিজের পেটের ক্ষ্ণা মেটাবার জন্ম নিজের মাংসই থেতে লাগল হতভাগা ইউরিসিকথন।

মিডা**স**

ফার্জিয়ার রাজা মিভাস ছিল বিশের অন্যান্ত শব রাজাদের থেকে ধনী। তব্ তার ধনের আকাজকা ছিল সবচেয়ে বেশী। লোভ আর লালসার অস্ত ছিল না তার।

একদিন মিডাদ রাজোভানে বেড়াবার দমহ দেখতে পায় মদের দেবতা ভাওনিদাদের পরম ভক্ত সাইলেনাদ মাতাল অবস্থায় ঘ্যোছে তার বাগানের মধাে। সাইলেনাদ ডাওনিদাদের দক্ষেই কোথায় যাজিল। যেতে যেতে দল থেকে পিছিয়ে পড়েছে দে নেশার ঘোরে। মিডাদ তার গায়ে ফুল ছড়িয়ে তাকে ঘুম থেকে জাগিয়ে থাত ও পানীয় ধারা আপ্যায়িত করে ডাওনিদাদের কাছে নিয়ে গেল। দেবতা দল্পই হয়ে মিডাদকে একটি বর দান করতে চাইলেন।

মিভাগ বলগ, যদি বর দিতে চান আমাকে তাহলে এখন বর দান ককন যাতে আমি যা কিছু স্পর্শ করবো তা সোনা হয়ে যায়।

ডাওনিদাস দেই বরই দিলেন মিডাসকে।

মিডাদ মনের আনন্দে বাড়ির পথে বওনা হলো। পথে দেবতার বরটি পরীক্ষা করে দেখার জন্ম পথের ধারের একটি গাছ থেকে একটি ছোট ডাল ভাঙ্গল। ডালটি সঙ্গে সেনা হয়ে গেল।

এইভাবে পথে যেতে যেতে গাছ থেকে অনেক ফুল ও ফল তুলে তা সোনায় পরিণত করল মিডাদ। এত সোনা যে তার ভৃত্যরা বয়ে নিয়ে যেতে পারছিল না।

এর পর মিডাস একটি ঘোড়ার উপর চাপতেই সেটিও সোনায় গভা এক প্রাণহীন ধাতৃতে পরিণত হলো।

এক অপরিদীম গর্ব ও আনন্দ বুকে নিয়ে বাডি ফিরল মিডাদ। এতণড় বিনাম জীবনে কোনদিন অন্তব কবেনি দে। বাডি ফিরে দে যেমনি তার রাজপ্রাদাদেব স্তম্ভপ্রলা ছুঁতে লাগল, দেই দব স্তম্ভপ্রলা দব দোনা হয়ে গেল ম্হুর্তে। মিডাদ ক্লান্ত হয়ে নরম বিছানায় শোবাব দক্ষে বক্ষেট মন্ত্র বিছানা শক্ত দোনার বিছানা হয়ে গেল। এবার কেমন যেন একটা অধান্ত পর্ত্তব কবতে লাগল মিডাদ। ভার প্রনের দ্ব পোধাক ভারী গোনায় প্রণত্ত হওয়াতে তা বইতে কই হিচল।

মাবো কট্ট অভভব করল মিডাস প্রান করতে সিয়ে। স্নান করবে সময় চেরাচচায় সে নামতেই সব জল সোনার ববকে রূপান্তরিত হয়ে গেল। দীর্ঘ পথ অতিক্রম করে ক্ষ্মা ভ্রায় ক্লান্ত হয়ে পডেছিল মিডাস। কির থেতে গিয়ে মিডাস বিশেষ আশ্চর্য হয়ে দেখল সব থাত ও পানীয় সোনা হয়ে যাছে। থেতে গিয়ে এক টুকরো খাত বা এক বিন্দু শীতের জলও সে গ্রাধাকরণ করতে পারল না।

এতক্ষণে নিজের ভুল বুঝতে পাবল মিডাস। কিন্তু এখন আর কোন উপায় নেই। ক্ষ্বা তৃষ্ণায় কাতর হয়ে সে সোনার বিদ্যানায় শুয়ে ছটকট করতে লাগল। যে দিকেই তাকায় শুধু দেখতে পায় সোনার স্থা। কিন্তু দেখার সঙ্গে এখন গর্ব বা আননদ অন্তত্তব করে না; এখন তা দেখে মনের জ্বালা বেড়ে যায়।

দারা রাত শক্ত বিছানায় শুয়ে পেটের জ্বালায় ছটফট কবল। ধকাল হতেই সে ছুটে গেল দেবতার কাছে। দেবতার পায়ের উপব পড়ে দে কাতর কণ্ঠে বলল, আপনার এই ভয়ন্কর বর ফিরিয়ে নিন দেব। আমি ক্ষ্ধা ভ্রুণার জ্বালা আর সহু করতে পারছি না।

দেবত: শুধু হেলে মিডাসকে বললেন, মান্ত্য বোঝে না তার সব কামনাই শুভ নয়। যাই হোক, তুমি যথন এ বর আার চাও না তথন তা ফিরিয়ে নিচ্ছি। তবে তোমায় প্যাকেটালাস নদীর উৎসমূথে গিয়ে স্থান করতে হবে। তবে তুমি এ বরের প্রভাব থেকে মৃক্ত হবে একেবারে।

তৎক্ষণাৎ তাই করল মিভাস। বরমৃক্ত নয়, শাপমৃক্ত হয়ে মিভাস প্রাণভরে জল ও খাবার থেয়ে তথ্য হলো।

মিভাসের প্রচ্র ধনসম্পদ থাকলেও তার খুদ্ধি ছিল না তেমন। ক্ষেদ্র বিশেষে তার বিচারখুদ্ধি বা কোন বিচক্ষণতার পরিচয় দিতে পারত না। একবার সে বনপথে ঘুরতে ঘুরতে ছুই দেবতার দেখা পার। সে দেখে প্যান আর এ্যাপোলো ঝগড়া করছেন। প্যান বলছেন তার পাতার বাঁশির হুর এ্যাপোলোর বীণার হুরের থেকে মিষ্টি। এই নিয়ে ছুই দেবতার মধ্যে ঝগড়া বেঁধেছে। মিভাস সেখানে যেতেই ছুই দেবতাই তাকে ধরল, তুমি কোন হুর মিষ্টি তা বিচার করে দাও।

মিডাস না বুঝেই প্যানের সপক্ষে রায় দিল। ফলে এ্যাপোলো রেগে গিয়ে তার কান হুটি থসিয়ে দিয়ে তার জায়গায় হুটি গাধার কান বসিয়ে দিলেন।

লোমেভরা ছটি লম্বা কান নিয়ে মহা মৃশ্বিলে পড়ল মিডাস।

মাথায় একটা পাগড়ি বেঁধে কান ছটো ঢেকে রাখল কোন রকমে।
লক্ষায় কারো কাছে পাগড়ি খুলতে পারে না।

একদিন নাপিত এসে তার চুল দাড়ি কামাতে গিয়ে কান ছুটো দেখে ফেলল। নাপিত তা দেখে কাউকে না বলে থাকতে পারল না। কিন্তু রাজার ভয়ে কাউকে বলতেও পারছিল না। অবশেষে সে থাকতে না পেরে শহরের শেষে নদীর ধারে গিয়ে একটি গর্ভের ম্থে ম্থ রেখে বলল, রাজা মিভাসের কান হটো গাধার। সেখানে কোন মাস্ত্র ছিল না। তাই নাপিত প্রাণ্ধুলে চেঁচিয়ে কথাটা বলেছিল। কিন্তু সে জানত না বাতাসেরও কান আছে। তার কথাটা ম্থ থেকে বার হতেই নদীর গা ঘে বৈ গজিয়ে ওঠা নলখাগড়া গাছগুলো তা জনে সে কথা বাতাসের কানে বলে যেতে লাগল, রাজা মিভাসের কানহুটো গাধার।

वाजान व्यावाद এই निषिष्क कथांठा मृत्र मृत्रास्त्र वरम्र निरम्न व्याप्त नागन ।

<u> কাইল্লা</u>

শোনা যায় ইউক্লিডের জন্মস্থান মেগারা একবার ক্রীটের রাজা মাইনসের নারা অবক্ষ হয়। এই অবরোধ দীর্ঘকাল স্থায়ী হয়। কারণ নিয়তির বিধানে এটা স্থির হয় যে যতদিন মেগারা নগরীতে একটি যাত্রস্থ থাকবে ততদিন এ দেশ কেউ অধিকার করতে পারবে না। কিন্তু কোথায় কার কাছে আছে সে বন্ধ তা কেউ জানে না। আসলে সে বন্ধটি ছিল একগুচ্ছ নীলচে বঙের চুল যা রাজার মাধার মধ্যে ছিল। এ কথা একমাত্ত রাজা তার কন্সার কাছে বলেছিল। রাজকন্সা সাইলা ছাড়া একথা আর কেউ জানত না।

রাজকতা স্বাইলা রাজপ্রাদাদের শীর্ষদেশ থেকে রোজ নগরপ্রাস্তে
যুক্ষক্ষেত্রের পানে তাকিয়ে সব কিছু দেখত। কিছু তার সবচেয়ে ভাল লাগত
ক্রীটের রাজা মাইনসকে দেখতে। মাইনস তার পিতার পরম শক্র হলেও তার
রূপে মুশ্ধ হয়ে মনে মনে ভালবেসে ফেলল তাকে। শুধু রাজিতে নয় সারা
দিনও জেগে জেগে শুধু স্বপ্র দেখত। রাজা মাইনসের মুখটা সব সময় ভাসত
ভার চোখের সামনে।

অবশেষে সে একদিন ভাবতে লাগল, এই স্থদীর্ঘ মুদ্ধের কি আর শেষ হবে না? আমি যদি কোন রকমে রাজার কাছে গিয়ে তার জ্বয়ের রহন্ত বলে দিতে পারি তাহলেও কি রাজা তার বিনিময়ে তার ভালবাসা আমায় দেবে না?

ভাবতে ভাবতে তার করণীয় সব ঠিক করে ফেলল স্বাইল্লা।

গভীর রাজিতে সে তার বাবার ঘরে গিয়ে রাজার মাধায় সাদা চুলের মধ্যে চকচক করতে থাকা একগুচ্ছ নীল চুল কেটে নিল। তারপর কৌশলে নগরছার পার হয়ে মাইনদের রাজার শিবিরে গিয়ে হাজির হলো। প্রহরী তাকে রাজার কাছে নিয়ে গেল।

স্বাইল্পা রাজার কাছে গিয়ে বলল, এই নিন আপনার জয়লাভের রহস্ত । এই যাত্বস্থর জন্মই আপনারা জয়লাভ করতে পারছিলেন না। এই বস্থ আমি গোপনে আমার বাবার মাথা থেকে কেটে এনেছি। এ বস্থর বিনিময়ে আমি শুধু আপনার ভালবাসা চাই।

রাজা মাইনস বলন, তোমার মত বিশাসঘাতিনী মেয়ে কথনো কোন বীর পুরুবের প্রেম লাভ করতে পারে না। আমার চোথের দামনে থেকে চলে যাও এথনি। মাইনস নীচতার মধ্য দিয়ে জয়লাভ করতে চায় না।

মেগারাকে হাতের মুঠোর মধ্যে পেয়েও তা ছেড়ে দিল মাইনস। সে সন্ধি করল মেগারার রাজার সঙ্গে। তারপর স্বদেশের পথে রওনা হবার জন্তঃ প্রস্তুত হলো।

মাইনদের জাহাজ ছাড়ার সময় হলে স্বাইলা তাকে অমুনয় বিনয় করতে লাগল কাতর কঠে, আমাকেও দঙ্গে নিয়ে যাও। তোমার জাহাজে আমাকে একটু স্থান দাও। আমাকে জীর মর্যাদা না দিলেও দাসী করে রেখে দেবে তোমার প্রাসাদে।

মাইনস বলল, ভোমার মত মেয়েকে জাহাজে নিলে দে জাহাজ নিরাপদে জীটদেশে পৌছবে না। দেবতাদের অভিশাপ নেমে আসবে ভোমার উপর। তুমি জলে বা স্থলে কোথাও স্থান পাবে না। স্কাইল্লা জবে ঝাঁপে দিয়ে জাহাজের দড়িটা ধরে বলন, আমার পিতা ও দেশের বিরুদ্ধে যে বিশাস্থাতকতা করেছি তা তোমার জন্মই করেছি।

মাইনস আর কথা না বাড়িয়ে জাহাজ ছেড়ে দিল। এমন সময় একটা দিলল পাথি এনে তার হাতে ঠোঁট দিয়ে আঘাত করতেই দড়িটা ছেড়ে দিয়ে সম্দ্রের জলে পড়ে গেল। স্বাইল্লা ডুনে গেল জলে। সহসা কোথা থেকে এক দেবতা এনে নিমজ্জনান স্বাইল্লাকে একটি সাম্ব্রিক পাথিতে পরিণত করে দিল। সেই থেকে আজও স্বাইল্লা এক সাম্ব্রিক পাথিরপে সম্ব্রতরক্বের উপর ক্রমাণত উড়ে বেড়াছে আর একটি দিগল তাকে তাড়া করে নিয়ে বেডাছে। এই দ্বালাই তাব পিতা। স্বাইলার হতভাগা পিতাই মৃত্যুর পর এক দেবতার বারা অনস্ত প্রতিশোধবাননার প্রতীক্রপী এক দ্বালে পরিণত হয়েছে।

বেলারোফন

কোরিন্থের বাজা দিদিফাদের বাড়িটার উপর যেন এক ভয়াবহ দৈব অভিশাপ তার বুক চেপে বদে আছে। অসংথ্য অত্যাচার আর বিশাদ-ঘাতকতামূদক কাজের জন্য মৃত্যুর পর নরকে গিয়ে অনম্ভকাল ধরে এক কঠোর শ্রামের কাজ করে যেতে হয় তাকে।

নিসিলাদের পুত্র থকান ঘোড়া থ্র ভালবাসত। অশ্বপালক বা অশ্বান্থরাগী বাজি হিদারে তার খ্যাতি ছিল দেশ বিদেশে। কিন্তু এই মকাদ তার একবার একদল ঘোটকীকে নরমাংস থেতে দেওয়ায় ঘোটকীরা তাকে জীবস্ত ছি ছৈ যুঁতে টুকরো টুকরো করে ফেলে। মকাদের পুত্র বেলারোফন ছিল একজন বীর ও স্তদর্শন মুর্ক। কিন্তু ঘটনাক্রমে এক দেশবাদীকে হত্যা করে ফেলায় তাকে দেশ ছেডে গিমে আর্গনের রাজা প্রোতাদের কাছে আশ্রম ভিক্ষা করে থাকতে হয়।

রাজা প্রোতাস শুধু বেলারোফনকে আশ্রয় দিল না, তাকে যথেষ্ট স্নেহের চোথে দেখতে লাগলো। তার চেহারা ও বীরত্ব সত্তিই মুগ্ধ করেছিল তাকে। আবার শুধু রাজা প্রোতাদ নয়, রাণী এগানীয়াও বেলারোফনকে দেখার সঙ্গে ভালবেদে কেলল।

একদিন বেলারোফনেব কাছে গোপনে প্রেম নিবেদন করল এগানীয়া।
এগানীয়াকে এশিয়ার কোন এক দেশ থেকে নিয়ে এসে বিয়ে করে প্রোতাদ।
এগানীয়া বেলাবোচনকে বাত্তিতে তার ঘরে নিয়মিত গোপনে আসতে বলল।
কিন্তু এই মবৈধ প্রেম সংসর্গে রাজী হলো না বেলারোফন। সে বলল,
আমাকে বিশাস করে যিনি আশ্রয় দিয়েছেন আমার অসময়ে আমি তার সঙ্গে
বিশাসহাতকতা করতে পারব না।

এ কথায় দাকণ রেগে গেল এয়ানীয়া। এই প্রত্যাখ্যানে অপমানিত বোধ করতে লাগল। কিভাবে বেলারোফনের উপর এই অপমানের প্রতিশোধ নেবে তার কথা ভাবতে লাগল দিনরাত। রাজা প্রোতাস বেলারোফনকে এত গভীরভাবে ভালবাদে যে তার কোন দোষ সে দেখতে পায় না। তার সম্বন্ধে কোন দোষের কথা বিশ্বাস করতে চাইবে না।

অবশেষে এ ব্যাপারে দৃঢ়প্রতিজ্ঞ হয়ে উঠল এগানীয়া। সে রাজা প্রোতাসকে সরাসরি বলল, বেলারোফনকে যত ভাল ভাব তত ভাল সে নয়। তার এতবড় শর্ষা যে সে আমার কাছে প্রেম নিবেদন করে। আমার উপর কুনজর দেয়। আমি তাব শান্তি চাই।

কিছ বেলারোফনকে কোন কঠিন শাস্তি নিজের হাতে কোনদিন দিতে পারবে না রাজা প্রোতাস। তার প্রাণদণ্ড সে নিজে দিতে পারবে না। মুথ দিয়ে উচ্চারণ করতে পারবে না। তার মৃত্যু চোথে দেখতেও পারবে না।

অনেক ভেবে একটা উপায় খুঁজে বার করল প্রোতাস। সে একটা কাচ্চের ভার দিয়ে তার খণ্ডড়বাড়ি পাঠাল। আমার খণ্ডর লাইসিয়ার রাজার কাছে তুমি গিয়ে এই চিঠিটা দেবে।

অপচ সেই চিঠিতেই বেলারোফনের প্রতি প্রদন্ত চূড়াস্ক শাস্তির কথা লেখা ছিল।

ছলপথে ও জলপথে অনেক দিন কেটে গেল বেলারোফনের। তার পর অতি কপ্তে পৌছল সে তার লক্ষাস্থলে। লাইদিয়ার রাজাও বেলারোফনকে দেখেই ভালবেসে ফেলল গভীরভাবে। তার রাজপুত্রের মত চেহারা দেখে বুঝল সে নিক্ষয় কোন বড় ঘরের ছেলে। লাইদিয়ার রাজা বেলারোফনের কোন পরিচয় বা আসার কারণ জিজ্ঞাসা না করেই তার সমানার্থে ন'দিন ধরে ভোজসভার আয়োজন করল।

দশ দিনের দিন বেলারোফন লাইপিয়ার রাজা আয়োবেটস্কে তার আসার কারণটা খুলে বলল। রাজা প্রোতাস তাকে যে চিঠিটা দিয়ে পাঠিয়েছে সে চিঠিটা রাজাকে দিল বেলারোফন। চিঠিটাতে লেখা ছিল, এই পদ্ধবাহক আপনারই হাতে নিহত হবার যোগ্য।

কথাটা জেনে আশ্চর্য হয়ে গেল লাইসিয়ার রাজা আওবেটস্। সে বুঝতে পারল না বেলারোফনের মত এক জন্দর মূবককে কেন হত্যার জন্ম পাঠানো হয়েছে। কিন্তু কেন তাকে হত্যা করা হবে তা বলা হয়নি চিঠিতে।

কারণ যাই হোক, তার জামাই আর্গদের রাজা প্রোতাদ যথন তাকে এ কাজের ভার দিয়েছে তথন তা করতেই হবে। তা অমাগ্য করার ক্ষমতা তার নেই। আবার বেলারোফনকে হত্যা করতেও মন চাইছিল না, কারণ এরই মধ্যে তাকে ভালবেদে ফেলেছে দে।

রাজা আওবেটশ্ তাই ভাবতে লাগল কিভাবে বিনা বক্তপাতে বেলারো-

ফনকে বধ করা যায়। অনেক তেবে দে ঠিক করল বেলারোফনকে এমন কাজের ভার দেবে যে কাজ সম্পন্ন করতে গেলে তার মৃত্যু অবধার্য। লাইসিয়ার প্রান্তে তথন শিমেরা নামে এক ভরত্বর জন্ত উৎপাত করছিল। যে সব বীরপুক্ষকে সেই জন্তকে বধ করার জন্ত পাঠানো হয়েছিল তারা সকলেই নিহত হয় সেই ভয়ত্বর জন্তটার তারা। সে জন্তর মাণাটা ছিল সিংহের, পিছনের দিকটা ছিল জ্লাগনের মত, তার দেহটা ছিল এক অর্ছ ছাগলের মত এবং তার গায়ে ছিল বড় বড় আঁশ। তার নিংখাসে এমন আগুন ঝরত যা কেউ সম্থ করতে পারত না এবং যার জন্ত কেউ তার কাছে যেতে পারত না। আপুবেটস্ বেলারোফনকে একদিন ভেকে বলল, তুমি যথার্থ বীর, আমাদের রাজ্যকে এই ভয়ত্বর জন্তব উৎপাত থেকে মৃক্ত করো।

এ কথা বলার সঙ্গে সঙ্গে যথন বেলারোফন সানন্দে এ কাজের ভার গ্রহণ করল তথন তা দেখে খুশি হলো রাজা অতিবেটন।

বেলারোফনের মত একজন নিরীহ নির্দোষ লোক অকারণে নিগৃহীত ও বিড়ম্বিত হচ্ছে দেখে দেবতাদের করুণা হলো তার প্রতি। দেবতাদের নির্দেশেই পার্দিয়াসের ছারা নিহত গর্গনের রক্ত হতে উদ্ভূত পক্ষীরাজ ঘোড়া পেগামাসের শরণাপন্ন হলো বেলারোফন। কিন্তু পেগামাসকে বনীভূত করতে বা পোব মানাতে পারল না কিছুতেই। না পেরে ঝর্পার ধারে তয়ে ঘ্মিয়ে পড়ল দে। এমন সময় একটি স্বশ্নে দেবী এখেন আভিভূতি হয়ে তার পাশে একটি সোনার লাগাম রেখে গেলেন। সেই লাগাম দিয়ে সহজেই পেগামাসকে বনীভূত করে তার উপর চেপে বদল বেলারোফন।

বেলারোফন প্রথমে পক্ষীরাজ পেগামাসের পিঠের উপর চেপে শিমেরার কাছে গিয়ে তাকে আক্রমণ করল। শিমেরার নাক থেকে যত আগুন ঝরতে লাগল ততই বেলারোফন তীর মেরে তার গা থেকে রক্ত ঝরাতে লাগল। সেই রক্তে সব আগুন নিতে গেল। মান্টিতে শুটিয়ে পড়ল শিমেরা। বেলাবাফন তথন তার মাথাটা ও লেজটা কেটে নিয়ে গেল প্রমাণস্বরূপ।

শিমেরার মত এক ভয়স্কর জন্তকে বধ করে নিরাপদে অক্ষত অবস্থার বেলারোফন ফিরে এলে তাকে দেখে একই সঙ্গে আনন্দিত ও ছ:খিত হলো রাজা আওবেটস্। আনন্দিত হলো এই কারণে যে সে ছিল তার প্রিয়পাত্ত। আর ছ:খিত হলো এই কারণে যে তার জামাতা রাজা প্রোতাসকে খুশি করার জন্ম বেলারোফনকে বধ করতেই হবে। শিমেরাকে বধ করতে গিয়ে বেলারোফন নিহত হলে এ কাজ হাঁসিল হয়ে যেত অনায়াসে। তার মানে বেলারোফনকে হত্যা করার জন্ম আবার একটা উপায় খুঁজে বার করতে হবে।

অবশেষে অনেক ভাবনা চিন্তার পর আবার একটা উপায় খুঁছে পেল। লাইনিয়ার দীমান্ত অঞ্চলে দলিমি নামে একটি ছুর্বব ছাতি বাদ কর্ত। লাই সিরার দীমান্ত অঞ্চলে দলিমিরা অত্যাচার চালাত। রাজা আওবেটন্
এবার বেলারোফনকে পাঠালেন তাদের দমন করার জন্ত। এবারও
বেলারোফন দলিমিদের দমন করে বিজয়গর্বে ফিরে এল। এবারও একই দলে
হর্ব ও বিবাদ অমুক্তব করল রাজা আওবেটন্।

এর পর দুর্বর্ধ নারীবাহিনী আমাজনদের বিরুদ্ধে সামরিক অভিযানে বেলারোফনকে পাঠাল রাজা আওবেটস্। এই নারীবাহিনীর সঙ্গে যুদ্ধে বহু রাজ্যের রাজা মহারাজা পরাজিত ও নিহত হয়। কিন্তু বেলারোফন সহজেই আমাজনদের পরাজিত করে ফিরে এল।

এবার কিন্তু তার প্রতি আগের মত উদাসীন বা বিরূপ থাকতে পারল না আওবেটন্। এবার তার জামাতার সব নির্দেশ উপেক্ষা করে আবেগভরে জড়িয়ে ধরল বীর বেলারোফনকে। এবার সে নিশ্চিতভাবে শ্বুথতে পারল যে বেলারোফনের মত বীর ও সদাশয় ব্যক্তি কথনো মৃত্যুদণ্ড লাভ করার মত কোন কান্স করতে পারে না। বেলারোফনের অসম-সাহসিক বীরত্বে মৃথ্য হয়ে তাকে তার বাজত্বের একটি অংশ দিয়ে তার মেয়ের সঙ্গে বিয়ে দিল আওবেটন।

কিন্তু প্রচুর শক্তি ও ধনসম্পদের অধিকারী হয়ে দৈব অম্প্রাহের কথা ভূলে গেল বেলারোফন। দেবতাদের কণায় সে যৌবনে সব বিপদ থেকে উদ্ধার লাভ করলেও জীবনে প্রতিষ্ঠিত হবার পর থেকে সে দেবতাদের আর ভক্তি করত না। ফলে তার জ্বাষ্ঠ পুত্র এক বর্বর ভাকাতদলের সঙ্গে মিশতে থাকে এবং দেশ ছেড়ে কোথায় চলে যায়। তার কন্যা দেবী আর্ডেমিসের হাত হতে এক তীরে নিহত হয়।

এই দব দৈব অভিশাপের লক্ষণ দেখেও চৈতন্ত হলো না বেলারোফনের।
একদিন দে তার পক্ষীরাজ ঘোড়া পেগামাদের পিঠে চেপে স্বর্গে যাবার অন্ত
আকাশপথে বওনা হলো। কিন্ত তার অমানবিক ঔচ্চত্তে ক্ট হয়ে দেবরাজ
জিয়াদ একটি বড় মাছি পাঠিয়ে দিলেন পেগামাদকে কামড়ে দেবার জন্ত।
আকাশপথে পেগামাদ যখন উড়ে যাছিল তখন হঠাং একটি বড় মাছি এদে
কামড়াতেই দে পড়ে যায় ফলে তার দক্ষে বেলারোফনও মাটিতে পড়ে যায়।
প্রাণে দে কোনরকমে বেঁচে গেলেও দে গুরুতরভাবে আহত হলো। তার হাত
পা খোঁড়া হয়ে যাওয়ায় দে একেবারে পজু হয়ে গেল।

এরিয়ন

অর্ফিয়ানের পর প্রাচীন গ্রীসের মধ্যে সঙ্গীতবিভার নবচেরে খ্যাতিলাক্ত করে যে ব্যক্তি সে হলো এরিয়ন। কোরিন্থের রাজা পীরেরান্দার ছিল **এরিয়নের সবচে**য়ে বড় পৃষ্ঠপোষক।

একবার সিসিলিতে এক সঙ্গীত প্রতিযোগিতার অফ্রপ্তান হয়। এরিয়ন সেখানে যোগদান করতে চাইল। এদিকে পীয়েরান্দার তাকে তার রাজসভা থেকে ছাড়তে চাইছিল না। কিন্তু এরিয়ন যাবার জন্ম জেদ করায় বাধা দিল না। তাকে একটা জাহাজে করে পাঠিয়ে দিল।

সিসিলিতে গিয়ে এত সম্মান ও অর্থ পেল এরিয়ন জীবনে যা কথনো কল্পনা করতে পারেনি। প্রচুর পরিমাণ সোনা রূপো প্রভৃতি মূল্যবান ধাতু পেল যা তার দেশে বয়ে নিয়ে যাবার জন্য একটা জাহাজ ভাড়া না করে পীয়েরান্দারের দেওয়া জাহাজে করে দেশে ফেরার মনস্থ করল।

অন্তক্ত্ব বাতাদে জাহাজ বেশ ভাগভাবেই এগিয়ে চলল। কিন্তু এরিয়ন ঘুণাক্ষরেও বুঝতে পারেনি তার সব ধনরত্ব নিয়ে নেবার জন্ম নাবিকরা গোপনে এক চক্রান্ত করছে।

একদিন এরিয়ন হঠাৎ দেখল জাহাজের সব নাবিকরা তরবারি বার করে এক একজন জলদস্থাতে পরিণত হয়েছে। তারা সবাই একবাকো বলল, তোমাকে আমরা সম্ভের জলে ফেলে দেব। তারপর তোমার সব ধনরত্ব আমরা ভাগ করে নেব।

এরিয়ন বলল, তোমরা আমার দব ধনরত্ব নাও, আমার কোন আপন্তি নেই। কিন্তু আমাকে প্রাণে মেরো না।

নাবিকরা তথন বলল, তোমাকে না মারলে রাজা পীয়েরান্দার আমাদের ছাড়বে না। তুমি ঠিক তাকে বলে দেবে। স্থতরাং ছটোর একটা বেছে নাও: হয় নিজেকে হত্যা করো, আমরা তোমার মৃতদেহটিকে কোন সম্স্তক্লে সমাহিত করব, আর না হয় আমরা তোমাকে জাহাজ থেকে সম্স্তের জলে ফেলে দেবন বল কোনটা চাও?

এরিয়ন যখন দেখল তার শত আবেদন নিবেদনেও কোন ফল হলো না তখন তাদের একটা শেষ প্রার্থনা জানাল। বলল, আমাকে একবার শেষবারের মত গান গাইতে দাও। সারা জীবন গান নিয়েই আছি। গানকে জীবনে সব কিছুর থেকে ভালবাসি। স্বতরাং শেষবারের মত প্রাণভরে একবার একটা গান গেয়ে নিই। তারপর আমি নিজেই ঝাঁপিয়ে পড়ব সমূদ্রের জলে।

নাবিকরা এতে রা**ন্দী হ**লে:। এরিয়ন তার সবচেয়ে ভাল পোষাকটা পরে তৈরি হলো তার সোনার বীণা নিয়ে।

শোনা যায় এরিয়ন যথন কোন বনে বা মাঠে গান গাইত তার সোনার বীণা বাজিয়ে তথন, নেকড়ে আর মেষশাবক, হবিণ আর সিংহ একসলে তার গান ভনত। জাহাজে তার গান ভনতে ভনতে কঠিনহন্য নাবিকদের মনেও করুণা জাগল তার প্রতি। কিন্তু ভধু নাবিকবা নয়, একদল জলপরীও তার গান ভনে মুগ্ধ হয়ে জাহাজে এসে ভিড় করে দাঁড়াল। কিছ গান শেব হয়ে যাবার গলে নাবেকদের কাছ থেকে নতুন করে কোন প্রার্থনা না জানিয়ে তার কথামত জলে ঝাঁপ দিল এরিয়ন। কিছু সে ছুবে গেল না। একটি জলপরী এনে তাকে পিঠে চাপিয়ে নিরাপদে সমুদ্রের কুলে গিয়ে নামিয়ে দিল। সেথান থেকে এরিয়ন গেল পেলোপনেদানে। তারপর সেথান থেকে কোরিনধ্। রাজা পীয়েরান্দার সাদর অভার্থনা জানাল তাকে। কিছু জাহাজে করে না ফিরে নিজের পায়ে হেঁটে সে কি করে দেশে ফিরল তা বুঝতে পারল না। আন্চর্ব হয়ে প্রস্তু করতে লাগল বারবার।

তথন সব কথা আছোপাস্ত খুলে বলল এরিয়ন। কিন্তু একথা এমনই বিশ্বয়কর যে সে তা বিশ্বাস করতেই পারছিল না। এমন সময় সেই জাহাজটা এসে ঘাটে উঠল। রাজা তংক্ষণাৎ বিশ্বাসঘাতক নাবিকদের ডেকে পাঠালেন। এরিয়ন আডালে লুকিয়ে রইল।

বাজা প্রথমে নাবিকদেব বললেন, যাকে নিয়ে তোমরা ঘাত্রা করেছিলে সেই এবিয়ন কোথায় ?

নাবিকরা এক মনগভা গল্প খাভা করে বলল, তিনি দিদিলিতে প্রচুর টাকা ও ধনবত্ব পেয়ে তা নিম্নে গ্রীদদেশের এক জায়গায় বদবাদ করতে ভরু কবেছেন।

ঠিক এমন সময় সেই পোষাক আর সোনার বীণা হাতে এরিয়ন তাদের সামনে এসে হাজির হলো। তারা যে এতক্ষণ রাজাকে মিথাা কথা বলছিল তা প্রমাণিত হলো। এরিয়ন তাদেব ক্ষমা করতে চাইছিল।

কিন্ত রাজা পীয়েবান্দার রাজধর্মের থাতিরে নাবিকদের প্রত্যেককে তাদের চরম শঠতা ও বিশাসঘাতকতার অপরাধে প্রাণদণ্ড দান করলেন।

পিরাম্ক ও থিসব

বেবিলনে ছটি পাশাপাশি বাডিতে বাস করত পিরামূস আর থিসব।
পিরামূস ছিল এক কর্মব্যক্ত ধুবক আর থিসব ছিল সবচেয়ে স্থক্ষী এক
বালিকা। শৈশবকাল থেকেই ভালবাসা গড়ে ওঠে হলনের মধ্যে। কিন্তু
তাদের পিতারা এ জালবাদাকে ভাল চোখে দেখেনি। তারা তাদের
ছেলেমেয়ের অন্তর থেকে ভালবাসাবাসির ব্যাপারটাকে একেবারে তুলে ফেলতে
না পারলেও তাদের হলনের দেখা হওয়ার সব পথ বছ করে দেয়। কিন্তু উপর
থেকে যভই চাপ দেওয়া হতে থাকে, তাদের হলনের অন্তরেই তুর্জয় হুর্ময় প্রেমের
আলম্ভ শিখা ছটো আরো প্রবল ও উজ্জন হয়ে ওঠে।

হুটো বাড়ির মারখানে ছিল একটা মাটির দেওয়াল। বোদে ভকনো প্রাণ--->ং শক্ত মাটিব দেওয়ালটার মাঝে ছিল একটা ফুটো যার মধ্য দিয়ে ছজনে রোজ রাতে একবার করে কথা বলত চাপা গলায় আর দীর্ঘধাল শুনত। কথা শেষে ছজনে চুখন জানাত পরস্বারকে, যে চুখনের আখাদ জীবনে কোনদিন পায়নি তারা তাদের উত্তপ্ত ওচাধরে।

এক রাতে ওরা সেই পাঁচিলের ফুটো দিয়ে কথা বলতে বলতে ওদের মিলনের দিনক্ষণ দব ঠিক করে ফেলল। দেহহীন প্রেমের অর্থহীন বোঝা-ভারটাকে আর বইতে পারছিল না ওরা দিনের পর দিন। তাই ঠিক করল কোন এক রাতে নগরপ্রান্তের এক নির্জন বনভূমিতে নিনাদের শ্বতিন্তন্তের কাছে ওরা মিলিভ হবে। কিন্তু এই মিলনকেই অবিচ্ছেন্ত করে তুলবে ওরা। আর কোনদিন বিচ্ছিন্ন হবে না পরস্পরের কাছ থেকে।

অবৈর্থবশতঃ থিদবই একটি ওড়নায় মাথা ও মৃথ ঢেকে আগে বেরিয়ে পড়ল নির্দিষ্ট সক্ষেতকুলে যাবার জন্ম। প্রতিটি ছায়া দেখার সঙ্গে কলে কেঁপে উঠতে লাগল তার স্বুকটা।

নির্দিষ্ট স্থানে থিসব গিয়ে দেখল নিনাসের স্মৃতিস্তন্তের পাশ দিয়ে বয়ে যাওয়া ঝগাঁর জলের উপর ঝরে পড়ছে চাঁদের রূপালি আলো। মাথার উপর একটা জামগাছে থোকা থোকা জাম ধরে রয়েছে। গাছের ফাঁকে ফাঁকে চুঁয়ে চুঁয়ে পড়া চাঁদের আলোয় রূপোর মত চকচক করছে বনপথটা।

থিসব চারদিকে তাকিয়ে দেখল পিরাম্স তথনো এসে পৌছয় নি। সে কান পেতে তার পদধ্বনি শোনার চেষ্টা করতে লাগল, এমন সময় এক সিংহীর গর্জন শুনে তার ওড়নাটা খুলে ফেলেই প্রাণভয়ে ছুটতে লাগল থিসব। ছুটতে ছুটতে একটি পার্বত্য শুহা পেয়ে তার মধ্যে ঢুকে আশ্রম্ন নিল কিছুক্ষণের জন্ম।

এদিকে সিংহীটা তখন তার এক শিকারের মাংস খেতে থেতে গর্জন করছিল মাঝে মাঝে। গর্জন করতে করতে রক্তাক্ত মুথ নিয়ে শ্বভিক্তম্বের কাছে এসে থিসবের ফেলে যাওয়া সেই ওড়নাটা রক্তাক্ত মুথ দিয়ে ছিঁড়ে শুঁড়ে দিল।

তার কিছু পরেই পিরাম্ন শহর পার হয়ে বনপথে এসে হাজির হলো।
বনপথে পা দিয়েই সিংহীর গর্জন শুনতে পেয়েছিল। এই বনেই থিসবের
আসার কথা, তাই দে তার মুক্ত তরবারি নিয়ে থিসবের নাম ধরে তাকতে
ভাকতে নির্দিষ্ট স্থানে এসে পৌছল। কিন্ত থিসবের দেখা পেল না পিরাম্ন।
পেল শুধু রক্তমাথা শতচ্ছির তার ওড়নাটা।

এবার পিরাম্সের ধারণা হলো সিংহীটা নিশ্চর বিসবকে বধ করে তাকে ব্য়ে নিয়ে বনের অভ্যত্ত কোথাও চলে গেছে। তাই তার ওড়নাটা শুধু পঞ্চে আছে। ক্রমে এ ধারণা বন্ধনূর হয়ে উঠন পিরামুসের মনে। তখন সে আকুলভাবে বিসবের ওড়নাটা বুকে ধরে চোথের কলে ভিন্ধিরে বারবার চুধন করতে লাগল। অবশেবে ভাষ প্রিয়ন্তমায় এই মৃত্যুপোক সহু করতে না পেরে ভার ভরবারি কোষমৃক্ত করে আমূল বসিয়ে দিল নিজের বুকে। রক্তাক্ত দেহে মাটিতে শুটিরে পড়ল পিরামৃশ।

এদিকে রাজি শেব হয়ে দিনের আলো বনপথে ছটে উঠভেই গুলা ছেড়ে সেই শ্বভিজ্ঞটার কাছে এনে ছাজির হলো থিনব। দ্র থেকে তার মনে হচ্ছিল, পিরামূদ যেন ভয়ে আছে। কিন্তু কাছে যেতে ভুল ভালল তার। পিরামূদের বন্ধান্ত ও নিথর নিশ্লন্দ শ্বেক ঝাঁপিয়ে পড়ল থিনব। বার বার কেঁদে কেঁদে বলতে লাগল, কথা বল পিরামূদ। বলো যা দেখছি তা সত্য নয় শ্বা, একটা জঃস্থা মাজ।

তৰু কথা বলল না পিরাম্প। তার দেহে তথনো একট্থানি প্রাণ ক্ষীণভাবে অবশিষ্ট ছিল। তার ফলে থিসবের পানে একবার তাকাল তথু পিরাম্প। তার ঠোঁট ছটো একটু কেঁপে উঠল।

খিসব তখন এ দৃষ্ঠ দেখতে না পেরে পিরামুসের তরবারিটা নিয়ে নিজের বুকে বসিয়ে দিল। বসল, মৃত্যু ভেবেছিল আমাদের বিচ্ছিন্ন করে দেবে চিরদিনের জন্ম। কিছু মৃত্যু এসে দেখে যাক, চিরদিনের মত মিলিত হলাম আমরা মৃত্যুর মধ্য দিয়ে। মৃত্যুর মধ্য দিয়ে অস্তহীন মহামিলন লাভ করল আমাদের অমর প্রেম।

আওন

সেক্রাসা, প্যাণ্ডিয়ন আর এরেথধিয়াস—এই হলো প্রথম তিনজন রাজা যাদের রাজত্বকালে এথেন্স প্যালাসকে তাদের প্রতিরক্ষার অধিচাত্ত্রী দেবীরূপে বরণ করে নেয়।

এদের মধ্যে এরেখবিয়াদের কোন প্রসন্তান ছিল না। তার তিন কদ্যার মধ্যে ছলন পদেভনের কোপে পড়ে মারা যায় অকালে। ক্রেউনা নামে একটি কন্যা বেঁচে থাকে। ক্রেউনা বড় বলে ঘেবতা এ্যাপোলো একদিন গোপনে প্রেম নিবেদন করেন তাকে। গোপন দেহসংসর্গের মাধ্যমে তার গর্জে এক পুত্র উৎপাদনও করেন এ্যাপোলো।

কিন্ত সে পুত্রকে পিতার ভয়ে ঘরে রাখতে পাবেনি কুমারী ক্রেউসা।
একটি গুহাতে গিয়ে পুত্রসন্তানটি প্রসব করে সেথানেই একটি রুড়িতে তাকে
কাপড়ে মুড়ে রেখে বাড়িতে চলে এল ক্রেউসান। কারণ এ্যাপোলো তাকে
ভালবেসে ও তার সন্দে দেহসংসর্গ করে সেই যে তাকে ছেড়ে চলে গেছেন আর
আনেননি বা তার খবর নেননি। তবু আপোলোর উদ্দেশ্তেই ছেলেটাকে বেথে

এল ক্রেউনা। দেবতার উদ্দেশ্তে বলে এল খাদার সময়, তোমার ছেলেকে তুমি রক্ষা করো।

তৰু ছেলেটার অন্ত হৃশিস্কায় ভূগতে লাগল ক্রেউনা।

এদিকে এাপোলো সভিা সভিাই তাঁর উরসন্ধাত মানবসন্ধানের নিরাপন্তার দত্ম তৎপর হয়ে উঠলেন। তিনি হার্মিসকে পাঠিয়ে ছেলেটাকে ভেলফির মন্দিরে পাঠিয়ে দিলেন। ছেলেটাকে মন্দিরের সিঁড়িতে পড়ে থাকতে দেখে মন্দিরের পূজারিণী মাছ্য করতে লাগল ছেলেটাকে। তার নাম রাখল আওন।

আওনকে মন্দিরের কাজেই নিযুক্ত করা হলো। সে মন্দিরে জল ছিটোত, ঝাঁট দিত এবং পাখি তাড়াত। লরেল গাছের পাতাভরা ভালপালা দিয়ে সে মন্দির ঝাঁট দিত আর যে সব পাখি মন্দিরের পূজা উপচার খাবার জন্ম উড়ে আসত আওন তাদের তাড়িয়ে দিত। তার দেবোপম চেহারা আর কর্তব্যপরায়ণতার জন্ম মন্দিরের পূজারিণী তাকে ধুব ভালবাসত।

এদিকে ক্রেউসার বাবা তার বিয়ের ব্যবস্থা করেন। রাচ্ছা জ্ঞাথাসের সক্ষেতার বিয়ে হয়। কিন্তু ক্রেউসার আর কোন সন্তান না হওয়ায় তার। মনোবেদনায় ভূগতে থাকে। একদিন জ্ঞাথাস ক্রেউসাকে সঙ্গে করে ভেলফির মন্দিরে তাদের সন্তান হবে কি না সে বিষয়ে গণনা করতে যায়।

মন্দিরে গিয়ে মন্দিরের সেবাদাস আওনকে দেখে মুগ্ধ হয়ে গেল ক্রেউসা। তার ক্ষমর দেবোপম চেহারা দেখে ও তার গলার স্থর শুনে তার জীবনের ইতিবৃদ্ধ জানতে ইচ্ছা করল তার। সে কোথা থেকে এসে এই মন্দিরের কাজে নিমুক্ত হলো তা জানতে চাইল সে। কিন্তু আওন বলল, সে তার জন্মর্জান্তের কিছুই জানে না। ক্রেউসা তাকে বারবার দেখে ঘ্ণাক্ষরেও ব্রুতে পারল না এই আওনই তার গর্জজাত সস্তান।

এদিকে মন্দিরের ভিতর গিয়ে পূজারিণীকে তার দব কথা বলল। পূজারিণী নির্দেশ দিল, পরে তোমার সস্তান হবে; তবে আপাততঃ মন্দির থেকে বার হবার সময় যাকে তুমি দেখতে পাবে তাকেই তুমি দম্ভক পুত্র হিসাবে গ্রহণ ও পালন করবে।

পূজারিশীর কথামত মন্দির থেকে বার হতেই আওনকে দেখতে পেল। তার-মত স্থদর্শন কিশোরকে দেখে খুশিতে তাকে আলিম্বন করল জাধাস। তাকে পোয়পুত্র হিসাবে গ্রহণ করার বাসনা প্রকাশ করল।

ক্রেউদা কিন্তু তার স্বামীর এ কাঞ্চকে সমর্থন করতে পারল না। তার মনে হলো তাদের বিরুদ্ধে এটা হলো একটা চক্রান্ত। মন্দিরের পূজারিণী চক্রান্ত করে মন্দিরের সামান্ত ঝাড়ুদার ও ভূত্যকে রাজার পূজ হিসাবে দেবার চেষ্টা করছে। এ চক্রান্তের মধ্যে জাখাসও জড়িরে পড়েছে। জাখাসও পূজারিণীর সলে একজোট হয়ে নামগোজহীন নীচ ক্লের একটি ছেলেকে তার সন্তান হিসাবে তার উপর চাপিরে দিক্তে। ষাই হোক, জাধাস ঠিক করল, সেইছিনই মন্দিরে এক উৎসবের স্মন্তান করে স্বায়ন্তানিকভাবে স্বাওনকে পোগ্রপুর হিসাবে প্রহণ করবে। কিন্তু ক্রেউনার মনটা একেরারে বিধিয়ে গেল। সে রুণার চোখে দেখতে লাগল স্বাওনকে। তাকে তাদের সন্তান হিসাবে যেনে নিতে কিছুতেই মন চাইছিল না। তথন সে তাদের বাভির প্রনো ভূতাকে হাত করে তাকে দিয়ে স্বাওনের থাবারের সঙ্গে বিষ মিশিয়ে দিল। এই বিষটা ছিল গর্মন নামক ভাগনেম তু ফোঁটা বিধাক্ত রক্ত। তার বাবার কাছ থেকে এনেছিল ক্রেউনা।

ক্রেউনার স্বামী জাধান যথন আওনকে হঠাৎ জড়িয়ে ধরে তথন সে কিছুই বৃকতে পারেনি। পরে বৃক্ত রাজা জাধান তাকে দন্তকপুত্র হিনাবে গ্রহণ করতে চাইছে।

এদিকে ভোজসভার সময় ক্রেউদার সেই স্থৃতাটি আগুনের মদের গাসে সেই বিষ মিশিয়ে দিল। তারপর বিষাক্ত মদেভরা সোনার গাসটা সে আগুনের হাতে তুলে দিল। আগুন কিন্তু সঙ্গে সদে মদটা পান করল না। সে গাস থেকে কিছুটা মদ মাটিতে তাব আরাধ্য দেবতার উদ্দেশ্যে তেলে দিল। কাছে কতকগুলো পায়রা চবছিল। সেই পায়রাগুলো সেই মদ পান করার সঙ্গে সঙ্গে পড়ে গেল মাটিতে।

এতক্ষণে আগুন বুনতে পারল তার মদের প্লাসে কে বিষ মিশিয়ে দিয়েছে। শাসটা ফেলে দিয়ে উঠে দাঁভিয়ে বলল, কে এই কাজ করেছে?

আওন সঙ্গে দেকেউদার যে ভূত্য মদের গ্লাদটা তাকে দিয়েছিল তার হাতটা ধরে ফেলল। বলল, ভূমিই এ কান্ধ করেছ।

সে তথন নিজেকে বাঁচাবার জন্ম ক্রেউদার নামটা বলে দিল। বলল, রাণীমার আদেশেই এ কাজ করেছি আমি।

তথন মন্দিরের পুরোহিতরা মিলে বিধান দিল ক্রেউনা যেই হোক, সে দেবমন্দিবেব পবিত্রতা নই করেছে তার পাপকর্মের দ্বারা। স্থতরাং তাকে পাথর ছাডে মেরে ফেলা হবে।

কেউসা তা জ্বানতে পেরে এ্যাপোলোর মন্দিরের ভিতর ঢুকে দেবতার বেদীর পাশে দাঁডাল। মন্দিরের বাইরে থেকে এক বিক্ষুৰ জনতা তাকে বেরিয়ে স্মাদার জন্ম চিৎকার করতে লাগল।

এমন সময় মন্দিরের এক প্রনো দাসী বেরিয়ে এসে আপ্রনের জন্মর্জাজ্ঞর সব কথা বলস। তার নাম ছিল পাইথিয়া। ক্রেউনা তথন ব্যতে পারল যাকে একটু আগে বিষপ্রয়োগের বারা হত্যা করতে যাচ্ছিল সেই তার গর্জনাজ দক্ষান। আপ্রনপ্ত শ্বতে পারল এ্যাপোলো তার পিতা এবং রাণী ক্রেউনাই তার মাতা। দেবতার নির্দেশে যে ব্রিডে করে নবজাত শিশু আপ্রনকে মন্দিরে এনেছিল সেই বুরি আরে কাপড়টা রেখে দিরেছিল পাইথিয়া। তা সবাইকে দেখাল। এই সব অন্তান্ধ প্রমাণ পেরে আপ্রন আর ক্রেউনা ত্র্যনেই

বিশাস করতে বাধ্য হলো। এইভাবে মাডাপুত্রের মিলন হলো।

দেবী প্যালাস এথেন এ্যাপোলোর পক্ষ থেকে আবিভূতি হয়ে সব বিটমটি করে দিলেন। এথেন ক্রেউসাকে বললেন, এথন যাও। পরে আর এক পুজ লাভ করবে, তার নাম হবে ভোদ্ধাস। তোমাদের ছই পুত্র থেকে ছটি বীর জাতির উদ্ভব হবে। আওনের বংশ থেকে উদ্ভূত জাতির নাম হবে আওনিমন আর ডোরানের বংশোদ্ভূত জাতির নাম হবে ভোরিয়ন।

থিসিয়াস

এথেন্দের রাজা ইজিয়াসের কোন পুত্রসস্তান না থাকায় তার ভাই
প্যালাসের ছেলেরা ভাবত তার মৃত্যুব পব তার সিংহাসনের অধিকারী তারাই
হবে। কিন্তু এক দৈববাণীর বশবর্তী হয়ে রাজা ইজিয়াস ট্রোজেনেব রাজা
পিথিয়াসের কন্যা এণ্যাকে গোপনে বিয়ে করে বসে। দৈববাণীতে আবশু বলা
হয়, এই বিয়ের ফলে সে এমন এক বীরপুত্র জন্মলাভ করবে যে হবে জগৎজোড়া
থ্যাতির অধিকারী।

কিন্তু বিয়ের কিছুদিন পরেই রাজা ঈজিয়াস এথাকে নিয়ে একদিন সমুজ্বল্ল চলে গোলেন। সেথানে গিয়ে একটি বড পাথবেব তলায় তার তরবারি ও চটিজোড়াটা রেখে তার স্ত্রীকে বলল, 'দেবতাদের রূপায় সত্যি সত্যিই যদি আমাদের একটি পুঅসন্তান হয় তাহলে যতদিন না সে বড় হয়ে এই পাথরটা সরিয়ে আমার এই চটি ও তববারি বাব করতে সমর্থ হয় ততদিন আমার সম্বন্ধ তাকে কোন কথা বলবে না। আমি এথেন্স শহরেই থাকব। তাকে বলবে সে যেন এই তরবারি ও চটি নিয়ে তার পিতাকে খ্রে বার করে।' এই বলে এথাকে টোজেন রাজ্যে তার বাবার কাছে রেখে এথেন্সে চলে গেল ইজিয়াস।

যথাসময়ে এথা একটি পুত্রসন্তান প্রস্ব করল। তার নাম রাখা হলো থিসিয়াস। তাকে তার পিতার কথা কিছুই জানাল না এখা। তাকে ৰলল, সে সম্প্রদেবতা পদেডনের সন্তান। ওরা যেখানে বাস করত সেখানে আর্থাৎ ট্রোজেন রাজ্যের অন্তর্গত আর্গলিস নামক সম্প্রকল্যে পদেডনের একটা বিশেষ প্রভাব ছিল।

থিনিয়ানের চেহারাটা এমন সরল, স্থাঠিত ও স্থদর্শন হরে গড়ে উঠতে লাগল যে তাকে দেখে দেবসন্থান বলে মনে হত। একবার তার শৈশবে তাদের বাড়িতে বীর হার্কিউলেন বেড়াতে আনে। হার্কিউলেন ছিল ভাদের মান্ত্র্বের আত্মীয়। বীর হার্কিউলেনের যত দব স্থানাহিকতাপূর্ণ বীরত্বের কাজের গল্প জনে ভবিশ্বতে তার মত হতে চার বিসিয়াস। উচ্চাভিলার জাগে তার মনে, বড হয়ে সেও ঐ ধরনের গুঃসাহসিক কাজ করবে।

অক্সাক্ত ছেলেরা যথন সিংছের চামডা দেখে তরে পানিয়ে যেত বিসিরাস তথন সেই চামডা দেখলেই তার ছোট্ট তরবারিটা নিয়ে সিংহ তেবে সেই চামডাটাকেই মারতে যেত। হার্কিউলেসকেই ছোট থেকে মনে মনে আছন পুরুষ হিসাবে ববণ করে নেয় থিসিয়াস।

দরল স্বগটিতদেহ থিসিয়াস ছিল তার মার নযনের মণি. প্রাণের চেয়ে প্রিয়। স্বামী কাছে না থাকায় তাব জীবনেব বাঁচার আনন্দ সে তথু তার একমাত্র সন্তান থিসিয়াসের কাছ থেকেই পেত। থিসিয়াস বড হবার সন্দে সন্দেই তার মা তাকে তাব বাবাব কথা বলল। তাকে সম্প্রের থারে নিয়ে সেই পাথবটাকে দেখিয়ে বলল, ওটা সবিয়ে কি আছে দেখ।

থিসিষাস পাথবটা সরিয়ে দেখল, তাব ভিতরে একটা বড তরবাবি আর একজোডা চটি জ্তো বয়েছে। সেটা দেখে তার মা নলল, ওগুলো তোমার বাবাব। তোমাব বাবা এথেন্সেব বাজা। ঐ তরবাবি আর জুতো নিয়ে তোমাকে এথেন্সে গিয়ে ভোমার বাবাকে গুঁজে বাব করতে হবে।

পিতৃপবিচয় পেয়ে গ্র্ব অন্তভ্তর করতে লাগল থিসিয়াস।

তার মা ও মাতামহ ত্জনেই তাকে জ্বলপথে গ্রীসদেশে যাবার উপদেশ দিল। কারণ তথনকাব দিনে স্থলপথে গ্রীসদেশে যাওয়া বা তার মধা দিয়ে হাঁটা খবই বিপজ্জনক ছিল। পথের ধারে ধারে যে সব বন ছিল সেই সব বনে প্রাচর দস্যা আর বাক্ষম ও দৈতা দানব থাকত।

কিন্দ্র থিসিযাস বলল, আমি ছলপথেই যাব। আমি হব বীব হার্কিউলেস। আমি কোন বিপদকে গ্রাহ্য করি না। আমি গ্রীস দেশে গিয়ে সমস্ত দুস্যা আব রাক্ষস থোক্ষদদের অভাচির থেকে মৃক্ত করব সে দেশকে।

বিদায়কালে তঃথে দীর্ঘশাস ফেলতে লাগল তার মা। তবু পুত্তের বীরত্ব দেখে গর্ববোধ করতে লাগল।

থিসিয়াস গুধু স্থলপথেই গেল না, সবচেয়ে বিপজ্জনক পথটা ধরল দে। আর্গলিসের পূর্ব উপকৃল দিয়ে এক অরণ্যসন্থল পার্বত্যপথ ধরল দে। কিছুদূর্ব যেতেই পেরিফেটিস নামে এক নামকরা ভাকাতদের সলে দেখা হলো তার। একটা লাঠি নিয়ে থিসিয়াসকে মারার জ্বল্য তেন্ডে এল পেরিফেটিস। থিসিয়াসের মাথাটাকে লক্ষ্য করে লাঠির ঘা মারতে লাগল। কিছু সে লাঠির ঘা একটাও লাগল না থিসিয়াসের গায়ে বা মাথায়। প্রথমটায় লে মৃক্ত ভরবারি হাতে দাঁড়িয়ে পেরিফেটিসের লাঠির ঘা গুলোকে এড়িয়ে যেতে লাগল। পরে দে একটাকে তার ভরবারিটা আমৃল বনির্ঘে দিল পেরিফেটিসের পেটে। পেরিফেটিস মারা গেলে তার লাঠি আর পরিধানের ভালুকের চামড়াটা নিছে চলে গেল।

এবার নিজেকে হার্কিউলেদের মত ছাবতে লাগল বিসিয়ান। এরপর দে কোরিন্থ প্রণালীতে গিরে পৌছল। সেখানে সিনিস নামে দৈত্যাকার এক অত্যাচারী থাকত। ভ্রমে তার কাছে কোন লোক যেত না। সে কোন লোককে কাছে পেলেই ছটো পাইন গাছকে ছইয়ে তার মাঝখানে তাঁকে বেঁধে গাছছটোকে ছেড়ে দিত। তথন লোকটার হাতপাগুলো দেহ থেকে ছিম্নভিম্ন হয়ে উড়ে যেত।

নব কিছু জেনেও থিসিয়াস তার কাছে গেল। তারপর থিসিয়াসকে
সিনিস সেইভাবে বাঁধতে গেলে থিসিয়াস তাকে লাঠির ঘায়ে ধরাশায়ী করে
তাকে সেইভাবে বেঁধে গাছত্টোকে ছেডে দিল। তথন সিনিসের দেহটা ছিল্ল
ভিন্ন হয়ে উড়ে চলে গেল এখানে সেখানে।

এরপর কোরিন্থে একটি ভয়ন্বর বন্ত জন্তকে বধ করল থিসিয়াস। জন্তটা মাঠের সব ফসল নষ্ট করে দিত। প্রথমে সেথানকার অধিবাসীরা থিসিয়াসকে সাবধান করে দিল সে যেন মেগারার পথে না যায়। সেথানে জেইরণ নামে এক দৈতা আছে।

ক্ষেইরণ সমুদ্রের ধারে একটা উ°চু পাহাডের চুডার উপর বদে থাকত। পাশ দিয়ে কোন পথিক গেলেই দে তাকে ধরে এনে তার পা ধুয়ে দিতে বলত। পথিকটা তার পা ধুয়ে দিতে গেলেই দে তাকে লাথি মেরে সমুদ্রের জ্বলে ফেলে দিত। থিসিয়াস ইচ্ছা করে সেই পাহাড়ের উপর চলে গেল। তারপর দৈত্যটা তাকে পা ধুয়ে দিতে বললে থিসিয়াস তাকে সমুদ্রের জ্বলে ফেলে দিল। দৈত্যটার মৃতদেহটা একটা পাথর হয়ে পড়ে রইল সমুদ্রের জ্বলে।

এরপদ্ধ থিসিয়াস চলে গেল এলুইসিস নামে একটা জায়গায়। সেথানকার অধিবাসীয়া সার্দিয়ন নামে একটা দৈত্য সম্বন্ধে সাবধান করে দিল তাকে। সার্দিয়ন যথন তথন যে কোন লোককে ধরে তার সঙ্গে কুন্তি লডতে বলত। আর কেউ তার সঙ্গে কুন্তি লডতে গেলেই আর জীবিত ফিরে আসত না। থিসিয়াস প্রথমে সেথানকার রাজবাড়িতে আতিব্য গ্রহণ করে পানাহাব সেরে নিল। তারপর সার্দিয়নকে কুন্তিতে আহ্বান করল। কিন্তু সার্দিয়নকে কায়দা করে ধরে এমনভাবে ফেলে দিল যাতে সে আর উঠতে পারল না। সার্দিয়নকে এইভাবে অনায়াসে বধ করায় সেথানকার অধিবাসীয়া তাকে সে দেশের য়াজা করতে চাইল। এত বড় এক অত্যাচারীয় কবল থেকে মৃক্ত হয়ে হাপ হেড়ে বাঁচল তারা। কিন্তু থিসিয়াস বলল তাকে এথেন্স যেতে হবে। তার আর দেবি করলে চলবে না।

এপেন্স যাবার পথে প্রোকান্তেস নামে আর এক দানবের সন্মুখীন হলো থিসিয়াস। সে কোন নিরী ই পথিককে দেখতে পেলেই আদর করে তাকে তার মরের মধ্যে নিয়ে যেত। পথিকের চেহারাটা যদি বেঁটেখাটো হত তাহলে তার মরে পাতা ছটো বিছানার মধ্যে বড় বিছানাটায় শুতে দিত। বিরাট বড় বিছানায় একটা বেটেখাটো মাছৰ তৰে বিছানাটায় অনেকখানি খালি পড়ে খাকে। প্রোকাতের তখন বড় বিছানায় তয়ে থাকা সেই বেটেখাটো মাছবটাকে টেনে বাড়াবার অন্ত হাত-পা টানাটানি করে ছি ডে ছিড। ফবে প্রিকটি মারা যেত।

প্রোকান্তেদ বিসিদ্বাদকে এমনি এক দাধারণ পথিক ভেবে তার বাড়িতে আদর করে নিম্নে গেল। বিসিম্নাদর চেহারাটা বেশ দখা-চওড়া বলে তাকে ছোট বিছানাটায় শুতে বলল। বিদিয়াল তথন তাকেই জাের করে ছোট বিছানাটায় শুইয়ে দিয়ে তারই কুড়ুল দিয়ে তার হাত পা কেটে দিল। এইতারে শোচনীয় মৃত্যু ঘটল প্রোকাল্ডেদের।

এথেন যাবার আগে দেফিদাদ নদীর ধারে একদল ভদ্র ও বন্ধুভাবাপর লোকের দক্ষে দেখা হলো থিনিয়াদের। তারা তার গা হাত ধুয়ে দিয়ে তাকে প্রচুর পানাহার দিয়ে পরিভৃপ্ত করল। তার উদ্দেশ্যদিন্ধির জন্ম দেবতাদের উদ্দেশ্যে পশুবলিও দিল।

এদিকে এথেনে চুকেই বিসিয়ান দেখল সেথানকার অবস্থা খুব থারাপ, প্রকাশ্ম রাজপথে হালামা। চারদিকে বিদ্রোহ, অনাচার। রাজ্যে আইন-শৃংখলা সম্পূর্ণরূপে বিপর্যন্ত। গুনল তার বাবা রাজা ঈজিয়ান বৃদ্ধ হওয়ায় তার ভাতৃম্পুররা জোর করে রাজ্যের শাদনভার কেড়ে নিয়েছে। রাজা ঈজিয়ান রাজপ্রাদাদেই প্রায় বন্দী হয়ে আছে। মিডিয়া নামে রাজার এক ভাইঝি তার স্বামী জেসনের কাছ থেকে চলে এসে যাত্রিভার হারা রাজাকে বশ করে রেথেছে।

মিডিয়া ভবিশ্বতের কথাও তার যাত্বিভাবলে জানতে পারত। সে ব্রুতে পারল থিনিয়ান বড় হয়ে তাব বাবার রাজ্য নেবার জন্ম আসছে। স্করাং তাদের আর কছু ও চলবে না। তাই সে কৌশলে বিষপ্রয়োগে থিনিয়ানকে হত্যা করার এক চক্রান্ত করল। সে বৃদ্ধ রাজাকে মিথ্যা করে বলল, এক বিদেশী বীর যুবক তার রাজ্য কেড়ে নিতে আসছে। তাই সে এলেই তাকে এই বিষমিশ্রত মদ পান করতে দেবে।

কিন্তু বীর বিচক্ষণ থিসিয়াস প্রাসাদে পৌছেই মিডিয়ার চক্রান্তের কিছুটা আভাস পেল। রাজা ইজিয়াসের সামনে যেতেই যথন তাকে সেই বিষমেশানো মদের গ্লাসটা থেতে বলা ছলো সে তথন সঙ্গে তরবারি বার করে মদের গ্লাসটা লাখি মেরে ফেলে দিল।

মিডিয়া বেগতিক দেখে তার ছাগনচালিত রথে করে পালিয়ে গেল আকাশ-পথে। ঈজিয়াস খিলিয়াসকে দেখেই বৃষতে পারল এই বীর যুবকই তার পুত্র। বিসিয়াসও তার সব পরিচর দান করল। পিতাপুত্রের মিলন হলো।

থিসিয়াস প্রথমে সারা বাজ্যে ছয়তকারীদের দমন করে সর্বত্ত শান্তি ও শৃংখলা স্থাপন করল। তারপর প্যালাটিভস্ নামধারী ঈজিয়াসের আভূস্ক্রেম্ব এথেল থেকে তাড়িয়ে দিল। সমস্ত অন্ত্যাচার অবিচার হতে মৃক্ত হয়ে এখেল-বাসীরা জয় জয়কার করতে লাগল বিসিয়াদের। এমন বীর মহামুভব পুজের জনক হিসাবে রাজা ঈজিয়াসকে আবার তারা ভক্তি শ্রছা করতে লাগল। ভার আহুগতা আবার স্বীকার করল।

কিছ আর একটা নতুন বিপদ দেখা দিল। ম্যারাথনের একটা ভয়ত্বর বাঁড দারা দেশ জুডে ভয়ত্বর তাগুব চালিয়ে বেডাত। মাঠে মাঠে ঘ্রে বেডিয়ে চাষীদের চাষ করতে দিত না। দেই তবন্ত তুর্বর বাঁডটার কাছে কেউ যেতে পারত না। অনেক শিকারী বাঁডটাকে ধরে বাঁধা বা অস্ত্রাঘাতে হামেল করার চেষ্টা করেছে। কিন্ধ তা করতে গিয়ে কেউ কেউ হয় মারা গেছে, আবার কেউ বা গুক্তবভাবে আহত হয়েছে। থিসিয়াল একা গিয়ে বাঁডটাকে তার গুহা পেকে বার করে ধরে প্রকাশ্য বাজপথে সকলেব চোথের সামনে ঘোরাল। ভারপর দেবতাদের নামে বলি দিল।

এরপর থিসিয়াসকে এমন একটা তঃসাহসিক কাজ করতে হলো যার জন্য তার দেশের লোক কোনদিন ভূলবে না তাকে, দেশেব ইতিহাসে ও গানে গল্পে ও গাথায় তার নাম চিরশারণীয় হয়ে থাকবে যাব জন্য।

কিছুকাল আগে ক্রীটের গালা মাইনসেব পুত্র এ্যাণ্ডে জীয়ন ক্রীটদেশে নিহত হয়। লোকে বলে এ্যাণ্ডে জীয়ন এথেন্সেব থেলোদ্বাড আর ব্যায়ামবিদদের পরাজিত করে বলে দেই রাগে এথেন্সের লোকেরা তাকে হত্যা কবে। তথন ক্রীটের রাজা মাইন্স পুত্রহত্যাব প্রতিশোধ নেবাব জন্ম এথেন্স আক্রমণ করে।

এই যুদ্ধের ফলে এক সন্ধি হয় উভয়পকে। মাইনস বলে, ক্রীটদেশে মাইনটার নামে এক নররাক্ষস আছে। তাব অর্ধেকটা পশুর মত আব অর্ধেকটা মামুষের মত। ন'বছর অস্তর অস্তর সাতজন করে বলিষ্ঠ যুবক ও স্থন্দরী যুবতীকে এথেন্স থেকৈ পাঠাতে হবে। সেই পালা এবাব এসে গেছে।

একথা থিসিয়াদ শুনে বলদ, আমি যাব। আমি এবার ধুবক যুবতী দলের নেতৃত্ব করব।

থিসিয়াদের এই সিজান্তের কথা শুনে উল্লসিত হয়ে উঠল এথেকাবাসীরা। ভারা ভাবল থিসিয়াস গিয়ে নিশ্চয় এই ম্বণা ও ভয়াবহ প্রথাব চির অবসান ঘটাবে। কিন্তু থিসিয়াসের বাবা বৃদ্ধ ঈজিয়াস একথা শুনে হৃঃথে ভারাক্রাম্ভ হয়ে উঠল। তবু দেশের মন্সলের জন্ম পুত্রকে আশীর্বাদ করে বিদায় দিল ইজিয়াস।

প্রবা একটি জাহাজে গিরে চড়ল। সে জাহাজের পালটা ছিল বিষাদ্বস্টক কালো রঙের। ঠিক দ্রলো ওরা যদি কোনরকমে নিরাপদে ক্ষিরতে পারে ভাহলে ওরা যেন ক্রীটের উপকৃল থেকে একটা সাদা পাল জাহাজে টালিয়ে যায়। ভাহলে দূর থেকে ভা দেখে এথেন্সবাদীরা আন্তর্য হবে। স্বস্তির নিংশাদ ক্ষেলে বীচার ভারা। আয়ুক্স বাডাস পেয়ে ওয়ের আহাজটা যথাসনত্ত্ব ক্রেটির উপকৃলে গিয়ে পৌছল। সেথানে গিয়ে ওরা ওনল, মাইনটার নামে সেই নররাক্ষসটা থাকে পার্বত্য অঞ্চলে এমন এক গুহার মধ্যে সেথানে যাবার পথটা গোলোক ধাঁধায় ভরা। এ পথটা নাকি ভেভালাস নামে এক কুশলী শিল্পী অনেক দিন আগে করে। ভেভালাস নাকি মাছুবের ওড়ার জন্ত পাথা ভৈরি করতে পারত। সে ঘটো পাথা ভৈরি করে মাছুবের গুই কাঁধে এমনভাবে জুড়ে দিও যাতে সে ঘচ্চন্দে উভতে পারত ইচ্ছামত। কিন্ধ ভার ছেলে আইকারাস একবার সেই পাথায় ভর দিয়ে অহলারে মন্ত হয়ে আকাশেব অনেক উপরে উভতে উভতে সুর্যের কাছাকাছি চলে যায়। তথন স্থের উভাপে ভার দেইটা ঝলনে পড়ে যায় এক সমুদ্রের জলে। তাই থেকে সেই সমুদ্রের নাম হয় আইকারিয়ান। যাই হোক আইকারিয়ানের মৃতদেহ সমুদ্রের জলে ভেসে বেডাভে থাকে। পরে হার্কিউলেস তা দেথতে পেয়ে সেটাকে তুলে নিয়ে গিযে এক আয়গায় সমাধিছ করে। এজন্য কভক্তভাবশত: ভেডালাস হার্কিউলেসের জীবদ্ধশাতেই ভার এক প্রতিমৃতি নির্মাণ কবে ইতালির পিসা নগবে স্থাপন করে।

থিসিয়াস প্রথমে তার দলেব লোকদের নিষে রাজা মাইনসেব সঙ্গে দেখা করল। থিসিযাসকে দেখে খুলি হলো বাজা মাইনস। এথেন্সের রাজপুত্র তার প্রতিশোধবাসনার বলি হিসাবে নিজে এসেচে এবং প্রথমে সে সেই নবরাক্ষসের সম্মুখীন হতে চাইছে। থিসিযাসের বীরত্বপূর্ণ কথা শুনে মৃশ্ব হলো মাইনস।

সঙ্গে সঙ্গে থিসিয়াসের বলিষ্ঠ ও স্কদর্শন চেহারাটা দেখে তার পাধরের মত শব্দ অস্কবটাও গলে গোল। সে থিসিয়াসকে বাববান অক্ররোধ করল, যাবার আগে একবার ভেবে দেখ। পরে ফেরার কোন উপায় থাকবে না। ওথানে যে যায দে আর কথনো ফিরে আসে না। তোমাকে সেখানে যেতে হলে সম্পূর্ণ একা এবং উলঙ্গ অবস্থায় যেতে হবে। সেই জন্ধটা সেথানে কোন মাস্তব্য গেলেই তাকে জীবস্ক ছি ডৈ টুকরো টুকবো করে ফেলে। যদিও কোনরকমে তার হাত থেকে পরিশ্রোণ পাও, সেই অন্ধনার গোলকধাঁধা থেকে কিছুতেই বার হতে পাববে না।

থিসিয়াস তত্ত্ব বীরের মত বলল, যা হবার হবে। আমি যাব।

সেই রাতেই বিসিয়াসের যাবার সব ঠিক হয়ে গেল। বিসিয়াসের একটা মাজ ভবনা ছিল। দেবী জ্যাক্ষোদিতের কুপা নে লাভ করেছিল। দেবীর কুপাতেই হয়ত ক্রীটের রাজকল্ঞা এরিয়াদনের সদয় দৃষ্টি পড়েছিল বিসিয়াসের উপর। বীর যুবক বিসিয়াসকে দেখার গলে সঙ্গে তাকে জকাল মৃত্যুর হাভেণ্থেকে বক্ষা করার জন্ত সচেঠ ও বিশেষভাবে তর্পের হয়ে ওঠে এরিয়াদনে।

সেই বাতেই গোপনে থিনিয়াদের দক্ষে দেখা করল এরিয়াদনে। সে কি ক্রবে না করবে ভার কানে কানে কথা ফলে নব পুঝিয়ে দিল। তার হাতে একটা লখা হতো আর মহামন্ত্রনিদ্ধ একটা তরবারি দিয়ে বলল, অদ্ধনার হতেলার তারপরে টোকার আগে একদারগার হতেটো দভিরে রেখে চুকে যাবে। তারপর মাইনটরের কাছে গিরে এই তরবারিটা বসিয়ে দেবে তার বুকে। তারপর এই হতোটা ধরে ধরে পণ চিনে ফিরে আসবে।

এইভাবে অন্ত ও উপারের ছারা সঞ্জিত হয়ে যথাসময়ে মাইনটরের কাছে যাবার জন্ম বঙনা হলো থিসিয়াস। গোলকধাঁধার ম্থটায় ঢোকবার সময় তার দলের ছেলে মেয়েরা কাঁদতে লাগল। তাদের মনে হতে লাগল থিসিয়াস যেন অন্ধকার স্থডকের মধ্যে চিরদিনের মত ঢুকে গেল। আর কোনদিন বেরিরে আসবে না।

স্বভন্দপথটা ধরে কিছুটা এগিয়ে যেতেই থিসিয়াস মাইনটরের গর্জন শুনতে পেল। সে গর্জনের শব্দে সমগ্র পার্বভাদেশটা কেঁপে উঠল ভয়ঙ্কবভাবে। সে গর্জন থিসিয়াসের দলের ছেলেমেয়েরাও শুনতে পেল। তারা ভাবল, ওই অন্ধকাব স্বভন্দপথের মধ্যে তাদেরও চুকতে হবে। আদলে ওটা যেন বিশাল কবর যাব মধ্যে তাদের জীবস্তু অবস্থায় চুকতে হবে একে একে।

কিন্তু অতি অল্প সময়ের মধ্যে মাইনটব নামে সেই নররাক্ষসটাকে বধ করে তার অপেক্ষমান সঙ্গীদের কাছে ফিরে এল থিসিয়াস। তার কণ্ঠন্থর শুনে আশ্বস্ত হলো তারা। থিসিযাসের তরবারিটা মাইনটরের রক্তে রাজা ছিল তথনো।

থিসিয়াস এসেই এরিযাদনেকে জড়িয়ে ধরল। বলল, এ জয় তোমার এরিয়াদনে। তুমি ছাড়া কিছুতেই এ কাজ আমার পক্ষে কবা সম্ভব হত না।

এরিযাদনে বলল, কিন্তু আবেগ প্রকাশের সময় এটা নয়। ভোমরা এখনি গিয়ে জাহাজে উঠে জাহাজ ছেডে দাও। তা না হলে বাবা তোমাদেব স্বাইকে মেরে ফেল্বে। আর দেশে ফিরে যেতে হবে না।

ওরা জাহাজে গিযে উঠলে এরিযাদনেও ওদেব দক্ষে গেল। খিদিয়াদকে বলল, আমাকেও দক্ষে নিয়ে যাও। আমি যা করেছি বাবা ঠিক জানতে পেরে যাবে।

রাজা মাইনদ রাজিশেবে ঘুম থেকে উঠে শুনল পিলিযাদ তার মেয়ে এরিয়াদনেকে নিযে পালিয়ে গেছে এথেলে।

থিনিয়াস এরিয়াদনের ভালবাস।য় মৃগ্ধ হয়ে তাকে বিয়ে করবে বলেই ঠিক করেছিল। ওরা ছজনে তাই জানত। কিন্তু হঠাৎ এক রাজ্জিতে এক স্থপ্প দেখে চমকে উঠল থিনিয়াস। তার মতের পরিবর্তন করতে বাধ্য হলো। স্থপ্নের মধ্যে এক দৈববাণী ভূনল থিনিয়াস। ভনল, কোন মরণনীল মান্থবের লী হবে না এরিয়াদনে। কোন একজন দেবতা তাকে লী ক্ষপে গ্রহণ করবে।

এই দৈববাণী শুনে তার মন না চাইলেও খুমস্ত এরিয়াদনেকে একটি নির্জন ভীপের কুলে রেখে জাহাজ ছেড়ে দিল খিসিয়াল। চোখের জল কেসতে কেসভে নিজের মনে মনে বলল, তুনি আমাকে চাইলেও আমি তোমার যোগ্য নই, কারণ আমি সামান্ত একজন মরণশীল মাহ্য। তুমি দেবভোগ্যা এক ভাগ্যবতী। বীপটার নাম ভালস।

এবিকে এরিয়াদনে খুম থেকে উঠে দেখল থিসিয়াস তাকে খুমস্ত অবস্থার জাল্পন দ্বীপে ফেলে রেখে পালিয়ে গেছে। যাকে দে সাক্ষাৎ মৃত্যুর কবল থেকে বাঁচিয়েছে, যাকে সে প্রাণের চেয়েও বেশী ভালবেসেছে সেই থিসিয়াস তার সঙ্গে বিশ্বাস্থাতকতা করেছে। হতবাং এ জীবন আর সে রাখবে না। আত্মহত্যা করবে বলে মনস্থির কবে ফেলল সে। কিন্তু সহসা সেখানে বেকাস নামে এক দেবতার আবির্ভাব হল। তিনি এরিয়াদনেকে ভালবেসে আলিজন ও চুম্বন করেন। তার সব হুংথ ভুলিয়ে দেন।

এদিকে থিসিয়াস এরিয়াদনেকে ত্যাগ করে মনের ছঃথে তার বাবার কথাটা ভূলে গিয়েছিল। তাদের জাহাজে দেই কালো পালটাই রয়ে গিয়েছিল। দেটা সরিয়ে তার জায়গায় সাদা পাল থাটাতে ভূলে গিয়েছিল। অথচ তার বৃদ্ধ বাবা ইজিয়াস প্রত্যাবর্তনরত জাহাজের সাদা পালটা দেখার জ্ব্যু এথেন্দের সম্মূক্লে একটা পাধরের উপর বসে থাকত। কিন্তু একদিন যখন দেখল কালো পাল তুলেই ফিরে আসছে জাহাজ তথন ভাবল তাহলে অবশ্রই মৃত্যু ঘটেছে থিসিয়াসের। শেষ পর্যস্ত আর অপেক্ষা করতে পারল না ইজিয়াস। সেই পাধরের,উপর থেকেই মূর্ছিত হয়ে পডে গেল সমৃত্রের জ্বলে।

থিসিয়াস ফিরে এসেই বাবার মৃত্যুসংবাদ শুনে মর্মাছত হল।
এরিয়াদনের বিচ্ছেদবেদনায় তাব বিজয়গর্বের অনেকথানি নষ্ট হয়ে গিয়েছিল।
সেই বিজয়ের গর্ব ও আনন্দের যেটুকু বা অবশিষ্ট ছিল তা পিতার মৃত্যুসংবাদে
একেবারে নিশ্চিহ্ন হয়ে গেল।

তুঃথভারাক্রান্ত হৃদয়ে সিংহাসনে বসতে হলো থিসিয়াসকে। অল্প দিনের মধ্যেই স্থাসক হিসাবে থ্যাতি অর্জন করল সারা দেশে। কিন্তু আবার যুদ্ধবিগ্রহেও জড়িয়ে পড়ল। আমান্সন নামে নারীবাহিনীর সঙ্গেও যুদ্ধ হল তার। তবে তার বীরম্ব দেখে মুগ্ধ হয়ে তাকে বিয়ে করল আমান্সনের রাণী হিপ্লোলিডে।

কিন্ত ছিপ্নোলিটাদ নামে একটি প্রেদস্তান রেথে অল্পকালের মধ্যেই মারা গেল ছিপ্নোলিতে। তথন থিলিয়াস আবার ঘটনাক্রমে ক্রীটের রাজা মাইনসের ফেড্রা নামে আর এক মেয়েকে বিয়ে করে।

এদিকে তার বোনের জন্য স্বামীকে ক্ষমা করতে পারেনি ফেড্রা। তার শারণা ছিল থিনিয়ান এবিয়াদনেকে চুরি করে নিয়ে গিরে কোথাও হত্যা করেছে, তারপর স্বপ্নের কাহিনী প্রচার করছে। তাছাড়া নপদ্মীপুত্র হিগ্নোলিটাসকে সে মোটেই নম্ভ করতে পারল না। একদিন তার নামে থিনিয়াসকে এক শুরুতর শভিযোগ করতেই থিনিয়ান অভিশাপ দের হিল্লোলিটাসকে। প্রবিশ্বত চল্ভ রথ থেকে পড়ে যারা যায় লে। তথন নিজের ভূস আর দেক্সার চক্রান্ত বৃষ্ধতে পারে বিনিয়ান। এমন সমর অক্তজ্জ দেশবাসীও হঠাৎ বিরূপ হরে ওঠে তার উপর। তথন মনের হুংধে রাজ্য হেড়ে এক নির্জন বীপে গিয়ে বাস করতে থাকে থিসিয়ান। সেথানে এক শক্ষর বিখাসঘাতকভার মৃত্যু ঘটে তার। পরে ভার দেহতত্ব এথেনে এনে ভার অভিরক্ষার্থে এক মন্দির নির্মিত হয়।

ফিলোমেলা

এথেন্দ শহরের প্রতিষ্ঠাতা সেক্রপস্এর পৌত্র প্যাণ্ডিয়নের ছটি মেয়ে ছিল।
তাদের নাম ছিল প্রোকনে আর ফিলোমেলা। প্যাণ্ডিয়নের রাজস্বকালে
সারাদেশে যত সব বর্বর আদিবাসীদের অত্যাচার দারুল বেড়ে যায়। তথন
প্রেনের ছুর্বর্ব রাজা তেরেউসকে আমন্ত্রণ করে প্যাণ্ডিয়ন। তেরেউস সমস্ত বর্বর উপজাতিদের রাজ্যের সীমানা থেকে তাভিয়ে দেয়। তথন রাজা প্যাণ্ডিয়ন তেরেউদের প্রতি কৃতজ্ঞতাবশতঃ তেরেউদকে তার এক ক্লাকে
সম্প্রদান করতে চায়। ভটি কল্যার মধ্যে একটিকে গ্রহণ করতে পারে তেরেউস।

েতেরেউস তার বড রাজকতা প্রোকনেকে দ্বী হিসাবে মনোনীত করল।

যথাসময়ে বিবাহকার্য অন্তর্গিত হলো। কিন্তু বিবাহবাসরে কতকগুলি কুলক্ষণ

দেখা গেল। দেবতাদের মধ্যে একমাত্র যুদ্ধের দেবতা প্রারেস ছাড়া আর কোন

দেব বা দেবী এলেন না অন্তর্গানে। বিবাহের অধিষ্ঠাতা দেবতা হাইমেন বরকনেকে আশীর্বাদ্করতে এলেন না। তাছাড়া হেরা নিজে এলেন না বা তাঁর

কোন সহচরীকে পাঠালেন না। বিয়ের শুভ রাতে সর্বক্ষণ ছাদের উপর পেঁচা

ভাকতে লাগল। কিন্তু এই সব কুলক্ষণ দেখেও তার কোনরূপ চৈততা হল না।

প্রোকলেকে বিয়ে করেই তার দেশে ফিরে যায় তেরেউন। কিছুকালের মধ্যে

একটি পুরুষস্তান প্রস্ব করল প্রোকলে। তার নাম রাখা হল ইটিন।

আসলে থে দীয়রা ছিল আধা দভ্য আধা বর্বর জাতি। তাদের আচার আচরণ ও জীবনযাত্তা প্রণালী মোটেই ভাল লাগত না প্রোকনের। কয়েক বছর কোন রকমে কাটাবার পর হাঁপিয়ে উঠল প্রোকনে। দে একবার তার বাপের বাড়ি বেড়াতে যেতে চাইল। কিন্তু তেরেউদ যাবার মত দিল না। তথন প্রোকনে বলল, তাহলে আমার বোন ফিলোমেলাকে নিয়ে আসার ব্যবস্থা করো। তাকে অনেকদিন দেখিনি। দে এথানে কিছুদিন থাকলে আমার মনটা শাস্ত ও সন্তুই হবে অনেকথানি।

কথাটা পঙ্গে সজে মনে ধরল ভেবেউসের। সে সঙ্গে সঙ্গে রাজী ছরে গেল।

শুধু তাই নয়, সে বলল সে নিজে এথেলে গিয়ে ফিলোলেলাকে নিয়ে আদবে। এ কথায় খুবই খুলি হলো প্রোকনে।

জাহাজে করে একদিন সভিয় সভিয়েই এথেজের পথে রওনা হলো যাজা ভেরেউস। "যথাসমরে দেখানে গিয়ে দেখন ফিলোমেলার তথনো বিয়ে হয়নি। ভাষচ সে পূর্ণযৌবনপ্রাপ্ত হয়েছে। তেরেউসের কাছ থেকে সব কথা তনে আপত্তি জানাল বৃদ্ধ রাজা প্যাণ্ডিয়ন। প্রোকনে কাছে না থাকায় ফিলোমেলাই ভার সব অপভারেহটুকু অধিকার করে আছে। ফিলোমেলা এখন ভার নম্মনের মণি। ভাকে না দেখে থাকতে পারবে না লে। তরু প্রোকনের কথা ভেবে অবশেবে রাজী হলো রাজা প্যাণ্ডিয়ন। বলল, ঠিক আছে নিয়ে যাও। ভবে শপথ করতে হবে তৃমি ফেলোমেলাকে সব বিপদ থেকে মুক্ত করবে।

শপথ করার পর ফিলোমেলাকে নিয়ে প্রত্যাবর্তনযাত্ত্রা শুরু করল তেরেউন।
পূর্ণযৌবনা ফিলোমেলাকে দেখে জাহাজের মধ্যেই কামাবিষ্ট হয়ে পড়ল
তেরেউন। মনে মনে স্থির করল দেশে নিয়ে গিয়ে প্রোকনেকে ছেড়ে এই
ফিলোমেলাকেই রাণী করবে সে।

জাহাজের মধ্যেই ফিলোমেলার কাছে প্রেম নিবেদন করল তেরেউন।
কিন্তু প্রথম প্রথম তেরেউনের আদল অভিসন্ধির কথা খুঝতে পারল না
ফিলোমেলা। তেরেউনও বেশীদ্র এগোল না জাহাজের মধ্যে। কিন্তু জাহাজ
থেকে নেমে থে, স দেশের গভীর অরণ্য অঞ্চলে পৌছে নিজমূর্তি ধারণ করল
তেরেউন। সে স্পান্ত ফিলোমেলাকে বলন, আমি তোমাকে বিয়ে করে এই
দেশেই রেখে দিতে চাই। প্রোকনের পরিবর্তে তুমিই এখন থেকে হবে আমার
রাণী। বিয়েব আগে প্রোকনের পরিবর্তে তোমাকে বাছাই করলেই ভাল
করতাম। তুমি তার থেকে তের বেশী স্করনী।

তেবেউসের পায়ের উপর পড়ে অনেক অহনেয় বিনয় করল ফিলোমেশা। তাকে ছেড়ে দিতে বলন। তেবেউস তথন তার তরবারি কোষমূক করে বলন, আমার কথায় রাজী না হলে তোমাকে মৃত্যুবরণ করতে হবে এখনি।

তবু তার আহরিক প্রেমের কাছে মাথা নত করল না ফিলোমেলা। তেরেউসকে স্বামী বলে স্বীকার করতে পারল না। বারবার ভধু নিম্বের মৃক্তি-প্রার্থনা করতে লাগল।

তথন তেরেউদ রেগে গিয়ে তার তরবারি দিয়ে ফিলোমেলার জিবটা কেটে
দিল। তারপর তাকে দেই গভীর বনমধ্যন্থিত একটা কারাগারে বন্দী করে
রাখল। তারপর রাজপ্রাদাদে ফিবে গিয়ে প্রোকনেকে বলন, তোমার বোন
ফিলোমেলা আর কাবা ছজনেই মারা গেছে। প্রখমে ফিলোমেলাই মারা যায়।
তারপর সেই মৃত্যুসংবাদ শুনে তোমার বৃদ্ধ বাবা মারা যান শোকে।

এদিকে জিবটা কেটে নেওয়ায় তার বাকশক্তি একেবারে হারিয়ে ফেলন। কাউকে কোন কথা জানাবার কোন উপায় খুঁজে পেল না। তাছাছা কারাগারের প্রহরীরা সকলেই তেরেউসের লোক।

অবশেবে অনেক ভাবনা চিন্তা করে একটা উপায় বুঁজে পেল ফিলোমেলা। সে স্চীলিক্সের কাজ জানত। একটা কাপড়ের উপর নীল বড়ের স্থতো দিয়ে সে সব কথাগুলো বুনল তার দিদি প্রোকনেকে জানাবার জ্ঞা। তারপর প্রহরীদের মধ্যে একজনকে অস্নয় বিনয়ে বশীভূত করে রাণী প্রোকনের কাছে সেই লেখাটা পাঠিয়ে দিল।

ভার বোনের এই ছুর্দশা আর লাঞ্চনার কথা জানতে পেরে রাগে তৃঃথে পাগলের মত হয়ে সেল প্রোকনে। তথন রাজবাড়িতে রাজা তেরেউদ ছিল না। কি একটা কাজে বাইরে গিয়েছিল। এই স্থযোগে সে প্রাসাদ থেকে বেরিয়ে দেই বনমধান্থ কারাগারে নিজে গিয়ে মুক্ত করে জানল ফিলোমেলাকে। তৃজনে তৃজনকে জড়িয়ে ধরে কাঁদতে লাগল আকুলভাবে। প্রোকনে শ্বনল তার জন্মই তার বোন ফিলোমেলার এই অবস্থা।

ওরা যখন ছই বোনে রাজপ্রাসাদে চুকতে যাবে এমন সময় প্রোকনের শিশুপুর ওদের দিকে এগিয়ে আসছিল। ইটিসের চেহারাটা অনেকটা তার বাবা তেরেউসের মত। তাকে দেখার সঙ্গে সঙ্গে প্রোকনের তেরেউসের কথা মনে পড়ে গেল আর সঙ্গে সঙ্গে তার মাথার রক্ষ গরম হয়ে গেল। তেরেউসের উপর চরম প্রতিশোধ নেবার জন্ম তার আপন সন্তানকে হত্যা করল, তারপর তেরেউস বাড়ি ফিরলে সেই মাংস রালা করে তেরেউসকে খাওয়াল প্রোকনে।

তেরেউসকে কিন্তু কোন কথাই বলল না প্রোকনে। তেরেউস যখন থেতে বদেছিল তখন সহসা ফিলোমেলাকে তার সামনে দেখেই চমকে উঠল সে। কারাগার থেকে কিভাবে এল সে! তার উপর প্রোকনের মূথের অবস্থা দেখে সব কথা বৃষতে পারল সে। বৃষল প্রোকনে তার পাপকর্মের সব কথা জেনে গেছে। তখন সে তাড়াতাড়ি উঠে হুবোনকে একসঙ্গে হত্যা করার জন্ম মৃক্ত তরবারি নিয়ে তেড়ে গেল তাদের দিকে। কিন্তু তার আগেই ওরা হুবোনে হুটো আলান্ত মশাল দিয়ে গোটা প্রাসাদটায় আগুন ধরিয়ে বনমধ্যে ছুটে পালাল। রাজা তেরেউসও ওদের পিছু পিছু ওদের হত্যা করার জন্ম ছুটতে লাগল।

এমন সময়ে এক দেবতা এসে ওদের তিনঞ্জনকেই তিনটি পাথিতে পরিণত করলেন। প্রোকনে হলো একটি চাতক পাথি, ফিলোমেলা হলো একটি নাইটিকেল আর তেরেউস হলো লহা ঠোঁটওয়ালা এক শিকারী বাজপাথি। চাতক আর নাইটিকেল পাথির কঠে তাই চিরত্থথের ও চিরঅশান্ত বেদনার এক সককণ হর দব দুময় লেগে আছে। আর ওদের পিছু পিছু একটা হিংশ্র বাজপাথি ওদের তাড়া করে নিয়ে বেড়াচ্ছে।

থীবসদের কাহিনী

ক্যাড্যাস

কথিত আছে টায়ারের যুবরাজ ক্যাভমাস গ্রীসংগণে চিঠির প্রবর্তন করে। যে ঘটনা তাকে দেশ ছাড়া ও ঘরছাড়া করে এনে কড নদী সমূদ্র পার করে দিক হতে দিগন্তের পথে নিয়ে যায় সে ঘটনা বড়ই অন্তত।

টারারের রাজা এজিনরের ছিল তিন ছেলে আর এক মেয়ে। তিন ছেলের নাম হলো ক্যান্ডমাস, ফোনিক্স আর সিলিক্স আর মেয়েটির নাম ইউরোপা। রাজকলা ইউরোপা ছিল খ্বই স্ক্রী। এত স্ক্রীযে দেবরাজ জিয়াস তাকে দেখে ভালবেসে ফেলেন।

একদিন ইউরোপা যথন সম্দ্রের ধারে এক প্রাক্তরে তার সহচরীদের সক্ষে থেলা করছিল তথন জিয়াস তাকে দেখে তথনি তার সক্ষে মিলিত হতে চান। তিনি সেই মুহুর্তে সাদা ধ্বধবে অতি স্কুন্ধর এক বাঁড়ের রূপ ধারণ করে সেই মাঠে এসে দাঁড়িয়ে পড়েন। বাঁড়টাকে দেখে ইউরোপার খুব ভাল লেগে যায় এবং সে তার গায়ে গলায় হাত বোলাতে থাকে। তার গলায় কুলের মালা পরিয়ে দেয়। বাঁড়টা ইউরোপার ঘাড়টা চাটতে থাকে।

এইভাবে যাঁড়টা ইউরোপাকে সমােছিত করে হঠাৎ ঘাদের উপর বদে পড়ে আর সঙ্গে তার পিঠের উপর ইউরোপা চেপে বসে। তার পিঠের উপর ইউরোপা উঠে বসতেই যাঁড়টা উঠে পড়ে ছুটতে থাকে। ইউরোপা ভয়ে চিৎকার করে উঠল। কিন্তু কেউ তার সাহায্যের জন্ম এগিয়ে এল না। যাঁড়টা তীরবেগে ছুটতে লাগল। কিন্তু ভয়ে চিৎকার করলেও পড়ে যাবার ভয়ে যাঁড়টার পিঠ থেকে নেমে পড়তে পারল না।

এইভাবে ষাঁড়টা ছুটতে ছুটতে সোজা সমুদ্রের জ্বলে গিয়ে ঝাঁপ দিল। তারপর সারারাত ধরে সমুদ্রের জ্বল কেটে এগিয়ে যেতে লাগল। সকাল হতেই একটি বীপের কুলে গিয়ে উঠল। পরে জানতে পারল বীপটার নাম জনীট। সেই বীপে উঠেই জিয়াস ছন্মবেশ ছেড়ে নিজমূর্তি ধারণ করলেন। তথন ষাঁড়টাকে আর দেখা গেল না।

জিয়াস এবার ইউরোপাকে সব কথা খুলে বললেন। বললেন কেন তাকে এভাবে এখানে আনা হয়েছে। এমন সময় দেবী এ্যাক্রোদিতে এসেও ইউরোপাকে বোঝালেন। বললেন, তুমি এ দেশেই থেকে যাও। জিয়াসের শুরসে তোমার গর্ভে ছটি স্থসস্থান জন্মগ্রহণ করবে। তোমার নাম অঞ্পারে গৃথিবীর এক চতুর্থাংশ পরিচিত হবে।

এই দব কথা ওনে দেই খীপেই থেকে গেল ইউরোপা। তার গর্তে ছটি সন্তান জন্ম নিশ। ভাদের নাম হলো মাইনদ ও র্যাভামান্থান। মাইনদ পুরাণ—১৬ জ্ঞীটের রাজা ছিল দীর্থকাল ধরে। মৃত্যুর পর এই কুজনেই নরকে গিয়ে মৃত আস্থাদের বিচারক নিযুক্ত হয়।

এদিকে থেলতে গিয়ে ইউরোপা আর বাড়ি ফিরে না আসায় বাজা এজিনর কিপ্ত হয়ে উঠলেন। তিনি তাঁর ছেলেদের ও স্ত্রীকে ডেকে,তীব্র ভাষার ভংশনা করতে লাগলেন। তাঁর তিন ছেলেকে তিন দিকে পাঠালেন ইউরোপাকে খ্রুজে বার করার জন্ত। তাদের মা টেলিফাসও ক্যাভমাসের সঙ্গে চলে গেল। মেয়েকে হারিয়ে ঘরে থাকতে পারছিল না টেলিফাস।

কিন্ত বোনের খোঁজে ঘুরতে ঘুরতে ফোনিছাও সিলিছা হুই ভাইই ক্লান্ত ও বিরক্ত হয়ে ছটি দেশে ছায়ীভাবে বসবাস করতে শুক করে দিল। কারণ ভাদের বাবা বলে দিয়েছিল, ভোমার বোনের খোঁজ না পেলে আর ভোমরা ফিরে এসো না। ফোনিছা যে দেশে বাস করতে থাকে সে দেশের নাম ফোনিশিয়া আর সিলিছোর নাম অহুসাবে তার দেশের নাম হয় সিলিসিয়া।

কিন্তু ক্যাডমাস ও তার মা কোণাও থামল না। তারা সমানে বিভিন্ন দেশে ঘুরে বেড়াতে লাগল। অবশেষে সামান্ত কিছু অম্বচর নিয়ে গ্রীসদেশে এসে উঠল ক্যাডমাস। কিন্তু গ্রীসদেশেও তার বোনের কোন থোঁজ পেল না। অবশেষে প্লান্ত হয়ে সব আশা ছেড়ে দিয়ে ডেলফির মন্দিরে তার ভবিহাৎ জানতে গেল। ডেলফির মন্দির থেকে ভবিহাখাণী হলো, ক্যাডমাস একটি প্রান্তরে একটি গককে একা একা চরতে দেখবে। সেই গকটির সঙ্গে সে যাবে। সেই গক্টি তাকে যেখানে নিয়ে যাবে সে সেইখানে ধীবস্ নামে এক নতুন নগর নির্মাণ করবে।

মন্দির থেকে বেরিয়ে কিছুদ্র এগিয়ে গিয়ে একটা মাঠে একটা গরুকে চরডে দেখল ক্যাডমাস। তাকে দেখে গরুটা হাটতে শুক করল। তথন ক্যাডমাস ও তার সন্দের লোকজনও গরুটার পিছু পিছু চলতে শুক করল। অনেক মাঠ ও পাছাড় প্রান্তর পার হয়ে অবশেষে চারদিকে পাহাড় দিয়ে ঘেরা একটা বড় উপত্যকায় এসে থামল গরুটা। আকাশের পানে মৃথ তুলে তাকিয়ে গরুটা ছাসে ঢাকা মাঠটার উপর শুয়ে পড়ল। ক্যাডমাস তথন শুঝতে পারল এই সেই জায়গা। মাঠটাকে প্রণাম করে দেবদক্ত সেই ভূথগুটাকে নিজের ভেবে নগরনির্মাণের কাজে লেগে গেল নে। জায়গাটার নাম বোতিয়া।

ক্যাভ্যাসের নগরপস্তনের কান্ধ হয়ে গেলে দেবী প্যালাস এথেনকে তুই করার জন্ম তার উদ্দেশ্যে কিছু পূনা দিতে চাইল। পূন্ধার জাগে ক্যাভ্যাস ভার লোকদের নিকটবর্তী একটা ঝর্পার উৎসম্থ থেকে এক পাত্র পবিত্র জন্ম আনতে বলল, সে ঝর্পার উৎসম্থটা ছিল একটা জন্ধকার গুহার মধ্যে যার চারদিকে ছিল ভাওলা ধরা কতকগুলো অতি প্রাচীন ওকগাছ।

জল আনতে গিয়ে ক্যাডমানের লোকগুলো গুহার মধ্যে চুকল, কিন্তু আরু বেরিয়ে এল না। ক্যাডমান একটু এগিয়ে যেতেই খনতে পেল গুহার ভিতর বেংক কোঁদ কোঁদ শব্দ আদহে আর ধোঁরার মত একটা প্যাদ গুরুর ভিতর বেংক বেরিয়ে এনে ছড়িয়ে পড়ছে চারদিকে। আর একটু এগিরে সিরে ক্যাভুমাদ দেখল তার লোকরা সেই গুরুর মুখটার মরে পড়ে আছে। আরো ক্ষেপন একটা বিরাট ড্লাগন তার তিন পাটি দাঁত বার করে বনে আছে। তার বিষাক্ত নিংখাদ থেকে আগুন করছে। ড্লাগনটা তার লেলিহান জিব বার করে মৃতদেহগুলোর গা থেকে করে পড়া রক্ত চাটছে।

ক্যাভমান তার মৃত লোকদের উদ্দেশ্তে বলল, হয় আমি তোমাদের এই স্কৃত্যর প্রতিশোধ গ্রহণ করব, না হয় আমিও তোমাদের মত মরব।

এই বলে সে একটা বড় পাথর নিয়ে ড্রাগনটাকে লক্ষ্য করে ছু ড়ৈ ছিল। কিছু তার শক্ত আঁপওয়ালা গান্তে কোন আঘাতই করতে পারল না। গুরু ক্রাগনটা রেগে গিয়ে এমন এক গর্জন করল যার ভরত্বর শব্দে ধ্বনিত প্রতিধ্বনিত হুছে উঠল সমগ্র বনভূমি।

এবার ক্যাডমাস তার বর্শাটা সন্ধোরে ছুঁড়ে দিল ড্রাগনটার বুকটা লক্ষ্য করে। বর্শটো তার খুকটা বিদ্ধ করল। ড্রাগনটা তথন তার কুণ্ডলিপাকানো বিরাট দেহটা প্রদারিত করে বিষাক্ত ও জ্বলস্ত আগুনের মত গরম নি:খাস ছাড়তে লাগল। তার চোথহটো আগুনের মত জ্বলছিল।

ক্যাডমাদ এবার তার তরবারিটা কোবমুক্ত করে সেই ড্রাগনটার চোয়ালের ভিতর বসিয়ে একটা ওকগাছের সঙ্গে গেঁথে দিল। রক্তে তার গাটা তেনে প্রেল। দেখতে দেখতে ড্রাগনের দেহটা নিশ্চল হয়ে গেল। ড্রাগনের নিশাক্ষ কেইটার উপর বিজয়গর্বে উঠে দাঁড়াল ক্যাডমাদ। এমন সময় লে দেখল দেবী শ্যালাদ এখন এদে দাঁড়ালেন তার পাশে। দেবী ক্যাডমাদকে আদেশ করলেন, ঐ মৃত ড্রাগনের দাঁডক্তলো এইখানে মাটির ভিতর পুঁতে দাও। সেই দাঁত থেকে এক ত্র্বে সমরকুশল মানবজাতির উত্তর হবে। তাদের ধারাই তোমার উদ্বেশ্ব সিদ্ধ হবে।

দেবীর আদেশ পাবার সবে সবে তার তরবারি দিয়ে মাটি খুঁড়ে ড্রাগনের কাঁতগুলো উপড়ে তা মাটির ভিতর পুঁতে দিল। তারপর মাটি চাপা দিরে দিল।

কিছুক্শণের মধ্যে সেই জারগার মাটিটা ফুলতে লাগন। তারপর তার ভিতর থেকে একদল দশস্ত্র যোদ্ধা বেরিয়ে এল বিভিন্ন রকমের জন্ত্রশন্ত্র নিয়ে। ভা দেখে একই দলে ভীত ও বিশ্বিত হয়ে আত্মরকার কথা ভারতে লাগন ক্যাভমান। কিন্তু ঠিক সেই মৃহুর্তে এক দৈবকণ্ঠ ঘোষণা করলেন, অন্ত সংবরণ করো ক্যাভমান। ভরা তোমার কোন ক্ষতি করবে না; বরং তোমার আদেশ প্রানন করবে।

কিন্ত ভূ'ইন্দোড় সেই দশস্ত্ৰ লোকগুলো এমনই যুখবান্ধ যে তারা কোন শত্রু বা শেষে নিম্নেদের মধ্যেই যারামায়ি ছক কবে দিল ৷ সারা দিনের মধ্যে দেখা গেল নিজেদের মধ্যে মারামারি করতে করতে মাজ শীচ জন ছাড়া জার স্বাই মরে গেল। সেই শীচজন ভাদের জন্ধ ফেলে ক্যান্তমানের সেব করার জন্ধ প্রান্ত হরে উঠল।

বোতিয়া নামে সেই পার্বত্য এলাকায় সেই পাঁচজন ভূইকোড় মায়বৈষ্ট সাহায্যে এক নতুন রাজ্য স্থাপন করল ক্যাড্যাস। তার থেকে যে জাতির উদ্ভব হয় তাদের নাম থীবস্ জাতি।

রাজা স্থাপিত হলো বটে, কিন্তু ক্যাভমাদের বিপদ কাটল না। যে জ্বাগনটিকে দে হত্যা করে ঘটনাক্রমে দে জ্বাগন ছিল রণদেবতা এ্যারেদের বিশ্বন তাই জ্বাগনটার মৃত্যুর জন্ত ক্যাভমাদের উপর বিশ্বপ হয়ে উঠলেন বণদেবতা। বণদেবতা এ্যারেদের বোষ থেকে নিজেকে বীচাবার জন্ম তাঁর কন্ধাঃ হার্মোনিয়াকে বিয়ে করে ক্যাভমাদ। এ্যারেদ আর এ্যাক্রোদিতের মিলনে এই হার্মোনিয়ার জন্ম হয়।

ভিন্নাদের নির্দেশে এারেন ক্যাভমানকে আপাততঃ ক্ষমা করলেও একেবারে প্রশমিত হয়নি তাঁর ক্ষোধারেগ। তাঁর সেই পুরাতন শ্রোব ক্যাভমানের বংশের উপর এক অনম্ভ অভিশাপরূপে বর্ষিত হয়। তার ফলে তার সম্ভান-সম্ভতিরঃ কেউ স্থথ ও শান্তি পায়নি পরবর্তী জীবনে।

ক্যাডমাসের ইনো নামে এক কম্মা জলে ডুবে আজ্মহত্যা করে। তার স্থামী হঠাৎ পাগল হয়ে গিয়ে তাদের সন্তানকে হত্যা করে। এই ছঃখে আজ্মহত্যা করে মরে ইনো। তার আর এক কম্মা সেমিলি দেবরাজ জিয়াসের শুরসজাত এক সন্তানকে গর্ভে ধারণ করতে বাধ্য হয়। ফলে কোন মাচ্ছকে বিয়ে করে ঘরসংসার করে স্থা হতে পারেনি সে।

ক্যাভমাস নিজেও কম হঃথ পায়নি শেষ জীবনে। ক্যাভমাস বৃদ্ধ হছে পড়লে তার পৌত্ত কম হঃথ পায়নি শেষ জীবনে। ক্যাভমাস বৃদ্ধ হছে পড়লে তার পৌত্ত পৌত্ত তাকে বিংহাসনচ্যত করে তার রাজ্য কেড়ে নের ঃ ভথু তাই নর, তাকে রাজ্য থেকে তাড়িয়ে দেয়। মনের হঃথে জী হার্মোনিরাস্ক হাত ধরে উত্তরাঞ্চলের অবণ্য প্রদেশে চলে যায় ক্যাভমাস। বৃষতে পারে সেই সর্পর্মপী ভ্রাগনটার রক্তপাত ঘটানোর জন্মই এত হঃথকট ভোগ করতে হঃচ্ছে তাকে। এক ভয়ন্থর দৈব অভিশাপ সর্বত্ত তাড়িয়ে নিয়ে যাচ্ছে তাকে।

একদিন বনের মধ্যে ঘ্রতে ঘ্রতে ক্যাডমাস মনের ছ:থে আপন মনে বলতে লাগল, হায়, নামাভ সাপ যদি দেবতার এত প্রিন্ন হয়, নামাভ একটা সাপকে মারার জন্ত অন্তহীন এক অভিশাপের বোঝা আমাকে সারাজীবন বহন করে যেতে হয়, তাহলে মামুষ না হয়ে আমার সাপ হয়ে জন্মালেই ভাল ছিল।

এই কথা ক্যাডমানের মূথ থেকে বের হওয়ার সজে সজে তার সারা গাজ-ত্বক এবং গোটা দেহটা সাপের আকার ধারণ করল। তথন তার এই অবস্থা দেখে তার স্বী হার্মেনিয়াও দেবতাদের প্রার্থনা করল সেও যেন তার স্বামীর मुक नार्य भविष्य हता।

আইভাবে ক্যাক্ষাদ ও ভার দ্বী হার্যোনিয়া ছটি সাপত্রণে নেই নির্কন পার্বত্য ক্ষরণ্যের বাজ্যে ছটি সাপের দেহগত আধারে মাছবের চেডনাকে ধারণ করে এক অন্তর্নীন দৈব অভিশাপের বোলা বহন করে চলেছে।

নিওব

বক্তপাত মারামারি ও হানাহানির মধ্য দিয়ে যে থীবস্ জাতির উৎপত্তি হয় দে জাতির সমগ্র ইতিহাস এক অন্তহীন অভিশাপের তীব্রতায় সককণ হয়ে ভঠে। ক্যান্ডমাসের হুর্ব্ব পৌত্ত পেন্থেউস পিতামহের রাজ্য জোর করে দথল ও পিতামহকে রাজ্য থেকে বনে তাড়িয়ে দিয়ে স্থণী হতে পারেনি নিজে। একদল বিক্লম্ব নারী তাকে জীবস্ত টুকরো টুকরো করে ফেলে।

পেনথেউনের রাজপ্রামাদের নারীরা তার মার নেছুথে জিয়াদের ঔরসজাত
ভাওনিসাদের ভক্ত হয়ে ওঠে। এতে পেনথেউস খ্ব রেগে যায় এবং ডাওনিসামের ভজনা নিষিদ্ধ করে দেয় তার প্রাসাদের মধ্যে। এর ফলে তাদের ধর্মে
হস্তক্ষেপ করেছে পাপিন্ঠ রাজা এই ভেবে ক্ষিপ্ত হয়ে ওঠে প্রাসাদের নারীরা।
পেনথেউনের মাও রোষাবিষ্ট হয়ে ওঠে প্রের প্রতি। পেন্থেউস কোনকমেই
ভারে মার কথা না ওনলে তার মা ও প্রাসাদের সব নারীরা একযোগে একদিন
শেনখেউসকে হজ্যা করে তার দেহটা টুকরো টুকরো করে ফেলে।

এই বংশের আর এক রাজা তার বড় ভাইএর রাজা জোর করে কেড়ে কের। রাজাচাত ও নির্বাদিত রাজার মেয়ে এয়ানিওপকে দেবরাজ জিয়ান ভালবাদতেন। পরে তিনি তার গর্ভে ছটি সন্তান উৎপাদন করেন। তাদের নাম ছিল এয়ান্দিরন ও জেথুস। তার সন্তান ছটিকে জরণো ফেলে রেখে এয়ানিওপ একা একা ঘূরে বেড়াতে থাকে। পরে মনের হংগ দমন করতে না পেরে পালব হয়ে যায় সে। ছেলে ছটিকে বনের রাথালরা যাছ্য করতে থাকে। শোনা যায় পরে নাকি এয়ানিওপ ঘূরতে ঘূরতে লাইকাদের রাজ্যে এসে পড়ে এবং লাইকাদের রাজ্য এসে পড়ে এবং লাইকাদের রী জার্সের থয়রে পড়ে যায়। এয়ানিওপকে দেখার সঙ্গে প্রমান বার জার প্রাক্তিহিংয়া জেগে ওঠে ছার্সের মধ্যে।

এছিকে আদ্বিশ্বন আর জেখুন নামে তার যে ঘটি প্রসন্তানকে বনের মধ্যে কেবে থালিরে গিয়েছিল এটিএল পান্যলের মত সে ঘটি সন্তানকে বনের আশালারা লালন পালন করে। এই ঘটি সন্তানই ক্ষে বড় হয়ে বন্ধ যাঁড়ের কলে লড়াইরে পার্নলী হয়ে এঠে। ভাষের নাম বাল্যাড়িয়েও ছড়িয়ে

জ্ঞান্তিওপকে পথের কাঁচা ভেবে তাকে চিরদিনের মন্ত পৃথিবী থেকে দরিক্ষে দিতে চাইল ডার্নে। সে তার বিশ্বন্ত লোকদের দিয়ে এ্যান্দিরন আর জেক্সকে ভেকে পাঠাল। তারপর তাদের হকুম দিল তারা যেন এ্যান্টিওপকে ধ্রে নিক্ষে একটা বস্তু বাঁড়ের সামনে ছেড়ে দের। বাণী ভার্সের কথা ভনে তারা তাই করল। কারণ তারা ঘুণাক্ষরেও জানতে পারেনি যে এই এ্যান্টিওপই তাদের মা যাকে তারা কত খুঁজেছে বড় হয়ে।

অথচ যথন তারা জানতে পারল কথাটা তথন অনেক দেরি হয়ে গেছে। তথন আর কোন উপায় নেই। তথন তালের মার দেহটা শিং আর ক্ষুর দিয়ে ছিন্ন ভিন্ন করে দিয়েছে যাঁড়টা।

কিন্ত জানতে পারার সঙ্গে সজে কিপ্ত হয়ে উঠল এ্যান্দিয়ন আর জেপ্ন। ভারা সমস্ত রাথালদের উত্তেজিত করে রাজধানী আক্রমণ করল। রাজা লাইকাসকে হত্যা করল। তারপর ভার্সেকে সেই বন্ত মাড়টার শিংএর সঙ্গে বিধে দিল। ফলে এ্যান্টিওপের মত তার দেহটাও ছিন্ন ভিন্ন হয়ে গেল সেই বন্ত মাড়টার ছারা।

এ্যান্দিয়ন রাজা হলো থীবস্এর। এই থীবস্এর রাজপথেই একদিন এ্যান্দিয়ন বীণা হাতে গান গেয়ে বেড়িয়েছে। আর তার সেই গানের আকর্ষ স্বরমাধুর্বে মুখ্য হয়ে পাধরের মত জড় বস্তরাও তার কথামত নড়াচড়া করেছে। এই অলোকিক বীণাটা তাকে দেন জিয়াস।

কালজ্বনে এ্যান্দিয়ন অভিশপ্ত ট্যান্টালাদের কলা নিওবকে বিরে করে।
নিওব সাতটি পুত্র ও সাতটি কলা প্রদেব করে। সন্তানগর্বে গরবিনী নিওব দেবমাতা লিটোকে উপহাস করতে থাকে। লিটোর মাত্র ছটি যমত্ব সন্তান হয়—একটি পুত্র ও একটি কলা। এ বা ছিলেন দেবতা এ্যাপোলো আর দেবী আর্ডেমিস।

নিওবের অপমান ও উপহাস সম্থ করতে না পেরে একদিন লিটো এ্যাপোলোর কাছে কান্নাকাটি করে এই অপমানের প্রতিশোধ নিতে বলেন তাকে। এ্যাপোলো বললেন, যথেই হয়েছে। এতদিন বলনি কেন?

একদিন এ্যাপোলো ও আর্ডেমিল একথানা কালো মেঘে গা চাকা দিয়ে থীবল্ নগরীর প্রান্থে গিয়ে একটা বনে হাজির হলেন। সেথানে একটা প্রান্ধেরে নিওবের লাডটি পুত্র অন্তর্নিকা ও ব্যায়াম করছিল। তারা যথন রখচালনা নিথছিল তথন নিওবের জ্যেট পুত্রের মুকে হঠাৎ এ্যাপোলোর একটি তীর প্রশেলাগে। তীরটি আকাশ থেকে এসে তার মুককে বিদ্ধ করে। সে তৎক্ষণাৎ মৃত অবস্থায় রথ থেকে পড়ে যায়। ছিতীয় পুত্রটি তা দেখে যথন হবে করে পালাজিল তথন তারও মুকে একটি তীর এসে লাগে। এইভাবে সাভটি পুত্রই অনুষ্ঠ এ্যাপোলোর তীরের আঘাতে মৃত্যুমুখে পতিত হয়।

শাতি পুৰের এই অৰুত্ৰাৎ মৃত্যুত্ৰ সংবাদ এচান্দিয়নের কানে গিছে

পৌছতেই শোকাবেগ সংবরণ করতে না পেরে ছুরিকাদাতে আদ্মহত্যা করক এটিক্রন। নিওব তথন তার সাতটি কল্পাকে নিয়ে বৃত পুরুষের দেখতে গেল। ঘটনাদ্বলে গিয়ে দেখল লিটোর মন্ধিরের আন্দেশাশে ভার সাতটি পুরুরে মৃতদেহ ছড়িয়ে পড়ে রয়েছে।

তবু সে হার মানল না। এত ছ:খেও ভেলে না পড়ে সে লিটোকেই এই মৃত্যুর জন্ম দায়ী করল। চিৎকার করে বলতে লাগল, জানি, তুমি আমার উপর প্রতিশোধ নিয়েছ। আমার সাতটি পুত্র গেলেও সাতটি কন্তা আছে।

কথাটা নিওবের মুথ থেকে বার হ্বার সঙ্গে সঙ্গে আর্ডেমিসের হাত হতে একটা তীর নিওবের জ্যেষ্ঠ কন্সার বুকে এসে বি ধল। এইভাবে পর পর তার সাতটি কন্সাই অকালে প্রাণত্যাগ করল। ছয়টি কন্সার মৃত্যুর পর সর্বকনিষ্ঠ কন্সাটি নিওবের বুকের ভিতর সভয়ে আশ্রয় নিয়েও পরিজ্ঞাণ পেল না। অস্ততঃ তার জীবনটা রক্ষার জন্ম লিটোর কাছে কত কাতর প্রার্থনা জানাল নিওব। সব অহন্ধার ত্যাগ করে দেবীর কাছে বশ্যতা স্বীকার করল। কিন্তু কিছুতেই কিছু হলো না। আর্ডেমিস তাকেও অব্যাহতি দিলেন না।

এইভাবে একসকে সমস্ত সম্ভানকে হারিয়ে আর ঘরে ফিরল না নিওব। প্রাণখনে কাঁদতেও পারল না। শোকে পাধর হয়ে গেল। তার দেহের সব রক্ত জমাট বেঁধে গেল, তার থোলা চোথ স্থির হয়ে রইল। গোটা দেহটাই পাথর হয়ে গেল ভার।

তবে পাণর হয়ে গেলেও আজও চোথ থেকে জল পড়ে নিওবের। স্থের তেজ যথন বেড়ে যায়, জ্বলন্ত আগুনে তথ্য হয়ে ওঠে রোদ তথন নিওবের দেই পাণরের মৃতিটার চোথ থেকে জল গড়িয়ে পড়ে। শুক্লপক্ষের রাজিতে চাঁদের আলোতেও নিওবের পাথরের চোথ থেকে জল গড়িয়ে পড়তে দেখেছে অনেকে। আস্মাতী সন্তানগর্বের অফুশোচনা আর সন্তানের শোক আজও ভূলতে পারেনি নিওব।

ইডিপাস

আন্দিরনের মৃত্যুর পর তার এক বংশধরকে নির্বাসন থেকে ফিরিয়ে এনে থীবস্এর সিংহাসনে বসানো হলো। এই বংশধরের নাম হলো লায়াস। কিন্তু থীবস্এর রাজবংশের উপর দৈব অভিশাপের শেব হলো না তথনো।

ইভিপাস নামে রাজা সায়াসের যে একটি পুত্রসন্তান হয় সেই পৃত্রই ক্যান্ডমাসের বংশধরদের মধ্যে সবচেয়ে হস্তভাগ্য।

শহুশা একদিন এক দৈববাদী ভানে চমকে উঠগ রাজা লারাল। তাক এমন একটি পুরুষভান জন্মগ্রহণ করবে যে সন্তান জাপন পিতাকে হত্যা করবে এবং আপন মাকে দ্বীদ্ধপে ভোগ করবে।

এই ভয়ধন দৈববাণী ভনে সতর্কতাবশত: রাণী জোকান্তা এক পুজসন্তান প্রদাব করার সলে সলে এক ভৃত্যকে দিয়ে নবজাত শিশুপুজের পাছেটো বেঁধে নগরপ্রান্তের সিধেরণ পাছাড়ের বনমধ্যে তাকে কেলে আসার হরুম দের রাজা লায়াস। ভাবে অবিলম্ভে সেই বনমধ্যে নানা রকম হিংল্র জন্ততে সেই অসহায় শিশুটিকে থেয়ে ফেলবে।

কিন্তু বাজা লায়ালের যে বাখালভূডোর উপর এই নির্চুর কাজের ভার পড়ে সেই ভূডোর করুণা জাগে অসহায় পরিতাক্ত শিশুটিকে গভীর বনের মাঝে ফেলে চলে আসার সময়। সে দরাবশতঃ অক্ত এক রাখালের উপর শিশুটির বক্ষণাবক্ষণের ভার দেয়। রাখালটি পরে আবার তার মালিক কোরিন্থের রাজা পলিবাদের কাছে নিয়ে যায় শিশুটিকে। নিঃসন্তান পলিবাদ রাজপুত্রের মত দেখতে শিশুটিকে পেয়ে সানন্দে পোয়পুত্ররূপে গ্রহণ করে পালন করতে থাকে তাকে। সন্তানম্বাহে লালন পালন করতে থাকে। শিশুটির নাম রাখা হয় ইভিপাস অর্থাৎ পা ফুলো। জায়ের পরেই তার পা ছটি বেঁধে ফেলা হয় বলে পাছটিতে দাগ হয়ে যায় এবং ছটি পায়েরই ছটি জায়গা জুলে যায়।

এদিকে রাজা লায়াস আর রাণী জোকান্তা ধরে নিল তাদের অভিশপ্ত পুত্র নিশ্বর কোন না কোন বক্ত জন্তর পেটে চলে গেছে। এই ভেবে নিশ্বিস্ত হুলো তারা। ওদিকে নিঃসম্ভান পলিবাস ও রাণী মেয়োপের কাছে পরম যত্তে মাহ্মষ হতে লাগল ইভিপাস। ক্রমে সে যুবকে পরিণত হয়ে উঠন। ইভিপাস রাজা পলিবাস ও রাণী মেরোপকেই তার আসল বাবা মা বলে জানত।

সহসা একটি ঘটনায় সন্দেহ জাগল ঈভিপাদের মনে। এক নৈশ ভোজসভায় একজন মাতাল কথায় কথায় তাকে নীচ বংশােছুত এক কুড়িয়ে পাওয়া ছেলে বলে অপমান করে। একথা শুনে তার পালক পিতামাতা রাজা পলিবাস ও রাণী মেরোপের কাছে তার আসল জন্মকথা জানতে চায় ঈভিয়াস। কিছু রাজা বা রাণী কেউ সঠিকভাবে কিছু বলল না। তাদের ফুজনের কথার মধ্যেই অফুদ্ঘাটিত এক রহক্ত রয়ে গেল। তথন রেগে গিয়ে তার জন্মরহক্ত জানার আকাঙ্খায় ঘর ছেড়ে বেরিয়ে পড়ল সে। সে ডেল্ফির মন্দিরে গিয়ে এক দৈববাণী লোনার জন্ম মনস্থির করে ফেলে সেই পথে এগিয়ে চলল।

ভেসকির মন্দিরে গিয়ে গণনা করতে যে দৈববাণী হলো তাতে আরো কেড়ে উঠল ইডিপানের সংশয়। দৈববাণী হলো, 'ছে পিড়পরিভ্যক্ত হতভাগ্য যুবক, যদি ভোমার পিতার দক্ষে কোনপ্রকারে আবার সাক্ষাৎ হয় তাহলে ভূমিই তার মৃত্যুর কারণ হবে এবং তোমার মাভাকে বিবাহ করে এমন এক বংশধারার স্কৃতি করবে যাদের সারা জীবন তথু অপরাধ আর অস্তাপের মধ্য দিয়ে কেটে ফারে।

মনের হৃথে যদ্ধির থেকে বেরিয়ে এল ইন্ডিপান। কিন্তু রাজা পলিবানের কাছে আর ফিরে যেন্ডে চাইল না। এবার সে ব্বতে পারল সে আর ঘাই হোক রাজা পলিবানের সন্তান নর। পলিবান তাকে আপন সন্তানের মন্ত ভালবাসলেও সে ফিরে গেল না তার কাছে। তা না গিয়ে সে ডেলফি থেকে বোভিয়ার পথে বওনা হলো। মারখানে পাহাড়ের ভিতর দিরে যাবার সমন্ত এক সংকীর্ণ গিরিপথ পেল। তার মধ্যে চুকেই দেখল একটি রখে করে এক বৃদ্ধ আসতে উন্টো দিক থেকে আর এক ভৃত্য রথের আগে আগে আসতে আসতে সকলকে পথ থেকে সরে যেতে বলছে। একটা লাঠি ঘোরাতে ঘোরাতে সন্বত্তে বলছে, সবাই একপাল হও, রাজার রথ আসছে।

যুবক ঈডিপানের গায়েও রাজরক্ত থাকার জন্ম লে রেগে গেল। এ অপমান দে সফ করতে পারল না। তার হাতে একটা লাঠি ছিল। তার এক খায়েই রথারত রাজার ভ্তাটিকে মেরে ফেলল। রাজা তথন রথ থেকে একটা বর্শা ঈডিপাসকে লক্ষ্য করে ছুঁড়ভেই ঈডিপাস সেটা লাঠি দিয়ে আটকে রাজাকে রথ থেকে ঠেলা দিয়ে ফেলে দিল। বৃদ্ধ রাজা রথ থেকে পড়ে যাওয়ার সক্ষে মারা গেল।

বথচালক রথ নিয়ে রাজবাড়িতে ফিরে গিয়ে মিথ্যা করে বলল এক দস্থা-দলের হাতে রাজার মৃত্যু ঘটেছে। রাণী জোকাস্তার ভাই ক্রীয়ন তথন রাজ্যের শাসনভার চালাতে লাগল।

এদিকে ইভিপাস একা একা পথে ঘ্রতে ঘ্রতে থীবস্ নগরীতে এসে হাজির হলো। গিয়ে দেখল রাজ্যের সব লোকেরা শোকে ছঃথে মর্মাহত হয়ে দিন কাটাচ্ছে। রাজার মৃত্যুশোকের সঙ্গে সাজ আর একটা ভয়াবহ ছঃথে পীড়িত হচ্ছে তারা প্রতি মুহূর্তে।

চারদিকে পাহাড়ের প্রাচীর দিয়ে ঘেরা পীবস্ নগরীর এক প্রান্তে একটি পাহাড়ের উপর রোল ফীঙ্কস্ নামে বিরাটকায় এক জন্তর আবির্জাব হয়। অভিপ্রাকৃত সেই জন্তুটি মাহবের মত কথা বলে। সে রোজ এলে থীবস্ রাজ্যের এক একটি লোককে একটি করে ধাঁধা ধরে। উত্তর দিতে না পারলেই লে দকে সকে লোকটাকে গিলে থেয়ে ফেলে। সে বলেছে যতদিন পর্যন্ত না কেই তার ধাঁধার সঠিক উত্তর দিতে পারবে ততদিন সে রোজ আসবে একং ততদিন সারা রাজ্য জুড়ে মড়ক আর গুডিক্ষ লেগেই থাকবে। রাজ্যের শাক্ষক ক্রীয়নের এক পুক্তও মারা যায় ক্ষীক্ষপ্রের ধাঁধার উত্তর দিতে গিয়ে।

ফলে রাভার বর্তমান শাসক জীয়ন এক ঘোষণায় প্রচার করে দিল, বে ক্ষীক্ষ্এর ধাঁধার উদ্ভর দিতে পারতে সে যুত গরীবই হোক না কেন, তাকে সমগ্র ধীবস্ রাজ্য দান করা হবে এবং বিশ্বা রাণীর দকে তার বিশ্বে দেওয়া হবে।

केंखिशांत्र कीवन् नगबीरक् छाकाव गत्र गत्र कनक नगबवातीया दाया

কীয়নের ঘোষণার কথা বলাবলি করছে। ইভিপাসও তা স্বকর্ণে শুনল।
নগরবাসীরাও এই আগন্তক ব্বককে দেখে ভাবল ঘোষণার কথা শুন পুরস্থাবের আশার ফীন্স্এর বাধার উদ্বব দিতে এসেছে।

দব কিছু খনে ইভিপাদও মেছায় ফীম্স্এর কাছে যেতে চাইল। বলন, আমি ওর ধাধার উত্তর দেব।

আসলে এইভাবে নিজেকে হত্যা করতে চাইছিল ঈভিপাস। কারণ তার মনে এই ধারণা বজ্ঞসূল হয়ে গিয়েছিল যে দে রাজা পলিবাসের কাছে ফিরে গোলে দৈববাণী জহুসারে হয়ত তার মা রাণী মেরোপের সঙ্গে অবৈধ সংসর্গে লিপ্ত হয়ে পড়বে। হয়ত সে তার পালক পিতা পলিবাসের মৃত্যুর কারণ হয়ে দাঁড়াবে ভাগ্যের লিখন জহুসারে। তার থেকে এ জীবন না থাকাই ভাল। মৃত্যুই আজ তার একমাত্র কাম্য।

লৈছিপাসকে যথাসময়ে ক্ষীঙ্কস্এর কাছে নিয়ে যাওয়া হলো। নির্দিষ্ট সময়ে সেই নগরপ্রাচীরের উপর ক্ষীঙ্কস্ নামে সেই জ্তিপ্রাকৃত জন্তটা এসে হাজির হলো। লিভিপাস দাঁড়াল তার সামনে। ক্ষীঙ্কস্ তাকে একটা প্রশ্ন করল। এই একটা প্রশ্ন বা ধাঁধার উত্তর দিতে পারলেই চিরদিনের মত চলে যাবে ক্ষীঙ্কস্। আর সে কথনো আসবে না এবং ছর্ভিক্ষ ও মহামারীও রাজ্য থেকে চলে যাবে।

ফীছদ্ বলল, কোন্ জীব সকাল ছপুর ও সন্ধায় তার পায়ের পরিবর্তন ঘটায়? কোন্ জীব সকালে চার পায়ে, তুপুরে ছই পায়ে ও সন্ধায় তিন পায়ে ইাটে?

প্রশ্ন ভানে ছাসল ইডিপাস। সে একটুও ভয় না পেয়ে উত্তর দিল, সে জীব ছলো মাহুব। মাহুব সকাল অর্থাৎ তার শৈশবে চার পায়ে বা হামাগুড়ি দিয়ে হাঁটে, তুপুর অর্থাৎ পরিণত বয়সে ছুপায়ে হাঁটে আর সন্ধ্যায় বা বার্ধক্যে তিন পা অর্থাৎ লাঠিতে ভর দিয়ে হাঁটে।

শঠিক উদ্ভৱ পেয়ে নীরবে চলে গেল ফীছস্। আর এল না।

ক্ষীবস্থার অত্যাচার আর প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে মৃক্ত হয়ে হাঁপ ছেড়ে বাঁচল থীবস্বাসীরা। তারা ইডিপাসকে মাথায় করে নাচতে লাগল। ক্ষীয়ন তার হাতে রাজ্যভার অর্পণ করল। বিধবা রাণী জোকান্তার সকে তার বিয়ে দিল। জোকান্তার বয়স ইডিপাসের বয়সের থেকে অনেক বেশী হলেও আপত্তি করল না ইডিপাস। ভাবল এখন বিবাহবন্ধনে আবদ্ধ হলে দৈববাণী সত্য হওয়ার কোন সন্তাবনা থাকবে না।

কিছুকাল বেশ হথে কটিল ঈভিপাদের। জোকান্তার গর্ভে পর পর চারটি লন্তান জন্মাল ঈভিপাদের। তার মধ্যে ছটি প্র্যু, তাদের নাম ঈচিওকলন্ আর পলিবীদ। আর কঞাছটির নাম আন্তিগোনে আর ইনমেনে।

্ৰ ঈভিপাদের ছেলেরা বড় হলে দারা রাজ্যে জাবার এক মহামারী মেধা

দিল। মহামারী কিছুতেই যার না কেথে রাজ্যের অধিবাসীরা রোজ দল বেঁধে প্রতিকারের আশার যাজার কাছে আসতে লাগল। ইভিপাস তথন ডেলফিডে প্রণনা করার অস্তু জীয়নকে পাঠাল।

ভেলফির মন্দির থেকে ক্রীরন গুরু জানতে পাবল রাজা লারানের হত্যাকারী। এই রাজ্যেই আছে। সেই অভিশপ্ত হত্যাকারীর জন্মই রাজ্যে এই অশাস্তি চলচে।

একথা শুনে লায়াদের হত্যাকারীর সন্ধান করতে লাগল ঈডিপাস। কিছ অনেক দিনের কথা বলে কেউ কিছু বলতে পাবল না। স্বাই শুধু বলল,-ডেলফি যাবার পথে একদল দ্ব্যুর হাতে প্রাণবিয়োগ হয় রাজা লায়াদের।

কভিপাস তথন অন্ধ জ্যোতিইী টাইরেসিয়াসকে ভেকে আনল। টাইরেসিয়াস কিন্তু জন্মান্ধ ছিল না। যৌবনে সে একবার দেবী এথেনের পিছু পিছু গিয়ে তাঁর ক্রিয়াকর্ম দেখার চেষ্টা করলে এথেনের অভিশাপে সে অন্ধ হয়ে যায়। কিন্তু দেবী এথেন তাকে অন্ধ করে দিলেও তাকে এক অলোকিক শক্তি দান করেন সেই দৈবশক্তিবলে টাইরেসিয়াস যে কোন পাথির ভাক শুনে তার অর্থ বুঝতে। পারত আর যে কোন মাহুষকে চোখে না দেখেও তার ভূত ভবিশ্বৎ বর্তমান সব্বলে দিতে পারত।

কিন্ত ঈডিপাস যা জানতে চাইল তা বলল না টাইরেসিয়াস। সে ঈডিপাসের ভূত ভবিক্তৎ সবই জানতে পারল। কিন্তু মুখে তা বলল না। সে-বলল, সে কথা জানার থেকে না জানাই ভাল রাজন। সেই ভয়ন্তর কথার গোপনতাটা বুকের মধ্যে পুরে রেথে আমাকে বাড়ি যেতে দিন।

কিন্ত সে কথা না ভনে ছাড়ল না ইডিপাস। টাইরেসিয়াস কোনমডে সেকথা বলতে না চাইলে ইডিপাস শব্দু কথা বলে অপবাদ দিল ভাকে। এ বলল, একান্তই যদি না বল ভাহলে খুঝব বাজা লায়াসের মৃত্যুর সঙ্গে ভূমিও অভিত ছিলে।

তথন টাইরেসিয়াস বাধ্য হয়ে বলল, তাহলে ওছন রাজন, আপনিই সেই হত্যাকারী। আপনার জন্মই দৈব অভিশাপ নেমে এসেছে সমস্ত ধীবন্ রাজ্যের উপর। রাজা যখন ডেলফির দিকে যাচ্ছিলেন এক সংকীর্ণ সিরিপথে আপনি ভাকে হত্যা করেন।

ঈডিপালের তথন একে একে সব কথা মনে পড়ল। তেবে দেখল, সভিছে স্থান্ত অতীতে একদিন সে একটি সংকীৰ্ধ গিরিপথে রথাক্ষচ় এক বৃদ্ধ রাজাকে রাগের মাধার স্বগড়া করতে করতে মেরে ফেলে।

চাইবেলিয়ালের কণাটাকে সভা বলে ঈভিপাস মেনে নিলেও রাণী জোকান্ত। ভা মানল না। বলল, টাইবেলিয়ালের কথা ও দ্রের কথা, সব দৈববাণীই সভা হর না। ভূমি রাজা লায়ালকে যারতে যাবে কেন, রাজা লায়াস মারা হার অক্ষল দ্বার হাতে। ভার রথের চালক নিজে কিরে এনে বলে। ভাচাভা দৈববাণীর কথা যদি বল ভাহলে শোন, দৈববাণী বলে রাজা লায়ান ও আমার সন্তান তার বাবাকে হত্যা করবে ও তার মাকে রিয়ে করবে। কিন্তু সে মন্তান ত জনাবার সলে সলে তাকে বনবানে দিয়েছি। তাকে গজীর জর্ব্যের মধ্যে ফেলে আসা হয়। হিংলা বন্ধ পশুরা তাকে কবে থেয়ে ফেলেছে।

কিন্তু ইভিপাস এ কথায় সন্তই হলো না। সে জোকান্তাকে বলন, কোন্ লোকের মারফৎ ভোমার নবজাত সন্তানকে বনে পাঠিয়েছিলে?

वांनी वनन, व्यामादम्ब वांचान ।

ঈঙিপাস তথন সেই বৃদ্ধ রাধালকে আনতে বলন। তাকে জিজ্ঞাসা করলে পে কেঁলে বলন, আমি দয়াবশতঃ আপনার হৃক্ষ তামিল করতে পারিনি বাণীমা। তাকে অন্য এক রাথালের হাতে সঁপে দিই। সে আবার কোরিন্থের রাঞ্চার হাতে তাকে তুলে দেয়।

ভরে চিৎকার করে উঠন জোকাস্তা। এবার সে ব্যাপারটা নব ব্রুতে পারল। ব্রুতে আর বাকি রইল না যে এই ঈভিপাসই তার সেই অভিশপ্ত সম্ভান যাকে কোরিন্থের রাজা পলিবাদ লালন পালন করে। ইভিপাসও সব ব্রুতে পেরে নিদারণ লক্ষায় স্তব্ধ হয়ে রইল।

এদিকে বাণী জোকান্তা সেখানে আব দাঁড়িয়ে থাকতে পাবল না। সে চহাতে মূথ ঢেকে ছুটে গিয়ে তাব নিজের ঘরে খিল দিল। ঘরের দরজা ভেকে দেখা গেল গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেছে সে। ইডিপাস তথন তার পাশে গিয়ে বলল, সমন্ত লজ্জার জ্ঞালা থেকে মৃক্ত হলে তুমি। কিন্তু এত বড় জ্বান্তা পাপের জন্ত মৃত্যুর মত এত লঘু শান্তি জ্বামি নেব না।

এই বলে জোকান্তার মাধার কাঁচা দিয়ে তার নিজের চোথগুটোকে খুঁচে আদ্ধ করে দিল ঈডিপাস। তারপর ভিক্তকের বেশে রাজ্য থেকে বেরিয়ে যাবার সংকল্পের কথা বোষণা করল। তার ছেলেরা একবারও থাকতে বলল না ঈডিপাসকে। তার ছটি মেয়ের মধ্যে ছোট মেয়ে ইসমেনেও তার ভাইদের মত উদাসীন রয়ে গেল ভার বাবার প্রভি। একমাত্র ভার বড় মেয়ে আজিগোনে ভার বাবার হাত ধরে বেরিয়ে গেল রাজ্য থেকে।

আনেক ঘোরাঘ্রির পর তারা এথেক্স শহরে এসে হাজির হলো। তথন বাজা বিনিয়াস এথেকে রাজত করছিল। তাগাবিড্ছিত ইভিপাদের প্রতি, কফলবিশত: এথেক নগরীর বাইছের একটি মন্দিরের পাশে ইভিপাদও আজিগোনের থাকার বাবহা করে দেয় মিনিয়াস। মিনিয়াস তাকে তার রাজ-প্রাসাদেই থাকতে দিছিল। কিন্তু ইভিপাদ কুকুদাধনের জন্ত মন্দিরের কাছে এক নির্দ্ধন ক্লায়পার থাকতে চাইল। তার মৃত্যুর দিন প্রশ্ব নেইখানেই ছিল দে।

থীবস্দের বির্দেধ সাত্রন

আন্তিগোনের হাত ধরে ইভিপাস বেরিয়ে গেলে ক্রীয়ন রাজ্যের শাসনভার হাতে নিলেও ইভিপাসের ছুই ছেলে ইটিওকলস্ ও পলিনীসেস সিংহাসনের উন্তরাধিকার নিয়ে ঋগড়া করতে লেগে গেল। এক রক্তক্ষ্মী সংগ্রামে মেতে উঠল তারা ছজনে।

অবশেবে তাদের মামা ক্রীয়নের মধ্যস্থতায় একটা আপোব মীমাংসায় রাজী হলো তারা। তারা থীবস্ রাজাটাকে সমান হই তাগে ভাগ করে নিল। কিন্ত কিছুদিনের মধ্যেই ঈটিওকলস্ তার ভাই পলিনীসেসকে কৌশলে তাড়িয়ে দিয়ে গোটা রাজাটাকে দখল করে নিল। পলিনীসেস তথন নিরুপায় হয়ে আর্গসের রাজা আন্তেভাসের কাছে গিয়ে আশ্রয় নিল।

রাজপ্রাসাদে গিয়ে পলিনীসেদ যথন পৌছল তথন সন্ধ্যার অন্ধকার ঘন হয়ে উঠেছে। প্রাসাদের বাইরে অন্ধকারে আর একজন পলাতক শরণার্থীর সন্মুখীন হলো পলিনীসেদ। তার নাম টাইডেউস। ক্যালিডনের রাজা অয়নেউসের পূত্র। ঘটনাক্রমে এক আত্মীয়কে হত্যা করে ফেলার জন্ম রাজ্য থেকে নির্বাদিত হয় টাইছেউস।

রাত্রির অন্ধকারে তুই অপরিচিত বিদেশী পরস্পরকে শত্রু বলে ভাবে এবং প্রস্পরকে আক্রমণ করে। পরে রাজা আন্রেস্তাস ও তাঁর লোকজন এসে তাদের থামিয়ে দেয়। তথন তারা নিজেদের ভূল ব্রুতে পেরে লজ্জা পায় এবং বন্ধুত্ব স্থাপন করে পরস্পরের মধ্যে।

এদিকে রাজা আন্তেন্তাস এক দৈববাণী শুনে বড় বিপদে পড়ে। ভার ছটি মেয়ে ছিল। দৈববাণী হয় তার হুই মেয়ের ছটি পশুর সঙ্গে বিদ্নে হবে। সে ছটি পশুর একটি হলো সিংহ আর একটি শ্কর।

যাই হোক, আত্রেন্তাস যথন জানতে পারল তার কাছে আসা শরণার্থী যুবক ত্রুন রাজপুত্র তথন অনেকটা আশক্ত হলো। সে তাদের সাদরে আশ্রুম দান করল। পরে সে দেখল এই হ্রুন মুবরাজের ঢালের উপর ছি পশুর ছবি আকা। পলিনীদেসের ঢালের উপর একটি সিংহ আর টাইভেউসের ঢালের উপর একটি দ্করের ছবি আকা।

সহসা রাজা আন্তেন্ডাসের মাধায় একটি বুজি থেলে গেল। এতক্ষণে সে সেই দৈববানীর প্রতিকী অর্থটি বুঝতে পাবল। সে পরে এই জ্জন যুবকের সঙ্গেই তার ছই মেয়ের বিয়ে দিল। মেয়ে ছটিব নাম ছিল আর্জিয়া আর দেপাইন। ছটি পশুর পরিবর্তে জ্জন বীর যুবকের সজে তাদের বিয়ে ছওয়ায় খুলি হলো তারা।

श्री रुख बात्वकान भनिनीरनम् नाराया क्या हारेन। त दनन्

আমি এখান থেকে বাছা বাছা কয়েকজন সেনাপতির জ্বীনে এক বিরাচ কৈজ্বল পাঠাব। তারা তোষার রাজ্য উদ্ধার করে ছেবে।

এই সাতম্বন হলো আদ্রেন্ডাস নিজে, পলিনীসেন, তার নতুন বছু টাইডেউস, আদ্রেন্ডাসের হুই ভাই, তার ভগিনীপতি ও বড় যোজা এাদ্দিরা-রাউস আর তার ভাইপো ক্যাপানেউস। এদের মধ্যে এাদ্দিরারাউস তথু বীর যোজা ছিল না, সে ভবিশুৎ গণনা করতেও জানত। সে গণনা করে দেখল এই সামরিক অভিযান সফল হবে না। এই সাতম্বন সেনানায়কের মধ্যে মাত্র একম্বন দ্বীবিত অবস্থায় ফিরে আসবে থীবস্ থেকে।

এটা জানতে পেরে এ্যাক্ষিয়ারাউদ রওনা হবার সময় এক গোপন স্থানে - সুকিয়ে বইল। বাজরোবে পতিত হবার ভয়ে রাজাকে কোন কথা জানাল না।
ভার শুকোবার গোপন জায়গাটা কেবলমাত্র তার জী এরিফাইল জানত।

পলিনীসেদ এ্যান্দিয়ারাউদকে দলে টানার জন্ম এক উপায় দ্বির করন।

ক্রে তার মার কাছ থেকে একটা দেবদন্ত গলার হার পেয়েছিল। এই হারটা ভাদের পূর্বপূক্ষ ক্যাভমাদের বিষের দময় তার দ্বী হার্মোনিয়াকে উপহার দেবার জন্ম দেবশিল্পী হিফান্টাস তৈরি করেছিল। সেই হার কোন মেয়েকে দেখালেই তার অলোকিক উজ্জনতায় মোহম্ম হয়ে পড়ত সে। পলিনীসেদ সেই হারটা এ্যান্দিয়ারাউদের দ্বী এরিফাইলকে দেখাতেই সেও মোহগ্রন্ত হয়ে দুর্বল মৃহুর্তে তার স্বামীর শুকোবার জায়গাটা বলে দিল।

তথন এ্যান্দিয়ারাউদকে খুঁজে বার করতেই সে রাজার ভয়ে যুদ্ধে যেতে বাধ্য হলো। তবে যাবার সময় সে তার পুত্র এ্যালেমনকে বলে গেল—আমি যদি যুদ্ধ থেকে আর না ফিরি তাহলে অবিশ্বস্ততার অপরাধের জন্ম সে যেন তার মাকে হত্যা করে। কারণ তার মা-ই তার সেই গোপন জায়গাটা বলে ধরিয়ে দেয় তাকে।

बीवन् नगतीत ताहेत्त नित्वतं भाषाएक छेभत व्यवस्य नितित नित्ततं कत्रन व्याद्यकारम् ताहिनी। यूद्यतं व्याद्य व्यवस्य मृष्ठ भागितः त्यतं द्वाकां कर्ततं दिवा हता। होहेए छिम मृष्ठ हत्य व्यवस्य बीवन् नगतीर्फ गितः दाकां क्रिकिकनन्-अत महन दिवा कर्तन। वननं, व्याभिन भनिनीरमस्य व्याभा वाद्यावः व्यादाः कर्ताः कर्ताः कर्ताः विवादां विवादा

ন্ধটিওকলন্ বলল, আমি তাকে কিছুই দেব না। আমি মুদ্ধকে ভন্ন কৰি না। টাইভেউন দেখল লাবা নগৰী দৈৱাবাহিনীতে ভৰ্তি। বাজধানীয় চাবছিকে ছৰ্ভেন্ত নগৰপ্ৰাচীয়। তাৰ মাৰখানে আছে লাডটি স্থাকিত নগৰ-বাৰ।

ইটিওকলন্ তবু নিশ্চিত হতে পাবন না তাব ধর পশর্কে। সে বছ জ্যোতিবী টাইবেনিয়ানকে তেকে পাঠাল তাব ভবিত্তং স্থলা ক্যাব ধ্বন।

क्षेत्रितिवान नव विद्यु अपन बनन, वैदन्धव आधारिकारन विभएरव कारता

এমঘ ঘন হয়ে উঠেছে। থীবন্এর রাজবংশের কোন এক কনির্দ্ধ পদানই পীবন্ স্থাতিকে এই ঘোর বিপদের হাড খেকে রক্ষা করতে পারবে।

এই ভবিক্সবাণী শুনে সবচেয়ে ভয় পেয়ে গেল ক্রীয়ন। তার ছোট ছেলে মেনোসেউল তার নবচেয়ে প্রিয়। এই প্রেই বাজবাড়ির মধ্যে সর্বকনিষ্ঠ সন্তান। স্বতরাং বাজা পলিনীদেশ তাকে প্রাণবলি দিতে বলবে এই শুরে সে তাকে ভেলফিতে গিয়ে আশ্রয় নিতে বলগ।

কিছ সেকথা গুনল না মেনোসেউল। সে দব গুনে নিজে থেকেই দেশ ও জাতির বৃহত্তর স্বার্থে আত্মবলি দিতে চাইল। এই উদ্দেক্তে লে নগরপ্রাচীর থেকে শত্রুদের শিবিরে ঝাঁপ দিল আত্রুমণ করার জন্ম।

এর পরই শুরু হলো যুদ্ধ। থীবদ নগরীর সাতটি স্থরক্ষিত হুর্গধারে স্বার্গদেশ সাতজন সেনানায়ক এক একদল সৈক্ত নিয়ে আক্রমণ করল। কিছ কোন নগরধার ভেদ করে নগরমধ্যে প্রবেশ করতে পারল না। ডাড়া খেয়ে ফিরে এল।

আপাততঃ থীবস্নগরী বক্ষা পেল বটে, কিন্তু উভয় পক্ষে প্রচুর হতাহত হলো। ফলে অনেকথানি দমে গেল ইটিওকলস্। তাছাড়া থীবস্এর সেনাবাহিনী চলে গেল না শিবির ছেড়ে। আবার তারা নগর আক্রমণ করল নতুন উন্থম। ইটিওকলস্ তথন এক দৃত মারফং এক প্রভাব পাঠাল আর্গনেম্ব শিবির মধ্যে। সে জানাল, আসল হন্টা যথন তাদের ছুই ভাইএর মধ্যে তখন অহেতৃক উভয় দেশের মধ্যে এত লোকক্ষয় করে কোন লাভ নেই। তার থেকে ছুই ভাইএর মধ্যে বৈত যুদ্ধ হোক তাদের জয় পরাজ্যের মধ্য দিয়েই মুক্তের কল নির্ণীত হবে।

এতে ছপক্ষই রাজী হলো। পলিনীসেদ ও ইটিওকলদ্ হজনেই মেতে উঠন এক প্রবল বৈত মুদ্ধ। ঢাল তরোয়াল ও বর্ণা নিয়ে ভীবণভাবে মৃদ্ধ করছে লাগল ছজনে। কিন্তু শত চেষ্টা করেও কেউ কাউকে হারাতে পারল না। অবশেষে ছজনেই মাটিতে লুটিয়ে পড়ে মারা গেল।

তথন উভয়পক্ষের সেনাদলের মধ্যে আবার যুদ্ধ হলো। রাজা আব্রেক্তান সারা গেলেন। অক্ত সেনানায়করা সব পালিয়ে গেল। থীবস্ জয়সাত করন বটে কিন্তু বাজা ইটিওকলস্ ও তার ভাই ছলনেই মারা যাওয়ায় এবং প্রচুষ্ সোকক্ষ হওয়ায় সে জরের মধ্যে কোন গৌরব বা আনন্দ পেল বা বীবস্বাদীরা।

আন্তিগোনে

উডিপালের ছুই পুত্রই একসন্দে মৃত্যুমুথে পতিত হওয়ায় ধীবস্থার ব্রাজবংশের কোন উন্তর্যাধিকারী রইল না। ফলে আবার ক্রীয়নই রাজ্যভার গ্রহণ করল।

রাজ্যভার গ্রহণ করেই এক অন্তুত আদেশ জারি করল ক্রীয়ন। সে ঘোষণা করন, পলিনীনেস দেশন্রোহী ও জাতিরোহী; স্বতরাং মৃতদেহ কেউ যেন সংকার না করে। তার কোন আত্মীয় স্বজন বা শহরের কোন লোক মৃতদেহ যুক্তক্তে থেকে সরিয়ে সমাহিত করলে তাকে মৃত্যুদণ্ড ভোগ করতে হবে। পলিনীসেসের মৃতদেহ শকুনি ও কুকুরেরা ছি ডে খাবে। একমাত্র ইটিওকলস্এর মৃতদেহই রাজকীয় মর্যাদার সঙ্গে সমাহিত হবে।

এজন্ম ইনিওকলস্এর মৃতদেহ যথাযোগ্য রাজকীয় মর্যাদার সঙ্গে সমাহিত করা হলো, কিন্তু পলিনীসেসের মৃতদেহটি যুক্তকেত্রেই অনাদরে অবহেলায় পড়ে রুইল।

আছিগোনে কিছ তার বাবা ও ভাইদের প্রতি সমানভাবে বিশস্ত। তার প্রোণ সকল আজীয়ের জন্ত সমানভাবে কাঁদত। পলিনীসেস যথন মারা যায় তথন আছিগোনে তার কাছে যুক্তক্ষেই ছুটে যায়। পলিনীসেস তাকে মৃম্মু অবস্থায় অন্ধ্রোধ করে আছিগোনে যেন তার স্তদেহের সংকার করে, তা না হলে তার মৃত আজার সদ্গতি হবে না। ইসমেনেও তার জন্ত কাঁদলেও কিছু ক্রার সাহস ছিল না তার।

কিন্ত আন্তিগোনে খ্'লে পেল না কিভাবে সে পলিনীসেসের মৃতদেহের সংকার করবে। কারণ পলিনীসেসের কাছে একদল পাহারাদার বসিয়ে দিয়েছে জীয়ন। তাছাড়া দে একা। তাকে এ কাজে কেউ সাহায্য করবে না।

তবু দমল না অস্তিগোনে। বাজির অন্ধকার ঘন হয়ে উঠতেই যুদ্ধকেজে
গিয়ে অসংখ্য মৃতদেহের মাঝখানে পলিনীদেসের মৃতদেহটার খোঁজ করতে
লাগল। দেখল পাহারাদারদের চোথে ঘুম ধরায় অনেকটা শিথিল হয়ে পড়েছে
পাহারা। কিন্তু একা মৃতদেহটি নদীর ধারে তুলে নিয়ে গিয়ে মাটি খুঁড়ে
কবর দেওয়া সম্ভব নয়। তাই সে কিছু ধুলোবালি জড়ো করে তাই দিয়ে চেকে
দিল মৃতদেহটাকে।

পরদিন সকালে তা দেখে একজন পাহারাদার ছুটে এসে থবর দিল ক্রীয়নকে। ক্রীয়ন তথন তাকে রেগে গিয়ে ছকুম দিল, মৃতদেহের উপর থেকে ধুলোবালি সরিয়ে দাও। যেমন ছিল তেমনি থাকবে। এবারকার মত তোমাদের ক্ষমা করলাম। কিন্ত ফের যদি কেউ এমন করে তাহলে ভোমাদের সকলের প্রাণ যাবে।

मिश्नि वे वे हिन नकान (थर्क। वाश्वित्नातन जार्वहिन वर्ष इत्रज

পলিনীসেনের মৃতদেহ থেকে সব ধুলোবালি উড়ে যাবে। এই ভেবে সে দেখতে গেল। গিয়ে দেখল মৃতদেহের উপর কোন মাটি বা ধুলো নেই; একেবারে অনারত অবস্থায় পড়ে আছে সেটা।

তা দেখে আর থাকতে পারল না সে। প্রকাশ্য দিবালোকে পাহারাদারদের সামনেই মৃতদেহটার উপর মাটি চাপা দেবার জন্য এগিয়ে গেল। সঙ্গে সঙ্গে পাহারাদারেরা ধরে ফেলল তাকে। তাকে বেঁধে ক্রীয়নের কাছে নিয়ে গেল।

ক্রীয়ন তাকে বলল, হে হঠকারী বালিকা, তুমি জ্বান তুমি কি করছ? যে কাজ নিষিদ্ধ করে মাত্র গতকাল আইন জারি করা হয়েছে সে কাজ তুমি কর্ছ কোন সাহলে?

আন্তিগোনে সাহসের সঙ্গে বলন, আমি আঞ্চকালের আইন জানি না।
আমি একাঞ্চ করছি চিরকালের এক চিরস্তন আইনের বশবর্তী হয়ে। সেই
আইনের নির্দেশেই আমি আমার মার গর্ভদাত সম্ভানের মৃতদেহের সংকার না
করে থাকতে পারি না।

ক্রীয়ন তথন বলল, ঠিক আছে, তাহলে মৃত্যুপুরীতে গিয়ে তুমি তোমার ভাইয়ের প্রতি ভালবাসা দেখাবে।

আস্তিগোনে তেমনি সাহদের সঙ্গে বলন, আমাকে তুমি মৃত্যুদণ্ড দিলেও আমার নাম বিখে চিরশ্বরণীয় হয়ে থাকবে ভাই-এর প্রতি বোনের উপযুক্ত কর্তব্য পালন করার জন্ম।

ক্রীয়ন তথন দাৰুণ রেগে গিয়ে ছকুম জারি করল, আন্তিগোনেকে একটি পাহাড়ের স্থান্ত্রপথে নিয়ে তার গুহামুণ্টিকে প্রাচীর গেঁথে বন্ধ করে দেওয়া হবে যাতে দে তার মধ্যে জীবস্ত দমাহিত হয়।

এমন সময় আন্তিগোনের বোন ইসমেনেও এসে ক্রীয়নকে বলস, আমাকেও এই শান্তি দাও, কারণ আমিও একাজে সাহায্য করেছি তাকে।

কিন্তু তার কোন কথা ভনল না ক্রীয়ন।

হেমন নামে ক্রীয়নের এক ছেলে ছিল। সে আন্তিগোনেকে ভালবাসত এবং তাদের বিয়েবও ঠিক হয়ে গিয়েছিল। হেমন এগিয়ে এসে তার বাবার কাছে আন্তিগোনের প্রাণভিক্ষা চাইল। সে বলল, ভূল করছ তুমি। তুমি জান না, আন্তিগোনের প্রতি তোমার এই অন্তাম দণ্ডাদেশের জন্ত রাজ্যের দমত প্রজারা প্রতিবাদের কলগুল্ধন তুলছে; তুর্মু দাহদ করে তোমার সামনে এসে কিছু বলতে পারছে না। কোন বোন কথনও তার ভাইএর মৃতদেহটাকে শেমাল কুকুরের থাতে পরিণত হতে দিতে পারে না। এটা কোন অপরাধ নয়। মৃতের সঙ্গে কেউ যুদ্ধ করে না, মৃতের প্রতি অসম্মান দেখানো কোন মাহ্মের উচিত কাজ নয়। বড় বড় শক্ত বলিষ্ঠ গাছ বড়ের সময় একেবারে ভেলে না পড়লেও তারা নত হয় অনেকথানি। তুমি যত বড় রাজাই হও তোমার ইছে। না গেলেও প্রজাদের ইছে।র কাছে কিছুটা নতি স্বীকার করতে হয়।

জীয়ন তখন রেগে গিয়ে বলল, তোমার মত অর্বাচীন এক বালকের কাছে আমাকে নীতিশিকা শিখতে হবে? যাও, আমাকে জ্ঞান দিতে এসো না। এই কে আছ আন্তিগোনেকে এখান থেকে নিয়ে গিয়ে তার প্রতি প্রদন্ত দণ্ডাদেশ কার্যে পরিণত করো।

আস্তিগোনেকে ধরে নিয়ে যাওয়ার পর অন্ধ জ্যোতিষী টাইবেসিয়াস নিজে একটি ছেলের হাত ধরে ক্রীয়নের কাছে এল। স্পষ্ট ভাষায় ক্রীয়নকে সাবধান করে দিল, আস্তিগোনের প্রতি এই অবিচার ও রাজপুত্ত পলিনীসেসের মৃতদেহের প্রতি এই অপরাধের জন্ম থীবস্ জাতির উপর নতুন করে বিপর্ষয় টেনে আনছ। দেবতারা ক্রুদ্ধ হয়ে উঠেছেন।

ক্রোধান্ধ ক্রীয়ন তথন ভর্ৎসনার স্থারে বলল, মিথ্যা ভবিশ্বদাণীর ভয় দেখাতে এনেছ আমাকে?

টাইরেসিয়াস তথন বলল, আমার কথা মিলিয়ে দেখো, আজকের স্থ অন্ত যাবার আগেই একজনের মৃত্যুর জন্ম আরও হ'জনের মৃত্যু ঘটবে আর তাদের রক্ত তোমার মাথাতেও এসে পড়বে। আমাকে এই দেবদ্রোহীর কাছ থেকে দূরে নিয়ে চল।

টাইরেসিয়াস চলে গেলে তার কথাটা ভাবতে ভাবতে ভয় পেয়ে গেল ক্রীয়ন। সে রাজ্যের প্রবীণ বিশিষ্ট ব্যক্তিদের ডাকিয়ে এ বিষয়ে আলোচনা করতে লাগল। তারা সকলেই একবাকো পলিনীসিসের মৃতদেহের সংকার করতে আর আস্তিগোনেকে মৃক্তি দিতে বলল।

সকলের চাপে পড়ে এ পরামর্শ মেনে নিতে বাধ্য হলো ক্রীয়ন। তাছাড়া টাইরেসিয়াসের ভবিশ্বধাণী শুনে ভয় পেয়ে গিয়েছিল সে। তার ভবিশ্বধাণী কতথানি অভাস্ক তা সে নিজের চোথে এর আগে দেখেছে।

পলিনীদেনের মৃতদেহের সংকারের আদেশ দিয়ে সে নিব্দে আন্তিগোনেকে
মৃক্ত করার জন্য সেই গুহাপ্রাচীর ভাঙ্গতে গেল। তার পুত্র হেমন নিব্দে একটি
কুঠার নিয়ে প্রাচীরটা ভেঙ্গে ফেশল। কিন্তু ভিতরে ঢুকেই ভয়ে চিংকার করে
উঠল হেমন। সে দেখল আন্তিগোনে তার ওড়নার কাপড়টা গলায় জড়িয়ে
শাসক্ষ হয়ে আত্মহত্যা করেছে। তার প্রিয়তমার এই মৃত্যু দেখে হেমন নিব্দের
তরবারি দিয়ে সেও আত্মহত্যা করল। এ খবর ক্রীয়নের স্ত্রীর কানে যাবার
সব্দে দক্ষে শোকে সেও আত্মহত্যা করল।

ক্রীয়ন এবার টাইরেসিয়াসের ভবিগ্রথানীর সত্যতা ব্বতে পারল। অক্ষরে অক্ষরে মিলে গেল সে বাণী। সেদিনের স্থর্গ অস্ত যাবার আগেই একটি মৃত্যুর জন্ম আরও ঘূটি মৃত্যু সংঘটিত হলো।

কিন্ত এই মর্মান্তিক ঘটনায় দহদা পাণরের মত কঠিন হয়ে উঠল ক্রীয়নের অন্তর্মটা। সে বলল, পলিনীদেশের মৃতদেহ সমাহিত করা হবে না। একটু আগে দেওয়া তারই আদেশ প্রত্যাহার করে নিল সে। কিন্ত নিয়তির বিধানে এবারেও নতি স্বীকার করতে হলো ক্রীয়নকে।

বুদ্ধে আন্তেন্তাদের মৃত্যু হয়নি। সে একটি ফ্রন্তগামী ঘোড়ায় করে এথেন্দে চলে গিয়ে দেখানে রাজা বিদিয়াদের কাছে দব কথা বলে আশ্রয় নিয়েছিল। বিদিয়াদ ওঁপু তাকে আশ্রয় দেয়নি, এক বিরাট দৈয়বাহিনী তার দক্ষে দিল। বলল, ক্রীয়ন যদি পলিনীদেদ ও আর্গদের সাতজ্বন বীরের মৃতদেহ যথাযোগ্য মর্যাদার সঙ্গে সমাহিত করতে না দেয় তাহলে আবার থীবদ্ আক্রমণ করা হবে।

থিসিয়াসের বিরাট বাহিনী নিয়ে থীবস্ নগরীর বাইরে এসে দৃত পাঠাল আদ্রেস্তাস। থিসিয়াস নিজেও এল।

ক্রীয়ন সে প্রস্তাব মেনে নিতে বাধ্য হলো, কারণ থীবস্ রাজ্যের লোকেরা আর যুদ্ধ চাইছিল না। ছদিন আগে ঘঠে যাওয়া সেই ভয়ন্বর যুদ্ধের ক্ষত্ত তথনো পুরণ হয়নি।

পলিনীদেদ সহ আর্গদের সাতজন বীরের মৃতদেহ যথাযোগ্য মধাদার সক্ষে দংকার করা হলো। কিন্তু কাপানেউদের মৃতদেহ চিতার চাপানো হলে তার স্ত্রী এনে দেই চিতার ঝাঁপিয়ে পড়ল। থিসিয়াস তাদের হজনের চিতাভন্মের উপর প্রতিহিংসা ও অহতাপের দেবী নেমেসিসের এক মন্দির স্থাপন করল।

থীবস্এর ভাগ্যাকাশ থেকে বিপদের মেঘ কিন্তু একেবারে কাটল না।

পলিনীদেশের একটিমাত্ত সস্তান ছিল। তার নাম ছিল থার্শাগুরে।
আর্গদেই সে থেকে যায়। পলিনীদেদ ছাড়া আর্গদের যে দব বীর থীবদের
দক্ষে যুদ্ধে প্রাণ দেয় তাদের সস্তানরা বড় হয়ে তাদের পিতৃহত্যার প্রতিশোধ
নিতে গেল।

তারা সৈত্য সংগ্রহ করে এক বিরাট সামরিক অভিযানের **জন্ত প্রস্তুত** ছতে লাগল।

রাজা আদ্রেক্তাস তথনো গেঁচে ছিল। কিন্তু অত্যন্ত বৃদ্ধ হওয়ায় সৈশ্য পরিচালনার ক্ষমতা ছিল না। আদ্রেক্তাস ভেলফিতে লোক পাঠিয়ে এ বিষয়ে গণনা করতে বলল। ভেলফি থেকে নির্দেশ দিল এ্যান্দ্রিরারাউসের পুত্র এ্যালসিমীয়নকে যেন এই সামরিক অভিযানের সেনাপতি হিসাবে নিযুক্ত করা হয়।

কিন্তু এ্যালসিমীয়ন যেতে চাইল না। তার বাবার মতই বেঁকে বসল।
তথন থার্সাগুরের মৃদ্ধিলে পড়ল। কারণ এ অভিযানে তারই তৎপরতা ছিল
লবচেয়ে বেনী। যে থীবল্বাসীরা একদিন তার বাবাকে তার নায্য অধিকার
থেকে বঞ্চিত করে অক্যায় মুদ্ধে প্রাণবলি দিতে বাধ্য করে তাদের উপর চরম
প্রতিশোধ নেবে সে। সেই পিতৃরাজ্য সে দখল করবেই।

থাৰ্সাণ্ডার অনেক ভেৰে একটা উপায় খুঁজে বার করণ। তার কাছে তার বাবার আনা একটা ওড়নাছিল। পলিনীসের তার মার কাছ থেকে এই ওড়নাটা পায়, এ ওড়না তাদের পূর্বপুরুষ ক্যাডমাদের বিয়ের সময় তার স্ত্রী হার্মোনিয়াকে দেবী এ্যাফ্রোদিতে উপহার দেয়। এই ওড়না কোন নারীকে দিলেই দে বশীভূত হয়ে পড়বে। এটা দে দ্বানত।

থার্সাণ্ডার ভাবল এই ওড়নাটা যে এ্যালসিমেনের মা এরিফাইলকে দিলে সে নিশ্চয় এর ধারা প্রভাবিত হয়ে তার ছেলেকে ধ্বিয়ে যুদ্ধে পাঠাবে। এই ভেবে সে ওড়নাটা এরিফাইলকে দিল এবং এরিফাইলও কথা দিল তার এ্যালসি-মীয়নকে সে যুদ্ধে পাঠাবেই।

তার মার কথায় এ্যালসিমীয়ন যুদ্ধে যেতে রাজী হলো বটে, কিন্তু হঠাৎ
তার বাবার কথাটা মনে পড়ে গেল। এ বিষয়ে একটা দৈববাণীও শুনতে
পেল সে নিজের কানে। দৈববাণী বলল, সে তার বাবাকে প্রতিশ্রুতি দিয়েছিল
তার বাবা থীবস্ যুদ্ধ থেকে ফিরে না এলে তার মার উপর প্রতিশোধ নেবে।
কারণ তার মা বিশ্বাসঘাতকতা করে তার বাবাকে ধরিয়ে দেয়। এ্যালসিমীয়ন
থীবস্এর বিরুদ্ধে চালিত সামরিক অভিযানের নেতৃত্ব করতে লাগল।

এবার ভাগ্যদেবী স্থাসন্ধ ছিলেন থাসাগুারের আর্গনবাহিনীর উপর। থীবস্এর সেনাপতি দটিওকলস্এর পূত্র লাওডামাসের মৃত্যু হতেই থীবস্ সেনার। ভেকে পড়ল।

অন্ধ টাইরেসিয়াস তথনো বেঁচে ছিল। তার বয়স তথন একশো বছর পার হয়ে গেছে। এই যুদ্ধ সম্পর্কে তার পরামর্শ চাওয়া হলে সে বলল, এ যুদ্ধে তোমাদের পক্ষে জয়লাভ করা কোনক্রমেই সম্ভব নয়। তোমরা এক কাজ করো। তোমরা দৃত মারফং সন্ধি ও শাস্তির প্রস্তাব পাঠাও। তার ফলে যেটুকু সময় পাবে সেই অবকাশে তোমরা নগর তাগে করে অহা কোথাও চলে গিয়ে বসতি স্থাপন করবে।

থীবস্ তাই করল। ফলে থাসাগুার অবাধে থীবস্ নগরীতে ঢুকে তার পিতৃরাজ্য অধিকার করে বদল। পরবর্তীকালে এই থাসাগুার টুয়্যুদ্ধে যোগদান করে।

থার্সাণ্ডার থীবসেই রয়ে গেল। কিন্তু তার সেনাপতি তার দেশে ফিরে গেল। বাড়ি ফিরেই সে দৈববাণীর নির্দেশ মানার জ্বন্ধ বন্ধবর্কর হয়ে উঠল। সে জানতে পারল একটা ওড়নার বশবর্তী হয়ে তার মা তাকে বৃঝিয়ে যুদ্ধে পাঠায়। এতে তার মন আরো শক্ত হয়ে ওঠে। মাকে তাই নিজের হাতে হত্যা করল এটালসিমীয়ন।

মাকে হত্যা করেই বাড়ি ছেড়ে চলে গেল এ্যালসিমীয়ন। সে বাড়িতে কিছুতেই টিকতে পাবল না। প্রতিহিংসার অপদেবতারা তাকে অফুসরণ করতে লাগল। মাতৃরক্ত পাত-করার জন্ম অবিরাম দৈব অভিশাপ ঝরে পড়তে লাগল তার মাধার উপর।

অবশেবে আর্কেডিয়ায় গিয়ে কিছুটা শান্তি পেল এগলসিমীয়ন।

শেখানকার সম্ভদন্য রাজা ফেগেউস দন্মা করে আশ্রম দিয়ে তার জব্দ দেবতাদের কাছে পূজার অঞ্চলি ও উৎসর্গ দান করল। তাকে এইভাবে শাপমূক্ত করে তার সঙ্গে নিজের মেয়ে এটারিসনোর বিয়ে দিলেন।

ভদু দৈবঁ অভিশাপ কাটল না এ্যালসিমীয়নের মাথার উপর থেকে। এমন কি তাকে আশ্রয় দেওয়ার জন্ম আর্কেডিয়াতেও তুর্ভিক্ষ ও মড়ক দেখা দিল। তথন এক দৈববাণী মারকং জানা গেল এ্যালসিমীয়নকে বাস করতে হবে এমন এক জায়গায় যার জন্ম হয় তার মাতৃহত্যার পর।

মাকে হত্যা করে তার কাছ থেকে দেই ভয়ন্বর ছটি উপহারের ২ন্থ সম্পে নিয়ে আসে এগলসিমীয়ন। সে ছটি বন্ধ হলো দেই গলার হার আর ওড়না। দে ছটি বন্ধ তার স্ত্রী এগারিদনোর কাছে রেথে সে একাই বেরিয়ে পড়ল সেই জায়গার সন্ধানে।

অনেক থোঁজাথ জৈর পর সে একিলাস নদীর মোহনায় একটা নতুন খীপ দেখতে পেল। হিসাব করে দেখল এ দ্বীপের জন্ম হয় ঠিক সেট দিন যেদিন সে তার মাকে হত্যা করে।

স্থতরাং এই বীপেই রয়ে গেল আলিসিমীয়ন। তার মনে হলো এতদিনে সে সমস্ত অভিশাপের বোঝা থেকে মুক্ত হয়েছে।

কিন্তু সব অভিশাপ তথনো কাটল না। নতুন বিপদে জড়িয়ে পড়ল এগালসিমীয়ন। এগারিসনোর কথা ভুলে গিয়ে দে নদীদেবতা একিলাদের কন্যা ক্যালিরোকে বিয়ে করল। ক্যালিরোর গর্ভে তার ছটি সন্তান জন্মাল। তাদের নাম রাখা হলো একারাণ ও এগান্দিটেয়াদ।

হয়ত এই নতুন সংসারে স্থী হতে পারত এ্যালসিমীয়ন। কিন্তু বিপদটা দেখা দিল তার দ্বিতীয়া স্ত্রী ক্যালিরোর কাছ থেকে। কথায় কথায় সে একদিন ক্যালিরোকে সেই গলার হার আর ওড়নাটার কথা বলে ফেলে যা সে তার প্রথমা স্ত্রী এগারিসনোর কাছে রেথে আসে। অবশ্র আগেকার বিয়ের কথাটা বলেনি তাকে।

ক্যালিরো এবার দাবি জ্ঞানাতে লাগল তার উপর। বলন, ও ছটো আমাকে এনে দিতেই হবে।

অবশেষে একদিন আর্কেডিয়ায় চলে গেল এগালসিমীয়ন। সেথানে গিয়ে এগারিসনোকে বলল, এথনো তার উন্মাদ রোগ সম্পূর্ণ ভাল হয় নি। অভিশাপ কাটেনি। সে ডেলফির মন্দিরে গিয়েছিল গণনা করতে। সেথানকার দৈববাণীতে বলেছে সেই গলার হার আর ওড়নাটা মন্দিরে রেথে আসতে হবে। তা না হলে তার পাপ স্থালন হবে না বা অভিশাপ কাটবে না।

এ্যারিসনো কোন কিছু সন্দেহ না করেই সরগ বিশ্বাসে জিনিস হুটো নিম্নে নিল। কিন্তু জ্ঞালমিমীয়নের এক অবিশ্বস্ত ভূত্য গ্রারিসনোর বাবাকে বলে দিল আসল কথাটা। বরল তার মনির মিখা কথা বলছে। আসলে সে একিলাদের মেয়ে ক্যালিরোকে বিয়ে করেছে এবং তাকে খুশি করার জন্তই এই উপহার হুটো নিয়ে যাচ্ছে।

কণাটা সত্যি কিনা তা জানার জন্ম এটারিসনোর ছই ভাই এটালসিমীয়নের পিছু নিল। তারা যথন দেখল এটালসিমীয়ন ডেলফির পথে না গিয়ে একিলাস নদীর দিকে যাচ্ছে তথনি তার অবিশ্রস্ততার জন্ম পথেই তাকে হত্যা করল। হত্যা করে তার কাছ থেকে জিনিস হুটো নিয়ে তাদের বোনকে গিয়ে দিল।

কিন্ত স্বামীর মৃত্যুর কথা শুনে ভেলে পড়ল এ্যারিসনো ভীষণভাবে। সে-রুড় ও তীব্র ভাষায় ভর্মনা করতে লাগল তার ভাইদের। তথন ভাইরা-রাগের মাথায় তাকেও হত্যা করল।

এরপর ক্যালিরো যথন জানতে পারল তার স্বামী তাকে ঠকিয়েছে তথন। দেবরাজ জিয়াসের কাছে প্রার্থনা করল তার ছেলে ছটি যেন একদিনেই! বড়-হয়ে তাদের পিতাকে বিশ্বাসঘাতকতার জন্ম সমূচিত শাস্তি দিতে পারে।

জিয়াস তার প্রার্থনা মঞ্জুর করেন। ফলে এ্যাকারাণ ও এ্যান্দিটেরাস একদিনেই চ্টি বলিষ্ঠ যুবকে পরিণত হয় সামাগ্য শৈশব থেকে। তারা তাদের পিতার উদ্দেশ্যে আর্কেডিয়ার দিকে এগিয়ে যেতে থাকে। পথে এ্যারিসনোর ছই ভাইকে দেখে তাদের কাছে মার কাছ থেকে শোনা সেই হার আর ওড়না দেখে তাদের চ্জনকেই হত্যা করে অকম্মাৎ। তারপর মার কাছে গিয়ে জিনিস চটো দেয়।

কিন্তু একিলাস সব কিছু শুনে সে জিনিস বাড়িতে রাখতে দিল না। সেই অভিশপ্ত জিনিস হটি ভেলফিতে এ্যাপোলোর মন্দিরে রাখার জন্ম পাঠিয়ে দিল। পরে এ্যাকারাণ থেকে এক জাতির উদ্ভব হয়।

টাইক ও নেমেসিস

জিয়াদের অন্ততমা কলা টাইক বড় খামথেয়ালী। জিয়াদ তাকে একটা বিশেষ ক্ষমতা দান করেন। কোন মাহবের ভাগ্য কি রকম হবে তা দে ঠিক করত। কাউকে দে প্রচুর দিত, আবার কাউকে কিছুই দিত না। তার খামথেয়ালের জন্ম কারো ভাগ্যে জুটত অনেক কিছু, আবার কারো ভাগ্যে দামান্ত খাওয়া পরার সংস্থানও জুটত না। দে প্রায়ই একটা বল তার হাতে। নিয়ে লোফালুফি করত আর বলত মাহবের ভাগ্য হচ্ছে এই বলের মতন কথনো উপরে কথনো নিচে।

কিন্তু কোন লোক টাইকের রূপায় প্রচুব ধনদৌলত পাবার পর যদি তার অহস্কার করত, অথবা দেবতাদের পূজা না করত, অথবা গরীবদের ত্বংথ দূর করার জন্ম কোন দান না করত তাহলে নেমেসিস এসে তার জীবনকে নানা দিক থেকে অপমান জার বিভ্রনায় ভরে দিত।

নেমেসিস ছিল সাগরদেবতা ওসিয়ানাসের কক্সা। সে সাধারণত: থাকত বামনাসে তার এক হাতে থাকত আপেল গাছের একটা শাখা আর এক হাতে থাকত একটা চক্রন। তার মাথায় থাকত একটা রপোর মুকুট। তার কোমর-বন্ধনীতে থাকত একটা চাবুক। তার দেহসৌন্দর্য ছিল এ্যাফ্রোদিতের মতই।

অনেকে বলে দেবরাজ নাকি নেমেদিসের প্রেমে পড়েন। জলে খলে পৃথিবী ও সমূদ্রের সব জায়গায় তাকে পাবার জন্ম তার পিছু পিছু ঘূরে বেড়ান। কিন্তু নেমেদিস তাঁকে ধরা দেয়নি। উল্টে জিয়াসকে এড়িয়ে যাবার জন্ম কণে করে করে বদলায়। অবশেষে একবার একটি বনহংসের আকার ধারণ করে জিয়াস নেমেদিসের সক্ষে সক্ষম করেন। আর তার ফলে এক ডিম্ব প্রস্বাব করে নেমেদিস। সেই ডিম্ব থেকেই হেলেনের জন্ম হয়। পরে এই হেলেনই ট্রয়যুদ্ধের কারণ হয়ে ওঠে।

অনেকে বলে ভাগ্যদেবী টাইক নাকি এক কৃত্রিম দেবী প্রাচীনকালের দার্শনিকরা গাঁকে আবিদ্ধার করেন। তাঁদের মতে টাইক শুধু ভাগ্যের দেবী নন, তিনি প্রাকৃতিক নিয়ম, ভায়বিচার ও লজ্জার প্রতীক। কিন্তু নেমেসিস একজন সহজাত দেবী, টাইকের যত কিছু আতিশ্যাকে নিয়ন্ত্রিত করার জভাই যাঁর উদ্ভব হয়েছে। নেমেসিসের হাতে যে চক্র আছে তা হচ্ছে পৌরবংসর ও শতুপরিবর্তনের প্রতীক।

অনেকে বলে এই নেমেদিসই হলো লেডা যাঁর অপর নাম লিটো, যাকে পাইথন তাড়া করে নিয়ে বেড়ায়। নেমেদিসের হাতে যে চক্র ছিল তা তথু ঋতু পরিবর্তন নয়, তা ভাগা পরিবর্তনেরও প্রতীক। তা আবার ক্রিয়া প্রতিক্রিয়ারও প্রতীক। অর্থাং সব কাজেরই ফল বা প্রতিক্রিয়া আছে।

মানব জাতির পাঁচটি স্তর

কেউ কেউ বলে প্রমিথিয়াস মাহ্য স্ষ্টি করেন। আবার কেউ বলে এক বিরাটকায় সাপের দাঁত থেকে মাহুষের প্রথম জন্ম হয়। কেউ বলে পৃথিবী নিচ্ছে থেকে তার গর্ভ থেকে স্বাভাবিকভাবে বৃক্ষের ফলের মত মাহ্য প্রস্ব করে। এটিকা দেশে এইভাবে যে মাহুষের প্রথম আবির্ভাব হয় তার নাম এটালাকোমেনেউল। বোতিয়ার অন্তর্গত লেক কোপাইএর ধারে নাকি তার জন্ম হয়।

প্রথম মানব এ্যালাকোমেনেউস নাকি দেবরাজ জিয়াসের বিশেষ বিশাস

ভাজন ও স্নেহভাজন ছিলেন। তাঁর দ্বীর দক্তে দেবরাজ জিয়াসের ঝগড়া যথন তুকে ওঠে তখন এাানাকোমেনেউদ নাকি জিয়াদের পরামর্শদাতারণে কাজ করেন। এঢ়ালাকোমেনেউদ আবার হেরার গর্ভজাত কন্যা বালিকা এথেনের গৃহশিক্ষকরূপে বেশ কিছুদিন কাঞ্চ করেন।

মানবজাতির জন্ম যেভাবেই হোক আদি মুগের মালুষেরা ছিল চিরত্নখী। তাদের যুগকে বলা হত স্থবর্ণ যুগ। তারা সবাই ছিল দেবরাজ জিয়াসের পিতা ক্রোনাদের প্রজা। ছংথ বলে কোন জিনিস ছিল না তাদের জীবনে। কোন পরিশ্রম করতে হত না তাদের। তারা বনে বনে ঘুরে বেড়িয়ে গাছের ফল আবার ভেড়াও ছাগলের হুধ থেয়ে বেঁচে থাকত। তাদের জরামৃত্যু ছিল না। ভারা সব সময় নাচগান ও আনন্দের মধ্য দিয়ে কাটাত। মৃত্যুকে ঘুমের মতই সহস্ত ভাবত তারা৷ কালক্রমে এই ধরনের মানবন্ধাতির বিলোপ घटि ।

এরপর গুরু হয় বৌপ্য ধূগের। এই ধূগের মাত্রবা কটি আর মাংস তুইই থেত। তারা মবাই ছিল শতায়ু। তথনকার মমাজ ছিল সম্পূর্ণরূপে মাতৃ-ভাত্তিক। কোন মাহ্য ভার মার আদেশ অসাত্ত করত না। ভারা কোন দেবতার পূজা অর্চনা করত না। তারা লেখাপড়া জানত না। তারা নিজেদের মধ্যে প্রায়ই ঝগড়াঝাঁটি করত বটে কিন্তু কথনো কোন যুদ্ধবিগ্রহে জড়িয়ে পড়ত না। কালক্রমে জিয়াস তাদের ধ্বংস ও নিশ্চিহ্ন করেন।

এরপর আদে পিতলের যুগ। পিতলের অন্তশন্ত বাবহার করত এই যুগের মাকুষরা। তারা ছিল নিষ্ঠুর প্র**ক**তির এবং যুদ্ধবাজ। তারামাংস ও কটি থেত। তারা যুদ্ধ করে আনন্দ পেত। যুদ্ধবিগ্রহ আর হানাহানির মধ্য দিয়ে তারা একেবারে অবলুপ্ত হয়ে যায় ধরাপৃষ্ঠ হতে।

এর পর শুরু হয় মানবজাতির চতুর্থ যুগ। এই যুগের মাল্যদের দেবতাদের ঐরসে মানবীর গর্ডে জন্ম হয়। তারাও পিতলের অল্লশস্ত নিয়ে যুদ্ধ করত, কিন্তু চারিত্রিক উদারতা ছিল তাদের। তারা বীরত্বের উপাদক ছিল। তারা থীবদ্ ও ইয়যুদ্ধে প্রচুর বীরত্ব প্রদর্শন করে।

বর্তমানের মানবজাতি হলো লোহমূগের মাহস্ব। এটাই হলো মানবজাতির পঞ্ম স্তর। তাদের পূর্ববর্তী স্তরের অযোগা বংশধর। তারা নিষ্ঠ্র, প্রতি-হিংসাপরায়ণ, কামপ্রবণ, বিখাসঘাতক এবং পিতামাতার প্রতি ভক্তিহীন।

টাইফন

দৈত্যকুলের ব্যাপক ধ্বংদের ক্ষন্ত ধরিত্রীমাতা রুষ্ট হয়ে তার প্রতিকার ও প্রজিশোধের কথা ভাবতে লাগলেন। এই সব দৈতারা ছিল তাঁর সস্তান। এই সব সন্তানের অভাব পূরণের জন্ত তিনি আর একটি তুর্বর্ধ সন্তান গর্ভে ধারণ করার কথা ভাবতে লাগলেন। এই সন্তান হবে তাঁর সর্বকনিষ্ঠ সন্তান।

এই উদ্দেশ্যে তিনি তার্তারাসের সঙ্গে সহবাস করলেন কিছুদিন। ফলে গর্জ দঞ্চার হলো তাঁর মধ্যে। যথাসময়ে গিনিসিয়ার অন্তর্গত করিসিয়ার এক শুহার মধ্যে এক পু্তাসম্ভান প্রস্বাব করলেন ধরিত্তীমাতা। এই সম্ভান হলো সারা পৃথিবীর মধ্যে এক বৃহদাকার দানব। তার নাম রাখা হলো টাইফন।

টাইফনের জ্বাছর নিচের অংশটা ছিল সাপের মত। তার বাচ্চ ছটো প্রদারিত করলে তা ছুশো মাইল পার হয়ে যেত এবং দে বাহুতে হাতের পরিবর্তে ছিল অসংখ্য সাপের মাথা। তার ঘাড়ের উপর ছিল একটা গাধার মাথা এবং দে মাথা এতই উটু ছিল যে সে মাথা স্বচ্ছন্দে নক্ষত্রদের স্পর্শ করত। তার পাথা ছটি এতই বিশাল ছিল যে স্থাকে আড়াল করে দিয়ে প্রকাশ দিবাভাগে স্থাবে সব উজ্জ্বলতা মান করে দিয়ে অন্ধকার ঘন করে আনত সমগ্র পৃথিবীতে। তার চোথ দিয়ে আগুন বার হত। সে মৃথ ব্যাদান করলেই জ্বনস্থ পাহাডের মত বড বড অগ্নিপিগু বার হত।

টাইফন যথন অলিম্পাদের দিকে বেগে ধাবিত হত তথন দেবতারা অলিম্পাদ ছেড়ে মিশরে গিয়ে আশ্রয় নিতেন। দেখানে এক একজন দেবতা এক একটি পশুর ছদ্মবেশ ধারণ করতেন। এমন কি দেবরাজ জিয়াস একটি ভেড়ার রূপ ধারণ করতেন। এাপোলো একটি কাক, স্বর্গের রাণী হেরা একটি গাভী, ডায়োনিসাস একটি ছাগল, আর্তেমিস একটি বিড়াল, আক্রোদিতে একটি মাছ, এবং এগারেস একটি শৃকরের ছদ্মবেশ ধারণ করতেন।

দেবী এথেন কিন্তু কোন ছদ্মবেশ ধারণ করেননি। তিনি অলিম্পাদ ছেড়ে কোথাও পালিয়েও যাননি। তিনি দেবরাজ জিয়াদকে তাঁর ভীকতা ও কাপুক্ষতার জন্ম ভংশনা করতে লাগলেন। বললেন, তুমি তোমার দৈব শক্তিষারা টাইফনকে দমন করো। তার এই দানাবক অত্যাচার থেকে দেব-লোককে মুক্ত করার দায়িত তোমারই।

এথেনের একথা শুনে জিয়াস একদিন টাইফনকে লক্ষ্য করে তার বজ্র নিক্ষেপ করলেন। সেই বজ্রাগ্রির আধাতে আহত হলো টাইফন। সে ছুটে ক্যানিয়াস পর্বতে পালিয়ে গেল। জিয়াসও একটি জ্বলম্ভ কাস্তে হাতে তার জতুসরণ করতে করতে ক্যানিয়াস পর্বতে গিয়ে উপস্থিত হলেন। ক্যানিয়াস পর্বত সিরিয়ার কাছে অবস্থিত। সেখানে হজনে হজনকে কাছে পেয়ে ধ্বস্তা-ধ্বন্তি শুক্ করে দিল। টাইফন তার অসংখ্য কুগুলি দিয়ে জিয়াসকে জড়িয়ে ধরে তাঁর জ্বন্ত কাস্তেটি কেড়ে নিল। তারপর তাঁর হাত ও পায়ের পেশীগুলি তাঁর দেহ থেকে বিচ্ছিল্ল করে অকর্মশ্য করে দিল জিয়াসকে। এরপর জিয়াসকে টেনে নিয়ে এল কোরিসিয়ার গুহাতে। জিয়াস জ্বমর। তাঁকে বধ করতে পারল না টাইফন। কিছ তিনি হাত পা কিছুই নাড়তে পারলেন না। টাইফন করে দিল এ্যালসিওনেউসকে।

এরপর দৈত্যদেব নেতৃত্ব করার জন্ত এগিয়ে এল পর্ফিরিয়ন। সে দৈত্যদের বারা জড়ো করা বড় বড় পাধরের স্থূপের উপর দাঁড়িয়ে লাফ দিয়ে অলিম্পাস পর্বতের উপর উঠে গেল। তার সামনে কোন দেবতা দাঁড়াতে পারল না। অব্যা করতে পারল না। একমাত্র এথেন অটলভাবে দাঁড়িয়ে রইল। কিন্তু পর্ফিরিয়ন তাকে কিছু না করে হেরাকে প্র্জাত লাগল এবং তাঁকে ধরেই তাঁর গলা টিপে মারার জন্ত উত্তত হলো। তথ্ন কামদেবতা ইরস তার উপর একটি তীর নিক্ষেপ করে তার সমস্ত ক্রোধাবেগকে সহসা কামাবেগে পরিণত করে দিলেন। পর্ফিরিয়ন তথ্ন হেরাকে গলা টিপে হত্যা করার চেষ্টা না করে তাঁকে ধর্ষণ করার চিস্তা করতে লাগল। হেরার গা থেকে দামী পোষাকগুলো খুলে ফেলল।

দেবরাজ স্বচক্ষে দেখলেন তাঁর সামনে পর্কিরিয়ন তাঁর স্ত্রীকে ধর্ষণ করতে যাচ্ছে। তিনি তথন প্রবল আক্রোশে এক বজ্র নিক্ষেপ কবলেন তার উপর। বেশ কিছুটা আঘাত পেয়ে পড়ে গেলেও আবার সঙ্গে সঙ্গে উঠে পড়ল পর্কিবিয়ন। তথন হেরাকলশ্ ফ্লেগবা থেকে এসেই একটি তীর দ্বাবা বধ করে ফেলল তাকে।

পর্কিবিয়নের পতন ঘটতেই দৈতাদেব নেতৃত্ব করতে এল এফিয়াল্তে। এমেই দে আারেদকে এমনভাবে আঘাত করল যাতে তিনি নতজাম হয়ে বদে পড়তে বাধ্য হন। তথন আাপোলো এফিয়াল্তের বাঁ চোথটিকে একটি তাঁর দিয়ে বিদ্ধ করেন। তারপর তিনি হেরাকলস্কে ডাকতে থাকেন। তথন হেবাকলস্ এদে তার গদা দিয়ে তার আধাতে মৃহুর্তে বব করে ফেলে এফিয়াল্তেকে।

এইভাবে যথনি কোন দেবতা কোনভাবে কোন দৈত্যকে আছত করেন তথনি কোকলস এসে তার গদার চবম আঘাতে তাকে বধ করে কেনে। এইভাবে ডাওনিসাসের হাতে ইউরিতাস ও থার্সাস, হিকেটের হাতে ক্লাইতিযাস, হিফাস্টাসের হাতে মিমাস ও এথেনের হাতে প্যালাস নিহত হয়। সবচেয়ে শান্তিপ্রিয় দেবী হেন্তিয়া ও দিমেতার এ যুদ্ধে যোগদান করে নি। তারা তথু পাশ থেকে নীবৰ দর্শক হিসাবে দেখতে দেখতে হাত মোচডাতে লাগল।

এইভাবে সর্বশক্তিমান দেবতানের কাছে নির্জিত হয়ে হতাশ মনে মর্ড্যে পালিয়ে গেল দৈত্যরা। তাদের পিছু পিছু দেবতারাও তেডে গেল। এথেন এনক্ল্যাডাদ নামে একটা দৈত্যের উপর একটা ক্ষেপনাস্ত্র নিক্ষেপ করলেন। সেই আঘাতে এনক্ল্যাডাদ দিদিলি বীপে পরিণত হয়। সমুদ্র-দেবতা তাঁর জ্বিশূল দিয়ে একটা পাহাড় থেকে পাথর কেটে তা পলিবেটস্এর উপর নিক্ষেপ করলেন। পলিবেটস্প্র একটা ছোট বীণে পরিণত হয়।

আর্কেডিয়ার অন্তর্গত ব্যাথস নামক এক জায়গায় দৈতারা তাদের এক নতুন

বসতি স্থাপন করার জন্ম শেষ চেষ্টা করে দেখল। সেখানে নাকি আজও আগুন জ্বলে এবং সেখানকার মাটিতে চাষীরা লাঙ্গল দিয়ে জমি চষতে গিয়ে আজও দৈত্যদের হাড় পায়।

ইতার্লির কুমা নামক সমতলভূমিতে দেবতাদের সঙ্গে বিদ্রোহী দৈতাদের যে চূড়ান্ত সংগ্রাম হয় তাতে দৈতারা একেবারে ধ্বংসপ্রাপ্ত হয়। হার্মিন নরকের রাজার কাছ থেকে এমন একটি শিরস্তাণ আনেন যা পরে থাকলে যে কোন যুদ্ধে জয় অনিবার্য। সেই শিরস্তাণ পরে দৈতাদের নেতা হিপ্লোলিটাসকে ধ্বাশায়ী করে ফেলেন হার্মিন। আর্তেমিন তথন গ্রেশিয়নের পতন ঘটান। নিয়তি দেবীরা আর্গান ও থোয়াদের মাথাগুলো ভেঙ্গে দেন। এ্যারেন তাঁর বর্শা আর জিয়ান তাঁর বজ্ঞ হারা বাকি দৈতাদের ঘায়েল করেন। সব ক্ষেত্রেই দেবতাদের অস্ত্রাঘাতে দৈতারা মৃথ থ্বড়ে পড়ে যাবার দক্ষে সঙ্গেই হেরাকলন তার গদা দিয়ে তাদের মাথাগুলো ভেঙ্গে গুড়িয়ে তাদের মৃত্যু ঘটায়। এরপর থেকে দৈতারা দেবতাদের বিরুদ্ধে আর মাথা তোলার সাহন বা শক্তি পায়নি কোন্দিন।

এ্যালোয়েদস্

এফিয়াল্তে ও ওতাদ ছিল ইফিমেদিয়ার অবৈধ দস্তান। ত্রিওপদ্এর কলা ইফিমেদিয়া সম্প্রদেবতা পদেভনের প্রেমে পড়ে। তাঁর প্রেমপ্রার্থিনী হয়ে দে সম্প্রতীরে বদে বদে সম্প্রতরক্ষগুলিকে ছহাত বাড়িয়ে আলিক্ষন করে তার কোলের উপর ধারণ করে। এরই ফলে তার মধ্যে গর্ভদঞ্চার হয় এবং দেই গর্ড থেকে ঘৃটি পুত্রদস্তান জন্মগ্রহণ করে।

ইফিমেদিয়া অবশ্র পরে আলোউন নামে এক দানবরাজকে বিয়ে করে। আলোউন ছিল বোতিয়ার অন্তর্গত এ্যানোপিয়ার রাজা। ইফিমেদিয়ার কুমারী বয়সের অবৈধ পু্ত্রসন্তানহটি আলোউদের সন্তান হিদাবে পরে এ্যালোয়েদন নামে অভিহিত হয়।

কিন্দ ইফিমেদিয়ার এই অতিপ্রাক্ত সন্তানগৃটি অলোকিক ও অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেতে থাকে। তারা জন্মের পর থেকেই প্রতি বছর নয় কিউবিট
করে আয়তনে ও উচ্চতায় বাড়তে থাকে। এইভাবে যথন তাদের বয়স নয় বছর
পূর্ব হলো তথন তারা তাদের বৃহদাকার দেহের শক্তির দত্তে আত্মহারা ও
হিতাহিত-জ্ঞানশূত্ত হয়ে পড়ল। এক অসাধারণ উচ্চাভিলাবের মদে মন্ত হয়ে
স্বর্গলোক অলিম্পিয়া অভিযানের বাসনা প্রকশি করে। ফাইল্ম নদীর ধারে
এফিয়াল্তে ও ওতার্স একদিন শপ্ত করল তারা যথাক্রমে স্বর্গের রাণী হেরা ও
দেবী আর্ডেমিসকে ধর্ষণ করবে।

এই উদ্দেশ্য পাধনের জন্ম তারা প্রথমে ঠিক করল রণদেবতা আরেদকে প্রথমে তারা বন্দী করবে। তা যদি করে ভাছলে স্বর্গঞ্জয় সহজ্ঞ হয়ে উঠবে তাদের পক্ষে।

এই মনে করে কালবিলম্ব না করে তারা চলে গেল থ্রেলে। "রণদেবতা এ্যারেস তথন সেথানেই অবস্থান করছিলেন। সেথানে এ্যারেসকে একা পেয়ে সহজ্বেই তাকে ধরে ফেলে নিরম্ভ করল তাঁকে। তারপর তাঁর হাত পা বেঁধে একটি বড় তামার পাজে ভরে তাদের বিমাতা এরিবোয়ার বাড়িতে এক জায়গায় প্রকিয়ে রাথল। তাদের মা ইফিমেদিয়া অকালে মারা যাওয়ায় তাদের বাবা আবার এরিবোয়াকে বিয়ে করে।

এরপর শুরু হলো তাদের স্বর্গলোক অভিযানের কাজ। এক ভবিগ্রথাণী ও দৈববাণীর মাধ্যমে তারা জানতে পারে কোন মামুষ বা দেবতা তাদের বধ করতে পারবে না। এজন্য ক্রমে আকাশচুষী ও অপ্রতিহত হয়ে ওঠে তাদের ফু:সাহদী অভিলাষ।

অলিম্পিরা অবরোধের এক উপায়ও থাড়া করে তারা। তারা প্রথমে অলিম্পিরার স্থউচ্চ শিথরদেশে ওঠার জন্ম ওসা পাহাড়ের উপর পেলিয়ান নামে আর একটা পাহাড় চাপিয়ে দেয়। তারপর নিকটবর্তী সমূজটার মধ্যে পাহাড় ফেলে ফেলে সেটাকে একেবারে বুজিয়ে দেবার সংকল্প করে।

এদিকে এ্যালোয়েদদের এই তুর্বর্ধ বাসনার কথা শুনে দেবতারা চিস্তিত ও ভীত হয়ে পড়বেন। এ্যাপোলো দেবী আর্ডেমিসকে এক উপদেশ দিলেন। তিনি বললেন দৈহিক বলে যথন এসব দানবদের পরাস্ত করা সম্ভব নয়, তথন কৌশলে ও ছলনার ধারা তাদের বনীভূত করা ছাড়া উপায় নেই।

গ্রাপোলোর পরামর্শ অম্পারে গ্রালোয়েদদের কাছে এক বার্তা পাঠালেন দেবী আর্ডেমিস'। বলে পাঠালেন তারা যদি অলিম্পিয়া অবরোধ তুলে নেয়, ভাহলে তিনি ল্যাক্ষম বীপে গিয়ে ওতাসের আলিম্বনে ধরা দেবেন।

এই বার্তা পেয়ে উৎফুল হয়ে উঠল ওতাদ। আনন্দে আত্মহারা হয়ে অলিম্পিয়া অবরোধের কথা ব্যক্তিগতভাবে ভূলে গেল দে। কিন্তু এ কথায় এফিয়াল্তে খুলি হতে পারল না। কারণ স্বর্গের রাণী হেরা তার কাছে অম্বরণ কোন আত্মসমর্পণের বার্তা পাঠান নি। অথচ হেরাকে কামনা করে এবং এ কামনাকে দে কার্যে পরিণত করে তুলবেই। ওতাসের এই সোভাগ্যে ইবাছিত হয়ে উঠল দে। কোধে ও ইবায় ক্রমলঃ অদ্ধ হয়ে উঠতে লাগল দে।

যাই হোক, ত্বজনে তারা ল্যাক্সন বীপে গিয়ে হাজির হলো। শেষ পর্যস্ত কি হয় তা দেখতে হবে।

কিন্ত ল্যাক্সনে গিয়ে তারা এক নতুন বিপদের দম্থীন হলো। বিপদটা এল ভাদের ভিতর থেকে। এফিয়াদ্তে প্রস্তাব করল, আর্ডেমিদের প্রস্তাব প্রভাগান করা হোক, কারণ ভাদের দাবি পুরোপুরি দেবতারা মেনে নেননি। আর তা যদি ওতাস প্রত্যাখ্যান না করে তাহলে আর্ডেমিস তাদের কাছে এলে বড় ভাই হিসাবে এফিয়াল্ভেই প্রথমে ধর্ণ করবে তাঁকে।

কিছ একথা সহচ্ছে মেনে নিতে চাইল না ওতাস। সে বলল আর্ডেমিল যথন তার কাঁছে ধরা দিতে চেয়েছে তখন একমাত্র সে-ই তাকে ভোগ করবে। কিছ এফিয়াল্তেও তার দাবিপ্রণের ব্যাপারে অচল অটল। এইভাবে তাদের বিপদ্ যথন তুলে উঠল তখন এক সাদা মৃগীর রূপ ধারণ করে আর্ডেমিল লেখানে এসে হাজির হলো। মৃগীটিকে দেখে ছজনেই মোহিত হয়ে গেল।

তৃজনেই তাদের আপন আপন বর্ণানিক্ষেপের দ্বারা মুগীটিকে আগে বধ
করতে চাইল। কে আগে বর্ণা ছুঁড়বে তাই নিয়েই মতাস্তর হলো এবং ঝগড়া
বাধল। দে ঝগড়ার কোন মীমাংদা না হওয়ায় ছজনেই এক দলে তাদের হাত
থেকে বর্ণা নিক্ষেপ করল মুগীটিকে লক্ষ্য করে। এমন দময় মুগীরূপিণী আর্তেমিদ
কৌশলে এমনভাবে তাদের হজনের মাঝখানে এসে পড়লেন ম্বাতে তাদের
বর্ণাছটি লক্ষ্যভ্রত্তী হয়ে তাদের বুকছটিকে আমূল বিদ্ধ করল। ফলে ছজনেই একই
দক্ষে মৃত্যুবরণ করে মাটিতে শুটিয়ে পড়ল।

তানের মৃতদেহত্টিকে পরে বোতিয়ায় নিয়ে যাওয়া হয়। কিন্তু ল্যাক্সদের অধিবাসীরা আজও বীরত্বের প্রতীক হিদাবে শ্রদ্ধার সঙ্গে শ্বরণ করে তাদের।

দৈতাদের অবরোধ থেকে এইভাবে অলিম্পিয়া মুক্ত হবার সঙ্গে কর্মেস এ্যারেসের সন্ধানে বেরিয়ে গেলেন। হার্মিস জ্ঞানতেন এ্যালোয়েদস ভ্রাতান্তর এ্যারেসকে বন্দী করে তাদের বিমাতা এরিবোয়ার বাড়িতে এক গোপন জ্ঞায়গায় পুকিয়ে রেথেছে।

হার্মিন তাই এবার বিষয়গর্বে চলে গেলেন এরিবোয়ার বাড়িতে। বললেন, ছেডে দাও তাকে।

এ্যারেসের অবস্থা তথন অর্থমৃত। যাই হোক, এ্যারেসকে মৃক্ত করে স্বর্গে চলে গেলেন হার্মিস। গিয়ে শুনলেন এক অন্তুত কথা। শুনলেন এ্যালোয়েদৃস্ ভাইরা মরে গেলেও তাদের আস্থা আবার তারকার্মণে অবতীর্ণ হয়েছে।

থবরটা পেয়েই দেবতারা আবার তারকারপে ছুটে গেলেন। সেথানে তাদের দেখতে পেয়েই দেবতারা তাদের একটি বিরাট স্তম্ভের সঙ্গে তাদের ভূজনকেই কতকগুলি জীবস্ত বিষাক্ত সাপ দিয়ে বেঁধে রাথা হলো। সেই অবস্থায় থাকতে থাকতে তারা পাথর হয়ে যায়। তারা আজও সেথানে পিঠে পিঠ দিয়ে ভূজনে বসে আছে একটি স্তম্ভের গায়ে আর সেই স্তম্ভের মাধার উপর জলপরী স্টাইল্ল বসে আছে। আসলে এ্যালোয়েদরা যেন অচরিতার্থ শপথের প্রতীক হয়ে ভাদের ব্যর্থতার কথা সকলকে শ্বরণ করিয়ে দিচ্ছে।

ডিউক্যালিয়নের বন্যা

ভিউক্যালিয়নের বন্থা বললেই ওগিজিয়ার বন্থার থেকে এর পার্থক্যের কথাটা স্পষ্ট হয়ে ওঠে আপনা থেকে। আসলে এই বন্থার উদ্ভব হয় দেবরাজ জিয়াসের ক্রোধ থেকে। জিয়াস একবার পেলাগাসপুত্র লাইকাওনের উপর ভীষণ রেগে যান। ওই লাইকাওনই আর্কেডিয়ার অরণ্য অঞ্চলগুলিতে সভ্যতা প্রতিষ্ঠা করে এবং জিয়াসের পূজার প্রচলন করে।

কিন্তু জিয়াসের কাছে একবার এক বালককে প্রথম উৎসর্গ করা হয় বলে কষ্ট হয়ে ওঠেন জিয়াস লাইকাওনের উপর। তার ফলে লাইকাওন জিয়াসের রোষে নেকড়েতে পরিণত হয় এবং বজাঘাতে তার প্রাদাদ ভক্ষীভূত হয়। লাইকাওনের বাইশটি পুরু ছিল।

লাইকাওনের ছেলেদের এই অপরাধের কথা অলিম্পাদের সর্বত্ত ছড়িয়ে পড়ল। দেবরান্ধ জিয়াস একবার তাদের পরীক্ষা করার জন্ম নিজে ছন্মবেশে তাদের কাছে গিয়ে উপস্থিত হলেন। তিনি এক সাধারণ পথিকের ছন্মবেশ ধারণ করলেন। কিন্তু তারা জিয়াসকে চিনতে পেরেও তাঁকে ইচ্ছা করে অপমান করার মানসে তাঁকে এমন এক কুখান্ম ঝোল থেতে দিল যার মধ্যে পশু ও মাম্বের নাড়ীভুঁড়ি মেশানো ছিল।

জিয়াস কিন্তু আগে থেকে তা জানতে পারেন। তাঁকে প্রতারিত. করার ক্ষমতা তাদের ছিল না। তাই জিয়াস সেই ভোজসভার সাজানো টেবিলটা নিজের হাতে উন্টে দিয়ে ব্যর্থ করে দেন তাদের সব ষড়যন্ত্র। সেই ষড়যন্ত্রের সব কথা যোগবলে জিয়াস জানতে পেরে ভীষণ রেগে উঠল। তিনি রাগের মাথায় তাদের সকলকে পশুতে পরিণত করেন।

অলিম্পিয়ায় ফিরে এসে জিয়াস সারা পৃথিবীকে ভাসিয়ে দেবার জন্ম এক মহাপ্লাবনের স্বষ্টি করলেন। সেই মহাপ্লাবনের ছারা পৃথিবীর সব মানব ও দানবদের ভাসিয়ে একেবারে নিশ্চিহ্ন করে দিতে চাইলেন তিনি।

দেববাজ জিয়াস তাঁর এই ভয়স্কর ইচ্ছা প্রকাশ করার সঙ্গে সঙ্গে দক্ষিণ দিক হতে প্রবল বাতাস বইতে লাগল আর শুক হলো প্রবল অবিরাম বৃষ্টি। দেখতে দেখতে জলে জলাকার হয়ে উঠল পৃথিবী। সমস্ত নদীগুলো কূল ছাপিয়ে তুর্বার ব্যার আকারে ছুটে যেতে লাগল চারদিকে। সব ডুবে গেল। সব জনপদ ও গ্রামনগর ভেসে গেল। একমাত্ত কভকগুলো বড় বড় পাহাড়ের চড়াগুলো জেগে রইজ সেই মহাপ্লাবনের মাঝে।

সে প্লাবনে সব মায়ৰ ও দৈত্যদানৰ ভেসে গেল। কেউ রেহাই পেল না। একমাত ভিউক্যালিয়ন বেঁচে গেল। প্রমিথিয়াসপুত্ত ভিউক্যালিয়ন ছিল পিথিয়ার রাজা। আগে থেকে জানতে পেরে সাবধান হয়ে পড়ে সে। ভিউক্যালিয়নের বাবা প্রমিথিয়াস যখন দেবরাজ জিয়াসের কোপে পড়ে ক্রেলাল পর্বতে শৃংথলিত অবস্থায় বন্দীদশায় কাটাছিল তখন সে একবার দেখা করে তার বাবার সঙ্গে। প্রমিথিয়াস তখন তার ছেলেকে সাবধান করে দেয়। বলে, এই ধরনের এক মহাপ্রাবনের ছারা সারা পৃথিবীকে ভাসিয়ে দেবে জিয়াস।

এই সতর্কবাণী শুনে ডিউক্যালিয়ন এক জাহাজ বানায়। তারপর বেশ কিছুদিনের জন্ম থাবার আর প্রয়োজনীয় মালপত্ত নিয়ে স্ত্রী পাইরণকে সঙ্গে করে সেই জাহাজে গিয়ে ওঠে ডিউক্যালিয়ন।

প্রচুর বৃষ্টি আর গ্লাবন চলে পুরো নয়দিন ধরে। তারপর থেকে বানের জল কমতে থাকে ক্রমশঃ। ডিউক্যালিয়নের জাহাজটা নয়দিন ধরে ডেসে বেড়াতে লাগল ক্রমাগত। নয়দিন পর দেখা গেল তার জাহাজটা পার্দোস পাহাড়ের কাছে একে পড়েছে। তাছাড়া ডিউক্যালিয়নের কাছে এক ঘুবু পাথি ছিল। পাথিটাকে মাঝে মাঝে ছেড়ে দিয়ে দেখত পাথিটা কোথাও বসতে জায়গা পেয়েছে কি না। নয় দিন পর পাথিটাকে ছেড়ে দিতেই পাথিটা উড়ে গেল, আর ফিরে এল না। ডিউক্যালিয়ন তথন স্বল পাথিটা বসতে জায়গা পেয়ে গেছে অর্থাৎ বলার জল অনেকটা সরে গেছে।

জাহাজ থেকে নেমে সেফিনাস নদীর ধারে থেমিস নামে এক জায়গায় চলে গেল ডিউক্যালিয়ন। সেথানে জিয়াসের মন্দিরে পূজো দিল জিয়াসের উদ্দেশ্য। পূজো দেবার সময় দেবরাজ জিয়াসের কাছে প্রার্থনা করল ডিউক্যালিয়ন তিনি যেন মানবজাতিকে নতুনভাবে স্ঠিকেরন। তাদের প্রার্থনায় সম্ভুঠ হয়ে জিয়াসও হার্মিসকে পাঠিয়ে বলে দেন তার প্রার্থনা মঞ্জুর করা হবে।

এমন সময় থেমিস সশরীরে আবিভূতি হয়ে ডিউক্যালিয়নকে বলল, তোমরা স্বামী-স্ত্রীতে হজনে মিলে তোমাদের মাথাগুলো তেকে দাও আর তারপর তোমাদের পিছনে তাদের মার দেহের হাড়গুলো ছুঁড়ে ফেলতে থাক।

প্রথমে কথাটার মানে বুঝতে পারল না ডিউক্যালিয়ন। পরে অনেক ভেবে ঘুঝল তাদের মা বলতে এথানে ধরিত্রী বা পৃথিবীমাতাকে বোঝানো হয়েছে এবং সেই পৃথিবীমাতার হাড় বলতে পাহাড়ের পাথরগুলোকে বোঝাচ্ছে।

এই কথা বুঝে ভিউক্যালিয়ন আর তার দ্বী পাইরা প্রথমে নিজেদের মাথাগুলো ঢেকে দিল। তারপর পাহাড় থেকে পাথর এনে সেই পাথরগুলো কোন মাম্বকে দেখতে পেলেই তার মাথার উপর মারতে লাগল। এইভাবে প্লাবনে রক্ষা পাওয়া অনেক মাম্ব ওদের হাতে মারা গেল। ওরা চেয়েছিল, যারা পুণাবান ও ভাল মাম্ব তারাই ওধু বেঁচে থাকবে পৃথিবীতে।

মহাপ্লাবনের সময় **জাহাজ** বা কোন কিছুর সাহায্য ছাড়াই বিনা চেটাতেই আরো ফুজন মাছব বেঁচে যায়। তারা হলো জিয়াসের ঔরস্জাত ও কোন প্রাণ—১৮ মানবীর গর্ভদাত পুত্র মেগারাস। মহাপ্লাবন আসার সময় মেগারাস তার বিছানায় ঘুমোচ্ছিল। কিন্তু জিয়াসের রূপায় অলোকিকভাবে তার প্রাণ বক্ষা পায়। সহসা এক সারস পাথি তাকে ঘুম থেকে ভেকে নিয়ে জেরামিয়া পাহাড়ের উপর যায়।

আর একজন হলো পেলিয়নের সেরামবাস। প্লাবনের সময় কোন এক জলদেবী দ্যা করে সেরামবাসকে একটি পাথিতে পরিণত করে দেয়। সে তখন পার্ণেসাস পাহাড়ের চূড়ার উপর উড়ে গিয়ে বসে থাকে এবং এইভাবে প্রাণ বাঁচার।

তাছাড়া পার্ণেদাদ পাহাড়ের আলেপালে যে দব মাহুষরা বাদ করত তারাও বৈচে যায় সেই মহাপ্লাবনের সময়। তারা দমুদ্রদেবতা পদেডনের রূপায় বেঁচে যায়। রাজিবেলায় যথন তারা ঘূমে অচেতন ছিল তথন দহদা অদংখ্য নেকড়ে বাঘের চীৎকারে তাদের ঘূম ভেঙ্গে যায়। তারা প্লাবনের জল দেথে পার্ণেদাদ পাহাড়ের মাথার উপর উঠে গিয়ে প্রাণ বাঁচায়। পরে পদেডনের পুর্বে পার্ণেদাদ তার নাম অফুদারে পার্ণেদাদ নামে একটি শহর নির্মাণ করেন। এই পার্ণেদাদই নাকি প্রথমে জ্যোতিষ্বিত্যার আবিদ্ধার করেন। প্লাবনের দময় যে দব মাহুষ নেকড়ে বাঘের চাঁৎকার ভনে পাহাড়ে উঠে প্রাণ বাঁচায় তারাও পরে নেকড়ের নামের দঙ্গে সক্ষতি রেথে একটি নতুন নগর নির্মাণ করে আর তার নাম দেয় লাইকোরিয়া।

কিন্তু মহাপ্লাবনে অনেক কিছু ধ্বংস হলেও তার থেকে এমন কিছু ভাল ফল পাওয়া যায় নি। পার্ণেসাস নগর থেকে অনেক পরে আর্কেডিয়ার অরণ্য অঞ্চলে গিয়ে নতুন করে বসতি স্থাপন করে। তারা আবার জিয়াসকে অক্রদ্ধা করতে শুক্র করে। তারা আবার জিয়াসের মন্দিরে বালক বলির প্রবর্তন করে।

তারা প্রথমে একটি নদীর ধারে জিয়াদের উদ্দেশ্যে একটি ছেলেকে বলি দেয়। তরিপর সেই মৃত ছেলেটির নাড়ীভূড়ী দিয়ে ঝোল রামা করে তা মাঠের রাথালদের ডেকে থেতে দেওয়া হয়। রাথালদের মধ্যে কে সেই নাড়ীভূড়ী থাবে ডা ভাগ্য পরীক্ষার বারা ঠিক করা হয়।

যে ছেলেটি সেই নাড়ীভূড়ী থায় তাকে থাওয়ার পর একবার নেকড়ে বাদের
মত ভাকতে হয়, তারপর জামা কাপড় সব ছেড়ে সাঁতার কেটে নদী পার হয়ে
ওপারের গভীর অরণ্যে গিয়ে আট বছর নেকড়েদের মাঝে থাকতে হয়। এই
আট বছর ধরে নেকড়েদের মধ্যে বাস করেও সে যদি কোনদিন মাহুষের মাংস
না থায় তাহলে আবার সে তার মহন্ত ফিরে পাবে। তাহলে নির্দিষ্ট সময়কালের পর সে আবার সেই নদীটি সাঁতরে পার হয়ে এপারে এসে তার ছেড়ে যাওয়া পোষাক আবার সে পরে মাহুষের সমাজে ফিরে আসবে।

পরবর্তীকালে দামার্কাদ নামে এক ব্যক্তি আট বছর নেকড়েদের মধ্যে বাদ করার পর আবার সে মাছবের সমাজে ফিরে আদে। যাই হোক, যে ভিউক্যালিয়ন মহাপ্লাবনে প্রাণে বেঁচে গিয়ে পরে জিরাদের ক্রণালাভ করে দেই ভিউক্যালিয়ন হলো এরিয়াসনের ভাই। ওজোনিয়ার রাজা ওরেসখেউস এই ভিউক্যালিয়নেরই পুত্র। শোনা যায় এই ওরেস-থেউসের রাজ্যকালে তার দেশে একটি কুকুর একসময় একটি কাঠি প্রস্বান করে। ওরেসথেউসের নির্দেশে দেই কাঠিটি মাটিতে চারাগাছের মত পোঁতা হয়। পরে সেইটি নাকি একটি আলুরগাছে পরিণত হয়।

ভিউক্যালিয়নের আর একটি পুজের নাম এ্যান্ফিকটিয়ন। এই এ্যান্ফিকটিয়ন ভাওনিসাদের সঙ্গে দেখা করে তাকে তুই করে এবং সে-ই প্রথম মদের সঙ্গে জল মেশাবার প্রথা প্রবর্তন করে। কিন্তু ভিউক্যালিয়নের প্রথম সন্তান হেলেন ছিল স্বচেয়ে বিখ্যাত এবং তার থেকেই গ্রীকন্সাতির উদ্ভব হয়।

ঈয়স

প্রতিদিন বাত্তি শেষ হবার সঙ্গে সঙ্গেই গোলাপের কলির মত আছুল নিয়ে লাল পোষাক পরে হাইপীরিয়নকতা ঈয়দ তার পূর্বাচলের বিছানায় উঠে বসে। তাবপর ল্যাম্পাদ ও প্লেখন নামে ছই অশ্ববাহিত রবে দে উঠে পড়ে। দেই রথে কবে এগিয়ে চলে অলিম্পিয়ার পথে।

অলিম্পিয়াতে গিয়েই ঈয়দ তার ভাই হেলিয়াসের আগমনসংবাদ ঘোষণা করে। এই ঈয়সের হুটি পৃথক রূপ আছে যা দে প্রতিদিন হুবার করে ধারণ করে। সকালবেলায় তার ভাই হেলিয়াদ আদার দঙ্গে দক্ষে দের ওঠে হেমারা এবং তার ভাইএর দঙ্গে দক্ষে আকাশ পরিক্রমা করে বেডায়। আবার সদ্ধ্যা হতেই পশ্চিম দিগস্থে এসেই দে হয়ে ওঠে হেস্পেরা। তথন দে মহাদাগরের পশ্চিম কুলে দাঁড়িয়ে তাদের দারাদিনের আকাশপরিক্রমাশেষে নিরাপদ প্রত্যাগমনের কথা ঘোষণা করে।

একদিন এ্যাফ্রোদিতে দিয়দেব বিছানায় তাঁর স্বামী থ্যারেসকে দেখতে পায়। তথন দিয়দকে ভাষ্টা অপবাদ দিয়ে তাকে অভিশাপ দেন এ্যাফ্রোদিতে। বলেন, চিরকাল ধরে মানব-যুবকের প্রতি তোমার থাকবে এক অতৃপ্ত অবৈধ আসন্ধি। এ আসন্ধির কোনদিন শেষ হবে না তোমার।

অথচ ঈয়দ ছিল বিবাহিতা। আজেউন নামে এক টিটান দেবতার সঙ্গে তার বিয়ে হয়। এই বিয়ের ফলে উত্তর, দক্ষিণ ও পশ্চিমা বায়ু আর কডক-গুলি নক্ষত্তের জন্ম হয় তার গর্ভে।

তবু মানব-যুবক দেখলেই এক অন্ধ আসন্তিভে উন্মন্ত হয়ে উঠত অভিশপ্তা দ্বন। প্রথমে ওরিয়ন, পরে পেকালাস ও তারপর ক্রীটাস—এইভাবে একের মানবীর গর্জনাত পুত্র মেগারাস। মহাপ্লাবন আসার সময় মেগারাস তার বিছানায় খুমোচ্ছিল। কিন্ত জিয়াসের রূপায় অলোকিকভাবে তার প্রাণ বন্ধা পায়। সহসা এক সারস পাথি তাকে ঘুম থেকে ভেকে নিয়ে জেরামিয়া পাহাড়ের উপর যায়।

আর একজন হলো পেলিয়নের সেরামবাস। প্লাবনের সময় কোন এক জলদেবী দয়া করে সেরামবাসকে একটি পাথিতে পরিণত করে দেয়। সে তথন পার্ণেসাস পাহাড়ের চূড়ার উপর উড়ে গিয়ে বসে থাকে এবং এইভাবে প্রাণ বাঁচায়।

তাছাড়া পার্ণেদান পাহাড়ের আলেপালে যে সব মাহুষরা বাদ করত তারাও বেঁচে যায় সেই মহাপ্লাবনের সময়। তারা সমুদ্রদেবতা পদেডনের রূপায় বেঁচে যায়। রাজিবেলায় যথন তারা ঘুমে অচেতন ছিল তথন সহলা অসংখ্য নেকড়ে বাঘের চীৎকারে তাদের ঘুম ভেলে যায়। তারা প্লাবনের জল দেখে পার্ণেদান পাহাড়ের মাথার উপর উঠে গিয়ে প্রাণ বাঁচায়। পরে পসেডনের পুর্ব পার্ণেদান তাঁর নাম অফুলারে পার্ণেদান নামে একটি শহর নির্মাণ করেন। এই পার্ণেদানই নাকি প্রথমে জ্যোতিষবিভার আবিদ্ধাব করেন। প্লাবনের সময় যে সব মাহুষ নেকড়ে বাঘের চীৎকার শুনে পাহাড়ে উঠে প্রাণ বাঁচায় তারাও পরে নেকড়ের নামের সঙ্গে সঙ্গতি রেখে একটি নতুন নগর নির্মাণ করে আর তার নাম দেয় লাইকোরিয়া।

কিন্তু মহাপ্লাবনে অনেক কিছু ধ্বংস হলেও তার থেকে এমন কিছু ভাল ফল পাওয়া যায় নি। পার্ণোদাদ নগর থেকে অনেক পরে আকেডিয়ার অরণ্য অঞ্চলে গিয়ে নতুন করে বসতি স্থাপন কবে। তারা আবার জিয়াসকে অশ্রদ্ধা করতে শুক্ত করে। তারা আবার জিয়াসের মন্দিরে বালক বলির প্রবর্তন করে।

তারা প্রথমে একটি নদীর ধারে জিয়াদের উদ্দেশ্যে একটি ছেলেকে বলি
দেয়। তারপর সেই মৃত ছেলেটির নাড়ীভূড়ী দিয়ে ঝোল রান্না করে তা মাঠের
রাথালদের ডেকে থেতে দেওয়া হয়। রাথালদের মধ্যে কে সেই নাড়ীভূড়ী
থাবে তা ভাগ্য পরীক্ষার ছারা ঠিক করা হয়।

যে ছেলেটি সেই নাড়ীভূড়ী থায় তাকে থাওয়ার পর একবার নেকড়ে বাদের
মত ভাকতে হয়, তারপর জামা কাপড় সব ছেড়ে সাঁতার কেটে নদী পার হয়ে
ওপারের গভীর অরণ্যে গিয়ে আট বছর নেকড়েদের মাঝে থাকতে হয়। এই
আট বছর ধরে নেকড়েদের মধ্যে বাদ করেও দে যদি কোনদিন মাহুবের মাংস
না থায় তাহলে আবার সে তার মহুগুর ফিরে পাবে। তাহলে নির্দিষ্ট
সময়কালের পর সে আবার সেই নদীটি সাঁতরে পার হয়ে এপারে এসে তার
ছেড়ে যাওয়া পোষাক আবাব সে পরে মাহুবের সমাজে ফিরে আসবে।

পরবর্তীকালে দামার্কাস নামে এক ব্যক্তি আট বছর নেকড়েদের মধ্যে বাস করার পর আবার সে মায়ুদের সমাজে ফিরে আসে। যাই হোক, যে ভিউক্যানিয়ন মহাপ্লাবলৈ প্রাণে বেঁচে গিয়ে পরে ভিস্থানিয়ন কণালাভ করে সেই ভিউক্যানিয়ন হলো এরিয়াসনের ভাই। ওলোনিয়ায় বাজা ওরেদণেউদ এই ভিউক্যানিয়নেরই পূত্র। শোনা যায় এই ওরেশ-থেউদের রাজ্যকালে তার দেশে একটি কুকুর একসময় একটি কাঠি প্রস্ব করে। ওরেদথেউুদের নির্দেশে সেই কাঠিটি মাটিতে চারাগাছের মত পোঁতা হয়। পরে সেইটি নাকি একটি আলুবগাছে পরিণত হয়।

ডিউক্যালিয়নের আর একটি পুত্রের নাম গ্রান্ফিক্টিয়ন। এই গ্রান্ফিক্টিয়ন ডাওনিসাসের সঙ্গে দেখা করে তাকে তুই করে এবং সে-ই প্রথম মদের সঙ্গে জঙ্গ মেশাবার প্রথা প্রবর্তন করে। কিন্তু ডিউক্যালিয়নের প্রথম সস্তান হেলেন ছিল সবচেয়ে বিখ্যাত এবং তার থেকেই গ্রীক্জাতির উত্তব হয়।

ঈয়স

প্রতিদিন বাত্তি শেষ হবার সঙ্গে সঙ্গেই গোলাপের কলির মত আঙ্গুল নিয়ে লাল পোষাক পরে হাইপীরিয়নকতা৷ ঈয়স তার পূর্বাচলের বিছানায় উঠে বসে। তারপব ল্যাম্পাস ও প্লেখন নামে হুই অখবাহিত রথে সে উঠে পডে। সেই রথে কবে এগিযে চলে অলিম্পিয়ার পথে।

অলিম্পিয়াতে গিয়েই ঈয়দ তার ভাই হেলিয়াদের আগমনদংবাদ ঘোষণা করে। এই ঈয়দের ছটি পৃথক রূপ আছে যা দে প্রতিদিন ছবার করে ধারণ করে। দকালবেলায় তার ভাই হেলিযাদ আদার সঙ্গে দকে দে হয়ে ওঠে হেমাবা এবং তার ভাইএব দক্ষে দকে আকাশ পরিক্রমা করে বেডায়। আবার সন্ধ্যা হতেই পশ্চিম দিগস্তে এদেই দে হয়ে ওঠে হেল্পেরা। তথন দে মহাদাগবের পশ্চিম কূলে দাঁডিয়ে তাদের সারাদিনের আকাশপরিক্রমাশেষে নিরাপদ প্রভাগমনের কথা ঘোষণা করে।

একদিন এাফোদিতে ঈযদের বিছানায় তাঁর স্বামী এারেসকে দেখতে পায়। তথন ঈয়সকে ভ্রষ্টা অপবাদ দিয়ে তাকে অভিশাপ দেন এাফোদিতে। বলেন, চিরকাল ধরে মানব-মুবকের প্রতি তোমার থাকবে এক অভ্গ্র অবৈধ আসক্তি। এ আসক্তির কোনদিন শেষ হবে না তোমার।

অথচ ঈয়দ ছিল বিবাহিতা। আল্পেউদ নামে এক টিটান দেবতার দক্ষে তার বিয়ে হয়। এই বিয়ের ফলে উত্তর, দক্ষিণ ও পশ্চিমা বায়ু আর কতক-গুলি নক্ষত্রের জন্ম হয় তার গর্গে।

তবু মানব-যুবক দেখলেই এক অন্ধ আমস্ক্রিডে উন্মন্ত হয়ে উঠত অভিশগ্তা ঈয়স। প্রথমে ওরিয়ন, পরে পেকালাস ও তারপর ক্রীটাস—এইভাবে একের পর এক করে এক একটি মানব-মুবকের দক্ষে গোপনে নির্লক্ষজাবে মিলিজঃ হয় সয়স।

শেষকালে দ্বিয় গাানিমীভ আর টিখোনাস নামে ছজন যুবককে নিয়ে পালিয়ে আসে মর্ডাভূমি থেকে। গ্যানিমীভ ছিল দেখতে খুবই হালর। তাই দেবরাদ্ধ তাকে অকালে স্বর্গে টেনে নেন অর্থাৎ গ্যানিমীভ যৌবনেই মারা যায়। দ্বিয় তথন জিয়াসের কাছে এক সকাতর প্রার্থনায় ফেটে পড়ে, তিনি যেন টিখোনাসকে অমরত্ব দান করেন। জিয়াসও তাতে রাজী হয়ে যান সক্ষে গঙ্গে একটা জিনিস ভূল করে। সে টিখোনাসের জন্ম অনস্ক জীবন কামনা করে, কিন্তু অনস্ক যৌবন কামনা বা প্রার্থনা করেনি। ফলে টিখোনাস অমরত্ব লাভ করলেও খুব তাড়াতাড়ি বার্ধক্যগ্রস্ত হয়ে পড়তে লাগল। দেখতে দেখতে তার মাথার চুল সাদা হয়ে গেল। তার চোথ মুথ বসে গেল। তথন সে বোঝাভার হয়ে উঠল অনস্কযৌবনা স্বয়সের কাছে। স্বয়স তার প্রথম প্রথম সেবা করলেও পরে ক্লান্ড হয়ে পড়ল। তথন সে টিখোনাসকে তার শোবার ঘরে তালা দিয়ে দিনরাত বন্ধ করে রাথত। কালক্রমে টিখোনাস এক পাথাযুক্ত উড়স্ক কীটে পরিণত হয়।

ওরিয়ন

ওরিয়ন ছিল বোতিয়ার অন্তর্গত হিরিয়া নামক এক দেশের শিকারী।
সে ছিল দেকালে জীবিত মাহমদের মধ্যে সবচেয়ে হন্দর। সমুদ্রদেবতা ও
ইউরায়েলের মিলনে তার জন্ম হয়। হিরিয়ার অন্তর্গত কিয়সে এসে ওরিয়ন
একবার ডাওনিসাসপুত্র ওনোপিয়নের কলা মেরোপের প্রেমে পড়ে।
ওনোপিয়ন ওরিয়নকে বলল, তার মেয়ের সঙ্গে তার অবশ্রই বিয়ে দেবে যদি
সে তাদের দেশকে হিংশু জন্ত জানোয়ারদের কবল থেকে মৃক্ত করতে পারে।
তাই তনে প্রতিদিন ওরিয়ন একটা ছটো বুনো জন্ত বধ করে সন্ধ্যের সময় তা
মেরোপকে দেখাবার জন্ম আনতে লাগল।

কিন্ত যথন কিয়নের জন্মগুলো সত্যি সাত্যিই হিংলা জন্তর কবল থেকে মুক্ত হলো তথনো ওরিয়নের সঙ্গে তার মেয়ের বিয়ে দিল না ওনোপিয়ন। মিথা করে বলল, এখনো বাঘ সিংহের ভাক শোনা যাছে জন্দলে। আসলে নিজের মেয়েকে নিজেই ভালবাসত ওনোপিয়ন, তাই মেয়েকে ছাড়তে পারছিল না সে।

কোন এক রাতে ওরিয়ন ওনোপিয়নের চামড়ার থলে থেকে মদ বার করে অনেক বেশী করে থেয়ে ফেলে। তারপর মেরোপের শোবার ঘরের দর্মাঃ নভেকে চুকে তার দকে দাবারাত্তি ধরে দহবাদ করতে বাধ্য করল।

একথা শুনে ভীষণ রেগে গেল ওনোপিয়ন। দকাল হতেই সে তার পিতা ভাওনিসাসকে আবাহন করল। তাওনিসাস এসে বলল, ওকে আরো অনেক বেশী মদ থাইয়ে দাও যাতে ও গভীবভাবে ঘুমিয়ে পড়ে।

ওনোপিয়ন তাই করল। তারপর ওরিয়ন মদের ঘোরে গভীরভাবে মুমিয়ে পড়লে তার চোথ হুটো উপড়ে নিল নৃশংসভাবে। পরে তাকে সমুক্তের ধারে ফেলে দিল।

নির্জন সমৃত্রতীরে অন্ধ ও পরিত্যক্ত অবস্থায় বড় অসহায়বোধ করতে লাগল ওরিয়ন। এমন সময় এক দৈববাণী গুলে চমকে উঠন। দৈববাণীতে বলা হয় যে পূর্বদিকে গিয়ে দে যদি সমৃত্রগর্ভ থেকে ক্রমশঃ উদীয়মান স্থর্বের দিকে চোথ তুলে তাকায় তাহলে দে তার দৃষ্টিশক্তি ফিরে পাবে।

গুরিম্বন তথন একটা ছোট নোকো যোগাড় করে তাতে করে সমৃদ্রের উপর দিয়ে পূর্বদিকে ক্রমাগত এগিয়ে যেতে লাগল। সাইক্লোপদের হাতৃরির শব্দ শুনতে শুনতে সে লেমনস দ্বীপে গিয়ে পৌছল। সেথানে হিফাস্টাসের কামারশাল থেকে সেডালিয়ন নামে একজন লোককে তার পথপ্রদর্শক হিসাবে সঙ্গে নিল।

সম্বের উপর দিয়ে বছ পথ ঘুরে সেডালিয়ন অবশেষে ওরিয়নকে নিয়ে এক মহাসম্বের প্রাস্কভূমিতে গিয়ে উপনীত হলো। সেথানে ঈয়স তার প্রেমে পড়ে যায়। তথন তার ভাই হেলিয়াস ওরিয়নের দৃষ্টিশক্তি ফিরিয়ে দেয়। ঈয়স তথন ছিল ডেল্স দ্বাপে। ঈয়সের সঙ্গে সারা দেশ পরিভ্রমণ করার পর আবার কিয়সে ফিরে এল ওরিয়ন। কারণ এবার ওনোপিয়নেয় উপর প্রতিশোধ নিতে চায় সে।

কিন্দু কিয়সে ওনোপিয়নকে দেখতে পেল না ওরিয়ন। ওনোপিয়ন তথন মাটির নীচে এক প্রকোষ্টে লুকিয়ে ছিল। ওয়িয়ন ভাবল ওনোপিয়ন তার পিতামহ ক্রীটের রাজা মাইনসের কাছে আশ্রম নিয়েছে। এই ভেবে সে ক্রীটে

কিন্ত জীটে যেতেই দেবী আর্ডেমিদের দলে দেখা হয়ে গেল ওরিয়নের। আর্ডেমিদ তাকে প্রতিশোধের কথা ভূলে গিয়ে তার দলে শিকার করে বেড়াতে বলন। কিন্তু আর্ডেমিদের দলে ওরিয়নের এই মেলামেশা ভাল চোখে দেখলেন না এগাপোলো। এগাপোলো দেখলেন ঈয়দের সঙ্গে ওরিয়নের অবৈধ প্রেমসম্পর্ক বজায় আছে তখনো এবং প্রতিদিন ভেলসে গিয়ে ঈয়দের শয্যাসঙ্গী হয় দে। সারারাজি এইভাবে পরপুরুষের সঙ্গে কাটিয়ে প্রতিদিন প্রত্যুষে লক্ষায় লাল হয়ে ওঠে ঈয়স।

এাপোলো ভারলেন আর্ডেমিনও এইভাবে ওরিয়নের প্রেমে পড়ে যাবে। বেও তাকে এইভাবে এক দামান্ত মর্ত্যমানবকে তার শ্যাসকী করে তুলবে কারণ গুরিণন নাকি গর্ব করে বলত সে পৃথিবীর সব বনজঙ্গলের জন্ত জানোয়ার-দের বধ করবে।

এ্যাপোয়ো একদিন ধরিত্তীমাতার কাছে গিয়ে বলল, ওরিয়ন তোমার পুক থেকে পব পশু বধ করে ফেলবে বলে আক্ষালন করে বেড়াছে। স্থতরাং অবিলম্বে ওর মৃত্যুর ব্যবস্থা করো। ধরিত্তীমাতা তথন বিরাটকায় এক কাঁকড়া বিছে পাঠিয়ে দিলেন ওরিয়নকে কামড়াবার জন্ম।

ওরিয়ন প্রথমে তার তীর ও পরে তার তরবারি দিয়ে কাঁকড়া বিছেটাকে আক্রমণ করল। কিন্তু যথন দেখল তার চামড়া হর্তেত, কোন লৌকিক অন্তবারা বিদ্ধ হবে না তথন দে সমুস্তের জলে ঝাঁপিয়ে পড়ল। তথন ডেলস বীপে গিয়ে ঈয়দেয় কাছে নিরাপদ আশ্রম পাবার উদ্দেশ্যে সাঁতার কেটে সমুক্ত পার হতে লাগল।

এদিকে এাপোলোও তাকে দ্ব থেকে তার সব গতিবিধি লক্ষ্য করে যাচ্ছিলেন। তিনি তথন আর্তেমিসকে ডেকে বললেন, ঐ যে দ্ব সমূত্রে একটা লোক সাঁতার কেটে যাচ্ছে তার কালো মাথাটা দেখতে পাচ্ছ?

আর্ডেমিস বললেন, হ্যা।

এ্যাপোলো বললেন, ও হচ্ছে কুখ্যাত ছবুঁত্ত ক্যানতাওন যে ওপদ নামে একটি মেয়ে ও হাইপারবোরিয়ায় তোমার মন্দিরের পূজারিণীকে ধ⁴ণ করে। হতরাং ঐ ক্যানভাওনকে অবিলম্বে তীর ছারা বিদ্ধ করো। ওরিয়ন যথন বোতিয়ায় ছিল তখন ছদ্মনাম ছিল ক্যানভাওন।

আর্তেমিদ তখন না জেনেই একটি অব্যর্থ তীরদারা বিদ্ধ করলেন ওরিয়নকে। পরে আর্তেমিদ যখন দেখলেন তাঁর তীরটা ওরিয়নের মাণাটাকে ভেদ করে ফেলেছে তিনি তখন শোকে ছ:থে মুহুমান হয়ে উঠলেন। তখন এ্যাপোলোর পুত্রকে ভেকে ওরিয়নকে বাঁচিয়ে দিতে বললেন। কিন্তু এ্যাপোলোর পুত্র এ্যাক্লিপিয়াদ এ কাজ করার আর্গেই জিয়াদের একটি বজ্লের শারা নিহত হন।

গুরিয়নকে বাঁচাতে না পেরে আর্জেমিস তার আত্মাকে অমর করে রাথার ্ জন্ম নক্ষত্রলাকের মধ্যে ত্মান দেন। নক্ষত্রলোকের মাঝে আজও ওরিয়নকে ট্র দেখা যায় এক বিবাট কাঁকড়া বিছে তাকে তাড়া করে নিয়ে বেড়াচ্ছে।

কেউ কেউ আবার বলে আর্ডেমিসের ভীরে নয়, কাঁকড়া বিছের কামড়েই সুত্যু হয় ওরিয়নের।

হেলিয়াস

ছেলিয়াস ছলো ঈয়সের ভাই। টিটান দৈত্য হাইপীরিয়নের ঐরসে ও ইউরিফেসার গর্ভে তাঁর জন্ম হয়। ভোরবেলায় মোরগ ভাকার সঙ্গে সঙ্গেই রোজ উঠে পড়েন তিনি। তারপর চারটি অখবারা বাহিত রথে চেপে আকাশ পরিক্রমা শুরু করেন। পূর্ব দিগস্তে কোলবিসের কাছ থেকে যাত্রা শুরু করে দিনের শেবে পশ্চিম দিগস্তে তাঁর যাত্রা শেষ করেন। সেই পশ্চিম দিগস্তে একটি বীপের মাঝে তাঁর অনেকগুলি ঘোড়া চরে বেড়াত।

যে মহাসমূল সারা পৃথিবীর কটিদেশকে চারদিক থেকে বন্ধন করে আছে সেই মহাসমূলের তরঙ্গমালার উপর দিয়ে একটি সোনার মত উজ্জ্বল নৌকোর উপর তাঁর রথটি চড়িয়ে তাতে করে তাঁর বাসভবনে চলে যান। এই বিশেষ নৌকোথানি দেবশিল্পী হিফাস্টাস নির্মাণ করেন তাঁর জন্ম। তারপর তাঁর বাসভবনে গিয়ে সারারান্তি ধরে বিশ্রাম করেন একটি প্রকোঠে।

পৃথিবীতে যা যা ঘটে তা সব দেখতে পান হেলিয়াস। তবে একবার ওভেসিয়াসের সঙ্গীরা যথন তাঁর ধর্মীয় গরুগুলি চুরি করে একটি দ্বীপের গোচারণ-ক্ষেত্র থেকে তথন তা তিনি দেখতে পাননি। তাঁর অনেক গবাদি পশুর পাল আছে। সাড়ে তিনশো করে গবাদি পশুর এক একটি পাল বিভিন্ন দ্বীপে চরে বেড়ায়। সিসিলিতে তাঁর একপাল গবাদি পশু আছে। সে পালটি তাঁর ফেটেসা ও ল্যাম্পেশিয়া নামে ছটি কন্তা চরায়। কিন্তু তাঁর সবচেয়ে স্ক্ষার ও স্কান্ত গবাদি পশুর পাল আছে স্পোনদেশের একটি দ্বীপে।

তবে হেলিয়াসের থাকার জন্ম কোন নির্দিষ্ট দ্বীপ নেই। তাঁরে পশুগুলি বিভিন্ন দ্বীপে চরে বেড়ালেও তাঁর নিজস্ব কোন দ্বীপ নেই। দেবরাজ জিয়াস যথন পৃথিবীর বিভিন্ন দ্বীপ বিভিন্ন দেবতাদের বিলি করেন তথন হেলিয়াসের কথা ভূলে যান।

জিয়াস বললেন, আমার ভূল হয়ে গেছে। কথাটা নতুন করে ভেবে দেখতে হবে।

হেলিয়াস বলল, এশিয়া মাইনরের দক্ষিণ দিকে সমূদ্রে একটা নতুন দ্বীপ জাগছে। আমি সেই দ্বীপটা নিয়ে খুশি পাকব।

জিয়াস তথন নিয়তি ল্যাচেসিসকে ডেকে বললেন, দেখ, হেলিয়াসের ভাগ্যে কোন বীপ আছে কি না।

এমন সময় সম্প্রগর্জ থেকে রোডস্নামে এক নতুন দ্বীপ জেগে উঠতেই হেলিয়াস তা দাবি করে বসল। সেই দ্বীপে রোড নামে এক জলপরীকে দেখে তার প্রেমে পড়ে গেল হেলিয়াস। হেলিয়াস তার সজে মিলিত হয়ে পর পর সাতটি পুরু ও একটি কল্পার জন্ম দিল। অনেকে বলে রোডশ্ বীপটা এর আগেও ছিল। জিয়াসের স্ট মহাপ্লাবনের সময় ভেসে নিশ্চিক্ হয়ে যায়। পরে আবার জেগে ওঠে। সে বীপে আগে একদল জলপরী বাস করত। তাদের মধ্যে হেলিয়া নামে একজন জলপরীর প্রেমে পড়ে গিয়ে সম্প্রদেবতা পসেজন কয়েকটি সম্ভান উৎপাদন করেন তার গর্ভে। তারা হলো ছয়টি পুরু আর রোজ নামে একটি কল্পা। শোনা যায় পসেজনের এই ছয় পুরু বড় ছরম্ভ ছিল। একবার দেবী এ্যাক্রোদিতে যথন সাইথেরা থেকে প্যাফসের পথে যাচ্ছিলেন তথন পসেজনের পুরুরা অপমান করে তাঁকে। ফলে তাঁর শাপে তারা পাগল হয়ে গিয়ে নিজেদের মাকেই ধর্ষণ করে। তাদের মা তথন সম্প্রের জলে ঝাঁপ দিয়ে মরে। পসেজন তথন তাঁর সেই ছয় ছেলেকে মাটিতে জীবস্ত পুঁতে ফেলেন। মহাপ্লাবনের পর তেনসিনে নামে যে সব জলপরীরা রোডশ্ বীপে আগে বাস করত তারা মহাপ্লাবন শুরু হবার আগেই তা জানতে পেরে সে বীপের উপর সব দাবি ত্যাগ করে বিভিন্ন দিকে চলে যায়।

যাই হোক, হেলিয়াস রোডস্ দ্বীপে রোড নামে জলপরীকে বিয়ে করে সে দ্বীপে বসবাস করতে থাকে। তার সাতটি পুত্র কালক্রমে জ্যোতির্বিছায় পারদর্শিতা লাভ করে। হেলিয়াসের একটিমাত্র কন্তা ছিল। তার নাম ছিল ইলেক্ট্রিও। কুমারী বয়সেই তার মৃত্যু হয়।

হেলিয়াসের এ্যাকৃটিস নামে এক পুত্র পিতৃহত্যার অপরাধে নির্বাসিত হয়। সে তথন মিশরে পালিয়ে যায়। মিশরে গিয়ে সে মিশরবাসীদের জ্যোতিষবিত্যা শেখায়। সেখানে হেলিওপলিস নামে এক শহর নির্মাণ করে। তার পিতা হেলিয়াসের নাম অফুসারে সেই শহরের নামকরণ হয়।

এদিকে রোডদের অধিবাদীরাও হেলিয়াদের দম্মানার্থে দত্তর ফুট উচু এক মূর্তি স্থাপন করে। দেবরাজ জিয়াদও পরে রোডস্ দ্বীপের দীমানা বাড়িয়ে তার সঙ্গে দিসিলিকেও জুড়ে দেন।

একবার হেলিয়াদের ফেইখন নামে এক ছেলে তার বাবার মত শুদ্ররশািরূপ অখবাহিত স্থের রথ চালাবার জন্য জেদ ধরে। সে তার মার অন্তমতি আদায় করে এবং তার মা ও বোন এবিধয়ে তাকে উৎসাহ দেয়। কিন্তু হেলিয়াস জানত এ রথ চালনো কঠিন কাজ এবং সে ছাড়া আর কারো দ্বারা সম্ভব নয়।

কিন্ত ফেইখন ছাড়ল না। অবশেষে মত দিল হেলিয়ান। একদিন
সকাল হতেই হেলিয়ানের রথে অশ্ব সংযোজিত করে রথ ছেড়ে দিল ফেইখন।
কিন্তু অশ্বের বরা ঠিকমত নিয়ন্ত্রণ করতে পারছিল না সে। প্রথমে দে আকাশের
অনেক উঁচু স্তরে রথ চালনা করতে লাগল। পরে আবার হঠাৎ সে রথটাকে
পৃথিধীর প্র কাছে কাছে চালনা করতে লাগল। তখন স্থের হংসহ
ভাপে পৃথিবীর পুক জ্বলে পুড়ে যেতে লাগল। তখন ধরিত্রীমাতা যন্ত্রণায় কাতর
আর্তিনাদ করতে লাগলেন এবং দেবরাক জিয়াসের কাছে এর প্রতিকার প্রার্থনা

করতে লাগলেন। তথন জিয়াদ ফেইখনের উপর রেগে গিয়ে এক বজ্রাঘাতে কেইখনকে বধ করেন। ফেইখন দেই বজ্রের আঘাতে পোনদীর জলে পড়ে যায়। দেই মৃহুর্তেই প্রাণবিয়োগ হয় উদ্ধত ফেইখনের। আর তার শোকবিলাপরত বোন পপলার গাছে পরিণত হয়।

হেলেনের প্রবরা

জিউক্যালিয়নের পুত্র হেলেন থেদালিতে বদতি স্থাপন করে। পরে ওবেদেইদ নামে একটি মেয়েকে বিয়ে করে। তার ফলে কতকগুলি দস্তান হয় তার। তার জ্যেষ্ঠ দস্তান ঈয়োলাদ তার অবর্তমানে রাজ্য শাদন করতে থাকে।

হেলেনের কনিষ্ঠ পুত্রের নাম হলো ডোরাস। সে পার্নেগাসের পার্বত্য অঞ্চলে গিয়ে এক নতুন বসতি স্থাপন করে এবং তার নাম অফুসারে ডোরিয়ান নামে এক নতুন জাতি গড়ে তোলে। হেলেনের দ্বিতীয় পুত্র জুথাস ভাইদের কাছ থেকে 'চোর' বদনাম পেয়ে এথেকে পালিয়ে গিয়ে আশ্রুয় নেয় এবং সেথানে সে রাজা এরেথথেউসের কতা ক্রেইসাকে বিয়ে করে। সেই বিয়ের ফলে ইয়ন ও একানেউস নামে ছটি সন্তান জন্মগ্রহণ করে।

এই ভাবে দেগা যায় হেলেনের তিনটি পুর থেকে তিনটি জাতির উদ্ভব হয়।
এই সব জাতিগুলি ঈরোনান, ভোরিয়ান ও একিয়ান নামে পরিচিত। জুখাস
অবশ্য এথেকে গিয়ে হথী হতে পারেনি। তার শশুর রাজা এরেথথেউসের
কুতার পর লোকে তাকে রাজা হতে বলে। কিন্তু দে রাজা না হয়ে এরেথথেউসের
পুরকেই সিংহাসনে বসায়। কিন্তু এরেথথেউসের এই পুর শাসক হিসাবে
অযোগ্য প্রমাণিত হওয়ায় প্রজারা জুথাসকেই দোষ দিতে থাকে। পরে
জুথাসকে নির্বাসনদণ্ড ভোগ করতে হয়। এগিয়ালাস নামে এক জায়গায়
নির্বাসনকালেই তার মৃত্যু হয়।

হেলেনের জ্যেষ্ঠ পুত্র ইয়োলাস একবার দেবী আর্ডেমিসের সহচরী থীয়ার শালীনতাহানি করে। থীয়া ছিল শেইবনের কন্যা। থীয়া কিন্তু এই কথাটা ভার বাবাকে বা আর্ডেমিসকে জানাল না। এ বাাপারে ভার কোন দোষ না থাকলেও ভাবল ওরা তাকেই দোষ দেবে। ইয়োলাস তার উপর বলাৎকার করায় সে গর্ভবতী হয়ে যায় সঙ্গে সঙ্গে।

ঈয়োলাস তথন তার বন্ধু পদেডনের শরণাপর হয়। পদেডন তার বন্ধু ঈয়োলাসকে বাঁচাবার জন্ম থীয়াকে একটি গর্ভবতী ঘোটকীতে পরিণত করেন। তার নাম হয় তথন ইউগ্লী আর সে যে অখশাবক প্রস্ব করে তার নাম রাথা হয় মেলানিপ্লী। পদেডন ভাবেন এইভাবে রূপাস্তরের ফলে ঈয়োনাদের পাপকর্মের কথা কেউ জানতে পারবে না আর থীয়া কাউকে দে কথা বলতে পারবে না।

দ্যোলাস অবশ্য সেই অশ্বশাবকটিকে আপন কথা হিসাবে গ্রহণ করে। পসেজনও তাকে মানবরূপ দান করেন। কিন্তু ধীয়া আর মানবীরূপ লাভ করতে পারেনি এবং সেইভাবেই তার মৃত্যু হয়। তবে পসেজনের রূপায় মৃত্যুর পর সে নক্ষরলোকে স্থান পায়। ঈয়োলাস তার মাতৃহারা কথাসস্তানটিকে এক নি:সম্ভান দম্পতির কাছে রেথে মানুষ করতে থাকে। তার নাম রাথা হয় আর্নে। লোকে জানত সে ভিমস্তেশের কথা।

শম্বদেবতা পদেভন নিজেও একবার ডিমস্কেদকত্যা আর্নের উপর বলাৎকার করেন। আর্নে তথনও কুমারী ছিল। তার বাল্যকাল থেকেই তার উপর নজর রেখেছিলেন পদেভন। সে যৌবনপ্রাপ্ত হতেই একদিন তার উপর তার অনিচ্ছা দর্বেও উপগত হন। এর ফলে সম্ভানসম্ভবা হয় আর্নে।

আর্নের পালকণিতা ডিমস্তেদ একথা জানতে পেরে আর্নেকে এক শৃত্য সমাধি মন্দিরের মধ্যে আবদ্ধ করে রাখেন। আর্নে তারই ভিতর হুটি যমজ দস্তান প্রদব করে।

আইকাবিয়ার রাজা মেরাপস্তাদ তার বন্ধাা স্ত্রী থীয়ানোকে পরিত্যাগ করার ভয় দেখায়। তাকে বলে, যদি এক বছরের মধ্যে তোমার গর্ভে কোন সস্তান না জন্মায় তাহলে বিবাহবিচ্ছেদ করব আমি।

এই কথা বলে মেরাপস্তাস বাইরে চলে যায়। তথন থীয়ানো মনের ছঃথে রাজধানী ছেড়ে চলে গিয়ে মাঠের রাখালদের কাছে তার ছঃথের কথা জানায়। তথন রাথালদের তৎপরতায় সেথানে পদেডন আহিভূতি হয়ে থীয়ানোর উপর উপগত হন। তার ফলে তৎক্ষণাৎ গর্ভসঞ্চার হয় থীয়ানোর মধ্যে।

মেরাপস্তাস এসে দেখে তার স্ত্রী গর্ভবতী হয়েছে। কালক্রমে থীয়ানো ছটি যমজ সস্তান প্রসর্ব করে এবং অজ্ঞানবশতঃ সে সন্তানদের আপন সন্তান বলেই খুশি মনে গ্রহণ করে মেরাপস্তাস। থীয়ানোকে এ বিষয়ে সন্দেহ করার কোন কারণ খুঁজে পায়নি সে। পরে অবশ্য থীয়ানোর গর্ভে তার স্বামীর ত্রিসে আবো চুটি সন্তান হয়। পসেভনের ত্রিসজাত সন্তানচ্টির নাম ছিল ঈয়োলাস ও বোতাস।

একই বাড়িতে চারটি সম্ভান বেড়ে উঠলেও থীয়ানো এক অন্তর্পান্ত সব সময়। সে তার অবৈধ সম্ভানদের সম্ভ করতে পারত না এবং স্বামীর উরসন্ধাত সম্ভানদের বেশী স্নেহ করত। নিজেকে অপরাধিনী ভাবত সব সময়।

একদিন রাজা যথন বিদেশে যায় তথন থীয়ানো তার স্বামীর ঔরসজাত স্ভানদের শিথিয়ে দেয় তারা যেন শিকার করতে গিয়ে তাঙ্গের বড় ভাইদের হত্যা করে। এমনভাবে তারা যেন এ কাজ করে যাতে মনে হবে ঘটনাক্রমে তারা মারা যায়।

ডিমস্তেদ আর্নের দস্তানগৃটিকে পেলিয়ন পর্বতে ফেলে রেথে আদার ছকুম দিল। তথন দেই রাথালবেশী পদেভন ছেলে গৃটিকে রক্ষা করে। তাদের নাম রাথা হয় ঈয়োলাদ আর বীয়োতাদ।

এদিকে আইকারিয়ার রাজা মেতাপন্তাস স্ত্রী থীয়ানোর গর্ভে সন্তান না আসায় বেগে গেল। সে তার স্ত্রীকে বলন, এক বছরের মধ্যে তোমার গর্ভে সন্তান না এলে আমি তোমাকে পরিত্যাগ করব।

এমন সময় একদিন রাজা মেতাপস্তাস শিকারে বেরিয়ে যায় দ্ব দেশে।
সেই অবসরে এক দৈববাণী শুনে প্রাসাদ ছেড়ে শহরের বাইরে বেরিয়ে যায় থীয়ানো।

মাঠ পার হয়ে এক উপত্যকায় একজন রাখালকে দেখতে পেয়ে তার হৃংথের কথা সব বলল থীয়ানো। আসলে সেই রাখাল ছিল সমুদ্রদেবতা পদেভন। পদেভনের বরে ছটি সস্তান লাভ করল থীয়ানো। অনেকে বলে পদেভন সেই রাখালের বেশে থীয়ানোর উপর উপগত হয়ে গর্ভ সঞ্চার করে এবং যথাসময়ে একই সঙ্গে ছটি পুত্রসন্তান প্রসব করে এবং রাজা মেতাপস্তাস সে সন্তান হৃতিকে নিজের সন্তান বলে মেনে নেয়। আবার কেউ কেউ বলে পদেভনের বরে কোথা থেকে ছটি নবজাত শিশু থীয়ানোর কোলের উপর এসে পডে।

যাই হোক, পরে রাজা মেতাপস্তাদের ঔরদে থীয়ানোর গর্ভে আবার ছটি
সম্ভান জন্মলাভ করে এবং এই চারটি সন্তান প্রাসাদে একই সঙ্গে মাহুষ হতে
থাকে। তবে তার স্বামীর ঔরসজাত সন্তানদেরই বেশী স্নেহ করতে থাকে
থীয়ানো। এমন কি দৈববরে লব্ধ তার আগেকার সন্তানচ্টিকে হত্যা করার
কথাও ভাবতে থাকে সে।

একবার রাজা মেতাপস্তাস বিশেষ কার্যবশতঃ বিদেশে গেলে সেই অবকাশে তার চারটি ছেলেকেই কে শলে শিকারে পাঠায় থীয়ানো। সেই সময় তার স্থামীর ঔরসজাত সম্ভানত্টিকে সে নির্দেশ দেয় তারা যেন তাদের দাদাদের হত্যাঃ করে। কাজটা যেন তারা এমনভাবে করে যাতে মনে হবে তারা তুর্ঘটনায় মারা গেছে।

কিন্তু বনেব মধ্যে মেভাপস্থাদের ঔরস্কাত সন্তান ছটি তাদের দাদাদের হত্যা করতে উন্নত হলে ণসেডন নিক্ষে এসে তাঁর সন্তানদের পক্ষ অবলম্বন করেন। ফলে মেতাপস্থাদের সন্তান ছটি মারা যায়। প্রাসাদে যথন তাদের স্বতদেহ আনা হয় তথন শোকেছ:থে ও অহ্নশোচনার প্রবল্তায় থীয়ানো ছুরিকাঘান্তে আছিহত্যা করে। ত্বঃধে ঘ্রতে ঘ্রতে বনের ধারে সেই উপত্যকায় গিয়ে হাজির হয়। সেথানে পদেভন সশরীরে আবিভূতি হয়ে তাদের জন্মবৃত্তান্ত তাদের জানান। সেই সঙ্গে তিনি বলেন, তোমরা অবিলয়ে গিয়ে তোমার মাকে বাঁচাও। সে তার সমাধির ভিতর এথনো জীবিত আছে।

সেই সঙ্গে প্রেডন আর একটা কাজের ভার দেন তাঁর সন্তানদের। বলেন, নির্চুরহাদয় পাপীষ্ঠ ডিমস্টেসকে বধ করে অন্ধ আর্নিকে কারাগার হতে মৃক্ত করো। আসলে ভোমরা ভারই গর্ভজাত সন্তান। প্রস্বের পরেই ডিমস্টেসরেগে ভোমাদের পাহাড়ে নির্বাসিত করলে আমি ভোমাদের রক্ষা করে ধীয়ানোকে দান করি।

পদেভনের কাছ থেকে তাদের জন্মবৃত্তান্ত শুনে তাদের মাকে দেখার জন্ম আকুন হয়ে উঠল তুই ভাই। সঙ্গে সদে তাদের পালিকা মাতা থীয়ানোকে পুনকজ্জীবিত করার জন্ম ব্যগ্র হয়ে উঠল।

ঈয়োতাপ ও বীয়োতাস ছই ভাইই প্রথমে পদেডনের কথামত ডিমস্তেদকে বধ করল। তারপর কারাগার হতে তাদের গর্ভধারিণী মাতা আর্নেকে মৃক্ত করল। আর্নেকে কারারুদ্ধ করার সময় তাকে চিরতরে অন্ধ করে দেয় ডিমস্তেস। আর্নেকে মৃক্ত করার সঙ্গে সঙ্গে তার দৃষ্টিশক্তি দান করলেন প্রস্থেন।

এরপর ছই ভাই তাদের মা আর্নেকে নিয়ে আইকারিয়ায় গিয়ে পৌছল।
তারা দেখানে গিয়েই প্রথমে সমাধিগহ্বর থেকে থীয়ানোর মৃতদেহ বার করে
দেখল এখনো ক্ষীণভাবে জীবিত আছে দে। রাজা মেতাপস্তাদ তখন উপস্থিত
ছিল। দে দব কথা শুনে থীয়ানোর উপর রেগে উঠল। দে বুঝল থীয়ানো
তাকে প্রতাবিত করেছে। তাই তাকে ত্যাণ করে আর্নেকে বিয়ে করল এবং
সম্ভানদের নিজের স্স্তান হিসাবে গ্রহণ করল।

কিছুকাল মংগেশান্তিতে কটিল। কিন্তু রাজা মেতাপন্তাস হঠাৎ এানোলিতে নামে একটি মেয়েকে স্ত্রী থাকা সত্তেও আবার বিয়ে করায় গোলযোগ
বাঁধল সংসারে। আর্নের ছুই ছেলে তথন বেশ বড় হয়েছে। তারা স্বাভাবিকভাবেই মার পক্ষ অবলম্বন করল এবং আক্রোশবশতঃ নতুন রাণী এ্যানোলিতেকে হত্যা করল। তথন রাজা তাদের উপর রেগে গিয়ে ছুই ভাই ও
তাদের মাকে নির্বাসনদণ্ড দান করল। তার রাজ্য ও যাবতীয় ভূসম্পত্তির
উত্তরাধিকার থেকেও বঞ্চিত করল রাজা।

বীয়োতাস তার মাকে নিয়ে তার পিতামহ থেশালির রাজা ইয়োলাসের রাজপ্রানাদে গিয়ে আশ্রয় নিগ। তার পিতামহ তাকে তার রাজ্যের দক্ষিণ অঞ্চলটি দান করল। তার মার নাম অফুসারে সে অঞ্চলের নতুন নামকরণ করে সেথানেই রাজত্ব করতে লাগল বীয়োতাস। কালক্রমে সেথানে বীয়োতিয়ান নামে এক নতুন জাতি গড়ে ওঠে। বীয়োতাদের উপর তার রাজ্যভার ছেড়ে দিয়ে এক নতুন দ্বীপের সদ্ধানে কিছু বিশ্বস্ত অহুচর নিয়ে দ্ব সম্ত্রের পথে যাত্রা শুক্ত করে দ্বীপের সদ্ধান সম্ত্রে ক্রমাগত ঘ্রতে দ্বতাদের অহুগ্রহে সাতটি নতুন দ্বীপের সদ্ধান পায় দ্বীপোন। সেই সাতটি দ্বীপের মালিক হয়ে তার একটিতে বাস করতে পাকে। লিপারা নামে একটি দ্বীপে এক থাড়াই পাহাড়ের উপর এক বিশাল প্রাসাদ নির্মাণ করে দ্বীয়োলাস। তার নাম অহুসারে সেই সাতটি দ্বীপের নাম হয় দ্বীপোলীয় দ্বীপপুঞ্জ। দ্বীয়োলাস যে দ্বীপে বাস করত সেটি নাকি ভাসমান দ্বীপ ছিল। এই সময় সাম্জিক বায়্প্রবাহগুলিকে নিয়ম্বণ করার ভার পায় সে এবং যে পাহাড়ের উপর প্রাসাদ তৈরি করে সে বাস করে সেই পাহাড়ের একটিতে বড় গুহার মধ্যে বায়্প্রবাহগুলিকে অবক্ষম করে রাখতে থাকে।

বৃদ্ধ বয়দে এক নতুন যৌবনশক্তি ও কর্মোন্তমে সঞ্জীবিত হয়ে ওঠে ক্রিয়োলাদ। দে আবার এনারেতে নামে একটি মেয়েকে বিয়ে করে নতুন করে দংশার পাতে। এই বিষের ফলে তাদের ছয়টি পুত্র ও ছয়টি কল্লা জন্মগ্রহণ করে। তারা বড় হয়ে নিজেদের মধ্যে প্রেমসম্পর্ক গড়ে তোলে। এক একজন ভাই এক একজন বোনকে নিয়ে দেই প্রাদাদের মধ্যেই বিবাহিত নরনারীর মত বাস করতে থাকে। মানবসমাজের সঙ্গে তাদের কোন সম্পর্ক না থাকায় সামাজিক আচরণবিধি বা নিয়মকাত্মন সম্বন্ধে তাদের কোন জ্ঞান ছিল না। ভাইবোনেদের মধ্যে দেহসংসর্গ এক অবৈধ ও নিষিদ্ধ ব্যাপার তাজানত না তারা। জানত না এই ধরনের প্রেমসম্পর্ক একমাত্র স্বর্গেই বিধিসমত। ক্রিয়োলাদ কিন্তু এ দবের কিছুই জানত না। হঠাৎ একদিন ঘটনাক্রমে একটা অন্তুত দৃষ্ঠ চোথে পড়লতার। একদিন সকালবেলায় ক্রিয়োলাদ দেখল অন্তঃপুরের একটি ঘরেতার সর্বকনিষ্ঠ পুত্র ম্যাকারেউস তার ছোট বোন ক্যানাপোর সঙ্গে এক বিছানায় স্বামীস্ত্রীর মত শুয়ে আছে। ক্রিয়োলাস বৃষ্ণা ওরা সারারাত একই বিছানায় কা্টিয়েছে।

এক প্রচণ্ড রাগে আগুনের মত হয়ে উঠল ঈরোলাস। কোন কথা না বলে এক ভূত্যের মাধ্যমে একটি তরবারি ক্যানাসোর কাছে পাঠিয়ে দিল। এর অর্থ ব্রুতে পারল ক্যানাসো। সে শ্বুথতে পারল তার বাবা তাদের এই প্রেমসম্পর্ক সমর্থন করে না এবং এ জন্ম চরম শাস্তি দিতে চায় তাকে। তাই সেই তরবারিটি পাবার দলে তাই দিয়ে আগ্রহত্যা করল ক্যানাসো। তাদের একটি কন্যাসম্ভান ছিল। কেউ কেউ বলে এই শিশুকন্যাটিকে ঈরোলাস হত্যা করে তার শিকারী কুকুর দিয়ে থাইয়ে দেয়। আবার কেউ কেউ বলে সেকন্যাটি বেঁচে ছিল এবং পরে তার রূপসৌন্দর্যে মৃশ্ব হয়ে স্বয়ং এাপোলো তার প্রেমে পড়ে। তার নাম ছিল এাশ্দিসা।

দেববান্দ জিয়াসের রূপায় ঈয়োলাস নাকি দীর্ঘ জীবন লাভ করে। বায়ু প্রবাহগুলিকে নিয়ন্ত্রণ করার ভার স্বর্গের বাণী হেরার পরামর্শে জিয়াস ভারু উপর দান করেন এবং জীবনের শেব দিন পর্যন্ত সে কাজের ভার বিশেষ মোগাতার সলে প্রশংসনীয়ভাবে বহন করে যায় ঈয়োলাস। তার মৃত্যুর পর দেখা যায় যে গুহার মধ্যে সামৃত্রিক বায়ুপ্রবাহগুলি আবদ্ধ ছিল সেই গুহার মধ্যে একটি সিংহাসনে নিধর নিশ্বদ্ধভাবে বসে আছে ঈয়োলাস। তার দেহ দৈব কুপায় একটুও বিকৃত হয়নি।

এ্যালসিওন ও সেইক্স

এাল দিওন ছিল ঈ্ষোলাদের অন্ততমা কলা। সে ট্রেসিদের পুত্র সেইক্সকে বিয়ে করে। তারা ছজনে খুবই স্থে শান্তিতে বাদ করতে থাকে। তারা পরস্পারকে পেয়ে এত স্থা হয় যে তারা একে অন্তকে স্বর্গের রাজা ও স্বর্গের বাণী বলে অভিহিত করতে থাকে। অর্থাৎ তাদের দাস্পত্যজীবনের স্থ শান্তিকে স্বর্গস্থবের দঙ্গে তুলনা করতে থাকে।

তাদের এই অহম্বারের কথা শুনে দারুণ রেগে গেলেন দেবরাজ জিয়াস।
এই অংবোধের জন্ম এক ভয়য়র শান্তি দিতে চাইলেন সেইল্লকে। কারণ
এটানসিওন যতই হোক মেয়েছেলে; সে কোন অন্যায় কথা বললে সেইল্ল তাকে
প্রতিনিবৃত্ত করতে পারত। তাই সেইল্লকে বিপদে ফেলার জন্ম স্থামোগ খুঁজতে
লাগলেন জিয়াস।

সে স্থােগ একদিন পেয়ে গেলেন জিয়াস। একবার এক দৈববাণীর ব্যাখ্যা করানাের জন্ম সমূদ্র পার হয়ে এক দেবমন্দিরে যাচ্ছিল সেইক্স। এালসি-শুনকেও তার সঙ্গে যেতে বলেছিল। কিন্তু সে যায়নি। বাড়িতেই ছিল।

সেইক্সকে মাঝ সমূত্রে দেখে এক প্রবল ঝড় তুললেন দেবরাজ জিয়াস।
সেই উদ্ভাল সমূত্রকে দীর্ঘক্ষণ ঝড় আর বিক্ষ্ম তরক্ষমালার সঙ্গে যুদ্ধ করে করে
নিস্তেজ হয়ে তলিয়ে গেল সেইক্স সমূত্রের অতল গর্ডে।

তার মৃত্যুর কথা কিছুই জানতে পারল না এ্যালসিওন। কিন্তু যথাসময়ে তার স্বামীর প্রত্যাবর্তনের জন্ম যথন একমনে প্রতীক্ষা করছিল এ্যালসিওন তথন সহসা সেইক্সের প্রেতাত্মা এসে হাজির হলো তার কাছে। সেইক্সের মৃত্যুর সব কথা জানাল এ্যালসিওনকে। তথন শোকে ত্থেথ পাগল হয়ে গেল এ্যালসিওন। ঘর ছেড়ে ছুটে গিয়ে সম্ক্রের জলে ঝাঁপ দিল। তথন কোন এক সদমহাদ্য দেবতা তাদের তৃজনকেই তৃটি জলজ ম্বুগীতে রূপাস্তবিত করেন।

সেই থেকে মৃব্গীরূপিণী এ্যালসিওন বৃত মোরগরূপী তার স্বামী সেইক্সকে নিয়ে একসন্দে বাস করে আসছে। প্রতিটি শীতকালে এ্যালসিওন তার মৃত স্বামীকে নিয়ে তার চন্তরের মাঝে গিয়ে একটি বাসা বেঁধে তার মাঝে সারা শীতকাল বাস করে এবং ভিম পাড়ে। এ্যালসিওন যথন এইভাবে বাসা বেঁধে ভিম পাড়ে তথন ঈয়োলাদের নির্দেশে কোন বায়ুপ্রবাহ প্রবল্ভাবে বয় না।

বোরিয়াস

এথেন্সের রাজা এরেথথেউসের এক কন্সা ছিল। তার নাম ছিল ওরেথীয়া।
দক্ষিণ ও পশ্চিমা বায়ুর ভাই উদ্ভর বায়ু বোরিয়াল তার প্রেমে পড়ে। বোরি-য়ানের দেহের নিচের দিকটা লাপের লেঞ্চের মত ছিল।

বোরিয়াদ বারবার রাজা এরেথথেউদের কাছে তার কন্সাকে বিয়ে করার প্রস্তাব উত্থাপন করে তার জন্সতি চায়। কিন্তু রাজা এরেথথেউদ দে প্রস্তাবে দশত হতে পারে নি। অথচ দে কথাটা বোরিয়াদের মূথের উপর ভয়ে বলতেও পারেনি। কারণ দে জানত বোরিয়াদ তার কন্সাকে তালবাদলেও কিছ্ত-কিমাকার বোরিয়াদকে কথনো ভালবাদতে পারবে না তার কন্সা। বোরিয়া-দের দেহে যত শক্তিই থাক, দে শক্তির দক্ষে সৌন্দর্থের কোন সংমিশ্রণ নেই।

একদিন একটি নদীর ধারে রাজা এরেথথেউদের স্ত্রী তার কন্সা ওরিথীয়া হজনে একসঙ্গে নাচছিল মনের আনন্দে। নদীটার নাম ইলিসাস। নদীর ধারে চারদিকে ধূধূ করছে ফাঁকা মাঠ। কোন দিকে কোথাও কোন লোক নেই।

এমন সময় কোথা থেকে এক সাক্ষাৎ দানবের মত ঝড়ের বেগে বোরিয়াস এসে উপস্থিত হলো সেথানে। তার মায়ের চোথের সামনে ওরিথীয়াকে জ্বোর করে ধরে নিয়ে গেল বোরিয়াস। রাণী প্র্যাক্তিমীয়াকে বোরিয়াস বলল, রাজাকে বলবে, সে আমাকে বছদিন মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে প্রতারিত করেছে। সেই কারণে আমি তাকে ধরে নিয়ে যাচছি। বলবে আমি বাধ্য হয়ে বলপ্রয়োগ করছি, কারণ বছ আবেদন নিবেদনেও কোন কাজ হয়নি।

অনেকে আবার বলে ওরিথীয়া যথন একদিন অনেক লোকজনের জন্ম ঝুরি হাতে এ্যাক্রোপোলিসের পথে যাচ্ছিল তথন বোরিয়াস তাকে তার পাথার আড়ালে চেকে সকলের অলক্ষ্যে তাকে নিয়ে পালিয়ে যায়।

যাই হোক, থে নিয়ার অস্কর্গত নিফোনস্নামে এক নগরে ওরিথীয়াকে নিয়ে গিয়ে রাথে বোরিয়ান। নে তাকে দেখানে বিয়ে করে স্বামীদ্ধীর মড বসবাস করতে থাকে। ওরিথীয়ার গর্ভে ছটি পুত্রসম্ভান ও ছটি ক্যাসম্ভান জন্মগ্রহণ করে। ছেলে ছটি বড় হলে তাদের হুধারে ছটি করে পাখা গজায়।

বোরিয়াস দাধারণত: হেমাস পর্বতের এক গুহায় বাস করত। সেই গুহার ভিতর আবার রণদেবতা এ্যাবেস তাঁর ঘোড়া রাথতেন। বোরিয়াস আবার ষ্টাইমন নদীর ধারে তার নিজম্ব বাসভবনেও মাঝে মাঝে বাস করত।

একবার বোরিয়াস স্কামান্দার নদীর ধারে বেড়াতে গিয়ে দেখে দার্দানাসপুত্র এরিথথোনিয়াসের তিন হাজার ঘোড়া নদীর ধারে প্রাস্তরভূমিতে চরছে। বোরিয়াসের কি মনে হতেই সহসা সে এক ঘোড়ার রূপ ধারণ করে সেই ঘোড়ার পাল থেকে বারোটি ঘোটকীকে হরণ করে নিয়ে গিয়ে তাদের সঙ্গে ঘোটকরূপে সহবাস করে। এই মিলনের ফলে বারোটি অস্থশাবক জন্মগ্রহণ করে। এই অস্থশাবকগুলি বড় হয়ে উন্নতনীর্ধ শশুক্ষেত্রের উপর দিয়ে ক্রতবেগে এমনভাবে ছুটে ঘেতে পারত যাতে শশ্রের চারাগুলির মাথা নত হত না বা শশ্রের কোন ক্ষতি হত না।

এথেনের লোকেরা বোরিয়াসকে দেবতাজ্ঞানে পূজো করে। একবার এথেনবাসী তাদের আক্রমণকারী শক্র রাজা জার্জেল্লের রণতরীগুলি ধ্বংস করার জন্ম বোরিয়াসকে আহ্বান করে। তাদের কাতর আহ্বানে সাড়া দেবার জন্ম উন্তর থেকে প্রবল ঝড় এনে সমুদ্রবক্ষকে উন্তাল করে জার্জেল্লের সব রণতরীগুলি ভূবিয়ে দেয় বোরিয়াদ। এ জন্ম কডজ্ঞতাস্বরূপ তারা ইলিসাস নদীর ধারে বোরিয়াদের সম্মানার্থে এক মন্দির নির্মাণ করেছে।

এ্যালোপ

আর্কেডিয়ার রাজা হিফাস্টাসপুত্র দার্সিয়নের এক পরমা স্থন্দরী কন্সা ছিল। ভার নাম ছিল এগলোপ।

এ্যালোপের অসাধারণ রূপসৌন্দর্থে মুগ্ধ হয়ে একবার সমুদ্রদেবতা পদেডন তার সঙ্গে সক্ষম প্রার্থনা করেন। এ্যালোপ প্রথমে রাজী না হলেও দেবতার প্রলোভনের সামনে শেষ পর্যন্ত নিজেকে ঠিক রাথতে পারেনি সে। ফলে পদেডন তার উপর অবাধে উপগত হয়ে সক্ষম করেন তার সঙ্গে। এমন কি সকলের দৃষ্টি এড়িয়ে রাজঅন্তঃপুরে এ্যালোপের ঘরেও রাজিবাস করতেন পদেডন। এইভাবে গর্ভসঞ্চার হয় এ্যালোপের মধ্যে। তার বাবা রাজা সার্সিয়ন এ বিষয়ে কিছুই জানতেন না। রাজার অগোচরেই একদিন গোপনে একটি পুরেসন্তান প্রসব করল এ্যালোপ।

তার বাবা যাতে এবিষয়ে কোন কিছু ঘুণাক্ষরেও জানতে না পারে তার জন্ম একজন ধাত্রীকে এগালোপ তার নবজাত শিশুটিকে নগরের বাইরে পশুচারণ ক্ষেত্রের কাছে এক জায়গায় ফেলে দিয়ে আসতে বলে।

ধাত্রীটি এ্যালোপের কথামতই ছেলেটিকে দেখানে ফেলে দিয়ে আসে। কিন্তু শিশুটির গায়ে রাজবাড়ির ছেলের মত জমকালো পোষাক দেখে ছুজন মেৰপালক আকট হয় তার দিকে। ছেলেটিকে পাঠাবার সময় এ্যালোপ তার পোবাকের একটা অংশ ছিঁড়ে তাই দিয়ে ছেলেটার গাটা ছড়িয়ে দেয়।

একজন মেষপালক বলে, সে ছেলেটিকে মাস্থ্য করবে এবং পোষাকটা রেখে দেবে। এর বারা বোঝা যাবে সে বড় ঘরের ছেলে। আর একজন মেষপালকও পোষাকটা নিতে চায়। লোভে পড়ে হজনেই ঝগড়া করতে থাকে। ঝগড়া থেকে শুরু হয় মারামারি। এই মারামারি থেকে হয়ত তারা হজনেই খুন হয়ে যেত যদি না তাদের দলীরা তাদের ছজনকেই রাজা সার্গিয়নের কাছে ধরে না নিয়ে যেত।

রাজা সার্সিয়ন তথন তাদের কাছ থেকে সব কথা শুনে বলল, সেই ছেলেটি ও তার পোষাকটা আমার সামনে নিয়ে এস।

পোষাকটা আনা হলে সেটা দেখে রাজা সার্দিয়ন ব্ঝতে পারল এ পোষাক তার মেয়ে এ্যালোপের দামী পোষাকেরই একটা অংশ।

কথাটা তথন জানাজানি হয়ে যায় সমস্ত রাজবাড়িতে। সেই ধাতী তথন সব কথা রাজাকে খুলে বলে। এ্যালোপও দোষ স্বীকার করতে বাধ্য হয়। রাজা সার্সিয়ন তথন সঙ্গে প্রালোপকে কারাদণ্ড দান করেন এবং তার পুত্রসন্তানটিকে আবার নতুন করে নির্বাসনদণ্ড দান করেন। ভূত্যদের মাধ্যমে ছেলেটিকে আবার সেই উপত্যকাপ্রদেশে ফেলে রেথে আসা হয়।

এবার সেই দ্বিতীয় মেষপালকটি ছেলেটিকে দেখতে পেয়ে তার বাড়িতে নিয়ে যায়। সে এবার দ্বুঝতে পারে ছেলেটি রাজকভার গর্জজাত সস্তান। একথা জানতে পেরে যত্মের সঙ্গে মাহুষ করতে থাকে ছেলেটিকে। তার নাম রাখা হল হিপ্লোধোয়াস। এদিকে কারাগারে এ্যালোপের মৃত্যু হয়।

পরবর্তীকালে থিনিয়াস আকেভিয়া আক্রমণকালে রাজ্যা সার্দিয়নকে হত্যা করে হিপ্পোথোয়াসকে সিংহাসনে বসান। এ্যালোপের স্বৃত্যুর পর তার স্তত-দেহটি এক রাজপথের ধারে সমাহিত করা হয় এবং পসেভন তাকে একটি ঝর্ণায় পরিণত করেন। এ্যালোপ নামে ঝর্ণাটি আজও বয়ে চলেছে।

এ্যাসক্লিপিয়াস

ল্যাপিথের রাজা ফ্রেগিয়ার কন্থা করোনিস বাস করত থেসালির একটা হুদের থারে। হুদটার নাম ছিল রোবিস। করোনিস খ্ব স্থন্দরী ছিল বলে শ্বয়ং এ্যাপোলো তার প্রেমে পড়েন। এই প্রেমসম্পর্কের ব্যাপারে এ্যাপোলো বড় ইবাছিত ছিলেন। তিনি চাইতেন করোনিস যেন আর কারো প্রেমে না পড়ে, আর কেউ যেন তাকে ভাল না বাসে। একবার এ্যাপোলো কোন একটা কারণে ডেলফি যান। তিনি যাবার সময় এক তুরারশুস্র কাককে করোনিদের পাহারায় নির্ক্ত করে যান।

কিছ করোনিসের একটি গোপন বাসনা ছিল। সে আর্কেডিয়ার অধিবাসী ইলেতাসের পুত্র ইসবিসকে গোপনে ভালবাসত। এই ভালবাসার কথা বাইরের কেউ জানত না। এ্যাপোলো ভেলফি চলে যেতেই ভার শয়নকক্ষে ইসবিসকে আসতে বলল করোনিস। অথচ তথন এ্যাপোলোর ঔরসজাত সম্ভান ছিল করোনিসের গর্ভে।

এ্যাপোলোর বারা নিযুক্ত সেই প্রভুক্তক কাকটি করোনিসের ঘরে অস্তু লোক চুকতে দেখে তৎক্ষণাং দে ভেলফি উড়ে গেল এ্যাপোলোকে খবর দেবার জন্ম। এ্যাপোলো তার কর্তব্যপরায়ণতার প্রশংসা করতে লাগলেন। কিন্তু সেই সলে রেগেও গেলেন। এ্যাপোলো রেগে গিয়ে কাকটাকে বলল, তুমি আমাকে খবর দিতে এসেছ ভাল, কিন্তু এখানে আসার আগে লোকটার চোখছটো ঠুকরে উপড়ে ফেলতে পারলে না ? এই অপরাধে তোমার সাদা গাটা কালো হয়ে যাবে। এখন থেকে তোমার সব বংশধরেরাই ঘোর কালো হয়ে

এরপর করোনিদের অবিশ্বস্ততার জন্ত তাকে চরম শাস্তি দেবার কথা ভাবতে লাগলেন। তিনি তাঁর বোন আর্ডেমিদের শরণাপন্ন হয়ে বললেন, আমাকে ও অপমান করেছে। এই অপমানের প্রতিশোধ গ্রহণ করতে হবে আমায়। এর প্রতিবিধান করো।

আর্ডেমিস তথন তাঁর তৃণ থেকে একসঙ্গে পর পর অনেকগুলি তীর
ছু'ড়লেন। যন্ত্রণায় আর্ডনাদ করতে করতে তৎক্ষণাৎ প্রাণত্যাগ করল
করোনিস। ইসবিস্কেও নিজের হাতে তীর ঘারা বিদ্ধ করে হত্যা করলেন
এ্যাপোলা।

করোনিসের মৃতদেহটা শ্মণানে আনা হলে তা দেখে তৃ:থ হলো এ্যাপোলোর। তাকে বাঁচাবার কথাও ভাবলেন একবাব। কিন্তু তথন আর কোন উপায় নেই। তবে করোনিসের মৃতদেহটা জ্বলন্ত চিতায় চাপাবার আগে তার গর্ভন্থ সন্তানটাকে বার করে নেবার জন্ম হার্মিসকে নির্দেশ দিলেন এ্যাপোলো। করোনিসের গর্ভন্থ সন্তানটি জীবিত ছিল তথনো। এ্যাপোলো তাঁর সন্তানের নাম রাখনেন এ্যাসক্লিপিযাস।

এপিডরিয়াদের লোকরা কিন্তু অন্ত কথা বলে। তারা বলে, করোনিদের বাবা ফ্রেগিয়া তার নামে এক নগর নির্মাণ করে। গ্রীদের বহু বীর যোজা তার দেনাবাহিনীতে কাজ করত। ফ্রেগিয়া একবার ঘ্রতে ঘ্রতে এপিডরিয়াদে এসে পড়ে সদলবলে। তার সলে তার কন্তা করোনিসও ছিল। কুমারী করোনিদের গর্ভে ডখন এ্যাপোলোর শ্ররসজ্ঞাত সম্ভান ছিল। এপিডরিয়াস নগরীতে এ্যাপোলোর যে মন্দির ছিল সেই মন্দিরের সামনে দেবী আর্ডেমিদের সহায়তায় একটি পুরুষন্তান প্রসব করে। বাজা তা জানতে পেরে নবজাত শিশুটিকে টিথিয়ন পাহাড়ে ফেলে রেখে আসার আদেশ দেয়। সেখানে একটি ভেড়ী ও ছাগল তাদের হুধ দিয়ে শিশুটিকৈ বাঁচিয়ে রাখে। কিন্তু একছিন একটি রাখাল ছেলেটিকে নিয়ে আসতে গেলে এক ঝলক তীত্র আলো কোখা থেকে এসে তার চোথ ধাঁধিয়ে দেয়। তথন সে ভয়ে চলে যায় এবং এ্যাপোলো স্বয়ং তাঁর প্রসন্তাত শিশুসন্তানটির ভার নেন।

শিশুসম্ভানটিকে টিথিয়ন পাহাড় থেকে উদ্ধার করে সেন্টরছের নেতা বৃদ্ধ শেইরনের তরাবধানে রেখে দেন। এ্যাসক্লিপিয়াস এ্যাপোলো ও শেইরনের কাছ থেকে চিকিৎসাবিদ্যা শিখতে থাকে ছোট থেকে। বিশেষ করে শল্য চিকিৎসায় সে পারদর্শিতা লাভ করে। যে কোন রোগীকে আরোগ্য করে তুলতে পারত সে।

শোনা যার দেবী এথেন নাকি বাক্ষনী মেছুদার রক্তভরা ছটি শিশি তাকে দান করেন। একটি শিশির রক্ত ছিল মেছুদার দেহের বাঁ দিক থেকে নেওরা। তাই দিয়ে যে কোন মরা লোককে বাঁচানো যেত। আর এক শিশির রক্ত ছিল মেছুদার দেহের ভান দিক থেকে নেওরা হয়। সেই রক্ত দিয়ে যে কোন লোককে এক মূহুর্তে বধ করা যেত। এথেন নাকি সেই রক্ত এাসফ্লিপিয়াস ও ভাঁর নিজের মধ্যে ভাগ করে নেন। এ্যাসফ্লিপিয়াস সেই রক্ত মরা মাছুধকে বাঁচাবার জন্ম ব্যবহার করত আর এথেন তা কোন মাছুধকে বধ করার জন্ত ব্যবহার করত।

এয়াসক্লিপিয়াস সেই বক্ত দিয়ে অনেককে মৃত্যুর কবল থেকে বাঁচিয়ে তোলে।
সে যাদের বাঁচায় এইভাবে তারা হলো লাইকর্সন, কাপানেউস ও টিগুরেউস।
এইভাবে লোক বাঁচানোর জন্ম নরকের রাজা বেগে গিয়ে দেবরাজ জিয়াসের
কাছে অভিযোগ করে। বলে, আমার রাজ্য থেকে আমার প্রজাদের নিম্নে
যাছে এয়াসক্লিপিয়াস। জিয়াস তথন রেগে গিয়ে একটি বজ্লের আঘাজে
এয়াসক্লিপিয়াসকে হত্যা করেন। পরে অবশ্য জিয়াস আবার তাকে প্নরক্জীবিভ
করে তোলেন। পরবর্তী কালে খাভাবিকভাবে তার জীবনকাল শেষ হলে
জিয়াস তাকে নক্ষরলোকে স্থান দেন। সেখানে এয়াসক্লিপিয়াস একটি সাপ
হাতে দাঁভিয়ে আছে। এপিভরিয়াসে এয়াসক্লিপিয়াসর একটি মূর্তি আছে; তাতে
সে সাপের মাধার উপর পা দিয়ে দাঁভিয়ে আছে।

আসঙ্গিশিয়াসের ছটি সম্ভান হয়। তাদের নাম হলো পোদালেবিরাস আর মেকাডন। এরা ছুলনেই পরবর্তীকালে খ্যাতনামা চিকিৎসক হয়। ক্রীয়নুছের সময় এরা প্রীক সৈক্তদের চিকিৎসা করে। ইতালির লোকেরা এ্যাসঙ্গিপিয়াসকে এ্যাসক্যালাপিরাস বলে ভাকে। তাদের মতে এ্যাসক্যা-লাপিয়াস এক ধরনের গাছের শিকড় দিরে মাইনসের পুত্র প্রকাসকে নিশ্চিক্ত শুজুর কবল থেকে বাঁচায়।

रेपववागी

গ্রীসদেশে ও ফ্রীটে বছ দৈববাণীর কথা তানতে পাওয়া যায়। 'বছ দৈব-বাণীর কথা জানা যায়। কিন্তু সবচেয়ে প্রাচীন দৈববাণী হলো দেবরাজ জিয়াসের। বছ প্রাচীনকালে হুটি কপোত মিশরীয় থীপ্স্ থেকে উড়ে যায়। তাদের মধ্যে একটি লিবিয়া ও আর একটি দোদোনায় গিয়ে একটি ওকগাছের উপর বসে। তথন সেখানকার লোকে বলে কপোতটি ছুটি দেববাণী বহন করে এনেছে দেবতাদের কাছ থেকে।

তারপর থেকে জিয়াসের মন্দিরের পূজারিণী কপোতের কৃজন শুনে অথবা ওকগাছের পাতার শন্শন্ শব্দ শুনে মাহুষের প্রশ্নের উদ্ভর দেয় এবং দেবতাদের নির্দেশ বুঝতে পারে।

ভেসফির মন্দিরটা আগে ছিল ধরিজীমাতার। পরে ধরিজীমাতা ভাফনিস নামে একটি মেয়েকে পূজারিণী নিযুক্ত করেন সে মন্দিরে। এই পূজারিণীই একটি তিনপায়া টুলের উপর বসে যত সব ভবিগ্রছাণী উচ্চারণ করে চলত। অনেকে বলে, ধরিজীমাতা পরে তাঁর এই মন্দিরের উপর অধিকার ত্যাগ করে তা টিটানদেবী ফোবি ও খেমিসের উপর ছেড়ে দেন। আবার এই ত্রজন ঠিকমত কাজ করছে কি না তা দেখার ভার দেন এ্যাপোলোর উপর।

আবার কেউ কেউ বলে, এ্যাপোলো ধরিত্রীমাতার কাছ থেকে দৈববাণী-সংক্রান্ত যাবতীয় অধিকার ও মন্দিরের মালিকানা জ্ঞার করে কেড়ে নেন। আবার কারো কারো মতে পেগাদাস ও এজিয়াস নামে ছজন পুরোহিত প্রথমে মন্দির প্রতিষ্ঠা করে এ্যাপোলোর পূজো প্রবর্তন করেন।

ভেশফির মন্দিরের প্রথম বেদী নির্মিত হয় মোম আর পাথির পালক দিয়ে।
বিতীয়টি নির্মিত হয় ফার্নগাছের কাঠ দিয়ে। তৃতীয় বেদী নির্মিত হয় লরেল কাঠ
আর চতুর্থ বেদী তৈরি হয় ব্রোঞ্চ ধাতু দিয়ে। এরপর ভেলফির গোটা মন্দিরটি
ধরিবীমাতা গ্রাস করেন। তারপর খুস্টপূর্ব ৪৮৯ অব্দে মহল পাথর দিয়ে গোটা
মন্দিরটি নির্মিত হয়।

এই ধরনের দৈববাণীসংক্রান্ত মন্দির আরও অনেক আছে এ্যাপোলোর—
যেমন, লাইকাওন, এ্যাক্রোপোলিস, আর্গন প্রভৃতি বিভিন্ন জান্নগায়। সব
মন্দিরই একজন করে প্লারিণীর তত্ত্বাবধানে আছে। ইসমেনিয়াম নামক এক
জান্নগার মন্দিরে এ্যাপোলোর পুরোহিত বলি দেওয়া পশুর নাড়ীভূড়ি ভাল করে
ঘেঁটে পরীক্ষা করে দেখার পর তবে ভবিক্রাণী করে। কলোফনের কাছে
ক্রোস নামক এক জান্নগায় মন্দিরের কাছে গোপন একটি কৃপ আছে যার কথা
কেউ জানে না। সেই গুপুর কৃপের জল পান করার পর মন্দিরের পুরোহিত
লোকের ভবিক্রং গণনা করে এবং সে বিষয়ে দৈববাণীগুলি ছক্ষোব্যভাবে

বলে। টেলিমেদাদে ও অন্ত করেকটি জায়গায় খপ্ন ব্যাখ্যা করা হয়।

দিমেতারের মন্দিরের পূজারিণীরা পেজাতে রোগীদের রোগ প্রতিকার নিরে কৈববাণী করে। তারা একটি আয়নাকে দড়িতে বেঁধে ক্রোর মধ্যে ঝুলিরে দের। ফেরাতে একটি তামার প্রসার বিনিময়ে রোগীরা হার্মিদের সঙ্গে তাদের বোগ সম্বন্ধে কথা বলে পরামর্শ দিতে পারে। পেগাতে দেবরাজী হেরার একটি কৈববাণী সংক্রান্ত মন্দির আহে। আকারাতে ধরিত্রীমাতার একটি মন্দির আহে। সেথানকার প্রারিণী দৈববাণী বলার সময় এক ঘাঁড়ের রক্ত পান করে যা আর কোন মাহর পারে না।

এ ছাড়া হেরাকলস্ প্রস্তৃতি বিখ্যাত বীরদের নামেও অনেক মন্দির আছে। একিয়ার মন্দিরে চারটি পাশার মাধ্যমে দৈববাণী করা হয়। আবার এক জায়গায় রোগীদের রোগের সব কথা শুনে তাদের স্বপ্লের মাধ্যমে তাদের কোগের প্রতিকারের কথা জানিয়ে দেওয়া হয়।

স্পার্টার রাজার পরিচালনাধীনে পাসিফার মন্দিরেও স্বপ্নের দৈববাণী জানানো হয়।

গ্রীদের টোফোনিয়াদের মন্দিরটিও খুবই প্রাচীন। এখানে এক অভুত প্রথা আছে। এখানে কেউ যদি পূজাে দিতে বা ভবিন্তং গণনা করতে যায় ভাহলে তাকে বেশ কয়েকদিন ধরে শুচিশুদ্ধভাবে থাকতে হয়। মন্দিরে প্রবেশ করার আগে সোভাগ্যদেবীর নামে নির্মিত একটি বাড়িতে বাস করতে হয়। সেখানে হার্মিনা নদীতে স্নান করে দেবদেবীদের উদ্দেশ্তে পশুবলি দিতে হয় এবং ভাকে বিশেষভাবে বলি দেওয়া একটি ভেড়ার মাংস থেতে হয়।

এইভাবে তাকে শুচিশুদ্ধ করার পর একদিন তের বছরের ছটি ছেলে নদীর ধারে তাকে নিয়ে গিয়ে তেল মাথিয়ে স্নান করায়। তারপর একটি ঝর্ণা থেকে জল পান করানো হয়। সেই জল পান করলেই সব কথা সে ভূলে যায়। মন্দিরের ভিতরে এমন একটি অন্ধকার ঘরের ভিতর তাকে নিয়ে যাওয়া শুর যে ঘরের মাঝখানে আট গজ গভীর কটি তৈরি করার চৌবাচ্চার মত একটা জায়গা আছে। সেই চৌবাচ্চার তলায় একটা ফাঁক আছে। একটা মই দিরে সেই জায়গাটায় নেমে গিয়ে লোকটি মধুমেশানো ছটো কটি ছহাতে ধরে। তার পা ঘটো সেই চৌবাচ্চার গর্ভের মধ্যে চুকিয়ে দেয়। তারপর অন্ধকারে সেই গর্ভের ভিতর থেকে কে যেন তার পা ঘটো টানে এবং তথন তার মাধায় ভারী জিনিসের একটা আঘাত পেয়ে সে জ্ঞান হারিয়ে ফেলে। ঠিক তথনি এক অজানা কর্ম্বন্ধ দৈববাণীর কণাগুলো বলতে থাকে। কর্ম্বন্ধ থেমে গেলেই ভাকে সেখান থেকে তুলে এনে একটি চেমারে বিসিয়ে একটি ঝর্ণার জল পান কর্মানো হয়। তথন দে তার হারানো শ্বতি আবার ফিরে পায়। দৈববাণীর কণা তার মনে পড়ে যায়।

এই चनाना कर्धचत्र इतना এक मर প্রেডাল্মার। সে নাকি দৈববাণী

ৰলার জন্ত চাঁদের দেশ থেকে নেমে এসেছে। সে আবার ইফোনিরাসের প্রেতের সঙ্গে পরামর্শ করে। ইফোনিয়াসের প্রেত একটি সাপের রূপ ধরে সেইথানে শাকে এবং মধুমাথানো ছটি কেক পেয়ে ভবিশ্বতের সব কথা বলে দেয়।

আলফাবেট বা বর্ণমালা

হার্মিস আবার সেই সব বর্ণের ধ্বনিগুলি শুনে এক একটি কার্চথণ্ডে রূপদান করেন। ক্যাডমাস তা বীয়োতীয়ায় নিয়ে যায় এবং আর্কেডিয়ার ঈভান্ডার তা নিয়ে যায় ইতালিতে। সেখানে তার মা কার্মেস্তা পনেরটি বর্ণমালাকে আক্ষরিক ক্ষপ দান করেন।

ভামসের সাইমোনাইদেস ও সিসিলির এপিচার্মান গ্রীক ভাষায় অন্তান্ত ব্যঞ্জনবর্ণগুলি সংযোজন করে। পরে এ্যাপোলোর মন্দিরের পুরোহিতের। পাঁচটির জায়গায় আরো ছটি স্বরবর্ণ যোগ করেন। সে ছটি স্বরবর্ণ হলো দীর্য আর হস্ব ই। কারণ এ্যাপোলোর স্বপ্তস্বরা বীণায় যে সাতটি তার আছে তার প্রত্যেকটির জন্ম একটি করে স্বরবর্ণ দরকার।

আঠারোটি বর্ণের মধ্যে আলফা হচ্ছে প্রথম বর্ণ। আলফা শব্দের অর্থ হচ্ছে সমান। পণ্ডিতরা অবশ্য বলেন, মিশরেই প্রথম বর্ণমালা আবিষ্ণত হয়। পরে মিশর থেকে গ্রীদে তা প্রবর্তিত হয়। কিন্তু আবার অনেক পণ্ডিত বলেন, ফীনিশীয়রা গ্রীসদেশে প্রতিষ্ঠিত হবার আগেই গ্রীসদেশের মন্দিরে বর্ণমালার অন্তিত্ব ছিল। কিন্তু তা ধর্মীয় গুপ্ত ব্যাপার হিসাবে স্যত্নে ব্যবহৃত হত। বিশেষ করে চক্রদেবীর মন্দিরের পূজারিণীরা তা জানত। তবে তখন বর্ণের অক্ষর উভাবিত হয়ন। বিভিন্ন গাছের ভাল কেটে তাতে বিভিন্ন বর্ণের এক একটি রূপ উৎকীর্ণ হত।

হডরেনাস

ইউরেনাসের সস্তান সাইক্লোপ দৈত্যগণ একবার তাদের পিতার প্রতি বিজ্ঞোহী হয়ে ওঠে। ইউরেনাস তথন রেগে গিয়ে তার বিজ্ঞোহী পুরুদের শাজালপ্রদেশের অন্তর্গত তার্জারাস নামক এক জারগায় কেলে দেয়। তারপর ধরিজীমাতার গর্ভে টিটান নামে একজন দৈত্যের জন্ম দান করেন। পৃথিবী থেকে আকাশের দ্বন্ধ যতথানি গৃথিবী থেকে তার্ডারাসের দ্বন্ধ ততথানি। পৃথিবী থেকে একটা কঠিন বন্ধকে যদি তার্ডারাসে ফেলা যার তাহলে তার্ডারাসের তলদেশে পৌহতে ন দিন সময় লাগবে।

সাইক্লোপ দৈত্যদের হারিয়ে দেয় ধরিজীমাতার সম্ভান। ইউরেনাস তাদের ফেলে দিলে ধরিজীমাতা রেগে যায়। তথন ধরিজীমাতা আবার তাঁর সম্ভান টিটানদের তাদের পিতার বিরুদ্ধে উদ্ভেজিত করে তুলতে থাকে। তাদের পিতৃত্রোহী করে তুলে ধরিজীমাতা বলে, তোমাদের পিতাকে তোমরা আক্রমণ করো।

মার কথা শুনে টিটানরা তাদের পিতা ইউরেনাসকে অভর্কিতে আক্রমণ করল। তারা সংখ্যায় ছিল সাতজন। সর্বকনিষ্ঠ ক্রোনাস তাদের নেতৃত্ব করছিল। ইউরেনাস যথন ঘুমোচ্ছিল তথন ক্রোনাস তার মায়ের দেওয়া কান্তেটা দিয়ে ঘুমস্ক ইউরেনাসের লিক ও অগুকোষটি কেটে বা হাতে ধরে তা সমুদ্রের জলে ফেলে দেয়। সেই থেকে বা হাত কুলক্ষণাক্রাস্ক বলে গণ্য হতে থাকে।

কিন্তু ইউবেনাদের ক্ষতন্থান থেকে যে রক্ষের ফোঁটা ঝরে পড়তে থাকে ধরিত্রীমাতার পুকে তার থেকে তিনজন ইউরিনায়েদের জন্ম হয়। এরা হলো প্রতিহিংসার এমন এক অপদেবী যাদের কাজ হলো পিতৃহত্যা ও মাতৃহত্যা জাতীয় অপরাধের প্রতিশোধ গ্রহণ করা। এদের নাম হলো এ্যালেক্টো, টিসিফোন আর মেসারা।

টিটানরা তথন তাদের অগ্রজ দাইক্লোপদের তার্তারাদ নামক অন্ধকার পাতালপ্রদেশ থেকে মৃক্ত করে এবং ক্রোনাদকে পৃথিবীর অধিপতি করে তোলে।

কিন্তু ক্রোনাস পৃথিবীর অধিপতি হয়েই তার অগ্রন্থ সাইক্লোপদের আবার বন্দী করে তার্ডারাসে নির্বাসিত করে। তারপর তার আপন ভগিনী রীয়াকে বিয়ে করে স্থেথ রাজ্ব করতে থাকে।

ক্লোনাসের সিংহাসনচ্যুতি

ভার বোন রীয়াকে বিয়ে করে কোনাস স্থথে শাস্তিতে বাস করতে থাকে বটে, কিন্তু সে ভার ণিভাকে হড়া করায় ও তার জননাস্থ ছেদন করায় ধরিত্রী-মাডা ও ভার ণিভা ইউরেনাস মৃত্যুকালে ভাকে অভিশাপ দিয়ে যায়, কোনাসেরই এক পুত্র ভাকে সিংহাসনচ্যুক্ত করবে। সেই ভয়ে কোনাস প্রতি বছর তার একটি করে প্রকে গ্রাস করে ফেলত।
প্রতি বছর বীয়া একটি করে প্রদেষ্টান প্রসব করার সলে সলে কোনাস গিলে
ফেলত। এইভাবে পর পর ছটি প্রকে হারিয়ে রেগে যায় বীয়া কোনাসের
প্রতি। তার ভৃতীয় সম্ভান ভূমিষ্ঠ হবার আগেই সে চলে যায় আর্কেভিয়ার ছর্ভেছ
অরণ্যপরিবৃত লাইকাউম পাহাড়ে। সেথানে সে একটি প্রসম্ভান প্রসব
করে। ভূমিষ্ঠ হবার পর প্রটেকে নেদা নদীতে স্নান করিয়ে ধরিজীমাতার
হাতে ভূলে দেয় বীয়া। ছেলেটির নাম রাথা হয় ভিয়াস।

ধরিত্রীমাতা তথন সেই শিশুপুত্রটিকে ক্রীন্দেশের অন্তর্গত লিকট্স নামক এক জান্নগায় নিয়ে যায়। দেখানে ইজিয়াস পর্বতের এক গুহায় তাকে শুকিয়ে রাখা হয়। সেখানে আন্তেতীয়া ও আমালধীয়া নামে চ্জন জলপরী তাকে মাহর করতে থাকে। জিয়াস বড় হয়ে যখন স্বর্গমর্ত্তাসহ সমগ্র বিশ্বক্রাণ্ডের অধিপতি হন তথন আমালধীয়ার উপকারের কথা ভোলেননি। ভোলেননি তারই স্তনম্ব্র থেয়ে শৈশবে একদিন জীবন ধারণ করেছিলেন তিনি। তাই আমালধীয়া মারা গেলে তার একটি মূর্তি স্থাপন করেন জিয়াস।

এদিকে তার তৃতীয় সস্তান জিয়াদকে প্রদব করে তাকে ধরিত্রীমাতার হাতে তৃলে দিয়ে একটি পাধরকে কাপড় দিয়ে জড়িয়ে বাড়ি ফেরে রীয়া। স্বামীকে বলে সে এবার এই প্রস্তর্থণ্ড প্রদব করেছে। ক্রোনাস তাই গিলে ফেলে। কিন্তু ক্রমে জানতে পারে দব কথা। তথন সে শিশু জিয়াসের থোঁজে স্বর্গ-মর্ত্য পরিভ্রমণ করতে থাকে।

কিন্তু ক্রোনাসকে দ্র থেকে আসতে দেখে সাবধান হয়ে যায় জিয়াস। সে নিজেকে একটি সাপে আর আদ্রেন্তীয়া ও আমালধীয়াকে হুটি শৃকরীতে রূপান্তরিত করে। তা দেখে ক্রোনাস পালিয়ে যায়। একটি সাপ ও হুটি শৃকরের মূর্তি পরে নক্ষরলোকে স্থান পায়।

বড় হয়ে যৌবনে পা দিতেই একদিন সমুদ্রের ধারে মেটিস নামে এক টিটান মহিলাকে দেখতে পেলেন জিয়াস। মেটিসের পরামর্শক্রমে জিয়াস তার মা রীয়ার সঙ্গে দেখা করল। মার কথায় ক্রোনাসের ভোজসভায় ভূত্যের কাজ গ্রহণ করলেন জিয়াস। ইতিমধ্যে মেটিস তাঁকে একটি গাছের শিকড় দিয়েছিল। বলেছিল সেটি যেন ক্রোনাসের পানীয়ের সঙ্গে মিশিয়ে দেয়। তাঁর মাকে একথা বললে সে একাজে সাহায্য করে জিয়াসকে।

একদিন কোনাস যথন মধুমেশানো এক গ্লাস মদ পান করতে যাচ্ছিল তথন সেই মদের দক্তে মেটিসের দেওয়া ওমুধটা বেঁটে তার দকে মিশিয়ে দেয় জিয়াস। কোনাস তা পান করার দকে দকেই বমি করতে থাকে। ফলে কোনাস এতদিন পর্যন্ত তার যে সস্তানকে গিলে ফেলেছিল সেই সব সন্তান তার পেট থেকে অক্ষত অবস্থায় বেরিয়ে জিয়াসের প্রতি তাদের আছগুড়া জানাল। তারা বলল, টিটানদের সক্ষেযুদ্ধ ঘোষণা করো। আমরা তোমাকে সাহায্য করব। সব টিটানদের মেরে ফেল।

কোনাসের তথন বরস হওয়ার টিটানরা এাটলাসকে তাদের নেতা হিসাবে নিষ্ক করেল। টিটানদের সব্দে জিয়াসের এই যুদ্ধ দীর্ঘ দশ বছর ছায়ী হয়। ধরিত্রীমাতা জিয়াসকে বললেন, সাইক্লোপদের যদি তার্তারাস থেকে মুক্ত করতে পার তবে তাদের সাহায্যে যুদ্ধে জয়লাভ করতে পারবে।

একথা শৌনার সন্ধে সঙ্গে পাতালপ্রদেশের অন্তর্গত তার্ডারাসে গিয়ে কারাগাররক্ষিণী ক্যাম্পেকে বধ করে সমস্ত সাইক্রোপদের মুক্ত করল। নাইক্রোপদের মুক্ত করল। নাইক্রোপদের সক্ষে কিছু শতভূঞ্জ দৈত্য ছিল। নাইক্রোপরা কৃতজ্ঞতারশতঃ একটা বজ্ঞ দিল জিয়াসকে। নরকের রাজা হেডস্ তাকে দিল এক আশ্রুষ্ট শিরস্তাণ যা পরে থাকলে শত্রুগণ দেখতে পাবে না তাকে এবং জয় অনিবার্থ। সম্প্রদেবতা পদেতন তাকে দিল একটি জিশ্ল। আসলে হেডস্ ও পদেতন ছিল জিয়াসের ছই বড় ভাই। তারা জয়াবার সঙ্গে সঙ্গেই ক্রোনাস তাদের গিলে ফেলে পরে জিয়াসের মাধ্যমেই তারা মুক্ত হয়।

কোনাসকে কিভাবে পরাজিত করা যাবে তা নিয়ে তিন ভাইয়ে মিলে আলোচনা করতে লাগল। ঠিক হলো হেডস্ প্রথমে অদৃশ্য অবস্থায় গিয়ে কোনাসের সব অস্ত্র কেড়ে আনবে। আর পদেছন সেই সময় ত্রিশূল নিয়ে মারতে যাবে কোনাসকে। তথন জিয়াস বজ্ঞ নিক্ষেপ করবে কোনাসের উপর। এমন সময় সাইকোপরা ও শতভূজ সেই দানবরা বড় বড় পাথর নিয়ে কোনাসের টিটান দৈগ্যদের উপর ফেলতে লাগল। দেবতারা পর্যন্ত ভয়ে পালাতে লাগল। একমাত্র এটিলাস ছাড়া আর সব টিটানদের নির্বাসনদণ্ড দান করল জিয়াস। তারা সবাই পশ্চিম ইউরোপে বৃটিশ বীপপুঞ্জে চলে যায়। টিটান নারীদের কিছে বধ করল না জিয়াস অথবা তাদের উপর অত্যাচার করল না। কারণ মেটিস আর তার যা রীয়ার কথা ভেবে সমস্ত টিটাননারীদের ক্ষমা করল জিয়াস।

কোনাসকে সিংহাসনচ্যুত করে স্বর্গ-মর্ত্যের অধিপতি হয়ে উঠল জিয়াস। হেডস্ হলো পাতালের অধিপতি আর পদেতন হয়ে রইল সমূদ্রের অধিপতি। দেবী এথেনের জন্ম সম্পর্কে বিভিন্ন মত প্রচলিত আছে।

কেউ কেউ বলে এথেনের পিতা হচ্ছে প্যালাস নামে দৈতা যে পরে তার কন্মা এথেনেরই শালীনতাহানি করতে যায়। এথেন তথন তাকে বধ করে তার গায়ের চামড়া ছাড়িয়ে নেয়। প্যালাসের নামের জন্মই এথেনের নামের আগে প্যালাস শব্দটি জুড়ে দেওয়া হয়।

আবার কেউ কেউ বলে এথেনের পিতা হলেন পদেছন। কিছু এথেন তাঁর পিছুছ স্বস্বীকার করে জিয়াদের কাছে পালিত হতে থাকেন।

কিন্ত এথেনের পুরোহিতরা এথেনের জন্ম সম্বন্ধে অক্স মত পোষণ করে। তারা বলে টিটান অপদেবী মেটিসের গর্ভে জিয়াসের ঐরসে এথেনের জন্ম হয়। স্বর্গ ও মর্ত্যের অধিপতি হবার পর সহসা মেটিসের প্রতি কামাসক হন জিয়াস। কিন্তু মেটিস তাঁর কাছে ধরা না দিয়ে পালিয়ে বেড়াত। এ জন্ত সে বিভিন্ন রূপও পরিগ্রহ করে। কিন্তু জিরাস তাকে একবার ধরে ফেলে তার সঙ্গে সক্ষম করেন এবং তার ফলে গর্ভবতী হয় মেটিস। যথাসময়ে মেটিস ক্যাসস্তান প্রস্ব করে সেই সন্তানই হলেন এথেন।

ধবিজীমাতা এই ঘোষণা করেন মেটিস যদি আবার গর্ভবতী হন্ন জিন্নাশের বারা তাহলে তার পূক্রসন্তান হবে এবং সেই পূক্রই জিন্নাশকে সিংহাসনচ্যুত করবে যেমন করে ক্রোনাস ইউরেনাসকে এবং জিন্নাস ক্রোনাসকে সিংহাসনচ্যুত করে। তা জানতে পেরে জিন্নাস একদিন মেটিসকে মিষ্টি কথান্ন ভূলিন্নে তাঁর মুখ্গহ্বর খুলে মেটিসকে গিলে ফেলেন। মেটিস নাকি তার পর থেকে জিন্নাশের পেটের ভিতর থেকে নানারকম পরামর্শ দিত। তবে সেই থেকে জিন্নাস নাকি ভন্নজন মাথাব্যথাতেও ভূগতে থাকেন। পরে হার্মিস অনেক চেষ্টার পর এই রোগ থেকে মৃক্ত করে জিন্নাসকে।

গ্যান

স্বর্গলোক অলিম্পিয়াতে মাত্র গ্রীদের বারো জন দেবদেবী স্থান পেয়েছেন। কিন্তু এ ছাড়া আরো অনেক দেবদেবী আছেন যারা অলিম্পিয়াতে স্থান পাননি। এই ধরনের এক দেবতা প্যান স্বর্গলোকে স্থান পাননি কথনো; তাঁকে সারাজীবন আর্কেডিয়াতেই কাটাতে হয়। এ ছাড়া হেডস্, পার্সিফোনে, হিকেট, ধরিত্রীমাতা প্রভৃতি দেবদেবীরা অলিম্পিয়ায় দেবদেবীর কাছে চিরস্বর্গান্ত রয়ে যান।

কেউ কেউ বলে, প্যান হচ্ছে হার্মিসের পুত্র। তবে হার্মিসের ঔরসে ঠিক কার গর্ভে প্যানের জন্ম হয় সে বিষয়ে মতভেদ আছে প্রচুর। প্রাইওপ না জলপরী ওপেনিসএর গর্ভে প্যানের জন্ম তা শ্পষ্ট করে বলতে পারে না কেউ। কেউ কেউ আবার বলে, হার্মিস একবার এক ভেড়ার ছন্মবেশে ওভিসিয়াসের পদ্মী পেনিলোপের সঙ্গে মিলিত হন এবং তার ফলে প্যানের জন্ম হয়। কিন্তু এ মত গ্রাহ্ম হয় নি।

জন্ম যেভাবেই হোক, প্যানের চেহারাটা ছিল বড় কুৎসিত এবং কিছ্ত-কিমাকার। তার মাথায় ছিল পশুর মত শিং, মৃথে ছিল দাড়ি, পাশুলো ছিল ছাগলের মত। এই সব দেখে অনেকে কল্পনা করে ছাগর্মপিনী এ্যামালথীয়ার গর্জে হার্মিসের শুরুসে প্যানের জন্ম হয়।

প্যানের মা যেই হোক, প্যান ভূমির্চ হওয়ার দলে দলেই তার চেহারা দেখে

ভার গর্ভধারিণী তাকে ত্যাগ করে। তথন হার্মিস তার নবজাত সম্বানকে স্বর্গনোক অলিম্পিরার কিছুকালের জন্ম দেবতাদের আনন্দ দেবার জন্ম নিম্নের্গনান। তাঁর উদ্দেশ্য ছিল এই যে প্যানকে দেখে স্বর্গের দেবতারা কোতুক বাং মজা পাবেন⁸।

কিন্তবড় হয়ে প্যান আর্কেডিয়ার অরণ্য অঞ্চলেই রয়ে যায়। সেখানে সে বাঁশি বাজাতে বাজাতে মেবের পাল চরাত। তবে বেশীর ভাগ সময় জলপরীদের সঙ্গে ফূর্তি করত অথবা ঘূমিয়ে কাটাত। আসলে সে ছিল বড় অলস প্রকৃতির এবং বিশেষ করে তুপুরের পর থেকে গোটা বিকেলটা ঘূমিয়ে কাটাত। যদি কোনদিন শিকারী চিৎকার করে তার ঘূমের ব্যাঘাত ঘটাত তাহলে তাকে এমন শান্তি দিত প্যান যে তাতে ভয়ে তার মাধার চুল থাড়া হয়ে উঠত। আবার শিকারীরা সারা দিন ঘুরে কোন শিকার না পেয়ে দিনের শেষে বাড়ি ফেরার সময় প্যানকে দায়ী করে গালাগালি করত, এমন কি অনেক সময় তাকে মারধারও করত এবং প্যান তা চুপচাপ শহু করে যেত।

জলপরীদের নিয়ে ফ র্তি করার সময় প্যান অনেক জলপরীর সঙ্গেই সঙ্গম করে। এই ধরনের এক জলপরী ছিল যার নাম ছিল একো বা প্রতিধ্বনি। একোর সঙ্গে প্যানের দেহ-মিলনের ফলে লিঙ্কপ্ নামে এক সন্তান হয়। কিন্তু একো নার্দিসাসের প্রেমে পড়ে যায়। কিন্তু নার্দিসাস তার প্রেমের ভাকেকোন সাড়া না দেওয়ায় ব্যর্থ প্রেমের জ্বালায় শেষ পর্যন্ত প্রাণ হারায় একো। দেবী মিউজের ধাজী ইউফেমির সঙ্গেও দেহমিলন ঘটে প্যানের এবং তার ফলেকোটাসের জন্ম হয়। ধফুর্বারী ক্রোটাসের একটি মূর্তি নক্ষক্রলোকে স্থান প্রেছে। প্যান বড়াই করে বলত সে মেনাদ নামী অপদেবীদের সঙ্গে সঙ্গম করেছে।

একবার প্যান করুণার অধিষ্ঠাত্রী সতী দেবী পিটিসের শালীনতা হানি করার চেষ্টা করলে পিটিস ফার গাছে নিজেকে পরিণত করে প্যানের হাত-থেকে রক্ষা করে নিজেকে। প্যান তথন রেগে গিয়ে ফার গাছের পাতা দিয়ে এক মালা তৈরি করে পরতে থাকে গলায়।

আর এক সতীলন্দ্রী সিরিক্ষসের সঙ্গে সহবাস করার জন্ম তাকে ধরতে যায়। স্থদ্র লাইকাউস পাহাড় লেডন নদীর ধার পর্যন্ত সিরিক্ষস্কে তাড়া করে নিম্নে যায়। নদীর ধারে এসে সিরিক্ষস নিজেকে নলথাগড়া গাছে রূপান্তরিত করে। প্যান তথন সব নলথাগড়া গাছগুলোকে একধার থেকে কের্টে তা দিয়ে বাঁশি বানায়।

প্রেমের ব্যাপারে প্যানের সবচেয়ে সাফল্যের দাবি করতে পারে সে সেলেমির ব্যাপারে। সেলেমিকে হাত করার জন্ম ছাগলের মত তার কালো লোমগুরালা দেহটাকে সাদা পশম দিয়ে ঢেকে রাথে। সেলেমি তথন প্যানকে চিনতেনা পেরে তার পিঠে চেপে বেড়াতে থাকে এবং প্যানপ্ত তথন তাকে নিয়ে যা
শুশি করতে থাকে।

প্যানকে অনিম্পিয়ার দেবতারা তুচ্ছ জ্ঞান করলেও তার শক্তিকে তারা ব্যবহার করত বিভিন্নভাবে। ভবিশ্রৎ গণনা করার অদ্ভূত ক্ষমতা ছিল প্যানের। তার কাছ থেকে এই বিশ্বা তাকে ভূলিয়ে শিথে নেয় ,এ্যাপোলো। হার্মিস তার কাছ থেকে শিথে নেয় বাঁশি তৈরি করার অদ্ভূত কোশল। এইভাবে তিনি একটি স্কন্মর বাঁশি তৈরি করে এ্যাপোলোকে তা বিক্রিকরেন।

প্যানই হচ্ছে একমাত্র দেবতা যাঁর মৃত্যুর কথা মর্জ্যের মাহুধরা নিশ্চিতভাবে ভানতে পেরেছে। থেমাদ নামে এক নাবিক যখন প্যাক্সি বীপের পাশ দিয়ে ইতালি যাচ্ছিল সমৃত্রপথে তথন সহসা সমৃত্র থেকে এক দৈববাণী ভেসে আসে থেমাসের কাছে। অদৃশ্য এক দেবতা বা মাহুবের কণ্ঠ ভনতে পেয়ে চমকে ওঠে সে। কে যেন তাকে বলে, থেমাদ, তুমি প্যালদেসের উপকূলে যে মৃত্রুর্তে গৌছবে সেই মৃত্রুতে ঘোষণা করবে মহান দেবতা প্যানের মৃত্যু ঘটেছে। তিনি মরদেহ ত্যাগ করেছেন।

পণ্ডিতদের মতে প্যান ইংরাজি শব্দ। এটি গ্রীক 'পেইন' থেকে উৎপত্তি হয়েছে যার অর্থ হলো গোচারণক্ষেত্রের প্রতি। 'শয়তান' ও 'দরল থাড়াথাড়ি মাহুষ' এই তুইয়েরই প্রতীক হলো প্যান।

গ্যানিমীড

গ্যানিমীড ছিল ট্রয় নগরীর প্রতিষ্ঠাতা রাজা ট্রনের পূত্র। সে দেখতে এত বেলী স্কন্দর ছিল যে কোন জীবিত মাহুষের সঙ্গে তার রূপের তুলনাই হত না। তার যৌবনকাল উপস্থিত হলে দেবতারা তাকে স্বর্গলোকে নিয়ে গিয়ে দেবরাজ জিয়াসের মত্যপরিবেশনকারী হিসাবে নিয়্কু করে স্বর্গেই রেখে দেন।

গ্যানিমীডের রূপসে স্পর্যে । তাই তিনি ঈগলের রূপ ধারণ করে একদিন ইরের সমভূমি থেকে গ্যানিমীডকে তুলে নিয়ে যান তাঁর স্বর্গলোকে। পরে স্বর্গের দৃত হার্মিন এসে জিয়ানের পক্ষ থেকে রাজা ইনকে তার পুত্রহবণের ক্ষতিপ্রণ স্বরূপ একটি নোনার আবুর গাছ ও ছটি ভাল ঘোড়া দান করেন। হার্মিন ইনকে বলেন, স্বর্গে ভালই আছে গ্যানিমীড। সে হাসিম্থে পাত্র হাতে দেবতাদের ভোজসভার মন্ত ও অমৃত পরিবেশনের কাজ করে যাছে। বে আমর্থ লাভ করেছে, তবে তার যৌবন অক্ষর বা জনস্ত হবে না।

अर्नादक आवाद वर्णन, गानिशीष्टक श्रावस विद्यान नन, वेदन रुदन

নিরে যার তাকে তার উপপতি হিসাবে বরণ করে নেবার জন্ম। ঈরসের কাছ থেকেই গ্যানিমীডকে নিরে যান জিয়াস তাঁর কাছে। তবে গ্যানিমীডকে যে কাজে নিযুক্ত করেন জিয়াস, সে কাজ আগে করতেন দেবসম্রাজ্ঞী হেরা আর তাঁর কলা হেবি। গ্যানিমীডকে মন্ত ও অমৃত পরিবেশনের কাজে নিযুক্ত করায় হেরা তাই স্বামীর উপর দারণ রেগে যান। কিন্তু তিনি তাতে গ্যানিমীডের কোন ক্ষতি সাধন করতে পারেন নি।

কিন্তু গ্যানিমীডের বাবার কাছে সে অমরত্ব লাভ করেছে এ কথা বললেও সভ্যি সভিষ্ট অমরত্ব লাভ করতে পারেনি সে। হয়ত হেরার চক্রান্তেই তার মৃত্যু ঘটে এবং জিয়াস ক্ষুক্ত হন বিশেষভাবে এবং পরে তার জলবহনরত একটি মূর্তি নক্ষত্রলোকে স্থাপন করেন জিয়াস।

'গ্যানিমীড' শক্টির অর্থ হলো বিবাহের সম্ভাবনায় অস্তরে উৎফুল বাসনার জাগরণ। কিন্তু লাতিন ভাষায় এই শব্দের অর্থ ক্যাতামিতাস যার অর্থ পুরুষের সমকামিতার এক নিজীব বস্তু। জিয়াসের সঙ্গে গ্যানিমীডের সমকামী সম্পর্কের কাহিনী সমগ্র গ্রীস ও রোমে বিশেষভাবে প্রচলিত আছে।

জাগ্রেউস

পার্দিফোনেকে তার কাকা নরকের রাজা হেডস্ পাতালপ্রদেশে নিম্নে যাবার আগেই তার সঙ্গে দেহসংসর্গে আসেন দেবরাজ জিয়াস আর তার ফলে জাগ্রেউস নামে এক প্রসম্ভানের জন্ম হয়। জীয়াস রীয়ার সম্ভানদের উপর জাগ্রেউসের দেখাশোনার ভার দেন।

কিন্তু জিয়াসের শক্র টিটানরা শিশু জাগ্রেউদকে হত্যা করার জন্ম নানারকম চেটা করে। রীয়ার সন্তানরাও জাগ্রেউদের উপর ঈর্ষাধিত হয়। একদিন ছপুর রাতে শিশু জাগ্রেউদকে থেলনা দিয়ে ভুলিয়ে দূরে নিয়ে যায়। তারপর তারা তাকে হত্যা করার অভিসন্ধি নিয়ে আক্রমণ করে। জাগ্রেউস তথন তাদের হাত থেকে নিজেকে বাঁচাবার জন্ম নানারকম রূপ পরিবর্তন করে একের পর এক করে। সে সেই শৈশবেই অসাধারণ সাহস ও বুদ্ধির পরিচয় দেয়। এক সময় সে ছাগলের চামড়া পরিহিত জিয়াসের ছন্মরূপ গ্রহণ করে। কিন্তু তুর্বর্গ টিটানরা কিছুতেই প্রতিনির্ভ হলো না।

অবশেষে জাগ্রেউস যথন একটি যাঁড়ের রূপ গ্রহণ করে টিটানরা তথন তাকে সহজেই ধরে ফেলে তার দেহটাকে ছিঁড়ে খুঁড়ে থেরে ফেলে। এমন সময় কোথা থেকে এথেন এসে টিটানদের বাধা দের। এথেন এসে দেখে জাগ্রেউসের ছিন্নভিন্ন দেহটাকে টিটানরা গ্রাস করে ফেললেও তার ক্রণিওটা তথনো নভূছে। প্রবেন তথন সেটি নিরে আগ্রেউসকে এক ধাতৃতে পরিণত করে। তারপর তার মধ্যে প্রাণসঞ্চার করে তাকে অমরম্ব দান করেন। আগ্রেউসের হাড়গুলি তেলফিতে নিয়ে একটি কবর খুঁড়ে সেগুলি সমাহিত করেন এখেন। পরে অলিম্পিয়াতে গিয়ে পিতা জিয়াসকে থবর দেন। জিয়াস তথন প্রচণ্ড ক্রোধে ফেটে গিয়ে মৃত্বুর্গ্থ বজ্প নিক্ষেপের বারা টিটানদের বধ করেন।

পাতালপ্রদেশের দেবতারা

প্রতিটি প্রেতাদ্মা যথন মৃত্যুর নদী পার হয়ে তার্তারাসের প্রথম প্রবেশপথে
কিয়ে হাজির হয় তথন তাদের প্রত্যেককেই পাড়ের কড়ি দিতে হয়। সেইজক্ত
মৃতদের সং ও ধার্মিক আদ্মীয় পরিজনরা মৃত্যুকালে মৃতের জিবের তলায় একটা
করে মৃক্রা দিয়ে দেয়। সেই মৃক্রা নদীপারের মাঝি শারনকে দিয়ে নদী
পার হয়।

যদি কোন প্রেতাদ্মা সে মুডা নিয়ে না যায় তাহলে তাকে নদী পার হয়ে ওপারে যেতে দেওয়া হয় না। অনেক প্রেত তথন প্রকিয়ে পিছন দিয়ে কোন বকমে নদী পার হয়ে যায়। ফাইয় নামে এই কালো নদীটার কতকগুলো আবার উপনদী আছে। সেগুলোর নাম হলো এাকেরণ, ফ্লেসেমন, আওরনিস ও লেখি। এই সব নদী পার হবার সঙ্গে সঙ্গে প্রেতরা প্র্রাশের কথা সব ভূলে যায়।

তার্তারাদের প্রবেশপথে দার্বেরাদ নামে এক কুকুর প্রহরায় নিযুক্ত আছে। যদি কোন জীকিত ব্যক্তি নরকে প্রবেশ করতে যায় অথবা কোন মৃত আছা ফাঁকি দিয়ে শুকিয়ে দেখানে চুকতে যায় তাহলে তাকে দকে দকে ছি ছৈ থেয়ে ফেলে সেই ভয়ন্ধর কুকুরটা।

তার্ভারাদে ঢুকেই প্রথম যে অঞ্চলটি পাওয়া যাবে দেই অঞ্চলে বীরদের প্রেতান্মাগুলি অন্য সব অখ্যাত লোকদের প্রেতান্মার দকে বাত্রের মত সব সময় কিচমিচ করতে থাকে। মৃত্যুপুরী তার্ভারাস এমনই ভয়ন্থর জায়গা যে কোন স্কুমিহীন ক্রমক সারা জীবন ভূমিহীন হয়ে থাকলেও দে সমগ্র তার্ভারাদের ভূমগুটিকে বিনা পয়সায় দিলেও নেবে না।

সেই চির-অন্ধকার নিরানন্দ প্রেতপুরীতে একমাত্র আনন্দের ব্যাপার ছিল রক্ষণান। জীবিতরা, মৃতের উদ্দেক্তে যখন রক্তের অঞ্চলি দান করে তখন প্রেডান্মারা অসীম আগ্রহে সে রক্ত পান করে। সে রক্ত পান করার সময় তাদের মনে হয় তারাও যেন ক্ষণকালের জন্ত জীবস্ত হয়ে উঠেছে, কারণ উক্ত ভালা বক্ত হলো সব সময় জীবনের লক্ষণ। ভার্তাবাদের সেই প্রথম তারে লেখি নদীর ধারে যে একটা কাঁকা মাঠ আছে তার ওপারে আছে এরেবাস আর আছে নরকের রাজা হেডস্ ও রাণী পার্দিকোনের প্রাসাদ। প্রাসাদের বাঁ দিকে আছে একটি সাদা সাইপ্রেস গাছ যা লেখি নদ্ধীর ভটভূমিটির উপর শীতস ছারা বিক্তার করে আছে। সাধারণ প্রেভাত্মারা সেই নদীর জল পান করে। কিন্ত দীক্ষিত আত্মারা লেখি নদীর জল পান করে না, তারা পান করে সাদা পপলার গাছের ছারাঘেরা শ্বতিনদীর জল। এর হারা বোঝা যায় তারা সাধারণ প্রেভাত্মাদের থেকে একটু উচ্চত্তরের।

লেখি নদীর কাছেই তিনটি রাক্তার দক্ষমন্থলে একটি জায়গায় নবাগত প্রেতাত্মাদের বিচার হয়। যে তিনজন বিচারকের হারা এই বিচারকার্য অমুষ্টিত হয় তারা হলো মাইনস, রাজাম্যানখিদ আর এার্কেদান। রাজাম্যানখিদ এলিয়া বা প্রাচ্য দেশসমূহ থেকে আগত প্রেতাত্মাদের এবং এার্কেদান ইউরোপ থেকে আগত প্রেতাত্মাদের বিচার করে। কিন্তু জটিল কোন ব্যাপারে তারা মাইনসের শরণাপন্ন হয়। প্রেতাত্মাদের পূর্বজন্মের কর্মাকর্মের গুণাগুণ অমুদারে বিচারের রায় দেওয়া হয় এবং সেই রায় অমুদারে তিনটি রাস্তার যে কোন একটিতে তাদের যেতে বলা হয়। যারা পূর্বজন্মে পাপপুণ্ কিছুই করেনি তাদের সেই প্রান্তর্মাতিম্থী রাস্তাটিতে যেতে বলা হয়। যারা পাপীষ্ঠ তাদের শান্তিভ্মির অভিমূথে যে রাস্তাটি চলে গেছে সেই রাক্তাটি ধরে যেতে বলা হয় আর যারা পুণ্যবান তাদের এলিসিয়ামের উত্যান-অভিমূথী রাস্তাটিতে যেতে বলা হয়।

কোনাসশাসিত এলিসিয়া হচ্ছে একটি আদর্শ স্থানর রাজ্য। শ্বতি নদীর ধার দিয়ে সেথানে যেতে হয়। হেডস্এর রাজ্যের এলাকা যেথানে শেষ হয়েছে তার পর থেকেই ভক হয়েছে এ রাজ্যের সীমানা। তা হলেও এটি একটি শ্বতম্ন রাজ্য, হেডস্এর রাজ্যের সন্ধে এর কোন সম্পর্ক নেই। অবিচ্ছিম আলো আর আনন্দে ভরা এ রাজ্য হলো চির স্থ আর শান্তির রাজ্য। এথানে রাজ্রির অন্ধকার বলে কোন জিনিস নেই। এথানে চিরবসন্ত বিরাজ করে, শীত, গ্রীম, ঝড়, তুবার বৃষ্টি কথনো দেখা যায় না।

এলিসিয়ামে কখনো কোন ফাঁকে শোক বা ছু:থ প্রবেশ করতে পারে না।
এখানে যারা থাকে তারা সব সময় থেলাগুলা, গান বাজনা আর আনন্দ উৎসব
নিয়ে থাকে। এখানে যে সব আত্মা থাকে তারা যদি পৃথিবীতে গিয়ে নতুন
করে জন্ম গ্রহণ করতে চায় তাহলে তা যে কোন সময়ে করতে পারে। যারা
তিনটি জন্ম ধরে মৃত্যুর পর সংকর্মের জন্ত এলিসিয়ামে আসতে পেরেছে তাদেয়
জন্ত কয়েকটি স্কর্মর বীণ ঠিক করা আছে যেখানে তারা ইচ্ছামত বসবাস করতে
পারে। এই সব বীপের নাম হলো সোভাগ্যের বীপ।

নরকের রাজা হেডস্ সাধারণতঃ বিশেব কোন কাজ না পড়লে তার্জারাসের

এই উপরতলায় এলিসিয়ামে আদে না। হেডেস্ সাধারণতঃ আপন স্বাধিকার বোধে ও অপরের প্রতি ঈর্বায় প্রমন্ত হয়ে থাকে। তবে যথনি তাঁর মধ্যে সহসা এক অদম্য কামোন্মন্তা জেগে ওঠে তথনি উপরের দিকে গিয়ে এলিসিয়ামের আশে পাশে ঘূরে বেড়াতে থাকে হেডেস্। আর কোন জলপরীকে একা একা পেলেই তার সঙ্গে সহবাস করার চেষ্টা করে। একবার মিন্থে নামে এক জলপরীকে ভূলিয়ে বশীভূত করে ফেলে হেডেস্। আর একটু হলেই তার সঙ্গে সক্ষম করত, কিন্তু সেই সময় পার্দিফোনে এসে পড়ায় সব গোলমাল হয়ে যায়। ব্যাপারটা কিন্তু শ্বুকতে পেরে পার্দিফোনে অভিশাপ দিয়ে মিন্থেকে এক স্থগদ্ধি ফুলে পরিণত করে। আর একবার লিউস নামে এক জলপরীকে ধরে তাকে ধর্বণ করতে গেলে পার্দিফোনে হঠাৎ সেথানে গিয়ে লিউসকে একটি সাদা পপলার গাছে পরিণত করে। শ্বুতি নদীর ধারে সেই গাছটি আজও দাঁড়িয়ে আছে ছায়া বিস্তার করে।

ছুশ্চরিত্র হলেও হেড়স্ মাঝে মাঝে তার প্রজাদের হঠাৎ কিছু স্থযোগ স্থবিধা দিয়ে ফেলে। অনেক সময় কোন জীবিত ব্যক্তিকেও নরকে বেড়াতে যাবার অমুমতি দিয়ে ফেলে। অপচ পরে সেই লোক নরক থেকে ফিরে এসে তারই নিশা করে।

হেড়েশ্ মর্ত্যলোক ও স্বর্গলোকের কোন থবরাথবর বিশেষ পায় না। কিছু কিছু থবর তার কানে আদে মাঝে মাঝে। স্তরাং স্বর্গে ও মর্ত্যে কথন কি ঘটছে তা সে জানতে পারে না। মাঝে মাঝে মর্ত্যের কোন মাহ্র্য যথন কপাল চাপড়ে হেড়েশ্কে আবাহন কবে কোন শপথ করে অথবা কিছু উৎসর্গ করে তথন সহসা সজাগ হয়ে ওঠে হেড়েশ্। স্বর্গ ও মর্ত্যলোকে কোন বিষয়সম্পত্তিও নেই। পাতালপ্রদেশেও বিশেষ কোন সম্পত্তি নেই হেড়েশ্এর। তবে তার সবচেয়ে বড় সম্পদ হলো তার অলৌকিক শিরস্তাণ। এই শিরস্তাণ পরে যুদ্ধ করলে শক্রপক্ষৈর কেউ তাকে দেখতে পাবে না। এই শিরস্তাণটি হেড়েশ্কে সাইক্রোপরা কৃতক্ততাশ্বরূপ দান করে। জিয়াসের আদেশে হেড়েশ্ সাইক্রোপদের তার্তারাস থেকে মৃক্তি দিলে সাইক্রোপরা তাকে এটি দান করে। তবে পৃথিবীর মাটির তলায় যে সব মৃন্যবান ধাতুর খনি আছে তা সব হেড়েশ্এর অধিকারে। পৃথিবীর উপরিপৃষ্টের কোন সম্পদে তার কোন অধিকার নেই। গ্রীস দেশের মধ্যে মাটির তলায় অবন্থিত কিছু অন্ধকার মন্দির হেড়েশ্এর নামে উৎসর্গীকৃত। এরিধীয়া দ্বীপে যে পশ্তরপাল আছে তাও হেড়েশ্এর।

হেডস্এর স্ত্রী নরকের রাণী পার্দিফোনে দয়াবতী রমণী। স্ত্রী হিসাবে হেডস্এর প্রতি একান্ত বিশ্বন্ত। কিন্তু তার কোন সন্তানাদি হয়নি। ভাইনিদের দেবী হিকেট হলো তার একমাত্র অন্তরক সহচরী। এই হিকেট এক অসাধারণ অলোকিক যাত্রবিভার অধিকারিণী। এই বিভাবলে সে মর্ড্যের যে কোন লোককে তার ইচ্ছামত যে কোন সম্পদ দান করতে বা তা কেড়ে নিতে পারে। দেবরাজ জিয়াস তাকে শ্রদ্ধার চোথে দেখেন এবং এই বিছা তিনি কখনো কেড়ে নেননি তার কাছ থেকে। হেন্ডস্এর তিনটি দেহ ও তিনটি মাথা যুক্ত আছে একসঙ্গে। এই তিনটি দেহ ও মাথা হলো তিনটি পশুর—সিংহ কুকুর আরু ঘোটকীর।

প্রতিহিংসার অপদেবী তিনজন ইউবিনায়েস বা ফিউরি আছে। তাদের নাম হলো টিসিফোন, এ্যালেক্টো আর মেগারা। তারা থাকে তার্ভারাদের অন্তর্গত এরেবানের প্রাসাদে। অলিন্পিযার দেবতাদের থেকে তারা অনেক প্রাচীন। তাদের কাজ হলো মর্ভ্যেব মাহ্রুবদের বিশেষ বিশেষ কয়েকটি পাপকর্মের শান্তি বিধান করা। বয়োজ্যেইদের প্রতি বয়োকনিইদের, পিতামাতার প্রতি সন্তানদের, অতিথিদেব প্রতি গৃহস্বামীদের এবং কোন প্রাবীর প্রতি নগর-বাসীদের উদ্ধত ও অত্যায় আচবণের বিক্তমে কোন মর্ভ্যমান যদি কথনো অভিযোগ করে তাদের কাছে, তাহলে সঙ্গে সঙ্গে তাবা তার শান্তি বিধান করে।

এই দব ইউবিনামেদদের চেহাবাগুলি অন্তুত। তাদের মাথায় চুলের পরিবর্তে আছে অসংখ্য দাপ। কুকুরেব মৃথ, কালো দেহ, চোথগুলো রক্তেব মত লাল আর বাহুডেব মত হুটো পাখা আছে ছুদিকে। তাদের হাতে আছে পিতলেব হাতলগুমালা এক চাবুক। দেই চাবুক নিমে তাবা অপরাধীদের নির্মাতাবে তাতা কবে। তাদেব প্রচণ্ড বোষ থেকে কোন অপরাধী কোনভাবে পবিত্রাণ পেতে পাবে না। এমন কি কোন দেবতাও বাঁচাতে পারে না কাউকে তাদেব কবল থেকে। তাদের প্রহার বা শান্তির প্রচণ্ডতা মহু করতে না পেরে অনেকে প্রাণতাগি করে।

ড্যাকটাইলস:

ক্রোনাসপত্মী রীয়া যথন জিয়াসকে গর্ভে ধারণ করে রেখেছিলেন এবং যথন প্রসাকালে বেদনায় ছটফট কবছিলেন তথন তিনি তাঁর হাতের আকৃল দিয়ে মাটির উপর ধ্ব জোরে চাপ দেন। যন্ত্রণায় কাতর হয়েই তিনি মাটিতে বসে ফুটি হাত দিয়ে মাটির উপর চাপ দিতে থাকেন ক্রমাগত। এর ফলে তাঁর বাঁ হাতের তলা দিয়ে মাটি থেকে পাঁচটি যেয়ে ও ভান হাতের তলা দিয়ে পাঁচটি বেটা ছেলে হঠাৎ উক্কৃত হয়। এই দশটি স্বয়ন্ত্র্ সন্তানকে ভ্যাকটাইলস্ বলা হয়ে থাকে।

কেউ কেউ আবার বলে ভ্যাকটাইলরা জিয়াসের জন্মের বছ পূর্বেই ছিল। ভারা থাকত ফার্জিয়ার অন্তর্গত আইছা পর্বতে। এটাছিয়েল নামে এক পুরাণ—২• জলপরী থাকত ওল্পানের কাছে ডিক্টিরার এক পার্বতা গুলার।

পুৰুষ ভ্যাকটাইলরা ছিল কামারের কাজে পারদর্শী। শোনা যার ভারাই প্রথমে বীরেসিছাস পাহাড়ের কাছে লোহার থনি আবিভার করে। ধাড়ু হিসাবে লোহার ব্যবহার ভারাই প্রবর্তন করে।

ভারা সামোপ্রেদে বদবাদ করে। তারা যাত্মন্ত জানত এবং তার থারা ভারা অনেক অসাধ্য সাধন করার দেখানকার অধিবাদীরা বিশ্বিত হয়ে পড়ে ভালের কাজকর্ম দেখে। তারা নাকি অর্ফিয়াদকে যে সব দেবীদের রহস্তমন্ত্র জীবনকথা বলে তা কেউ জানে না।

শাবার কেউ কেউ বলে ভাকিটাইলরা কিউরেট নামধারী এক ধরনের অপ্প্রেক্তা। তারা ক্রীটদেশে শিশু জিয়াসের দোলনা পাহারা দেবার কাজে নির্ভূক্ত হয়। পরে তারা এনিসে এসে ক্রোনাসের নামে এক মন্দির প্রভিষ্ঠা করে। তারা ছিল সংখ্যায় পাঁচ এবং তাদের নাম ছিল হেরাকলস্, প্যাকনিয়াস, এপিমেদেস, ল্যাসিয়াস আর এ্যাকেসিদাস। হেরাকলস্ই হাইপারবোরিয়াস থেকে অলিম্পিয়াতে প্রথম অলিভ গাছ নিয়ে আমে এবং সে-ই তার ভাইদের এক দৌড় প্রতিযোগিতায় যোগদান করায়। সেই থেকে নাকি অলিম্পিক ক্রীড়াহঠানের প্রপাত হয়। সেই দৌড প্রতিযোগিতায় জয়লাভকারী প্যাকনিয়াসকে হেরাকলস্ প্রথমে অলিভ গাছের শাথা প্রস্কার হিসাবে দান করে এবং তারা নাকি অলিভ গাছের পাতাব বিছানায় গুত।

আবার অনেকে বলে অলিভ গাছের পাতাওয়ালা শাথা নয়, নেই দেভি প্রতিযোগিতায় অলিভ পাতাব মৃকুট উপহার দেওয়া হত বিষয়ীকে। পরে ভেলফির মন্দিরের এক দৈববাণী অন্তদারে অলিভ মৃকুটের পরিবর্তে আপেল গাছের শাথা দেবার ব্যবস্থা হয়।

প্রথম জিনন্সন ভ্যাকটাইলেব পদবী ছিল এ্যাক্মন, ভ্যামনামেনেউদ আর সেলমিদ। 'সেলমিদ' শব্দের অর্থ হলো নাকি লোহা। সেলমিদ একবার রীয়াকে অপমান করে বলে নাকি ভাকে 'লোহা' পদবী দেওয়া হয়।

টেলশিনে

সম্জ্রসম্ভান টেলশিনেরা হলো সংখ্যায় লাত। তাদের জন্ম হয় রোভস্ বীপে। তাদের মাধাগুলো ছিল কুকুরের মত আর হাতগুলো ছিল ভেড়ার। তারা তাদের রো্ডদ্ বীপে ক্যামেইরাদ, লালিদাদ আর লিগুদ নামে তিনটি নগরী নির্মাণ করে।

পরে টেলশিনেরা ক্রীটে গিরে বসবাস করতে শুরু করে এবং ভারাই হয় ক্রীটের প্রথম অধিবাসী। রীয়া ভাঁর শিলপুত্র প্রেডনের দেখাশোনার ভার বেন व्यह हिनिनित्तापत्र छेभत्र । किन्छ भर्तमधन अक्षृ वस्त्र इर्लाह छात्र विन्तृति। स्नित्र किर्म त्वत्र । हिनिनित्ता व्यानारमय नेएकशाना कारकहो। किरम त्वर । दय कारक निर्मे क्वानाम छात्र वावा हेखेरबनारमय निम्नाक्ष्म करम तम्ह वस्त्रमाथा कारको हिम्मित्वा निरम्न तम्म ।

এই টেগশিনেরা আবহাওয়ার উপর নানারকম বিদ্ন শৃষ্টি করত। তারা যথন তথন এক ঐক্রমালিক কুয়াশার সৃষ্টি করত এবং গন্ধক মিশিদ্নে মাঠের ক্ষমল নট করে দিত। তাই জিয়াস এক মহাপ্লাবন বারা তাদের ধ্বংস করে ক্ষেলার সংকল্প করেন। কিন্তু আর্তেমিসের কাছ থেকে তারা তা আগে থেকে, আনতে পেরে সমূদ্র পার হয়ে বীয়োতিয়ায় পালিয়ে যায়। তবে শোনা যায় পরে জিয়াস এক বভারে বারা ধ্বংস করেন টেলশিনেদের।

এম্পাসী

এম্পাদী নামে একদল দানবী ছিল। তারা ছিল হিকেটের সম্ভান। তাদের
বিপিঠগুলো ছিল গাধার মত। তাদের একটা পা ছিল গাধার মত আর একটা
ছিল পিতলের। তাবা সাধাবণতঃ থাকত পথের ধারে। কোন পথিক গেলেই
তাদের ভয় দেখাত। তবে ভয় না পেয়ে তানের গালাগালি করলেই তারা
পালিয়ে যেত। কিন্তু মাঝে মাঝে তারা কোন পথিককে একলা পেলেই তার
ক্ষাতিসাধন করত।

তারা সাধারণত: একলা কোন পুরুষ পথিককে পেলেই স্থন্ধরী নারীর ছন্মরূপ ধাবণ করে তার মন ভূলিয়ে দিত। তারপর রাজি বা তুপুরবেলায় কোন নির্জন জারগায় তার শ্যাসজিনী হত। কিন্তু পথিকটি ঘুমিয়ে পড়লেই এম্পাসী তার রক্ত চুবে থেত। অবশেষে লোকটা ঘুমস্ত অবস্থাতেই মারা যেত।

এম্পাদী শব্দটির অর্থ হলো বলপ্রয়োগকারিণী, ছলনাময়ী দানবী। এই শ্রনের দানবীর ধারণাটি প্রীসদেশে আদে প্যালেন্টাইন থেকে। পুরাকালে গ্রীসের লোকেরা প্যালেন্টাইনে গিয়ে এক ধরনের ডাইনি মেয়ের কবলে পড়ে। এই ধরনের মেয়েরা বিদেশীদের সঙ্গে মিশে তাদের ক্তিসাধন করে।

আইও

আইও ছিল নদীদেবতা ইনাকাসের কক্সা। হেরার মন্দিরের পূজারিণী।
প্যান ও একোর মিলনে লিক্স্ নামে যে কক্সার ক্ষম হয় সেই লিক্স্ একুরার
ক্রিয়ানের উপর মায়ার সাহায়ে আইওর প্রতি প্রেমাসক্ষ করে ভোলে। ক্ষে

والمستحصين والمستحدث والمستحد

সহসা আইওর প্রতি আসক্ত হয়ে পড়েন জিয়াস।

হেরা তা জানতে পেরে লিঙ্গ্কে শাপ দেন যার ফলে ভার ঘাড়টা চিরতরে মৃচড়ে যায়। জিয়াসকে হেরা তথন ব্যক্তিচারী বলে আখ্যাত করেন ৮ জিয়াস বলেন, মিথাা কথা, আমি আইওকে কথনো শর্শ করিনি।

এরপর দ্বিয়াস আইওকে একটি গাভীতে পরিণত করেন। হেরা তথক সেই গাভীটি তাঁর বলে দাবি করেন। তিনি সেই গাভীটিকে শতচক্ষ্বিশিষ্ট্র আর্গসের হাতে তুলে দিয়ে বলেন, একে নিমীয়াতে এবটি অলিভ গাছে পরিণভ করে রাথবে।

পরে জিয়াস তা জানতে পেরে হার্মিসকে নিমীয়াতে পাঠান আইওকেসকে করে নিয়ে আসার জন্ত। সকে সকে জিয়াস নিজেও এক কাঠঠোকরা পাথিস্থ রূপ ধরে হার্মিসকে পথ দেখিয়ে নিয়ে যান। হার্মিস গিয়ে দেখে আর্গস তার একশো চোথের দৃষ্টি দিয়ে পাহারা দিছে। আইওকে তার কাছ থেকে আনা সম্ভব নয়। তাই সে আর্গসকে কৌশলে ঘুম পাড়িয়ে তারপর এক পাথরখণ্ডের ছারাং তার মাথাটাকে ভেঙ্গে ফেলে আইওকে সেথান থেকে মৃক্ত করে নিয়ে আসেন। হেরা তথন তা জানতে পেরে আর্গসের একশোটা চোথ ময়ুরের পেথমের উপর বিসিয়ে দেয়। তারপর তিনি একটি বড় মাছি বা জাশকে গাভীরপিনী আইওকে সারা পৃথিবীময় তাড়া করে নিয়ে বেডাবার জন্ত নিয়ুক্ত করেন।

আইও প্রথমে গিয়ে উঠল দোদোনায়। তারপর গেল একটা সমুদ্রে। সেই সমুদ্রটা তার নাম অফুগারে আইওনিয়ান সমুদ্র নামে অভিহিত হতে লাগল। এরপর সেখান থেকে ঘুরে উত্তর দিকে যেতে যেতে হেমাস পর্বতে পৌছল। সেখান থেকে আবার ড্যানিয়ুর নদীর ব-বীপে। তারপর ক্ষুদাগরের চারদিকে ঘুরে বেড়িয়ে বসফোরাস প্রথালী পার হলো।

এরপর আইও হাইব্রিন্তে নদীর ধার দিয়ে ই।টতে ইটিতে সে নদীর উৎসম্থে ককেসাস পর্বতে গিয়ে হাজির হলো যেখানে বন্দী প্রমিধিয়াস তথনো বাধা ছিল একটা পাধরের সঙ্গে। সেথান থেকে কোলবিসএর মধ্য দিয়ে ইউরোপে গেল। এরপর এসিয়া মাইনরের মধ্য দিয়ে প্রথমে তার্তাস ও মিডিয়াও পরে ব্যাকট্রিয়াও ভাবতে গেল। কমে দক্ষিণ-পশ্চিম দিক দিয়ে আরবের মধ্য দিয়ে অবশেষে আফ্রিকার ইথিওপিয়ায় গিয়ে পৌছল। আইও নীল নদীর তীর ধরে তার উৎস মুথে গিয়ে হাজির হলো যেখানে পিগমিরাঃ চিরকাল ধরে বড বড সারস পাথির সঙ্গে সংগ্রাম করে আসতে।

অবশেবে ইজিপ্টে গিয়ে থেমে গেল আইও। দীর্ঘ পরিশ্রমণের পর বিশ্রাফ করতে লাগল। দ্বিয়াগও দেখানে গিয়ে মিলিড হলেন আইওর সন্ধে। সেখানে তিনি আইওকে মাহবের আকার দান করলেন। এবং সেই মিলনের ফলে সন্ধানসন্থবা হলো আইও। এরপর টেলিগোলাসকে বিয়ে করল আইও। ব্যের পরই জিয়াসের উরসজাত সন্ধানটিকে প্রস্ব করল দে। তার নাম রাখাঃ ভলো ইপাফাস। পরে ওই ইপাফাসই ইজিপ্টের অধিপতি হয়ে দীর্ঘকাল ধরে বাজম করতে থাকে। এই ইপাফাসের কলা লিবিয়ার গর্ভে প্সেডন এজিনর ও বেলাস নামে ছটি সন্তান উৎপাদন করেন।

কিন্ত অনেকে বলে, আইও গাভীরপেই ইয়োনীয়া পর্বতের এক অহায় একটি এঁড়ে বাছুর প্রদব করে। প্রদবের পর হেরার দারা নিষ্ক্ত দেই বাছুর ভাশ বা বড় মাছির কামড়ে মারা যায় আইও।

আইও সমক্ষে আর একটি কাহিনী প্রচলিত আছে। এই কাহিনী ল্যাপিতাসপুত্র ইনাকাস আর্গদে রাজত্ব করার সময় আইওর নাম অহুসারে আওপোলিস নামে একটি নগর স্থাপন করে। আর্গসে তথন চক্রনেবীর নামে তার কল্যার নামকরণ করে আইও।

পশ্চিমাঞ্চলের রাজা পিকাদ একবার আইওকে দেখে তার প্রেমে পড়ে যায় এবং আইওকে তার প্রাদাদে ধরে নিয়ে যাবার জন্ম করেকন ভূত্য পাঠায়। আইওকে তার প্রাদাদে ধরে আনার দঙ্গে দঙ্গে তার মঙ্গে বলপূর্বক দক্ষম করে ইনাকাদ। এই দক্ষমের ফলে লিবিয়া নামে একটি কন্সাদস্তান প্রদাব করে আইও। তারপর আবার দে ইজিপ্টে পালিয়ে যায় ইনাকাদের চোথে ধূলো দিয়ে। কিন্তু ইজিপ্টে গিয়ে দেখে দেখানে জিয়াসপুত্র হার্মিস রাজত্ব করছে। দেখানে থাকলে জিয়াস তাকে ধরার জন্ম আবার ছুটে আসবেন ভেবে দেখানে না থেকে আবার পথচলা শুকু করল আইও।

অবশেষে সিবিয়ার অন্তর্গত সিলসিয়াম পর্বতে গীয়ে থামল আইও। নিবিড়তম হঃথে ও লক্ষার ভার আর সম্ভ করতে না পেরে সেথানেই অকালে মারা যায় আইও।

ইতিমধ্যে প্রাসাদের মধ্যে আইওকে না পেরে আইওর ভাইদের আইওর থৌজ করতে পাঠার ইনাকাস। তাদের বলে দেয়, তোমরা যেন আইওকে না নিয়ে গুধু হাতে ফিরে এসো না।

আই ধর ভাইরা তার ধোঁজ করতে করতে অবশেষে সিরিয়ার সেই পাঁছাড়ে গিয়ে ওঠে। সেথানে গিয়ে তারা শ্বতে পারে এইথানেই আই ওর সৃত্যু হয়েছে। তাই তারা বারবার বলতে থাকে, এথানে কি আইওর আজা বিশ্রাম করছে?

তাদের সেই ডাকের উদ্ভরে দেখানে একটি অলোকিক গান্তী নাকি আন্দৰ্য-ক্তাবে মাহবের মন্ত গলায় উদ্ভর দেয়, গাঁ, আমি এখানেই আছি।

আইওর ভাইবা তখন আর ইনাকাসের প্রাসাদে ফিরে না গিরে সেধানেই ব্যবাস করতে থাকৈ এবং কালক্রমে আইওপোলিস নামে একটি নগর স্থাপন করে। সেই থেকে আইওপোলিস সহরের লোকেরা প্রতি বছর একবার করে আইওর অন্ত শোকবিবস পালন করে এবং শহরের সব মাহ্য সেদিন পর্বারের ক্রমার স্থা দিয়ে বলে, এখানে আইও আছে? তার আত্মা এথানে বিশ্রাম লাভ করছে?

প্রাচীন গ্রীসের লোকেরা চাঁদকে দেবী হিসাবে পূজা কবত, কারণ তারঃ
চাঁদকে সমস্ত জনের উৎস বলে মনে করত। গাভী হুধ দের বলে গাভীকে চাঁদের
মূর্ত ও জীবস্ত প্রতীক হিসাবে গণ্য করত। এই ধারণা থেকে আইওর এই
পূরাণ কাহিনীর উত্তব হয়। তারা চাঁদের মধ্যে তিনটি রঙের কয়না করত—
সাদা, লাল আর কালো। চাঁদ যথন প্রথম ওঠে তথন তার রং সাদা থাকে চ
পূর্ণচক্র লাল দেখার আর শেষ রাতের চাঁদের মধ্যে একটা কালো ভাব থাকে চ
এইজন্ম চাঁদের দেবী আইওর জীবনে তিনটি তার তারা কয়না করত—প্রথম
তার কুমারী জীবন সাদায় ছিতীয় তার ঘৌবন লাল এবং বার্থকা কালোর
প্রতীক।

ফরোনেডস

আইওর অন্যতম ভাই ফরোনেউদের জন্ম হয় নদীদেবতা ইনাকাস আর জলপরী মেলিয়ার মিলনের ফলে। আর্গসে তার নামটা পাল্টে গিয়ে হরু ফরোনিয়াম। প্রমিথিয়াস প্রথমে স্বর্গ থেকে আগুন চুরি করলে ফরোনেউস সেই আগুনের বাবহার শেখায় মাহুষকে।

ফরোনেউদ পরে দার্ভো নামে এক জলপরীকে বিয়ে করে এবং পেলো-পলেদি রাজ্যে রাজ্য করতে থাকে। এই ফরোনেউদই মর্ভালোকে হেরার পূলা প্রবর্তন করে। তার তিন পূজে ছিল। তাদের নাম হলো আয়ামাদ, পেলাগাদ আর এজিনর। ফরোনেউদের মৃত্যুর পর তার তিন পূজে পেলো-পলেদি রাজ্য ভাগ করে নেয়। কিন্তু শোনা যায় তার এক পূজে ছিল। তার নাম ছিল্ল কার। দে পরবর্তী কালে মেগারা নগর স্থাপন করে।

গ্রীস দেশে ফরোনেউসকে বসস্তের প্রতীক হিসাবেও গণ্য করা হয়। ফরোনেউস নাকি প্রথম বাজারের উদ্ভাবন করে। বাজারে মাহর পণ্য বিজ্ঞায় করে দাম পায়। গ্রীকভাষায় ফরোনেউস শর্মের অর্থ হলো মৃল্যের আনমনকারী।

অনেকের মতে ফরোনেউস ঞাল্ডার গাছের প্রতীক। সে নদীদেবতা ইনাকালের পূজ—এ কথার অর্থ হলো নদীর খারেই ঞাল্ডার গাছ সমায়। সে আন্তনের ব্যবহার প্রচলিত করে—একথার অর্থ হলো প্রাচীনকালের কর্মকার ও কুজকারেরা ঞাল্ডার গাছের কাঠ পৃড়িয়ে তার অকার দিয়ে কাজ করতা

বেলাস ও দানাইদস

ি থিবাইদের অন্ধর্গত কেমিদ নামক জায়গাতে লিবিয়ার গর্ভে পদেভনের উরদে রাজা বেলাদের জন্ম হয়। এজিনর ছিল তার যমজ ভাই। তার জীছিল নাইলাদের কলা এগকিনো। এগকিনোর গর্ভে তিনটি পুরুষস্তান হয় বেলাদের। তারা হলো এজিপতাদ, দানাউদ আর দেফেটন। প্রথম দুটি পুরু

এজিপতাস তার ভাগে আরব রাজ্য পায়। কিন্তু সে নিজের শক্তিতে মেলামপোদেশ দেশ অধিকার করে নিজের নাম অফুসারে দে দেশের নাম দের ইজিপট। বিভিন্ন জীর গর্ভে এজিপতাসের পঞ্চাশটি পুত্রসন্তানের জন্ম হয়। এই সব পুত্রদের থেকে লিবীয়, আরবীয়, ফোনিশীয় প্রভৃতি বিভিন্ন জাতির উৎপত্তি হয়।

এজিপতাদের ভাই দানাউদ নিবিয়ার শাসনকর্তা নিযুক্ত হয়। দানাউদেরও পঞাশটি কন্তা জন্মগ্রহণ করে বিভিন্ন স্ত্রীর গর্তে। এই সব কন্তাদের দানাইদস বলা হয়। দানাউদের স্ত্রীদের নাম ছিল নাইয়াদ, হামাত্রিয়াদ; এলিফান্টিদ, মেসফিদ, ইপিপ্রশিয়ান এবং আরও অনেকে।

বেলাদের স্কৃত্য সক্ষে সক্ষে তার তৃই যমজ সন্তানের মধ্যে রাজ্যের উত্তরাধিকার নিয়ে বিবাদে শুরু হয়। এজিপতাস তথন এই বিবাদের এক সমাধানের উপায় খুঁজে বার করে। সে প্রস্তাব করে তার পঞ্চাশটি পুত্র যদি দানাউদের পঞ্চাশটি কল্যাকে বিয়ে করে তাহলে তাদের পিতাদের উত্তরাধিকার সমস্তার সমাধান হবে। কিছ দানাউস এ প্রস্তাবে রাজী হতে পারল না। নেঃ প্রস্তাবের মধ্যে এক বড়যন্ত্রের আভাস পেল দে।

এমন সময় এক দৈববাণী শুনে ভয় পেয়ে গেল দানাউন। দৈববাণী হলো এজিপতাল বিয়ের পর তার সব কলাদের হতা। করতে চায়। এই দৈববাণী শুনে দানাউদ লিবিয়া ছেড়ে সপরিবারে পালিয়ে যাবার জন্ম প্রস্তুত হতে লাগল।

দেবী এথেনের সহায়তায় একটা বড় জাহাজ নির্মাণ করল দানাউল। তারপর তার পঞ্চাশটি কল্যাকে নিয়ে গ্রীদের পথে বঙনা হলো। তারা গেল রোজন্ বীপের পাশ দিয়ে। তারা রোজন্ বীপে কিছুদিনের জল্ম থেকে গেল। সেখানে দানাউদের মেয়েরা দেবী এথেনের এক মন্দির নির্মাণ করল। এথানে থাকাকালে দানাউদের তিনটি কল্যা মারা যায় এবং এখানকার তিনটি নগর তাদের নামে স্থাপিত হয়। নগর তিনটির নাম হলো লিগুলি, লালিশাস ও ক্যামেইরাস।

বোড়ন্ বীপ থেকে দানাউন চলে গেল পেলোপনেনিতে। সে আধ্যে দাহাদ থেকে নানা নামক এক নগবে নামে। নেমেই সে ঘোষণা করল টেবড়ারা তাকে আর্থন বা গ্রীন ছেশের রাজা ছিনাবে নির্বাচিত করেছেন। স্থতরাং সেখানকার বর্তমান রাজাকে পদত্যাগ করতে হবে।

আর্গনের তদানীস্তন রাজা গিলেনর কথাটা শুনে হেসে উড়িয়ে দিলেন তা।
কিন্ত দেবতাদের নাম শুনে আর্গনের অধিবাসীরা কথাটা নিমে চিস্তা করতে
লাগল। কারণ দানাউদ শাষ্ট করে বলে দেয় দেবী এখেন তাকে এ ব্যাপারে
সমর্থন করছেন। কিন্ত দানাউদের এই ঘোষণা সত্তেও গিলেনর তার
শিংহাসন কিছুতেই ছাড়ত না যদি না সে রাতে হঠাৎ একটা ঘটনা ঘটে না
যেত।

আর্গদের বিশিষ্ট লোকেরা দানাউদকে তথন এই বলে শাস্ত করল যে আঙ্গ রাতে কথাটা তারা চিস্তা করুক। আগামীকাল সকালে এ বিষয়ে তারা কোন একটা সিদ্ধান্ত গ্রহণ করবে।

কিন্তু পরদিন সকাল হতে না হতেই দ্ব পাহাড় থেকে নেমে এল এক ছঃসাহদী নেকড়ে। এসে নগরপ্রাস্তে চরতে থাকা এক গরুর পালকে আক্রমণ করে একটি বড় বাঁড়কে বধ করল। এই ঘটনাটি প্রত্যক্ষ করে ভর পেয়ে গেল আর্গমবাদীরা। এটি একটি কুলক্ষণ হিদাবে ধরে নিল তারা। তারা এর ব্যাখ্যা করে বলল এর অর্থ হলো এই গিলেনর মদি তার সিংহাসন না ছাড়ে ভাহলে ঐ ছঃসাহদী নেকড়ের মত দানাউদ গিলেনরকে বধ করে ভার সিংহাসন দখল করে নেৰে। দেবী এথেনই ঐ নেকড়ে হয়ে এসেছিলেন্দিভাদের শিক্ষাদেবার জন্ম।

এই ভেবে আর্গসবাসীরা তাদের রাজা গিলেনরকে সিংহাসন' ছাড়তে বাধ্য করল। অবাধে রাজ্য লাভ করল দানাউস। রাজ্য লাভ করে প্রথমেই সে এএগপোলোর এক মুদ্দির প্রতিষ্ঠা করল। সে মিদ্দিরের দেবতার নাম ছিল নেকড়ে এগপোলো। ক্রমে দানাউস হয়ে উঠল এক শক্তিশালী রাজা। তার নামে গর্ব অমুভব করত আর্গসের লোকেরা এবং নিজেদের দান্যান নামে অভিহিত করত।

কিন্ধ রাজা হওয়ার দলে দকেই এক মহাসমস্যায় পড়ল দানাউস। তথন দাকণ থরা চলছিল সারা রাজ্য কুড়ে। কোথাও জল নেই এক ফোঁটা। মাঠে ফসল নেই। এর একমাজ কারণ হলো পসেডনের রোষ। ক্রমে রাজ্যের অধিবাসীদের কাছ থেকে জানতে পারল দানাউদ, নদীদেবতা ইনাকাদ একবার আর্থিন রাজ্য হেরার অধিকারে একথা ঘোষণা করায় সম্ভাদেবতা পসেজন রোষপরবশ হয়ে দেশের সব নদনদী শুকিয়ে দেন।

যাই হোক, দানাউদ তখন তার কল্পাদের ত্বল আনতে পাঠাল নগরের বাইরে আর বলল পদেভনের প্রার্থনা করে তাঁকে এ রাজ্যে প্রতিষ্ঠিত করতেই হবে যেমন করে হোক।

্ৰানাউদেৰ কঞ্চাৰা নগৰপ্ৰান্তে গিছে একটি বনেৰ সামনে গিছে ছাজিৰ

হলো। প্রামাইমোন নামে একটি মেয়ে বনের সামনে একটি স্বাহ্ব হরিণ দেখতে পেরে সেটিকে তাড়া করল। হরিণের পিছু পিছু ছুটে বনের জিতরে গিয়ে এক জায়গায় একটি ভবলুরেকে ঘাসের উপ্র ওমে থাকতে দেখল। প্রামাইমোন তাকে পাল কাটিয়ে চলে ঘাচ্ছিল। কিছু হঠাৎ ভবলুরেটা উঠেই প্রামাইমোনকে জড়িয়ে ধরে তার সলে সজম করতে চাইল। কিছু প্রামাইমোন তথন সমুজদেবতা পসেডনকে মরণ করে প্রাণণণ চিৎকার করতে লাগল। তথন তার কাতর আহ্বানে তৃষ্ট হয়ে পসেডন সলরীরে সেখানে আবির্তৃত হয়ে সেই ভবলুরেকে লক্ষ্য করে তাঁর হাত থেকে জিল্লটি ছু ডে দেন। ভবলুরেটা তথন পালিয়ে যেতে একটা পাহাড়ের গায়ে গিয়ে লাগে জিল্লটা। পাহাড়টা কেঁণে ওঠে তাতে প্রবলভাবে। পসেডন গ্রামাইমোনকে তৃণশ্যায় শয়ন করিয়ে সকম করেন তার সঙ্গে। তাঁর পরিচয় জেনে গ্রামাইমোনও খুলি হয়। তার পিতার আদেশের কথাটা মনে করে খুলির সকেই রাজী হয়েছিল সে এই সকমে। সকম শেষ হয়ে গেলে তার দাবির কথাটা জানাল গ্রামাইমোন। বলল, তার বাবার আদেশ, যেনন করে হোক জল নিয়ে যেতে হবেই। তাছাড়া আপনাকেও তৃষ্ট করে সদয় করে তুলতে হবে এ রাজ্যের প্রতি।

পদেভন বললেন, এ আর এমন বেশী কথা কি ? আমি ত সদয় আছিই তোমাদের প্রতি। এখন ঐ যে পাহাড়ের গারে ত্রিশ্ল দেখছ ঐ ত্রিশ্লটা নিয়ে এস।

এামাইমোন দেখানে গিয়ে জিশ্লটা টেনে তুলতেই তিনটে মুখ থেকে 'জলের ফোয়ারা ছুটতে লাগল। এামাইমোন কার্যদিদ্ধির হুদংবাদ নিয়ে তার বিনেদের নিয়ে ফিরে গেল রাজপ্রাসাদে। তার নাম অহুদারে দেই পার্থাড়ের গা থেকে উৎসারিত ঝর্ণাটির নাম হয় এামাইমোন। পরে দেই এামাইমোন ঝর্ণার মুখের কাছে হায়েজা নামে এক ভয়ন্তর জাগনের জন্ম হয়। অথচ তখন থেকে একটি প্রথা গড়ে ওঠে, হায়েজার প্রহরাবেষ্টিত দেই ঝর্ণার মুখ থেকে জল আনতে পারলে তবেই কোন নর্বাতক পাণাত্বা মুক্ত হবে তার পাণ থেকে।

এদিকে দানাউস রাজ্য ছেড়ে চলে যাওয়ায় অপমানিত বোধ করণ -এজিপতাস। তার প্রস্তাব না মেনে তাকে অপমানিত করেছে দানাউস। সে তাই তার পুরুদের আর্গনে পাঠাল দানাউপের কাছে সেই প্রস্তাবটা নতুন করে তুলে ধরার জ্ঞা। তারা গিয়ে সোজাস্থজি দানাউসকে বলল, তোমার কঞ্চাদের সঙ্গে আমাদের বিশ্বে দাও। তোমার মতের পরিবর্তন করো। আমরা বিশ্বে না করে ছাড়ব সা।

আসলে কিন্তু তারা কুমতসন নিয়েই এলেছিল। তাদের গোপন অভিনত্তি ছিল বিয়ের রাতেই দানাইদস্দের সব মেরে ফেল্বে।

দানাউদ এবাবেও রাজী হলো না এ প্রস্তাবে। তথন এজিপ্তাদের ছেলের। আর্গন অবরোধ করল। তারা দৈক্তবামন্ত দলে নিয়েই গিয়েছিল। মহাবিপদে পড়ল দানাউন। কারণ নগরমধ্যে কোন অলের ব্যবস্থা ছিল না।
নগরবাদীরা তাদের প্রয়োজনীয় দব জল নগরপ্রান্তের কর্ণা থেকে আনত। কিছ
নগর অবক্ষ হওয়ায় কেউ জুল আনতে বেরিয়ে যেতে পারল না। নাইরাদ্রা
অবস্থা পরে নলকৃপ আবিদার করে শহরে জলের ব্যবস্থা করে, কিছ তথ্ন তারা
এর ব্যবহার জানত না।

তথন বাধ্য হয়ে দানাউদ দক্ষি করে তার ভাইপোদের দক্ষে। বল্ল, যদি তামরা অবরোধ তুলে নাও তাহলে আমি তোমাদের দাবি মেনে নেব।

এ কথায় স্ববরোধ তুলে নিল এঞ্চিপতাদের ছেলেরা। দানাউদ তার কথামত তার মেয়েদের বিয়ের ব্যবস্থা করল। তার কোন মেয়ে কোন ছেলেকে বিয়ে করবে তা বেছে দিল দানাউদ। তারপ্র তার গোপন ষড়যন্ত্রের কথাটা গোপনে শিথিয়ে দিল তার মেয়েদের।

তাদের বাবার আদেশমত প্রতিটি কন্তা বিয়ের রাতেই তাদের স্বামীদের বুকে ছুরি মেরে তাদের হত্যা করে। একমাত্ত দেবী আর্ডেমিসের নির্দেশে হাইপারমেলা নামে একটি মেয়ে তার স্বামী লিনসেউসকে হত্যা না করে ছেড়ে দিল। শুধু তাই নয় আলো দেখিয়ে তার নিরাপদে পালিয়ে যাবার ব্যবস্থাও করে দিল।

মৃতদের মাথাগুলি কেটে লার্নাতে কবর দেওয়া হলো। তাদের মৃগুহীন ধড়গুলি সমাহিত করা হলো আর্গসে। এথেন ও হার্মিস দানাইদস্দের পাপ থেকে মৃক্তি দিলেও মৃত্যুপুরীর দেবতারা অভিশাপ দেন চিরকাল তাদের দ্র থেকে দ্বল বয়ে আনতে হবে।

হাইপারমেল্লা সন্ডিয় সন্ডিয়ই ভালবেদেছিল লিনসেউসকে। শত্রুপক্ষের ছেলেকে এইভাব ভালবেদে ভাষ প্রাণরক্ষা করার জন্ম পরে ডাদের আবার মিলন ঘটে।

এদিকে দানাইদস্দের স্বামীহত্যার পাপস্থালন হবার সব্দে সব্দে দানাউস তার কন্তাদের আবার বিয়ে দেবার ব্যবস্থা করে। সে তার কন্তাদের বিয়ের জন্ত রাজপথে এক দৌড় প্রতিযোগিতার অহন্তান করে। ঠিক হয় সেই প্রতিযোগিতার যে প্রথম হবে সে তার পছন্দমত তার এক কন্তাকে বিয়ে করবে। তারপর অন্তান্ত সকল প্রতিযোগীরা তাদের আপন আপন পছন্দমত কন্তাদের বিয়ে করবে।

কিন্ত দানাউদের কভারা বিয়ের রাতে তাদের নববিবাহিত স্বামীদের হত্যা করেছে এই ধরনের কথা রটে যায় সারা শহরে। এ কথা শুনে স্বাই ভয় পোরে গিয়েছিল বলে দেই প্রতিযোগিতায় বেশী প্রতিযোগী অংশগ্রহণ করেনি। শাল যে কয়জন প্রতিযোগিতায় যোগদান করে তাতে দানাউদের সব কভার বিয়ে হলো না। দানাউস তথন তার পরের দিন শার এক প্রতিযোগিতার শহুষ্ঠান করে।

বিদ্যের রাজ পার হয়ে যাওয়াডেও যথন নব বিবাহিত ব্বকরা কেউ তাদের জীনের হাতে নিহত হলো না তথন অন্তান্ত ধ্বকরা উৎসাহিত হয়ে পরের দিন প্রতিযোগিতায় অনেকেই যোগদান করল। এইভাবে দানাউদের অক্ত শব মেয়েদের বিবাহ হয়ে গেল।

এই বিয়ের ফলে ভাদের যে সব সম্ভানসম্ভতি হয় ভাদের থেকে দায়ালৈ নামে এক ছাতির উত্তব হয়।

প্রদিকে এঞ্চিপতাস যথন দেখল তার ছেলেদের কেউ দানাউসের কাছ থেকে ফিয়ে এল না তথন সে নিজেই দানাউসের রাজ্য আর্গদে এসে উপস্থিত হলো। এসেই সব কথা শুনে সে রাজপ্রাসাদে না গিয়ে পালিয়ে গেল ভয়ে।

লিনেউদ হাইপারমেক্সাকে বিয়ে করে আর্গনেই স্থাপ শাস্তিতে ব্যবাদ করতে থাকে। কিছুকাল পরে দে দানাউদকে হত্যা করে রাজ্যের শাসনভার গ্রহণ করে। প্রজারাও বিশেষ বিচ্ছুক হয়নি তাতে। দে ইচ্ছা করলে দানাউদের অন্য সব কল্যাদের হত্যা করে তার ভাইদের হত্যার প্রতিশোধ নিতে-পারত। কিছু তা করেনি।

এ্যামাইমোন নামে দানাউদের যে কন্সা হরিণ ধরতে গিয়ে বনের মধ্যে পদেডনের সঙ্গে সক্ষম করে, সেই কন্সার গর্ভে পদেডনের ওরদে নপনিয়াস নামে এক পুত্রসন্তান হয়। এই নপনিয়াস তার নামে এই নগর পত্তন করে।

ল্যামিয়া

বেলাসের একটি পরমাত্মন্দরী কলা ছিল। তার নাম ছিল ল্যামিয়া। মেয়ে মাত্মর হয়েও লিবিয়ায় শাসনকার্য সে-ই পরিচালনা করত। ল্যামিয়া কিন্তু-কোন মর্ত্তামানবকে বিয়ে করেনি। সে দেবরাজ জিয়াসকে ভালবাসত এবং মনে তাকেই পতিত্বে বরণ করে। তার এই ভালবাসার প্রতিদান স্কর্মণ জিয়াস তাকে এক অলোকিক ক্ষমতা দান করেন। সে তার নিজের চোথত্টি ইচ্ছামত উপত্তে আবার তা ঠিকমত বসিয়ে দিতে পারত।

জিয়াসের ঔরসজাত অনেকগুলি সন্তান তার গর্ভে ধারণ করে ল্যামিয়া।
কিন্তু একমাত্র খাইল্যা ছাড়া আর কোন সন্তান বাঁচতে পারেনি। কারণ তার
প্রতি জিয়াসের অবৈধ আসজির জন্ত নির্বা বোধ করতেন জিয়াসপদ্ধী হেয়া।
এবং সেই নির্বাশতঃ একমাত্র খাইল্যা ছাড়া ল্যামিয়ার অক্ত সব সন্তানদের
ক্ষমের পরই বধ করেন হেরা।

্লাপুন স্ভানদের এইভাবে অকালে ছারিরে নিষ্ঠুর প্রকৃতির হয়ে ওঠে

ল্যামিয়া। কিন্তু হেবার উপর কোন প্রতিলোধ নিতে না পেরে লৈ স্ক্রোগ পেলেই তার সন্তানকে বধ করত।

পরে ল্যামিয়া নাকি বিক্বতমনা হয়ে যায়। সে এম্পাসীদের দলে তিড়ে যার। সে তথন কোন যুবকপথিককে একা পেলেই তাকে ছলনার ধারা ভূলিয়ে তার কপট প্রেমের ধারা বশীভূত করে তার শ্যাসিদিনী হত এবং সে খুমিয়ে পড়লেই তার দেহের সব বক্ত শোষণ করে তাকে হত্যা করত।

ল্যামিয়া শব্দটির অর্থ হলো ব্যক্তিচারিণী নারী। তবু ল্যামিয়াকে নাকি দেবী হিগাবে অনেকে পূজা করত। তার মন্দিরের পুরোহিত বা পূজারিণীরা কৈবণী বলার সময় এক রাক্ষ্মীর মুখোদ পরত, কারণ ল্যামিয়ার মুখটা রাক্ষ্মীর মতই বিক্ত হয়ে যায়।

লেডা

অনেক বলে, দেবরাজ জিয়াস নাকি প্রতিহিংসার অধিষ্ঠাত্তী অপদেবী নেমেসিসের প্রেমে পড়ে যান। কিন্তু নেমেসিস জিয়াসের হাতে ধরা না দিয়ে জলে গিয়ে আশ্রয় নেয়। কিন্তু জিয়াসও তার পিছু নিয়ে তরক্ষমালা অতিক্রম করে তাকে ধরতে যান।

নেমেনিস তথন সমূদ্রের জল থেকে ক্লে উঠে গিয়ে বিভিন্ন জন্তর আকার ধরে। জিয়াসও তাকে পাবার জন্ত অহরণ জন্তর আকার ধারণ করেন। অবলেবে নেমেনিস একটি বনহংসীর রূপ ধারণ করে বাতাসে উড়ে বেড়াতে থাকে। কিন্তু জিয়াসও তথন এক বনহংসে রূপান্তরিত হয়ে তার সজে সক্ষম করেন। ফলে একটি জিম্ব প্রসব করে নেমেনিস। নেমেনিস তথন পার্টাতে চলে যায়।

শার্টার রাজা ছিল তথন টিগুরিয়াস। টিগুরিয়াসের স্থী রাণী লেডা একদিন একটি জলাশয়ের ধাবে অভুত একটি ডিম দেখতে পেয়ে তা প্রানাদে নিয়ে এসে একটি সিন্দুকের মধ্যে লুকিয়ে রাখে। জেমে সেই ডিম থেকে একটি শিশুকলা প্রস্তুত হয়। সেই কন্তাই হলো হেলেন যার থেকে পরবর্তী কালে ইয়র্জের উৎপত্তি হয়।

আবার অনেকে বলে চাঁদ থেকে একবার একটি ডিম সমুদ্রের জলে পড়ে যায়। পরে জেলেরা সেই ডিমটি পেয়ে কুলে নিয়ে আদে। কপোডরা সেই ডিমটিকে তা দিয়ে তার থেকে একটি বাচ্চা বার করে। সেই বাচ্চাই কালক্রমে নিস্কিয়ায় চক্রদেবী হিসাবে পৃঞ্জিত হয়।

ुं भावात चरनरक वरन, जिद्यान यथन वनस्रानत क्रम श्राद नारमंत्रितनक शिद्व

পিছু ত্রাকে ভাড়া করে নিমে বেড়াচ্ছিলেন তথন একটি ইগল পাথি বনহংসক্রমী জিহাসকে ধরতে জালে। জিহাস তথন নেমেসিনের কোলের ভিতর গিয়ে
আগ্রম নৈন এবং সেই অ্যোগে তার সজে সদম কবেন। তার ফলে নেমেসিল
একটি ডিম এপ্রসব করে। পরে স্পার্টার রাজা টিগুরাস পত্নী লেভা যথন
একদিন পা ঘটি ফাঁক করে বসেছিল এক জারগায় হার্মিস তথন সেই ডিমটি তার
কোলের মধ্যে ফেলে দেয়। সেই ডিম থেকেই হেলেনের জন্ম হয়।

কিন্তু এই মত ছটির কোনটিই গ্রহণযোগ্য হতে পারেনি ব্যাপকভাবে। এ
বিষয়ে সবচেয়ে বেনী প্রচলিত যে কাহিনী তা হলো এই যে, জিয়াল নেমেদিন
নয়, লেডার দক্ষেই একদিন ইউরোতাল নদীর ধারে বনহংদের রূপ ধরে
সহবাল কবেন এবং তার ফলে লেডা যে ভিম্ব প্রদাব করে তার থেকেই হেলেন,
ক্যান্টব ও পলিডিউনেদেব জন্ম হয়। সেই বাতে আবাব টিগুারালও সহবাল
কবে তার লী লেডার দক্ষে। তাই কার উরলে কোন কোন সন্ধান জন্মগ্রহণ
কবে লেডার গর্ভে তা ঠিক করে বলা যায় না। অনেকে বলে, লেডা ছটি ডিম
প্রসব করে। প্রথম ডিম থেকে হেলেন ও তার ছই ভাই ক্যাণ্টর ও পলিডিউসেন্থর জন্ম হয়। আর হিতীয় ডিম থেকে ক্লাইতেমেলার জন্ম হয়।

আবার কেউ কেউ বলে, গুধু হেলেন জিয়াদেব কন্সা। আব ক্যান্টর ও পলিডিউসেন টিগুারাদের সম্ভান। আবার কেউ কেউ বলে গুধু হেলেন নয়, হেলেন ও পলিডিউসেন জিয়াদের আর ক্যান্ট্র ও ক্লাইতেমেল্লা টিগুারাদের শুরুমজাত সম্ভান।

এই লেডাই পরে নেমেসিসে পবিণত হয।

প্রাচীন গ্রীকপুবাণে নেমেসিসকে এক জলপরীরূপিনী চক্রদেবী হিসাবে কল্পনা করা হয়। প্রথমে নাকি এই নেমেসিসই দেববান্ধ জিয়াসের প্রেমে পড়ে। কিন্তু জিয়াস তাব সে প্রেমেব ভাকে সাভা না দেওয়ায় নেমেসিস ধরার জন্ম তাঁকে তাভা কবে নিয়ে বেভায়। এবং বডগোস, মাছ, মৌমাছি ও পাথির রূপ ধারণ কবে জিয়াসকে তার শ্যাসিদী করে তোলার জন্ম। পণ্ডিতবা বলেন তথন মাতৃতান্ত্রিক সমাজ ছিল বলে প্রেমের ব্যাপারে মেয়েরাই অগ্রণী ছিল এবং তারাই তাদেব মনোমত পুরুষকে ধনার জন্ম পুরুষদের তাভা কবে নিয়ে বেভাত। কিন্তু মাতৃতান্ত্রিক সমাজ কালক্রমে পিতৃতান্ত্রিক সমাজ পরিণত হওয়ায় তথন জিয়াস নেমেসিসকে ধরার জন্ম তাকে তাভা করে নিয়ে যান।

ইঞ্জিয়ন

ল্যাপিথের রাজা ক্লেগিরার পুত্ত ইন্ধিরন ঈরোনেউদের কন্সা দিরাকে ভালবেসে বিয়ে করতে চায়। ইরোনেউদ প্রথমে ইন্ধিরনের প্রভাবে হান্ধী হয় নি। পরে ইন্মিয়ন কন্তাপক্ষকে অনেক দাসী উপহার দিতে চাইলে ইন্মোনেটক শেবে রাজী হয় অনিচ্ছা সংৰঙ। তবে কথন তার কন্তার বিশ্বে দেবে লেকবা কিছু বলেনি।

ইন্ধিয়ন তথন বিষেব দিন ধার্য করার জন্ম তার প্রাসাদে এক তোজসভার আয়োজন করে এবং তাতে ইন্ধোনেউসকে নিমন্ত্রণ করে। কিন্তু ইন্ধিয়নের ভয় ছিল শেব পর্যন্ত ইন্ধিয়নের ভয় ছিল শেব পর্যন্ত ইন্ধিয়নের ভয় ছিল শেব পর্যন্ত ইন্ধিয়নের ভয় করার জন্ম এক বড়যন্ত্র করে। ইন্ধানেউস যে পথে একে তার প্রাসাদে চুকবে সেই পথে একটা থাল কেটে রাথে ইন্ধিয়ন। তারপর সেই থালের মধ্যে এক অগ্নিকুও জ্বালিয়ে রাথে। কিন্তু পথের মাঝে সেই কাটা থালটির উপর এমনভাবে ঢাকা দিয়ে রাথে যাতে উপর থেকে তা বোঝা না যায়।

ঈরোনেউদ প্রাসাদে ঢোকার আগেই দেইখানে পড়ে গিয়ে আগুনে পুড়ে যারা যায়।

ইন্ধিরনের এই কাজটাকে অক্সান্ত দেবতারা এক জবন্ত অপরাধ ও পাপ বলে মনে করলেও জিয়াস এটা অন্ত চোথে দেখেন। তিনি বলেন ইন্ধিয়ন এক্ষেত্রে যা করেছে তা প্রেমের জন্ত করেছে। স্থতরাং তিনি তার পাপ খালন করে দেন এবং সেইদিনই তার ভোজসভাতেও যোগদান করেন।

কিছ ই নিমন এমনই অকতজ্ঞ ছিল যে জিয়াদের এই উপকারের কথা দে অবিলম্বে ভূলে যায়। দে জিয়াদপত্নী হেরার প্রতি কামাদক্ত হয়ে ওঠে দহলা। ই জিয়ন ভেবেছিল জিয়াদ তাঁর জীর প্রতি মোটেই বিশ্বস্ত নন, এবং প্রায়ই বিভিন্ন নারীকে ছলে বলে কৌশলে ধর্বণ করে বেড়ান। তাই হেরার কাছে গিয়ে দে দক্ষম প্রার্থনা করলে হেরা হয়ত সহজ্ঞেই রাজী হয়ে যাবে। কিছ ই নিমন জানত না হেরা প্রেমের দিক থেকে খ্বই বিশ্বস্ত দেবী ছিলেন। জিয়াদ শত অবিশ্বস্ততার পরিচয় দিলেও তিনি কোনদিন অন্য কোন প্রুবের কথা কল্পনাও করেননি।

যাই হোক, সর্বঞ্জ জিয়াস ইক্সিয়নের মনের কথা জানতে পারেন। তথন তিনি হেরাকে একখণ্ড মেঘে রূপান্তরিত করেন। কিন্তু পানপ্রমন্ত ইক্সিয়ন সেই মেঘ্থণ্ডের সঙ্গেই সঙ্গম করে তার কামপ্রবৃত্তি চরিতার্থ করে। সে যখন এই কাজে নিযুক্ত ছিল তথন সহদা সেখানে জিয়াস গিয়ে উপন্থিত হন।

জিয়াস তথন হার্মিনকে ছকুম দেন, ওকে নির্মান্তাবে বেজাঘাত করো। যতকণ পর্যন্ত না সে বলে, 'উপকারীর প্রতি সমান দেখানো উচিত' ততক্ষণ তাকে যেন ছাড়া না হয়।

তারপর তাকে একটি আগুনের চাকার দকে বেঁধে রাখা হয়।

কিন্ত মেদক্ষপিনী নকণ হেবার নাম নেওয়া নেকিলে এবং ইক্সিয়নের সম্মের কলে তার মধ্যেও গর্ভনকার হয় এবং যধানমত্তে সেউর নামে এক পুরুষজ্ঞান প্রামণ করে নেকিলে। এই সেক্টরই পরে বড় হয়ে ম্যাগনেসিয়ার বোটকীবের গর্ডে সেক্টর জাতির উদ্ভব করে।

हे ब्रियम कथाद वर्ष हत्ना मस्डि।

সিসিফাস

ক্ষয়োলাদের পুত্র সিসিফাস আটলাদের কল্যা মেরোপকে বিয়ে করে। এই বিয়ের ফলে তাদের ভিনটি পুত্রসম্ভান জন্মলাভ করে। তাদের নাম হলো মকাস, ওর্লিভিয়ন আর সাইনন। সিসিফাদের একমাত্র জীবিকার উপাদান ছিল এক গবাদি পশুর পাল। কোরিনধ্প্রণালীতে সে এই পশুর পাল নিয়ে বাস করত।

দিসিফাদের বাড়ির কাছে অটোলিকাস নামে আর একজন পশুণালক ছিল। অটোলিকাস আর ফিলামন ছিল শিয়নের ছটি যমজ পুত্র। অবচ তারা ভূজনের কেউই শিয়নকে তালের পিতা বলে স্বীকার করত না। অটোলিকাস বলল সে হচ্ছে হার্মিসের প্রবন্ধাত সম্ভান আর তার ভাই ফিলামন বলল সে এ্যাপোলোর প্রবন্ধাত সম্ভান।

অটোলিকাসও পশুর পাল চরাত মাঠে। কিন্তু শে বড় চোর ছিল। হার্মিন নাকি তাকে এক অভুত বিহ্না শিথিয়ে দেন যা তার চুরিবিছায় বিশেষ কাজে লাগে। সে কোন পশু চুরি করেই তার গায়ের বং পান্টে দিতে পারত। আবার সেই অপহত পশুর শিং থাকলে তা অদৃশ্য করে দিড, আর শিং না থাকলে শিং গজিয়ে দিতে পারত।

অটোলিকাস প্রায় দিনই সিসিফাসের গরু বা ভেড়া চুরি করত।
সিসিফাস তা ছ্বতে পারবেও ধরতে পারত না অটোলিকাসকে। একদিন
সিসিফাস অটোলিকাসকে ধরার জন্ম তার সব পশুগুলির পায়ের ক্ষ্রের তলার
এম, এম অক্ষরন্তি খোদাই করে দিল।

এই ধরনের নাম লেখা সিসিফাদের কয়েকটি পশু সেই দিন রাতেই চুরি করল অটোলিকাস। পরদিন সকালেই কয়েকজন প্রতিবেশীকে সঙ্গে নিজে আটোলিকাসের পশুশালায় চুকে পায়ের তলা পরীকা করে দেখল সিসিফাস।
স্বাই দেখল সিসিফাদের কথাই ঠিক। তখন প্রতিবেশীরা বাড়ির বাইরে থেকে গালাগালি করতে লাগল অটোলিকাসকে।

বাড়ির সামনে যখন এইভাবে দাকন গোসমাল চলছিল তথন দিসিকাল বাড়ির ভিডর চুকে অটোলিকানের মেরে এন্টিরীরার সঙ্গে সহবাস করে সকলের অলকো। পরে এই কল্লার বিয়ে হয় লার্ডেসের সঙ্গে এবং সেই বিয়ের কলে ওভেনিয়ানের জন্ম হয়। এমন পমর থেদালির রাজা ইংরোজাদ মারা যার। তথন সলমন্ত্রক থেদালির সিংহাদন জোর করে দখল করে। অথচ সে সিংহাদনের বৈধ উত্তরাধিকারী হলো দিশিফাদ।

সিসিফাস তথন ভেলফির মন্দিরে গিয়ে গণনা করল। দৈবনানীতে বলল তোমার ভাইঝির ছেলেরা তোমার ক্ষতি করবে।

যে সলমনেউদ তার পিছৃদিংহাসন জাের করে দখল করে সেই
সলমনেউদের কথা টাইরােকে ভালবাদার ভান করে ধর্ষণ করে দিনিফাদ।
পরে টাইরাে জানতে পারে দিনিফাদ তাকে ভালবাদে না, তার বাবার উপর
প্রতিশােধ নেবার জ্ঞাই তার দকে দলম করে। এই কথা জানতে পারার
দক্ষে সজে দিনিফাদের ঔরসজাত তার ছটি সস্তানকে হতাা করে টাইরাে।
দিনিফাদ তথন তার ছটি পুজের মৃতদেহছটি বাজাবে নিয়ে গিয়ে দকলের
সামনে বলে দলমনেউদ তার দস্তানদের বধ কবেছে। এইভাবে হতাার
অপরাধে দলমনেউদকে থেদালি রাজ্য থেকে বিতাড়িত করে দিনিফাদ এবং
থেদালির সিংহাদনে প্রতিষ্ঠিত করে নিজেকে।

এ ছাড়া এফাইরা নামে আর একটি রাজ্য স্থাপন করে সিসিফাস। পরে এ রাজ্যের নাম হয় কোবিনধ্।

দেবরাজ জিয়াস একবার নদীদেবতা এসোপাসের কন্সা এজিনাকে হরণ করে নিয়ে যান। এসোপাস তথন কন্সার থোঁজে কোরিনথে এসে হাজির হয়। সিদিফাস ব্যাপাবটা জানত। কিন্তু এসোপাসকে কিছু বলল না। পবে একটা শর্ভ আবোপ করল এসোপাসের উপর। সেই শর্ভ অফুসারে এসোপাস যথন কোবিনথ রাজ্যে এ্যাফ্রোদিতের মন্দিরে জল স্ববরাহেব জন্ম এক চিরন্থায়ী ঝর্ণার ব্যবস্থা হয় তথন সে এজিনার কথা স্ব খুলে বলে তাকে।

এনোপাদ তথন জিয়াদেব উপব তার কলাহরণের জন্ম প্রতিশোধ নেবার সংকল্প করে। কিন্তু কোশলে জিয়াদ এডিয়ে যান। জিয়াদের দব রাগ তথন সিদিফাদের উপর গিয়ে পড়ে। কারণ সিদিফাদেই তাঁব গোপন অপকর্মের কথা এলোপাদকে দব বলে দেয়। জিয়াদ তাঁর ভাই নরকের রাজা হেডদ্বেক ক্র্ম দেন সে যেন সিদিফাদকে তার্ভারাদে নিয়ে গিয়ে এর জন্ম উপযুক্ত শান্তি দেয়।

কিছ হেডেশ্ সিসিফাসকে নরকে ধরে নিয়ে যাবার জন্ম নিজে তার বাড়িতে এলে কৌশলে তাকে বন্দী করে সিসিফাস। হেডেশ্ সিসিফাসের হাতে লাগাবার জন্ম লোহার হাতকড়া নিয়ে আসে। হাতকড়াটা সিসিফাসের হাতে দিয়ে বলল, এইটা পরে নাও।

সিদিফাস বলল, আমি কেমন করে পরতে হয় জানি না। তা আপনি দেখিরে দিন।

ক্ষেত্ৰ তথন হাতকড়াটা, একবার নিজের হাতে পরতেই দলে দলে তাকে ক্ষ্মী করে বান্ধির এক ক্ষম ববে তাকে ভরে বেখে দিল। সিনিদান করেক সিনের জন্ম বনী করে রাখে হেভস্কে।

এদিকে -মৃত্যুপুরীর রাজা সেখানে না থাকার মর্ত্যে ও পাতালে হলপুল পঞ্চেলে। হেন্ডস্ মৃত্যুপুরীতে না থাকার মর্ত্যে কোন লোক মরতে পারল না। এখন কি যাদের মাথা কাটা যাচ্ছিল, বা যুদ্ধে যারা মারাত্মকভাবে আহত হচ্ছিল তারা মরতে না পাওয়ার যমণায় অনবরত আর্তনাদ করছিল। এতে এ্যারেস বেশ মৃত্বিলে পড়েছিলেন। তিনি হচ্ছেন যুদ্ধের দেবতা। কোন যুদ্ধে কোন পক্ষের কোন লোক না মরায় যুদ্ধে চূড়ান্ত জন্ম পরাজয় হচ্ছিল না কোন পক্ষে।

অবশেষে এ্যারেস মৃত্যুপুরীতে গিয়ে হেডস্কে না পেয়ে সব কথা শুনে সিসিফাসের বাড়িতে গিয়ে হাজির হলেন। তিনি হেডস্কে মৃক্ত করে সিসিফাসকে হেডস্এর হাতে তুলে দিলেন।

এতেও দমল না দিনিফান। স্বৃত্যুর আগে দিনিফান তার দ্বী মেরোণকে বলন, আমি মারা গেলেও আমাকে কবর দেবে না।

মৃত্যুর পর হেডস্এর প্রাসাদে গিয়ে রাণী পার্সিফোনেকে বলল, আমাকে এখনো কবর দেওয়া হয়নি। স্থতরাং আমাকে এই মৃত্যুপুরীতে আনার কারো কোন অধিকার নেই। আমি ফাইক্স নদী পার হয়ে মর্জ্যে চলে যাব। পরে আবার আমি এখানে আসব।

কিন্তু সিসিফাস একবার মর্ভ্যে ফিরেই তার প্রতিশ্রুতি ভঙ্গ করন। দে আর মৃত্যুপুরীতে ফিরে গেল না। তথন হেড়স্ হার্মিসকে ডেকে আনাল। হার্মিস এসে আবার সিসিফাসকে ধরে আনল মৃত্যুপুরীর তার্ডারাসে।

নিনিফাসের পাপ অনেক। মৃত্যুপ্রীতে যাওয়ার পরই বিচাব শুরু হলো তার। প্রথম কথা, দে সলমেনেউদকে মেরে আহত করে, জিয়াসের গোপন কথা বলে দিয়ে বিশাসঘাতকতা করে তাঁর সঙ্গে। তার উপর প্রারই সে চুরি ভাকাতি করত। তা ছাড়া অনেক নিরীহ পথিককে অকারণে হত্যা করত সেঃ

এই সব পাপকর্মের ফলে মৃত্যুপুরীর বিচারকরা এমন শান্তি দান করল দিসিফাসকে যে শান্তি এক দৃষ্টান্তম্বরণ ও ম্বরণীয় হয়ে থাকবে। বিচারকরা দিসিফাসকে একটি বড় পাথর দেখিয়ে বলল, এনোপাসের কাছ থেকে পালিয়ে যাবার সময় জিয়াল নিজেকে সম আয়তন পাথরথওে পরিণত করেন। তুমি পাথরটা ঐ পাহাড়টার চূড়ায় তুলে নিয়ে যাবে। পাথরটা চূড়ার উপরে তুলতে পারলেই তোমার শান্তির অবসান ঘটবে।

কিন্ত সে শান্তির অবদান ঘটেনি সিসিফাদের। যতবারই সিসিফাস বিরাট পাথরটাকে কাঁথে করে পাহাড়ের চূড়ার কাছাকাছি উঠে পড়েছে ততবারই পুরাণ—২১ পাধরটার ভার সন্থ করতে না পেরে ছেড়ে দিরেছে পাধরটাকে আর পাধরটা গড়িরে পড়েছে একেবারে পাহাড়ের ডলার। তথন তাকে নতুন করে আবার পাথরটাকে কাঁথে করে ওঠা শুরু করতে হয়েছে। এইভাবে বারবার একই কাজ করতে করতে দ্র্মান্ত কলেবর হয়ে উঠেছে তার দেহের প্রতিটি আল-প্রভাল। তার মাধার উপর ধুলোর মেদ জমে উঠেছে। ক্লান্ত ও অবসন্ন হয়ে উঠেছে তার দেহ। তবু বার বার সেই প্রকাণ্ড পাধরটাকে কাঁথে নিমে উঠতে হয়েছে তাকে একই পাহাড়ের চূড়ার। আবার প্রক্ষণেই নামতে হয়েছে। ব্যর্থ হয়েছে তার সব শ্রম।

কিন্তু মর্ত্যভূমিতে সিসিফাসের সমাধিটা কোথায় তা কেউ বলতে পারে না।

সলমনেউস

দ্বালাস ও এনারেতের পুত্র সলমনেউস একসময় থেলালিতে রাজস্ব করত।
পরে দে এলিদের পূর্ব দিকে দ্বানিয়াম রাজ্য স্থাপন করে। এটালফেলিসের
উপনদী এনিপিয়াদের উৎসমূপে সলমনেউসকে তার প্রজারা দ্বণার চোথে
দেখত। সে ছিল বড় অহঙ্কারী। সে কোন দেবতাকে ভক্তি শ্রন্থা করত না।
দে এত উদ্ধত হয়ে উঠেছিল যে কেউ জিয়াদের নামে কোন পূজা দিলে বা
কোন কিছু উৎসর্গ করলে সে মন্দিরের বেদী থেকে তা তুলে নিত। এমন কি
দন্তের সঙ্গে ঘোষণা করত সে নিজেই জিয়াস। জিয়াদের অহুকরণ করে সে
সলমনিয়া শহরের রাজপথ দিয়ে তার রথের পিছনে পিতলের বড় বড় দণ্ড বেঁধে
নিয়ে ঘ্রত এবং বলত ওগুলো ওর বজ্ঞ। শুধু তাই নয়, মাঝে মাঝে সে রাতের
অন্ধকারে উধ্বর্ণন্তা অংগন্ধ মশালের আগুনে তার অনেক প্রজার প্রাণ ও ঘর
বাড়ি পুড়ে যেত।

শুর্গলোক থেকে সলমনেউদের এই অমানবিক ঔদ্ধত্যের নিদর্শনগুলি সব অবলোকন করলেন জিয়াস। কিন্তু তার ঔদ্ধত্য দিন দিন বেড়ে যাওয়ায় আর নীরব দর্শক হিসাবে বসে থাকতে পারলেন না তিনি। তাই একদিন তাঁর কোথের আতিশযা দমন করতে না পেরে একটি সত্যিকারের বন্ধ সলমনেউসের উপর নিক্ষেপ করলেন জিয়াস। বজ্ঞাধিপতি দেবরাজ জিয়াসকে হেয় জ্ঞান করে বজ্ঞের প্রাক্ত মর্ম বুঁঝতে না পেরে তা নিয়ে থেলা করে এসেছে সলমনেউস দিনের পর দিন সেই বজ্ঞের প্রাক্ত মর্ম আজ হাড়ে হাড়ে বুঝিয়ে দিলেন জিয়াস। সে বজ্ঞের আগুনে তথু সলমনেউস নিজে নয়, তার বর্ধ ও অশ্বসমেত গোটা সলমনিয়া শহরটা পুড়ে ছারথার হয়ে গেল। শশমনেউনের বী আলিনিভাইন একটি হৃদ্দরী করা প্রান্থ করেই নারা বার ভার খানীর মৃত্যুর খনেক খাগেই। মেরেটির নাম ছিল টাইরো। না নারা বাওরার পরু ভার বিমাতার কাছে মাহর হতে থাকে টাইরো। কিন্তু লৈ ভার গর্জে নিনিকানের বারা উৎপন্ন সন্তানচ্টিকে হত্যা করার অপরাধে খেলালি খেকে তাদের বিতাভিত করা হয় এবং এ জন্ম তার প্রতি নির্চুর হরে ওঠে ভার বিমাতা।

এই সময় নদীদেবতা এনিপিয়াসের প্রেমে পড়ে টাইরো। সে তাকে পাবার জন্ম বারবার নদীর ধারে নির্জনে গিয়ে বসে থাকত। কিছু ভার ভালবাসার ভাকে কোনদিন সাড়া দেয়নি এনিপিয়াস; তথু সেটা একটা মিষ্ট কোতৃক হিসাবে উপভোগ করত দূর থেকে।

টাইবোর এই অসহায় অবস্থার পূর্ণ ক্ষোগ নিলেন সমূদ্রদেবতা পসেডন। তিনি একদিন নদীদেবতা এনিপিয়াসের ছল্পপ ধারণ করে সশরীরে এসে নদীতীরে টাইরোর সামনে দাঁড়ালেন। টাইরোর মনে হলো হাতের মুঠোর মধ্যে আকাশের চাঁদ এসে যেন ধরা দিয়েছে।

এনিপিয়াসর্মী পসেডন তথন টাইরোকে সঙ্গে করে বেড়াতে বেড়াতে এনিপিয়াস আর এ্যালফিয়াস নদীর মোহনার কাছে নিয়ে গেলেন। সেথানে গিয়ে পসেডন কৌশলে ঘুম পাড়িয়ে দিলেন টাইরোকে। তারপর পর্বতপ্রমাণ এক ঢেউ এসে টাইরোর উপর দিয়ে বয়ে গেল। পসেডন তথন ঘুমস্ত টাইরোর সঙ্গেল অবাধে সঙ্গম করলেন দীর্ঘক্ষণ ধরে। তারপর ঘুম ভেঙ্গে গেলে টাইরো দেখল তার সর্বান্ধে রতি চিহ্ন ফুটে রয়েছে। বেশ খুমতে পারল যে তাকে এখানে ভূলিয়ে এনে তার ঘুমস্ত অবস্থাম সহবাস করেছে তার সঙ্গে সে এনিপিয়াস নয়। ঘুমল কেউ নিশ্চয় ছলনার সাহায্যে প্রতারণা করেছে তার সঙ্গে। এমন সময় পসেডন সম্প্রতরঙ্গের উপর থেকে কলহান্তে বলতে লাগলেন, আমি সম্প্রদেবতা পসেডন সঙ্গম করেছি তোমার সঙ্গে। আমি তাতে তৃপ্ত হয়েছি—এটা তোমার সোভাগ্য ভারবে। আমার এই তৃপ্তির পারিতোবিক্ষরণ তৃমি যথাসময়ে পাবে ঘৃটি যমঞ্জ সন্থান। তোমার সে সন্থানের জনক হিসাবে ভোমার ভালবাসার লোক এ নদীদেবতার থেকে অনেক বেশী যোগ্য।

প্রস্ব না হওয়া পর্যন্ত কথাটা গোপন রাথল টাইরো। তারপর মধাসময়ে একসন্দে গুটি যমজ সন্তান প্রস্ব করল। কিন্তু তার বিমাতার ভয়ে নবজাত সন্তান ছটিকে এক পাহাড়ের উপর রেখে এল। সেথানে এক অখপালক সন্তানছটি দেখে করুণাবশতঃ বাড়ি নিম্নে গেল। সেথানে তার লী সন্তানছটিকে পালন করতে লাগল। তারা একটি সন্তানের নাম রাথল পেলিয়াস আর একটি সন্তানের নাম রাথল কেলেউন। পেলিয়াসকে এক ঘোটকীর তথ দিছে আর নেলেউসকে এক কুলুরীর ছব থাইয়ে মাছব করতে লাগল অখপালকের লী। অনেকে আবার বলে, টাইবো নাকি তার বমল সন্তানছটিকে ওক কাঠের

একটি ছেলার করে এনিবিদ্ধান নদীর খবে ভানিরে দের। ভারণর একজন মেখে তাদের উদ্ধার করে সামুষ করে।

যাই হোক, সভানদ্ধী বড় হলে ভাদের মার নাম আনতে পেরে ভাদের মাকে পুঁজে বার করে। সিভারো ভাদের মার উপর অনেক অভাটার করে বলে সিভারোর উপর সেই সব অভাচারের প্রতিশোধ নেওয়ার জভ বছপরিক্র হরে ওঠে ভারা। সিভারোও সেকথা পুরতে পেরে ভাদের ভরে হেরার মন্দিরে গিয়ে আখ্রার নের। কিন্তু পেলিয়াম সেই মন্দিরে গিয়ে সিভারোকে আঘাত করে হেরাকে ক্রেছ করে ভোলে ভার প্রতি।

পরে টাইরো আবার গ্রেছনস্ নামে তার এক কাকাকে বিয়ে করে এবং ঈসন নামে এক পুত্তের জন্ম হয় সে বিয়ের ফলে। এই ঈসনের ঔরসেই পরে জেসন নামে এক বীরপুত্তের জন্ম হয়। ঈসন পেলিয়াস ও নেলেউসকেও তার সন্থান হিসাবে গ্রহণ করে। সে আওলাসে এক রাজ্য স্থাপন করে।

কিন্ত গ্রেনসের মৃত্যুর পর আওলাস রাজ্যের সিংহাসন নিয়ে ছুই ভাইএর মধ্যে ঝগড়া করতে থাকে। পেলিয়াস নেলেউসকে রাজ্য থেকে তাড়িয়ে দিয়ে নিজে সিংহাসনে বসে। ঈসনকে বন্দী করে রাথে কারাগারে। নেলেউস আবার পরে একিয়ানদের সাহায্যে পাইলাস নামে এক নগর পশুন করে খ্যাতি লাভ করে। তারপর নেলেউস ক্লোতিসকে বিয়ে করে। তাদের বারোটি স্ক্রান জন্মগ্রহণ করে। কিন্তু নেস্টর ছাড়া আর সব স্ক্রান ঘটনাক্রমে হেরাকলস্-এর বারা নিহত হয়।

এ্যাথামাস

নিসিফাদের ভাই এ্যাথামাস বীয়োতিয়ার রাজত্ব করত। হেরার আদেশে নেফেলি নামে প্রেতিনীকে বিয়ে করে সে। এই প্রেতিনী দেবরাজ জিয়াদের বারা হাই হয়। নেফেলির গর্ভে এ্যাথামাদের ঔরসে ফ্রিক্সমাস ও নিউকল নামে ছটি পুত্র এবং হেলি নামে একটি কন্সার জন্ম হয়।

নেফেলি নিজেকে জিয়াসের কন্তা বলে মনে ভাবত এবং প্রায়ই জলিশ্যিয়ায় গিয়ে খুরে বেড়াত। নিজেকে দব সময় দেবকন্তা ভাবায় এগাখামাসকে খুণা করত সে। এগাখামাসকে অন্তরের সজে ভালবাসতে পারেনি কোনছিন। জীর কাছে কোন ভালবাসা না পেয়ে এগাখামাস পরে ক্যাডমাসের কন্তা ইনোকে ভালবাসতে থাকে।

একদিন ইনো তার ল্যাপিথিয়াম পাছাড়ের নির্দ্ধন প্রানাদে এনে ভোলে গ্রাথামানকে। বেথানে স্বামীন্ত্রীর মতই বাস করতে থাকে তারা। ভার সঞ্চে সহবাদের কলে আখামানের ছটি সন্ধান অন্তগ্রহণ করে। তাত্তের নার হলো কার্কাস আরু মেনিসার্তেস।

ক্ষমে নেফেলি জানতে পাবে কথাটা। তান্ন প্রতি জনিশন্ত হল্পে এটাখানার তাব একজন সপন্থী এনে ল্যাপিসথিয়ামের প্রানাহে তাকে রেখেছে—একখাটা হেরাকে গিরে জানাল নেফেলি। বলল, এ্যাথামাল তাকে এর ধারা জপদান করেছে। আমি ঐ প্রানাহের বিশ্বন্ত ভূত্যদের কাছ থেকে জানতে পেরেছি কথাটা।

হেরা সব কথা জনে নেফিলের পক্ষ অবলয়ন করলেন। তিনি সক্ষে শশ্ব করলেন, এয়াধামাদের উপর এ অপমানের প্রতিশোধ না নিয়ে কখনই ছাড়ব না আমি। এয়াধামাস ও তার বংশকে ধ্বংস করে তবে ছাড়ব।

এরপর নেফিলে চলে গেল ল্যাণিস্থিয়ামের সেই প্রাসাদে যেথানে ইনোকে গোপনে রেখে দিয়েছিল এগখামাস। সেখানে গিয়েই ছেরার শপথের কথাটা প্রকাক্তে ঘোষণা করল নেফিলে। প্রকাক্তে বলল, এগুখামাসের মৃত্যুই এখন তার একমাত্র কাম্য। বীয়োতিয়ার লোকরা নেফিলের কোন কথা ভনতে চাইল না। তারা ইনোকে ভালবাসত।

এদিকে ইনো এক চক্রান্ত করেছিল নেফিলের সন্থান ফ্রিন্থাসের জীবননাশের জন্ম। সে কোশলে বীরোতিয়ার মেয়েদের হাত করে তাদের সে বছরকার শক্তের সব বীজ পুড়িয়ে দিতে বলল, ফলে বীজ বপনের সময় কোন বীজ না পাওয়ায় সে বছর একেবারে ফসল ফলল না সারা দেশে। গুরুতর থাছাভাব দেখা দিল দেশে। ইনো তথন আথামাসকে পরামর্শ দিল ভেলফিতে গর্ণনা করার জন্মালোক পাঠাও। ওদিকে ইনো আথামাসের লোকদের শিথিরে রেথেছিল, ভেলফি থেকে এক মিথ্যা সংবাদ এনে দৈববাণী বলে তা চালিরে দেবে। তারা যেন বলে দৈববাণীতে বলল নেফিলের পুরুসন্থান ফ্রিন্থাসকে ল্যাপিসথিয়াম পাহাড়ে দেববাজ জিয়াসের উদ্ধেশ্যে বলি দিলেই আবার শক্তেশ্যানলা হয়ে উঠবে সারা দেশ।

ততদিন ফ্রিলাস বেশ বড় হয়ে উঠেছে। সে হয়ে উঠেছে এক স্থাপনি ব্রুবন। তার রূপে মুঝ হয়ে ক্রেণ্ড্রের জী বিয়াদিস তার প্রেমে পড়ে যায়। কিছ ফ্রিলাস বিয়াদিসের এই অবৈধ প্রেম নিবেদনে অসম্ভই হয়ে বায়া দিতে থাকে তাকে। তথন সহসা প্রতিহিংসাপরায়ণা হয়ে উঠে এয়াথামাসের কাছে মিথা কয়ে অভিযোগ কয়ে, ফ্রিলাস তার শালীনতা হানি কয়ায় চেই। কয়েছিল। বীয়োভিয়ায় লোকরা বিয়াদিসের অভিযোগের কথা বিশাস কয়ল এয় এয়াথামাসের কাছে দাবি জানাল পাহাড়ের উপর স্থাদেবতা প্রাণোলাম নামে ফ্রিলাসকে বলি দিতে হয়ে। কিছ নিজের লভানকে বলি দিতে কিছুড়েই মন চাইছিল না এর্থানাসের। তর্ জনসংগ্রে চাশে এয়ং বিয়াদিসের কথায়

ক্রিক্সাসকে পাছাড়ের উপর নিয়ে গিয়ে বলির জন্ত প্রছত করে ভোলা হলো ডাকে। কিন্ত ক্রিক্সাস জানত সে নির্দোব। এগাখামাসেরও মন বলছিল ভার পুরে নিরপরাধ এবং এর মধ্যে নিশ্চর কোন চক্রান্ত জাছে।

কিছ এমন সময় কোথা হতে হঠাৎ হেরাকলস্ এনে হাজির হলো লেখানে।
শহরের পাশ দিয়ে সে কোথার যাছিল। এই বলির সংবাদ পেরে নে ছুটে
আসে। সে এসেই ফ্রিক্সাসকে বলির স্থান হতে মৃক্ত করে কিছুটা সরিয়ে নিরে
গিয়ে বলে, আমার পিতা জিয়াস কথনো নরবলি চান না।

কিন্তু তার কথা মানতে কেউ রাজী হচ্ছিল না। এইভাবে যথন বাদায়বাদ চলছিল তৃপক্ষে তথন সহসা আকাশপথে একটি উড়ম্ব ভেড়া ক্রিক্সাদের সামনে এসে বলল, কালবিলম্ব না করে আমার পিঠে উঠে বসো।

উড়স্ত ভেড়াটি দেখে উপস্থিত দ্ব লোক একই সঙ্গে বিশ্বিত ও ভীত হয়ে পড়ল। ভাবল, এ সাধারণ ভেড়া নয়, নিশ্চয় কোন দেবতার প্রেরিত ছন্মবেশী দ্ত। তাই ফ্রিক্সাস যথন ভেড়াটির উপর উঠে বসল তথন কেউ কোন কথা বলতে পারল না। ফ্রিক্সাসের একমাত্ত বোন হেলি কাছেই দাঁড়িয়ে ছিল। সে বলল, বিমাতার কাছে আমি আর পাকব না। তুমি যেথানে যাছছ আমাকেও সঙ্গে নিয়ে যাও।

ভেড়াট বলল, ঠিক আছে, আমার পিঠে ছজনে চেপে বসো। কোন দিকে তাকাবে না। আমি ঠিক জায়গায় নামিয়ে দেব।

ক্রিক্সাদের পিছনে ভেড়াটার উপর উঠে বসল হেলি। পাথাওয়ালা ভেড়াটিই পূর্ব দিকে উড়ে যেতে লাগল। সে কোলবিদের পথ ধরল যেথানে হেলিয়াসণ্ডার রথের অখগুলিকে একটি আস্তাবলে রেথে পালন করত।

কিছ হেলি বেশীক্ষণ বসে থাকতে পারল না উড়স্ত ভেড়াটার পিঠের উপর। সে চঞ্চল ও অধৈর্য হয়ে এদিক সেদিক তাকাতেই এক সময় হঠাৎ পড়ে গেল ভেড়ার পিঠ থেকে। সে যে জায়গাটাতে পড়ে গেল সেটা হলো এশিয়াও ইউরোপের মাঝথানে একটি প্রণালীতে। হেলির সম্মানার্থে সেই প্রণালীর নাম হয় হেলিসপন্ট।

ক্রিক্সাস কিন্ত যথাসময়ে কোলবিসে গিয়ে পৌছল। ভেড়াটি কোলবিসে গিয়ে নামতেই ক্রিক্সাসও তার থেকে নেমে পড়ল। সেই ভেড়াটিকে ভার বক্ষাকর্তা দেবরাজ জিয়াসের নামে উৎসর্গ করল সে। সেই ভেড়াটির লোম গুলো ছিল সোনার। সোনার পশমগুলো কেটে রাখল ক্রিক্সাস। পরবর্তীকালে এই সোনার পশমের জন্ম কত গ্রীকবীর কত বিপদ তুচ্ছ জ্ঞান করে এই কোলবিসে এসেছে।

ল্যাপিসভিয়াস পাহাড়ের উপর যা ঘটে গেল তা দেখে সকলের ভর ছরে গেল। ইনো ও বিয়াছিসের চক্রাভ সব ফাঁস করে দিল ভূত্যের। ভেল্ফি সের মন্দিরে যে সব ভূত্য গিয়েছিল তারা ইনোর শেখানো ক্যান্তলি ফাঁস করে দিশ। বিয়াদিদের শঠতা একং ক্রিল্লানের নির্দোবিভার ক্রথাটাও খুলে বলক ভারা গ্রাথামাসকে।

কিছ নেফিলে তবু প্রাথারানের বৃত্যুর জন্ত জেছ ধরল। নেফিলে জনগণকৈ বোঝাতে লাগল, প্রাথারালই দব বিপদ্ধ বিপদ্ধির মৃলে। স্থতরাং প্রাথানাদের বৃত্যু না ঘটলে রাজ্যে শান্তি আদবে না। প্রজারাপ্ত মেনে নিল দেকথা। তথন ক্রিয়াসকে যেথানে বলি দেবার জন্ত নিয়ে যাওরা হয়েছিল দেখানে গ্রাথামাসকেও নিয়ে যাওয়া হলো। কিছ এবারও হেরাকলস্ প্রসেউছার করল তাকে।

কিন্তু তা সন্তেও গ্রাথামাসের উপর থেকে হেরার রাগ গেল না। এ রাগের একটা কারণ ছিল। গ্রাথামাসের যোগসান্ধনে এবং ইনোর প্রত্যক্ষ সাহায্যেই ইনোর বোন গ্রামেলি তার গর্ভন্নাত জিয়াসের অবৈধ সন্তান শিশুপুত্র ভাওনিসাসকে পুকিয়ে রাথে গ্রাথামাসের প্রাসাদে। হেরা এটা চাইত না। তাই তিনি সহসা পাগল করে দিলেন গ্রাথামাসকে।

একদিন এ্যাথামাস উন্মাদ অবস্থায় ইনোর জ্যেষ্ঠ পুত্র লার্কাসকে এক জায়গায় দাঁড় করিয়ে একটি তীর থারা বিষ্ক করল। তারপর তার দেহটা ছিন্নভিন্ন করতে শুক্ত করে দিল।

তা দেখে ইনো ভয় পেয়ে গিয়ে তার বিতীয় পুত্র মেলিসার্তেশকে নিয়ে প্রানাদ ছেড়ে পালিয়ে গেল। কিন্তু এয়াথামাদ তাকেও তাড়া করল এবং আর একটু হলেই তাকে হত্যা করত। তথু শিশু ভাওনিদাদের জলই তা পারল না। তাওনিসাদ দহসা এয়াথামাদের চোথহুটোকে অন্ধ করে দিল। তথন এয়াথামাদ একটা ছাগলকে ইনো ভেবে তাকে প্রহার করতে লাগল নির্মান্তাবে। ইনো তথন তার ছেলেটাকে নিয়ে চলে গেল মোলারিনা পাহাড়ে। সেথানে গিয়ে সে হুংথে পাহাড় থেকে সমুদ্রে ঝাঁপ দিয়ে প্রাণত্যাগ করল। এই পাহাড় থেকে সমুদ্রের জলে কেলে দিত। কিন্তু জিয়াদ ইনোকে নরকে যেতে দিলেন না। সে তাঁর অবৈধ পুত্র ভাওনিদাদকে তার প্রাণাদে আপ্রার দিয়ে পালন করেছিল। সেই উপকারের ক্রভক্ততাবশতঃ ইনোর মৃত্যুর ললে দক্ষে তাকে এক দেবীর পদ দান করলেন। তিনি ইনোর পুত্র মেলিসার্ভেদকে এক দেবতার পদে অধিষ্ঠিত করলেন।

এদিকে বীয়োতিয়া থেকে নির্বাসিত হলো উমাদ এয়াধামাস। তার একটিনাত্ত পূজ্যকান লিউকন জীবিত ছিল। কিন্তু ক্রমাসত রোগে ভূগে ভূগে সেও মারা গেল। তথন একদিন জ্ঞান ফিরে পেয়ে এয়াধামাস ভেলফিতে তাম ভাগ্য গণনা কয়ল। সেথানে দৈববাণীতে বলল, যেখানে বস্তু জয়য়া ভোমাকে মধ্যাক্ত ভাগ্যনে সাধ্যাকিত কয়বে সেইখানেই ভোমার ভাগ্য ফিয়বে।

আবার নিত্রাহীন প্রবন্ধায় উত্তর হিকে খুরতে খুরতে খেলালির সম্ভলভূমির

উপর অরণ্যপ্রদেশে এনে গ্রাথমান দেখন একমন নেকছে একমন ভেড়াকে ধরে ধরে থাছে। কিন্তু গ্রাথমানকে দেখেই নেকড়েগুলো পালিরে -গেল ভেড়া-গুলোকে ছেড়ে দিয়ে। এতে আন্তর্ম ছয়ে গেল গ্রাথামান। ছম্ম ভার দৈববাণীর কথাটা মনে পড়ল। লভে সলে মনে বেশ কিছুটা সাহস পেল।

এরপর আবার পথ চলা শুরু করল এগখামান। কিছুদিনের মধ্যেই বে তার তাইপোর ছটি ছেলে হেলিয়ার্তাস আর কনোরীয়ার সাহায্যে এগালস নামে এক নগর পন্তন করল। তারপর থেমিস্টো নামে এক নারীকে বিয়ে করে নতুন বংশের উদ্ভব ঘটায়।

অনেকে আবার এই কাহিনীটিকে অক্তভাবে ঘ্রিয়ে বলে। তারা নেফিলের বিয়ের কথাটা স্বীকার করে না। তাদের মতে এগাধামান ইনোকে বিয়ে করে এবং লার্কাস ও মেলিসার্ভেদ নামে তার তৃটি সম্ভান হয়। সম্ভান হবার পরেই ইনো একবার বনে শিকার করতে যায়। কিন্তু সেখানে সহসা উন্মাদ রোগে আক্রাম্ভ হয়ে পার্নেদাস পর্বতে চলে যায় ইনো। এদিকে এগাধামাস ভাবে ইনো বক্তজন্তর কবলে পড়ে মারা গেছে। সে তাই যথাযথ শোকপালনের পর থেমিস্টোকে আবার বিয়ে করে এবং এক বছর পর থেমিস্টোর গর্ভে তৃটি সম্ভান জন্মগ্রহণ করে। এমন সময় এগাধামাস হঠাৎ জানতে পারে ইনো বেঁচে আছে এবং তার মৃত্যু হয়নি। তথন সে লোক পাঠিয়ে প্রাসাদে আনায় তাকে। কিন্তু থেমিস্টোর কাছে তার কোন কথা প্রকাশ করে না। প্রাসাদের অক্ততম ধাজী হিসাবে তাকে নিমৃক্ত করে। কিন্তু দাসীদের কাছ থেকে আসল কথাটা জানতে পারে থেমিস্টো। সে তথন ধাজীছের ঘরে গিয়ে ইনোকে না চেনার ভান করে তার ছেলেদের জন্ম লালা পোষাক তৈরি করতে আর ইনোর হতভাগ্য সম্ভান্দের জন্ম কালো শোকের পোষাক তৈরি করতে বলে। আগামী কালই তাদের এ পোষাক পরতে হবে।

ইনো থেমিক্টোর আদল মতলবের কথাটা ছুঝতে পারে। দে তাই কালো পোবাকগুলো থেমিক্টোর সন্তানদের পরিয়ে সাদা পোবাক তার নিজের ছেলে-ছুটকে পরায়।

পরের দিন থেমিনেটা তার প্রহুরীদের ছকুম দেয় তারা যেন ধাজীদের তথাবধানে যেখানে রাজবাড়ির ছেলেরা যাবে সেই ঘরে জোর করে চুকে কালো পোষাকপরা ছেলেছটিকে হত্যা করে। রক্ষীরা সেইমত কাজ করলে পরে দেখা গেল ইনোর সন্তানের পরিবর্তে থেমিন্টোর সন্তানছটিই নিহত ছরেছে। ইনোর চক্রান্তেই এই হত্যাকাণ্ড সংঘটিত হয়েছে—একথা এয়াধামাস জানতে পারার সঙ্গে পালে পাগল হরে যায় লে। সে তথন ইনোর প্রথম সন্তান লার্কাসকে তীর দিয়ে বিদ্ধ করে হত্যা করে এবং ইনো তথন তার বিতীর সন্তান মেলিসার্তেসকে নিয়ে পালিয়ে গিয়ে সমৃত্যে ঝাঁপ দিয়ে আছ্মহত্যা করে। মৃত্যুদ্ধ পর সে দেবীতে উরীত হয়।

এ বিবরে আর একটি ভিন্ন কাছিনী প্রচলিত আছে। অনেকে বলে ক্রিক্নাল আন হেলি নেমিলের গর্জনাত ঠিক, কিন্ত ভারা এগাধান্তানের উরসভাত নর, ইন্দিরনের উরসভাত। যাই হোক, একছিন নেমিলে ভার এই শ্লটি সভান নিরে বনে ঘ্রে বেড়াছিল। সহসা সে উন্নাদের মত হয়ে যায়। সে একটি ভেড়াকে ধরে নিরে এসে ভার ছেলেদের বলে, এটি ভোমাদের প্ড়ত্তো বোন বিপ্রেমনের প্রা।

ফ্রিক্সাস ও হেলি তাদের মাকে বলল, সে কি করে হয় ?

নেক্ষিলে বলল, গিওফেনের অনেক প্রেমার্থী,ছিল। স্বাই তাকে পাবার জন্ম তার পেছনে বুরে বেড়াত। তথন পদেডন তাকে সহসা একটি ভেড়ীতে এবং নিজেকে একটি ভেড়াতে পরিণত করেন। তারপর তিনি থিওফেনকে ক্রমিশা নামে একটি বীপে নিয়ে যান এবং সেখানে তার গর্ভে এক মেবসন্তান উৎপাদন করেন। এটি হলো সেই সন্তান। তোমরা এখন এই ভেড়াটির উপর চড়েবসো। সোনার পশমর্ক্ত এই দৈব ভেড়াটি তোমাদের কোলবিসে নিয়ে যাবে নিরাপদে। সেখানে ভোমরা বসবাস করে নতুন জীবন শুরু করতে পারবে। পরে এই দৈব মেবটিকে বনদেবতা এ্যারেসের উদ্দেশ্যে বলি দেবে।

কোলবিনে গিয়ে ক্রিক্নান তার মার কথামতই কাল্প করেছিল। সে এ্যারেনের মন্দিরে সেই মেষ্টির সোনার পশমগুলি তুলে রাথে এবং মেষ্টিকে এ্যারেনের নামে উৎসর্গ করে। এক ভয়ন্বর ড্রাগন সেই সোনার পশমগুলিকে পাহারা দিতে থাকে। পরে ফ্রিক্নানের পুত্র প্রেন্ডন কোলবিন থেকে গুর্কোমেনেউনে এনে এ্যাথামানকে এক বধ্যভূমি থেকে উদ্ধার করে। বিভিন্ন পালকর্মের জন্ম তথন এ্যাথামানকে বলি দেওয়া হচ্ছিল।

মেলামপাস

মেলামপাস ছিল গ্রেহেউদের পৌত্র। মেসেলির অন্তর্গত পাইলাদে সে বাস করত। কতকগুলো কাজের জন্ম প্রসিদ্ধি অর্জন করে মেলামপাস। সে-ই প্রথম ভবিক্তবাণী করার ক্ষমতা লাভ করে। বিশ্বের প্রথম চিকিৎসক হিসাবে সে-ই খ্যাতি লাভ করে। মেলামপাসই প্রথম ভাওনিলাসের মন্দির প্রভিষ্ঠা করে এবং সে-ই প্রথম মদের সঙ্গে জল মিশিয়ে মদের তীব্রভাকে হ্রান করার প্রথা প্রবর্তন করে।

মেলামণালের ভাই ছিল্রিয়াস। এই বিয়াস পেরো নামে তার এক প্রভৃত্তী বোনের প্রেমে পড়ে যায়। পেরো এমনই রুপসী ছিল যে বহু যুবক তার পানি-প্রার্থী হয়। তথন তার বাবা এক প্রতিযোগিতার ব্যবস্থা করে পেরোর পানি- প্রার্থীদের মধ্যে। পেরোর বাবা নেলেউস ঠিক করল পাণিপ্রার্থীদের মধ্যে যে কাইলেস থেকে বাজা কাইলেউসের পশুর পাল কাইলেস থেকে তাড়িরে দিড়ে পারবে সে-ই ভার কল্পার পাণি প্রহণ করতে পারবে। এই পশুর পালমিকে বাজা ফাইলেউস পৃথিবীর মধ্যে সবচেরে মূল্যবান বস্তু বলে মনে করতেঁন এবং এক বন্ধ ভয়কর কুকুরের সাহায্যে নিজে সেই পশুর পালটিকে পাহারা দিতেন।

মেলামপাস পাথিদের ভাষা বুঝতে পারত। তার কানছটো একটা কডজ সাপ তার জিভ দিয়ে চেটে দিয়ে যেত। এই সাপটাকে সে একবার মৃত্যুর হাত থেকে বাঁচায়।

একটা নয়, একদল লাপ তার কানছটো চেটে পরিষার করে দিত বলেই তার কর্পেন্ত্রিয় এত তীক্ষ হয়ে ওঠে। হয়ে ওঠে অলোকিক ক্ষমতালন্দার। এই লব লাপগুলো একদিন মেলামপালের অফ্চরদের হাতে মরতে বলেছিল। তাদের পিতামাতারা আগেই মারা যায়। মেলামপাল তাদের ক্ষমা করে তাদের পিতামাতাদের করর দেয়।

মেলামপাস ভবিশ্বদাণী করার ক্ষমতা পেয়েছিল স্বয়ং এ্যাপোলোর কাছ থেকে। একদিন এ্যালপিয়াস নদীর ধারে বেড়ার্ডে বেড়াতে এ্যাপোলোর সব্দে দেখা হয়ে বায় তার। বলির পশুদের পেটের নাড়ীভূড়ী ছি ড়ৈ তার থেকে ভবিশ্বংগণনা করার এক অভুত পদ্ধতি এ্যাপোলো শিথিয়ে দেন তাকে। এই ক্ষমতাবলে সে বুঝতে পারল ফাইলেউসের পশুর পাল কে এবং কিভাবে চুরি করতে পারবে এবং তার ফল কি হবে।

মেলামপান দেখল তার ভাই বিয়ান চুপচাপ বলে রয়েছে বিষয়ভাবে। সে তখন ঠিক করল সে নিজে গিয়ে ফাইলেউনের পশুর পাল চুরি করে নিয়ে আসবে। কারণ বিয়ানের বারা এ কাজ কখনই সম্ভব নয়।

কিন্ত ফাইলেউসের পশুর পালের কাছে গিয়ে মেলামপাস দেখল একটা থড়ের গাদার উপর ফাইলেউস শুয়ে রয়েছে অদূরে আর একটা ভয়ন্কর বন্ধ কুকুর পাছারা দিছে পালটাকে। তথাপি সাহসের সঙ্গে এগিয়ে গিয়ে মেলামপাস যেমন একটা গরুকে সরিয়ে আনার জন্ধ ধরল আর তথনি সেই কুকুরটা এসে তার পা-টা কামড়ে দিল। আর তথন রাজা ফাইলেউস সেই থড়ের গাদা থেকে উঠে এসে মেলামপাসকে ধরে নিয়ে কারাগারে আবদ্ধ করে রাখল।

মেলামপাস জানত এ কাজ করতে গেলে তাকে এক বছর কারাগারে বন্দী হয়ে থাকতে হবে। তাই নে তত আশ্চর্য হয়নি।

শ্বেলামপাদের কারাবাদের এক বছর পূর্ণ হবার আগের দিন সন্ধাবেলায় লে যথন কারাগারের মধ্যে বসে ছিল তথন দে তনতে পেল ছটো পোকা কড়ি-কার্টের মধ্যে কথা বলছে। তালের কথা পাই বুরুতে পারল মেলামপাস। সে তনতে পেল একটা পোকা অন্ত পোকাটাকে বলছে, আর কতদিন আমাদের এইজাবে দাতে করে কাঠ কেটে যেতে হবে ভাই ? শক্ত পোকাটি বলল, যদি শাসনা বুখা বাক্যব্যন্তে সময় নই না কবি তাহকে কাল প্রভাবেই এই কৃত্তিকাঠটা একেবাবে ভেকে পড়বে।

একথা খনে ভয় পেল মেলামপাল। দুখল রাভ শেব হতেই কড়িকাঠটা। ভেলে গেলেই ছাদটা ভার মাধার উপর ধনে পড়বে। লে ভাই ফাইলেউদকে টীৎকার করে বারবার ভেকে বলতে লাগল, ফাইলেউল, আমাকে ভূমি এখান থেকে সরিয়ে অফ্ত ঘরে নিয়ে যাও। কারণ এ ঘরের কড়িকাঠ আর ছাদ ছটোই ধনে পড়বে এখনি।

মেলামপাসের কথার প্রথমে হেনে উঠল ফাইলেউন। কিন্ত কিছুক্ষণ পরে কি ভেবে সভিা সভিাই মেলামপাসকে অন্ত ঘরে সরিয়ে নিয়ে যাবার বাবছা করে দিল। পর মৃহুর্ভেই দেখা গেল ছাদটা ধনে পড়ল এবং ঘরের ভিতর কর্তবারত এক দাসী মারা গেল।

মেলামপাদের নিখুঁত ভবিশ্বৎজ্ঞান দেখে বিশ্বরে অবাক হরে গেল ফাইলেউস। সে তথন মেলামপাসকে বলন, আমি তোমাকে স্বাধীনতা এবং তোমার আকান্থিত পশু ছুইই দিয়ে তোমার মনস্থামনা পূর্ণ করব তুমি যদি আমার পুত্রের ক্লীবতা সারিয়ে দিতে পার।

মেলামপাস প্রথমে ছটি বলদ বলি দিল। তারপর বলদছটির জাছছটো চর্বি মাথিয়ে আগুনে এাপোলোর উদ্দেশ্তে আছতি দিয়ে বাকি মাংসগুলো মন্দিরেক বাইরে ছড়িয়ে রাখল। কিছুক্ষণের মধ্যেই ছটি শকুনি এলে বসল মাংস থাবার জন্ম।

একটা শকুনি আর একটা শকুনিকে বলল, বেশ কয়েক বছর আগে আমরা-এথানে এসেছিলাম। তথন ফাইলেউস এক ভেড়া বলি দিছিল। আমরা-এসেছি বলির পশুর কাটাছাঁটা মাংসগুলো সংগ্রহ করার জন্ম।

ছিতীয় শকুনিটা তথন বলল, হাা, আমার মনে পড়েছে একথা। ইফিক্লাস তথন শিশু ছিল। তার বাবা যথন ভেড়াট বলি দেবার পর রক্তাক্ত ছুরি হাতে-তার পাশ দিয়ে পীয়ার গাছের কাছে যাবার জন্ম এগিয়ে আসছিল তথন ভর পেয়ে যায় ইফিক্লাস। দে ভাবে তার বাবা ভেড়ার মত তাকেও বলি দিতে আসছে। সে তাই ভরে প্রাণপণ শক্তিতে চিংকার করে ওঠে। আসলে-ফাইলেউস একটা ধর্মীর পীয়ার গাছের ওঁড়িতে সেই রক্তাক্ত ছুরিটা আমূল-বিসিয়ে দিল। এই আক্ষিক প্রচণ্ড ভয় থেকেই ছেলেটি ক্লীব হয়ে যায়। প্রজনন শক্তি হারিয়ে ফেলে। সেই ছুরিটা দেথবে ঐ পীয়ার গাছটার আক্ষত-গাঁথা আছে। ছুরির ফলাটা আর দেখা যায় না। তার উপর কাঠ গজিক্ষে উঠেছে; তথু তার কাঠের বাঁটটা আজও বেরিয়ে আছে।

প্রথম শকুনিটা তথন বলল, তাহলে ত ঐ ছুরিটা গাছ শেকে রার করে ভার ফলা থেকে সরচেন্ডলো চেঁচে বার করে জলের সঙ্গে মিশিরে নিয়মিন্ড পর পর দুশ দিন থাইরে দিতে হবে ছেলেটাকে। তাহলে ভার এ রোগ পেৰে যাবে।

বিতীয় শকুনিটি বলল, আমি তোমার সব্দে এ বিবরে একমতা। কিন্তু আমাদের কথা বুববে কে ? আমন্তা যে ওমুধ বা প্রতিকারের ভূমা বললাম কে কিভাবে তা জানবে ?

মেলামপাস কিন্তু শকুনিদের এই কথাবার্তা শুনে সব হবছ বুন্ধতে পারল। কারণ পাথিদের ভাষা বুন্ধতে পারার একটা অলোকিক ক্ষমতা ছিল তার।

মেলামপান শকুনিদের কথামত কাজ করে ইফিক্লানের জন্ত ওয়ুধের ব্যবস্থা করল। তার বাবাকে দে কথা দিরেছে ক্লীবতা থেকে আরোগ্য করে তুলবে তাকে। সভ্যি সভ্যিই ভাল হয়ে উঠন ইফিক্লান। সে তার হারিয়ে যাওরা প্রজ্ঞানন শক্তি আবার ফিরে পেল। সে এক সম্ভানের জনক হয়ে উঠল। ছেলেটিয় নাম রাথা হল পোদারনেস। ইফিক্লাসকে রোগমুক্ত করতে পারার ফলে মেলাম-পাসকে একই সজে মৃক্তি আর পালের পশু দান করল ফাইলেউন। তাই নিয়ে দেশে ফিরে গিয়ে পেরোকে দাবি করল তার বাবার কাছে। পেরোকে লাভ করার সজে সজে তার ভাই বিয়াসের হাতে তাকে দান করল।

আবাসপুত্র প্রোতাস ছিল আর্গলিসের যৌথ রাজা। প্রোতাস আর এাক্রিনিয়াস হজনে আর্গলিস রাজ্যটাকে ভাগাভাগি করে রাজত্ব করত। প্রোতাস স্থেনেবোয়া নামে এক মেয়েকে বিয়ে করে এবং তার তিনটি কল্পা হয়। ভাদের নাম ছিল লিসিপ্লে, ইফিনো আর ইফিয়ানাসা।

প্রোতাদের মেয়ে তিনটি প্রেমের ব্যাপারে বাড়াবাড়ি করায় ভাওনিসাস আর হেরা রেগে যান তাদের উপর। তার উপর তাইরিনে হেরার মন্দিরে বিগ্রহ মূর্তি থেকে সোনা চুরি করার জন্ম তাদের উপর বিশেষভাবে ক্ষাই হন হেরা। সেই দৈবৃ রোষের ফলস্বরূপ তারা হঠাৎ পাগল হয়ে যার। তারা এত বেশী উন্মাদ হয়ে পড়ে যে বড় বড় মাছির ছারা তাড়িত গরুর মত পাহাড়ে প্রান্তরে অবিরাম ঘ্রে বেড়াতে থাকে এবং পথের মাঝে কোন পথিক দেখনেই তাকে আক্রমণ করত অকারণে।

মেলামপাস একথা শোনার সঙ্গে সকে তাইরিনে চলে গেল। গিরে রাজা প্রোভাসকে বলল, আমি ভোমার মেরেদের উন্মাদরোগ সারিরে দেব। কিন্তু একটা শর্ড, ভোমাদের রাজ্যের সমান একটা অংশ আমাকে দিভে হবে। অর্থাৎ রাজ্যটাকে ভিনন্তাগ করে একটা ভাগ আমাকে দিভে হবে আর ছুটো ভাগ ভোমাদের থাকবে।

প্রোতাদ বলন, তোমার কাজের পুরস্বারটা খুব বেনী চাইছ।

মেলামপান তথন বৈগে গিয়ে বলন, ঠিক আছে, আমি যাছিছ। বৈশী চাইলে দেবে না।

এই বলে মেলামণাস চলে গেল তার বাছি। এমিকে দেখা গেল গ্রোভাল-ক্ষভানের উন্নাদর্যোগ ক্রমণই ছড়িয়ে পড়ছে মেলের ক্ষভিত মেরেছের করো। ক্ষমশই খবেদ বিবাহিতা মহিলারা তাদের সভানদের হত্যা করে বারীর হর ছেছে উন্নাহ হরে পথে বেরিরে পড়েছে এবং প্রোডাসকভাদের গছে ছুক্কে বেড়াছে। এইতাবে উন্নাহরোগটা নারীদের মধ্যে ক্ষমশই ছড়িয়ে পড়তে কাপন হোনাহে রোগের মত। তারা বিভিন্নভাবে ক্ষতি করে বেড়াতে লাগন। এমন কি তারা মাঠে ঘাটে পভর পালগুলোকে আক্রমণ করে গরু ভেড়াভুলোকে নির্বিচারে বধ করে তাদের কাঁচা মাংস খেতে শুকু করে দিল।

তথন প্রোতাস বিব্রত হয়ে মেলামপাসকে ভেকে পাঠাল। বলল, আফি তোমার শর্ড মেনে নিলাম। এই রোগ তুমি সারিয়ে দাও।

কিন্তু মেলামপাস তথন প্রমাদ গণল। বলল, আর তা হয় না। এথন রোগ আগের থেকে অনেক বেশী ছড়িয়ে পড়েছে এবং তার ফলে আমাকে অনেক বেশী থাটতে হবে আগের থেকে। স্বতরাং এথন এ কাজের পুরন্ধার আবো বেশী লাগবে। এথন আমাকে তোমাদের রাজ্যের যে অংশ দান করবে তার সমান অংশ আমার ভাই বিয়াসকেও দিতে হবে। আর তা যদি না দাও তাহলে আমি চলে যাব এবং দেখবে তোমাদের দেশে একটি মেয়েও এই সংক্রোমক উন্মাদরোগ থেকে মৃক্ত পাকবে না।

অনত্যোপার হয়ে রাজী হলো প্রোতাস। মেলামপাসের দাবি মেনে নিল। মেলামপাস তথন তাকে বলল, ত্র্বদেবতা হেলিয়াসের নামে কুড়িটা লাল রঙের বলদ বলি দেবার শপথ করো।

তার কন্তাদের ও তাদের অহুসরণকারিণী সকলে উদ্মাদরোগ থেকে সম্পূর্ণ-রূপে আবোগ্য হবে এই শর্ভে হেলিয়াসকে কুড়িটি লাল বলদ উৎসর্গ করার: শপথ করল প্রোভাস।

হেলিয়াস দেখল আসলে এই উন্নাদ রোগটার উৎপত্তি হয়েছে হেরার আভিলাপ থেকে। কিন্তু হেরার সলে তার কোন প্রত্যক্ষ যোগাযোগ নেই। লে তাই আর্ডেমিসের শরণাপন্ন হলো। আর্ডেমিসকে সন্তঃ করার অক্ত হেলিয়াস বলল, মর্ড্যের কোন কোন রাজা তোমাকে কোন বলি উৎসর্গ করে না আমি তা ভোমায় বলে দেব, কারণ আমি আকাশ থেকে সব কিছু দেখতে পাই। সকল মর্ড্যমানবের যাবতীয় কর্মাকর্মের সাক্ষী আমি। কিন্তু তার প্রতিদানে তোমাকে একটা কাজ করতে হবে আমার জন্ম। হেরাকে বলে আর্গলিস রাজ্যের সব মেয়েদের উপর থেকে অভিশাপ তুলে নিতে হবে যাতে তারা সকলে উন্মাদরোগ হতে চিরতরে মৃক্ত হতে পারে।

আর্তেমিস তাতে রাজী হলেন। কিছুদিন আগে হেরাকে সন্তই করার অস্ত বনে শিকার করতে গিয়ে তিনি ক্যালিস্টো নামে এক জলপরীকে বধ করেন। স্থতরাং হেরাকে বলে এ কাজটা তাঁকে দিয়ে করানো খ্ব একটা কঠিন হবে না তাঁর পক্ষে।

এইভাবে দৈব অমুগ্রহ লাভ করে মেলামণাস তার ভাই আর কিছু বলিষ্ঠ

অন্তর নিয়ে উন্নাদ যেয়েদের পাহাড় খেকে ভাড়া করে নিসিরন নানে এক আরুগার এল। লেখানে একটি ধর্মীর পরিত্র কুপের জলে ভাষের মান করাল। লাজে সলে ভারা রোগমুক্ত হরে বাভাবিক জ্ঞান কিবে পেল। কিন্তু সেই সব মেরেদের মধ্যে প্রোভাসের ক্রভাষের দেখতে না পেরে আবার দেই পাহাড়ে কিবে গেল মেলামপান। আবার ভাদের ভাড়া করে বেড়াভে লাগল। কিন্তু ভারা সিসিরনে না এলে আকেডিয়ার পথে যেভে লাগল। কেথানে গিরে ক্রাইল্প নদীর ধারে একটি গুহার গিরে ভারা আগ্রাহ নিল। কিন্তু যাবার পথে ইফিলো যারা গেল। পরে লিসিঙ্কো আর ইফিয়ানাসা ভাদের জ্ঞান কিরে পোল।

যাই হোক, এতে সম্ভষ্ট হলো প্রোতাস। মেলামপাস লিসিপ্লেকে আর বিশ্বাস ইফিয়ানাসকে বিয়ে করল। এরপর প্রোতাস তাদের রাজ্যের অংশ দিয়ে তার পূর্বপ্রদম্ভ প্রতিশ্রুতি রক্ষা করল।

ণ্লকাসের ঘোটকীব্ন্দ

সিনিফাসপুত্র গ্লকাস বাস করত থিবস্তার নিকটবর্তী পেতানিয়া নামক একটি জারগাতে। বেলারোফোন তারই কন্তা। সিসিফাসের ঔরসে মেরোপের গর্ভে জন্ম হয় গ্লকাসের।

মকাদের আস্তাবলে অনেক বলবতী ঘোটকী ছিল। রথ প্রতিযোগিতায় এই সব ঘোটকীগুলি অতুলনীয় কৃতিবের পয়িচয় দিত। যাতে সন্ধান প্রসবের ফলে তাদের দৈহিক বল ও উল্লম কিছুমাত্ত কমে না যায় এবং যাতে তারা সব প্রতিযোগিতায় সমান কৃতিত্ব দেখিয়ে তাদের প্রতিহলীকে হারাতে পারে তার জন্ম তাদের প্রজননকাল সমাগত হলে কোন পুরুষ অখের সঙ্গে মিলিত হতে দিত না মকাস।

যৌনমিলন এবং প্রাঞ্চনন দব জীবেরই ধর্ম। কিন্তু গ্রকাস নিজ্ঞের স্বার্থে ভার ঘোটকীদের প্রাঞ্চননক্রিয়া এইভাবে বন্ধ করে দিলে দেবী গ্রাক্রোধিতে বেগে যান। তাঁর নিবেধাজ্ঞা অমাত্র করে গ্রকাশ।

গ্রাক্রোদিতে তথন দেবরাজ জিয়াসের কাছে অভিযোগ করেন মকাসের নামে। তিনি বলেন, এমন কি সে তার ঘোটকীদের নরমাংস থাওয়ায়।

এতে জিয়াসও কট হুয়ে এাজোদিতেকে বলেন, তৃষি প্রকাশকে এর জন্ত যে কোন শান্তি দিতে পার।

এক নিশীথ রাজিতে এ্যাফোদিতে মকাদের ঘোটকীদের আন্তাবল থেকে
্রিক জায়গার নিয়ে একটি কুণ থেকে জল পান করালেন। তারপর

त्नहे क्रमय मात्म भारम हिरक्षांबारनम नात्म अक हावाचाह पाचनारमन।

এবপর একদিন বব প্রতিযোগিতা ভক্ত হলো। একান আগের মন্ত ভার ববে যোটকীদের সংযোজিত করল। কিন্তু রব ছুটতে ভক্ত করলেই ঘোটকীশুনি বিরোহী হবে উঠল হঠাৎ। ভারা জাের করে একানের রব্ধ উর্ল্টে দিল। একান ভবন মাটিতে পড়ে যেতেই ভার দেহটাকে ছিম্নভিন্ন করে থেভে লাগল ভারা। কেউ কেউ বলে এই রব্ধ প্রতিযোগিতা অন্তর্ভিত হর আওলানে, আবার কেউ কেউ বলে এ প্রতিযোগিতা হর পােভিয়ানে।

দুই যমজ প্ৰতিদ্বৰী

পাঁচ পুক্ষের পর পলিকাওন রাজবংশ একেবারে পুরুসস্তানরহিত হয়ে পড়ে। এই রাজবংশের কোন পুরুসস্তান না থাকায় মেসেনীয়রা উল্লোলাসের পুরু পেরিয়ারেসকে পলিকাওনের রাজসিংহাসনে বসার জন্ম আমন্ত্রণ জানাল।

রাজা হবার পর পেরিয়ারেল পার্দিয়াদের কন্সা গর্গোফেনকে বিশ্নে করল। এই বিশ্বে থেকে অফেরেউন ও নিউনিপান নামে ছটি পুত্র হয়। কিন্তু পেরিয়ারেল অকালে মারা যাওয়ায় বিধবা রাণী গর্গোফোন আবার ওবেলাদ নামে পার্টার এক রাজাকে বিশ্বে করে। তথনকার দিনে গ্রীদ দেশে বিধবা নারীর পুনর্বিবাহ হত না। গর্গোফোনই প্রথম বিধবা যে ছিতীয়বার বিশ্নে করে।

বিয়ের পর ওবেলাদের ঔরদে আবার ছটি পুত্রসন্তান জন্মগ্রহণ করে গর্গোফোনের গর্ডে। এই পুত্রছটি হলো টিগুরিযাদ ও আইকারিয়াদ। তথনকার দিনে সমাজে একটি প্রথা প্রচলিত ছিল। সেটি হলো এই যে স্বামীবিয়োগ হওয়ার দলে গলেই বিধবা নারীরা আত্মহত্যা করত। মেলিগারের কল্যা পলিভোরাদ আত্মহত্যা করে। ফাইলেউদের কল্যা উভাদনে স্বামীর মৃত্যুর পর তার চিতায় ঝাঁপ দিয়ে প্রাণবিসর্জন দেয়।

ওবেলাদের বৃত্যুর পর টিগুরিয়াস শার্টার রাজসিংহাদনে বসে এবং তার ভাই আইকারিয়াস তার সহযোগী রাজা হিদাবে তাকে সাহায্য করতে থাকে। তারা যথন ঘই ভাইয়ে এইভাবে রাজত করছিল তথন হিস্নোকুন ও তার বারোজন পুত্র টিগুরিয়াসদের সিংহাসনচ্যত করে। অনেকে বলে এই সময় আইকারিয়াস নাকি হিস্নোকুনের পক্ষ অবলম্বন করে। টিগুরিয়াস শার্টা থেকে বিতাড়িত হয়ে ঈটোলিয়ার অভর্গত থেমথিয়াসের রাজবাড়িতে আশ্রম নেয়। থেমতিয়াসের রাজার কলা নেভাকে কালক্রমে বিয়ে করে টিগুরিয়াস। এই বিয়ের কলে তাদের ক্যান্টর নামে এক পুত্র ও ক্লাইডেমেলা নামে এক কলা হয়। পরে লেভা জিয়াসের ইরসজাত ছটি সন্ধান গর্ভে ধারণ করে। তারা

গ্রীকপুরাণ কথা

হলো হেলেন নামে এক কন্তা আর পলিভিউন নামে এক পুর । কানজমে পলিভিউনেশের নাহাযে টিগুরিয়ান স্পার্টার নিংহানন পুনক্ষার করে।

শোনা যায়, একবার টিগারিয়ানের অকালয়ত্যু ঘটলে এগসক্রেশিয়াল তাকে সূত্যপুরী থেকে উভার করে আনে। তার সমাধিটি পার্টায় আজক দর্শকদের দেখানো হয়ে থাকে।

ইডিমধ্যে টিশুনিয়ানের অর্থলাতা অফেরিয়াস মেসেনির পিছুসিংহাসনে বসে এবং তার ছাই নিউসিপাস তাকে তার সহযোগী হিসাবে সাহায্য করতে থাকে। অফেরিয়াস তার অর্থভগিনী আর্নেকে বিয়ে করে আর সেই বিয়ের ফলে জন্মগ্রহণ করে আইভাস ও লাইনেউস নামে ছটি পুত্র। কিন্তু অনেকে বলে আইডাস নাকি প্সেডনের ঔরসজাত।

এদিকে লিউসিপাদের ছটি কন্তা ছিল। তাদের একজনের নাম ছিল ফোবি, দেবী এথেনের পূজারিণী জার একজন ছিলেইয়া ছিল দেবী আর্ডেমিসের পূজারিণী। এই ছই কন্তাই তাদের ছই খৃড়তুতো ভাই আইভাস জার লাইসেউসের বাগদন্তা। কিন্তু ক্যাস্টর জার পলিছিউস নাকি তাদের ছই বোনকে জোর করে ধরে নিয়ে যায়। ফলে ছু জোড়া যমজ সন্তানের মধ্যে এক তীব্র প্রতিছম্বিতা দেখা যায়।

ছই যমজ ভাই হিনাবে ক্যাস্টর ও পলিভিউসেসের মধ্যে খুব ভাব ও মিল ছিল, তারা হজনে সব সময় কাছাকাছি থাকত। একবারও ছাড়াছাড়ি হত না। তাদের বেশ খ্যাতিও ছিল শার্টা দেশের মধ্যে। ক্যাস্টর ছিল একজন কুশলী যোজা এবং সে হরম্ভ ঘোড়াদের অতি সহজে পোষ মানাতে পারত। পলিভিউসেস ছিল একজন কুশলী মন্নযোজা। হজনেই আপন আপন কৃতিছ দেখিয়ে নানা পুরস্কার লাভ করে অলিম্পিক ক্রীড়া প্রতিযোগিতায়।

এদিকে আইডাস ও লাইসেনেউসএর মধ্যেও দারুণ মিল ছিল। তারাও মুজনে সব সময়ে প্রায়ই একসঙ্গে থাকত। দেশে তাদেরও থ্যাতি কম ছিল না। আইডানের গায়ে দৈহিক শক্তি বেশী থাকলেও লাইসেনেউসের এমন কয়েকটা জ্বপার্থিব শক্তি ছিল যা আইডাসের বা জ্ব্যু কোন লোকের ছিল না। লাইসেনেউস জ্বন্ধকারেও দেখতে পেত এবং কোথায় কি গুপ্তধন আছে তা মাটির উপর থেকেই বলে দিতে পারত।

বণদেবতা এ্যাবেসের পুত্র ইন্ডেনাস এ্যালসিপ্লে নামে একটি মেরেকে বিশ্নে করেন এবং তার ফলে মার্পেসা নামে একটি কন্তা জন্মগ্রহণ করে। ইন্ডেনাস তার কন্তার বিশ্নে না দিয়ে তাকে চিরকুমারী করে রাখতে চান্ন। সে তাই ঠিক করল তার কন্তা মার্পেসার জন্ত কোন পানিপ্রার্থী এলেই তাকে এক রখ-ক্রাভিযোগিতার আহ্বান করা হবে। তার সঙ্গে রখ প্রতিযোগিতার যে জন্মলাভ করবে সে-ই মার্পেসাকে স্ত্রী হিসাবে গ্রহণ করতে পারবে আর তাতে হেরে গোলে তার মাধা কাটা যাবে।

এই ঘোষণার পর হৃদ্দরী মার্পেদাকে লাভ করার জন্ম বছ পাণিপ্রার্থী এনে এক ভয়ত্বর রথ প্রতিযোগিতায় অংশগ্রহণ করল। কিন্তু কেউ ইডেনাসকে হারাতে পারল না এবং তার ফলে তাদের মাথা কাটা গেল।

অবশেষে, এ্যাপোলো মার্পেসার প্রেমে পড়লেন এবং তিনি নিজে রথ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করে এই বর্ষজনোচিত ছ্ণ্য প্রথার বিলোপ সাধন করতে চাইলেন।

এদিকে আইডাসও মার্পেদার প্রেমে পড়ে যায়। সে তাই তার জনক সমুক্রদেবতা পদেডনের কাছে গিয়ে এক পাথাওয়ালা বব চায় যাতে সে রব প্রতিযোগিতায় জয়লাভ করে ইডেনাদকে হারাতে পারে।

আইভাস রথ পেল বটে, কিন্তু সে রথ প্রতিযোগিতায় অংশগ্রহণ না করে একদিন মার্পেদাকে এক নাচের আসর থেকে তুলে নিয়ে তার রথে চাপিয়ে মেদেনিতে পালিয়ে গেল। ইভেনাস তা জানতে পেরে তার পিছু পিছু রথ নিয়ে ধাওয়া করল। কিন্তু তাকে ধরতে পারল না। তথন পরাজ্মের মানি সহু করতে না পেরে এবং তুংথে মৃহ্মান হয়ে নিজের রথের অশগুলিকে একে একে বধ করে লাইকরমাস নদীর জলে ঝাঁপ দিয়ে প্রাণত্যাগ করল। সেই থেকে নদীটির নাম ইভেনাস হয়।

আইডাস মার্পেদাকে নিয়ে মেসেনিতে গিয়ে উঠলে এ্যাপোলো তার কাছ থেকে মার্পেদাকে জোর করে ছিনিয়ে নিয়ে যেতে চান। তবে শেষ পর্যন্ত এ ব্যাপারে কোন দৈবশক্তি বা বলপ্রয়োগ না করে আইডাসকে এক হৈত যুদ্ধে আহ্বান করলেন এ্যাপোলো। আইডাসও তাতে রাজী হলো। কিন্তু দেবরাজ জিয়াস এ যুদ্ধ হতে না দিয়ে বললেন, এ বিষয়ে কোন যুদ্ধ বা অশান্তির প্রয়োজন নেই। ব্যাপারটি মার্পেদার উপর ছেড়ে দেওয়া হোক। এ্যাপোলো আর আইডাসের মধ্যে মার্পেদা যাকে পতি হিসাবে নির্বাচন করবে সেই তার পাণিগ্রহণ করবে।

মার্পেদাকে একথা বলা হলে সে আইভাসকে তার স্বামী হিসাবে বরণ করে নিল। কারণ সে দেখল এ্যাপোলো দেবতা হলেও কোন মর্তামানবীর প্রেমের মূল্য তিনি কখনই দেবেন না। এর আগেও তিনি অনেক মর্ত্যমানবীকে গ্রহণ করে পরে তাকে ত্যাগ করেছেন এবং মার্পেদাকেও তিনি দেইভাবে ছদিন পরে ত্যাগ করবেন তার দেহটা ভোগ করার পর।

একদিন আইভাস ও তার যমন্ত্র ভাই লিনসেউস ক্যালিভোনিয়ায় শিকার ? করতে যায়। তারা একটি জাহাজে করে কোলবিসেও যায়। এমন সময় অফেরিয়াসের মৃত্যু ঘটলে মেলেনির সিংহাসন নিয়ে বিরোধ বাখে।

কারণ তাদের অন্ত ছই বমজ ভাই ক্যান্টর ও পলিডিউসেসও এই সিংহাসনের উপর দাবি জানায়। আর্কেডিয়াতে আইজাস ও লিনসেউস এক প্রতিযোগিতার ব্যবস্থা করে তাদের চার ভাইএর মধ্যে। কিন্তু আইজাস আর পুরাণ—২২ লিনসেউদ ছুই ভাইয়ে কৌশলে ক্যাস্টর আর পলিভিউসেসকে ফাঁকি দিরে মেসেনিতে পালিয়ে যায়।

তথন ক্যাস্টর আর পলিডিউসেস মেসেনিতে গিয়ে আইডাস আর লিনসেউসের কাছে গিয়ে মেসেনির সিংহাসন দাবি করে।

আইডাদ আর লিনদেউদ তথন শহরের বাইরে তাইগেনাদ পাহাড়ে প্রদেভনের উদ্দেশ্যে পূজাের বলি উৎসর্গ করছিল। থবর পেয়ে ক্যান্টর আর পলিভিউসেস শহর থেকে সেই পাহাড়ের দিকে এগিয়ে যেতে থাকে। পাহাড়ের চুড়া থেকে লিনসেউদ ওদের দেখতে পেয়ে আইডাসকে তা বলে। আই**ডাস** তথন পাহাড়ের উপর থেকেই তার বর্ণাটি ক্যাস্টরকে লক্ষ্য করে ছুঁড়ে দেয়। ক্যাস্টর তথন একটি ফাঁপা ওক গাছের শৃত্য কোটরে আশ্রন্থ নিয়েছিল। কিস্ক আইডাসের নিক্ষিপ্ত বর্ণাটি ওক গাছের গা ভেদ করে তাকে বিদ্ধ করে। তার দেহটা গাছের দঙ্গে গাঁথা পড়ে। পলিডিউদেদ তথন তার ভাইএর মৃত্যুর প্রতিশোধ নেবার জন্ম আইডাসদের আক্রমণ করে। আইডাস তথন একটি বভ পাধরথগু পলিভিউসেসের উপর ছুঁড়ে দেয়। পলিভিউসেস তাতে আহত হয়ে প্রথমে পড়ে গেলেও কিছুক্ষণ পরে উঠে পড়ে তার বর্দার ছারা লিনদেউনকে কাছে পেয়ে তাকে হতা৷ করার চেগ্ন করে। কিন্তু আইডাসের আঘাতে প্লিডিউনেসও হয়ত নিহত হত, কিন্তু প্লিডিউসেসকে একা আইডাসদের দক্ষে যুদ্ধ করতে দেখে তার জনক দেবরাজ জিয়াস একটি বজ্রপাতের **বারা** আইডাসকে ধরাশায়ী করেন চিরকালের জন্ম। চার ভাইএর মধ্যে অবশেষে কেবলমাত্র পলিডিউসেসই বেঁচে থাকে।

ক্যান্টর টিগুরিয়াদের ঔরসজাত হলেও তারা হজনেই ছিল একই মায়ের গর্জজাত সন্তান। তাই সহাদের ভাই ক্যান্টর দারুণ ভালবাসত পলিডিউসেসকে। ক্যান্টর মানবসন্তান বলে মৃত্যুর পর স্বর্গে যেতে পারেনি। কিন্তু পলিডিউসেস জিয়াসের ঔরসজাত বলে জিয়াস তাকে স্বর্গে স্থান দিতে চান তার মৃত্যুর পর। কিন্তু তার ভাইকে এত বেশী ভালবাসত পলিডিউসেস যে সে বলে ক্যান্টরকে ছেড়ে স্বর্গে যেতে পারবে না। মৃত্যুর পর সেও ক্যান্টরের সঙ্গে নরকপ্রদেশে গিয়েই থাকবে। জিয়াস তখন ঠিক করে দেন পলিডিউসেস আর ক্যান্টর পালাক্রমে একদিন করে স্বর্গে বাস করতে পারবে। পলিডিউসেসের আছ্প্রীতি দেথে মৃশ্ব হয়ে থান দেববাজ। তাদের এই আতৃপ্রীতির প্রস্কার স্বর্গ তিনি তাদের নক্ষরলোকে স্থান দেন।

এইভাবে ক্যান্টর আর পলিভিউনেস স্বর্গবাসী হলে প্লার্টার সিংহাসনে আর কোন দাবিদার রইল না। টিগুরিয়াস তথন মেনেলাসকে ডেকে তার হাতে প্লার্টার শাসনভার দান করল। ওদিকে অফেরিয়াসের কোন সন্তান না থাকায় মেসেনিয়ার সিংহাসনেরও কোন উত্তরাধিকারী বা দাবিদার ছিল না। তথন নেস্টরকে ডেকে এনে রাজ্যের প্রশারা তারই উপর শাসনভার

অর্পণ করে।

তবে মেদেনিরার যে অংশে এ্যাসক্রেপিয়াদের ছেলেরা রাজত্ব করত সে অংশে রাজত্ব করত না নেস্টর।

ডেডালাস ও ট্যালস

ভেডালাসের পিতামাতার কথা ঠিকমত জানা যায় না। কেউ বলে তার মা হলো এটার্রিপ্নে, কেউ বলে মেরোপ, আবার কেউ কেউ বলে তার মা হলো ইফিলো। এইভাবে বিভিন্ন লোকে বিভিন্ন মাতাপিতার নাম করে। কিন্তু তার পিতামাতা সম্বন্ধে যতই মতান্তর দেখা যাক না কেন, ভেডালাস যে এথেজের রাজবংশের সন্তান সে কথা স্বাই স্থীকার করে একবাক্যে।

কুশলী কর্মকার হিসাবে ডেডালাস ছিল অন্বিতীয়। শোনা যায়, দেবী এথেন নাকি নিজে তাকে এই কাজ শেথান। ডেডালাসের ট্যালস নামে এক ভাগিনেয় কাজ শিথত তার কাছে। এই ট্যালস ছিল ডেডালাসের বোন পলিকান্তের পুত্র। ট্যালসের এত বুদ্ধি ছিল যে মাত্র বারো বছর বয়সেই কর্মকারের সব কাজ শিথে নেয় সে। লোহার কাজে সে ক্রমেই আশ্চর্ম কলাক্রিণ পরিচয় দিতে থাকে।

একদিন সে পথে যেতে যেতে পথের ধার থেকে একটা মরা দাপের মুখের চোয়াল তুলে নিয়ে অনেকক্ষণ ধরে পরীক্ষা করতে থাকে। পরে দে দেই থেকে লোহার গাঁড়াশী তৈরি করে। এরপর সে একে একে মাটির হাঁড়ি তৈরি করার জন্ম কুপ্তকারদের চাকা আর বৃত্ত আঁকার জন্ম কম্পাদ তৈরি করে প্রথম। এইভাবে দে তার উদ্ভাবনী শক্তির পরিচয় দেয়। ফলে ক্রমে তার নাম ছড়িয়ে পড়ে নারা এথেকা শহরে।

এদিকে ডেডালাদ যথন দেখল তার থেকে তার ভাগনের নামযশ বেড়ে যাছে দিনে দিনে কুশলী কর্মকার হিশাবে, তার থেকে তার ভাগনের নাম লাকে বেশী করছে তথন সে ইবাবোধ করতে লাগল তার ভাগনের উপর। ক্রমে এই ইবা দিনে দিনে বেড়ে গিয়ে এক প্রবল হিংসায় পরিণত হয়। এই ইবার সঙ্গে আর একটি কারণ মিলিত হয়ে ট্যালসকে হত্যা করার এক গোপন বাসনা ভাগে ডেডালাসের মধ্যে। ডেডালাসের সঙ্গেই ট্যালস তার মা পলিকান্তের সঙ্গে ব্যভিচারে লিপ্ত। এই সঙ্গেই তার মনে না ভাগলে সে হয়ত ট্যালসকে হত্যা করার সংকল্প করত না।

সে যাই হোক, একদিন ট্যালসকে কৌশলে দেবী এথেনের মন্দিরের ছাদের উপর নিয়ে গেল ডেডালাস। আবেগের সঙ্গে কথা বলার ভান করে সে তাকে ছাদ থেকে ঠেলে ফেলে দেয়। এথেনের এই মন্দিরটি ছিল এ্যাক্রো-পোলিনে অবন্ধিত। ছাদ থেকে পড়ে গিয়ে সলে সঙ্গে মারা যায় ট্যালম। ডেডালাস তথন তার স্বতদেহটি একটি থলের মধ্যে ভরে সেটাকে কবর দেবার জন্ম এক জায়গায় নিয়ে যাছিল। পথে যাবার সময় অনেকের সন্দেহ জাগায় তাকে জিজ্ঞাসা করল তার থলের মধ্যে কি আছে। ডেডালাস বর্লন এক মরা সাপকে সে ধর্মীয় প্রথা অফুসারে কবর দিতে নিয়ে যাছে। কিন্তু তার থলে থেকে রক্ত গড়িয়ে পড়ছিল বলে লোকের মনে সন্দেহ খ্ব গভীর হয় এবং তাকে রাজা এরিওপেগাসেয় কাছে ধরে নিয়ে যায়। রাজা এরিওপেগাস এই হত্যার ব্যাপারে তাকে দোষী সাব্যস্ত করে নির্বাসনদণ্ড দান করে। ট্যালসের আত্মা পাথি হয়ে উড়ে যায় আর তার মা আত্মহত্যা করে।

ভেডালাস তথন ক্রীটদেশে চলে যায়। সে একজন কুশলী কর্মকার একথা ক্রীটের রাজা মাইনস জানতে পেরে তাকে সাদরে বরণ করে নেন এবং তার কর্মসংস্থানের ব্যবস্থা করে দেন। কালক্রমে ভেডালাস রাজা মাইনসের এক দাসীর প্রেমে পড়ে। তার নাম ছিল নৌক্রাতে। ডেডালাস তাকে বিয়ে করে এবং তার গর্ভে আইকারাস নামে এক পুত্রসস্তান হয়।

কিন্তু এখানেও স্থাথ শাস্তিতে বেশী দিন থাকতে পারল না ডেডালাস।
এখানেও তাকে কারাদণ্ড ভোগ করতে হয়। পদেডনের একটি দাদা বলদের
সক্ষে তার রাণী পাদিফাকে দক্ষম করতে দাহায্য করেছে ডেডালাস এই অপরাধে
ডেডালাসকে গোলকধাঁধারূপ কারাগারে আবদ্ধ করে রেথে দেয় রাজা মাইনস।
ডেডালাসের সক্ষে তার পুত্র আইকারাসকেও কারাদণ্ড ভোগ করতে হয়। কিন্তু
পাদিফা অল্প দিনের মধ্যেই মুক্ত করে দেয় ডেডালাস আর তার পুত্রকে।

মুক্ত হলেও দেশে আর থাকতে পারে না ডেডালাস আর জাহাজ ছাড়া অন্ত কোন দেশে পালাতেও পারবে না। কারণ তার জাহাজগুলো রাজা মাইনস আটক করে রেথে দেয়। জাহাজগুলো পাহারা দেবার জন্ত সৈত্ত মোতায়েন করে মাইনস। তথন ডেডালাস বৃদ্ধি করে তার আর তার পুত্রের জন্ত ছুজোড়া ডানা তৈরি করল যার সাহায্যে তারা ক্রীট দেশ থেকে উড়ে পালিয়ে যেতে পারবে। ডানাগুলো ছিল পাথির পালক দিয়ে তৈরি। আইকারাসের ডানাগুলো তার কাঁধের সঙ্গে মোম দিয়ে আঁটা ছিল।

উড়তে শুরু করার আগে ডেডালাস তার পুত্রকে সাবধান করে দিল, খুব বেশী উপরে উঠবে না। তাহলে স্থের তাপে গলে যাবে মোম। আবার নিচুতে নেমো না, তাহলে পালকের ডানাগুলো ভিজে যাবে জলে। সব সময় আমার পিছু পিছু উড়বে। আমার কাছ থেকে বেশী দূরে সরে যাবে না।

এই বলে ছন্ধনে মাটি ছেড়ে আকাশপথে উড়ে যেতে লাগল অজানা দেশের সন্ধানে। ওরা যথন ক্রীট্মীপ পার হয়ে সমুদ্রের উপর দিয়ে উড়ে যাছিল ক্রীটদেশের চাষী ও জেলেরা ভাবছিল ওরা কোন মর্ডোর মাহুষ নয়, ওরা হচ্ছে দেবতা। ক্রমে তারা ক্রাল্মন, ভেলস ও প্যারসকে পিছু ফেলে উড়ে যাচ্ছিল। এমন সময় আইকারাস তার পিতার কথা অমাক্র করে ওড়ার আনন্দে মাতাল হয়ে ক্রমশ: উপরে উঠতে লাগল। উথর আকাশের বায়্যগুল ভেদ করে যতই উপরে উঠতে লাগল আইকারাস এক অনম্ভূতপূর্ব আনন্দের মন্ততা ততই পেয়ে বসল তাকে। উড়তে উড়তে সে স্থের অনেক কাছে যাবে, দেখবে তার মাঝে কি আছে—এই ধরনের এক তরল অসমত উচ্চাকাশ্বা তার ওড়ার আনন্দের সঙ্গে হয়ে উন্মাদ করে তুলল তাকে।

কিন্তু পূর্বের যত কাছে উড়ে যেতে লাগল আইকারাদ ততই পূর্বের জ্ঞান্ত তেজে তার ভানার দকে লাগানো মোম গলে যেতে লাগল। অবশেষে তার কাঁধ থেকে ভানাত্রটো ছেড়ে যাওয়ায় মৃহুর্তমধ্যে আকাশ থেকে দম্দ্রের অতল জলে পড়ে গেল আইকারাদ। সহদা পিছন ফিরে ডেডালাদ দেখল তার পুরু আইকারাদ নেই। দে বুঝতে পারল ঠিক তার আদেশ অমাত্য করেছে আইকারাদ। লজ্মন করেছে তার নিষেধ। বুঝল ঠিক দম্দ্রের জলে পড়ে গেছে। কিছুক্ষণের মধ্যে দম্দ্রের জলে ভেদে উঠল আইকারাদের মৃতদেহটা। দেই মৃতদেহটাকে ডেডালাদ নিকটবর্তী একটা বীপে নিয়ে গিয়ে দমাধি দান করল। কাছ থেকে একটা পাথিরূপে ট্যালসের আত্মাটা দেখল দে। সেই থেকে বীপ্টার নাম হয় আইকারিয়া।

এরপর সিনিলিতে চলে যায় ডেডালাস। নেপলস্ এর কাছে কুমা নামে একটা জায়গাতে এ্যাপোলোর এক মন্দিরে গিয়ে তার ডানাগুলো উৎসর্গ করল এ্যাপোলোকে। সিনিলির রাজা কোকালাস তাকে সাদরে অভ্যর্থনা জানাল। কোকালাসের শিশুকভারে জন্ম নানারকমের খেলনা তৈরি করে দিত ডেডালাস। এজন্ম ডেডালাসকে খুব ভালবাসত রাজার শিশুকভা।

এদিকে ক্রীটের রাজা মাইনস তার প্রতিহিংশা চরিতার্থ করার জন্ম সমূদ্রে কয়েকটি জাহাজ তাসিয়ে দিয়েছে তেডালাসকে খুঁজে বার করার জন্ম। এদেশ ওদেশ খুঁজতে খুঁজতে অবশেষে সে কোকালাসের রাজ্য সিসিলিতে এফা ওঠে। সিসিলিতে একদিন ডেডালাসের সন্ধান পেয়ে যায় মাইনস। সিসিলি শহরে অনেক স্থলর বাড়িও স্থদ্য প্রাসাদ নির্মাণ করে স্থপিত হিসাবে প্রচুর নাম করে ডেডালাস।

মাইনদ কোকালাদকে বলল, ডেডালাদকে আমার হাতে সমর্পণ করো। দে আমার বন্দী। শুকিয়ে পালিয়ে এদেছে আমার দেশ থেকে।

কিন্তু মেয়ের অন্তরোধে ভেডালাদকে ছাড়তে পাবল না রাজা কোকালাস। রাজা মাইনস তথন কোকাদের রাজপ্রাসাদেই অবস্থান করছিল। রাজা কোকালাদের নির্দেশে তথন প্রাসাদের রাজকর্মচারিরা মাইনসকে হত্যা করার এক চক্রাস্ত করল। স্থান করার সময় ফুটস্ত গরম জলে মাইনসকে ভূবিয়ে মারল তারা। পরে তার মৃতদেহটাকে ক্রীট দেশে পাঠিয়ে দিয়ে রাজা কোকালাস

বলল, রাজা মাইনদ স্নান করার সময় ফুটস্ত গ্রম জলের কড়াইয়ে পড়ে গিয়ে মারা যায়।

ক্রীটদেশে মহা সমারোহসহকারে মাইনসকে সমাধি দেওয় হয়। কি জ্ব মাইনসের মৃত্যুর পর দারুণ অশান্তি দেখা যায় ক্রীটদেশে।

ভেডালাস পরে সিসিলি ত্যাগ করে সার্দিনিয়া বীপে চলে যায়। একবার সার্দিনিয়া মাইনসের মৃত্যুর পর জীটদেশ আক্রমণ করে। কিন্তু শেষ পর্যস্ত জীট জয় করতে পারেনি সার্দিনিয়ার লোকেরা।

মাইনদ না থাকলেও দেবরাজ জিয়াদপ্রদত্ত এক অভুত প্রহরী ছিল ক্রীট-দেশ রক্ষা করার জন্য। প্রহরী বলতে ছিল ঘাঁড়ের মাথাওয়ালা রোঞ্জের এক জীবস্ত মান্নয়। অনেকে আবার বলে, দেবশিল্পী হিলান্টাদ এই মূর্তি নির্মাণ করে তাতে প্রাণ প্রতিষ্ঠা করে। দেই ব্রোঞ্জের মূর্তিতে ঘাড় থেকে হাটু পর্যস্ত একটিমাত্র শিরা ছিল। সেই শিরাতেই নিহিত ছিল মূর্তিটির প্রাণ। তার নাম ছিল টালস। ট্যালসের কাজ ছিল রোজ তিনবার করে সারা ক্রীটদেশটির চারদিকে ছুটে বেড়ানো আর কোন বিদেশী জাহাজ উপক্লের কাছাকাছি দেখলে তার উপর বড় বড় পাণর ছোঁড়া।

সাদিনিয়ার লোকেরা অনেক জাহাজে করে ক্রীট দেশে এদে আক্রমণ করলে টালস ক্রীট দেশ রক্ষা করার জন্ম অন্তুত এক কৌশল অবলমন করে। সে তার রোঞ্জনির্মিত দেহটিকে আগুনে পুড়িয়ে নিয়ে যুদ্দক্ষেত্রে হাগতে হাগতে ছুটে বেড়াতে থাকে। যুদ্দক্ষেত্রে ক্রীটদেশের কোন সৈন্ম বা লোক ছিল না! টালস একা ছুটে বেড়িয়ে সাদিনিয়ার সৈন্মদের আহ্বান করতে থাকে। বলে, এ দেশ জয় করতে চাও ত, একা আমার সঙ্গে এদে লড়াই করো। এক একজন করে এদে মল্লযুদ্ধ করো। দেখি তোমরা কত বড় বীর। আমাকে পরাস্ত করতে পারলেই তোমরা এ দেশ জয় করে নেবে। আর কেউ বাধা দেবে না তোমাদের।

কিন্তু সার্দিনিয়ার কোন সৈত্য যুদ্ধক্ষেত্রে এগিয়ে এলেই তাকে হহাত দিয়ে হাসিমুথে জড়িয়ে ধরছিল টালেস আর সঙ্গে সঙ্গে গরম আগুনের মত গাটার চাপে সেই সব সৈত্যদের গা পুড়ে ছাই হয়ে যাচ্ছিল। এইভাবে সার্দিনিয়ার সেনাবাহিনীর বছ লোক মায়া যেতেই তারা পালিয়ে গেল ক্রীটদেশ জয়ের আশা ত্যাগ করে। সার্দিনিয়ার লোকদের হাসি দিয়ে আহ্বান করেছিল ট্যালস বলে সেই থেকে কোন কপট হুরভিসদ্ধিমূলক হাসিকে 'সার্দানিক স্মাইল' বলে।

পাসিফার সন্তানগণ

কীটের রাজা মাইনদের রাণী পাসিফার গর্ভে অনেক সন্তান জন্মগ্রহণ করে।
মাইনদের ঔরদজাত ছটি সন্তান ভাড়াও হার্মিদ ও জিয়াদের ঔরদজাত ছটি
সন্তানও গর্ভে ধারণ করে পাসিফা। মাইনদের ঔরদজাত সন্তানগুলি হলো
এ্যাকাকালিস, এরিয়াদনে, এ্যাণ্ড্রোগীয়াস, কাজেউস, গ্লকাস ও ফ্রেলা।

এরিয়াদনে প্রথমে থি সিয়াসকে ভালবাসে ও পরে ডাওনিসাসকে ভালবাসে আর তার ফলে কতকগুলি বীর সস্তান প্রদান করে। মাইনসের অন্যতম পুত্ত্ব-সম্ভান কাত্ত্রেউন পিতার মৃত্যুর পর ক্রীটের সিংহাসনে বসে। কিন্তু পরে তারই সম্ভানের হাতে রোডস্এ নিহত হয় সে। ক্রেন্দ্রা থিসিয়াসকে বিয়ে করে। কিন্তু পরে তার সপত্নীপুত্র হিপ্লোলিটাসের প্রেমে পড়ে এবং তার মৃত্যুর কারণ হয়।

মাইনসের অন্তমা কন্যাসন্তান এটাকাকালিস দেবতা এটাপোলোর প্রেমাম্পদ হিসাবে খ্যাতি লাভ করে। একটি বাড়িতে এক ভোঙ্গসভায় এটাকাকালিসকে দেখেই তার প্রেমে পড়েন এটাপোলো এবং সেই দিনই দেহসংসর্গে মিলিত হন। একথা জানতে পেরে মাইনস তার কন্যা এটাকাকালিসকে লিবিয়াতে নির্বাসিত করে। সেখানে একটি পুত্রসন্তান প্রস্ব করে এটাকাকালিস।

মাইনদের অন্যতম পুত্রসন্তান প্রকাস প্রাদাদের উঠোনে একদিন বল খেলতে থেলতে একটি ইর্রকে ভাড়া করে। ইর্রের পিছনে ছুটতে ছুটতে সহসা অদৃত্য হয়ে যায় প্রকাদ। তার বাবা মা অর্থাৎ রাজা মাইনস আর রাণী পাসিফা অনেক থোঁজ করেও ছেলেকে না পেয়ে দৈববাণীর জন্ম লোক পাঠাল ডেলফিতে। দৈববাণীতে জানাল, কটিশহরে এই মূহুর্তে যে একটি প্রাণী জন্মলাভ করেছে তাকে দেখে তার সঙ্গে অন্য একটি বস্তব যে দঠিক সাদৃত্য খুঁজে পাবে দে-ই রাজকুমার প্রকাদকে খুঁজে বার করতে পারবে।

রাজা মাইনস থোঁজ করে জানল সেই সময় একটি আশ্চর্য এক বকনা বাছুব জন্মগ্রহণ করেছে। বকনাটি দিনের মধ্যে তিনবার গায়ের রং পরিবর্তন করে। সাদা থেকে লাল এবং লাল থেকে কালো হয়। মাইনস তথন জ্যোতিধীদের ডেকে এই ঘটনার সাদৃত্য খুঁজতে বললেন। কিন্তু কেউ সে সাদৃত্য খুঁজে পেলেন না। তথন পলিভাস নামে একজন গ্রীক এসে বলল, একমাত্র পাকা জাম-ফলের সঙ্গে ঐ বাছুরটির রঙের সাদৃত্য পাওয়া যায়।

পলিডাসের এই কথায় মাইনস বলন, তাছলে আমার একমাত ছেলেকে স্থুঁজে বার করে আন। একমাত তুমিই এ কাজ পারবে।

পলিভাগ তথন হারানো গ্রকাদের সন্ধানে বেরিয়ে গেল। প্রাসাদের মধ্যে সর্বত্র খোঁজ করতে করতে পলিভাগ অবশেষে মাটির নিচে একটি ভাঁড়ার ঘরের সামনে গিয়ে হাজির হলো। সে ঘরে মদ রাখা হত। সে দেখল একটি পোঁচা

সেই ঘরের দরজার কাছে একদল মৌমাছিকে তাড়াচ্ছে। এই ঘটনার মধ্যে একটি হলক্ষণ খ্র্লৈ পেরে পলিডাল সেই ঘরের মধ্যে চুকে এখাজ করতে লাগল।
খ্র্জতে খ্রুলতে সে মধু সঞ্চয়ের একটি বড় জার দেখতে পেল। দেখল মকাল
থেলা করতে করতে সেই জারের মধ্যে পড়ে গেছে, তার মাধাটা নিচের দিকে
রয়েছে এবং লে মারা গেছে।

পলিভাস রাজা মাইনসকে থবর দিল। মাইনস বলল, আমার ছেলে মারা গেছে, তাকে তোমাকেই বাঁচাতে হবে।

পলিভাস বলল, সঞ্জিবনী বিভা ত আমার জানা নেই। আমি তাকে খুঁজে দিয়েছি, আমার কাজ ফুরিয়ে গেছে।

মাইনদ বলল, আমি জানি কিভাবে তাকে বাঁচাতে হবে।

এই বলে প্রাদাদের বাইরে পথের ধারে একটি বড় কবর খুঁড়ে তার মধ্যে ধকাদের মৃতদেহের কাছে ধকাদকে আটক করে রাথল। পলিডাদের হাতে একটি তরবারি দিয়ে বলল, যতক্ষণ পর্যস্ত না মৃত ধকাদকে বাঁচাতে পার ততক্ষণ ডোমাকে এই কবরের মধ্যেই থাকতে হবে।

নিরুপায় হয়ে পলিডাস তরবারি হাতে সেই কবরের অন্ধকারে বসে রইল। কিছুক্ষণ পর সে দেখল একটি সাপ গর্ভ থেকে উঠে এসে মকাসের দিকে এগিয়ে আসছে। পলিডাস তৎক্ষণাৎ তার হাতের তরবারি দিয়ে সাপটিকে মেরে ফেলল। কিন্ধু কিছুক্ষণ পর দেখল আর একটি সাপ তেমনি উঠে এল মৃতদেহটির কাছে। সাপটি যখন দেখল তার সঙ্গী সাপটি মরে পড়ে আছে তখন সে কোথায় অদৃশ্র হয়ে গেল। আবার কিছুক্ষণ পর সেই সাপটি মুথে একটি গাছের শিক্ড এনে মরা সাপটির গায়ে ছুঁইয়ে তাকে বাঁচিয়ে দিল। তারপর সাপ হটি আবার গর্ভের মধ্যে চুকে গেল। পলিডাস তখন বুদ্ধি করে সেই শিক্ডটি মৃত মকাসের দেহে ছুঁইয়ে দিল আর সঙ্গে সক্ষে বেঁচে উঠল মকাস। তখন পলিডাস ও মকাস সেই কবরের ভিতর থেকে মৃক্তির জন্ম চিৎকার করতে লাগল। সেই সময় পথ দিয়ে একজন পথিক যাচ্ছিল এবং সে তাদের চিৎকার তবে বাজা মাইনসকে থবর দিল। মাইনস তখন তার লোকজন নিয়ে এসে কবর থেকে পলিডাস ও মকাসকে উন্ধার করল। মৃত ছেলেকে জীবিত দেখে আনন্দে আত্মহারা হয়ে উঠল রাজা মাইনস এবং প্রচূর ধনরত্ব দিয়ে পুরৃত্বত করল পলিডাসকে।

পলিভাস তার দেশে ফিরে যেতে চাইল। কিন্তু মাইনস বলল, যে সঞ্জীবনী বিছার ছারা তুমি মকাসকে বাঁচিয়েছ সেই বিছা মকাসকে না শেখানো পর্যন্ত ভোমাকে আমার প্রাসাদেই থাকতে হবে। ভোমাকে আমি ছাড়ব না।

পলিডাস তথন বাধ্য হয়ে মকাসকে তা শিথিয়ে দিল। খুশি হয়ে রাজা মাইনস পলিডাসের যাবার সব ব্যবস্থা করে দিল। জাহাজে ওঠার আগে পলিডাস মকাসকে বলন, আমার মুখে একটু থুথু ফেলে দাও। এই বলে পলিডাস হাঁ করতেই গ্লকাস তার ম্থের মধ্যে পুপু ফেলে দিল আর দক্ষে সঙ্গে দে পলিডাসের কাছ থেকে শেখা সব বিছা ভুলে গেল। পরে গ্লাস বড় হয়ে এক বিরাট সামরিক অভিযানসহ ইতালি দেশে গিয়ে ইতালি জয় করে। কৃত্ত বিছার সেঁ পারদর্শিতা লাভ করে। কিন্তু ইতালির সোকেরা বলাবলি করতে থাকে গ্লকাস তার পিতা মাইনসের সমান যোগ্যতা অর্জন করতে পারেনি। কিন্তু কাল্জমে গ্লকাস ইতালির লোকদের এক উন্নত ধরনের দুদ্ধবিছা ও অন্ত প্রয়োগ পছতি শিথিয়ে বিশেষ থ্যাতি অর্জন করে।

মাইনদের অন্ত এক পূর এাড্রোগীয়দ ক্রীড়াবিছায় বিশেষ পারদর্শিতা লাভ করে। দে একবার এথেন্দে গিয়ে এক ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে প্রতিটি প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে তার দব প্রতিযোগীদের হারিয়ে দেয়। কিন্তু এথেন্সের তংকালীন রাজা ঈগাদ দেখল প্যালাদের যে পঞ্চাশটি পূত্র তার বিক্রছে বিদ্রোহী হয়ে উঠেছে, আণ্ড্রোগীয়দ তাদের বন্ধু এবং পাছে এগিগ্রোগীয়দ তার পিতা রাজা মাইনদের কাছে তার বিশ্রোহী বন্ধুদের নিয়ে গিয়ে এথেন্দের বিক্রছে যুদ্ধ করতে মাইনদকে প্ররোচিত করে এই ভয়ে গাণ্ড্রোগীয়দকে হত্যা করার এক চক্রান্ত করে ঈগাদ। আণ্ড্রোগীয়দ যখন এথেন্স থেকে থীবস্থ আর এক ক্রীড়া প্রতিযোগিতায় যোগদান করতে যাচ্ছিল হখন রাজা উগাদ মেগারার একদল দশস্ত্র লোককে ঈনো নামক এক জায়গায় থথের ধারে একটি বনের মধ্যে এগাণ্ড্রোগীয়দকে হত্যা করার জন্ম লুকিয়ে নিহত হয় আক্রমণকারীদের হাতে।

রাজা মাইনস তথন প্যারস দ্বীপে দেবতাদের পূজা দিচ্ছিল। এমন সময় ত্রে এয়াণ্ড্রোগীয়সের মৃত্যুসংবাদ আসে তার কাছে। মাইনস তথন গান-বাজনা য়া কোন সমাবোহ ছাড়াই পূজা শেষ করতে বলল। সেই থেকে আজ পর্যন্ত গ্যারস দ্বীপে কোন পূজার সময় গানবাজনা বা সাজসজ্জা হয় না।

মাইনসের প্রেমিকাগণ

ক্রীটের রাজা মাইনস তার বিবাহিত স্ত্রী ছাড়া আরো কয়েকজন নারীকে গলবাসে। প্যাবিয়া নামে এক বনপরীকে ভালবাসে এবং তার গর্ভে কয়েকটি ক্তান হয়। এই সব সস্তানরা প্যারস দ্বীপে এক উপনিবেশ স্থাপন করে। এই সব স্প্তানরা পরে হেরাকলস্ বা হার্কিউলেসের দ্বারা নিহত হয়। পরে মাইনস এয়াণ্ড্রোজেনিয়াকে ভালবাসে এবং তার গর্ভে এয়ান্টারিয়াসের জন্ম হয়।

পরে মাইনদ লিটোর কল্পা ব্রিভোমার্ভিদ নামে এক বনপরীর প্রেমে পড়ে।

তার এই প্রেমাসক্তি সবচেয়ে গভীর হলেও শেষ পর্যন্ত অতৃপ্ত রয়ে যায় এবং তার প্রেমাম্পদকে লাভ করার জন্ম পাহাড়ে পর্বতে ঘুরে বেড়াতে হয়।

ব্রিতোমার্তিদ ছিল দেবী আর্ডেমিদের ঘনিষ্ঠ সহচরী। দেবী আর্ডেমিসকে শিকাবে সাহায্য করত আর তার শিকারী কুকুরগুলিকে গলায় শিকল বেঁধে নিয়ে খুরে বেড়াত। এটাই ছিল তার একমাত্র কাজ।

হঠাৎ ব্রিভামার্তিদকে একদিন দেখে তার প্রেমে পড়ে যায় মাইনদ। কিন্তু তার প্রেমের ডাকে দাড়া না দিয়ে নিজেকে শুকিয়ে বেড়াতে লাগল ব্রিভোমার্তিদ। প্রথমে দে বনের মাঝে ঘন পাভার আড়ালে শুকিয়ে মাইনদের দৃষ্টি এড়িয়ে চলতে লাগল। কিন্তু ক্রমে তার প্রতি মাইনদের আদক্তি বেড়ে যেতে থাকলে বন ছেড়ে পাহাড়ে পর্বতে ঘুরে বেড়াতে লাগল দে। মাইনদও তথন রাজকার্যে অবহেলা করে তার অত্থ্য প্রেমের জ্বালায় পাহাড়ে পর্বতে ব্রিভোমার্তিদের পিছু পিছু তাকে অফুসরণ করে বেড়াতে লাগল। অবশেষে মাইনদের তাড়া থেয়ে একদিন দম্স্থের জলে কাঁপি দিল ব্রিভোমার্তিদ। পরে জ্বেলেদের জালে দে ধরা পড়ে। পরে আর্ভেমিদ ব্রিভোমার্তিদকে দেবীতে পরিণত করে ভার নতুন নামকরণ করেন 'ডিকটিনা।'

এইভাবে মাইনসেব অবিশ্বস্ততার কথা শুনে দারুণ রেগে যায় রাণী পাসিফা। একের পর এক নারার পিছনে ছুটে চলা একটা যেন নেশা হয়ে উঠেছে রাভিচারী মাইনসের। রাণী পাসিফা যথন অনেক করে স্বামীকে বৃষিয়ে পারল না তথন একে যাহ্মন্ত প্রয়োগ করল মাইনসের উপর। তার ফলে মাইনস তার স্ত্রী ছাড়া অন্ত যে কোন মেয়ের সঙ্গে সঙ্গম করলেই সে নারীর গর্ভে যে বীর্য স্থালন করত তার মধ্যে শুক্রকীটের পরিবর্তে থাকত অসংখ্য ছোট ছোট সাপ, কাঁকড়া বিছে প্রস্তৃতির ছানা। সেগুলো সেই নারীর পেটের মধ্যে ছুকে তার নাড়ীভূড়িগুলোকে কামড়ে থাকত। এরপর কথাটা ফাঁস হয়ে যাওয়ার জন্ত নারীরা মাইনসের সঙ্গে সহ্বাস করতে ভয় পেত।

একবার এথেন্সের রাজা এরেকথেউদের স্বামীপরিত্যক্তা কন্যা প্রোক্রিন ক্রীটের রাজপ্রাসাদে বেড়াতে আসে। মাইনস তাকে দেখার সঙ্গে দঙ্গেই প্রেমে পড়ে যায় তার। প্রোক্রিসের স্বামী সেফালাস এতদিন খুবই বিশ্বস্ত ছিল স্ত্রীর প্রতি। একবার প্রোক্রিসের প্রতি ইশাপরায়ণ ইয়স নামে এক যুবতী সেফালাসের কাছে এসে প্রেম নিবেদন করে। কিন্তু সেফালাস বলে সে প্রোক্রিসের কাছে বিশ্বস্ত থাকতে চায়। ইয়স তথন তাকে বলে দে বিশ্বস্ত থাকলেও প্রোক্রিস কিন্তু তার প্রতি মোটেই বিশ্বস্ত নয়। সেফালাস এ কথা বিশ্বাস করতে না চাইলে ইয়স তাকে এক স্বর্ণকারের ছদ্মবেশ ধারণ করে প্রোক্রিসের কাছে যেতে বলল। সে থ্রোক্রিসকে একটি খাঁটি সোনার মৃকুট দেবার লোভ দেখিয়ে তার শ্যায় তাকে আহ্বান করে। প্রোক্রিসের কাছে সোনা আর টাকটো ভালবাসার থেকে সন্ত্য। ইয়সের কথামত সেফালাস তাই করল। সত্যিই দেখল প্রোক্রিস সোনার

মুকুটের লোভে তার শ্যাদিনিনী হ্বার প্রস্তাবে রাজী হয়ে গেল সঙ্গে । এরপর নিজের পরিচয় দিয়ে প্রোক্রিসকে পরিত্যাগ করল সেফালাদ। এথেন্দ্র শহরে কথাটা প্রচারিত হয়ে যেতে লক্ষায় দেখানে আর থাকতে পারল নাপ্রাক্রিন। তাই দে ক্রীট দেশে বেড়াতে এল।

ক্রীটদেশে এসে রাজপ্রাসাদে রাজা মাইনদের আডিথা গ্রহণ করল।
একদিন স্থোগ বুঝে মাইনদ প্রেম নিবেদন করল প্রোক্রিদকে। মাইনদ বলল, আমার প্রস্তাবে তুমি রাজী হলে তোমাকে আমি এমন একটি শিকারী কুকুর দেব যা তোমার শিকারকে সব সময় এনে দেবে, যা তোমার আদেশ কোনদিন অমাত্য করবে না। আর একটি তীর দেব যা তেন্ধার যে কোন লক্ষ্যকে বিদ্ধ করবে।

প্রোক্রিদ খুশি হয়ে রাজী হয়ে গেল মাইনদের প্রস্তাবে। তবে মাইনদ একদিন যথন তার দঙ্গে দেহদংদর্গ করতে চাইল তথন প্রোক্রিদ আপতি জানাল। কারণ মাইনদের নীর্ষের মধ্যে দোষ আছে এবং তার দেই কল্ষিত বীর্য তার গর্ভে পড়লে দে রোগগ্রস্ত ও যন্ত্রণায় কাতর হয়ে পড়বে—এ কথা দে আগেই বলেছে। দে তাই মাইনদকে মায়াবিনী আবিঙ্গত একটি ওয়ুধ পান করাব কথা বলল। তার কথামত মাইনদ তাই পান করল এবং তার ফলে মাইনদ দেখল তার বীর্ষপাতকালে এবার আব তার বীর্ষের থেকে ভক্রকীটের প্রিবর্তে সাপ বিছে প্রভৃতি বার হলো না।

এইভাবে তাদের সহবাসকার্য এবং দেহসংসর্গ নির্বিদ্ধে সম্পন্ন হলেও প্রোক্তিন বেনীদিন আর মাইনসের প্রাসাদে থাকতে চাইল না। কারণ দে দেখল পাদিকা তাকে আর ভাল চোথে দেখনে না এবং অন্তভাবে তাব উপর যাছ প্রয়োগ কবে তার ক্ষতি করতে পারে, এই ভেবে এথেন্সে চলে যাবার মনস্থ করল। সে এক ফ্রের্শন কিশোর বালকের বেশ ধারণ করে ক্রীট ছেড়ের বুলনা হলো এথেন্সের পথে। সে 'পিচটরেনাস' নামে এক নতুন নাম ধারণ করল। তার সঙ্গে নিল মাইনস প্রদন্ত ল্যালাপ্স্ নামে সেই শিকারী কুকুর আর সেই অব্যর্থ তীর।

প্রোক্রিস দেশে গিয়ে দেখল সেকালাস তার দলবল নিয়ে এক শিকার অভিযানে যাছে। প্রোক্রিস তখন কৌশলে সেই দলে যোগ দিল। তার শিকারী কুকুর আর তীর দেখে সেকালাসও খুশি হয়ে তাকে সঙ্গে নিল। তাছাড়া তখন সে পুরুষের বেশে ছিল বলে কোন অস্থবিধা হলো না। একদিন সেফালাস পুরুষবেশী প্রোক্রিসকে বলন, তোমার কুকুর আর তীরটা আমায়। বিক্রী করে দাও। আমি তোমায় অনেক টাকা দেব।

প্রোক্রিস তথন মদির চোথে সেফালাসের দিকে তাকিয়ে বলন, আমি একমাত্র ভালবাসা ছাড়া কোন টাকার বিনিময়ে এ জিনিস কাউকে দেব না। আমি তোমাকে এ ছুটো চির্দিনের মত দিয়ে দেব। এ ছুটোই দৈব বস্তু। তার বিনিময়ে আমি তোমার কাছ থেকে চাই তথু অন্তর্গন অফুরান তালবাদার প্রতিশ্রুতি আর তোমার কাছে কাছে থাকার আখাদ।

সেফালাস আনন্দের সঙ্গে রাজী হয়ে গেল। বলল, আমি তোমার প্রতিশ্রতি দিছিছ। এ প্রতিশ্রতি কখনো ভঙ্গ করব না।

বাজিতে শোবার সময় সেফালাদের কাছে শোবার অমুমতি চাইল। এবার তার নিব্দের পরিচয় দান করল প্রোক্রিন। সেফালাস দীর্ঘ দিন পর পরিত্যক্ষা দ্বীকে কাছে পেয়ে খুলি হয়ে গ্রহণ করল তাকে। এরপর কিছুদিন বেশ তৃষ্পনে স্থথে শাস্তিতে ঘর করল।

এদিকে শিকারের দেবী আর্তেমিস রেগে গেলেন প্রোক্রিসের উপর । কারণ তিনি যে দৈব শিকারী কুকুর ও তীরটি মাইনসকে একদিন দান করেছিলেন সেই কুকুর ও তীর মাইনস প্রোক্রিসকে দান করে জারজ লাল্যার বশবর্তী হয়ে। তাও তিনি কোনরকমে সহু করে চুপ করে ছিলেন। কিন্তু পরে প্রোক্রিস আবার সেফালাসের ভালবাসার বিনিময়ে তাকে তা দান করে। এইভাবে তাঁর দেওয়া দৈব বস্তু নিয়ে একের পর এক ব্যভিচার চলতে থাকায় তিনি রেগে গিয়ে সেফালাস ও প্রোক্রিসের দাম্পত্য সম্পর্কের মধ্যে ফাটল ধরাবার চেষ্টা করতে লাগলেন। তিনি প্রোক্রিসের মনে এক ঈর্বা সঞ্চার করলেন। প্রোক্রিসের কবলি মনে হতে লাগল সেফালাস এখনো ঈয়সের সঙ্গে গোপনে মিলিত হয়। রোজ মধ্য রাক্রিতে ত্ ঘণ্টার জন্ম সেফালাস একা একা শিকারে যেত। তাই দেখে এই সন্দেহ গাঢ় বন্ধমূল হয়ে উঠল প্রোক্রিসের মনে।

একদিন মধ্য রাজির পর সেফালাস শিকারে বেরিয়ে যাওয়ার পর গোপনে তার অফ্সরণ করতে লাগল প্রোক্রিস। সহসা একসময় অদ্রে ঝোপের ধারে পাতার উপর কার পদশন্দ শুনে চমকে উঠল সেফালাস। তার সাথী কুকুর ল্যালাপস্ গর্জন করতে লাগল। সেফালাস কোন হিংম্র পশু ভেবে সেই দৈব অব্যর্থ তীরটি ছুঁড়ে দিল শন্ধটাকে লক্ষ্য করে। সঙ্গে সঙ্গে তীরটা গিয়ে প্রোক্রিসের বুকটাকে বিদ্ধ করল। মৃহুর্তমধ্যে প্রাণ ত্যাগ করল প্রোক্রিস। শোকে বিহরল হয়ে কাঁদতে লাগল সেফালাস। কথাটা রাজ্যার কানে যেতে সেফালাসকে চিরদিনের জন্ম নির্বাসনদগু দান করল সে। মনের ছঃথে দেশ ছেড়ে ধীবস দেশে চলে যায় সেফালাস। সঙ্গে তার কুকুর আর তীরটিও নিয়ে যায়।

পীবস্তা গাঁয়ে থীবস্তার অন্তর্গত ক্যাভমীয়ার রাজা প্রান্দিজিয়নের সক্ষেপ্তা স্থাপন করে দেফালাস। সেই সময় একটি দৈব শৃগাল সারা ক্যাভমীয়ায় যাকে তাকে কামড়ে ভয়ন্ধর এক তাগুব চালিয়ে যাচ্ছিল। অবশেষে শিয়ালটি প্রতি মাসে একটি করে মানবশিশু দাবি করে সন্ধি করে রাজা এ্যান্দিজিয়নের সঙ্গে। শিয়ালটি একটি সাধারণ পশু নয়, দৈব প্রেরিড এক শিয়াল বলে তাকে কেউ ধরতে বা মারতে পারত না। এ জন্ত ধ্ব বিব্রত হয়ে পড়েছিল রাজা

আ'ন্ফিত্তিয়ন।

এমন সময় সেফালাসের দৈব কুকুরটিকে দেখে সেই দৈব শিরালটিকে ধরার জন্ম ধার চাইল সেফালাসের কাছে। সেফালাসও বন্ধুষের থাতিরে তাড়ে স্থীকার হলো । তথন স্বর্গের দেবতাগণ বিত্রত বোধ করতে লাগলেন। কারণ শিরাল আর কুকুর ছটিই দৈব। অবশেষে দেবতারা জিয়াসের শরণাপত্র হলে জিয়াস সেই দৈব কুকুর ও দৈব শিয়াল ছটিকে পাথরে পরিণত করে দিলেন।

এরপর এ্যান্ফিজিয়ন তেলিবোয়ার রাজার সঙ্গে এক য়ুদ্ধে জড়িয়ে পড়ে।
সেফালাস তথন এ্যান্ফিজিয়নকে সাহায্য করতে থাকে। কিন্তু সেফালাস
পরে জানতে পারে তেলিবোয়ার রাজা পিটারেলাসের মাথায় যতদিন সোনালী
চুলগুলো থাকবে ততদিন তাকে কেউ পরাস্ত করতে পারবে না। তার পিতামহ
পদেতনের রুপায় সে এই চুল পায়। এদিকে পিটারেলাসের কল্যা কমাথো তাদের
আক্রমণকারী রাজা এ্যান্ফিজিয়নের প্রেমে পড়ে যায় এবং তার শিবিরে গিয়ে
প্রেম নিবেদন করে। এ্যান্ফিজিয়ন তথন তাকে তার রাজার মাথা থেকে সেই
সোনালী চুল কেটে আনতে বলে। কমাথো একদিন রাজিবেলায় তার বাবা
যথন ঘুমোচ্ছিল তথন তার মাথা থেকে সব চুল কেটে এ্যান্ফিজিয়নের শিবিরে
চিরদিনের মত চলে যায়। এ্যান্ফিজিয়ন তথন দেফালাসের সাহায্যে সহজেই
তেলিবোয়া জয় করে এবং সেফালাসকে সেই রাজ্যের একটি অংশ হিসাবে
একটি দ্বীপ দান করে। সেফালাসের নাম অন্থসারে সেই দ্বীপটির নাম
হয় সেফালেনিয়া।

পরে সেফালাস একে একে যাদের সঙ্গে তার স্ত্রী প্রোক্রিস অবৈধ দেহসংসর্গে মিলিত হয় তাদের কথা জানতে পারে। সে মাইনসকে কোনদিন ক্ষমা করতে পারে নি। তবে টিলিয়নকে সে ক্ষমা করে। সঙ্গে সঙ্গে সে ঈশ্বসের অবৈধ দেহসংসর্গে মিলিত হওয়ার জন্ম অহতপ্ত হয়। কিন্তু অহতাপের মধ্য দিয়ে তার আত্মন্তব্ধি ঘটলেও প্রোক্রিসের প্রেতাত্মা তাকে অনবরত তাড়িয়ে নিয়ে বেড়াতে থাকে। অবশেষে সে একদিন একটি পাহাড়ের চূড়া থেকে সমুদ্রে ঝাঁপাদেয়।

মাইনস ও তার দ্রাতাগণ

দেবরাজ জিয়াস মর্ত্যে এসে ইউরোপের সঙ্গে কিছুদিন বাস করেন এবং একে একে তিনটি পুরুসন্তান উৎপাদন করেন তার গর্ভে। এই তিনটি সন্তান হলো মাইনস, রাদাম্যানথিস আর শার্পেভন। এরপর জিয়াস ইউরোপকে ত্যাগ করে চলে যান। জিয়াস চলে গেলে ইউরোপ ক্রীটের রাজা এাঝারিয়াসকে আবার বিবাহ করে।

কিন্তু রাজা এগান্তারিয়াদের ঔরদে ইউরোপের গর্ভে কোন সন্তান হলো না দেখে এগান্তারিয়াস জিয়াদের ঔরসজাত তিনটি প্রেসন্তানকেই নিজের সন্তান হিসাবে দেখতে থাকে এবং তাদের তিনজনকে তার রাজ্যের উত্তরাধিকার কান করে যায়।

পরে তিন ভাই বড় হয়ে মিলেতাদ নামে একটি স্থন্দরী মেয়ের প্রেমে পড়ে এবং তিন ভাই-ই তাকে বিয়ে করতে চায়। মিলেতাদ ছিল এ্যাপোলোর উরদক্ষাত দস্তান। এরেইয়া নামে এক বনপরীর গর্ভে তার জন্ম হয়। মিলেতাদকে কেন্দ্র করে তিন ভাইএর মধ্যে বিরোধ ঘনীভূত হয়ে উঠলে বালক মিলেতাদ প্রকাশ্যে ঘোষণা করে দে তিন ভাইএর মধ্যে শার্পেডনকে চায় এবং তাকেই দে দবচেয়ে বেশী ভালবাদে।

জার্চপুত্র হিদাবে মাইনস তথন ক্রীট দেশের সিংহাসনের দাবিদার ছিল।

যুবরাঞ্চ হিদাবে শাসনক্ষমতারও অধিকারী হয়েছিল অনেকথানি। মিলেডাস
শার্পেডনকে পছন্দ করার জন্ম তাকে ক্রীটদেশ ছেড়ে চলে যাবার ছকুম দিল
মাইনস। মাইনসের সঙ্গে শক্রতা বা বিরোধিতায় পেরে উঠবে না ভেবে একটি
বড় জাহাজে করে দেশ ছেড়ে চলে গেল মিলেডাস। সে চলে গেল এশিয়া
মাইনরের অন্তর্গত ক্যারিয়ায়। সেখানকার দানব রাজা এগানাল্লকে পরাজিত
ও নিহত করে দেখানে এক নতুন রাজ্য স্থাপন করল মিলেডাস।

ক্রীটের রাজা এগস্তারিয়াসের মৃত্যুর পর ক্রীটের সিংহাসন দাবি করল মাইনস। সে বলল, যেহেতু সে দেবতাদের সবচেয়ে প্রিয় এবং তাঁদের দ্বারা অনুগৃহীত সেই হেতু সিংহাসনের উপর তার দাবি সর্বাধিক। সে তার প্রমাণ দিতেও চাইল স্বার সামনে।

একদিন রাজ্যের বছ লোকের সামনে সমুদ্রদেবতা পদেডনের উদ্দেশ্যে পশু-বলি দেবার জন্ম এক বেদী প্রস্তুত করে সে পদেডনের কাছে প্রার্থনা করল বলির জন্ম একটি যাঁড় যেন সমৃদ্র থেকে উঠে আদে আপনা থেকে। কিছুক্ষণের মধ্যেই তার প্রার্থনা পূর্ণ হলো।

দেখা গেল, ধবধবে সাদা একটি যাঁড় সমুদ্র থেকে সাঁতার কেটে এগিয়ে আসছে ক্লের দিকে। কিন্তু যাঁড়টির দেহসৌন্দর্য দেখে এমনই মৃদ্ধ হয়ে গেল মাইনস যে তাকে বলি না দিয়ে তার পশুশালায় সেটিকে রেখে দেবার ব্যেষ্ঠা করে অহা একটি বলদ বলি দিল। এই ঘটনা প্রত্যক্ষ করে বিশ্ময়ে হতবাক হয় ক্রীটদেশের লোক এবং তারা একবাকো সকলে মাইনসকেই রাজা করতে চাইল।

কিন্তু ছোট ভাই শার্পেড়ন বাধা দিয়ে বলন, রাজা এ্যান্ডারিয়াদের ইচ্ছা ছিল এ রাজ্য তিনি তিন ভাইএর মধ্যে সমানভাবে ভাগ করে দেবেন। মাইনস তথন বলস, আমিও তাই দেব। এই রাজ্য সমান তিনভাগে ভাগ করব।

কিন্ত মাইনদের শত্রুতায় ক্রীটদেশে থাকতে পারল না শার্পেন্তন। লে এশিয়া মাইনরের অন্তর্গত সিলিসিয়ায় চলে গেল। সেথানে গিয়ে সে এক নতুন রাজ্য স্থাপন করল। শার্পেন্ডনের থেকে বিচক্ষণ ও ধীরমন্তিত্ব রাজা মান্থিস মাইনসের কাছেই রয়ে গেল।

এরপর হেলিয়াদের কলা পাদিফাকে বিয়ে করে মাইনস। কিন্তু পদেজন ও দেবী এাজেদিতে এ বিয়েটাকে ভাল চোথে দেখলেন না। মাইনস পদেজনের উদ্দেশ্রে প্রতি বছর যে বলদ বলি দিত সে বলদ দব দিক দিয়ে দর্মপ্রেই হওয়া উচিত ছিল। কিন্তু মাইনস সব সময় সবচেয়ে ভাল বলদ না বেছে একটি নিকুই বলদ বলি দিত। পাসিফাও দেবী এাজেদিতেকে কয়েক বছর ধরে উপযুক্ত পূজা উনচার দিয়ে সম্ভই করেনি। ফলে পদেজন এবং এাজেদিতে তুজনেই পাদিফার মনে এমন এক অস্বাভাবিক ও অবৈশ্ব প্রেমাসক্তি জাগিয়ে দিলেন যা তাদের দাম্পতা প্রেমমম্পর্কের মধ্যে ফাটল ধরিয়ে দেয় অনেকথানি। সম্ভ থেকে উঠে আসা যে সাদা ও স্থদর্শন যাড়টিকে তার গরুর পালের মধ্যে রেখে দেয় সেই যাড়টিকে দেখে তার প্রেমে পড়ে যায় পাদিফা। ক্রমে সেই অস্বাভাবিক প্রেমাসক্তি বেড়ে যেতে থাকে দিনে দিনে এবং সমস্ত কাওজান ও বিচারশ্বিদ্ধ হারিয়ে ফেলে সে। সে একজন মানবী একথা ভুলে গিয়ে সেই যাঁড়টির সঙ্গে সঙ্গম করতে চাইল মনে মনে।

একথা কিন্তু কারো কাছে প্রকাশ করতে পারল না পাসিফা। তবে একদিন ডেডানাস নামে এথেঙ্গের যে কুশলী কারিগর মাইনসের আশ্রিত হয়ে বাস করছিল তাকে না বলে পারল না। ডেডালাস পাসিফার সব কথা ভনে একটা উপায় খুঁজে বার করল।

অনেক তেবে ডেডালাস একটা কাঠের গণ্ডী তৈরি করে তার পেটটা এমনভাবে ফাঁপা রেথে দিল যাতে একটা লোক তার মধ্যে চুকে থাকতে পারে। গাভীটিকে দেখতে অবিকল জীবস্ত গাভীর মত। গাভীটি তৈরি করে গোচাবণ-ক্ষেত্রে যেথানে মাইনসের গরুর পাল চবত সেথানে রেখে এল। তারপর পাসিফাকে সেই নির্দ্ধন জারগায় নিয়ে গিয়ে ডেডালাস বলল, ঐ কাঠের গাভীর পিছনের দিকে একটি দরলা আছে; আপনি হাত দিয়ে ঠেলে সেই দরলা দিয়ে ওর পেটের মধ্যে চুকে থাকবেন। আপনি গাভীটির মুথের দিকে মুথ করে হাঁটু মুড়ে বসে আপনার পাভাটিকে গাভীটির লেজের কাছে সংযুক্ত করে রাথবেন। কিছুক্ষণের মধ্যেই আপনার প্রিয় বাঁড়টি ওটাকে জ্যান্ত গাভী ভেবে সলম মানসে ওর উপর উপগত হবে আর তথন আপনি সহজেই সলমস্থ উপভোগ করতে পারবেন।

ভেডালাদের কথামত তাই করল পাসিফা এবং এই অস্বাভাবিক সলমের

ফলে মাছবের দেহ ও বাঁড়ের মাধাবিশিষ্ট মাইনটার নামে ভর্ত্বর এক দৈত্যকে প্রদান করল যথাসময়ে। এই দৈত্যটা ক্রমে সারা দেশে ঘূরে বেড়িয়ে ধ্বংসকার্য চালাতে থাকে।

পরে দব কথা জানতে পারে রাজা মাইনদ। ক্রমে রাজধানীতে অনেকেই কথাটা জানতে পেরে কানাঘূঁবো করতে থাকে। তথন মাইনদ এই কুংদা আর অপমানের জালা থেকে নিদ্ধতি লাভের জন্ম দৈববাণীর আশায় মন্দিরে গেল। মন্দির থেকে দৈববাণী হলো, দে যেন ডেডালাদকে নিয়ে শহরের বাইরে এক নির্জন স্থানে এক গোপন বিশ্রামাগার নির্মাণ করায় এবং তার অবশিষ্ট জীবন দেখানেই কাটায়।

মাইনস ভেডালাসকে দিয়ে শহরের প্রাক্তে একটি পাহাড়ের গুহার ভিতর এক প্রশস্ত জায়গায় একটি গোলকধাঁধা নির্মাণ করাল। সেথানে যাওয়া কোন মান্তবের পক্ষে ধ্বই শক্ত। তার মধ্যে মাইনস পাসিফা আর তার গর্ভজাত ভয়স্কর সেই দৈতাটাকে আটকে রেথে দিয়ে নিজেও বাস করতে লাগল।

মাইনদের ভাই রাদাম্যানধিদ তাকে রাজকার্যে দাহায্য করল। বিচক্ষণ রাদাম্যানধিদ অনেক আইন প্রণয়ন করে এবং দেশে স্থশাদন প্রবর্তন করে। কিন্তু একসময় হঠাৎ রাগের বশবর্তী হয়ে তার এক নিকট আত্মীয়কে হত্যা করে ফেলায় লজ্জায় দে দেশত্যাগ করে এবং যাবার সময় দে অবিবাহিত ও নিঃস্ক্তান থাকায় তার রাজ্য দে তার ভাইঝি এরিয়াদনের পুত্রদের মধ্যে ভাগ করে দিয়ে যায়।

শোনা যায় রাদাম্যানধিদ ক্রীট দেশ ছেড়ে বেতিয়া চলে যায়। বোতিয়ার অন্তর্গত ওকালিতে বাদ করতে থাকে দে। দেখানে গিয়ে রাজা এ্যান্দিব্রিয়নের মৃত্যুর পর তার বিধবা পত্নী ও হার্কিউলেদের মাতা এ্যালদিনেকে বিয়ে করে। হানিয়াতাদ শহরে রাদাম্যানধিদ আর এ্যালদিমেনের ছটি দমাধিস্তন্ত পাশাপাশি আছে। রাদাম্যানধিদের মৃত্যুর পর জিয়াদ তাকে মাইনদের মত নরকের অন্তত্ম বিচারক নিযুক্ত করেন। নরকের অন্ত ছক্ষন বিচারক ছিল মাইনদ আর জকাদ।

এ্যারিস্তেউস

ল্যাণিসের রাজা হিণাদাদ অন্ততমা নাইয়াদ ক্লিদাদেপকে বিয়ে করে এবং এই বিয়ের ফলে তাদের একটি কল্যাদস্তান হয়। তার নাম রাখা হয় দিরিন। দিরিন কিন্তু বড় হয়ে ঘরে থাকতে বা ঘর-সংশারের কোন কাজকর্ম করতে চাইত না। সে ওধু বনে বনে সারাদিন ও অর্থেক রাত পর্যন্ত ঘূরে বেড়িয়ে শিকার করে বেড়াতে ভালবাসত। তার বাবার পশুশালার গিয়ে মাঝে মাঝে পশুদের দেখাশোনা করত সিরিন।

একদিন ঞাপোলো দেখেন সিরিন একটি বনের ধারে একটি সিংহের সঙ্গে লড়াই করছে এবং কিছুক্ষণের মধ্যেই সেই লড়াইরে সে জিতে গেল। এ্যাপোলো তথন সেণ্টরদের রাজা শেইরনকে মেয়েটির পরিচয় জানতে চেয়ে তাকে বিয়ে করা সকত হবে কি না জিজ্ঞাসা করল। শেইরন ভধু নীরবে হাসল সে কথা ভনে। কারণ শেইরন ভবিয়তের কথা বলতে পারত এবং এ্যাপোলোর মনের কথা জানতে পেরেছিল। সে জানত এ্যাপোলো সিরিনের পরিচয় সবই জানেন এবং তিনি একদিন স্থযোগ বুঝে সিরিনকে তুলে নিয়ে যাবেন। সে আরও ভবিয়্রছাণী করে বলল এ্যাপোলো সিরিনকে তুলে নিয়ে মম্মুল পার হয়ে এক নির্জন বীপের মাঝে দেবরাজ জিয়াদুর এক নিজম্ব বাগানে রাখবেন এবং সেখানে এক রাজ্য স্থাপন করে সেথানকার রাণী করবেন তাকে।

কালক্রমে এই ভবিশ্বধাণী সভ্যে পরিণত হয়।

দিরিন একদিন যখন পিনেউদ নদীর ধারে একা একা তার পিতার পশুপাল চরাচ্ছিল, তখন এ্যাপোলো তাকে তুলে নিয়ে গেলেন। তিনি তাকে দোনার রথে চাপিয়ে দম্দ্র পার হয়ে একটি খীপের মাঝে একটি পাহাড়ের উপর অবস্থিত একটি স্থদ্য প্রাসাদে নামিয়ে দিলেন। সেখানে দেবী এ্যাফোদিতে তাকে সাদর অভ্যর্থনা জানিয়ে একটি সোনার ঘরের মধ্যে নিমে গিয়ে সোনার পালক্ষে বসতে দিয়ে বললেন এটিই তাদের শোবার ঘর।

সেদিন সন্ধ্যাবেলায় এ্যাপোলো সিরিনকে বললেন, এই প্রাসাদের নিকটেই আছে বিরাট বন আর সে বনের প্রাস্তে আছে চাবের ক্ষেত আর বিস্তীর্ণ গোচারণ ভূমি। তুমি বনপরীদের দক্ষে ইচ্ছামত সে বনে গিয়ে শিকার করতে পার। এ দেশ বড়ই উর্বর এবং সব দিক দিয়ে সমৃদ্ধিশালী এ দেশ তোমার এবং তুমিহ হবে এথানকার রাণী এবং স্থার্ঘ জীবনকালের অধিকারিণী।

কিছুকাল পরেই একটি পুত্রদন্তান প্রসব করন দিরিন। তার নাম রাথা হলো এ্যারিস্তেউন। এ্যাপোলো কিন্তু থাকতেন না দেখানে। দেবতা হয়ে কোন মানবীর সঙ্গে সব সময় থাকতে পারেন না তিনি। সিরিনকে এই স্থর্ণ-প্রাসাদে এনে প্রতিষ্ঠিত করার পর সেই যে চলে গেছেন এ্যাপোলো আর তিনি আসেননি।

এ্যারিস্তেউদের জম্মের কিছুকাল পর আবার একবার এ্যাপোলো এলেন দিরিনের কাছে। আবার মিলিত হলেন তার সঙ্গে। তাদের এই মিলনের ফলে আবার গর্ভ সঞ্চার হলো দিরিনের মধ্যে। এবার আর একটি পুরুষভান প্রাদ্ধ করল দিরিন। তার নাম হলো ইদমন। ইদমনও বড় হয়ে একজন নাম-করা ভবিশ্বকা হয়। এরপর এগাণোলো আর না আলায় সিরিন রেগে গিয়ে রণদেবতা এগারেসকে এক রাজিতে আহ্বান জানায় তার প্রালাদে। সেদিন সিরিনের ঘরেই রাত কাটান এগারেস। তাদের সঙ্গমের ফলে সিরিন আবার একটি পুত্র-সস্তান প্রস্বান তার নাম হয় ভাওমীভস্।

এাপোলোর কথামত তাঁর প্রথম পুত্র এগারিস্তেউদকে বনপরীরা মাহুষ করল। তাকে তারা শিশু বয়স থেকেই হুধ থেকে মাথন তৈরি করতে ও মৌচাক নির্মাণ করতে শেখায়। বড় হয়ে দে লিবিয়া থেকে বোতিয়া চলে যায়।

এ্যারিস্তেউদ যৌবনে পদার্পণ কর্মন কাব্য ও শিল্পকলার অধিষ্ঠাত্ত্রী দেবী মিউজরা অতোনীর দঙ্গে তার বিশ্বে দেন। এই বিশ্বের ফলে একটি পুত্র ও একটি কল্যাসম্ভান হয় তাদের। এই পুত্র হলো হতভাগ্য এ্যাকতিয়ন আর কল্যাটি হলো ডাগুনিসাসের ধাত্ত্রী ম্যাকরিদ। এ্যারিস্তেউদ বাল্যকালে তার মাথের কাছে যেমন শিকার, পশুপালন ও পশুচারণবিদ্যা ভালভাবে শেথে তেমনি বন-পরীরা তাকে ভবিশ্ববাণী আর বোগ নিরাময় করার বিদ্যা শেথায়।

একবার এাারিস্তেউস ডেলফিতে তার ভাগা গণনা করতে যায়। ডেলফির মন্দিরে দৈববাণীতে বলে, তুমি থিয়দ খীপে চলে যাও, সেথানে অনেক সম্মান অপেকা করে আছে ডোমার জন্ম।

এই দৈববাণী শুনে সঙ্গে শঙ্গে থিয়স ধীপে চলে গেল এগারিস্কেউস। সেথানে গিয়ে দেখল এক দৈব অভিশাপে সেখানে এক নিদাকণ মড়ক আর মহামারী চলছে। মৃত্যুর এক করাল ছায়াতলে উধ্বেগাকুল হয়ে বাদ করছে দেখানকার লোকেরা।

এ্যারিস্তেউদ থোঁজ নিয়ে জানতে পারল এই দৈব অভিশাপ অকারণ নয়।
আইকারিয়াসের হত্যাকারীরা এই দ্বীপেই বাস করছে বলে দেই পাপের ফলে
দুঃখভোগ করছে এ রাজ্যের লোকেরা। এ্যারিস্তেউদ অচিরে বেদী নির্মাণ
করে জিয়াস ও অক্সান্ত দেবতাদের উদ্দেশ্তে পৃজা ও পশুবলি দিল। তারপর
সে রাজ্যের লোকদের বুঝিয়ে আইকারিয়াসের হত্যাকারীদের থোঁজ করে
ভাদের ধরে সকলকে প্রাণদণ্ডে দণ্ডিত করল। তার ফলে সঙ্গে দশেজোড়া মড়ক আর মহামারীর অবসান ঘটল। শাস্তি ও সমৃদ্ধি ফিরে এল সারা
দেশে। থিয়সের লোকেরা তথন কৃতজ্ঞতাবশতঃ প্রচুর সম্মান দান করল
এ্যারিস্তেউসকে।

কিন্তু সেথানে বেশী দিন আর থাকল না এ্যারিস্তেউদ। সেথান থেকে সে চলে গেল আর্কেডিয়ার গভীর অরণ্য অঞ্চলে। সেথানে একটি বনে অনেক মৌচাক নির্মাণ করে মৌমাছি পালন করতে থাকে সে।

কিন্তু একবার তার সব চাবের মৌনাছিদের মধ্যে মডক লাগায় তংথ পায় এারিক্টেউন। সে তথন পিনেউস নদীর ধারে এর কারণ জানতে যায়। তার ধারণা ছিল এই নদীর তলাতেই নাইয়াদকক্সাদের সঙ্গে তার মা সিনির বাস করে। স্তরাং তার মার কাছে জানতে চাইল কেন তার মৌমাছিরা সব মরে গেল।

কথাটা ঠিক। সিরিন তথন সেধানেই ছিল। সিরিন এগারিস্তেউদের কথা ভনে বলল, আমার খুড়ত্তো ভাই প্রোভিয়াসের কাছে গিয়ে ভাকে বেঁধে কেল। সে ভোমাকে ভোমার মৌমাছিদের ব্যাপক মৃত্যুর কারণের কথা বলে দেবে।

প্রোতিয়াস তথন ছিল ফ্যারস বীপের অন্তর্গত একটি পাহাড়ের গুহার মধ্যে। তথন মধ্যাহ্ন কাল। গুহার মধ্যে গুয়ে ঘুমোচ্ছিল সে।

এ্যারিস্কেউন গিয়ে প্রোতিয়াদকে ধরে ফেলে তাকে রাজী করাল। প্রোতিয়াদ তাকে বলল, ইউরিডাইদের যে মৃত্যুর দে কারণ হয় দেই মৃত্যুর জন্তই শান্তি পাচ্ছে দে। দেই মৃত্যুই তার মৌমাছিদের মধ্যে মড়কের কারণ।

এগারিন্তেউদ বুঝতে পারে কথাটা দত্যি। দে একদিন তেম্প নামক এক জায়গায় একটা নদীর ধারে বদেছিল। তথন অর্ফিয়াদের পতিব্রতা স্ত্রী ইউরিডাইদ তার স্বামীর কাছে যাচ্ছিল একা একা। তাকে তথন একা পেয়ে ক্ষণিকের ত্র্মতিবশতঃ তার কাছে প্রেম নিবেদন করে সে। ইউরিভাইদ তথন তার ভয়ে তুটে পালাতে থাকে এবং নদীর ধারে লম্বা লম্বা ঘাদের মাঝে ভয়ে থাকা এক বিষধর সাপের কামতে সেইথানেই তৎক্ষণাৎ মারা যায়।

কারণটা জানতে পারার পর প্রতিকারের জন্য আবার মার কাছে যায় এাারিস্তেউন। তার মা দিরিন বলে, চারটি বেদী নির্মাণ করে চারটি বলদ আরু চারটি বকনা ইউরিভাইন আর তার সহচরীদের আত্মার উদ্দেশ্যে উৎসর্গ করবে। তারপর সেই পশুদের মৃতদেহগুলি সেথানে ফেলে রেথে চলে যাবে এবং নয়দিন পর ফিরে এসে একটি মোটা বাছুর আর একটি কালো ভেড়ী নিয়ে এসে অফিরাসের আত্মার উদ্দেশ্যে বলি দেবে। নয়দিন পর সেই বেদীর কাছে ফিরে এসে দেখবে নয়দিন আগে বলি দেওয়া সেই সব পশুদের পচনশীল মৃতদেহগুলি থেকে ঝাঁকে থাঁকে মৌমাছি বেরিয়ে আসছে।

তার মার কথামত কাজ করল এারিস্তেউন। সত্যিই বলিদেওরা গন্ধদের মৃতদেহগুলি থেকে ঝাঁকে ঝাঁকে মোমাছি বেরিয়ে এলে গাছে গাছে চাক তৈরি করে তাদের সেথানে থাকার ব্যবস্থা করে দিল সে। এ জন্ম আর্কেজিয়ার লোকেরা আজও শ্রহাঞ্জলি নিবেদন করে এারিস্তেউদের উদ্দেশ্যে।

এই সময় অর্থাৎ বোভিয়ায় থাকাকালে তার পুত্র এয়াকভিয়ন মারা যায়।
তথন শোকে হুংথে বোভিয়া ছেড়ে লিবিয়ায় চলে যায় এয়াবিক্তেউন। সেথানেও
কিন্তু মন টেকে না তার। তার মা নিরিনের কাছে একটি জাহাজ চেয়ে নিয়ে
আবার সম্ভ্রযাত্রা তক করে এয়াবিক্তেউন। এবার সে যায় উত্তর-পশ্চিম দিকে।
যেতে যেতে পাহাড় ও অরণ্যখেরা দার্দিনিয়া বীপের বস্তু সৌন্দর্ব দেখে সেখানেছ

বসবাস করতে থাকে।

এরপর সিসিলিতে গিয়ে কিছুদিন বাস করে এারিভেউস। সেখান থেকে যায় প্রেস দেশে। সে দেশের অন্তর্গত হেমাস পর্বতের কাছে কিছুদিন বাস করার পর সেথানে এক নতুন নগর নির্মাণ করে। তার নাম অন্তর্সারে সে নগরের নামকরণ হয় এারিভেরাম। কিন্তু দেখানেও বেশী দিন থাকল নালে। পথের নেশায় চির মাতোয়ারা তার মন কথনো কোন শাস্ত গৃহকোণের মধ্যে আবদ্ধ হয়ে থাকতে চায় না। তাই নিজের হাতে গড়া সাজানো স্কল্মর নগর ও ঘর ছেড়ে অন্তরীন অজানার উদ্দেশ্যে বেরিয়ে পড়ল এারিভেউস। কিন্তু কোথায় গেল তার থবর কেউ জানতে পারল না। কিন্তু যেথানেই যাক আর ফিরল না সে। আজও প্রেস দেশের আদিবাসী উপজাতিরা আর গ্রীসদেশের শিক্ষিত নাগরিকরা শ্রন্ধার সঙ্গে দেবতারূপে পূজো করে এারিভেউসকে।

তেলামন ও পেলেউস

ঈকাসের প্রথম ছটি পুত্রসন্তানের মা ছিল এন্দিস। এন্দিস ছিল জীয়নের কলা। ঈকাসের ছোট ছেলে ফোকাস ছিল নেরেইদক্তা সামেধির গর্জজাত কলা। কিন্তু সন্তান প্রসব করার পর ঈকাসের কবল থেকে নিজেকে চিরতরে মুক্ত করার জন্তা নিজেকে শীল মাছে পরিণত করে সামেধি। ঈকাস তার সন্তানদের নিয়ে এদিনা ধীপে বাস করত।

ব্যায়ামরিদ ও ক্রীড়াবিদ ফোকাস ছিল তার বাবা ঈকাসের সবচেয়ে প্রিয়। কোকাসের নাম যশ দূর দ্রাস্তে ছড়িয়ে পড়ে। তাতে তার ছুই বড় ভাই তেলামন ও পেলেউস ঈশ্ভাবাপন্ন হয়ে ওঠে তার প্রতি।

একদিন ঈকাস তার ছোট ছেলে ফোকাসকে ডেকে পাঠায়। তথন তেলামন আর পেলেউস ভাবল এবার তাদের বাবা নিশ্চয় ফোকাসকে ডেকে তার উপর রাজ্যভার দান করবে। তাই হিংসার আগুনে জ্বলে যেতে লাগল তারা। তারা তাদের মার কাছ থেকে পরামর্শ চাইল। তাদের মা ফোকাসকে গোপনে হত্যা করার পরামর্শ দিল।

ফোকাস যথন একা পথ দিয়ে যাচ্ছিল তথন তেলামন আর পেলেউস ছুই ভাইয়ে মিলে পাথর আর কুড়ুল দিয়ে আঘাত করে হত্যা করে ফোকাসকে। ভারপর তার মৃতদেহটা পথের ধারে মাটি খুঁড়ে পুঁতে রাথে তার মধ্যে।

ধরা পড়ে যাবার ভয়ে দেশ ছেড়ে দালামিদ দ্বীপে পালিয়ে গেল তেলামন।
সেথানে গিয়ে সে দেশের রাজা দাইক্রেউসের কাছে আশ্রয় নিল। কারণ সে
দ্বুমতে পেরেছিল সাজা ঈকাসের প্রিয় পুত্র ফোকাসকে হত্যা করার অপরাধে
সে যদি একবার ধরা পড়ে তাহলে তাকে প্রাণদণ্ডে দ্ভিত হতেই হবে।

ভৰু বিদেশে পালিয়ে গিয়েও শান্তি পেল না তেলামন। সে একজনঃ

মৃতকে তার পিতা রাজা ঈকাদের কাছে পাঠিরে জানাল কোকাস হত্যার ব্যাপারে তার কোন হাত নেই। কিন্ত দৃত মারফং রাজা ঈকাস বলে পাঠাল তেলামন যেন এজিনাতে আর কথনো না ফেরে। তবে সে জাহাজে করে সম্জের কুঁলে এসে জাহাজ থেকেই এবিষয়ে তার বক্তব্য জানাতে পারে। জানিয়ে দেশের মাটিতে পা না দিয়ে সে আবার ফিরে যেতে পারে।

তেলামন সাইক্রেউনের একটি জাহাজে করে এজিনার উপকূলে এনে তার কথা জানাল। সে বলল ফোকাদের মৃত্যু ঘটেছে একটি ত্র্টনায়; এ মৃত্যুতে তার কোন হাত নেই এবং সে কোনক্রমেই দায়ী নয়।

রাজা ঈকাস তার সব কথা শুনে বলল, তোমার কথা আমি বিশ্বাস করি না। তুমি আবার ফিরে যাও যেখান থেকে এসেছ। দেশের মাটিতে পা দিলেই তোমাকে গ্রেপ্তার করা হবে এবং ভাতৃহত্যার অপরাধে প্রাণদণ্ডে দণ্ডিত হবে। তাই আবার সালামিসেই ফিরে গেল তেলামন। দেখানে ফিরে গিয়ে রাজা সাইক্রেউনের ক্তা প্রসক্তান না থাকায় তেলামনই রাজসিংহাসন লাভ করে।

বংশগত উত্তরাধিকারস্ত্ত্রে দালামিসের রাজসিংহাদন লাভ করেনি দাইক্রেউন। ড্রাগনরূপী যে একটি ভয়ঙ্কর দাপ দারা দেশে ধ্বংদের তাণ্ডব চালিয়ে যাচ্ছিল অপ্রতিহতভাবে সেই দাপটিকে দাইক্রেউন কে'শলে মেরে ফেলতে পারায় রাজ্যের লোকেরা স্বেচ্ছায় তার উপর রাজ্যভার চাপিয়ে দেয়। তাকে রাজসিংহাদনে বদায় জোর করে।

অনেকের মতে সাইক্রেউনের নির্চূরতার জন্ম তাকে সাপ আখ্যা দেওরা হয় এবং পরে ইউরিলোকাস সালামিসের রাজা তাকে থাল্লা থেকে নির্বাদিত করে। সাইক্রেউন তথন এলুনিস দ্বীপে গিয়ে আশ্রয় নেয় এবং দেবতাদের মন্দিরের বক্ষণাবেক্ষণের কাজে নিযুক্ত হয়। পরবর্তী কালে গ্রীকরা যথন সালামিস জয় করে তথন সাইক্রেউন নাকি সাপের রূপ ধরে গ্রীকজাহাজে আবিভূতি হয় এবং গ্রীকরা তার সমাধিতে পূজো দেয়।

তেনামন রাজকভা গ্রসকে বিয়ে করে সালামিসেই রয়ে যায়। পরে গ্রসের মৃত্যু হলে দে এথেন্দ চলে যায় এবং পেলপাসএর পুত্রের কন্সা পেরিবোয়াকে আবার বিয়ে করে। এই বিয়ের ফলে বিখ্যাত বীর এ্যাঞ্জাজ্মের জন্ম হয়। পরে লাওমীভনের কন্সা বন্দিনী হেমিওনকে বিয়ে করে এবং সেই বিয়ের ফলে বিখ্যাত তীরন্দাঞ্চ বীর টিউসারের জন্ম হয়।

এদিকে পেলামনের ভাই পেলেউন ফোকাসকে হত্যা করার পর এ**জিনা** ত্যাগ করে ফিথিয়ার রাজা এাক্টরের রাজসভায় গিয়ে আশ্রম নের। পেলেউসের আত্মন্তান্ধর পর এাক্টর তার কন্যা পলিমিয়ার সঙ্গে পেলেউসের বিয়ে দেয় এবং তার রাজ্যের এক তৃতীয়াংশ দান করে। রাজা এাক্টর রাজ্যের আর একটি অংশ তার পোয়পুত্র ইউবিভিয়নকে দান করে।

একদিন ইউরিতিয়ন ক্যালিভোনিয়ার সেই ভয়স্কর শৃকরকে হত্যা করার জন্ম এক শিকার অভিযানে পেলেউদকে নিয়ে যায়। শৃকর মারতে গিয়ে পেলেউদ এক বর্ণা ছুঁড়লে সেই বর্ণা ঘটনাক্রমে ইউরিতিয়নের গায়ে লেগে যাওয়ায় সে দেখানেই মারা যায়। তথন পেলেউদ ভয়ে ফিথিয়া ত্যাগ করে তার স্ত্রী পলিমিয়াকে নিয়ে আওলকদে পালিয়ে যায়। দেখানে পেলিয়াদপুক্তর এটাকান্তাদ তাকে আশ্রয় দেয় এবং তার আত্তাদ্ধির ব্যবস্থা করে।

কিছুদিনের মধ্যে এগাকাস্তাসের স্ত্রী ক্রেণেইন পেলেউনের প্রেমে পড়ে যায় এবং তার কাছে একদিন প্রেম নিবেদন করে। পেলেউন তার আশ্রয়দাতার প্রতি বিশ্বাসঘাতকতার কথা ভেবে ক্রেণেইনের প্রেম প্রত্যাখ্যান করে। এতে ক্রেণেইন খ্ব রেগে যায় পেলেউনের উপর এবং তার স্ত্রী পলিমিয়াকে মিথ্যা করে বলে পেলেউন তাকে ত্যাগ করে তার কল্যা স্তেরোপকে বিয়ে করতে চায় একথা শুনে পলিমিয়া হৃঃথে আত্মহত্যা করে।

জেপেইস তথন প্রতিহিংসার জ্বালায় তার স্বামী এ্যাকাস্তাসকে মিথ্যা করে বলে পেলেউস তার কাছে অবৈধভাবে প্রেম নিবেদন করে এবং তার শালীনতা হানির চেষ্টা করে। তা শুনে এ্যাকাস্তাস রাগে আশুন হয়ে উঠলেও পেলেউসকে হত্যা করল না সে। সে তাকে পেলিয়ন পাহাছে ভয়ঙ্কর স্থাপদসংকূল অবণ্য অঞ্চলে এক শিকার অভিযানে নিয়ে গেল। ভাবল এই শিকার অভিযানেই সে মৃত্যুম্থে পতিত হবে। কিন্তু পেলেউসের সততায় এবং বিশ্বস্ততায় খুশি হয়ে দেবতার। অন্প্রহ করে তাকে একটি ঐক্রজালিক তরবারি স্থান করলেন। এই তরবারির দ্বারা সে যে কোন যুদ্ধে জন্মী হবে এবং শিকার অভিযানেও সফল হবে।

পেলিয়ন পাহাড়ের অরণ্যে গিয়ে অনেক বন্য শ্কর ও হরিণ শিকার করল পেলেউন। তবু এাকাস্তানের লোকরা তাকে বিদ্রুপ করে বলতে লাগল নেকোন পণ্ড শিকার করতে পারে নি। তথন পেলেউন তার থলে খুলে অনেক পশুর কাটা মাধা দেখাল। এ্যাকাস্তান তার তরবারিটা দেখে ভাবল এটা নিশ্চয় সাধারণ তরবারি নয় এবং এর অব্যর্থ আঘাতে সত্যিই অনেক পশু শিকার করেছে পেলেউন।

পেলেউদ যথন ক্লাস্ক হয়ে ঘুমিয়ে পড়ল শিকারের পর তথন এ্যাকাস্তাস ভার লোকজন নিয়ে পেলেউসকে দেইখানে ফেলে রেখে চলে গেল। তার সেই তরবারিটি এক জায়গায় মাটির ভিতর লুকিয়ে রাখল। ভাবল সেউর নামে সেই অরণ্যের বর্বর অধিবাসীরা তাকে মেরে ফেলবে।

পেলেউস ঘৃম থেকে উঠে দেখল এ্যাকান্তাসরা তাকে ফেলে চলে গেছে। সে তাই আর তার কাছে ফিরে গেল না। সে আরও দেখল সেন্টররা তাকে একা পেয়ে হত্যা করার চক্রান্ত করছে। এমন সময় সেন্টরদের সদার শেইরণ মন্ত্রা করে তাকে বাঁচিয়ে দিল এবং তার হারানো তরবারিটা খুঁজে বার করে। দিল। পেলেউস এরপর শেইরনের গুহাতেই স্থান পেল।

ইতিমধ্যে থেমিসের পরামর্শক্রমে জিয়াস পেলেউসের সঙ্গে জলকল্পা থেটিসের বিয়ে দিতে চাইলেন। পেলেউসও থেটিসকে বিয়ে করতে চাইল। কিন্তু এক দৈববাণী ভনে সে পিছিয়ে গেল এই বিয়ের ব্যাপারে। সে ভনল থেটিসকে বিয়ে করলে তার গর্ভে যে সন্তান হবে সে তার পিতাকে ছাড়িয়ে যাবে বীরছে এবং তার থেকে অনেক বেশী শক্তিমান হবে। তাছাড়া থেটিসও তার বিমাতা হেরার স্থানার্শক্রমে তাকে বিয়ে করতে চাইছে পেলেউস ভাই ঠিক করল একজন মরণশীল মাহুয় হয়ে সে এক অমর দেবীকে বিয়ে করবে না।

কিন্তু থেটিসের বিয়ের জন্ম হেরা চাইছিলেন এক মহন্তম মানবসন্তান। এর জন্ম অলিম্পাস পর্বতে কোন এক পূর্ণিমার দিন মর্ত্য থেকে যত সব বীর মানবসন্তানদের আহ্বান করে তাদের মধ্য থেকে থেটিসের জন্ম একজন উপয়ুক্ত পাত্রকে বেছে নিতে চাইলেন। তিনি পেলেউদকে সেই সভায় পাঠাবার জন্ম শেইরনকেন্ড থবর দিলেন। কিন্তু শেইরন জানত পেলেউস সে সভায় গেলে থেটিস তাকে প্রত্যাখ্যান করবে। সে তাই তাকে পাঠাল না। শেইরনের পরামর্শক্রমে পেলেউস থেদালির সমুক্ত্লে একটি মার্টল গাছের ছায়াঘেরা এক নির্জন গুহার পাশে শুকিয়ে রইল। সেখানে থেটিস তুপুর বেলায় একা একা বিশ্রাম করতে আসে।

একদিন গুপুর বেলায় জলদেবী থেটিস এক মংসকন্তার পিঠে চেপে নয় দেহে তার সেই প্রিয় গুহার বিশ্রাম করতে এল এবং পেলেউসকে দেখতে না পেয়ে গুহার মধ্যে ঘুমিয়ে পড়ল। থেটিস ঘুমিয়ে পড়তেই পেলেউস তাকে ধরে আলিঙ্গন করতে গেল। কিন্তু জেগে উঠে পেলেউসকে দেখে তার আলিঙ্গন থেকে নিজেকে মৃক্ত করার জন্ত ধ্বস্তাধ্বন্তি গুরু করে দিল। তাকে ভয় দেখাবার জন্ত একের পর এক জল, আগুন, সিংহ, সাপ প্রভৃতির রূপ ধারণ করল। কিন্তু শেইরনের কথামত কোন কিছুতেই ভয় পেল না পেলেউস এবং তাকে একইভাবে ধরে রইল। অবশেষে পেলেউসের সাহস ও সভতায় সন্তুই হয়ে তার কাছে ধরা দিল থেটিস। পেলেউসকেও সে আলিঙ্গন করল এবং বিয়েতে মত দিল।

বিয়েটা হলো পেলিয়ন পাহাড়ের উপর শেইরনের গুহায়। সেণ্টররা নব সেই বিবাহ-উৎসবে যোগদান করল। জলকন্সারা নাচতে লাগল। মিউজরা গান করতে লাগল। অলিম্পাস থেকে বারো জন উচ্চন্তরের দেব-দেবী সেই বিবাহবাসরে উপস্থিত ছিলেন। শেইরন পেলেউসকে একটি বর্শা দান করল। হিফাস্টাস্ও দেবী এথেনও একটি করে অম্ব দিলেন। দেবতারা একজোড়া সোনার বর্ম আর সম্জ্বদেবতা পসেডন বেলিয়াস আর জ্যানথাস নামে ছটি অমর অভিপ্রাক্ত অশ্ব দান করলেন পেলেউসকে। দেবী এ্যাবেস এই বিবাহবাসরে নিমন্ত্রিত না হওয়ায় রেগে গিয়ে দেবীদের মধ্যে ঝগড়া বাধাবার চেষ্টা করেন। তিনি একটি সোনার আপেল সেই সভায় মেঝের উপর গড়িয়ে দেন। হেরা, এথেন আর এ্যাফ্রোদিতে এই তিনন্ত্রন দেবী যথন গল্প করছিলেন তথন তাঁদের সামনে একটি সোনার আগৈল গড়িয়ে আসে। পেলেউস সেটি তুলে দেখে তার উপর লেখা রয়েছে, 'সবচেয়ে স্ক্লেরীকে'। এই আপেল থেকে ইর্যুছের স্চনা হয়।

শেইরন পেলেউদকে প্রচুর গবাদি পশু দান করে। সেই সব পশু থেকে কিছুসংখ্যক পশু ফিথিয়াতে পাঠিয়ে দেয় পেলেউদ। এইভাবে ইউরিভিয়নকে ভুল করে ঘটনাক্রমে হত্যা করে বসায় তার ক্ষতিপূর্ণ করার চেষ্টা করে। কিন্তু ফিথিয়ার লোকে পেলেউদের দান প্রত্যাখ্যান করে।

একদিন পেলেউদ আর থেটিদ ত্বন্ধনে মিলে তাদের পশুর পাল চরাচ্ছিল তথন হঠাৎ একটা নেকড়ে এদে তার পালেব অনেক পশু বধ করে তাদের দিকে এগিয়ে আসতে লাগল। কিন্তু পেলেউদের উপর নেকড়েটা ঝাঁপিয়ে, পড়ার উভোগ করতেই থেটিদ তাকে পাথরে পরিণত করে দেন। সেই পাথুরে নেকড়েটার মূর্তি আজও লোক্রিদ আর ফোসিদের মধ্যে রাস্তার ধারে দেখতে পাওয়া যায়।

এরপর পেলেউন আওলকদে এ্যাকাস্তানের রাজ্যে ফিরে যায়। এই সময় দেববাল জিয়ান একটা উই চিবির অনংথা উইকে অনংথা দৈল্যে রূপাস্তরিত করেন এবং তাঁর অন্থগ্রহে পেলেউন মার্মিডনদের অধিপতি হয়। এবার পেলেউস এ্যাকাস্তানের ত্র্বিহাবের প্রতিশোধ নেবার জন্য তার রাজ্য আক্রমণ করে এবং প্রথমে এ্যাকাস্তান ও পরে ক্রেপেইন্ট্রক হত্যা করে।

থেটিসের গর্ভে পেলেউদের গুরুসে পর পর সাতটি সস্তান জন্মগ্রহণ করে।
কিন্তু থেটিস তার প্রথম ছয়টি সন্তানকে তার মত অমর করে স্বর্গে নিয়ে যাবার
জন্ম তাদের মরণশীল দেহগুলো আগুনে পুডিয়ে ও অমৃত মাথিয়ে তাদের স্বর্গে
নিয়ে যায়। এইভাবে ছয়টি ছেলেকে হারায় পেলেউদ। কিন্তু তাদের সপ্রম
ৄ সন্তান পুত্র একিলিসকেও যাতে এইভাবে তার মা দয়্ম করে তার মবদেহটিকে
অমর করে স্বর্গে নিয়ে যেতে না পারে তার জন্ম দে তার উপর কড়া নজর
রাখত। কিন্তু একদিন স্থযোগ স্বুরে থেটিদ পেলেউসের প্রহরা এড়িয়ে
একিলিসের দেহটিকেও দয় করতে শুক্র করে কিন্তু হঠাৎ পেলেউস সেথানে
এসে পড়ে তা দেখতে পেয়ে থেটিসের হাত থেকে ছিনিয়ে নেয় একিলিসকে।
থেটিস তথন একিলিসের দেহটাকে আগুনে দয় করে অনুত্র মাথাছিল। তার
পায়ের গোড়ালির কাছটা ওর্ অমৃত মাথানো হয় নি। এমন সময় পেলেউস
তাকে থেটিসের কাছ থেকে ছিনিয়ে নিয়ে বলে, একে আমি কাছ ছাড়া
করতে পারব না। একটা ছেলে অস্ততঃ আমার কাছে থাক, আমার নাম
বাঁচিয়ে রাখক।

কিছ পেলেউসের এই হল্পক্ষেপের ফলে রেগে গেল থেটিস। সে তথনি পেলেউসের কাছ থেকে চিরদিনের জন্ম বিদার নিয়ে তার সমূলগর্ভয় প্রনো আবাসে চলে গেল। একিলিস কোনদিন মাভ্তুন পান করেনি বলে থেটিস যাবার সময় তার শেষ সন্তানকে এই নাম দিয়ে যায়। একিলিসের সায়া দেহটি অমৃতরূপ নির্যাসে দিক্ত হওয়ায় সে অমরত্ব লাভ করে, যা কথনো কোন অম্ব তারা আহত হবে না। কিন্তু তার অর্থদয় গোড়ালির কাছটায় অমৃতের নির্যাস না পড়ায় সেই জায়গাটা ত্র্বল বয়ে যায় এবং সেই জায়গাটা অম্বতরা আহত হলে তরে মৃত্যু ঘটাতে পারে। পেলেউস আবার একিলিসের সেই অর্থদয় গোড়ালিটা কেটে বাদ দিয়ে দামাইসাস নামে এক দৈত্যের একটা গোড়ালি জুড়ে দেয়।

উরষ্চের সময় পেলেউস নিজে বৃদ্ধ হয়ে পড়ায় পুত্র একিলিসকে পাঠায়।
তার বিয়ের সময় যৌতৃকত্বরূপ দেবতাদের কাছ থেকে যে সব উপহারগুলি
পায় দেগুলি দিয়ে সাজিয়ে দেয় সে তার পুত্রকে। সে একিলিসকে দেয় তার
একটি সোনার বর্ম, একটি বর্শা আর প্রেডনপ্রদন্ত সেই চুটি অমর ও
অতিপ্রাকৃত অশ্ব।

কিন্তু উন্নযুদ্ধে পরিশেষে একিলিসের মৃত্যু ঘটলে মৃত এগাকান্তাসের পুরুগণ বৃদ্ধ পেলেউদকে তাড়িয়ে দিয়ে পিতৃরাজ্য আওলদ নিজেদের অধিকারে আনে আবার। থেটিদ তথন পেলেউদকে থেদালির দম্কুক্লে দেই গুহায় নিয়ে যায় যেথানে তাদের প্রথম মিলন ঘটেছিল। থেটিদ বলে, কিছুদিন এথানে থাকার পর পেলেউদকে দে নিয়ে যাবে তার দম্দুগর্ভন্থ বাড়িতে। এদিকে পেলেউদ সম্কুতীরবর্তী দেই গুহাটি ত্যাগ করে অন্ত কোথাও যেতে চাইল না। কারণ তার দৃঢ় বিশ্বাস একিলিদ না পারলেও তার একমাত্র পুত্র নিওটলেমাদ একদিন না একদিন এই সম্কুপথেই কিরে এনে উদ্ধার করবে তার রাজ্য। তার পিতামহ পেলেউদের নির্বাদনের সংবাদ পেয়ে নিওটলেমাদ সত্যিই মলোসিয়া থেকে বণতরী দাজিয়ে আওলকসের পথে আসছিল। এগাকান্তানের পুত্রদের হত্যা করে রাজ্যানী দথল করাই ছিল তার একমাত্র উদ্দেশ্ত । কিন্তু দে একে পৌছানোর আগেই অধৈর্য হয়ে পেলেউদ একদিন মলোসিয়ার পথে একটি ভাড়াটে জাহাজে করে রওনা হয়। কিন্তু সম্কুতে বাধ্য হয় পেলেউদ এবং সেথানেই তার মৃত্যু ঘটে। সেই বীপেই তাকে সমাহিত করা হয়।

ফাইলিস ও কেরিয়া

থে সদেশের রাজকতা ফাইলিস থিসিয়াসপুত্র এ্যাকামাসের প্রেমে পড়ে। কিন্তু বিষের পরই উন্নযুক্ত যাবার জন্ত ভাক পড়ে এ্যাকামাসের এবং নব বিবাহিতা স্ত্রীকে ছেড়ে দেশ ছেড়ে ট্রয় অভিযানে যেতে হয় তাকে।

কিন্ধ এ্যাকামাসকে ছেড়ে কিছুতেই ঘরে মন টিকছিল না ফাইলিসের।
বিবহের ত্বংসহ বেদনায় দিনে দিনে বিবাদখিয় হয়ে উঠছিল দে। করে য়য়য়ুড়্জ শেব করে করে আবার জাহাজে করে ফিরে আসবে এ্যাকামাস সেই আশায় দিন গুণতে লাগল ফাইলিস। এই আশায় রোজ দিনের প্রায় বেশীয় ভাগসময় বাড়ির সকলের নিষেধ অগ্রাছ করে সমুদ্রের ধারে গিয়ে বদে থাকত সে। একমাত্র এই সমুদ্রের ধারে বদে থাকতেই সবচেয়ে ভালবাসত সে। সমুদ্রের ধারে নির্জনে বদে দূর দিগস্তের পানে একদৃষ্টিতে তাকিয়ে থেকে এক নীয়ব সাজনা পেত তার ত্বংসহ বেদনায়। তার কেবলি মনে হত সমুদ্রের তরজায়িত উদ্দাম জলরাশি দূরে দিগস্তের যে প্রাস্তিনীমায় গিয়ে মিলিয়ে গেছে, যেখানে তার ছ চোথের প্রসারিত দৃষ্টিও গিয়ে কল্ম হয়ে পড়েছে সেইখানে একটা পালতোলা জাহাজ একদিন দেখা যাবে আর সেই জাহাজে থাকবে তার জীবনসর্বন্ধ এ্যাকামাদ।

কিন্তু এইভাবে দশটি বছর যথন কেটে গেল একে একে তথন সে আর থাকতে পারল না। ফাইলিসের বেদনা সবচেয়ে তীব্র হয়ে উঠল যথন সে শুনল উয়যুদ্ধে গ্রীকরা জয়লাভ করে দেশে ফিরে আসছে।

এাকামান বাড়ি ফেরার জন্ম ছটফট করছিল এবং তার জাহাজ নতিটে ক্রত এগিয়ে আনছিল সম্প্রণথে। কিন্তু পথে জাহাজে ছিন্তু দেখা দেওয়ায় তা মেরামং করতে দেরি হয়ে যায়। এদিকে বিরহ-বেদনা আর দহু করতে না পেরে একদিন আবেগের বশবর্তী হয়ে আত্মহত্যা করে বসে ফাইলিন। তার ফুখ ও ছ্র্ভাগ্যেককণা হয় দেবী এথেনের। দেবী এথেন তথন প্রেমপরায়ণা ফাইলিনের মৃতদেহটাকে একটি বাদামগাছে ক্রপাস্তরিত করেন।

অথচ ফাইলিসের আত্মহত্যার পরের দিনই সেখানে এ্যাকামাসের জাহাজ্ব এসে উপস্থিত হয় উপকূলে। জাহাজ থেকে মাটিতে পা দিয়েই ফাইলিসের আত্মহত্যার হঃসংবাদ পেয়ে শোকে মর্মাহত হয় এ্যাকামাস।

এ্যাকামাস যথন গুনল সম্দ্রতীরবর্তী ঐ বাদাম গাছটাই ফাইলিস এবং তার ফাইলিস দেবী এথেনের অন্তগ্রহে ঐ গাছে পরিণত হয়েছে তথন সে তার নিদারুণ শোকের মাঝে কিছুটা সাগুনা লাভ করার জন্ম বারবার সে গাছের গুঁড়িটাকে আলিঙ্গন করতে লাগল আবেগভরে। গাছটায় কোন পাতা ছিল না। কিন্তু এ্যাকামাসের প্রেমময় আলিঙ্গন ও চুম্বনে পাতাহীন সেই গাছটায় ফুল ফুটে উঠল। সেই থেকে দেখা যায় বাদাম গাছে যথন ফুল ফোটে তথন পাতা থাকে না। সেই থেকে এথেন্সের অধিবাসীরা ফাইলিস আর এাকামাসের স্থাতির প্রতি প্রদ্ধা জানাবার জন্ম বিশ্বন্ত ও অমর প্রেমের এক জীবন্ত পরাকাষ্টা হিসাবে সেই বাদাম গাছটাকে ঘিরে ঘিরে নৃত্য করে। তার তলায় পূজা দেয় দেবতাদের উদ্বেশ্যে।

লাকোনিয়ার রাজার কন্তা কেরিয়ারও অকালয়ত্যু ঘটায় অভ্নুপ্ত রয়ে যায় তার প্রেম। কেরিয়া ছিল ভাওনিসাসের প্রণয়পাত্তী। কিন্তু অকালে মৃত্যু ঘটে তার। তথন তার সেই অভ্নুপ্ত প্রেমকে বাঁচিয়ে রাখার জন্ত তাকেও একটি কাজুবাদাঘগাছে পরিণত করেন ভাওনিসাস। অনেকের মতে 'গভেদ অফ কার' বা গাড়ির দেবীর প্রিয় কেরিয়াকে এই নাম দেওয়া হয়।

ক্লিওবিস ও বিতন

আর্গনে দেবী হেরার এক পৃষ্ণারিণী ছিল। ক্লিগুবিস ও বিতন নামে তার ছটি পুত্র ছিল। দেবী হেরার মন্দিরে সেই পৃষ্ণারিণী কান্ধ করত। দেবী হেরার একটি রথ ছিল। রথটি পাঁচ মাইল দূরে এক জায়গায় রাথা ছিল। এক বিশেষ তিথিতে আহুষ্ঠানিকভাবে সেই রথটিকে ছটি সাদা বলদ ব্রুড়ে মন্দিরের মধ্যে নিয়ে আসতে হবে।

কিন্তু সেই তিথিটি এসে গেলে দেখা গেল রথটি আনার জন্য সাদা বলদগুলি নির্দিষ্ট সময়ে পাওয়া যাচ্ছে না। পূজারিণী থোঁজ করে দেখল গোচারণক্ষেত্র হতে বলদগুলি তথনো ফেরেনি। অথচ এই মুহূর্তে রথ আনার জন্য রওনা না হলে সময় বয়ে যাবে।

ক্লিগুবিস ও বিতন হুই ভাই-ই ছিল খুব মাতৃভক্ত। তাদের বাবাকে অতি শৈশবে হারিয়ে মার প্রতি বেশী অহুরক্ত হয়ে পড়ে তারা। তাই সেদিন যখন তারা দেখল যথাসময়ে রথ আনার জন্ম খুবই বিত্রত হয়ে পড়েছে তার মা তথন তারা নিজে থেকে প্রস্তাব করল তারা নিজেরা রথ টেনে আনবে বলদের পরিবর্তে।

কোনকপ বিরক্তি প্রকাশ না করে ক্লিগুবিস ও বিতন পাঁচ মাইল দ্র থেকে রথটি টেনে নিয়ে এল দেবীর মন্দিরে। আপন পুঞ্জদের মাতৃভক্তি ও দেবভক্তি দেথে অবাক হয়ে গেল পূজারিনী। সে তথন দেবীর কাছে প্রার্থনা জানাল, এই কাজের জন্ম দেবী যেন শ্রেষ্ঠ উপহার দান করেন। মাতৃষকে যা তিনি দিতে পারেন তার মধ্যে সে দান যেন শ্রেষ্ঠ হয়।

রথ-অফুষ্ঠান ও উৎসবের যাবতীয় আফুষ্ঠানিক কাজকর্ম শেষ হয়ে গেলে দেখা গেল ক্লিওবিস ও বিভন মন্দিরের মধ্যে একটি ঘরে ঘুমিয়ে পড়েছে। কিন্তু আশ্চর্য হয়ে গেল সকলে যথন দেখল সে ঘুম আর ভাঙ্গল না।

আর্জিনাসপুত্র এ্যাগামেদিস আর ট্রোকোনিয়ার ক্ষেত্রে এই ধরনের দেবদন্ত পুরস্কারের কথা জানতে পাওয়া যায়। এই ফুজন ছিল যমজ ভাই। ডেলফিডে এ্যাপোলো তার মন্দিরের যে ভিত্তি স্থাপন করেন এই হুই ভাই সেই ভিত্তির উপর পাথবের বেদী নির্মাণ করে। এ্যাপোলো তথন দৈববাণীতে তাদের বলেন, ছয়দিন তোমরা যত রকমে পার আনন্দ উপভোগ করো। সাতদিনের দিন তোমরা তোমাদের আকাঙ্খিত বস্তু লাভ করবে। কিন্তু সপ্তম দিনে দেখা যায় তারা তাদের বিছানায় মৃত অবস্থায় পড়ে আছে।

এই ছটি ঘটনা থেকে বোঝা যায় দেবতাদের যারা প্রিয়, দেবতারা যাদের খ্ব ভালবাদেন তারা তরুণ বয়সে মৃত্যুম্থে পতিত হয়। দেবতারা তাদের অল্প বয়সেই খর্গে টেনে নেন। আরও জানা যায় গ্রীসদেশে পৌরাণিক মৃগে কোন দেবতার নতুন মন্দির নির্মাণের সমন্ত্র নিস্পাপ তরুণদের চন্দ্রদেবীর উদ্দেশ্যে বলি দেওয়া হত এবং তারপর মন্দির চন্ত্রের সমাহিত করা হত তাদের।

কোনস ও কেনেউস

ইলেতাসকলা বনপরী কেনিসের দঙ্গে একবার সহবাস করেন সম্প্রদেবতা পদেজন। সঙ্গমে প্রীত হয়ে তিনি তাকে একটি বর প্রার্থনা করতে বলেন। কেনিস তথন তাঁকে বলে, আমি নারী থাকতে চাই না। আমাকে বীর যোদ্ধায় পরিণত করুন।

পদেভন তার প্রার্থনা পূবণ করেন এবং তাকে নারী থেকে পুরুষে রূপান্তরিত করেন: তার নাম হয় তথন কেনেউদ। কেনেউদ বিভিন্ন মুদ্ধে এমন সামরিক কৃতিত্ব দেখাতে থাকে যার ফলে ল্যাপিথ দেশের লোকেরা তাকে তাদের রাজা হিসাবে নির্বাচিত করে। পরে কেনেউদ বিবাহ করে এক পুত্রদন্তানেরও জন্ম দেয়। তার নাম রাথা হয় করোনাদ।

সামান্য এক নারী থেকে এক বীর থোজা ও রাজায় পরিণত হয়ে খুবই উদ্ধত হয়ে ওঠে কেনেউস। সে দেবতাদেরও তুচ্ছ জ্ঞান করতে থাকে এবং তার রাজধানীর বাজারের মাঝথানে তার সামরিক কৃতিত্ব ও গৌরবের প্রতীক হিসাবে একটি বর্শা স্থাপিত করে দেশের লোকদের বলে, আর তোমাদের অন্য কোন দেবতাকে পূজাে করতে হবে না; তোমরা তথু এই বর্শাটিকে দেবতার মত করে পূজাে করবে। যা কিছু উৎসর্গ করার করবে।

কেনেউদের এই ঔদ্ধতা দেখে তার উপর অসস্কুট্ট হয়ে উঠলেন দেবরাজ।
তিনি সেণ্টর নামে উপজাতিদের প্ররোচিত করতে লাগলেন কেনেউসকে
হত্যা করার জন্ম। একদিন এক বিয়ের সভায় সেণ্টররা অতর্কিতে কেনেউসকে
আক্রমণ করল। কিন্তু কেনেউস একাই পাঁচ ছয়জন সেণ্টরকে হত্যা
করে ফেলল অনায়াসে। তার গায়ের চামড়াটা এমনই যে সেণ্টরদের কোন
অস্ত্রের আঘাত তার গায়ে লাগল না। অবশেষে তারা কেনেউসের মাধায়
মোটা মোটা কাঠ দিয়ে আঘাত করতে লাগল। তথন অবশেষে পড়ে গেল
কেনেউস এবং সেণ্টররা সঙ্গে সঙ্গে মাটির মধ্যে একটা খাস কেটে কেনেউসের
মৃতদেহটা পুঁতে দিল। ফলে শাসক্র হয়ে মারা গেল মাটি চাপা অবস্থায় এবং

তথন একটি পাখি সহসা মাটির ভিতর থেকে বেরিয়ে এসে উড়ে গেল। ভবিক্তবন্ধা মপসাস বলল, ঐ পাখিটাই হচ্ছে কেনেউসের আত্মা। তার মরদেহ হেড়ে আত্মাটা উড়ে গেল।

পরে মথন কেনেউসের বৃতদেহটাকে যথাযথভাবে সমাহিত করার জন্স মাটি খুঁড়ে বার করা হলো, তথন দেখা গেল সে আর পুরুষ নেই; তার দেহটা নারী হয়ে গেছে।

এরিগোনে

ওনেউদ হচ্ছে প্রথম লোক ভাওনিদাদ যাকে একটি আব্দুর গাছের চারা দান করেন যাতে করে দে আব্দুর চাষ করতে পারে ব্যাপকভাবে। কিন্তু দেই আব্দুর থেকে প্রথম মদ তৈরি করার কৃতিত্ব দেখায় আইকারিয়াদ।

একদিন আইকারিয়াস সর্বপ্রথম এক জার মদ তৈরি করে তা পরীকা করার জন্ম একদল মাঠের রাখালকে খেতে দেয়। ম্যারাখনের অন্তর্গত পেটেলিয়াস পাহাড়ের ধারে এক বনের মাঝে পশুর পাল চরাচ্ছিল সে। কিন্তু মদপানের ফলে কি প্রতিক্রিয়ার সৃষ্টি হয় মান্তবের মনে আইকারিয়াস তা জানত না। এ বিধয়ে কোন অভিজ্ঞতাই ছিল না তার।

এদিকে রাখালরাও এর আগে কখনো মদ খায়নি। তাই পরিণামের কথা না জেনেই তারা একদকে অনেকটা করে মদ খেয়ে ফেলে। তার ফলে প্রচুর নেশা হয় তাদের। প্রতিটি বস্ত ছিগুণ মনে হতে থাকে তাদের চোথে। ক্রমে নেশার ঘোরটা এমনই বেড়ে গেল যে তারা কাগুজ্ঞানহীন আইকারিয়াসকেই হত্যা করে বদল।

আইকারিয়াসকে হত্যা করে একটি পাইন গাছের তলায় মাটিতে পুঁতে রেখেছিল তার মৃতদেহটাকে। আইকারিয়াসের সঙ্গে তার যে শিকারী কুকুরটাছিল দে এই হত্যাকাণ্ড প্রথম থেকে শেষ পর্যন্ত দেখেছিল। মৃতদেহটি মাটিতে পোঁতা হয়ে গেলে সেই কুকুরটি আইকারিয়াসের বাভি গিয়ে তার কন্তাকে কথাটা জানাতে চাইল হাবেভাবে। সে তার পোষাকের আঁচল ধরে টেনে মাঠের ধারে সেই বনটায় নিয়ে গেল। তারপর সেই পাইন গাছটার তলায় যেখানে আইকারিয়াসের মৃতদেহটা শোঁতা হয়েছিল সেথানটায় আঁচড়াতে লাগল।

তথন আইকারিয়াদের মেয়ে এরিগোনের মনে সম্বেচ জাগল। এরিগোনে তথন মাটি খুঁড়ে তার বাবার মৃতদেহ পেয়ে হুংথে ও শোকে সেই পাইন গাছের শাখায় গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করল। দেখা গেল অপরাধী রাখলরা তার আগেই সম্প্রপথে কোধায় পালিয়ে গেছে। এরিগোনে মৃত্যুর ছ্বাগে বলে যায়, যতদিন পর্যন্ত না আমার পিতার হত্যাকারীদের খুঁজে বার করে তার উপর প্রতিশোধ গ্রহণ করা হয় ততদিন এথেন্সের কুমারীদেরও আমার মত মরতে হবে এইভাবে।

দেখা গেল সত্যিই এরিগোনের কথা ঠিক হলো। দেখা গেল একের পর এক এথেন্সের কুমারীরা পাইন গাছের শাখায় গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে ঝুলছে। এই অস্বাভাবিক ঘটনায় বিত্রত হয়ে এথেন্সের লোকেরা ডেলফিতে গণনা করতে গেল। মন্দিরে দৈববাণীতে বলল, এরিগোনে এই সব কুমারী মেয়েদের জীবন দাবি করছে। সে তার পিতৃহস্তার উপর প্রতিশোধ গ্রহণ করতে চায়।

দৈববাণীতে আরও বলন, একদল রাথাল অতিরিক্ত মদ পান করে নেশার বোরে আইকারিয়াসকে হত্যা করে। তাদের খুঁজে বার করে আগে ফাঁসিকাঠে ঝোলাও।

তথন এথেন্সের লোকেরা বিভিন্ন দেশে লোক পাঠিয়ে থবর নিয়ে সেই রাখালদের ধরে আনল। বিচারে ফাঁসি হলো তাদের।

এরপর শাস্তি ফিরে আদে দেশে। আইকারিয়াসের উদ্ভাবিত মদ পান করে শ্রদ্ধাঞ্জলি দান করতে থাকে আইকারিয়াসের উদ্দেশ্যে। 'মছাউৎসব' নামে একটি দিন তারা উৎসব হিসাবে পালন করে এবং কুমারী মেফেরা গাছের শাখায় দড়ি দিয়ে দোলনা তৈরী করে তাভে ত্লতে থাকে। সেই থেকে দোলনায় দোলার প্রথা শুক হয়।

আইকারিয়াদের যে শিকারী কুকুরটি এরিগোনেকে তার পিতার মৃত্যুর থবর জানায় তার নাম ছিল মেরা। মেরার মৃত্যুর পর তার সততা ও প্রভু-ভক্তির জন্ম তাকে নক্ষত্রলোকে স্থান দেওয়া হয়। আকাশে কুকুরাক্তি যে নক্ষত্রপুঞ্জ দেখা যায় সেইটিই হলো মেরার প্রতীকী মূর্তি।

একিদনের সন্তানগণ

সম্ত্রকভা একিদ্নে দেখতে ছিল স্থদর্শনা এক নারী, কিছু তার দেহের নিচের দিকটা ছিল সাপের মত। সে এরিমির কাছে একটি গুহাতে থাকত আর স্থােগ পেলেই মান্তব ধরে থেত। টাইফনের দক্ষে তার বিয়ে হয়।

এই বিয়ের ফলে চারটি সম্ভান প্রদব করে একিদনে।

একিদ্নের প্রথম সম্ভান হলো সার্বেরাস। এই সার্বেরাস ছিল তিন মাথা-ওয়ালা এক ভয়ন্বর কুঁকুর। এই সার্বেরাসই ছিল নরকের প্রহরী। একিদ্নের দ্বিতীয় সম্ভানের নাম ছিল হায়েড্রা। হায়েড্রা ছিল বহু মাথাবিশিষ্ট এক জলজ্ব সাপ। সে লাগার কাছে বাস করত। একিদ্নের ভূতীয় সম্ভানের নাম ছিল বিনেরা। শিমেরা ছিল দেখতে অনেকটা ছাগলের মত। তবে তার ম্থটা ছিল সিংহের মত আর নিচের দিকটা সাপের মত। একিদ্নের চতুর্থ সন্তান ছিল ওর্থরাস। ওর্থরাস ছিল হুই মাথাওয়ালা এক শিকারী কুকুর।

এই ওর্থীরাস নাকি তার নিজের মায়ের সঙ্গে সঙ্গম করে এবং সঙ্গমের ফলে স্ফিক্স্ আর নেমিয়ার সিংহের জন্ম হয়।

কাত্রেউস ও আলথামেনেস

মাইনসের জীবিত পুত্রসন্তানের মধ্যে কাত্রেউদ ছিল জ্যেষ্ঠ। এই কাত্রেউদের তিন কলা আর এক পুত্র ছিল। কলা তিনটি হলো একোপ, ক্লাইমেন আর এ্যাপোমোদিন। পুত্রটির নাম হলো আলথামেনেস। কাত্রেউস একবার এক ভবিগুরাণী শুনল তারই কোন না কোন সন্তানের হাতে তার জীবনাবদান ঘটবে। একথা শুনে এগাপোমোদিন আর আলথামেনেস ক্রীটদেশ ছেড়ে চলে গেল। যাতে তারা কোনদিন তাদের পিতার মৃত্যুর কারণ না হয় তারই জল্য এই দিয়ান্ত গ্রহণ করল তারা।

আলথামেনেস আর এ্যাপোমোসিন প্রথমে রোডস হাঁপে গিয়ে ক্রীতিনীয়া নামে এক নতুন নগর গড়ে তুলল। তাদের জন্মভূমির নাম অস্থসারেই সেনগরের নামকরণ করল। পরে অবশ্র আলথামেনেস ক্যামাইরাস নামে এক নগরে গিয়ে বসবাস করতে থাকে। সেথানকার অধিবাসীরা তাকে খুব সম্মান করতে থাকে এবং তার প্রভূত্ব সহজেই মেনে নয়। সেথানে আতাবিরিয়াস পর্বতের উপরে জিয়াসের সম্মানার্থে এক মন্দির স্থাপন করে আলথামেনেস। সেই মন্দিরের বেদীর চারদিকে ক্ষেকটি তামার ঘাঁড় নির্মাণ করে স্থাপন করা হয়। রোডস্ ঘীপে কোন বিপদ দেখা দিলে সেই তামার ঘাঁড়গুলি নাকি গর্জন করতে জীবস্ত ঘাঁডের মত।

এ্যাপোমোদিন তার ভাই আলথামেনেদের কাছেই রয়ে যায়। এাপো-মোদিনও তার ভাইএর দক্ষে ক্রীতিনীয়া থেকে ক্যামাইরাসে চলে আসে এবং আলথামেনেদের প্রাসাদেই বাস করতে থাকে। এ্যাপোমোদিন চিরকুমারী থাকার ব্রত গ্রহণ করে বলে আলথামেনেদ তার বিয়ের জন্ম কোন চেষ্টা করেনি।

একবার দেবদ্ত হার্মিন এাপোমোনিনের প্রেমে পড়ে যান। কিন্তু এাপো-মোনিনের কাছে তিনি প্রেম নিবেদন করতে এলে তার প্রেম প্রত্যাখ্যান করে এাপোমোনিন। কিন্তু তথনকার মত হার্মিন তার কাছ থেকে চলে গেলেও তার কথা ভূলে যাননি তিনি। একদিন সন্ধার কাছাকাছি এ্যাপোমোনিন যথন একা একা একা একটা ঝর্ণার ধারে বেড়াচ্ছিল তথন হার্মিন নইনা তার কাছে

উপস্থিত হয়ে তাকে আলিখন করার জন্ম হাত বাড়ান। তাঁর মূখে ফুটে ওঠে। এক ক্রুর হাসি।

কিন্ত এবারেও ছুটে পালিয়ে যায় এ্যাপোমোলিন। কিন্তু পালাবার সময় এক জায়গায় পিচ্ছিল পথে পড়ে যেতেই তাকে ধরে ফেলেন হার্মিস এবং তাকে জ্যোর করে ধর্ষণ করেন।

রাজিতে প্রাদাদে ফিরে গিয়ে দব কথা আলথামেনেদকে বললে আলথামেনেদ তাকেই দোষ দেয়। বলে, তুই মিথাা কথা বলছিদ। তুই স্বেচ্ছায় তোর সতীত্ব হারিয়েছিদ। তুই ব্যভিচারিণী।

এই কথা বলে সজোরে এ্যাপোমোদিনের গায়ে এক লাথি মারে আলথামেনেস। আর সঙ্গে দঙ্গে কিড় বেয়ে গড়িয়ে নিচে পড়ে যায় এ্যাপোমোদিন এবং সেই আঘাতে তার মৃত্যু হয়।

দ্বোপ ও ক্লাইমেন নামে যে ছটি মেয়ে রাজা কাজেউদের কাছে রয়ে গিয়েছিল তাদের অবিশ্বাস করতে লাগল কাজেউস। ভয়ের চোথে দেখতে লাগল সে। ভাবতে লাগল হয়ত বা এদের হাতে মৃত্যু ঘটবে তার। দৈববাণী মিধ্যা হবার নয়। এই ভেবে একদিন এই মেয়েকে ক্রীটদেশ থেকে নির্বাগিত করল রাজা কাজেউস।

কালক্রমে ইরোপ রাজা প্লেইস্থেনেস্কে বিয়ে করে এবং তার গর্ভে বীর এয়াগামেনন আর মেনেলাসের জন্ম হয়।

এদিকে যতই বয়স বাড়তে থাকে রাজা কাত্রেউসের ততই মনের মধ্যে বেড়ে উঠতে থাকে নি:সঙ্গতার বোঝা। ততই তীব্র হয়ে উঠতে থাকে কৃত-কর্মের জন্ম অফুশোচনা। তার কেবলি মনে হতে থাকে মৃত্যুভয়ে পরম স্বার্থপরের মত আপন প্রকন্মাদের এভাবে দ্রে পাঠিয়ে এক স্বেচ্ছাকৃত ভয়ঙ্কর নি:সঙ্গতার মধ্যে নিজেকে ঠেলে দেওয়া ঠিক হয়নি। তাছাড়া এতগুলি পুত্রকন্মার মধ্যে কেউ না থাকায় তার মৃত্যুর পর কোন উত্তরাধিকারী থাকবে না তার দিংহাসনের।

এই কথা ভেবে প্রথমে তার একমাত্র পুত্র আলথামেনেদের থোঁছে বেরিয়ে পড়ল রাজা কাত্রেউদ। ঘুরতে ঘুরতে রোডস্ বীপের অস্কর্গত অজানা দেশ ক্যামাইরাদে, এনে উপস্থিত হলো। কাত্রেউদের দক্ষে কয়েরজন অস্করন্ত ছিল। কিন্তু তারা জাহাজ থেকে নেমে নগরের অভিমুখে যাবার উত্যোগ করতেই মাঠের রাথালরা তাদের জলদস্য সন্দেহ করে চেঁচামেচি করে লোক ভাকতে শুকু করে দিল।

রাজা আলথামেনেদের প্রাসাদটা দেখান থেকে খ্ব একটা দ্রে নয়। প্রাসাদের উপর থেকে হৈচে ভনে বর্ণা হাতে নিজে ছুটে এল আলথামেনেস। ভার বাবাকে প্রথমে চিনতে না পেরে দেও জনদস্মা ভেবে ভার হাতের বর্ণাটা ছুঁড়ে দিল আলথামেনেস আর ভার আবাতে মাটিতে দুটিয়ে পড়ল ভার বাবা। শ্বস্থাকালে আলখামেনেদকে নিম্নের পরিচর দিয়ে বলল, আমি আমার শরিচর দেবার চেষ্টা করেছিলাম, কিন্তু রাখালদের কুকুবের চিৎকারে আমার কথা শুনতে পাওনি ভোমরা। যাই হোক, দৈববাণী এইভাবেই ফলে। সকল সতর্কতা ব্যর্থ হয় এর কাছে।

সব কিছু শুনে শোকে হঃথে ভীষণভাবে ভেকে পড়ল আলপামেনেন। সে ঠিক করল এ জীবন আর সে রাথবে না। নিজের হাতে পিছুরক্ত পাত করার পর কোন মূথে জীবন ধারণ করবে সে? এ পাপ এ অভিশাপ তার সারা জীবনেও খালন হবে না কোনদিন।

এই ভেবে সে দেবরাজ জিয়াসের একনিষ্ঠ ভক্ত হিদাবে পৃথিবীমাতার কাছে কাতর আবেদনে ফেটে পড়ল। বারবার বলতে লাগল, হে ধরিতীমাতা, তৃমি দ্বিধা হও, আমি আর এই পাপ মৃথ কোন মাহ্মকে দেখাতে চাই না। আমাকে তোমার গর্ভে একটু স্থান দাও। আমি তার মধ্যে প্রবেশ করে আমার জীবনের সব জ্বালা জুড়াই।

তার কথা শেষ হতেই সত্যি সত্যি অনেকথানি ফাঁক হয়ে গেল তার সামনের মাটি। আর সঙ্গে সঙ্গে নীরবে তার মধ্যে ঝাঁপ দিল আলথামেনেস।

কিন্তু আল্পামেনেদের পিতৃভক্তি আর তার আত্মবলিদানের জন্ম আজও তার প্রতি শ্রদাঞ্চলি অর্পণ করে রোডস্ দ্বীপের লোকেরা।

দিমেতারের স্বর্প

শসাক্ষেত্রের অধিষ্ঠাত্ত্রী দেবী দিমেতার আবার বিয়ের বরকনের মিলন ঘটাত। অথচ তিনি নিজে চিরকুমারী বয়ে গেছেন। শোনা যায় তিনি নাকি জিয়াসের বোন এবং জিয়াসের সঙ্গেই তাঁর নাকি দেহসংসর্গ হয়। ফলে কুমারী অবস্থাতেই কোর আর আয়াকাস নামে ছটি পুরুসস্থান প্রসব করেন।

এরপর দিমেতার ক্যাডমাদ আর হারমোনিয়ার বিয়ের ভোজসভায় গিয়ে টিটানবীর আয়াদিয়াদের প্রেমে পড়ে যায় এবং তাদের দেহসংসর্গের ফলে প্র্টাদ নামে এক প্রদেষানের জন্ম হয়। ভোজসভায় ছয়নের ভাব হওয়ার সঙ্গে দিমেতার আর আয়াদিয়াদ ছয়নেই দেই সভা থেকে বেরিয়ে এক কর্ষিত ফ্রনের ফেতে চলে যায় এবং শক্ষমকার্যে প্রবৃত্ত হয়।

কিন্ত দিনেতার জিয়াসের কাছে ফিরে এলে সব কথা শুঝতে পারেন জিয়াস। তিনি তংক্ষণাৎ দিনেতারের দেহ স্পর্শ করার জন্ত আয়াসিয়াসকে বঙ্কাধাতে নিহত করেন।

দিমেতারের মনটা এমনিতে খুব দয়াপু ছিল। তিনি ছিলেন উদার পুরাণ—২৪ পেলাসগিয়ার লোকেরা দোতিয়াম নামে একটি দায়গায় দিমেতারের নামে তাঁর সন্মানার্থে এক বিরাট কুঞ্জবন গড়ে তোলে। সেখানে স্থলমু স্থলর গাছ ছিল। সেই বনের মাঝে দিমেতারের এক মন্দির ছিল এবং সেখানে নিসিপ্নে নামে এক পূজারিণী দেবীর সেবাকার্য করত। এরিসিকথন তার এক ঘর নির্মাণের দ্বন্য একদিন দিমেতারের নামে উৎসর্গীকত বনে একটার পর একটা করে গাছ কেটে যেতে থাকে। এতে দিমেতার ক্মুগ্ন হয়ে লিসেপ্লের রূপ ধারণ করে এরিসিকখনকে নিষেধ করেন গাছ কাটতে। তিনি শাস্কভাবে তাকে নিষেধ করলেও এরিসিকখন তাঁকে তার কুড়ুল নিয়ে মারতে যায়।

এমন সময় স্বরূপে তার সামনে আবিভূতি হন দেবী দিমেতার এবং এরিসিকথনকে অভিশাপ দেন। অভিশাপ দেন এরিসিকথন যেন অনস্ত কুধার জ্বালায় চিরকাল জর্জরিত হয়। সে যতই থাক তার পেট যেন কথনো না ভরে।

এরিসিকথন বাড়ি ফিরে এসে থেতে বসে দেখল তার পেট সত্যিই ভরছে না। তার বাবা মা বাড়িতে যত খাছ্মদ্রা ছিল সব এনে দিলেও তা থেয়ে পেট ভরল না এরিসিকথনের। দিনের পর দিন এরিসিকথনের ক্ষিদে বেড়ে যেতে থাকায় তার খাছ্ম জোটানো অসম্ভব হয়ে উঠল তার বাবা মায়ের পক্ষে। তারা স্পষ্ট বলে দিল তার খাবার জোটাতে আর পারবে না। তথন বাধ্য হয়ে পথে বেরিয়ে পড়ল এরিসিকথন। ভিক্ষাকে সম্বল করে দিন কাটাতে লাগল।

অথচ এই দেবী দিমেতারই প্যাণ্ডেরেউদ নামে এক ক্রীটবাসীকে এক অঙ্কুত বর দান করেন। এই প্যাণ্ডেরেউদ জিয়াদের একটি সোনার কুকুর চুরি করায় তার উপর খুশি হন দিমেতার। কারণ জিয়াদ তাঁর প্রণমী আয়াদিয়াদকে বজ্ঞাঘাতে নিহত করায় জিয়াদের প্রতি বিধিয়ে ছিল তাঁর মনটা। দিমেতার তথন খুশি হয়ে বর দেন প্যাণ্ডেরেউদকে, দে যাই খাক সে যেন কোনদিন কখনো কোন ক্ষ্পার জ্ঞালা অহ্ভব না করে।

দেবরাজ জিয়াসের ঐরসে দিমেতারের গর্ভে কোর নামে যে কন্সা জন্মগ্রহণ করে এই কন্সাই পরে পার্সিফোনে নামে অভিহিত হয়। নরকের রাজা হেন্ডস্ পার্সিফোনের প্রেমে পড়ে যায়। কিন্তু পার্সিফোনে আসলে জিয়াসের ঐরসজাত কন্সা বলে তাকে বিয়ে করার জন্ম জিয়াসের অনুমতি চায় হেন্ডস্। এতে দিমেতার রেগে যাবে ভেবে সরাসরি অনুমতি দিতে পারলেন না জিয়াস। আবার্ বড় ভাই হেন্ডস্এর প্রস্তাব সরাসরি প্রত্যাখ্যান করতেও পারলেন না তিনি। জিয়াস তাই কৌশলে এড়িয়ে গেলেন হেন্ডস্কে। তিনি তাঁর সম্মতি অসম্বতি কোন কিছুই প্রকাশ না করে নীরব হয়ে রইলেন এ

विषदम् ।

কিন্ত জিয়াসের এই নীরবতাকে এক পরোক্ষ দমতি হিসাবে ধরে নিলেন কেন্ডেন্। একদিন সিসিলির অন্তর্গত এলাতে পার্দিফোনে যথন ফুন তুলছিল আপন মনে তথন হেন্ডন্ তাকে ধরে নিয়ে যান মৃত্যুপুরীতে।

পেলিয়াসের মৃত্যু

গ্রীকরা উমযুদ্ধ থেকে পেগাসার সমুদ্রক্লে এসে দেখে সমুদ্রক্লে তাদের অভ্যর্থনা জানাবার কেউ নেই। সমুদ্রক্লে কেউ আদেনি কারণ থেদালির সব লোকে জানত গ্রীকরা সকলে উমযুদ্ধে মারা গেছে। থেসালির রাজা পেলিয়াস এই জনশ্রুতির উপর নির্ভর করে বীর জেসনের পিতামাতাকে হত্যা করে। জেসনের পিতা ঈসনের প্রোমাকাস নামে এক শিশুপুর ছিল। পেলিয়াস তাকেও নির্মভাবে হত্যা করে।

পেলিয়াস ঈসনকে হত্যা করতে উন্নত হলে ঈসন তাকে বলে, আমাকে দয়া করে আত্মহত্যা করার অনুমতি দাও। আমি তোমার কাছে প্রাণভিক্ষা চাই না, আমি শুধু নিজের হাতে নিজের প্রাণ হরণ করতে চাই। এই বলে সে এক বলির ধাড়ের রক্ত প্রচুর পরিমাণে পান করে আত্মহত্যা করে। তারপর জেসনের মাতা পলিমেন এক ছুরিকাঘাতে আত্মহত্যা করেন। পেলিয়াস তথন শিশু প্রোমাকাসের মাথাটি পাথরে ঠুকে ভেক্ষে নির্মমভাবে হত্যা করে তাকে।

জেসন নাবিকদের কাছ থেকে এই সকরুণ কাহিনী শোনার সঙ্গে সঙ্গে প্রতিশোধবাসনায় দৃঢ়প্রতিজ্ঞ হয়ে উঠল। তারা যে জাহাজে করে দেশে ফিরছিল সে জাহাজের নাম হলো আর্গো। জ্বেসন তার জন্মভূমি আওসকাসে নেমেই সবাইকে নিষেধ করে দিল তাদের প্রত্যাবর্তনের কথা রাজ্যে যেন প্রচার করা না হয়। তারপর তার সহকর্মী ও সহচরদের কাছ থেকে পেলিয়াস সম্বন্ধে মতামত চাইল। সকলেই একবাক্যে বলন পেলিয়াসের উপযুক্ত শান্তি হলো মৃত্যু।

জেদন বলন, তাহলে আজ রাতেই পেলিয়াদের প্রাদাদ আক্রমণ করা।
যাক।

কিন্তু এতে তার সহকর্মীরা সায় দিল না। বলন, আওলকাদের সৈম্মসংখা। এখন অনেক, তাই এভাবে হঠাৎ আক্রমণ করলে তাদের সঙ্গে পেরে ওঠা যাবে না।

অনেকে আবার বলল, তারা আপন আপন বাড়ি ফেরার পর জেসনের সপকে দৈন্ত সমাবেশ করে পেলিয়াদের বিক্লছে যুদ্ধ ঘোষণা করবে। কিছ জেসনের স্ত্রী মিডিয়া বলল, আমার উপর ব্যাপারটা ছেড়ে দাও। আমি আমার সহচরীদের সঙ্গে নিয়ে রাজপ্রাসাদে যাছি । তোমরা সবাই উপকৃলে গা ঢাকা দিয়ে পুকিয়ে থাক । গভীর রাতে প্রাসাদ থেকে টর্চের আলো দেখলেই তোমরা একযোগে প্রাসাদ আক্রমণ করবে। জেসনের দলে পেলিয়াদের পুজ এ্যাকাস্তাসও ছিল। এাকাস্তাস বলল, আমি নিজে কখনো পিতার বিরুদ্ধাচরণ করতে পারি না, তোমরা যা খুশি করো।

মিডিয়া তথন তার বারো জন দানীকে আর দেবী আর্ডেমিসের এক প্রতিমৃতি সঙ্গে নিয়ে প্রাসাদের পথে রওনা হলো। দেবী আর্ডেমিসের এই প্রতিমৃতিটি সে পেয়েছিল আনাফে নামে একটি জায়গায়। দেই প্রতিমৃতির ভিতরটা
কাঁপা ছিল।

মিডিয়া তার দহচরীদের দকলকে ভয়স্কর মেনাদের বেশে দান্ধিয়ে দিল। তারপর দে নিজেও এক বৃদ্ধার বেশ ধারণ করল। নগরন্ধারে গিয়ে প্রহরীদের বলন, দেবী আর্ডেমিস এসেছে। তোমাদের রাজপ্রাসাদে যেতে চায়। আওলকাসের উন্নতি করতে এসেছে দেবী। এর আর্গে এই দেবী থাকত হাইপারবোরিয়াসে। সেথানে এথন বড় শীত আর কুয়াশা। তাই দেবী এথানে চলে এসেছে।

মিডিয়া কর্কশ গলায় বৃদ্ধার বেশে চিৎকার করে এই দব কথাগুলো বলতেই নগরন্বারের প্রহীরা তাদের চুকতে দিল নগরে। মিডিয়া তার সহচরীদের নিয়ে অবাধে রাজপ্রাদাদে চলে গেল।

ওরা যথন প্রাদাদধারে পৌছল তথন রাজা পেলিয়াদ দবেমাত্র শুতে গেছে বিছানায়। মিডিয়ার চিংকার আর দেবী আর্ডেমিদের কথা শুনে ভয়ে উপরতলা থেকে নেমে এল পেলিয়াদ। তাকে দেখেই মিডিয়া তেমনি কর্কশ গলায় বলল, ৩মি অনেক পাপ করেছ, তরু দেবী তোমার দব পাপ খালন করে দেবেন। তবে তোমার এই পাপদেহটা পালটাতে হবে। তুমি তাহলে আবার নবযৌবন ফিরে পাবে। তাছাড়া নবযৌবন ফিরে পেয়েই তোমাকে আর এক পুত্র উৎপাদন করতে হবে। তোমার পুত্র এ্যাকাস্তাদ পিতার প্রতি বিশ্বস্ত নয়, তাছাড়া দে এথন বেঁচেও নেই, লিবিয়াতে তার মৃত্য ঘটেছে।

এত সব কথা শুনেও বিশ্বাস হচ্ছিল না পেলিয়াসের। সে বিহ্বল হয়ে
শুধু মিডিয়ার ম্থপানে তাকিয়ে সব কথা শুনে যাচ্ছিল নীরবে। তার মনের
এই দোছলামান অবস্থা দেখে মিডিয়া সহসা বলতে লাগল পেলিয়াসকে লক্ষ্য
করে, বিশ্বাস হচ্ছে না, দেবী আর্ডেমিসের শক্তিতে বিশ্বাস হচ্ছে না? তবে এই
দেখ, দেবী আমাকেই এই মৃহুর্ডে যৌবন ফিরিয়ে দিয়েছেন। দেখ তোমার
চোখের সামনেই বৃদ্ধা থেকে ষ্বতীতে পরিণত হয়েছি আমি। এখনো বিশাস
হচ্ছে না? তবে দেখ, আরো দেখাচিছ।

এই বলে একটা বৃদ্ধ ভেড়াকে টুকরো টুকরো করে কেটে একটা কড়াইয়ে গরম জলের দলে সিদ্ধ করতে লাগল। তারণর দেবী আর্ডেমিদের সেই কোঁপুরা প্রতিমৃতিটার ভিতর একটা বাচচা ভেড়াকে শ্কিয়ে রাখন। ভেড়ার টুকরো মাংসগুলো সিদ্ধ হয়ে গেলে অবশেষে আর্ডেমিনের প্রতিমৃতি থেকে একটা বাচচা ভেড়া বাব্র করে তাক নাগিয়ে দিন সকলকে।

তথন পেলিয়াস মিডিয়ার সব কথা বিশ্বাস করে মেনে নিল। তার এই ভাবাস্তর এবং মানসিক ছুর্বলভার কথা শুঝতে পেরে শুদ্ধমতী মিডিয়া তাকে বিছানায় শুতে বলল। পেলিয়াস আর কোন প্রতিবাদ না করে বিছানায় শুয়ে পড়ল। আর সঙ্গে সঙ্গে তাকে মায়ামুগ্ধ করে ঘুম পাড়িয়ে দিল।

রাঙ্গা পেলিয়াদ গভীরভাবে ঘ্মিয়ে পড়লে মিডিয়া তার তিন মেয়েকে তাদের পিতার দেহটাকে কেটে গ্রম জলে সিদ্ধ করতে বলল। পেলিয়াদের এ্যালদে ফিন, ইভাদনে ও এ্যান্ফিনমি নামে তিনটি মেয়ে ছিল। তার একমাত্র পুত্র এ্যাকাস্তাস জেসনের সঙ্গে স্বেচ্ছায় চলে যায়।

মিডিয়া পেলিয়াদের মেয়েদের বলল, আমি কিভাবে ভেড়ার কাটা মাংসের টুকরোগুলোকে দিন্ধ করেছি তা দেখছ ডোমরা। বড় মেয়ে আলেদে শ্টিদ পরিষ্কার জানিয়ে দিল সে তার পিতার দেহ কেটে রক্তপাত করতে পারবে না।

তথন মিডিয়া ইভাদনে ও এ্যান্দিনমিকে বলল, তোমরা পিতার নবযৌবন-লাভে সাহায্য করে প্রকৃত কলার কান্ধ করো। মনে রেখো, তোমরা দেহ কেটে তাঁকে হত্যা করছ না। সাময়িক মৃত্যুর পর পুনরায় তিনি জীবন ও নবযৌবন লাভ করবেন। স্থতরাং তোমাদের চিন্তবিকাবের কোন প্রয়োজন নেই।

মিডিয়ার কথা শুনে সন্তিয় সন্তিয়ে মনে জ্বোর পেল ইভাদনে আর এয়ান্দিনমি। তারা সঙ্গে সঙ্গে ছুরি শানিয়ে গুমস্ত পেলিয়াসের দেহটাকে কেটে জ্বলস্ত উনোনের উপর চাপিয়ে রাখা বড় একটা কড়াইএর উপর ফুটতে থাকা গরম জলের মধ্যে ফেলে দিল। কিন্দু পেলিয়াসের দেহের মাংস সিদ্ধ হয়ে গেলেও সে আর জীবন ফিরে পেল না। মিডিয়া তখন ছাদে তার সহচরীদের সঙ্গে নিয়ে গিয়ে একসঙ্গে অনেকগুলো টর্চ ঘোরাতে লাগল। সেই আলোর সংকেত-পাবার সঙ্গে সঙ্গেন তার দলবল নিয়ে রাজপ্রাসাদ আক্রমণ করল। কিন্দু কোন বাধা পেল না তারা। রাজা পেলিয়াসের অক্সাৎ মৃত্যু হওয়ায় প্রাসাদরক্ষী ও সৈত্তরা বিহ্বল ও বিমৃত্ হয়ে পড়ে। তার উপর আকৃষ্কিক আক্রমণে তারা আরও হতবুদ্ধি হয়ে পড়ে।

কিন্ত হাতের মৃঠোর মধ্যে রাজসিংহাসন লাভ করেও মনে শাস্তি পেল না জেসন। সে ভাবল পেলিয়াসপুত্র এগাকাস্তাস এখন চূপ করে থাকলেও পরে নিশ্চর পিতৃহত্যার প্রতিশোধ নিয়ে এ রাজ্য কেড়ে নেবে তার কাছ থেকে। তাই সে এগাকাস্তাসকে তার পিতৃগাল্য দিয়ে দিল। তাছাড়া তার স্ত্রী অস্তায়ভাবে নবযৌবনের প্রলোভন দেখিয়ে তাকে মোহমুগ্ধ করে তাকে হত্যা করেছে। অনেকে বলে ঈদনকে মৃত্যুবরণ করতে বাধ্য করা হয় একথা ঠিক নয় ।
মিডিয়া এক ঐক্রজালিক উপায়ে বৃদ্ধ ঈদনের দেহ থেকে দব পুরনো রক্ত বার করে দিয়ে তাকে নবযোবন দান করে। কিন্তু পেলিয়াদের ক্লেজে দেই ইক্রজাল দে প্রয়োগ করেনি বলেই তার মৃত্যু ঘটে।

পেলিয়াসের মৃত্যুর পর তার জ্যেষ্ঠা কতা কেরা এয়াড্মেতাসকে বিয়ে করে।
কিন্তু মিডিয়ার কথায় ইভাদনে ও এয়ান্দিনমি পেলিয়াসের দেহটি কেটে সিন্তু
করে বলে এয়াকান্তাস রাজা হ্বার পর তাদের নির্বাসনদণ্ড দান করে। তারা
ছলনেই আর্কেডিয়াতে চলে যায়। সেথানে তাদের প্রায়ন্তিন্ত ও পাপ্যাসনের
পর তারা আবার বিয়ে করে ঘরসংসার করতে থাকে।

নিৰ্বাসনে মিডিয়া

জেসন উন্মাদ হয়ে তার সস্তানদের হত্যা করার পর মিডিয়া তাকে ছেড়ে পালিরে যায়। প্রথমে সে থীবস্এ গিয়ে হার্কিউলেসের শরণাপর হয়। কিন্তু হার্কিউলেস বলে তার প্রতি জেসনের অবিশ্বন্ততা প্রমাণিত না হলে সে তাকে গ্রহণ করতে পারবে না। তাছাড়া হার্কিউলেস তাকে আশ্রম দিতে রাজী হলেও থীবস্ এর অধিবাসীরা মিডিয়াকে থীবস্ নগরীতে আশ্রম দিতে কোনমতেই রাজী হলো না। কারণ মিডিয়া থীবস্এর রাজা ক্রেয়নকে হত্যা করে।

অগত্যা তাই মিডিয়া থীবস্থেকে এথেনে চলে যায়। দেখানকার রাজা ঈজিয়ান তাকে বিয়ে করে। কিন্তু একদিন মিডিয়া থিসিয়ানকে বিষ থাইয়ে হত্যা করার চেষ্টা করলে দে ধরা পড়ে যায়। তথন তাকে রাজা বাধ্য হয়ে এথেন্স থেকে দিবানিত করে।

দেখান থেকে মিডিয়া তখন চলে যায় ইতালিতে। দেখানে গিয়ে মগবিষার
অধিবাদীদের দাপ ধরা ও দাপ খেলানোর যাত্রিভা শেখাতে থাকে। একবার
থেদালিতে গিয়ে থেটিদের সঙ্গে এক দৌন্দর্য প্রতিযোগিতায় যোগদান করে।
কিন্তু তাতে দফল হতে পারেনি। এরপর দে এশিয়ার এক রাজাকে বিয়ে করে
কিছুদিন ঘর করে এবং মেদেইয়াদ নামে এক পুত্রসন্তান তার গর্তে জন্মগ্রহণ
করে। দে রাজার নাম কিন্তু জানা যায়নি।

এমন সময় মিডিয়া একদিন শুনল তার কাকা পার্দেশ তার বাবা ঈভিদকে
সিংহাসনচ্যত করে নিজে রাজা হয়েছে। বছদিন বিদেশে ঘূরে বেড়ানোর
ফলে বাড়ির জন্ম হঠাৎ মনটা ব্যাকুল হয়ে উঠল তার। পুত্র মেনেইয়াসকে
সঙ্গে নিয়ে সোজা কোলচিসে চলে গেল মিডিয়া।

দেখানে যাওয়ার পরই মিডিয়ার বীর পুত্ত মেশেইয়ান পার্দেশকে হত্যা করে এাকেতেদকে সিংহাদনে বদাল। অনেকে বলে এই কোলচিদে জেননের G

সংক পুনর্মিলন ঘটে মিডিয়ার। কিন্তু এই ধারণার ভিত্তিসক্ষণ কোন প্রমাশ পাওয়া যায় না। আসলে জ্বেসন মিডিয়ার প্রতি অবিশত্ত হওয়ার জব্য তাকে সারা জীবনবাাপী অভিশাপ ভোগ করতে হয়। সমস্ত দেবতাদের অভ্যাহ সে হারায়। ৢশেষ বয়সে সে উন্মাদরোগ খেকে আরোগ্যলাভ করলেও অভ্যান এক বিবাদ আর শৃত্যতাবোধকে কাটিয়ে উঠতে পারেনি।

শেষ জীবনে বহু দেশ দেশান্তরে ঘুরে বেড়ানোর পর অবশেষে কোরিনথ এ এনে একদিন সম্প্রকৃলে আর্গো নামে ভয় জাহান্সটার ছায়ায় বনে ডার অতীত জীবনের যত সব গোরবময় কতিজের কথা ভাবতে থাকে। অবশেষে যে গলায় দড়ি দেবার জন্ম সেই ভাকা জাহাজটায় উঠতে গেলে হঠাৎ পড়ে গিয়ে মারা যায়।

মিডিয়ার মৃত্যুর পর স্বর্গে গিয়ে সে নাকি অমরত্ব লাভ করে এবং সেখানে একিলিসকে বিয়ে করে।

এপিগনি

থীবস্থার যে দব বীরেরা একযোগে মৃত্যুবরণ করতে বাধ্য হয়, তাদের পুত্ররা পিতৃহত্যার প্রতিশোধ গ্রহণ করার জন্ম শপথ করে। এই দব শপথগ্রহণকারী পিতৃভক্ত যুবকদের বলা হত এপিগনি।

তারা সকলে শপথ গ্রহণ করার পর একযোগে একবার ডেলফির মন্দিরে এ বিষয়ে দৈববাণী শোনার আশার যায়। মন্দির থেকে যথাসময়ে দৈববাণী হলো, তারা অবশুই জয়লাভ করবে যদি আান্দিয়ারাসপুত্র আলসিমান্তন তাদের দেনাবাহিনীর নেতৃত্ব গ্রহণ করে। কিন্তু আলসিমান্তন থীবস্দের বিক্রম্ভে যুদ্ধ করতে চাইল। এ ব্যাপারে কোন উৎসাহ বা উদ্দীপনা অহভ্রথ করল না সে। অথচ তার ভাই আান্দিলোকাস যুদ্ধ করতে চাইল। এই নিয়ে ছই ভাইয়ের মধ্যে আনেক তর্ক বিতর্ক চলল। অবশেষে এ বিষয়ে তারা কোন সিদ্ধান্তে উপনীত হতে না পেরে তাদের মা এরিফায়েলের শরণাপন্ন হয়ে তার মতামত চাইল। এমন সময় পলিনেসেসের পুত্র পার্সান্তার এরিফায়েলকে যুদ্ধের সপক্ষে আনার জন্ত এক ঐক্রজালিক পোবাক দান করল। তথন এরিফায়েল মুদ্ধের পক্ষে রায় দিল। ফলে এগালসিমান্তন আর অমত না করে এ যুদ্ধের নেতৃত্ব গ্রহণ করল।

যুদ্ধ শুক্ত হলো থীবস্এর নগরপ্রাচীরের সম্থন্থ প্রাশ্বরে। এর আগে থীবস্এর সঙ্গে যুদ্ধে যে সাতজন বীরের পতন ঘটে তাদের মধ্যে মাত্ত আত্রেজাস নামে একজন বীর বেঁচে ছিল। যুদ্ধ শুক্ত হতেই আত্রেজাসের পুত্র এজিয়ানাসএর মৃত্যু ঘটল। ফলে ক্ষিপ্ত হয়ে উঠল এপিগনির দল।

এদিকে থীবস্এর ভবিশ্বক্তা তেইবিসিয়াস থীবস্দের সাবধান করে দিয়ে

বলল তারা যেন নগর ছেড়ে পালিয়ে য়ায়। কারণ তাদের নগর বিশ্বস্ক ছবে।
লে আরও বলল আন্তেজান যতদিন জীবিত থাকবে তথু ততদিনই থীবন্ নগরীর
প্রাচীর অক্ষত হরে দাঁড়িয়ে থাকবে। কিন্তু পুজের মৃত্যুসংবাদ শোনার দক্ষে
দক্ষেই আন্তেজানের মৃত্যু ঘটবে। স্কতরাং তাদের পালিয়ে যাওয়াই উচিত।
তার পরামর্শ তারা গ্রহণ করুক বা না করুক তার কিছু আনে যায় না। কারণ
অল্পকালের মধ্যে তার মৃত্যু ঘটবে।

তেইবিসিয়াদের সতর্কবাণী অফুদারে থীবস্বা রাজির অক্ককারে গা ঢাকা দিয়ে উদ্ভর দিকে চলে গেল। এইভাবে থীবস্ থেকে বহু দূর গিয়ে হেন্ডিয়া নামে এক নতুন নগর ছাপন করল তারা। পরদিন সকাল হুভেই এক ঝর্ণায় জ্বলপান করতে গিয়ে সহসা মৃত্যুম্থে পতিত হুলো তেইবিসিয়াস।

এদিকে এণিগনিব দল যথন দেখল খীবস্বা নগব ছেড়ে দ্বে পালিয়ে গেছে তথন তাবা নগবে ঢুকে সব কিছু ধ্বংস করে দিল। বহু মৃন্যবান জিনিসপত্র শুঠন করল তাবা অবাধে। তারপর ডেলফির মন্দিরে এ্যাপোলোর উদ্দেশ্যে অনেক পূজা উপচার পাঠাল। তেইবিদিয়াসের কন্সা ম্যাস্থো বা ডাফনে নগরেই রয়ে গিয়েছিল বলে তাকে এপিগনির লোকেরা এ্যাপোলোর মন্দিরে সেবাদাসী করে পাঠাল।

কিছ্ক এইখানেই নিশ্পন্তি হলো না ব্যাপারটার। এপিগনি যুদ্ধে জয়লাভ করলেও নিজেদের মধ্যে বিরোধ বাধল তাদের। যুদ্ধ শেষ হয়ে গেলে বিজয়েংসবের সময় থাপাণ্ডার সকলের সামনে বড়াই করে বলতে লাগল এ যুদ্ধজয়ের সকল
কৃতিত্ব একা তার। কারণ সে তার পিতা পলিনিসেসের দৃষ্টান্ত অক্সরণ করে
সেই ঐক্সলালিক পোষাক এরিফায়েলকে দান করেছিল বলেই এরিফায়েল এ
যুদ্ধে মন্ত দেয়। তা না হলে এ যুদ্ধ হত না আর এ্যালিসিমাওন ক্র্রান্তির নেনাদলের
নেতৃত্ব গ্রহণ করত না।

এ্যালসিমাওন সব ব্যাপারটা জানতে পারল এতক্ষণে। ক্রিস বুরুতে পারল এর আগের বাবে তার মা এরিফারেল এইভাবে এক পোরাক ক্রপেরে তার বাবা এ্যান্দিয়ারাসকে ধীবস্এর বিরুদ্ধে মুদ্ধ করতে পাঠায় এবং তার ফলে তার মৃত্যু ঘটে। স্থতরাং তার পিতার মৃত্যুর জন্ম তার মাই দায়ী। এ্যালসিমাওন তথন তার যথাকর্তব্য স্থির করার জন্ম ডেলফির মন্দিরে গণনা করতে গেল। মন্দির থেকে দৈববাণী হলো তার পিতার মৃত্যুর জন্ম তার মা-ই দায়ী এবং মৃত্যুদগুই তার উপযুক্ত শান্তি।

কিন্তু প্রালসিমাওন এই দৈববাণীর ভূল ব্যাখ্যা করল। দৈববাণীতে বলে
মৃত্যুই তার মার উপযুক্ত শান্তি। কিন্তু তার অর্থ এই নম যে সে নিজের হাতে
তার মার প্রালনাশ করুক। অবচ প্রালসিমাওন দৈববাণীর ভূল ব্যাখ্যা
করে তার ভাইমের সলে একযোগে তার মাকে হত্যা করে। অবশু অনেকের
মতে প্রালসিমাওন প্রকাই তার মাকে হত্যা করে। তার ভাই এই হত্যা-

কাণ্ডের সন্দে ছড়িত ছিল না। কারণ এরিফারেল মৃত্যুকালে ওয়ু গ্রাল্সি-মাওনকেই অভিশাপ দিয়ে যার। বলে যার সারা গ্রীসদেশ ও এশিরার কোন দেশ তাকে আশ্রয় দেবে না। কোণাও নিরাপদ আশ্রয় না পেয়ে ঘুরে বেড়াতে হবে তাকে।

মাতৃহত্যার অপরাধে প্রতিহিংদার অপদেবী এরিনায়েদরা এালসিমাওনকে তাড়া করে তাকে পাগল করে দিল।

এাদসিমাওন উন্মাদরোগে আক্রাস্ত হয়ে দেশ ছেড়ে প্রথমে থে সপ্রোতিয়াসে চলে গেল। কিন্তু দেখানে কেউ তাকে আশ্রয় না দেওয়ায় সে সফিসের রাজা ফেগিয়াসের কাছে গিয়ে সব কথা বলে আশ্রয় প্রার্থনা করল। ফেগিয়াস তাকে এ্যাপোলোর মন্দিরে নিয়ে গিয়ে তাকে পরিশুদ্ধ করে তার সব পাপ খালন করে তার সঙ্গে তার মেয়ে এ্যারিসনোর বিয়ে দিল।

কিন্তু এরিনায়েসরা এই বিশুদ্ধিকরণ মানল না। আবার তারা এ্যালসি-মাওনের পিছু নিল। আবার তারা তার মনকে বিক্ষ্ক করে দিল এবং সমস্ত সফিস দেশকে অনাস্থি আর বন্ধ্যাত্মের কবলে ঠেলে দিল। তথন সফিস থেকে চলে গিয়ে এ্যালসিমাওন ভেলফিতে গণনা করতে গেল আবার। ভেলফি থেকে দৈববাণী হলো সে যেন নদীদেবতা একিলোকাসের কাছে যায়।

এই বাণী শুনে একিলোকাদের কাছে গেল এ্যালসিমাওন। একিলোকাসও তাকে আবার পরিশুদ্ধ করে তাঁর কল্পা ক্যানিরোর সঙ্গে তার বিয়ে দিলেন। এবার একিলোকাদের তৎপরতায় এ্যালসিমাওন নদীর চরায় জেগে ওঠা একটি নতুন দ্বীপে বাদ করতে লাগল। এই দ্বীপটি তার মা এরিফায়েলের অভিশাপের এলাকার বাইরে পড়ায় এথানে এরিনায়েদরা চুকতে পারল না। ফলে বেশ কিছুদিন হের এ্যালসিমাওন ক্যালিরোকে নিয়ে স্থথে শাস্তিতে বাদ করতে লাগল।

এই কাহিনীটিতে পৌরাণিক উপাদনের থেকে লৌকিক জনশ্রুতিগত উপাদানই বেনা। তবে নীতিগত মূল্যের দিক থেকে এর তাৎপর্য অনেক বেনা। এই কাহিনীটিতে তিনটি শিক্ষা পাওয়া যায়। প্রথমতঃ নারীদের বিচারপৃদ্ধি এবং অনেক গুরুত্বপূর্ব ক্লেন্তে সিদ্ধান্ত প্রান্ত হয়। বেনার ভাগ ক্লেন্তেই তাদের বিচারবৃদ্ধির মধ্যে চঞ্চমতি মনের পরিচয় পাওয়া যায়। এরিফায়েলের লাভ দিছান্ত এবং পোষাকের লোভ এর প্রমাণ। দিতীয়তঃ পুরুষরা সাধারণতঃ খ্ব অহঙ্কারী আর যশোলোভী হয়। থীবস্ জয়ের পর ধার্সাগুরের অহঙ্কার এক বিরাট বিপর্যয় নিয়ে আসে এগালসিমাগুনের জীবনে। থীবস্ জয়ের সব কৃতিছ আর গৌরব একা লাভ করতে গিয়ে এই বিপদ বাধায় থার্সাগুর। তৃতীয়তঃ দৈববানীর ভুল ব্যাখ্যা করেও অনেক আগে বিপদ বাধায় থার্সাগুর বসভ, যেমন করেছিল এগালসিমাগুন। এগাগামেননপুর গুরেস্টেসের মত সেও মাকে হত্যা করে এক অনপনেয় পাপের কলম্ব আর অস্কাহীন এক অভিশাপের বোঝা নিজের

খাড়ে চাপিয়ে নের। এর থেকে বোঝা যায় পিতার মৃত্যুর জন্ত কারো মাতা পরোক বা প্রত্যক্ষভাবে দায়ী হলেও তার জন্ত পুত্র কোন মতেই তার মাতাকে হত্যা করতে পারবে না—এই ধরনের নীতিবোধ দেকালে প্রচলিত ছিল।

হেস্তিয়া

প্রাচীন গ্রীকদেবী হেন্ডিয়া ছিলেন পারিবারিক চূলী আর পূজাবেদীর অধিষ্ঠাত্তী দেবী। কিন্তু আসলে তিনি ছিলেন পারিবারিক স্থ্যশান্তির দেবী। প্রাচীন গ্রীসের লোকেরা তাই সর্বপ্রথম তাঁর নামে পূজা দিত।

অলিম্পিয়ার দেবদেবীদের মধ্যে একমাত্ত হেন্ডিয়াই স্বৰ্গ বা মর্জ্যলোকের কোন যুদ্ধবিগ্রহে বা ঝগড়া বিবাদে নিজেকে জড়িয়ে ফেলতেন না। শুধু তাই নয়, তিনি সারাজীবন ধরে কোমার্য ব্রত পালন ও রক্ষা করে চলেন। জীবনে কারো প্রেমের ডাকে কখনো সাড়া দেননি তিনি।

একবার এ্যাপোলো আর পদেডন তজনে তাঁর প্রেমপ্রার্থী হয়ে তাঁর কাছে প্রেম নিবেদন করতে এলে তিনি দেবরাজ জিয়াদের মাথায় হাত দিয়ে শপথ করেন, তিনি সারাজীবন চিরকুমারী রয়ে যাবেন। তাছাড়া অলিম্পাদের শান্তিরক্ষার কাজে তিনি ছিলেন অতন্ত্র প্রহরী। এজন্ত জিয়াস এই ব্যবস্থা করেন যে মর্ত্যলোকের মাহুষ দেবতাদের উদ্দেশ্যে বলি দিতে গেলে প্রথমেই তাদের দেবী হেন্ডিয়ার উদ্দেশ্যে বলি দিতে হবে।

একবার মর্ত্যলোকের এক গ্রাম্য ভোজসভায় স্বর্গের দেবদেবীরা যোগদান করেন। সেথানে দেবী হেন্ডিয়াও যান। রাজি গভীর হলে সমস্ত দেবদেবীরা যথন পানমন্ত অবস্থায় ঘূমিয়ে পড়েন তথন সেই বাড়ির মালিক প্রিয়াপাস পানমন্ত অবস্থায় ঘূমন্ত হেন্ডিয়ার শ্লীলতা হানির চেষ্টা করে। এমন সময় সেই বাড়ির একটি পোষা গাধা হঠাৎ চিৎকার করে ডেকে ওঠে। আর তথন সেই ভাকে হেন্ডিয়ার ঘূম ভেকে যায়। ঘূম ভেকে যেতেই হেন্ডিয়া দেখে প্রিয়াপাস ভাকে ধর্ষণ করার জন্ম উন্মত হয়েছে।

দয়াবতী দেবী হিসাবেও বিশেষ খ্যাতি আছে হেন্ডিয়ার। কোন ভক্ত আত্মরক্ষার জন্ত প্রাণভয়ে তাঁর শরণাপন্ন হলে তিনি তাকে বক্ষা করেন। হেন্ডিয়া আবার গৃহনির্মাণকার্যের অধিষ্ঠাত্তী দেবী হিসাবেও পুজিতা হন।

এই কাহিনীর মধ্যেও একটি নৈতিক তাৎপর্য আছে। অতিথিসৎকার গৃহস্বামীদের ধর্ম। বিশেষ করে নারী অতিথিদের সম্মান ও শালীনতা রক্ষা করা গৃহস্বামীর এক্র অত্যাবশুক কর্তব্য। কিন্ত প্রিয়াপাস তার অতিথি দেবী হৈন্দ্রিয়ার শালীনতা নই করতে গিয়ে ধর্মচ্যুত হয়।